

বাংলা

بنغالي

بنغالي



তাফসীরুল উশরুল আখীর কুরআনিল কারীম মুসলিম জীবনে গুরুত্বপূর্ণ বিধানসহ



মুসলিম
জীবনে গুরুত্বপূর্ণ বিধানসহ

www.tafseer.info

ISBN : 978-9960-58-634-2

ভূমিকা

سُبْحَانَكَ اللَّهُمَّ رَبِّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ رَبِّ الْعَرْشِ الْعَظِيمِ

الحمد لله والصلاة والسلام على نبينا وحبينا رسول الله أما بعد:

সম্মানিত মুসলিম ভাই ও মুসলিম বোন (আল্লাহ্ আপনাদেরকে করুণা করুন) জেনে রাখুন, আমাদের প্রত্যেকের জন্য চারটি বিষয় জানা অপরিহার্য।

প্রথমতঃ জ্ঞানার্জন করা : আল্লাহ্ পাক, নবী (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এবং ইসলাম ধর্ম সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করা অপরিহার্য। কেননা না জেনে আল্লাহর ইবাদত করা যায় না। করলেও বিশ্রান্তিতে পতিত হতে বাধ্য। যেমন বিভ্রান্ত হয়েছিল খৃষ্টানরা।

দ্বিতীয়তঃ আমল করা : জ্ঞানার্জন করার পর আমল না করলে সে ইহুদীদের মত। কেননা ইহুদীরা শিক্ষা লাভ করার পর তদানুযায়ী আমল করেনি। শয়তানের ষড়যন্ত্র হচ্ছে সে মানুষকে জ্ঞান শিক্ষার প্রতি অনুৎসাহিত করে। তার মধ্যে এমন ধারণা সৃষ্টি করে যে, অজ্ঞ থাকলে আল্লাহ মানুষের ওয়ুহাত গ্রহণ করবেন। ফলে সে পার পেয়ে যাবে। তার জানা নেই যে, যে সকল বিষয় শিক্ষার্জন করা তার জন্য সম্ভব ছিল তা যদি নাও শিখে তবু তার উপর দলীল কায়েম হয়ে যাবে। এটা হচ্ছে নূহ (আঃ)এর জাতির চরিত্র। নূহ (আঃ) তাদেরকে নসীহত করতে গেলে: “جَعَلُوا أَصَابِعَهُمْ فِي آذَانِهِمْ وَاسْتَعْمُوا نِيَابَهُمْ” “তারা কানের মধ্যে আঙ্গুল প্রবেশ করাতো এবং নিজেদেরকে কাপড় দিয়ে ঢেকে দিত”, (সূরা নূহঃ ৭) যাতে করে কেউ বলতে না পারে যে তাদেরকে সতর্ক করা হয়েছিল।

তৃতীয়তঃ দা'ওয়াত বা আহবান : উলামা ও দাঈগণ নবীদের উত্তরাধিকার। তাই নবীদের কাজ আলেম ও জ্ঞানীদেরকে করতে হবে। আল্লাহ্ তা'আলা বানী ইসরাঈলকে লা'নত করেছেন। কেননা “كَانُوا لَا يَتَنَاهَوْنَ” “তারা যে মন্দ ও গর্হিত কাজ করত তা থেকে তারা পরস্পরকে নিষেধ করত না; বাস্তবিকই তাদের কাজ ছিল অত্যন্ত গর্হিত।” (সূরা মায়দাঃ ৭৯) সৎ পথের প্রতি আহবান ও শিক্ষা দান ফরযে কেফায়া। কেউ এ কাজ আঞ্জাম দিলে যদি যথেষ্ট হয় তবে অন্যরা গুনাহ থেকে মুক্তি পাবে। কিন্তু কেউ এ দায়িত্ব পালন না করলে সকলেই গুনাহগার হবে।

চতুর্থতঃ ধৈর্য ধারণ করা : ধৈর্য ধারণ করতে হবে জ্ঞান শিক্ষার পথে। ধৈর্য ধারণ করতে হবে তদানুযায়ী আমল করার ক্ষেত্রে। আর ধৈর্য ধারণ করতে হবে দ্বীনের পথে মানুষকে আহবান করার ক্ষেত্রে।

✪ অজ্ঞতার অন্ধকারকে দূরীকরণের প্রচেষ্টায় অংশগ্রহণ করার জন্য এবং ইসলামী জীবনের অমীয় সূখা অনুসন্ধানকারীদের পিপাসাকে নিবারণ করার জন্য আমাদের সামান্য এই প্রয়াস। আমরা এই বইটিতে ইসলামী শরীয়তের যে সমস্ত বিষয় একান্ত প্রয়োজন সেগুলোকে অতি সংক্ষেপে সন্নিবেশিত করার চেষ্টা করেছি।

এখানে নবী (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বিশুদ্ধ সূত্রে যা প্রমাণিত হয়েছে তাই একত্রিত করতে চেষ্টা চালিয়েছি। আমরা পূর্ণতার দাবী করি না। পূর্ণতা আল্লাহর জন্যই নির্ধারিত। কিন্তু এটি এক নগণ্য মানুষের একটি ক্ষুদ্র প্রয়াস মাত্র। যদি সত্য-সঠিক হয়ে থাকে তা আল্লাহর পক্ষ থেকে। আর কোন ক্ষেত্রে ভুল হয়ে থাকলে তা আমাদের পক্ষ থেকে ও শয়তানের পক্ষ থেকে- আল্লাহ্ ও তাঁর রাসূল তা থেকে মুক্ত। বস্তনিষ্ঠ ও গঠন মূলক সমালোচনার মাধ্যমে যাঁরা আমাদের ভুল ধরিয়ে দিবেন আল্লাহ্ তাদের প্রতি দয়া করবেন।

এই বইয়ের লিখক, প্রকাশক, অনুবাদক, সম্পাদক, পাঠক এবং বিভিন্নভাবে এতে যারা অংশ নিয়েছেন তাদের সকলের জন্য প্রার্থনা করি, আল্লাহ্ যেন তাদের সবাইকে উত্তম পারিতোষিকে ভূষিত করেন। তাদের নেক আমলগুলো কবুল করেন এবং ছওয়াব ও প্রতিদানের সংখ্যাকে উত্তরোত্তর বৃদ্ধি করে দেন। আমীন!!
আল্লাহ্ই সর্বাধিক জ্ঞানী। ওয়া সাল্লাল্লাহু আলা নাবিয়্যিনা মুহাম্মাদ ওয়া আলিহি ওয়া সাহবিহি আজমাঈন।

w w w . t a f s e e r . i n f o

bng@tafseer.info

কুরআন আল্লাহর বাণী। সৃষ্টিকুলের উপর যেমন স্রষ্টার সম্মান ও মর্যাদা অপরিসীম, তেমনি সকল বাণীর উপর কুরআনের মর্যাদা ও শ্রেষ্ঠত্ব অতুলনীয়। মানুষের মুখ থেকে যা উচ্চারিত হয়, তন্মধ্যে কুরআন পাঠ সর্বাধিক উত্তম।

❁ **কুরআন শিক্ষা করা, অন্যকে শিক্ষা দান করা ও কুরআন অধ্যয়ন করার মধ্যে রয়েছে অফুরন্ত ফযীলত। নিম্নে কতিপয় উল্লেখ করা হলঃ**

❁ **কুরআন শিখানোর প্রতিদানঃ** নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, **“خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ** “তোমাদের মাঝে সেই ব্যক্তি উত্তম যে নিজে কুরআন শিক্ষা করে ও অন্যকে তা শিক্ষা দেয়।” (বুখারী)

❁ **কুরআন পাঠের প্রতিদানঃ** রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, **“مَنْ قَرَأَ حَرْفًا مِنْ كِتَابِ اللَّهِ فَلَهُ بِهِ حَسَنَةٌ وَالْحَسَنَةُ بِعَشْرِ أَمْثَالِهَا** “যে ব্যক্তি পবিত্র কুরআনের একটি অক্ষর পড়বে, সে একটি নেকী পাবে। আর একটি নেকী দশটি নেকীর সমপরিমাণ।” (তিরমিযী)

❁ **কুরআন শিক্ষা করা, মুখস্থ করা ও তাতে দক্ষতা লাভ করার ফযীলতঃ** নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, **مَثَلُ الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ وَهُوَ حَافِظٌ لَهُ مَعَ السَّفَرَةِ الْكِرَامِ الْبَرَةِ وَالَّذِي يَقْرَأُ وَهُوَ يَتَعَاهَدُهُ وَهُوَ عَلَيْهِ شَدِيدٌ فَلَهُ أَجْرَانِ** “যে ব্যক্তি কুরআন পাঠ করবে এবং তা মুখস্থ করবে (এবং বিধি-বিধানের) প্রতি যত্নবান হবে, সে উচ্চ সম্মানিত ফেরেশতাদের সাথে অবস্থান করবে। আর যে ব্যক্তি কষ্ট হওয়া সত্ত্বেও কুরআন পাঠ করবে এবং তার সাথে নিজেকে সম্পৃক্ত রাখবে সে দ্বিগুণ ছওয়াবের অধিকারী হবে।” (বুখারী ও মুসলিম)

রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

يُقَالُ لِرَبِّهِ الْقُرْآنَ أَقْرَأُ وَارْتَقَى وَرَتَّلَ كَمَا كُنْتَ تُرْتَلُ فِي الدُّنْيَا فَإِنَّ مَنَزَلَتَكَ عِنْدَ آخِرِ آيَةٍ تَقْرَأُ بِهَا

“কিয়ামত দিবসে কুরআন অধ্যয়নকারীকে বলা হবে, কুরআন পড় এবং উপরে উঠ। যেভাবে দুনিয়াতে তারতীলের সাথে কুরআন পড়তে সেভাবে পড়। যেখানে তোমার আয়াত পাঠ করা শেষ হবে, জান্নাতের সেই সুউচ্চ স্থানে হবে তোমার বাসস্থান।” (তিরমিযী)

ইমাম খাত্তাবী (রহঃ) বলেনঃ হাদীছে এসেছে যে, জান্নাতের সিঁড়ির সংখ্যা হচ্ছে কুরআনের আয়াতের সংখ্যা পরিমাণ। কুরআনের পাঠককে বলা হবে, তুমি যতটুকু কুরআন পড়েছো ততটি সিঁড়ি বেয়ে উপরে উঠো। যে ব্যক্তি সম্পূর্ণ কুরআন পড়েছে, সে আখেরাতে জান্নাতের সর্বশেষ সিঁড়িতে উঠে যাবে। যে ব্যক্তি কুরআনের কিছু অংশ পড়েছে সে ততটুকু উপরে উঠবে। অর্থাৎ যেখানে তার পড়া শেষ হবে সেখানে তার ছওয়াবের শেষ সীমানা হবে।

❁ **যার সন্তান কুরআন শিক্ষা করবে তার প্রতিদানঃ** নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, **مَنْ قَرَأَ الْقُرْآنَ وَتَعَلَّمَ وَعَمِلَ بِهِ أَلْسِنَ وَالِدَاهُ يَوْمَ الْقِيَامَةِ تَاجًا مِّنْ نُورٍ ضَوْؤُهُ مِثْلُ ضَوْءِ الشَّمْسِ وَيُكْسَى وَالِدَاهُ حُلَّتَيْنِ لَا يَقُومُ لَهُمَا الدُّنْيَا فَيَقُولَانِ بِمِ كَسَيْنَا هَذَا فَيَقَالُ بِأَخْذٍ وَلَدَكُمَا الْقُرْآنَ**

“যে ব্যক্তি কুরআন পাঠ করবে, শিক্ষা করবে ও তদানুযায়ী আমল করবে। তার পিতা-মাতাকে কিয়ামত দিবসে একটি নূরের তাজ পরানো হবে, যার আলো হবে সূর্যের আলোর মত উজ্জ্বল। তাদেরকে এমন দু’টি পোষাক পরিধান করানো হবে, যা দুনিয়ার সকল বস্তুর চেয়ে অধিক মূল্যবান। তারা বলবে: কোন্ আমলের কারণে আমাদেরকে এত মূল্যবান পোষাক পরানো হয়েছে? বলা হবে, তোমাদের সন্তানের কুরআন গ্রহণ করার কারণে।” (হাকেম, শায়খ আলবানী বলেন হাদীছটি হাসান লিগাইরিহি, দ্রঃ ছহীহ তারগীব তারহীব হা/১৪৩৪।)

❁ **পরকালে কুরআন সুপারিশ করবেঃ** রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ **اقْرَءُوا الْقُرْآنَ فَإِنَّهُ يَأْتِي يَوْمَ الْقِيَامَةِ شَفِيعًا لِأَصْحَابِهِ** “তোমরা কুরআন পাঠ কর। কেননা কিয়ামত দিবসে কুরআন তার পাঠকের জন্য সুপারিশকারী হবে।” (মুসলিম) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন, **الصِّيَامُ وَالْقُرْآنُ يَشْفَعَانِ لِلْعَبْدِ يَوْمَ الْقِيَامَةِ** “কিয়ামত দিবসে সিয়াম ও কুরআন বান্দার জন্য আল্লাহর কাছে সুপারিশ করবে।” (আহমাদ, হামেক, হাদীছ ছহীহ দ্রঃ ছহীহ তারগীব তারহীব হা/৯৮৪।)

❁ **কুরআন তেলাওয়াত, অধ্যয়ন এবং কুরআন নিয়ে আলোচনা-পর্যালোচনার জন্য একত্রিত হওয়ার ফযীলতঃ** রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ

مَا اجْتَمَعَ قَوْمٌ فِي بَيْتٍ مِنْ بُيُوتِ اللَّهِ يَتْلُونَ كِتَابَ اللَّهِ وَيَتَدَارَسُونَهُ بَيْنَهُمْ إِلَّا نَزَلَتْ عَلَيْهِمُ السَّكِينَةُ وَعَشِيَتْهُمْ الرَّحْمَةُ وَحَفَّتْهُمْ الْمَلَائِكَةُ وَذَكَرَهُمُ اللَّهُ فِيمَنْ عِنْدَهُ

“কোন সম্প্রদায় যদি আল্লাহর কোন ঘরে একত্রিত হয়ে কুরআন পাঠ করে এবং তাঁ পরস্পরে শিক্ষা লাভ করে, তবে তাদের উপর প্রশান্তি নাযিল হয়, আল্লাহর রহমত তাদেরকে আচ্ছাদিত করে এবং ফেরেশতারা তাদেরকে ঘিরে রাখে। আর আল্লাহ তাঁর নিকটস্থ ফেরেশতাদের সামনে তাদের কথা আলোচনা করেন।” (মুসলিম)

❁ **কুরআন পাঠের আদবঃ** ইমাম ইবনে কাছীর কুরআন পাঠের কিছু আদব উল্লেখ করেছেন। যেমনঃ (ক) পবিত্রতা অর্জন না করে কুরআন স্পর্শ করবে না বা তেলাওয়াত করবে না। (খ) কুরআন পাঠের পূর্বে মেসওয়াক করে নিবে। (গ) সুন্দর পোষাক পরিধান করবে। (ঘ) কিবলামুখী হয়ে বসবে। (ঙ) হাই উঠলে কুরআন পড়া বন্ধ করে দিবে। (চ) বিনা প্রয়োজনে কুরআন পড়াবস্থায় কারো সাথে কথা বলবে না। (ছ) মনোযোগ সহকারে কুরআন পাঠ করবে। (জ) ছওয়াবের আয়াত পাঠ করলে থামবে এবং উক্ত ছওয়াব আল্লাহর কাছে প্রার্থনা করবে। আর শান্তির আয়াত পাঠ করলে তা থেকে আশ্রয় প্রার্থনা করবে। (ঝ) কুরআনকে খুলে রাখবে না বা তার উপরে কোন কিছু চাপিয়ে রাখবে না। (ঞ) অন্যের ব্যাঘাত সৃষ্টি হয় এমন উচ্চ আওয়াজে কুরআন পড়বে না। (ট) বাজারে বা এমন স্থানে কুরআন পড়বে না যেখানে মানুষ আজ-বাজে কথা-কাজে লিপ্ত থাকে।

❁ **কিভাবে কুরআন পাঠ করবে?** আনাস বিন মালেক (রাঃ)কে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর কুরআন পাঠের পদ্ধতি সম্পর্কে প্রশ্ন করা হলে তিনি বলেন, “তিনি টেনে টেনে পড়তেন। “বিসমিল্লাহির রাহমানির রাহীম” পাঠ করার সময় “বিসমিল্লাহ” টেনে পড়তেন, “আর রহমান” টেনে পড়তেন, “আর রাহীম” টেনে পড়তেন।” (বুখারী)

❁ **কিভাবে কুরআন পাঠের ছওয়াব বৃদ্ধি হয়?** যে ব্যক্তিই আল্লাহর উদ্দেশ্যে একনিষ্ঠভাবে কুরআন পাঠ করবে সেই তার ছওয়াবের অধিকারী হবে। কিন্তু এই ছওয়াব বৃদ্ধিপ্রাপ্ত হবে যখন হৃদয়-মন উপস্থিত রেখে আয়াতগুলোর অর্থ বুঝে গবেষণার দৃষ্টি নিয়ে তা পাঠ করবে। তখন একেকটি অক্ষরের বিনিময়ে দশ থেকে সত্তর গুণ; কখনো সাতশত গুণ পর্যন্ত ছওয়াব বৃদ্ধি করা হবে।

❁ **দিনে-রাতে কতটুকু কুরআন পাঠ করবেঃ** নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাহাবায়ে কেলাম (রাঃ) প্রতিদিন নির্দিষ্ট পরিমাণ কুরআন তেলাওয়াত করতেন। তাঁদের কেউ সাত দিনের কম সময়ে সর্বদা কুরআন খতম করতেন না। বরং তিন দিনের কম সময়ে কুরআন খতম করার ব্যাপারে হাদীছে নিষেধাজ্ঞা এসেছে।

অতএব সম্মানিত পাঠক! আপনার সময়ের নির্দিষ্ট একটি অংশ কুরআন পাঠের জন্য নির্ধারণ করুন। যত ব্যস্তই থাকুন না কেন ঐ অংশটুকু পড়ে নিতে সচেষ্ট হোন। কেননা যে কাজ সর্বদা করা হয় তা অল্প হলেও বিচ্ছিন্নভাবে বেশী কাজ করার চেয়ে উত্তম। যদি কখনো উদাসীন হয়ে পড়েন বা ভুলে যান তবে পরবর্তী দিন তা পড়ে ফেলবেন। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, مَنْ نَامَ عَنْ حَرْزِهِ أَوْ عَنْ شَيْءٍ مِنْهُ فَقَرَأَهُ فِيمَا بَيْنَ صَلَاةِ الْفَجْرِ وَصَلَاةِ الظُّهْرِ كُتِبَ لَهُ كَأَنَّمَا قَرَأَهُ مِنَ اللَّيْلِ “কোন মানুষ যদি কুরআনের নির্দিষ্ট অংশ না পড়েই ঘুমিয়ে পড়ে তবে ফজর ও যোহর নামাযের মধ্যবর্তী সময়ে যেন তা পড়ে নেয়। তাহলে তার আমল নামায উহা রাতে পড়ার মত ছওয়াব লিখে দেয়া হবে।” (মুসলিম) যারা কুরআন ছেড়ে দেয় বা কুরআন ভুলে যায় আপনি তাদের অন্তর্ভুক্ত হবেন না। কুরআন তেলাওয়াত, উহা তারতীলের (তাজবীদ ও সুন্দর কঠের) সাথে পাঠ করা বা কুরআন গবেষণা বা তদানুযায়ী আমল বা কুরআন দ্বারা ঝাড়-ফুক করা ইত্যাদি কোন কিছুই পরিত্যাগ করবেন না।



سُورَةُ الْفَاتِحَةِ

সূরা আল-ফাতিহা
মক্কায় অবতীর্ণঃ আয়াত -৭

- ❶ পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি।
- ❷ যাবতীয় প্রশংসা আল্লাহ তা'আলার যিনি বিশ্ব জগতের পালনকর্তা।
- ❸ যিনি নিতান্ত মেহেরবান ও দয়ালু।
- ❹ যিনি বিচার দিনের মালিক
- ❺ আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি।
- ❻ আমাদেরকে সরল পথ দেখাও,
- ❼ সে সমস্ত লোকের পথ যাদেরকে তুমি নে'য়ামত দান করেছো। তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাযিল হয়েছে এবং তাদের পথেও নয় যারা পথভ্রষ্ট হয়েছে।

سُبُوْرَةُ الْمَجْسَانِ الْاَزَلِيَّةِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

قَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الْاُنثٰى تَجْدِيْكَ فِى رَوْحِهَا وَتَشْتَكِيْ اِلَى اللّٰهِ

وَاللّٰهُ يَسْمَعُ تَحَاوُرُكُمْ اِنَّ اللّٰهَ سَمِيْعٌ بَصِيْرٌ ﴿١﴾ الَّذِيْنَ يُظَاهِرُوْنَ

مِنْكُمْ مِّنْ نِّسَاَيْهِمْ مَا هُنَّ اُمَّهَاتُهُمْ اِنَّ اُمَّهَاتَهُمْ اِلَّا الَّذِي

وَلَدْنَهُمْ وَاِنَّهُمْ لَيَقُوْلُوْنَ مُنْكَرًا مِّنَ الْقَوْلِ وَرُؤْرًا وَاِنَّ

اللّٰهَ لَعَفُوْءٌ غَفُوْرٌ ﴿٢﴾ وَالَّذِيْنَ يُظَاهِرُوْنَ مِنْ نِّسَاَيْهِمْ ثُمَّ يَعُوْدُوْنَ

لِمَا قَالُوْا فَحَرِيْرٌ رَّحِيْمَةٌ مِّنْ قَبْلِ اَنْ يَّتَمَّاسَاْ ذٰلِكَ كُوْنُوْا تَوَعُّظُوْنَ

بِهٖءِ وَاللّٰهُ يَمَّا تَعْمَلُوْنَ خَيْرٌ ﴿٣﴾ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامَ شَهْرَيْنِ

مُتَتَابِعَيْنِ مِنْ قَبْلِ اَنْ يَّتَمَّاسَاْ فَمَنْ لَّمْ يَسْتَطِعْ فَاِطْعَامُ سِتِّيْنَ

مِسْكِيْنًا ذٰلِكَ لِيَتُؤْمِنُوْا بِاللّٰهِ وَرَسُوْلِهِ ؕ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ

وَلِلْكَافِرِيْنَ عَذَابٌ اَلِيْمٌ ﴿٤﴾ اِنَّ الَّذِيْنَ يَحٰذِرُوْنَ اللّٰهَ وَرَسُوْلَهُ كَتَبُوْا

كَمَا كَتَبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَقَدْ اَنْزَلْنَا اٰيٰتِنَا بَيِّنٰتٍ وَلِلْكَافِرِيْنَ

عَذَابٌ مُّهِِيْنٌ ﴿٥﴾ يَوْمَ يَبْعَثُهُمُ اللّٰهُ جَمِيْعًا فَيُنْتِزِعُهُمْ بِمَا

عَمَلُوْا اَحْصَاهُ اللّٰهُ وَرَسُوْلُهُ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ شَهِِيْدٌ ﴿٦﴾

সূরা মুজাদালা

মদীনায় অবতীর্ণঃ আয়াত-২২

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

১) যে নারী তার স্বামীর বিষয়ে আপনার সাথে বাদানুবাদ করছে এবং অভিযোগ পেশ করছে আল্লাহর দরবারে, আল্লাহ তার কথা শুনেছেন। আল্লাহ আপনাদের উভয়ের কথাবার্তা শুনেন। নিশ্চয় আল্লাহ সবকিছু শুনেন, সবকিছু দেখেন।

২) তোমাদের মধ্যে যারা তাদের স্ত্রীগণকে মাতা বলে ফেলে, তাদের স্ত্রীগণ তাদের মাতা নয়। তাদের মাতা কেবল তারাই, যারা তাদেরকে জন্মদান করেছে। তারা

তো অসমীচীন ও ভিত্তিহীন কথাই বলে। নিশ্চয় আল্লাহ মার্জনাকারী, ক্ষমাশীল।

৩) যারা তাদের স্ত্রীগণকে মাতা বলে ফেলে, অতঃপর নিজেদের উক্তি প্রত্যাহার করে, তাদের কাফফারা এই, একে অপরকে স্পর্শ করার পূর্বে একটি দাসকে মুক্তি দিবে। এটা তোমাদের জন্যে উপদেশ হবে। আল্লাহ খবর রাখেন তোমরা যা কর।

৪) যার এ সামর্থ্য নেই, সে একে অপরকে স্পর্শ করার পূর্বে একাদিক্রমে দুই মাস রোযা রাখবে। যে এতেও অক্ষম, সে ষাট জন মিসকীনকে আহার করাবে। এটা এজন্যে, যাতে তোমরা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন কর। এগুলো আল্লাহর নির্ধারিত শাস্তি। আর কাফেরদের জন্যে রয়েছে যন্ত্রণাদায়ক আজাব।

৫) যারা আল্লাহ ও তাঁর রসূলের বিরুদ্ধাচরণ করে, তারা অপদস্থ হয়েছে, যেমন অপদস্থ হয়েছে তাদের পূর্ববর্তীরা। আমি সুস্পষ্ট আয়াতসমূহ নাযিল করেছি। আর কাফেরদের জন্যে রয়েছে অপমানজনক শাস্তি।

৬) সেদিন স্মরণীয়; যেদিন আল্লাহ তাদের সকলকে পুনরুত্থিত করবেন, অতঃপর তাদেরকে জানিয়ে দিবেন যা তারা করত। আল্লাহ তার হিসাব রেখেছেন, আর তারা তা ভুলে গেছে। আল্লাহর সামনে উপস্থিত আছে সব বস্তুই।

৭ আপনি কি ভেবে দেখেননি যে, নভোমণ্ডল ও ভূমণ্ডলে যা কিছু আছে, আল্লাহ তা জানেন। তিন ব্যক্তির এমন কোন পরামর্শ হয় না যাতে তিনি চতুর্থ না থাকেন এবং পাঁচ জনেরও হয় না, যাতে তিনি ষষ্ঠ না থাকেন। তারা এতদপেক্ষা কম হোক বা বেশী হোক, তারা যেখানেই থাকুক না কেন তিনি তাদের সাথে আছেন, তারা যা করে, তিনি কেয়ামতের দিন তা তাদেরকে জানিয়ে দিবেন। নিশ্চয় আল্লাহ সববিষয়ে সম্যক জ্ঞাত।

৮ আপনি কি ভেবে দেখেননি, যাদেরকে কানাঘুসা করতে নিষেধ করা হয়েছিল অতঃপর তারা নিষিদ্ধ কাজেরই পুনরাবৃত্তি করে এবং পাপাচার, সীমালংঘন এবং রসূলের অবাধ্যতার বিষয়েই কানাঘুসা করে। তারা যখন আপনার কাছে আসে, তখন আপনাকে এমন ভাষায় সালাম করে, যদ্বারা আল্লাহ আপনাকে সালাম করেননি। তারা মনে মনে বলেঃ আমরা যা বলি, তজ্জন্যে আল্লাহ আমাদেরকে শাস্তি দেন না কেন? জাহান্নামই তাদের জন্যে যথেষ্ট। তারা তাতে প্রবেশ করবে। কতই না নিকৃষ্ট সেই জায়গা।

৯ মুমিনগণ, তোমরা যখন কানাকানি কর, তখন পাপাচার, সীমালংঘন ও রসূলের অবাধ্যতার বিষয়ে কানাকানি করো না বরং অনুগ্রহ ও আল্লাহভীতির ব্যাপারে কানাকানি করো। আল্লাহকে ভয় কর, যাঁর কাছে তোমরা একত্রিত হবে।

أَلَمْ تَرَ أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ مَا يَكْتُوْنَ
مِنَ الْجَوَارِيكِ لَيْسَ لَهُ حِسَابٌ وَلَا هِوَارٍ بِعُهُمْ وَلَا حَسْمَةٌ إِلَّا هُوَ سَادِسُهُمْ
وَلَا آدَنَىٰ مِنْ ذَلِكَ وَلَا أَكْثَرَ إِلَّا هُوَ مَعَهُمْ أَيْنَ مَا كَانُوا ثُمَّ يُنَبِّئُهُم
بِمَا عَمِلُوا يَوْمَ الْقِيَامَةِ إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٧﴾ أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ
نُهِوا عَنِ النَّجْوَىٰ ثُمَّ يُعَادُونَ لِلْمَآءِ وَأَعْنَاهُ يَتَنَّجُونَ يَا أَيُّهَا
الْعَادُونَ وَمَعْصِيَتِ الرَّسُولِ وَإِذَا جَاءُوكَ حَيَّوكَ بِمَا لَمْ يُحْيِكَ
بِهِ اللَّهُ وَيَقُولُونَ فِي أَنفُسِهِمْ لَوْلَا يُعَذِّبُنَا اللَّهُ بِمَا نَقُولُ حَسْبُهُمْ
جَهَنَّمُ يَصَلَوْنَهَا فَيَنسَوْنَ الْمَصِيرَ ﴿٨﴾ يَأْتِيهَا الَّذِينَ ءَامَنُوا إِذَا
تَنَجَّيْتُمْ فَلَا تَنَجَّوْا يَا أَيُّهَا الْعَادُونَ وَمَعْصِيَتِ الرَّسُولِ وَتَنَجَّوْا
بِالْبُرِّ وَالنَّفْوَىٰ وَاتَّقُوا اللَّهَ الَّذِي إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٩﴾ إِنَّمَا النَّجْوَىٰ
مِنَ الشَّيْطَانِ لِيَحْزَنَ الَّذِينَ ءَامَنُوا وَلَيْسَ بِضَارِّهِمْ شَيْئًا
إِلَّا بِإِذْنِ اللَّهِ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١٠﴾ يَأْتِيهَا الَّذِينَ
ءَامَنُوا إِذَا قِيلَ لَكُمْ تَفَسَّحُوا فِي الْمَجَالِسِ فَافْسَحُوا يَفْسَحِ
اللَّهُ لَكُمْ وَإِذَا قِيلَ أَنْشُرُوا فَأَنْشُرُوا يَرْفَعِ اللَّهُ الَّذِينَ ءَامَنُوا
مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴿١١﴾

১০ এই কানাঘুসা তো শয়তানের কাজ; মুমিনদেরকে দুঃখ দেয়ার জন্যে। তবে আল্লাহর অনুমতি ব্যতীত সে তাদের কোন ক্ষতি করতে পারবে না। মুমিনদের উচিত আল্লাহর উপর ভরসা করা।

১১ মুমিনগণ, যখন তোমাদেরকে বলা হয়ঃ মজলিসে স্থান প্রশস্ত করে দাও, তখন তোমরা স্থান প্রশস্ত করে দিও। আল্লাহ তোমাদের জন্যে প্রশস্ত করে দিবেন। যখন বলা হয়ঃ উঠে যাও, তখন উঠে যেয়ো। তোমাদের মধ্যে যারা ঈমানদার এবং যারা জ্ঞানপ্রাপ্ত, আল্লাহ তাদের মর্যাদা উচ্চ করে দিবেন। আল্লাহ খবর রাখেন যা কিছু তোমরা কর।

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا نَجَّيْتُمُ الرَّسُولَ فَقَدِمُوا بَيْنَ يَدَيْ جُنُودِكُمْ
صَدَقَةٌ ذَلِكَ خَيْرٌ لَكُمْ وَأَطْهَرُ فَإِن تَرْتَجِدُوا فَإِنَّ اللَّهَ عَفُورٌ رَحِيمٌ
﴿١٢﴾ أَشْفَقْتُمْ أَن تَقْدِمُوا بَيْنَ يَدَيْ جُنُودِكُمْ صَدَقْتُمْ فَإِذ تَرْتَفَعُوا
وَتَابَ اللَّهُ عَلَيْكُمْ فَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَأَطِيعُوا اللَّهَ
وَرَسُولَهُ وَاللَّهُ خَيْرٌ مِمَّا تَعْمَلُونَ ﴿١٣﴾ أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ قَالُوا اقْوَمَا
غَضِبَ اللَّهُ عَلَيْهِمْ مَا هُمْ مِنْكُمْ وَلَا مِنْهُمْ وَيَحْلِفُونَ عَلَى الْكُذِبِ
وَهُمْ يَعْلَمُونَ ﴿١٤﴾ أَعَدَّ اللَّهُ لَهُمْ عَذَابًا شَدِيدًا إِنَّهُمْ سَاءَ مَا كَانُوا
يَعْمَلُونَ ﴿١٥﴾ اتَّخَذُوا أَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوا عَن سَبِيلِ اللَّهِ فَلَهُمْ
عَذَابٌ مُّهِينٌ ﴿١٦﴾ لَن نُّغْنِي عَنْهُمْ آموالَهُمْ وَلَا أَوْلَادَهُمْ مِنَ اللَّهِ
شَيْئًا أُولَئِكَ أَصْحَابُ النَّارِ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿١٧﴾ يَوْمَ يَبْعَثُهُمُ
اللَّهُ جَمِيعًا فَيُطْفِقُونَ لَهُ، كَمَا يَحْلِفُونَ لَكُمْ وَيَحْسَبُونَ أَنَّهُمْ عَلَى شَيْءٍ أَلَّا
إِنَّهُمْ هُمُ الْكَاذِبُونَ ﴿١٨﴾ اسْتَحْوَذَ عَلَيْهِمُ الشَّيْطَانُ فَأَنسَاهُمْ ذِكْرَ
اللَّهِ أُولَئِكَ حِزْبُ الشَّيْطَانِ أَلَا إِنَّ حِزْبَ الشَّيْطَانِ هُمُ الْخَالِسُونَ
﴿١٩﴾ إِنَّ الَّذِينَ يُحَادِّثُونَ اللَّهَ وَرَسُولَهُ أُولَئِكَ فِي الْأَذَلِينَ ﴿٢٠﴾
كَتَبَ اللَّهُ لَأَغْلِبَنَّ أَنَا وَرُسُلِي إِنَّ اللَّهَ قَوِيٌّ عَزِيزٌ ﴿٢١﴾

সাথে বন্ধুত্ব করে? তারা মুসলমানদের দলভুক্ত নয় এবং তাদেরও দলভুক্ত নয়। তারা জেনেশুনে মিথ্যা বিষয়ে শপথ করে।

﴿15﴾ আল্লাহ তাদের জন্যে কঠোর শাস্তি প্রস্তুত রেখেছেন। নিশ্চয় তারা যা করে, খুবই মন্দ।

﴿16﴾ তারা তাদের শপথকে ঢাল করে রেখেছে, অতঃপর তারা আল্লাহর পথ থেকে মানুষকে বাধা প্রদান করে। অতএব, তাদের জন্যে রয়েছে অপমানজনক শাস্তি।

﴿17﴾ আল্লাহর কবল থেকে তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তাদেরকে মোটেই বাঁচাতে পারবে না। তারাই জাহান্নামের অধিবাসী, তথায় তারা চিরকাল থাকবে।

﴿18﴾ যেদিন আল্লাহ তাদের সকলকে পুনরুত্থিত করবেন। অতঃপর তারা আল্লাহর সামনে শপথ করবে, যেমন তোমাদের সামনে শপথ করে। তারা মনে করবে যে, তারা কিছু সৎপথে আছে। সাবধান, তারাই তো আসল মিথ্যাবাদী।

﴿19﴾ শয়তান তাদেরকে বশীভূত করে নিয়েছে, অতঃপর আল্লাহর স্মরণ ভুলিয়ে দিয়েছে। তারা শয়তানের দল। সাবধান, শয়তানের দলই ক্ষতিগ্রস্ত।

﴿20﴾ নিশ্চয় যারা আল্লাহ ও তাঁর রসূলের বিরুদ্ধাচরণ করে, তারাই লাঞ্ছিতদের দলভুক্ত।

﴿21﴾ আল্লাহ লিখে দিয়েছেনঃ আমি এবং আমার রসূলগণ অবশ্যই বিজয়ী হব। নিশ্চয় আল্লাহ শক্তিধর, পরাক্রমশালী।

﴿12﴾ মুমিনগণ, তোমরা রসূলের কাছে কানকথা বলতে চাইলে তৎপূর্বে সদকা প্রদান করবে। এটা তোমাদের জন্যে শ্রেয়ঃ ও পবিত্র হওয়ার ভাল উপায়। যদি তাতে সক্ষম না হও, তবে আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।

﴿13﴾ তোমরা কি কানকথা বলার পূর্বে সদকা প্রদান করতে ভীত হয়ে গেলে? অতঃপর তোমরা যখন সদকা দিতে পারলে না এবং আল্লাহ তোমাদেরকে মাফ করে দিলেন তখন তোমরা নামায কায়েম কর, যাকাত প্রদান কর এবং আল্লাহ ও রসূলের আনুগত্য কর। আল্লাহ খবর রাখেন তোমরা যা কর।

﴿14﴾ আপনি কি তাদের প্রতি লক্ষ্য করেননি, যারা আল্লাহর গ্যবে নিপতিত সম্প্রদায়ের

২২ যারা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে, তাদেরকে আপনি আল্লাহ ও তাঁর রসূলের বিরুদ্ধাচরণকারীদের সাথে বন্ধুত্ব করতে দেখবেন না, যদিও তারা তাদের পিতা, পুত্র, ভ্রাতা অথবা জাতি-গোষ্ঠি হয়। তাদের অন্তরে আল্লাহ ঈমান লিখে দিয়েছেন এবং তাদেরকে শক্তিশালী করেছেন তাঁর অদৃশ্য শক্তি দ্বারা। তিনি তাদেরকে জান্নাতে দাখিল করবেন, যার তলদেশে নদী প্রবাহিত। তারা তথায় চিরকাল থাকবে। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারা আল্লাহর প্রতি সন্তুষ্ট। তারাই আল্লাহর দল। জেনে রাখ, আল্লাহর দলই সফলকাম হবে।

সূরা আল-হাশর

মদীনায় অবতীর্ণঃ আয়াত-২৪

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

১ নভোমণ্ডল ও ভূমণ্ডলে যা কিছু আছে, সবই আল্লাহর পবিত্রতা বর্ণনা করে। তিনি পরাক্রমশালী মহাজ্ঞানী।

২ তিনিই কিতাবধারীদের মধ্যে যারা কাফের, তাদেরকে প্রথমবার একত্রিত করে তাদের বাড়ী-ঘর থেকে বহিস্কার করেছেন। তোমরা ধারণাও করতে পারনি যে, তারা বের হবে এবং তারা মনে করেছিল যে, তাদের দুর্গগুলো তাদেরকে আল্লাহর কবল থেকে রক্ষা করবে। অতঃপর আল্লাহর শাস্তি তাদের উপর এমনদিক থেকে আসল, যার কল্পনাও তারা করেনি। আল্লাহ তাদের

لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ
كَادَ اللَّهُ وَرَسُولُهُ، وَلَوْ كَانُوا آبَاءَهُمْ أَوْ أَبْنَاءَهُمْ
أَوْ إِخْوَانَهُمْ أَوْ عَشِيرَتَهُمْ أُولَئِكَ كَتَبَ فِي قُلُوبِهِمْ
الْإِيمَانَ وَأَيَّدَهُمْ بِرُوحٍ مِنْهُ وَيُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي
مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا
عَنْهُ أُولَئِكَ حِزْبُ اللَّهِ أَلَا إِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْمُفْلِحُونَ ﴿٢٤﴾

سُورَةُ الْحَشْرِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

سَبَّحَ لِلَّهِ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ
﴿١﴾ هُوَ الَّذِي أَخْرَجَ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِنْبِ مِنْ دِينِهِمْ
لِأَوْلِي الْحَشْرِ مَا ظَنَنْتُمْ أَنْ يَخْرُجُوا وَظَنُّوا أَنَّهُمْ مَانِعَتُهُمْ
حُصُونُهُمْ مِنَ اللَّهِ فَأَنَّهُمْ اللَّهُ مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُوا وَقَدَفَ
فِي قُلُوبِهِمُ الرُّعْبَ يُجْرَوْنَ بِأَيْدِيهِمْ وَأَيْدِي الْمُؤْمِنِينَ
فَاعْتَرَىوَأَيُّوَالِي الْأَبْصَرِ ﴿٢﴾ وَلَوْلَا أَنْ كَتَبَ اللَّهُ عَلَيْهِمُ
الْجَلَاءَ لَعَذَّبَهُمْ فِي الدُّنْيَا وَهُمْ فِي الْآخِرَةِ عَذَابُ النَّارِ ﴿٣﴾

অন্তরে ত্রাস সঞ্চার করে দিলেন। তারা তাদের বাড়ী-ঘর নিজেদের হাতে এবং মুসলমানদের হাতে ধ্বংস করছিল। অতএব, হে চক্ষুস্মান ব্যক্তিগণ, তোমরা শিক্ষা গ্রহণ কর।

৩ আল্লাহ যদি তাদের জন্যে নির্বাসন অবধারিত না করতেন, তবে তাদেরকে দুনিয়াতে শাস্তি দিতেন। আর পরকালে তাদের জন্যে রয়েছে জাহান্নামের আযাব।

ذَلِكَ بِأَنَّهُمْ شَاقُوا اللَّهَ وَرَسُولَهُ. وَمَنْ يُسَاقِ اللَّهَ فَإِنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ ﴿٤﴾ مَا قَطَعْتُمْ مِنْ لَيْسَةٍ أَوْ تَرَكْتُمْوهَا قَائِمَةً عَلَىٰ أُصُولِهَا فَبِإِذْنِ اللَّهِ وَلِيُخْزِيَ الْفَاسِقِينَ ﴿٥﴾ وَمَا آفَاءَ اللَّهِ عَلَىٰ رَسُولِهِ مِنْهُمْ فَمَا أَوْجَفْتُمْ عَلَيْهِ مِنْ خَيْلٍ وَلَا رِكَابٍ وَلَا كُنَّ اللَّهُ يُسَلِّطُ رُسُلَهُ عَلَىٰ مَنْ يَشَاءُ وَاللَّهُ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿٦﴾ مَا آفَاءَ اللَّهِ عَلَىٰ رَسُولِهِ مِنْ أَهْلِ الْقُرَىٰ فَلِلَّهِ وَلِلرَّسُولِ وَلِذِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسْكِينِ وَابْنِ السَّبِيلِ كَيْ لَا يَكُونَ دُولَةً بَيْنَ الْأَغْنِيَاءِ مِنْكُمْ وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَكُمْ عَنْهُ فَانْتَهُوا وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ ﴿٧﴾ لِلْفُقَرَاءِ الْمُهَاجِرِينَ الَّذِينَ أُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ وَأَمْوَالِهِمْ يَبْتَغُونَ فَضْلًا مِنَ اللَّهِ وَرِضْوَانًا وَيَنْصُرُونَ اللَّهَ وَرَسُولَهُ أُولَٰئِكَ هُمُ الصَّادِقُونَ ﴿٨﴾ وَالَّذِينَ تَبَوَّءُوا الدَّارَ وَالْإِيمَانَ مِنْ قَبْلِهِمْ يُخْجَلُونَ مَنْ هَاجَرَ إِلَيْهِمْ وَلَا يَجِدُونَ فِي صُدُورِهِمْ حَاجَةً مِّمَّا أُوتُوا وَيُؤْثِرُونَ عَلَىٰ أَنْفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصَاصَةٌ وَمَنْ يُوقِ شَحْحَ نَفْسِهِ فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ﴿٩﴾

৪ এটা এ কারণে যে, তারা আল্লাহ ও তাঁর রসূলের বিরুদ্ধাচরণ করেছে। যে আল্লাহর বিরুদ্ধাচরণ করে, তার জানা উচিত যে, আল্লাহ কঠোর শাস্তিদাতা।

৫ তোমরা যে কিছু কিছু খর্জুর বৃক্ষ কেটে দিয়েছ এবং কতক না কেটে ছেড়ে দিয়েছ, তা তো আল্লাহরই আদেশে এবং যাতে তিনি পাপাচারী ফাসেকদেরকে লাঞ্ছিত করেন।

৬ আল্লাহ বনু-নাযীরের কাছ থেকে তাঁর রসূলকে যে ধন-সম্পদ দিয়েছেন, তজ্জন্যে তোমরা ঘোড়ায় কিংবা উটে চড়ে যুদ্ধ করনি, কিন্তু আল্লাহ যার উপর ইচ্ছা,

তাঁর রসূলগণকে প্রাধান্য দান করেন। আল্লাহ সবকিছুর উপর সর্বশক্তিমান।

৭ আল্লাহ জনপদবাসীদের কাছ থেকে তাঁর রাসূলকে যা দিয়েছেন, তা আল্লাহর, রাসূলের, তাঁর আত্মীয়-স্বজনের, এতীমদের, অভাবগ্রস্তদের এবং মুসাফিরদের জন্যে, যাতে ধনৈশ্বর্য কেবল তোমাদের বিত্তশালীদের মধ্যেই পুঞ্জীভূত না হয়। রাসূল তোমাদেরকে যা দেন, তা গ্রহণ কর এবং যা নিষেধ করেন, তা থেকে বিরত থাক এবং আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহ কঠোর শাস্তিদাতা।

৮ এই ধন-সম্পদ দেশত্যাগী নিঃস্বদের জন্যে, যারা আল্লাহর অনুগ্রহ ও সন্তুষ্টিলাভের অশ্বেষণে এবং আল্লাহ তাঁর রসূলের সাহায্যার্থে নিজেদের বাস্তবিতা ও ধন-সম্পদ থেকে বহিস্কৃত হয়েছে। তারাই সত্যবাদী।

৯ যারা মুহাজিরদের আগমনের পূর্বে মদীনায় বসবাস করেছিল এবং বিশ্বাস স্থাপন করেছিল, তারা মুহাজিরদের ভালবাসে, মুহাজিরদেরকে যা দেয়া হয়েছে, তজ্জন্যে তারা অন্তরে ঈর্ষাপোষণ করে না এবং নিজেরা অভাবগ্রস্ত হলেও তাদেরকে অগ্রাধিকার দান করে। যারা মনের কার্পণ্য থেকে মুক্ত, তারাই সফলকাম।

10 আর এই সম্পদ তাদের জন্যে, যারা তাদের পরে আগমন করেছে। তারা বলেনঃ হে আমাদের পালনকর্তা, আমাদেরকে এবং ঈমানে অগ্রণী আমাদের ভ্রাতাগণকে ক্ষমা কর এবং ঈমানদারদের বিরুদ্ধে আমাদের অন্তরে কোন বিদ্বেষ রেখো না। হে আমাদের পালনকর্তা, আপনি দয়ালু, পরম করুণাময়।

11 আপনি কি মুনাফিকদেরকে দেখেন নি? তারা তাদের কিতাবধারী কাফের ভাইদেরকে বলেঃ তোমরা যদি বহিস্কৃত হও, তবে আমরা অবশ্যই তোমাদের সাথে দেশ থেকে বের হয়ে যাব এবং তোমাদের ব্যাপারে আমরা কখনও কারও কথা মানব না। আর যদি তোমরা আক্রান্ত হও, তবে আমরা অবশ্যই তোমাদেরকে সাহায্য করব। আল্লাহ্ তা'আলা সাক্ষ্য দেন যে, ওরা নিশ্চয়ই মিথ্যাবাদী।

12 যদি তারা বহিস্কৃত হয়, তবে মুনাফিকরা তাদের সাথে দেশত্যাগ করবে না আর যদি তারা আক্রান্ত হয়, তবে তারা তাদেরকে সাহায্য করবে না। যদি তাদেরকে সাহায্য করে, তবে অবশ্যই পৃষ্ঠপ্রদর্শন করে পলায়ন করবে। এরপর কাফেররা কোন সাহায্য পাবে না।

13 নিশ্চয় তোমরা তাদের অন্তরে আল্লাহ্ তা'আলা অপেক্ষা অধিকতর ভয়াবহ। এটা এ কারণে যে, তারা এক নির্বোধ সম্প্রদায়।

14 তারা সংঘবদ্ধভাবেও তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করতে পারবে না। তারা যুদ্ধ করবে কেবল সুরক্ষিত জনপদে অথবা দুর্গ প্রাচীরের আড়ালে থেকে। তাদের পারস্পারিক যুদ্ধই প্রচলিত হয়ে থাকে।

وَالَّذِينَ جَاءُوا مِنْ بَعْدِهِمْ يَقُولُونَ رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِإِخْوَانِنَا الَّذِينَ سَبَقُونَا بِالْإِيمَانِ وَلَا تَجْعَلْ فِي قُلُوبِنَا غِلًّا لِلَّذِينَ آمَنُوا رَبَّنَا إِنَّكَ رَءُوفٌ رَحِيمٌ ﴿١٠﴾ أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نَافَقُوا يَقُولُونَ لِإِخْوَانِهِمُ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ لَئِنْ أُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيعُ فِيكُمْ أَحَدًا أَبَدًا وَإِنْ قُوتِلْتُمْ لَنَنصُرَنَّكُمْ وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ ﴿١١﴾ لَئِنْ أُخْرِجُوا لَا يَخْرُجُونَ مَعَهُمْ وَلَئِنْ قُوتِلُوا لَا يَنْصُرُونَهُمْ وَلَئِنْ نَصَرُوهُمْ لَيُولُوكَ الْأَذْبَانَ لَيُضْرَوْنَ ﴿١٢﴾ لَأَنتُمْ أَشَدُّ رَهْبَةً فِي صُدُورِهِمْ مِنَ اللَّهِ ذَلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَفْقَهُونَ ﴿١٣﴾ لَا يَقْنَلُونَكُمْ جَمِيعًا إِلَّا فِي فُرَى مُخَصَّنَةٍ أَوْ مِنْ وَرَاءِ حُدُورٍ بِأَسْهُمٍ بَيْنَهُمْ شَدِيدٌ تَحْسِبُهُمْ جَمِيعًا وَقُلُوبُهُمْ شَتَّىٰ ذَلِكَ بِأَنَّهُمْ قَوْمٌ لَا يَعْقِلُونَ ﴿١٤﴾ كَمَثَلِ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ قَرِيبًا ذَاتُ أُولِي أَلْأَمْرِ هُمْ وَهُمْ عَدَاؤُ الْأَيْمِ ﴿١٥﴾ كَمَثَلِ الشَّيْطَانِ إِذْ قَالَ لِلْإِنْسَانِ اكْفُرْ فَلَمَّا كَفَرَ قَالَ إِنِّي بَرِيءٌ مِنْكَ إِنِّي أَخَافُ اللَّهَ رَبَّ الْعَالَمِينَ ﴿١٦﴾

আপনি তাদেরকে ঐক্যবদ্ধ মনে করবেন; কিন্তু তাদের অন্তর শতধাবিচ্ছিন্ন। এটা এ কারণে যে, তারা এক কাণ্ডজ্ঞানহীন সম্প্রদায়।

15 তারা সেই লোকদের মত, যারা তাদের নিকট অতীতে নিজেদের কর্মের শাস্তিভোগ করেছে। তাদের জন্যে রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

16 তারা শয়তানের মত, যে মানুষকে কাফের হতে বলে। অতঃপর যখন সে কাফের হয়, তখন শয়তান বলেঃ তোমার সাথে আমার কোন সম্পর্ক নেই। আমি বিশ্বপালনকর্তা আল্লাহ্ তা'আলাকে ভয় করি।

فَكَانَ عَاقِبَتُهُمَا أَنَّهُمَا فِي النَّارِ خَالِدِينَ فِيهَا وَذَلِكَ جَزَاءُ
الظَّالِمِينَ ﴿١٧﴾ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا اتَّقُوا اللَّهَ وَتَسْتَظِرُّ
نَفْسٌ مَّا قَدَّمْتُمْ لِغَدٍ وَاتَّقُوا اللَّهَ إِنَّ اللَّهَ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ
﴿١٨﴾ وَلَا تَكُونُوا كَالَّذِينَ نَسُوا اللَّهَ فَأَنسَاهُمْ أَنفُسَهُمْ أُولَٰئِكَ
هُمُ الْفَاسِقُونَ ﴿١٩﴾ لَا يَسْتَوِي أَصْحَابُ النَّارِ وَأَصْحَابُ
الْجَنَّةِ أَصْحَابُ الْجَنَّةِ هُمُ الْفَلَاحُونَ ﴿٢٠﴾ لَوْ أَنزَلْنَا هَٰذَا
الْقُرْءَانَ عَلَىٰ جَبَلٍ لَّرَأَيْتَهُ خَاشِعًا مُّتَصَدِّعًا مِّنْ خَشْيَةِ
اللَّهِ وَتِلْكَ الْأَمْثَلُ لَضَرِبُهَا لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَفَكَّرُونَ
﴿٢١﴾ هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ عِلْمُهُ الْغَيْبِ وَالشَّهَادَةِ
هُوَ الرَّحْمَنُ الرَّحِيمُ ﴿٢٢﴾ هُوَ اللَّهُ الَّذِي لَا إِلَهَ إِلَّا هُوَ
الْمَلِكُ الْقُدُّوسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيزُ
الْجَبَّارُ الْمُتَكَبِّرُ سُبْحَانَ اللَّهِ عَمَّا يُشْرِكُونَ
﴿٢٣﴾ هُوَ اللَّهُ الْخَلِيقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْأَسْمَاءُ الْحُسْنَىٰ
يُسَبِّحُ لَهُ مَا فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٢٤﴾

سُورَةُ الْمُبْتَلَةِ
الرَّبِيعِ
الرَّبِيعِ

১৭ অতঃপর উভয়ের পরিণতি হবে এই যে, তারা জাহান্নামে যাবে এবং চিরকাল তথায় বসবাস করবে। এটাই জালেমদের শাস্তি।

১৮ মুমিনগণ, তোমরা আল্লাহ তা'আলাকে ভয় কর। প্রত্যেক ব্যক্তির উচিত, আগামী কালের জন্যে সে কি প্রেরণ করে, তা চিন্তা করা। আল্লাহ তা'আলাকে ভয় করতে থাক। তোমরা যা কর, আল্লাহ তা'আলা সে সম্পর্কে খবর রাখেন।

১৯ তোমরা তাদের মত হয়ো না, যারা আল্লাহ তা'আলাকে ভুলে গেছে। ফলে

আল্লাহ তা'আলা তাদেরকে আত্মবিস্মৃত করেছেন। তারাই তো ফাসেক।

২০ জাহান্নামের অধিবাসী এবং জান্নাতের অধিবাসী সমান হতে পারে না। যারা জান্নাতের অধিবাসী, তারাই সফলকাম।

২১ যদি আমি এই কোরআন পাহাড়ের উপর অবতীর্ণ করতাম, তবে তুমি দেখতে যে, পাহাড় বিনীত হয়ে আল্লাহ তা'আলার ভয়ে বিদীর্ণ হয়ে গেছে। আমি এসব দৃষ্টান্ত মানুষের জন্যে বর্ণনা করি, যাতে তারা চিন্তা-ভাবনা করে।

২২ তিনিই আল্লাহ তা'আলা, তিনি ব্যতীত সত্য কোন উপাস্য নেই; তিনি দৃশ্য ও অদৃশ্যকে জানেন। তিনি পরম দয়ালু, অসীম দাতা।

২৩ তিনিই আল্লাহ, তিনি ব্যতীত সত্য কোন উপাস্য নেই। তিনিই একমাত্র মালিক, পবিত্র, শাস্তি ও নিরাপত্তাদাতা, আশ্রয়দাতা, পরাক্রান্ত, প্রতাপাশ্বিত, মহাত্মশীল। তারা যাতে অংশীদার করে আল্লাহ তা'আলা তা থেকে পবিত্র।

২৪ তিনিই আল্লাহ তা'আলা, স্রষ্টা, উদ্ভাবক, রূপদাতা, উত্তম নামসমূহ তাঁরই। নভোমণ্ডলে ও ভূমণ্ডলে যা কিছু আছে, সবই তাঁর পবিত্রতা ঘোষণা করে। তিনি পরাক্রান্ত প্রজ্ঞাময়।

সূরা আল-মুমতাহিনা

মদীনায় অবতীর্ণঃ আয়াত-১৩

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

❶ মুমিনগণ, তোমরা আমার ও তোমাদের শত্রুদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তোমরা তো তাদের প্রতি বন্ধুত্বের বার্তা পাঠাও, অথচ যে সত্য তোমাদের কাছে আগমন করেছে, তা তারা অস্বীকার করছে। তারা রাসূলকে ও তোমাদেরকে বহিষ্কার করে এই অপরাধে যে, তোমরা তোমাদের পালনকর্তার প্রতি বিশ্বাস রাখ। যদি তোমরা আমার সন্তুষ্টিলাভের জন্যে এবং আমার পথে জেহাদ করার জন্যে বের হয়ে থাক, তবে কেন তাদের প্রতি গোপনে বন্ধুত্বের পয়গাম প্রেরণ করছ? তোমরা যা গোপন কর এবং যা প্রকাশ কর, তা আমি খুব জানি। তোমাদের মধ্যে যে এটা করে, সে সরলপথ থেকে বিচ্যুত হয়ে যায়।

❷ তোমাদেরকে করতলগত করতে পারলে তারা তোমাদের শত্রু হয়ে যাবে এবং মন্দ উদ্দেশ্যে তোমাদের প্রতি বাহু ও রসনা প্রসারিত করবে এবং চাইবে যে, কোনরূপে তোমরাও কাফের হয়ে যাও।

❸ তোমাদের স্বজন-পরিজন ও সন্তান-সন্ততি কিয়ামতের দিন কোন উপকারে আসবে না। তিনি তোমাদের মধ্যে ফয়সালা করবেন। তোমরা যা কর, আল্লাহ তা দেখেন।

❹ তোমাদের জন্যে ইবরাহীম ও তাঁর সংজ্ঞীগণের মধ্যে চমৎকার আদর্শ রয়েছে। তারা তাদের সম্প্রদায়কে বলেছিলঃ তোমাদের সাথে এবং তোমরা আল্লাহর পরিবর্তে যার এবাদত কর, তার সাথে আমাদের কোন সম্পর্ক নেই। আমরা তোমাদের মানিনা।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

يٰۤاَيُّهَا الَّذِيْنَ ءَامَنُوْا لَا تَتَّخِذُوْا عَدُوِّيْ وَعَدُوِّكُمْ اَوْلِيَاءَ تَلْقَوْنَ
اِلَيْهِمْ بِالْمُودَةِ وَقَدْ كَفَرُوْا بِمَا جَاءَكُمْ مِنَ الْحَقِّ يُخْرِجُوْنَ الرَّسُوْلَ
وَ اِيَّاكُمْ اَنْ تُوْمِنُوْا بِاللّٰهِ رَبِّكُمْ اِنْ كُنْتُمْ حَرَجْتُمْ جِهَدًا فِيْ سَبِيْلِ
وَ اٰيٰتِنَا فَ مَرْضٰى فِىْ شُرُوْكِ اِلٰهِهِمْ بِالْمُودَةِ وَاَنَا اَعْلَمُ بِمَا اَخْفَيْتُمْ
وَمَا اَعْلَنْتُمْ وَّمَنْ يَّفْعَلْهُ مِنْكُمْ فَقَدْ ضَلَّ سَوَاءَ السَّبِيْلِ ۙ اِنْ
بَشَفُوْكُمْ يَكُوْنُوْا لَكُمْ اَعْدَاءٌ وَيَسْطُوْا اِلَيْكُمْ اَيْدِيَهُمْ وَاَلْسِنَتُهُمْ
بِالسُّوْءِ وَّوَدُوْا لَوْ تَكْفُرُوْنَ ۙ لَنْ تَنْفَعَكُمْ اَرْحَامُكُمْ وَاَوْلَادُكُمْ
يَوْمَ الْقِيٰمَةِ يَفْصَلُ بَيْنَكُمْ وَاَللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ۙ قَدْ
كَانَتْ لَكُمْ اَسْوَةٌ حَسَنَةٌ فِىْ اِبْرٰهِيْمَ وَاَلَّذِيْنَ مَعَهُۥ اِذْ قَالُوْا لَقَوْمِهِمْ
اِنَّا بَرّءٌ وَاَنْتُمْ مِّنْكُمْ وِمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ كَفَرْنَا بِكُمْ وِبَدٰىبِنَا
وَبَيْنَكُمْ الْعَدٰوَةُ وَاَلْبَغْضَاءُ اَبَدًا حَتّٰى تُوْمِنُوْا بِاللّٰهِ وَحْدَهُ ۗ اِلَّا
قَوْلَ اِبْرٰهِيْمَ لَآ اَبِيْءُ لَا سْتَغْفِرَنَّ لَكَ وَاَمَّا اَمْلٰكُ لَكَ مِنَ اللّٰهِ مِنْ شَيْءٍ ۗ
رَّبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَاِلَيْكَ اٰنَبْنَا وَاِلَيْكَ الْمَصِيْرُ ۙ رَّبَّنَا لَا تَجْعَلْنَا
فِتْنَةً لِّلَّذِيْنَ كَفَرُوْا وَاغْفِرْ لَنَا رَبَّنَا اِنَّكَ اَنْتَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۙ

তোমরা এক আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না করলে তোমাদের মধ্যে ও আমাদের মধ্যে চিরশত্রুতা থাকবে। কিন্তু ইবরাহীমের উক্তি তাঁর পিতার উদ্দেশ্যে এই আদর্শের ব্যতিক্রম। তিনি বলেছিলেনঃ আমি অবশ্যই তোমার জন্য ক্ষমাপ্রার্থনা করব। তোমার উপকারের জন্যে আল্লাহর কাছে আমার আর কিছু করার নেই। হে আমাদের পালনকর্তা! আমরা তোমারই উপর ভরসা করেছি, তোমারই দিকে মুখ করেছি এবং তোমারই নিকট আমাদের প্রত্যাভর্তন।

❺ হে আমাদের পালনকর্তা! তুমি আমাদেরকে কাফেরদের জন্যে পরীক্ষার পাত্র করো না। হে আমাদের পালনকর্তা! আমাদেরকে ক্ষমা কর। নিশ্চয় তুমি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

لَفَذَكَانَ لَكُمْ فِيهِمْ أُسْوَةٌ حَسَنَةٌ لِمَن كَانَ يَرْجُوا اللَّهَ وَالْيَوْمَ الْآخِرَ
 وَمَن يَتَّقِ اللَّهَ فَإِنَّ اللَّهَ هُوَ الْغَنِيُّ الْحَمِيدُ ﴿٦﴾ عَسَى اللَّهُ أَن يَجْعَلَ
 بَيْنَكُمْ وَبَيْنَ الَّذِينَ عَادَيْتُم مِّنْهُم مَّوَدَّةً وَاللَّهُ قَدِيرٌ وَاللَّهُ غَفُورٌ رَّحِيمٌ
 ﴿٧﴾ لَا يَنْهَى اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَالُوا فِي الدِّينِ وَلَا تَخْرُجُوا
 مِّن دِينِكُمْ أَن تَبَرُّوهُمْ وَتُقْسِطُوا إِلَيْهِمْ إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُقْسِطِينَ
 ﴿٨﴾ إِنَّمَا يَنْهَى اللَّهُ عَنِ الَّذِينَ قَتَلُوا فِي الدِّينِ وَأَخْرَجُوا
 مِّن دِينِكُمْ وَظَهَرُوا وَعَلَىٰ إِخْرَاجِكُمْ أَن تَتَوَلَّوهُمْ وَمَن يَتَوَلَّهُمْ فَأُولَٰئِكَ
 هُمُ الظَّالِمُونَ ﴿٩﴾ يَتَأْتِيهَا الَّذِينَ ءَامَنُوا إِذَا جَاءَكُمُ الْمُؤْمِنَاتُ
 مُهَاجِرَاتٍ فَأَمْتَحِنُوهُنَّ اللَّهُ أَعْلَمُ بِإِيمَانِهِنَّ فَإِن عَلِمْتُمُوهُنَّ مُؤْمِنَاتٍ
 فَلَا تَرْجِعُوهُنَّ إِلَى الْكُفَّارِ لَأَهُنَّ لَهُنَّ وَلَا هُنَّ يُحِلُّونَ لَهُنَّ وَءَاتُوهُنَّ
 مَا أَنفَقُوا وَلَا جُنَاحَ عَلَيْكُم أَن تَنْكِحُوهُنَّ إِذَا ءَالَيْتُمُوهُنَّ لَبِجْتُمْ
 وَلَا تُمْسِكُوا بِعِصَمِ الْكُفَّارِ وَءَاتُوا مَا أَنفَقْتُمْ وَلَسْتُمْ لَهُنَّ
 دُولًا وَلَا تُمْسِكُوا بِعِصَمِ الْكُفَّارِ وَاللَّهُ عَلِيمٌ حَكِيمٌ ﴿١٠﴾ وَإِن فَاتَكُمْ
 شَيْءٌ مِّنْ أَرْزَاقِكُمْ إِلَى الْكُفَّارِ فَعَابَقْتُمْ فَءَاتُوا الَّذِينَ ذَهَبَتْ
 أَرْزَاقُهُمْ مِّثْلَ مَا أَنفَقُوا وَءَاتُوا اللَّهَ الَّذِي أَنْتُمْ بِهِ مُؤْمِنُونَ ﴿١١﴾

৬ তোমরা যারা আল্লাহ ও পরকাল প্রত্যক্ষা কর, তোমাদের জন্য তাদের মধ্যে উত্তম আদর্শ রয়েছে। আর যে মুখ ফিরিয়ে নেয়, তার জানা উচিত যে, আল্লাহ্ বেপরওয়া, প্রশংসার মালিক।

৭ যারা তোমাদের শত্রু আল্লাহ্ তাদের মধ্যে ও তোমাদের মধ্যে সম্ভবতঃ বন্ধুত্ব সৃষ্টি করে দেবেন। আল্লাহ্ সবই করতে পারেন এবং আল্লাহ্ ক্ষমাশীল, করুণাময়।

৮ ধর্মের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করেনি এবং তোমাদেরকে দেশ থেকে বহিষ্কৃত করেনি, তাদের প্রতি সদাচরণ ও ইনসাফ করতে আল্লাহ্ তোমাদেরকে নিষেধ

করেন না। নিশ্চয় আল্লাহ ইনসাফকারীদেরকে ভালবাসেন।

৯ আল্লাহ্ কেবল তাদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করেন, যারা ধর্মের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেছে, তোমাদেরকে স্বদেশ থেকে বহিষ্কৃত করেছে এবং বহিষ্কারকার্যে সহায়তা করেছে। যারা তাদের সাথে বন্ধুত্ব করে তারাই যালেম।

১০ মুমিনগণ, যখন তোমাদের কাছে ঈমানদার নারীরা হিজরত করে আগমন করে, তখন তাদেরকে পরীক্ষা কর। আল্লাহ্ তাদের ঈমান সম্পর্কে সম্যক অবগত আছেন। যদি তোমরা জান যে, তারা ঈমানদার, তবে আর তাদেরকে কাফেরদের কাছে ফেরত পাঠিও না। এরা কাফেরদের জন্যে হালাল নয় এবং কাফেররা এদের জন্যে হালাল নয়। কাফেররা যা ব্যয় করেছে, তা তাদের দিয়ে দাও। তোমরা এই নারীদেরকে প্রাপ্য মোহরানা দিয়ে বিবাহ করলে তাদের কোন অপরাধ হবে না। তোমরা কাফের নারীদের সাথে দাম্পত্য সম্পর্ক বজায় রেখে না। তোমরা যা ব্যয় করেছ, তা চেয়ে নাও এবং তারাও চেয়ে নিবে যা তারা ব্যয় করেছে। এটা আল্লাহর বিধান; তিনি তোমাদের মধ্যে ফয়সালা করেন। আল্লাহ্ সর্বজ্ঞ প্রজ্ঞাময়।

১১ তোমাদের স্ত্রীদের মধ্যে যদি কেউ হাতছাড়া হয়ে কাফেরদের কাছে থেকে যায়, অতঃপর তোমরা সুযোগ পাও, তখন যাদের স্ত্রী হাতছাড়া হয়ে গেছে, তাদেরকে তাদের ব্যয়কৃত অর্থের সমপরিমাণ অর্থ প্রদান কর এবং আল্লাহকে ভয় কর, যার প্রতি তোমরা বিশ্বাস রাখ।

12 হে নবী, ঈমানদার নারীরা যখন আপনার কাছে এসে আনুগত্যের শপথ করে যে, তারা আল্লাহর সাথে কাউকে শরীক করবে না। চুরি করবে না, ব্যভিচার করবে না, তাদের সন্তানদেরকে হত্যা করবে না এবং সজ্ঞানে কোন অপবাদ রচনা করে তা রটাবে না ও ভাল কাজে আপনার অবাধ্যতা করবে না, তখন তাদের বায়'আত (আনুগত্য) গ্রহণ করুন এবং তাদের জন্যে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করুন। নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, অত্যন্ত দয়ালু।

13 মুমিনগণ, আল্লাহ যে জাতির প্রতি রুষ্ট, তোমরা তাদের সাথে বন্ধুত্ব করো না। তারা পরকাল সম্পর্কে নিরাশ হয়ে গেছে যেমন কবরস্থ কাফেররা নিরাশ হয়ে গেছে।

সূরা আছ-হুফ

মদীনায় অবতীর্ণঃ আয়াত-১৪

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

1 নভোমন্ডলে ও ভূমন্ডলে যা কিছুর আছে, সবই আল্লাহর পবিত্রতা ঘোষণা করে। তিনি পরাক্রান্ত প্রজ্ঞাবান।

2 মুমিনগণ! তোমরা যা কর না, তা কেন বল?

3 তোমরা যা করনা, তা বলা আল্লাহর কাছে খুবই অসন্তোষজনক।

4 আল্লাহ তাদেরকে ভালবাসেন, যারা তাঁর পথে সারিবদ্ধভাবে লড়াই করে, যেন তারা সীসাগালানো প্রাচীর।

يَا أَيُّهَا النَّبِيُّ إِذَا جَاءَكَ الْمُؤْمِنَاتُ يَبِيَعُكَ عَلَيَّ أَنْ لَا يُشْرِكْنَ
بِاللَّهِ شَيْئًا وَلَا يَسْرِقْنَ وَلَا يَزْنِينَ وَلَا يَقْتُلْنَ أَوْلَادَهُنَّ وَلَا يَأْتِينَ
بِيْهْتِنٍ يَفْتَرِيْنَهُ بَيْنَ أَيْدِيْنَهُنَّ وَأَرْجُلِيْنَهُنَّ وَلَا يَعْصِيْنَكَ
فِي مَعْرُوفٍ فَبَايَعْنَهُنَّ وَأَسْتَعْفِرْ لَهُنَّ اللَّهُ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ
12 يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَوَلَّوْا قَوْمًا غَضِبَ اللَّهُ عَلَيْهِمْ
قَدْ بَيَّسُوا مِنَ الْآخِرَةِ كَمَا بَيَّسَ الْكُفَّارُ مِنَ أَصْحَابِ الْقُبُورِ 13

سُورَةُ الصَّفَاتِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
سَبَّحَ لِلَّهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ
1 يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ 2
كَبُرَ مَقْتًا عِنْدَ اللَّهِ أَنْ تَقُولُوا مَا لَا تَفْعَلُونَ 3 إِنَّ
اللَّهَ يُحِبُّ الَّذِينَ يُقْتَلُونَ فِي سَبِيلِهِ صَفًا كَانَهُمْ
بُنِيْنَ مَّرْضُوْصٍ 4 وَإِذْ قَالَ مُوسَى لِقَوْمِهِ يَا قَوْمِ لِمَ
تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ 5

5 স্মরণ কর, যখন মূসা (আঃ) তাঁর সম্প্রদায়কে বললঃ হে আমার সম্প্রদায়, তোমরা কেন আমাকে কষ্ট দাও, অথচ তোমরা জান যে, আমি তোমাদের কাছে আল্লাহর রাসূল। অতঃপর তারা যখন বক্রতা অবলম্বন করল, তখন আল্লাহ তাদের অন্তরকে বক্র করে দিলেন। আল্লাহ পাপাচারী সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।

وَإِذْ قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ بَنِيَّ إِسْرَائِيلَ يَا رُسُلُ اللَّهِ إِلَيْكُمْ مُصَدِّقًا
 لِمَا بَيْنَ يَدَيَّ مِنَ التَّوْرَةِ وَمُبَشِّرًا بِرُسُولِي يُأْتِي مِنْ بَعْدِي اسْمُهُ أَحْمَدٌ فَلَمَّا
 جَاءَهُمْ بِالْبَيِّنَاتِ قَالُوا هَذَا سِحْرٌ مُّبِينٌ ﴿٦﴾ وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَى
 عَلَى اللَّهِ الْكُذْبَ وَهُوَ يُدْعَى إِلَى الْإِسْلَامِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ﴿٧﴾
 يُرِيدُونَ لِيُطْفِئُوا نُورَ اللَّهِ بِأَفْوَاهِهِمْ وَاللَّهُ مُتِمُّ نُورِهِ وَلَوْ كَرِهَ
 الْكَافِرُونَ ﴿٨﴾ هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ
 عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ ﴿٩﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا هَلْ أَدُلُّكُمْ
 عَلَى بَحْرٍ مَجِيدٍ فَنُجِّيكُمْ مِنْ عَذَابِ أَلِيمٍ ﴿١٠﴾ تَوَمَّنْ بِاللَّهِ وَرَسُولِهِ وَجَاهِدُونَ
 فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِكُمْ وَأَنْفُسِكُمْ ذَلِكَ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿١١﴾
 يَعْفِرْ لَكُمْ ذُنُوبَكُمْ وَيُدْخِلْكُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ وَسَيَسْئَلُ
 طَائِفَةٌ فِي جَنَّاتٍ عَدْنٍ ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿١٢﴾ وَالْآخِرَىٰ نُجُوبُنَا نَصْرًا
 مِنَ اللَّهِ وَفَتْحٌ قَرِيبٌ وَبَشِيرٌ الْمُؤْمِنِينَ ﴿١٣﴾ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُونُوا
 أَنْصَارًا لِلَّهِ كَمَا قَالَ عِيسَى ابْنُ مَرْيَمَ لِلْحَوَارِيِّينَ مَنْ أَنْصَارِي إِلَى اللَّهِ
 قَالَ الْحَوَارِيُّونَ نَحْنُ أَنْصَارُ اللَّهِ فَأَمَّا مَنْ طَائِفَةٌ مِنْ بَنِي إِسْرَائِيلَ
 وَكَفَرُوا طَائِفَةٌ فَأَيَّدْنَا الَّذِينَ آمَنُوا عَلَىٰ عَدُوِّهِمْ فَأَصْبَحُوا ظَاهِرِينَ ﴿١٤﴾

৬ স্মরণ কর, যখন মরিয়ম-তনয় ঈসা (আঃ)

বললঃ হে বনী ইসরাঈল! আমি তোমাদের কাছে আল্লাহর প্রেরিত রসূল, আমার পূর্ববর্তী তওরাতের আমি সত্যায়নকারী এবং আমি এমন একজন রসূলের সুসংবাদদাতা, যিনি আমার পরে আগমন করবেন। তাঁর নাম আহমাদ। অতঃপর যখন সে স্পষ্ট প্রমাণাদি নিয়ে আগমন করল, তখন তারা বললঃ এ তো এক প্রকাশ্য যাদু।

৭ যে ব্যক্তি ইসলামের দিকে আহুত হয়েও আল্লাহ সম্পর্কে মিথ্যা বলে; তার চাইতে অধিক যালেম আর কে? আল্লাহ যালেম সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।

৮ তারা মুখের ফুঁৎকারে আল্লাহর আলো নিভিয়ে দিতে চায়। আল্লাহ তাঁর আলোকে

পূর্ণরূপে বিকশিত করবেন যদিও কাফেররা তা অপছন্দ করে।

৯ তিনিই তাঁর রসূলকে পথনির্দেশ ও সত্যধর্ম দিয়ে প্রেরণ করেছেন, যাতে একে সবধর্মের উপর বিজয়ী ও প্রবল করে দেন যদিও মুশরিকরা তা অপছন্দ করে।

১০ মুমিনগণ, আমি কি তোমাদেরকে এমন এক বাণিজ্যের সন্ধান দিব, যা তোমাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে মুক্তি দিবে?

১১ তা এই যে, তোমরা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন করবে এবং আল্লাহর পথে নিজেদের ধন-সম্পদ ও জীবনপণ করে জেহাদ করবে। এটাই তোমাদের জন্যে উত্তম; যদি তোমরা বোঝ।

১২ তিনি তোমাদের পাপরাশি ক্ষমা করবেন এবং এমন জান্নাতে দাখিল করবেন, যার পাদদেশে নদী প্রবাহিত এবং স্থায়ী জান্নাতে উত্তম বাসগৃহে। এটা মহাসাফল্য।

১৩ এবং আরও একটি অনুগ্রহ দিবেন, যা তোমরা পছন্দ কর। আল্লাহর পক্ষ থেকে সাহায্য এবং আসন্ন বিজয়। মুমিনদেরকে এর সুসংবাদ দান করুন।

১৪ মুমিনগণ, তোমরা আল্লাহর সাহায্যকারী হয়ে যাও, যেমন ঈসা ইবনে-মরিয়ম তার শিষ্যবর্গকে বলেছিল, আল্লাহর পথে কে আমার সাহায্যকারী হবে? শিষ্যবর্গ বলেছিলঃ আমরা আল্লাহর পথে সাহায্যকারী। অতঃপর বনী-ইসরাঈলের একদল বিশ্বাস স্থাপন করল এবং একদল কাফের হয়ে গেল। যারা বিশ্বাস স্থাপন করেছিল, আমি তাদেরকে তাদের শত্রুদের মোকাবেলায় শক্তি যোগালাম, ফলে তারা বিজয়ী হল।

সূরা আল-জুমুআহ

মদীনায় অবতীর্ণঃ আয়াত-১১

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

১ নভোমন্ডল ও ভূমন্ডলে যা কিছু আছে সবই পবিত্র পরাক্রমশালী ও প্রজ্ঞাময় আল্লাহর পবিত্রতা ঘোষণা করে।

২ তিনিই নিরক্ষরদের মধ্য থেকে একজন রসূল প্রেরণ করেছেন, যিনি তাদের কাছে পাঠ করেন তাঁর আয়াতসমূহ, তাদেরকে পবিত্র করেন এবং শিক্ষা দেন কিতাব ও হিকমত। ইতিপূর্বে তারা ছিল ঘোর পথভ্রষ্টতায় লিপ্ত।

৩ এই রসূল প্রেরিত হয়েছেন অন্য আরও লোকদের জন্যে, যারা এখনও তাদের সাথে মিলিত হয়নি। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।

৪ এটা আল্লাহর কৃপা, যাকে ইচ্ছা তিনি তা দান করেন। আল্লাহ্ মহাকৃপাশীল।

৫ যাদেরকে তওরাত দেয়া হয়েছিল, অতঃপর তারা তার অনুসরণ করেনি, তাদের দৃষ্টান্ত সেই গাধা, যে পুস্তক বহন করে। যারা আল্লাহর আয়াতসমূহকে মিথ্যা বলে, তাদের দৃষ্টান্ত কত নিকৃষ্ট। আল্লাহ্ জালেম সম্প্রদায়কে পথ প্রদর্শন করেন না।

৬ বলুন হে ইহুদীগণ, যদি তোমরা দাবী কর যে, তোমরাই আল্লাহর বন্ধু- অন্য কোন মানব নয়, তবে তোমরা মৃত্যু কামনা কর যদি তোমরা সত্যবাদী হও।

سُورَةُ الْجُمُعَاتِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
يُسَبِّحُ لِلَّهِ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ الْمَلَائِكَةُ الْمُسَبِّحُونَ لَهُ
الْحَمْدُ كُلَّ يَوْمٍ مَرَّةٍ ۝ هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمَمِينَ رَسُولًا مِّنْهُمْ يَتْلُو
عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَإِنْ كَانُوا
مِن قَبْلُ لَفِي ضَلَالٍ مُّبِينٍ ۝ وَعَآخِرِينَ مِنْهُمْ لَمَّا يَلْحَقُوا بِهِمْ
وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ۝ ۲ ۝ ذَلِكَ فَضْلُ اللَّهِ يُؤْتِيهِ مَن يَشَاءُ وَاللَّهُ
ذُو الْفَضْلِ الْعَظِيمِ ۝ ۴ ۝ مَثَلُ الَّذِينَ حُمِلُوا الثَّوْرَةَ ثُمَّ لَمْ
يَحْمِلُوهَا كَمَثَلِ الْحِمَارِ يَحْمِلُ أَسْفَارًا بِئْسَ مَثَلُ الْقَوْمِ
الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِ اللَّهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ ۝ ۵ ۝
قُلْ يَا أَيُّهَا الَّذِينَ هَادُوا إِنْ زَعَمْتُمْ أَنَّكُمْ أَوْلِيَاءُ لِلَّهِ مِنْ
دُونِ النَّاسِ فَتَمَنَّوْا الْمَوْتَ إِنْ كُنْتُمْ صَادِقِينَ ۝ ۶ ۝ وَلَا يَمَنَّوْهُ
أَبَدًا إِمَّا قَدَّمَتْ أَيْدِيهِمْ وَاللَّهُ عَلِيمٌ بِالظَّالِمِينَ ۝ ۷ ۝ قُلْ إِنْ
الْمَوْتُ الَّذِي تُفْرُونَ مِنْهُ فَإِنَّهُ مَلْأَقْبَابَكُمْ ثُمَّ تَرْدُونَ
إِلَىٰ عِلْمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ۝ ۸ ۝

৭ তারা নিজেদের কৃতকর্মের কারণে কখনও মৃত্যু কামনা করবে না। আল্লাহ্ জালেমদের সম্পর্কে সম্যক অবগত আছেন।

৮ বলুন, তোমরা যে মৃত্যু থেকে পলায়নপর, সেই মৃত্যু অবশ্যই তোমাদের মুখামুখি হবে, অতঃপর তোমরা অদৃশ্য ও দৃশ্যে জ্ঞানী আল্লাহর কাছে উপস্থিত হবে। তিনি তোমাদেরকে জানিয়ে দিবেন সেসব কর্ম, যা তোমরা করতে।

يَأْتِيهَا الَّذِينَ ءَامَنُوا إِذَا نُودِيَكَ لِلصَّلَاةِ مِنْ يَوْمِ الْجُمُعَةِ فَاسْعَوْا إِلَىٰ ذِكْرِ اللَّهِ وَذَرُوا الْبَيْعَ ذَلِكُمْ خَيْرٌ لَكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٩﴾ فَإِذَا قُضِيَتِ الصَّلَاةُ فَانْتَشِرُوا فِي الْأَرْضِ وَابْتَغُوا مِنْ فَضْلِ اللَّهِ وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ ﴿١٠﴾ وَإِذَا رَأَوْا تِجَارَةً أَوْ مَخْرَجًا فَأَنْفُسَهُمَا إِلَيْهَا وَرَكُوكَ قَائِمًا قُلْ مَا عِنْدَ اللَّهِ خَيْرٌ مِنَ اللَّهْوِ وَمِنَ التِّجَارَةِ وَاللَّهُ خَيْرُ الرَّازِقِينَ ﴿١١﴾

سُورَةُ الْمُنَافِقِينَ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 إِذَا جَاءَكَ الْمُنَافِقُونَ قَالُوا نَشْهَدُ إِنَّكَ لَرَسُولُ اللَّهِ وَاللَّهُ يَعْلَمُ
 إِنَّكَ لَرَسُولُهُ وَاللَّهُ يَشْهَدُ إِنَّ الْمُنَافِقِينَ لَكَاذِبُونَ ﴿١﴾
 اتَّخَذُوا أَيْمَانَهُمْ جُنَّةً فَصَدُّوا عَنْ سَبِيلِ اللَّهِ إِنَّهُمْ سَاءَ مَا كَانُوا
 يَعْمَلُونَ ﴿٢﴾ ذَلِكَ بِأَنَّهُمْ ءَامَنُوا ثُمَّ كَفَرُوا فَطُبِعَ عَلَىٰ قُلُوبِهِمْ
 فَهُمْ لَا يَفْقَهُونَ ﴿٣﴾ وَإِذَا رَأَيْتَهُمْ تُعْجِبُكَ أَجْسَامُهُمْ
 وَإِنْ يَقُولُوا تَسْمَعُ لِقَوْلِهِمْ كَأَنَّهُمْ خُشْبٌ مُسْتَدَدٌ مَحْسَبُونَ كُلَّ
 صَيْحَةٍ عَلَيْهِمْ هُمُ الْعُدُو فَاحْذَرْهُمْ فَوَلَّاهُمُ اللَّهُ أَنْ يَقُولُوا
 صَيْحَةٍ عَلَيْهِمْ هُمُ الْعُدُو فَاحْذَرْهُمْ فَوَلَّاهُمُ اللَّهُ أَنْ يَقُولُوا

৯ মুমিনগণ, জুমআর দিনে যখন নামাযের আযান দেয়া হয়, তখন তোমরা আল্লাহর স্মরণের পানে ত্বরান্বিত হও এবং বেচাকেনা বন্ধ কর। এটা তোমাদের জন্যে উত্তম যদি তোমরা বুঝ।

১০ অতঃপর নামায সমাপ্ত হলে তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড় এবং আল্লাহর অনুগ্রহ তালাশ কর ও আল্লাহকে অধিক স্মরণ কর, যাতে তোমরা সফলকাম হও।

১১ তারা যখন কোন ব্যবসায়ের সুযোগ অথবা ক্রীড়াকৌতুক দেখে তখন আপনাকে দাঁড়ানো অবস্থায় রেখে সেদিকে ছুটে যায়। বলুনঃ আল্লাহর কাছে

যা আছে, তা ক্রীড়াকৌতুক ও ব্যবসায় অপেক্ষ উৎকৃষ্ট। আল্লাহ সর্বোত্তম রিযিকদাতা।

সূরা মুনাফিকুন

মদীনায় অবতীর্ণঃ আয়াত-১১

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

১ মুনাফিকরা আপনার কাছে এসে বলেঃ আমরা সাক্ষ্য দিচ্ছি যে, আপনি নিশ্চয়ই আল্লাহর রসূল। আল্লাহ জানেন যে, আপনি অবশ্যই আল্লাহর রসূল এবং আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন যে, মুনাফিকরা অবশ্যই মিথ্যাবাদী।

২ তারা তাদের শপথসমূহকে ঢালরূপে ব্যবহার করে। অতঃপর তারা আল্লাহর পথে বাধা সৃষ্টি করে। তারা যা করছে, তা খুবই মন্দ।

৩ এটা এজন্য যে, তারা বিশ্বাস করার পর পুনরায় কাফের হয়েছে। ফলে তাদের অন্তরে মোহর মেলে দেয়া হয়েছে। অতএব তারা বুঝে না।

৪ আপনি যখন তাদেরকে দেখেন, তখন তাদের দেহাবয়ব আপনার কাছে প্রীতিকর মনে হয়। আর যদি তারা কথা বলে, তবে আপনি তাদের কথা শুনেন। তারা প্রাচীরে ঠেকানো কাঠসদৃশ্য। প্রত্যেক শোরগোলকে তারা নিজেদের বিরুদ্ধে মনে করে। তাড়াই শত্রু, অতএব তাদের সম্পর্কে সতর্ক হোন। ধ্বংস করুন আল্লাহ তাদেরকে। তারা কোথায় বিভ্রান্ত হচ্ছে?

৫ যখন তাদেরকে বলা হয়ঃ তোমরা এস, আল্লাহর রসূল তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করবেন, তখন তারা মাথা ঘুরিয়ে নেয় এবং আপনি তাদেরকে দেখেন যে, তারা অহংকার করে মুখ ফিরিয়ে নেয়।

৬ আপনি তাদের জন্যে ক্ষমাপ্রার্থনা করুন অথবা না করুন, উভয়ই সমান। আল্লাহ কখনও তাদেরকে ক্ষমা করবেন না। আল্লাহ পাপাচারী সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।

৭ তারাই বলেঃ আল্লাহর রসূলের সাহচর্যে যারা আছে তাদের জন্যে ব্যয় করো না। পরিণামে তারা আপনা-আপনি সরে যাবে। ভূ ও নভোমন্ডলের ধন-ভান্ডার আল্লাহরই কিছ্র মুনাফিকরা তা বোঝে না।

৮ তারা বলেঃ আমরা যদি মদীনায় প্রত্যাভর্তন করি তবে সেখান থেকে সবল অবশ্যই দুর্বলকে বহিস্কৃত করবে। শক্তি তো আল্লাহ, তাঁর রসূল ও মুমিনদেরই, কিছ্র মুনাফিকরা তা জানে না।

৯ মুমিনগণ। তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি যেন তোমাদেরকে আল্লাহর স্মরণ থেকে গাফেল না করে। যারা এ কারণে গাফেল হয়, তারাই তো ক্ষতিগ্রস্ত।

১০ আমি তোমাদেরকে যা দিয়েছি, তা থেকে মৃত্যু আসার আগেই ব্যয় কর। অন্যথায় সে বলবেঃ হে আমার

وَإِذْ قِيلَ لَهُمْ تَعَالَوْا اسْتَغْفِرْ لَكُمْ رَسُولُ اللَّهِ لَوَّارُهُمْ وَسُخْمٌ
وَرَأَيْتَهُمْ يَصُدُّونَ وَهُمْ مُسْتَكْبِرُونَ ۝ سَوَاءٌ عَلَيْهِمْ
أَسْتَغْفَرْتَ لَهُمْ أَمْ لَمْ تَسْتَغْفِرْ لَهُمْ لَنْ يَغْفِرَ اللَّهُ لَهُمْ إِنَّ
اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ ۝ هُمُ الَّذِينَ يَقُولُونَ
لَا تُنْفِقُوا عَلَيَّ مِنْ عِنْدِ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُوا وَاللَّهِ
خَزَائِنُ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَلَكِنَّ الْمُنْفِقِينَ لَا يَفْقَهُونَ
۝ يَقُولُونَ لَيْنَ رَجَعْنَا إِلَى الْمَدِينَةِ لِيُخْرِجَنَا الْأَعْرَابُ
مِنْهَا الْأَذَلَّ وَلِلَّهِ الْعِزَّةُ وَلِرَسُولِهِ وَلِلْمُؤْمِنِينَ وَلَكِنَّ
الْمُنْفِقِينَ لَا يَعْلَمُونَ ۝ يَأْتِيهَا الَّذِينَ آمَنُوا لِأَنْتَهُمْ
أَمْوَالُهُمْ وَلَا أَوْلَادُهُمْ عَنْ ذِكْرِ اللَّهِ وَمَنْ يَفْعَلْ
ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْخَاسِرُونَ ۝ وَأَنْفِقُوا مِنْ بَارِقَتِكُمْ
مِنْ قَبْلِ أَنْ يَأْتِيَكُمُ الْمَوْتُ فَيَقُولُ رَبِّ لَوْلَا أَخَّرْتَنِي
إِلَى أَجَلٍ قَرِيبٍ فَأَصَّدَقْتُ وَأَكُنُ مِنَ الصَّالِحِينَ ۝ وَلَنْ
يُؤَخَّرَ اللَّهُ نَفْسًا إِذَا جَاءَ أَجَلُهَا وَاللَّهُ خَبِيرٌ بِمَا تَعْمَلُونَ ۝

سُورَةُ النَّجْمِ الْاِنْشَاءِ

পালনকর্তা, আমাকে আরও কিছুকাল অবকাশ দিলে না কেন? তাহলে আমি সদকা করতাম এবং সৎকর্মীদের অন্তর্ভুক্ত হতাম।

১১ প্রত্যেক ব্যক্তির নির্ধারিত সময় যখন উপস্থিত হবে, তখন আল্লাহ কাউকে অবকাশ দেবেন না। তোমরা যা কর, আল্লাহ সে বিষয়ে খবর রাখেন।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
يُسَبِّحُ لِلَّهِ مَا فِي السَّمَوَاتِ وَمَا فِي الْأَرْضِ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ
وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ﴿١﴾ هُوَ الَّذِي خَلَقَكُمْ فَمِنْكُمْ كَافِرٌ
وَمِنْكُمْ مُؤْمِنٌ وَاللَّهُ يَمَّا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٢﴾ خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ بِالْحَقِّ وَصَوَّرَكُمْ فَأَحْسَنَ صُوَرَكُمْ وَإِلَيْهِ الْمَصِيرُ ﴿٣﴾
يَعْلَمُ مَا فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ وَيَعْلَمُ مَا تُسْرُونَ وَمَا تُعْلِنُونَ وَاللَّهُ
عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ﴿٤﴾ أَلَمْ يَأْتِكُمْ نَبَأُ الَّذِينَ كَفَرُوا مِنْ قَبْلُ
فَدَّأَوْا بِآلِ آمُرِهِمْ وَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿٥﴾ ذَلِكَ بِأَنَّهُ كَانَتْ تَأْتِيهِمْ
رُسُلُهُم بِالْبَيِّنَاتِ فَقَالُوا أَبَشْرًا مِثْلُ مَا تَشْتَعُونَ وَتَوَلَّوْا وَاسْتَعْتَبُوا
اللَّهَ وَاللَّهُ عَنَى حَمِيدٌ ﴿٦﴾ زَعَمَ الَّذِينَ كَفَرُوا أَنْ لَنْ يُبْعَثُوا قُلْ لِيُورِي
لِتُبْعَثْنَ مِمَّنْ لَمْ يَلِدْنَ يُبْعَثْنَ وَإِلَى اللَّهِ تُرْجَعُونَ ﴿٧﴾ فَآمَنُوا بِاللَّهِ
وَرَسُولِهِ وَالنُّورِ الَّذِي أَنْزَلْنَا وَاللَّهُ يَمَّا تَعْمَلُونَ خَيْرٌ ﴿٨﴾ يَوْمَ
يَجْمَعُكُمْ لِيَوْمِ الْجَمْعِ ذَلِكَ يَوْمُ التَّغَابُنِ وَمَنْ يُؤْمِنْ بِاللَّهِ وَعَمِلْ
صَالِحًا يَكْفُرْ عَنْهُ سَيَأْتِيهِ وَيُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا
الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿٩﴾

সূরা আত-তাগাবুন

মদীনায় অবতীর্ণঃ আয়াত-১৮

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ নভোমণ্ডল ও ভূমণ্ডলে যা কিছু আছে, সবই আল্লাহর পবিত্রতা ঘোষণা করে। রাজত্ব তাঁরই এবং প্রশংসা তাঁরই। তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।
- ২ তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাদের মধ্যে কেউ কাফের এবং কেউ মুমিন। তোমরা যা কর, আল্লাহ তা দেখেন।
- ৩ তিনি নভোমণ্ডল ও ভূমণ্ডলকে যথাযথভাবে সৃষ্টি করেছেন এবং তোমাদেরকে আকৃতি দান করেছেন, অতঃপর সুন্দর করেছেন তোমাদের আকৃতি। তাঁরই কাছে প্রত্যাবর্তন।

৪ নভোমণ্ডল ও ভূমণ্ডলে যা আছে, তিনি তা জানেন। তিনি আরও জানেন তোমরা যা গোপনে কর এবং প্রকাশ্যে কর। আল্লাহ অন্তরের বিষয়াদি সম্পর্কে সম্যক জ্ঞাত।

৫ তোমাদের পূর্বে যারা কাফের ছিল, তাদের বৃত্তান্ত কি তোমাদের কাছে পৌঁছেনি? তারা তাদের কর্মের শাস্তি আশ্বাদন করেছে এবং তাদের জন্যে রয়েছে যন্ত্রণাদায়ক শাস্তি।

৬ এটা এ কারণে যে, তাদের কাছে তাদের রসূলগণ প্রকাশ্য নিদর্শনাবলীসহ আগমন করলে তারা বললঃ মানুষই কি আমাদেরকে পথপ্রদর্শন করবে? অতঃপর তারা কাফের হয়ে গেল এবং মুখ ফিরিয়ে নিল। এতে আল্লাহর কিছু আসে যায় না। আল্লাহ অমুখাপেক্ষী প্রশংসার্হ।

৭ কাফেররা দাবী করে যে, তারা কখনও পুনরুত্থিত হবে না। বলুন, অবশ্যই হবে, আমার পালনকর্তার কসম, তোমরা নিশ্চয় পুনরুত্থিত হবে। অতঃপর তোমাদেরকে অবহিত করা হবে যা তোমরা করতে। এটা আল্লাহর পক্ষে সহজ।

৮ অতএব তোমরা আল্লাহ তাঁর রসূল এবং অবতীর্ণ নূরের প্রতি বিশ্বাস স্থাপন কর। তোমরা যা কর, সে বিষয়ে আল্লাহ সম্যক অবগত।

৯ সেদিন অর্থাৎ, সমাবেশের দিন আল্লাহ তোমাদেরকে সমবেত করবেন। এ দিন হার-জিতের দিন। যে ব্যক্তি আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে এবং সৎকর্মসম্পাদন করে, আল্লাহ তার পাপসমূহ মোচন করবেন এবং তাকে জান্নাতে দাখিল করবেন। যার তলদেশে নিব্বারিণীসমূহ প্রবাহিত হবে, তারা তথায় চিরকাল বসবাস করবে। এটাই মহাসাফল্য।

10 আর যারা কাফের এবং আমার আয়াতসমূহকে মিথ্যা বলে, তারাই জাহান্নামের অধিবাসী, তারা তথায় অনন্ত কাল থাকবে। কতই না মন্দ প্রত্যাবর্তন স্থল এটা!

11 আল্লাহর নির্দেশ ব্যতিরেকে কোন বিপদ আসে না এবং যে আল্লাহর প্রতি বিশ্বাস করে, তিনি তার অন্তরকে সৎপথ প্রদর্শন করেন। আল্লাহ্ সর্ববিষয়ে সম্যক পরিজ্ঞাত।

12 তোমরা আল্লাহর আনুগত্য কর এবং রসূলুল্লাহর আনুগত্য কর। যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে আমার রসূলের দায়িত্ব কেবল খোলাখুলি পৌঁছে দেয়া।

13 আল্লাহ্, তিনি ব্যতীত সত্য কোন মাবুদ নেই। অতএব মুমিনগণ আল্লাহর উপর ভরসা করুক।

14 হে মুমিনগণ, তোমাদের কোন কোন স্ত্রী ও সন্তান-সন্ততি তোমাদের দুশমন। অতএব তাদের ব্যাপারে সতর্ক থাক। যদি মার্জনা কর, উপেক্ষা কর, এবং ক্ষমা কর, তবে আল্লাহ্ ক্ষমাশীল, করুণাময়।

15 তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তো কেবল পরীক্ষাস্বরূপ। আর আল্লাহর কাছে রয়েছে মহাপুরস্কার।

16 অতএব তোমরা যথাসাধ্য আল্লাহ্কে ভয় কর, শুন, আনুগত্য কর এবং ব্যয় কর। এটা তোমাদের জন্যে কল্যাণকর। যারা

وَالَّذِينَ كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا أُولَٰئِكَ أَصْحَابُ
النَّارِ خَالِدِينَ فِيهَا وَبَشِّرِ الْمَصِيرِينَ ﴿١٠﴾ مَا أَصَابَ مِنْ
مُصِيبَةٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ وَمَنْ يُؤْمِنْ بِاللَّهِ يَهْدِ اللَّهُ قَلْبَهُ، وَاللَّهُ بِكُلِّ
شَيْءٍ عَلِيمٌ ﴿١١﴾ وَأَطِيعُوا اللَّهَ وَأَطِيعُوا الرَّسُولَ فَإِن
تَوَلَّيْتُمْ فَإِنَّمَا عَلَىٰ رَسُولِنَا الْبَلَاغُ الْمُبِينُ ﴿١٢﴾ اللَّهُ لَا إِلَهَ
إِلَّا هُوَ وَعَلَىٰ اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١٣﴾ يَأْتِيهَا
الَّذِينَ ءَامَنُوا مِنَّا مِنْ أَزْوَاجِكُمْ وَأَوْلَادِكُمْ عُدُوًّا
لَكُمْ فَأَحْذَرُوهُمْ وَإِن تَعَفَوْا وَتَصَفَحُوا وَتَغْفِرُوا
فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿١٤﴾ إِنَّمَا أَمْوَالُكُمْ وَأَوْلَادُكُمْ
فِتْنَةٌ وَاللَّهُ عِنْدَهُ أَجْرٌ عَظِيمٌ ﴿١٥﴾ فَانقُذُوا اللَّهَ مَا اسْتَطَعْتُمْ
وَأَسْمَعُوا وَأَطِيعُوا وَأَنْفِقُوا خَيْرًا لِّأَنْفُسِكُمْ وَمَنْ
يُوقَ شُحَّ نَفْسِهِ فَأُولَٰئِكَ هُمُ الْمُفْلِحُونَ ﴿١٦﴾ إِن تَقْرَبُوا
اللَّهَ قَرَابًا حَسَنًا يَضْعَفْهُ لَكُمْ وَيَغْفِرْ لَكُمْ وَاللَّهُ شَكُورٌ
حَلِيمٌ ﴿١٧﴾ عَلِيمٌ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿١٨﴾

سُورَةُ الطَّلَاقِ

মনের কার্পণ্য থেকে মুক্ত, তারই সফলকাম।

17 যদি তোমরা আল্লাহ্কে উত্তম ঋণ দান কর তিনি তোমাদের জন্যে তা দ্বিগুণ করে দেবেন এবং তোমাদের ক্ষমা করবেন। আল্লাহ্ গুণাগ্রাহী, সহনশীল।

18 তিনি দৃশ্য ও অদৃশ্যের জ্ঞানী, পরাক্রান্ত, প্রজ্ঞাময়।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

يَتَأْتِيهَا النَّبِيُّ إِذَا طَلَّقْتُمُ النِّسَاءَ فَطَلَّقْتُمُوهُنَّ لِعَدَّتِهِنَّ وَأَحْصُوا
 الْعِدَّةَ وَاتَّقُوا اللَّهَ رَبَّكُمْ لَا تَخْرِجُوهُنَّ مِنْ بُيُوتِهِنَّ
 وَلَا يَخْرُجْنَ إِلَّا أَنْ يَأْتِيَنَّ بِفَحِشَةٍ مُبِينَةٍ وَذَلِكَ حُدُودُ
 اللَّهِ وَمَنْ يَتَعَدَّ حُدُودَ اللَّهِ فَقَدْ ظَلَمَ نَفْسَهُ لَا تَدْرِي لَعَلَّ
 اللَّهُ يُحْدِثُ بَعْدَ ذَلِكَ أَمْرًا ﴿١﴾ فِإِذَا بَلَغَ الْأَجَلُ مِنْهَا فَامْسِكُوهُنَّ
 بِمَعْرُوفٍ أَوْ فَارِقُوهُنَّ بِمَعْرُوفٍ وَأَشْهِدُوا ذُوَى عَدْلِ مِنْكُمْ
 وَأَقِيمُوا الشَّهَادَةَ لِلَّهِ ذَلِكَ كُمْ بُوْعُظٌ بِهِ مَنْ كَانَ يُوْمِنُ
 بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَمَنْ يَتَّقِ اللَّهَ يَجْعَلْ لَهُ مَخْرَجًا ﴿٢﴾ وَيَرْزُقْهُ
 مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللَّهِ فَهُوَ حَسْبُهُ وَإِنَّ اللَّهَ
 لَبَلِغٌ أَمْرِهِ فَجَعَلَ اللَّهُ لِكُلِّ شَيْءٍ قَدْرًا ﴿٣﴾ وَالَّتِي يَبْسُنُ
 مِنَ الْمَحِيضِ مِنْ نِسَائِكُمْ إِنْ أَرْبَبْتُمْ فَعِدَّتُهُنَّ ثَلَاثَةُ أَشْهُرٍ
 وَالَّتِي لَمْ يَحْضَنْ وَأَوْلَتْ الْأَعْمَالَ أَجَلُهُنَّ أَنْ يَضَعَنَّ حَمْلَهُنَّ
 وَمَنْ يَتَّقِ اللَّهَ يَجْعَلْ لَهُ مِنْ أَمْرِهِ يُسْرًا ﴿٤﴾ ذَلِكَ أَمْرُ اللَّهِ أَنْزَلَهُ
 إِلَيْكُمْ وَمَنْ يَتَّقِ اللَّهَ يُكَفِّرْ عَنْهُ سَيِّئَاتِهِ وَيُعْظِمْ لَهُ أَجْرًا ﴿٥﴾

সূরা আত্ব-ত্বালাক

মদীনায় অবতীর্ণঃ আয়াত-১২

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

১ হে নবী, তোমরা যখন স্ত্রীদেরকে তালাক দিতে চাও, তখন তাদেরকে তালাক দিয়ে ইদতের প্রতি লক্ষ্য রেখে এবং ইদত গণনা করো। তোমরা তোমাদের পালনকর্তা আল্লাহকে ভয় করো। তাদেরকে তাদের গৃহ থেকে বহিষ্কার করো না এবং তারাও যেন বের না হয় যদি না তারা কোন সুস্পষ্ট নির্লজ্জ কাজে লিপ্ত হয়। এগুলো আল্লাহর নির্ধারিত সীমা। যে ব্যক্তি আল্লাহর সীমালংঘন করে, সে নিজেরই অনিষ্ট করে।

সে জানে না, হয়তো আল্লাহ এই তালাকের পর কোন নতুন উপায় করে দেবেন।

২ অতঃপর তারা যখন তাদের ইদতকালে পৌঁছে, তখন তাদেরকে যথোপযুক্ত পন্থায় রেখে দেবে অথবা যথোপযুক্ত পন্থায় ছেড়ে দেবে এবং তোমাদের মধ্যে থেকে দু'জন নির্ভরযোগ্য লোককে সাক্ষী রাখবে। তোমরা আল্লাহর উদ্দেশ্যে সাক্ষ্য দিবে। এতদ্বারা যে ব্যক্তি আল্লাহ ও পরকালে বিশ্বাস করে, তাকে উপদেশ দেয়া হচ্ছে। আর যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার জন্যে নিষ্কৃতির পথ করে দেবেন।

৩ এবং তাকে তার ধারণাতীত জায়গা থেকে রিযিক দেবেন। যে ব্যক্তি আল্লাহর উপর ভরসা করে তার জন্যে তিনিই যথেষ্ট। আল্লাহ তার কাজ পূর্ণ করবেন। আল্লাহ সবকিছুর জন্যে একটি পরিমাণ স্থির করে রেখেছেন।

৪ তোমাদের স্ত্রীদের মধ্যে যাদের ঋতুবতী হওয়ার আশা নেই, তাদের ব্যাপারে সন্দেহ হলে তাদের ইদত হবে তিন মাস। আর যারা এখনও ঋতুর বয়সে পৌঁছেনি, তাদেরও অনুরূপ ইদতকাল হবে। গর্ভবতী নারীদের ইদতকাল সন্তান প্রসব পর্যন্ত। যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার কাজ সহজ করে দেন।

৫ এটা আল্লাহর নির্দেশ, যা তিনি তোমাদের প্রতি নাযিল করেছেন। যে আল্লাহকে ভয় করে, আল্লাহ তার পাপ মোচন করেন এবং তাকে মহাপুরস্কার দেন।

৬ তোমরা তোমাদের সামার্থ্য অনুযায়ী
যে রূপ গৃহে বাস কর, তাদেরকেও
বসবাসের জন্যে সেরূপ গৃহ দাও।
তাদেরকে কষ্ট দিয়ে সংকটাপন্ন করো না।
যদি তারা গর্ভবতী হয়, তবে সন্তানপ্রসব
পর্যন্ত তাদের ব্যয়ভার বহন করবে। যদি
তারা তোমাদের সন্তানদেরকে স্তন্যদান
করে, তবে তাদেরকে প্রাপ্য পারিশ্রমিক
দেবে এবং এ সম্পর্কে পরস্পর সংযতভাবে
পরামর্শ করবে। তোমরা যদি পরস্পর জেদ
কর, তবে অন্য নারী স্তন্যদান করবে।

৭ বিত্তশালী ব্যক্তি তার বিত্ত অনুযায়ী ব্যয়
করবে। যে ব্যক্তি সীমিত পরিমাণে
রিযিকপ্রাপ্ত, সে আল্লাহ্ যা দিয়েছেন, তা
থেকে ব্যয় করবে। আল্লাহ্ যাকে যা
দিয়েছেন, তদপেক্ষা বেশী ব্যয় করার
আদেশ কাউকে করেন না। আল্লাহ্ কষ্টের
পর সুখ দেবেন।

৮ অনেক জনপদ তাদের পালনকর্তার ও
তাঁর রসূলগণের আদেশ অমান্য করেছিল,
অতঃপর আমি কঠোরভাবে তাদের হিসাব
নিয়েছিলাম এবং তাদেরকে ভীষণ শাস্তি
দিয়েছিলাম।

৯ অতঃপর তাদের কর্মের শাস্তি আশ্বাদন
করল এবং তাদের কর্মের পরিণাম ক্ষতিই
ছিল।

১০ আল্লাহ্ তাদের জন্যে যন্ত্রণাদায়ক শাস্তি
প্রস্তুত করে রেখেছেন। অতএব, হে
বুদ্ধিমানগণ, যারা ঈমান এনেছ, তোমরা
আল্লাহ্কে ভয় কর। আল্লাহ্ তোমাদের
প্রতি উপদেশ নাযিল করেছেন,

أَسْكُنُوهُنَّ مِنْ حَيْثُ سَكَنْتُمْ مِنْ وَجْدِكُمْ وَلَا تُضَارُّوهُنَّ لِضَيْقُوا
عَلَيْهِنَّ وَإِنْ كُنَّ أَوْلَاتٍ حَمَلْنَ فَانْقِفُوا عَلَيْهِنَّ حَتَّى يَضَعْنَ حَمْلَهُنَّ
فَإِنْ أَرْضَعْنَ لَكُمْ فَارْزُقُوهُنَّ مِنْ أَجْرِهِنَّ وَأَتِمُّوا بِبَنَاتِكُمْ مَعْرُوفًا وَإِنْ
تَعَاَسَرْتُمْ فَسَرِّضْ لَهُنَّ أُخْرَى ٦ لِيُنْفِقَ ذُو سَعَةٍ مِنْ سَعَتِهِ
وَمَنْ قُدِرَ عَلَيْهِ رِزْقُهُ فَلْيُنْفِقْ مِمَّا آتَاهُ اللَّهُ لَا يُكَلِّفُ اللَّهُ نَفْسًا
إِلَّا مَا آتَاهَا سَيِّجَعَلُ اللَّهُ بَعْدَ عُسْرٍ يُسْرًا ٧ وَكَأَيِّنْ مِنْ قَرْيَةٍ
عَدَّتْ عَنْ أَمْرِ رَبِّهَا وَرُسُلِهِ فَحَاسَبْنَاهَا حِسَابًا شَدِيدًا وَعَدَّ بِهَا
عَذَابًا نَكِرًا ٨ فَذَاقَتْ وَبَالَ أَمْرِهَا وَكَانَ عَاقِبَةُ أَمْرِهَا خُسْرًا ٩
أَعَدَّ اللَّهُ لَهُمْ عَذَابًا شَدِيدًا فَانْقِفُوا اللَّهُ يُتَأْوَى إِلَى الْأَيْبِ الَّذِينَ آمَنُوا
فَقَدْ أَنْزَلَ اللَّهُ إِلَيْكُمْ ذِكْرًا ١٠ رَسُولًا يَتْلُوا عَلَيْهِمْ آيَاتِ اللَّهِ مُبَيِّنَاتٍ
لِيُخْرِجَ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ
وَمَنْ يُؤْمِنْ بِاللَّهِ وَيَعْمَلْ صَالِحًا يُدْخِلْهُ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا
الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا قَدْ أَحْسَنَ اللَّهُ لَكُمْ رِزْقًا ١١ اللَّهُ الَّذِي خَلَقَ
سَبْعَ سَمَاوَاتٍ وَمِنَ الْأَرْضِ مِثْلَهُنَّ يَنْزِلُ الْأَمْرُ بَيْنَهُنَّ لِيُعْلَمُوا أَنَّ
اللَّهَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ وَأَنَّ اللَّهَ قَدْ أَحَاطَ بِكُلِّ شَيْءٍ عِلْمًا ١٢

১১ একজন রসূল, যিনি তোমাদের কাছে
আল্লাহর সুস্পষ্ট আয়াতসমূহ পাঠ করেন,
যাতে বিশ্বাসী ও সৎকর্মপরায়ণদের
অন্ধকার থেকে আলোতে আনয়ন করেন।
যে আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করে ও
সৎকর্ম সম্পাদন করে, তিনি তাকে দাখিল
করবেন জান্নাতে, যার তলদেশে নদী
প্রবাহিত, তথায় তারা চিরকাল থাকবে।
আল্লাহ্ তাকে উত্তম রিযিক দেবেন।

১২ আল্লাহ্ সপ্তাকাশ সৃষ্টি করেছেন এবং
পৃথিবীও সেই পরিমাণে, এসবের মধ্যে
তাঁর আদেশ অবতীর্ণ হয়, যাতে তোমরা
জানতে পার যে, আল্লাহ্ সর্বশক্তিমান
এবং সবকিছু তাঁর গোচরীভূত।



সূরা আত-তাহরীম

মদীনায় অবতীর্ণঃ আয়াত-১২

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

১ হে নবী, আল্লাহ্ আপনার জন্যে যা হালাল করেছেন, আপনি আপনার স্ত্রীদেরকে খুশী করার জন্যে তা নিজের জন্যে হারাম করেছেন কেন? আল্লাহ্ ক্ষমাশীল, দয়াময়।

২ আল্লাহ্ তোমাদের জন্যে কসম থেকে অব্যাহতি লাভের উপায় নির্ধারণ করে দিয়েছেন। আল্লাহ্ তোমাদের মালিক। তিনি সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।

৩ যখন নবী তাঁর একজন স্ত্রীর কাছে একটি কথা গোপনে বললেন, অতঃপর স্ত্রী যখন তা

বলে দিল এবং আল্লাহ্ নবীকে তা জানিয়ে দিলেন, তখন নবী সে বিষয়ে স্ত্রীকে কিছু বললেন এবং কিছু বললেন না। নবী যখন তা স্ত্রীকে বললেন, তখন স্ত্রী বললেনঃ কে আপনাকে এ সম্পর্কে অবহিত করল? নবী বললেনঃ যিনি সর্বজ্ঞ, ওয়াকিফহাল, তিনি আমাকে অবহিত করেছেন।

৪ তোমাদের অন্তর অন্যায়ের দিকে ঝুঁকে পড়েছে বলে যদি তোমরা উভয়ে তওবা কর, তবে ভাল কথা। আর যদি নবীর বিরুদ্ধে একে অপরকে সাহায্য কর, তবে জেনে রেখ আল্লাহ্, জিবরাঈল এবং সংকর্মপরায়ন মুমিনগণ তাঁর সহায়। উপরন্তু ফেরেশতাগণও তাঁর সাহায্যকারী।

৫ যদি নবী তোমাদের সকলকে পরিত্যাগ করেন, তবে সম্ভবতঃ তাঁর পালনকর্তা তাঁকে পরিবর্তে দিবেন তোমাদের চাইতে উত্তম স্ত্রী, যারা হবে আজ্জাবহ, ঈমানদার, নামাযী তওবাকারিণী, এবাদতকারিণী, রোযাদার, অকুমারী ও কুমারী।

৬ মুমিনগণ, তোমরা নিজেদেরকে এবং তোমাদের পরিবার-পরিজনকে সেই অগ্নি থেকে রক্ষা কর, যার ইন্ধন হবে মানুষ ও প্রস্তর, যাতে নিয়োজিত আছে পাষণ হৃদয়, কঠোর প্রকৃতির ফেরেশতাগণ। তারা আল্লাহ্ তা'আলা যা আদেশ করেন, তা অমান্য করে না এবং যা করতে আদেশ করা হয়, তাই করে।

৭ হে কাফের সম্প্রদায়, তোমরা আজ ওযর পেশ করো না। তোমাদেরকে তারই প্রতিফল দেয়া হবে, যা তোমরা করতে।

❧ মুমিনগণ! তোমরা আল্লাহ্ তা'আলার কাছে তওবা কর- আন্তরিক তওবা। আশা করা যায়, তোমাদের পালনকর্তা তোমাদের মন্দ কর্মসমূহ মোচন করে দেবেন এবং তোমাদেরকে দাখিল করবেন জান্নাতে, যার তলদেশে নদী প্রবাহিত। সেদিন আল্লাহ্ নবী এবং তাঁর বিশ্বাসী সহচরদেরকে অপদস্থ করবেন না। তাদের নূর তাদের সামনে ও ডানদিকে ছুটোছুটি করবে। তারা বলবেঃ হে আমাদের পালনকর্তা, আমাদের নূরকে পূর্ণ করে দিন এবং আমাদেরকে ক্ষমা করুন। নিশ্চয় আপনি সবকিছুর উপর সর্বশক্তিমান।

❧ হে নবী! কাফের ও মুনাফিকদের বিরুদ্ধে জেহাদ করুন এবং তাদের প্রতি কঠোর হোন। তাদের ঠিকানা জাহান্নাম। সেটা কতই না নিকৃষ্ট স্থান।

❧ আল্লাহ্ তা'আলা কাফেরদের জন্যে নূহ-পত্নী ও লূত-পত্নীর দৃষ্টান্ত বর্ণনা করেছেন। তারা ছিল আমার দুই ধর্মপরায়ণ বান্দার গৃহে। অতঃপর তারা তাদের সাথে বিশ্বাসঘাতকতা করল। ফলে নূহ ও লূত তাদেরকে আল্লাহ্ তা'আলার কবল থেকে রক্ষা করতে পারল না এবং তাদেরকে বলা হলঃ জাহান্নামীদের সাথে জাহান্নামে চলে যাও।

❧ আল্লাহ্ তা'আলা মুমিনদের জন্যে ফেরাউন-পত্নীর দৃষ্টান্ত বর্ণনা করেছেন। সে

يٰۤاَيُّهَا الَّذِيْنَ ءَامَنُوْا تُوْبُوْا اِلَى اللّٰهِ تَوْبَةً نَّصُوْحًا عَسَىٰ رَبُّكُمْ
 اَنْ يُكْفِرَ عَنْكُمْ سَيِّئَاتِكُمْ وَيُدْخِلَكُمُ جَنَّٰتٍ تَجْرٰى
 مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ يَوْمَ لَا يُخْزٰى اللّٰهُ النَّبِيَّ وَالَّذِيْنَ ءَامَنُوْا
 مَعَهٗ ۗ تُوْرُهُمْ يَسْعٰى بَيْنَ اَيْدِيْهِمْ وَيَاْمَنِيْهِمْ يَقُوْلُوْنَ رَبَّنَا
 اٰتِنَا لَنَا ثَوْرًا وَاعْفِرْ لَنَا اِنَّكَ عَلٰى كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ۙ
 يٰۤاَيُّهَا النَّبِيُّ جٰهِدِ الْكُفْرَ وَالْمُنٰفِقِيْنَ وَاَعْلَظْ عَلَيْهِمْ
 وَمَا وَنٰهُمْ جَهَنَّمُ وَاِنَّ الْمَصِيْرَ ۙ ﴿٨﴾ ضَرَبَ اللّٰهُ مَثَلًا
 لِّلَّذِيْنَ كَفَرُوْا اَمْرًا تُوْجٌ وَاَمْرًا لُّوْطٌ كَاٰتَا تَحْتَ
 عٰبِدِيْنَ مِنْ عِبَادِنَا صٰلِحِيْنَ فَخَانَتَا هُمَا فَلَمْ يُغْنِيَا عَنْهُمَا
 مِنَ اللّٰهِ شَيْئًا وَقِيْلَ اَدْخُلَا النَّارَ مَعَ الْاٰلِ الْاٰخِلِيْنَ ﴿٩﴾
 وَضَرَبَ اللّٰهُ مَثَلًا لِّلَّذِيْنَ ءَامَنُوْا اَمْرًا فِرْعَوْنَ اِذْ
 قَالَتْ رَبِّ اٰتِنِيْ بِيْ عِنْدَكَ بَيْتًا فِى الْجَنَّةِ وَيَخِّنِيْ مِنْ فِرْعَوْنَ
 وَعَمَلِهٖ ۗ وَيَخِّنِيْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿١٠﴾ وَمَرْيَمَ اِذْ
 عَمْرٰنُ الَّذِىْ اٰحْصٰنَتْ فَرْجَهَا فَنَفَخْنَا فِيْهِ مِنْ رُّوْحِنَا
 وَصَدَقَتْ بِكَلِمٰتِ رَبِّهَا وَكُتِبَ عَلَيْهَا مِنَ الْقٰنِنِيْنَ ﴿١١﴾

বললঃ হে আমার পালনকর্তা! আপনার সন্নিহিত জান্নাতে আমার জন্যে একটি গৃহ নির্মাণ করুন, আমাকে ফেরাউন ও তার দুষ্কর্ম থেকে উদ্ধার করুন এবং আমাকে যালেম সম্প্রদায় থেকে পরিত্রাণ দিন।

❧ আর দৃষ্টান্ত বর্ণনা করেছেন এমরান-তনয়া মরিয়মের, যে তার সতিত্ব বজায় রেখেছিল। অতঃপর আমি তার মধ্যে আমার পক্ষ থেকে জীবন ফুঁকে দিয়েছিলাম এবং সে তার পালনকর্তার বাণী ও কিতাবকে সত্যে পরিণত করেছিল। সে ছিল বিনয় প্রকাশকারী নীদের একজন।

سُورَةُ الْمُلْكِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 تَبَرَّكَ الَّذِي بِيَدِهِ الْمُلْكُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ ۝۱
 الَّذِي خَلَقَ الْمَوْتَ وَالْحَيَاةَ لِيَبْلُوَكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا وَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ۝۲
 الَّذِي خَلَقَ سَبْعَ سَمَاوَاتٍ طِبَاقًا مَا تَرَى فِي خَلْقِ الرَّحْمَنِ مِن تَفَوتٍ فَأَنْجِعِ الْبَصَرَ هَلْ تَرَى مِن فُطُورٍ ۝۳
 ثُمَّ أَنْجِعِ الْبَصَرَ كَرِّيحٍ يَنْفَلِبُ إِلَيْكَ الْبَصَرُ حَاسِحًا وَهُوَ حَسِيرٌ ۝۴
 وَلَقَدْ زَيَّنَّا السَّمَاءَ الدُّنْيَا بِمَصَابِيحٍ وَجَعَلْنَاهَا رُجُومًا لِلشَّيْطَانِ وَأَعَدْنَا لَهُمْ عَذَابَ السَّعِيرِ ۝۵
 وَلِلَّذِينَ كَفَرُوا بِرَبِّهِمْ عَذَابُ جَهَنَّمَ وَيَسَّ الْمَصِيرُ ۝۶
 إِذَا الْفُؤَادُ مِن آسِئَاتِهَا سَمِعَتْهَا لَهْبًا أَهْلِي النَّفُورِ ۝۷
 تَكَادُ تَمَيَّزُ مِنَ الْغَيْظِ كَمَا أَلْقَى فِيهَا فَوْجٌ سَأَلَهُمْ خَزَنَتُهَا أَلَمْ يَأْتِكُمْ نَذِيرٌ ۝۸
 قَالُوا بَلَىٰ قَدْ جَاءَنَا نَذِيرٌ فَكَذَّبْنَا وَقُلْنَا مَا نَزَّلَ اللَّهُ مِن شَيْءٍ إِنْ أَنْتُمْ إِلَّا فِي ضَلَالٍ كَبِيرٍ ۝۹
 وَقَالُوا لَوْ كُنَّا نَسْمَعُ أَوْ نَعْقِلُ مَا كُنَّا فِي أَصْحَابِ السَّعِيرِ ۝۱۰
 فَأَعْرِضُوا بِذُنُوبِهِمْ فَسُحْقًا لِأَصْحَابِ السَّعِيرِ ۝۱۱
 إِنَّ الَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُم بِالْغَيْبِ لَهُمْ مَغْفِرَةٌ وَأَجْرٌ كَبِيرٌ ۝۱۲

সূরা আল-মুলক

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৩০

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ পৃণ্যময় তিনি, যাঁর হাতে রাজত্ব। তিনি সবকিছুর উপর সর্বশক্তিমান।
- ২ যিনি সৃষ্টি করেছেন মরণ ও জীবন, যাতে তোমাদেরকে পরীক্ষা করেন- কে তোমাদের মধ্যে কর্মে শ্রেষ্ঠ? তিনি পরাক্রমশালী, ক্ষমাময়।
- ৩ তিনি সপ্ত আকাশ স্তরে স্তরে সৃষ্টি করেছেন। তুমি করুণাময় আল্লাহ তা'আলার সৃষ্টিতে কোন খুঁত দেখতে পাবে না। আবার দৃষ্টি ফিরাও; কোন ফাটল দেখতে পাও কি?

৪ অতঃপর তুমি বার বার তাকিয়ে দেখ- তোমার দৃষ্টি ব্যর্থ ও পরিশ্রান্ত হয়ে তোমার দিকে ফিরে আসবে।

৫ আমি সর্বনিম্ন আকাশকে প্রদীপমালা দ্বারা সুসজ্জিত করেছি; সেগুলোকে শয়তানদের জন্যে ক্ষেপণাস্ত্রবৎ করেছি এবং প্রস্তুত করে রেখেছি তাদের জন্যে জলন্ত অগ্নির শাস্তি।

৬ যারা তাদের পালনকর্তাকে অস্বীকার করেছে তাদের জন্যে রয়েছে জাহান্নামের শাস্তি। সেটা কতই না নিকৃষ্ট স্থান।

৭ যখন তারা তথায় নিষ্ক্ষিপ্ত হবে, তখন তার উৎক্ষিপ্ত গর্জন শুনতে পাবে।

৮ ক্রোধে জাহান্নাম যেন ফেটে পড়বে। যখনই তাতে কোন সম্প্রদায় নিষ্ক্ষিপ্ত হবে তখন তাদেরকে তার সিপাহীরা জিজ্ঞাসা করবে। তোমাদের কাছে কি কোন সতর্ককারী আগমণ করেনি?

৯ তারা বলবেঃ হাঁ আমাদের কাছে সতর্ককারী আগমণ করেছিল, অতঃপর আমরা মিথ্যারোপ করেছিলাম এবং বলেছিলামঃ আল্লাহ তা'আলা কোন কিছু নাযিল করেননি। তোমরা মহাবিভ্রান্তিতে পড়ে রয়েছ।

১০ তারা আরও বলবেঃ যদি আমরা শুনতাম অথবা বুদ্ধি খাটাতাম, তবে আমরা জাহান্নামবাসীদের মধ্যে থাকতাম না।

১১ অতঃপর তারা তাদের অপরাধ স্বীকার করবে। জাহান্নামীরা দূর হোক।

১২ নিশ্চয় যারা তাদের পালনকর্তাকে না দেখে ভয় করে, তাদের জন্যে রয়েছে ক্ষমা ও মহাপুরস্কার।

13 তোমরা তোমাদের কথা গোপনে বল অথবা প্রকাশ্যে বল, তিনি তো অন্তরের বিষয়াদি সম্পর্কে সম্যক অবগত।

14 যিনি সৃষ্টি করেছেন, তিনি কি করে জানবেন না? তিনি সুস্বজ্ঞানী, সম্যক জ্ঞাত।

15 তিনি তোমাদের জন্যে পৃথিবীকে সুগম করেছেন, অতএব, তোমরা তার কাঁধে বিচরণ কর এবং তাঁর দেয়া রিযিক আহার কর। তাঁরই কাছে পুনরুজ্জীবন হবে।

16 তোমরা কি ভাবনামুক্ত হয়ে গেছ যে, আকাশে যিনি আছেন তিনি তোমাদেরকে ভূগর্ভে বিলীন করে দেবেন না? অতঃপর তা কাঁপতে থাকবে।

17 না তোমরা নিশ্চিত হয়ে গেছ যে, আকাশে যিনি আছেন, তিনি তোমাদের উপর প্রস্তর বর্ষণকারী বাতাস প্রেরণ করবেন না? অতঃপর তোমরা জানতে পারবে কেমন ছিল আমার সতর্কবাণী।

18 তাদের পূর্ববর্তীরা মিথ্যারোপ করেছিল, অতঃপর কত কঠোর হয়েছিল আমার শাস্তি।

19 তারা কি লক্ষ্য করে না, তাদের মাথার উপর উড়ন্ত পক্ষীকুলের প্রতি- পাখা বিস্তারকারী ও পাখা সংকোচনকারী? রহমান আল্লাহ্-ই তাদেরকে স্থির রাখেন। তিনি সর্ব-বিষয় দেখেন।

20 রহমান আল্লাহ্ তা'আলা ব্যতীত তোমাদের কোন সৈন্য বাহিনী আছে কি, যারা তোমাদেরকে সাহায্য করবে? কাফেররা বিভ্রান্তিতেই পতিত আছে।

21 তিনি যদি রিযিক বন্ধ করে দেন, তবে কে আছে, যে তোমাদেরকে রিযিক দিবে বরং তারা অবাধ্যতা ও সত্য বিমুখতায় ডুবে রয়েছে।

وَأَسِرُّوا قَوْلَكُمْ أَوِ اجْهَرُوا بِهِ إِنَّهُ عَلِيمٌ بِذَاتِ الصُّدُورِ ﴿١٣﴾ أَلَا يَعْلَمُ مَنْ خَلَقَ وَهُوَ اللَّطِيفُ الْخَبِيرُ ﴿١٤﴾ هُوَ الَّذِي جَعَلَ لَكُمْ الْأَرْضَ ذُلُولًا فَأَمْشُوا فِي مَنَاكِبِهَا وَكُلُوا مِن رِّزْقِهِ وَإِلَيْهِ النُّشُورُ ﴿١٥﴾ أَمْ أَمِنْتُمْ مَن فِي السَّمَاءِ أَن يَخْسِفَ بِكُمْ الْأَرْضَ فَإِذَا هِيَ تَمُورُ ﴿١٦﴾ أَمْ أَمِنْتُمْ مَن فِي السَّمَاءِ أَن يُرْسِلَ عَلَيْكُمْ حَاصِبًا فَسَتَعْلَمُونَ كَيْفَ نَذِيرِ ﴿١٧﴾ وَلَقَدْ كَذَّبَ الَّذِينَ مِن قَبْلِهِمْ فَكَيْفَ كَانَ تَكْبِيرِ ﴿١٨﴾ أَوَلَمْ يَرَوْا إِلَى الطَّيْرِ فَوْقَهُمْ صَفَيْتَ وَيَقِظْنَ مَا يُمَسِّكُهُنَّ إِلَّا الرَّحْمَنُ إِنَّهُ بِكُلِّ شَيْءٍ بَصِيرٌ ﴿١٩﴾ أَمْ هَذَا الَّذِي هُوَ جُنْدٌ لَّكَ يَصْرُفُكَ مِّن دُونِ الرَّحْمَنِ إِنِ الْكَافِرُونَ إِلَّا فِي غُرُورٍ ﴿٢٠﴾ أَمْ هَذَا الَّذِي يَرْزُقُكُمْ إِنْ أَمْسَكَ رِزْقَهُ بَل لَّجُوا فِي عُتُوٍّ وَنُفُورٍ ﴿٢١﴾ أَفَمَن يَمْشِي مُكِبًا عَلَىٰ وَجْهِهِ أَهْدَىٰ أَمَّن يَمْشِي سَوِيًّا عَلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ﴿٢٢﴾ قُلْ هُوَ الَّذِي أَنشَأَكُمْ وَجَعَلَ لَكُمُ السَّمْعَ وَالْأَبْصَرَ وَالْأَفْئِدَةَ قَلِيلًا مَّا تَشْكُرُونَ ﴿٢٣﴾ قُلْ هُوَ الَّذِي ذَرَأَكُمْ فِي الْأَرْضِ وَإِلَيْهِ تُحْشَرُونَ ﴿٢٤﴾ وَيَقُولُونَ مَتَىٰ هَذَا الْوَعْدُ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٢٥﴾ قُلْ إِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللَّهِ وَإِنَّمَا أَنَا نَذِيرٌ مُّبِينٌ ﴿٢٦﴾

22 যে ব্যক্তি উপুড় হয়ে মুখে ভর দিয়ে চলে, সে-ই কি সৎ পথে চলে, না সে ব্যক্তি যে সোজা হয়ে সরলপথে চলে?

23 বলুন, তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং দিয়েছেন কর্ণ, চক্ষু ও অন্তর। তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ কর।

24 বলুন, তিনিই তোমাদেরকে পৃথিবীতে বিস্তৃত করেছেন এবং তাঁরই কাছে তোমরা সমবেত হবে?

25 কাফেররা বলেঃ এই প্রতিশ্রুতি কবে হবে, যদি তোমরা সত্যবাদী হও?

26 বলুন, এর জ্ঞান আল্লাহ্ তা'আলার কাছেই আছে। আমি তো কেবল প্রকাশ্য সতর্ককারী।

فَلَمَّا رَأَوْهُ زُلْفَةً سَيِّتَتْ وُجُوهُ الَّذِينَ كَفَرُوا وَقِيلَ هَذَا الَّذِي كُنْتُمْ بِهِ تَدْعُونَ ﴿٢٧﴾ قُلْ أَرَأَيْتُمْ إِنْ أَهْلَكْنِي أَلَّهُ وَمَنْ مَعِيَ أَوْ رَحِمَنَا فَمَنْ يُحْيِرُ الْكَافِرِينَ مِنْ عَذَابِ أَلِيمٍ ﴿٢٨﴾ قُلْ هُوَ الرَّحْمَنُ أَمَّنَّا بِهِ وَعَلَيْهِ تَوَكَّلْنَا فَسَتَعْلَمُونَ مَنْ هُوَ فِي ضَلَالٍ مُبِينٍ ﴿٢٩﴾ قُلْ أَرَأَيْتُمْ إِنْ أَصْحَحَ مَاؤُكُمْ غَوْرًا فَمَنْ يَأْتِيكُمْ بِمَاءٍ مَعِينٍ ﴿٣٠﴾

سُورَةُ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 ١ مَا أَنْتَ بِمَجْنُونٍ ٢ وَإِنَّ لَكَ لَأَجْرًا غَيْرَ مَمْنُونٍ ٣ وَإِنَّكَ لَعَلَىٰ خُلُقٍ عَظِيمٍ ٤ فَسَبِّحْهُ وَبُحِّرْهُ وَبُصِّرْهُ ٥ بِأَيِّكُمْ أَلْفُتُونُ ٦ إِنَّ رَبَّكَ هُوَ أَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيلِهِ وَهُوَ أَعْلَمُ بِالْمُهْتَدِينَ ٧ فَلَا تُطِيعُ الْمُكَذِّبِينَ ٨ وَذُوقُوا لَوْنَهُنَّ فَيُدْهِهُنَّ عَنْهُنَّ ٩ وَلَا تُطِيعُ كُلَّ حَلَّافٍ مَهِينٍ ١٠ هَمَّازٌ مَشَاءٌ بِنَمِيمٍ ١١ مَنَاعٌ لِلسَّحَابِ مُعْتَدٍ ١٢ أَسْمِعُ ١٣ عُنُقٌ بَعْدَ ذَلِكَ زَنِيمٌ ١٤ إِذَا تَنَلَّيْنَا عَلَيْهِمُ آبِنَنَا قَالَ كَأَسْطُرٍ الْأَوَّلِينَ ١٥

২৭ যখন তারা সেই প্রতিশ্রুতিকে আসন্ন দেখবে তখন কাফেরদের মুখমণ্ডল মলিন হয়ে পড়বে এবং বলা হবেঃ এটাই তো তোমরা চাইতে।

২৮ বলুন, তোমরা কি ভেবে দেখেছ- যদি আল্লাহ তা'আলা আমাকে ও আমার সংগীদেরকে ধ্বংস করেন অথবা আমাদের প্রতি দয়া করেন, তবে কাফেরদেরকে কে যন্ত্রণাদায়ক শাস্তি থেকে রক্ষা করবে?

২৯ বলুন, তিনি পরম করুণাময়, আমরা তাঁকে বিশ্বাস করি এবং তাঁরই উপর ভরসা করি। সত্ত্বরই তোমরা জানতে পারবে, কে প্রকাশ্য পথ-ভ্রষ্টতায় আছে।

৩০ বলুন, তোমরা ভেবে দেখেছ কি, যদি তোমাদের পানি ভূগর্ভের গভীরে চলে যায়,

তবে কে তোমাদেরকে সরবরাহ করবে পানির স্রোতধারা।

সূরা আল-ক্বলম

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৫২

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ নূন- শপথ কলমের এবং সেই বিষয়ের, যা তারা লিপিবদ্ধ করে,
- ২ আপনার পালনকর্তার অনুগ্রহে আপনি উন্মাদনন।
- ৩ আপনার জন্যে অবশ্যই রয়েছে অশেষ পুরস্কার।
- ৪ আপনি অবশ্যই মহান চরিত্রের অধিকারী।
- ৫ সত্ত্বরই আপনি দেখে নিবেন এবং তারাও দেখে নিবে।
- ৬ কে তোমাদের মধ্যে বিকারগ্রস্ত।
- ৭ আপনার পালনকর্তা সম্যক জানেন কে তাঁর পথ থেকে বিচ্যুত হয়েছে এবং তিনি জানেন যারা সৎপথ প্রাপ্ত।
- ৮ অতএব, আপনি মিথ্যারোপকারীদের আনুগত্য করবেন না।
- ৯ তারা চায় যদি আপনি নমনীয় হন, তবে তারাও নমনীয় হবে।
- ১০ যে অধিক শপথ করে, যে লাঞ্চিত, আপনি তার আনুগত্য করবেন না,
- ১১ যে পশ্চাতে নিন্দা করে একের কথা অপরের নিকট লাগিয়ে ফিরে,
- ১২ যে ভাল কাজে বাধা দেয়, সে সীমালংঘন করে, সে পাপিষ্ঠ,
- ১৩ সে কঠোর স্বভাব, তদুপরি কৃথ্যাত;
- ১৪ এ কারণে যে, সে ধন-সম্পদ ও সন্তান-সন্ততির অধিকারী।
- ১৫ তার কাছে আমার আয়াত পাঠ করা হলে সে বলেঃ পূর্ব কালের উপকথা।

16 আমি তার নাসিকা দাগিয়ে দিব।

17 আমি তাদেরকে পরীক্ষা করেছি, যেমন পরীক্ষা করেছি উদ্যানওয়ালদের, যখন তারা শপথ করেছিল যে, সকালে বাগানের ফল আহরণ করবে,

18 'ইনশাআল্লাহ্' না বলে

19 অতঃপর আপনার পালনকর্তার পক্ষ থেকে বাগানে এক বিপদ এসে পতিত হলো। যখন তারা নিদ্রিত ছিল।

20 ফলে সকাল পর্যন্ত হয়ে গেল ছিন্নিবিচ্ছিন্ন তৃণসম।

21 সকালে তারা একে অপরকে ডেকে বলল,

22 তোমরা যদি ফল আহরণ করতে চাও, তবে সকাল সকাল ক্ষেতে চল।

23 অতঃপর তারা চলল ফিসফিস করে কথা বলতে বলতে,

24 অদ্য যেন কোন মিসকীন ব্যক্তি তোমাদের বাগানে প্রবেশ করতে না পারে।

25 তারা সকালে লাফিয়ে লাফিয়ে সজোরে রওয়ানা হল।

26 অতঃপর যখন তারা বাগান দেখল, তখন বললঃ আমরা তো পথ ভুলে গেছি।

27 বরং আমরা তো কপালপোড়া,

28 তাদের উত্তম ব্যক্তি বললঃ আমি কি তোমাদের বলিনি? এখনও তোমরা আল্লাহ্ তা'আলার পবিত্রতা বর্ণনা করছো না কেন?

29 তারা বললঃ আমরা আমাদের পালনকর্তার পবিত্রতা ঘোষণা করছি, নিশ্চিতই আমরা সীমালংঘনকারী ছিলাম।

30 তারা বললঃ হায়! দুর্ভোগ আমাদের আমরা ছিলাম সীমাতিক্রমকারী।

32 সম্ভবতঃ আমাদের পালনকর্তা পরিবর্তে এর চাইতে উত্তম বাগান আমাদেরকে দিবেন। আমরা আমাদের পালনকর্তার কাছে আশাবাদী।

33 শান্তি এভাবেই আসে এবং পরকালের শান্তি আরও গুরুতর; যদি তারা জানত!

34 মোত্তাকীদের জন্যে তাদের পালনকর্তার কাছে রয়েছে নেয়ামতের জান্নাত।

35 আমি কি আজ্ঞাবহদেরকে অপরাধীদের নয়য় গণ্য করব?

سَمِئَهُ عَلَىٰ لَعْنَتِهِمْ ۖ إِنَّا وَابِقُونَ كَمَا بَلَّوْنَا أَصْحَابَ الْجَنَّةِ إِذْ أَقْسَمُوا لَيَصْرِمُنَّهَا مُصْبِحِينَ ۗ وَلَا يَسْتُنُونَ ۗ فَطَافَ عَلَيْهَا طَائِفٌ مِّن رَّبِّكَ وَهُمْ نَائِمُونَ ۗ فَاصْبَحْتَ كَالصَّيرِمِ ۗ فَنَادُوا مَصْبِحِينَ ۗ أَنْ أَغْدُوا عَلَىٰ حَرِّكَ إِنْ كُنْتُمْ صَٰرِمِينَ ۗ فَانظُرُوا وَهُمْ يَزْحَفُونَ ۗ أَنْ لَا يَدْخُلْنَهَا أَلْيَوْمَ عَلَيْكُمْ مَسْكِنٌ ۗ وَغَدَا عَلَىٰ حَرِّ قَدِيرِينَ ۗ فَلَمَّا رَأَوْهَا قَالُوا إِنَّا لَضَالُونَ ۗ بَلْ نَحْنُ مَحْرُومُونَ ۗ قَالَ أَوْسَطُهُمْ أَلْرَأْفَلُ لَكُمْ لَوْلَا تَسْبِيحُونَ ۗ قَالُوا سُبْحٰنَ رَبِّنَا إِنَّا كُنَّا ظَالِمِينَ ۗ فَأَقْبَلَ بَعْضُهُمْ عَلَىٰ بَعْضٍ يَتَلَوْمُونَ ۗ قَالُوا إِنَّا لَنَاطِقِينَ ۗ عَسَىٰ رَبِّنَا أَنْ يَبْدِلَنَا خَيْرًا مِّنْهَا إِنَّا إِلَىٰ رَبِّنَا رَاغِبُونَ ۗ كَذٰلِكَ الْعَذَابُ ۗ وَلَعَلَّابِ الْآخِرَةِ أَكْبَرُ لَوْ كَانُوا يَعْلَمُونَ ۗ إِنَّ لِلْمُتَّقِينَ عِنْدَ رَبِّهِمْ جَنَّاتٍ النَّعِيمِ ۗ فَتَجَمَّلُ السُّبْرِيُّ كَالْحَجْرِيِّ ۗ مَا لَكَ كَرِيمٌ تَحْكُمُونَ ۗ أَمْ لَكُمْ كِتَابٌ فِيهِ تَدْرُسُونَ ۗ إِنَّ لَكُمْ فِيهِ لَمَا خَيْرٌ ۗ أَمْ لَكُمْ أَيْمَانٌ عَلَيْنَا بَلِغَةٌ إِلَىٰ يَوْمِ الْقِيٰمَةِ ۗ إِنَّ لَكُمْ لَتَحْكُمُونَ ۗ سَلِّمُوا إِلَيْهِمْ بِذٰلِكَ رَعِيمٌ ۗ أَمْ لَهُمْ شُرَكَاءُ فَلْيَأْتُوا شُرَكَاءَهُمْ ۗ إِنْ كَانُوا صٰدِقِينَ ۗ يَوْمَ يَكْشَفُ عَن سَاقٍ وَيُدْعَوْنَ إِلَى السُّجُودِ فَلَا يَسْتَطِيعُونَ ۗ

36 তোমাদের কি হল? তোমরা কেমন সিদ্ধান্ত দিচ্ছ?

37 তোমাদের কি কোন কিতাব আছে, যা তোমরা পাঠ কর

38 তাতে তোমরা যা পছন্দ কর, তাই পাও?

39 না তোমরা আমার কাছ থেকে কেয়ামত পর্যন্ত বলবৎ কোন শপথ নিয়েছ যে, তোমরা তাই পাবে যা তোমরা সিদ্ধান্ত করবে?

40 আপনি তাদেরকে জিজ্ঞাসা করুন তাদের কে এ বিষয়ে দায়িত্বশীল?

41 না তাদের কোন শরীক উপাস্য আছে? থাকলে তাদের শরীক উপাস্যদেরকে উপস্থিত করুন যদি তারা সত্যবাদী হয়।

42 স্বরণ কর সে দিনের কথা, যেদিন পায়ের গোছা (হাটুর নিম্নাংশ) পর্যন্ত উন্মোচিত করা হবে এবং তাদেরকে আহ্বান করা হবে সেজদা করার জন্যে; কিন্তু তারা তা করতে সক্ষম হবে না।

خَشِيعَةً أَبْصَرُهُمْ تَرَهْمَهُمْ ذَلَّةً وَقَد كَانُوا يُدْعَوْنَ إِلَى السُّجُودِ وَهُمْ سَلِيمُونَ ﴿٤٣﴾ فَذَرْنِي وَمَنْ يُكذِّبْ بِهَذَا الْحَدِيثِ سَنَسْتَدْرِجُهُمْ مِنْ حَيْثُ لَا يَعْلَمُونَ ﴿٤٤﴾ وَأَمْ لِي لَهُمْ إِنْ كَذَبْتِي مِنْ أَمْتِنْتُهُمْ أَجْرًا فَهُمْ مِنْ مَعْرُومٍ مُثْقَلُونَ ﴿٤٥﴾ أَمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُمُونَ ﴿٤٦﴾ فَأَصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تَكُنْ كَصَاحِبِ الْمُتُونِ إِنْ يَأْتِيَنَّكَ مِنْهُمْ مَكْطُومٌ ﴿٤٧﴾ تَوَلَّى أَنْ تَدْرِكَهُ نِعْمَةُ رَبِّهِ لِنَيْدٍ بِالْعَرَاءِ وَهُوَ مَذْمُومٌ ﴿٤٨﴾ فَاجْتَبِهْ رَبَّهُ فَقَعَلَهُ مِنَ الصَّالِحِينَ ﴿٤٩﴾ وَإِنْ يَكَادُ الَّذِينَ كَفَرُوا لَيُزْلِقُونَكَ بِأَبْصَرِهِمْ لَمَّا سَمِعُوا الذِّكْرَ وَيَقُولُونَ إِنَّهُ لَمَنْجُونٌ ﴿٥٠﴾ وَمَاهُوَ إِلَّا ذِكْرٌ لِلْعَالَمِينَ ﴿٥١﴾

سُورَةُ الْحَقِّ قُلْتِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 الْحَاقَّةُ ﴿١﴾ مَا الْحَاقَّةُ ﴿٢﴾ وَمَا أَذْرَكَ مَا الْحَاقَّةُ ﴿٣﴾ كَذَّبَتْ ثَمُودُ وَعَادٌ بِالْقَارِعَةِ ﴿٤﴾ فَأَمَّا ثَمُودُ فَأَهْلِكُوا بِالطَّاغِيَةِ ﴿٥﴾ وَأَمَّا وَعَادٌ فَأَهْلِكُوا بَرِيحٍ صَرْصَرٍ عَاتِيَةٍ ﴿٦﴾ سَخَّرَهَا عَلَيْهِمْ سَبْعَ لَيَالٍ وَثَمَنِيَةَ أَيَّامٍ حُسُومًا فَتَرَى الْقَوْمَ فِيهَا صَرْعَى كَأَنَّهُمْ أُعْجَازٌ مُنْخَلٍ حَاوِيَةٍ ﴿٧﴾ فَهَلْ تَرَى لَهُمْ مِنْ بَاقِيَةٍ ﴿٨﴾

৪৩ তাদের দৃষ্টি অবনত থাকবে; তারা লাঞ্ছনাগ্রস্ত হবে, অথচ যখন তারা সুস্থ ও স্বাভাবিক অবস্থায় ছিল, তখন তাদেরকে সেজ্জাদা করতে আহ্বান জানানো হত।

৪৪ অতএব, যারা এই কালামকে মিথ্যা বলে, তাদেরকে আমার হাতে ছেড়ে দিন, আমি এমন ধীরে ধীরে তাদেরকে জাহান্নামের দিকে নিয়ে যাব যে, তারা জানতে পারবে না।

৪৫ আমি তাদেরকে সময় দেই। নিশ্চয় আমার কৌশল মজবুত।

৪৬ আপনি কি তাদের কাছে পারিশ্রমিক চান? ফলে তাদের উপর জরিমানার বোঝা পড়েছে?

৪৭ না তাদের কাছে গায়েবের খবর আছে? অতঃপর তারা তা লিপিবদ্ধ করে।

৪৮ আপনি আপনার পালনকর্তার আদেশের অপেক্ষায় সবার করণ এবং মাছওয়াল্লা

ইউনুসের মত হবেন না, যখন সে দুঃখাকুল মনে প্রার্থনা করেছিল।

৪৯ যদি তার পালনকর্তার অনুগ্রহ তাকে সামাল না দিত, তবে সে নিন্দিত অবস্থায় জনশূন্য প্রান্তরে নিষ্কিণ্ড হত।

৫০ অতঃপর তার পালনকর্তা তাকে মনোনীত করলেন এবং তাকে সৎকর্মীদের অন্তর্ভুক্ত করে নিলেন।

৫১ কাফেররা যখন কোরআন শুনে, তখন তারা তাদের দৃষ্টি দ্বারা যেন আপনাকে আছাড় দিয়ে ফেলে দিবে এবং তারা বলে: সে তো একজন পাগল।

৫২ অথচ এই কোরআন তো বিশ্বজগতের জন্যে উপদেশ।

সূরা আল-হাক্কাহ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৫২

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

১ সুনিশ্চিত বিষয়।

২ সুনিশ্চিত বিষয় কি?

৩ আপনি কি কিছু জানেন, সেই সুনিশ্চিত বিষয় কি?

৪ আদ ও সামুদ গোত্র মহাপ্রলয়কে মিথ্যা বলেছিল।

৫ অতঃপর সামুদ গোত্রকে ধ্বংস করা হয়েছিল এক প্রলয়ংকর বিপর্যয় দ্বারা

৬ এবং আদ গোত্রকে ধ্বংস করা হয়েছিল এক প্রচণ্ড ঝঞ্ঝাবায়ু দ্বারা,

৭ যা তিনি প্রবাহিত করেছিলেন তাদের উপর সাত রাত্রি ও আট দিবস পর্যন্ত অবিরাম। আপনি তাদেরকে দেখতেন যে, তারা অসার খর্জুর কাণ্ডের ন্যায় ভূপাতিত হয়ে রয়েছে।

৮ আপনি তাদের কোন অস্তিত্ব দেখতে পান কি?

- ৯ ফেরাউন, তার পূর্ববর্তীরা এবং উল্টে যাওয়া বস্তিবাসীরা গুরুতর পাপ করেছিল।
- ১০ তারা তাদের পালনকর্তার রসূলকে অমান্য করেছিল। ফলে তিনি তাদেরকে কঠোরহস্তে পাকড়াও করলেন।
- ১১ যখন জলোচ্ছ্বাস হয়েছিল, তখন আমি তোমাদেরকে চলন্ত নৌযানে আরোহণ করিয়েছিলাম,
- ১২ যাতে এ ঘটনা তোমাদের জন্যে স্মৃতির বিষয় এবং কান এটাকে উপদেশ গ্রহণের উপযোগী রূপে গ্রহণ করে।
- ১৩ যখন শিংগায় ফুৎকার দেয়া হবে— একটি মাত্র ফুৎকার
- ১৪ এবং পৃথিবী ও পর্বতমালা উত্তোলিত হবে ও চূর্ণ-বিচূর্ণ করে দেয়া হবে,
- ১৫ সেদিন কেয়ামত সংঘটিত হবে।
- ১৬ সেদিন আকাশ বিদীর্ণ হবে ও বিক্ষিপ্ত হবে।
- ১৭ এবং ফেরেশতাগণ আকাশের প্রান্তদেশে থাকবে ও আট জন ফেরেশতা আপনার পালনকর্তার আরশকে তাদের উর্ধ্ব বহন করবে।
- ১৮ সেদিন তোমাদেরকে উপস্থিত করা হবে। তোমাদের কোন কিছু গোপন থাকবে না।
- ১৯ অতঃপর যার আমলনামা ডান হাতে দেয়া হবে, সে বলবেঃ নাও, তোমরাও আমলনামা পড়ে দেখ।
- ২০ আমি ভেবেছিলাম যে, আমাকে হিসাবের সম্মুখীন হতে হবে।
- ২১ অতঃপর সে সুখী জীবন-যাপন করবে,
- ২২ সুউচ্চ জান্নাতে।
- ২৩ তার ফলসমূহ অবনমিত থাকবে।
- ২৪ বিগত দিনে তোমরা যে আমল করেছিলে, তার প্রতিদানে তোমরা খাও এবং পান কর তৃপ্তি সহকারে।
- ২৫ যার আমলনামা তার বাম হাতে দেয়া হবে, সে বলবেঃ হায় আমায় যদি আমার আমলনামা না দেয়া হতো!

وَجَاءَ فِرْعَوْنُ وَمَنْ قَبْلَهُ وَالْمُؤْتَفِكْتُ بِالْمَغَاطَةِ ۙ فَعَصَوْا رَسُولَ رَبِّهِمْ فَأَخَذَهُمْ أَخْذَةً رَابِيَةً ۙ إِنَّا لَمَاطِعَا الْمَاءِ حَمَلْتُ كُرِّي فِي الْجَارِيَةِ ۙ لِنَجْعَلَهَا لِكُرِّي نَذْرَةً وَتَعِيمًا أذُنٌ وَعِيَةٌ ۙ فَإِذَا نَفَخَ فِي الصُّورِ نَفْحَةً وَاحِدَةً ۙ وَحَمَلَتِ الْأَرْضُ وَالْجِبَالُ فَذُكِّنَا ذِكَّةً وَاحِدَةً ۙ وَحِدَةً ۙ فَيَوْمَ مِيزٍ وَقَعَتِ الْوَاقِعَةُ ۙ وَأَنْشَقَّتِ السَّمَاءُ فِيهِ يَوْمَ مِيزٍ وَاهِيَةٌ ۙ وَالْمَلِكُ عَلَى أَرْجَائِهَا وَيَحْمِلُ عَرْشَ رَبِّكَ فَوْقَهُمْ يَوْمَ مِيزٍ مُنْبِيَةٌ ۙ يَوْمَ مِيزٍ تُعْرَضُونَ لَا تَخْفَى مِنْكُمْ خَافِيَةٌ ۙ فَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِسَمِينِهِ ۙ فَيَقُولُ هَؤُلَاءِ أَوْلِيَاءُ كِنَانِيَةِ ۙ إِنِّي ظَنَنْتُ أَنِّي مُلْكٌ حَسَابِيَةٌ ۙ فَهُوَ فِي عِيشَةٍ رَاضِيَةٍ ۙ فِي حَسَنَةٍ عَلَيَّ كَرِي ۙ قُطُوفُهَا دَانِيَةٌ ۙ كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا أَسْلَفْتُمْ فِي الْأَيَّامِ الْخَالِيَةِ ۙ وَأَمَّا مَنْ أُوتِيَ كِتَابَهُ بِشِمَالِهِ ۙ فَيَقُولُ بَلَيْتُنِي لَأَزُوتَ كِنَانِيَةَ ۙ وَلَوْ أَدْرَا مَا حَسَابِيَةَ ۙ بَلَيْتَهَا كَانَتْ الْفَاضِيَةَ ۙ مَا أَغْنَى عَنِّي مَالِيَةَ ۙ هَلَكَ عَنِّي سُلْطَانِيَةَ ۙ خُذُوهُ فَغُلُّوهُ ۙ ثُمَّ الْجَحِيمَ صَلُّوهُ ۙ ثُمَّ فِي سِلْسِلَةٍ ذَرْعُهَا سَبْعُونَ ذِرَاعًا فَاسْلُكُوهُ ۙ إِنَّهُ كَانَ لَا يُؤْمِنُ بِاللَّهِ الْعَظِيمِ ۙ وَلَا يَحْضُ عَلَى طَعَامِ الْمَسْكِينِ ۙ

- ২৬ আমি যদি না জানতাম আমার হিসাব!
- ২৭ হায়, আমার মৃত্যুই যদি শেষ হত।
- ২৮ আমার ধন-সম্পদ আমার কোন উপকারে আসল না।
- ২৯ আমার ক্ষমতাও বরবাদ হয়ে গেল।
- ৩০ ফেরেশতাদেরকে বলা হবেঃ ধর একে, গলায় বেড়ি পরিয়ে দাও,
- ৩১ অতঃপর নিষ্ক্ষেপ কর জাহান্নামে।
- ৩২ অতঃপর তাকে শৃঙ্খলিত কর সত্তর গজ দীর্ঘ এক শিকলে
- ৩৩ নিশ্চয় সে মহান আল্লাহতে বিশ্বাসী ছিল না।
- ৩৪ এবং মিসকীনকে আহাৰ্য্য দিতে উৎসাহিত করত না।

فَلَيْسَ لَهُ الْيَوْمَ هُنَا حَمِيمٌ ۝ وَلَا طَعَامٌ إِلَّا مِنْ غِسْلِينٍ ۝ لَا يَأْكُلُهُ إِلَّا الْخَاطِئُونَ ۝ فَلَا أُقْسِمُ بِمَا تُبْصِرُونَ ۝ وَمَا لَا تُبْصِرُونَ ۝ إِنَّهُ لَقَوْلُ رَسُولٍ كَرِيمٍ ۝ وَمَا هُوَ بِقَوْلِ شَاعِرٍ قَلِيلًا مَّا تُوْمِنُونَ ۝ وَلَا يَقُولُ كَاهِنٌ قَلِيلًا مَّا تَذْكُرُونَ ۝ نَزِيلٌ مِنْ رَبِّ الْعَالَمِينَ ۝ وَلَوْ نَفَقْنَا عَلَيْنا بَعْضَ الْأَقْوَابِلِ ۝ لَأَخَذْنَا مِمَّنْهُ بِالْيَمِينِ ۝ ثُمَّ لَقَطَعْنَا مِنْهُ الْوَتِينَ ۝ فَمَا مِنْكُمْ مِنْ أَحَدٍ عَنْهُ حَاجِزِينَ ۝ وَإِنَّهُ لَتَذِكْرٌ لِّلْمُتَّقِينَ ۝ وَإِنَّا لَنَعْلَمُ أَنَّ مِنْكُمْ مُكَذِّبِينَ ۝ وَإِنَّهُ لَحَسْرَةٌ عَلَى الْكَافِرِينَ ۝ وَإِنَّهُ لَحَقُّ الْيَقِينِ ۝ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ الْعَظِيمِ ۝

سُورَةُ الْجِنِّ ۝

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
سَأَلَ سَائِلٌ بِعَذَابٍ وَاقِعٍ ۝ لِّلْكَافِرِينَ لَيْسَ لَهُ دَافِعٌ ۝ مِنَ اللَّهِ ذِي الْمَعَارِجِ ۝ تَعْرُجُ الْمَلَائِكَةُ وَالرُّوحُ إِلَيْهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةٍ ۝ فَأَصْبَرَ صَبْرًا جَمِيلًا ۝ وَإِنَّمْ يَرَوْنَهُ بَعِيدًا ۝ وَرَأَيْنَاهُ قَرِيبًا ۝ يَوْمَ تَكُونُ السَّمَاءُ كَالْهَيْلِ ۝ وَتَكُونُ الْجِبَالُ كَالْعِهْنِ ۝ وَلَا يَسْتَلُ حَمِيمٌ حَمِيمًا ۝

- 35 অতএব, আজকের দিন এখানে তার কোন সুহৃদ নাই।
- 36 এবং কোন খাদ্য নাই, ক্ষত-নিঃসৃত পুঁজ ব্যতীত।
- 37 গোনাহুগার ব্যতীত কেউ এটা খাবে না।
- 38 তোমরা যা দেখ, আমি তার শপথ করছি
- 39 এবং যা তোমরা দেখ না, তার—
- 40 নিশ্চয়ই এই কোরআন একজন সম্মানিত রসূলের আনীত।
- 41 এবং এটা কোন কবির কথা নয়; তোমরা কমই বিশ্বাস কর।
- 42 এবং এটা কোন অতীন্দ্রিয়বাদীর কথা নয়; তোমরা কমই অনুধাবন কর।
- 43 এটা বিশ্বপালনকর্তার কাছ থেকে অবতীর্ণ।

- 44 সে যদি আমার নামে কোন কথা রচনা করত,
- 45 তবে আমি তার দক্ষিণ হস্ত ধরে ফেলতাম,
- 46 অতঃপর কেটে দিতাম তার গ্রীবা।
- 47 তোমাদের কেউ তাকে রক্ষা করতে পারতে না।
- 48 এটা আল্লাহভীরুদের জন্যে অবশ্যই একটি উপদেশ।
- 49 আমি জানি যে, তোমাদের মধ্যে কেউ কেউ মিথ্যারোপ করবে।
- 50 নিশ্চয় এটা কাফেরদের জন্যে অনুতাপের কারণ।
- 51 নিশ্চয় এটা নিশ্চিত সত্য।
- 52 অতএব, আপনি আপনার মহান পালনকর্তার নামের পবিত্রতা বর্ণনা করুন।

সূরা আল-মা'আরিজ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৪৪

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- 1 এক ব্যক্তি চাইল, সেই আযাব সংঘটিত হোক যা অবধারিত—
- 2 কাফেরদের জন্যে, যার প্রতিরোধকারী কেউ নেই।
- 3 তা আসবে আল্লাহ তা'আলার পক্ষ থেকে, যিনি সমুন্নত মর্তবার অধিকারী।
- 4 ফেরেশতাগণ এবং রুহ আল্লাহ তা'আলার দিকে উর্ধ্বগামী হয় এমন একদিনে, যার পরিমাণ পঞ্চাশ হাজার বছর।
- 5 অতএব, আপনি উত্তম সবর করুন।
- 6 তারা এই আযাবকে সুদূরপর্যায় মনে করে,
- 7 আর আমি একে আসন্ন দেখছি।
- 8 সেদিন আকাশ হবে গলিত আমার মত।
- 9 এবং পর্বতসমূহ হবে রঙ্গিন পশমের মত
- 10 বস্তু বস্তুর খবর নিবে না।

11) যদিও এক অপরকে দেখতে পাবে। সেদিন গোনাহ্গার ব্যক্তি পণস্বরূপ দিতে চাইবে তার সন্তান-সন্ততিকে,

12) তার স্ত্রীকে, তার ভ্রাতাকে,

13) তার গোষ্ঠীকে, যারা তাকে আশ্রয় দিত

14) এবং পৃথিবীর সবকিছুকে, অতঃপর নিজেকে রক্ষা করতে চাইবে।

15) কখনই নয়। নিশ্চয় এটা লেলিহান অগ্নি,

16) যা চামড়া তুলে দিবে।

17) সে সেই ব্যক্তিকে ডাকবে যে সত্য পথ থেকে পৃষ্ঠপদর্শন করেছিল ও বিমুখ হয়েছিল,

18) সম্পদ পঞ্জীভূত করেছিল, অতঃপর আগলিয়ে রেখেছিল।

19) মানুষ তো সৃজিত হয়েছে ভীকরূপে।

20) যখন তাকে অনিষ্ট স্পর্শ করে, তখন সে হা-হতাশ করে।

21) আর যখন কল্যাণপ্রাপ্ত হয়, তখন কৃপণ হয়ে যায়।

22) তবে তারা স্বতন্ত্র, যারা নামায আদায়কারী।

23) যারা তাদের নামাযে সার্বক্ষণিক কায়াম থাকে।

24) এবং যাদের ধন-সম্পদে নির্ধারিত হক আছে

25) যাঞ্জাকারী ও বধিগতের

26) এবং যারা প্রতিফল দিবসকে সত্য বলে বিশ্বাস করে।

27) এবং যারা তাদের পালনকর্তার শাস্তি সম্পর্কে ভীত-কম্পিত।

২৮) নিশ্চয় তাদের পালনকর্তার শাস্তি থেকে নিঃশঙ্ক থাক যায় না।

29) এবং যারা তাদের যৌন-অঙ্গকে সংযত রাখে,

30) কিন্তু তাদের স্ত্রী অথবা মালিকানাভুক্ত দাসীদের বেলায় তিরস্কৃত হবে না,

31) অতএব, যারা এদের ছাড়া অন্যকে কামনা করে, তাইই সীমালংঘনকারী।

يَصْرُوهُمْ يُودِ الْمُجْرِمُ لَوْ يَفْتَدِي مِنْ عَذَابِ يَوْمِئِذٍ بِنَبِيهِ
وَصَنْجَبَتِهِ وَأَخِيهِ ۝۱۲ وَفَصِيلَتِهِ الَّتِي تُؤَيِّبُهَا ۝۱۳ وَمَنْ فِي الْأَرْضِ
جَمِيعًا تُمْ بِنَجِيهِ ۝۱۴ كَلَّا إِنَّا لَنَاطِقِي ۝۱۵ نَزَاعَةَ لِلشَّوَى ۝۱۶ تَدْعُوا
مَنْ أَدْبَرَ وَتَوَلَّى ۝۱۷ وَجَمَعَ فَأَوْعَى ۝۱۸ إِنَّا لَإِنْسَنَ خُلُقِ هَلْوَعا
۝۱۹ إِذَا مَسَّهُ الشَّرُّ جُرُوعًا ۝۲۰ وَإِذَا مَسَّهُ الْخَيْرُ مَنُوعًا ۝۲۱ إِلَّا
الْمُصَلِّينَ ۝۲۲ الَّذِينَ هُمْ عَلَى صَلَاتِهِمْ دَائِمُونَ ۝۲۳ وَالَّذِينَ فِي
أَمْوَالِهِمْ حَقٌّ مَعْلُومٌ ۝۲۴ لِلسَّائِلِ وَالْمَحْرُومِ ۝۲۵ وَالَّذِينَ يُصَدِّقُونَ
بِیَوْمِ الدِّينِ ۝۲۶ وَالَّذِينَ هُمْ مِنْ عَذَابِ رَبِّهِمْ مُشْفِقُونَ ۝۲۷ إِنَّ عَذَابَ
رَبِّهِمْ غَيْرُ مَأْمُونٍ ۝۲۸ وَالَّذِينَ هُمْ لِفُرُوجِهِمْ حَافِظُونَ ۝۲۹ إِلَّا الَّاعِلَ
أَرْوَجِهِمَا أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ غَيْرُ مَلُومِينَ ۝۳۰ فَمَنْ ابْتِغَى وَرَاءَ
ذَلِكَ فَأُولَئِكَ هُمُ الْعَادُونَ ۝۳۱ وَالَّذِينَ هُمْ لِأَمْتِنَتِهِمْ وَعَهْدِهِمْ رَاعُونَ
۝۳۲ وَالَّذِينَ هُمْ بِشَهَادَاتِهِمْ قَائِمُونَ ۝۳۳ وَالَّذِينَ هُمْ عَلَى صَلَاتِهِمْ يُحَافِظُونَ
۝۳۴ أُولَئِكَ فِي جَنَّاتٍ مُكْرَمُونَ ۝۳۵ فَمَالِ الَّذِينَ كَفَرُوا قَبْلَكَ مُهْطِعِينَ
۝۳۶ عَنِ الیَمِينِ وَعَنِ الشِّمَالِ عِزِينَ ۝۳۷ أَيْطَعُ كُلُّ امْرِئٍ مِنْهُمْ
أَنْ يَدْخُلَ جَنَّةَ نَعِيمٍ ۝۳۸ كَلَّا إِنَّا لَخَلَقْنَاهُمْ مِمَّا يَعْلَمُونَ ۝۳۹

32) এবং যারা তাদের আমানত ও অঙ্গীকার রক্ষা করে

33) এবং যারা তাদের সাক্ষ্যদানে সরল-নিষ্ঠাবান

34) এবং যারা তাদের নামাযে যত্নবান,

35) তাইই জান্নাতে সম্মানিত হবে।

36) অতএব, কাফেরদের কি হল যে, তারা আপনার দিকে উর্ধ্বশ্বাসে ছুটে আসছে।

37) ডান ও বামদিক থেকে দলে দলে।

38) তাদের প্রত্যেকেই কি আশা করে যে, তাকে নেয়ামতের জান্নাতে দাখিল করা হবে?

39) কখনই নয়, আমি তাদেরকে এমন বস্ত্র দ্বারা সৃষ্টি করেছি, যা তারা জানে।

সূরা নূহ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-২৮

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

❶ আমি নূহকে প্রেরণ করেছিলাম তাঁর সম্প্রদায়ের প্রতি একথা বলেঃ তুমি তোমার সম্প্রদায়কে সতর্ক কর, তাদের প্রতি মর্মস্বদ শাস্তি আসার আগে।

❷ সে বললঃ হে আমার সম্প্রদায়! আমি তোমাদের জন্যে স্পষ্ট সতর্ককারী।

❸ এ বিষয়ে যে, তোমরা আল্লাহ তা'আলার এবাদত কর, তাঁকে ভয় কর এবং আমার আনুগত্য কর।

❹ আল্লাহ তা'আলা তোমাদের পাপসমূহ ক্ষমা করবেন এবং নির্দিষ্ট সময় পর্যন্ত অবকাশ দিবেন। নিশ্চয় আল্লাহ তা'আলার নির্দিষ্টকাল যখন হবে, তখন অবকাশ দেয়া হবে না, যদি তোমরা তা জানতে!

❺ সে বললঃ হে আমার পালনকর্তা! আমি আমার সম্প্রদায়কে দিবরাত্রি দাওয়াত দিয়েছি;

❻ কিন্তু আমার দাওয়াত তাদের পলায়নকেই বৃদ্ধি করেছে।

❼ আমি যতবারই তাদেরকে দাওয়াত দিয়েছি, যাতে আপনি তাদেরকে ক্ষমা করেন, ততবারই তারা কানে অঙ্গুলি দিয়েছে, মুখমন্ডল বস্ত্রাবৃত করেছে, জেদ করেছে এবং খুব ঔদ্ধত্য প্রদর্শন করেছে।

❽ অতঃপর আমি তাদেরকে প্রকাশ্যে দাওয়াত দিয়েছি,

❾ অতঃপর আমি ঘোষণা সহকারে প্রচার করেছি এবং গোপনে চুপিসারে বলেছি।

❿ অতঃপর বলেছিঃ তোমরা তোমাদের পালনকর্তার ক্ষমা প্রার্থনা কর। তিনি অত্যন্ত ক্ষমাশীল।

فَلَا أَقْسِمُ رَبِّ الْمَسْجِدِ وَالْمُغْرِبِ إِنَّا لَقَدِدْرُونَ ﴿٤٠﴾ عَلَيْنَ أَنْ نُبَدِّلَ خَيْرًا مِّنْهُمْ وَمَا نَحْنُ بِمَسْبُوبِينَ ﴿٤١﴾ فَذَرَهُمْ يَحْضُوا وَيَلْعَبُوا حَتَّى يُلَاقُوا يَوْمَهُمُ الَّذِي يُوعَدُونَ ﴿٤٢﴾ يَوْمَ يُخْرَجُونَ مِنَ الْأَجْدَاثِ سِرَاعًا كَأَنَّهُمْ إِلَىٰ نُصَبٍ يُّوْفَضُونَ ﴿٤٣﴾ خَشِيعَةً أَبْصَرُهُمْ يَتْرَهُهُمْ ذُلَّةٌ ذَلِكَ الْيَوْمَ الَّذِي كَانُوا يُوعَدُونَ ﴿٤٤﴾

سُورَةُ نُوحٍ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

إِنَّا أَرْسَلْنَا نُوحًا إِلَىٰ قَوْمِهِ أَنْ أَنْذِرْ قَوْمَكَ مِن قَبْلِ أَنْ يَأْتِيَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١﴾ قَالَ يَا قَوْمِ إِنِّي لَكُمْ نَذِيرٌ مُّبِينٌ ﴿٢﴾ أَنِ اعْبُدُوا اللَّهَ وَاتَّقُوهُ وَأَطِيعُوا أَمْرَهُ يَغْفِرْ لَكُمْ مِن ذُنُوبِكُمْ وَيُؤَخِّرْكُمْ إِلَىٰ أَجَلٍ مُّسَمًّى إِنِ أَجَلَ اللَّهِ إِذَا جَاءَ لَا يُؤَخَّرُ لَوْ كُنْتُمْ تَعْلَمُونَ ﴿٤﴾ قَالَ رَبِّ إِنِّي دَعَوْتُ قَوْمِي لَيْلًا وَنَهَارًا ﴿٥﴾ فَلَمْ يَزِدْهُمْ دُعَائِي إِلَّا فِرَارًا ﴿٦﴾ وَإِنِّي كُلَّمَا دَعَوْتُهُمْ لِتَغْفِرَ لَهُمْ جَعَلُوا أَصْوَابَهُمْ فِي عَادَاتِهِمْ وَاسْتَعْصَمُوا بِثَابِتِهِمْ وَأَصْرُوا وَأَسْتَكْبَرُوا اسْتِكْبَارًا ﴿٧﴾ ثُمَّ إِنِّي دَعَوْتُهُمْ جَهَارًا ﴿٨﴾ ثُمَّ إِنِّي أَغْلَنْتُ لَهُمْ وَأَسْرَرْتُ لَهُمْ إِسْرَارًا ﴿٩﴾ فَقُلْتُ اسْتَغْفِرُوا رَبَّكُمْ إِنَّهُ كَانَ غَفَّارًا ﴿١٠﴾

❶ আমি শপথ করছি উদয়াচল ও অস্তাচলসমূহের পালনকর্তার! নিশ্চয়ই আমি সক্ষম।

❷ তাদের পরিবর্তে উৎকৃষ্টতর মানুষ সৃষ্টি করতে এবং এটা আমার সাধ্যের অতীত নয়।

❸ অতএব, আপনি তাদেরকে ছেড়ে দিন, তারা বাকবিতণ্ডা ও ক্রীড়া-কৌতুক করুক সেই দিবসের সম্মুখীন হওয়া পর্যন্ত, যে দিবসের ওয়াদা তাদের সাথে করা হচ্ছে।

❹ সেদিন তারা কবর থেকে দ্রুতবেগে বের হবে— যেন তারা কোন এক লক্ষ্যস্থলের দিকে ছুটে যাচ্ছে।

❺ তাদের দৃষ্টি থাকবে অবনমিত; তারা হবে হীনতগ্রস্ত। এটাই সেইদিন, যার ওয়াদা তাদেরকে দেয়া হত।

11 তিনি তোমাদের উপর অজস্র বৃষ্টিধারা ছেড়ে দিবেন,

12 তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি বাড়িয়ে দিবেন, তোমাদের জন্যে উদ্যান স্থাপন করবেন এবং তোমাদের জন্যে নদীনালা প্রবাহিত করবেন।

13 তোমাদের কি হল যে, তোমরা আল্লাহ তা'আলার শ্রেষ্ঠত্ব আশা করছ না!

14 অথচ তিনি তোমাদেরকে বিভিন্ন রকমে সৃষ্টি করেছেন।

15 তোমরা কি লক্ষ্য কর না যে, আল্লাহ কিভাবে সপ্ত আকাশ স্তরে স্তরে সৃষ্টি করেছেন?

16 এবং সেখানে চন্দ্রকে রেখেছেন আলোরূপে এবং সূর্যকে রেখেছেন প্রদীপরূপে।

17 আল্লাহ তা'আলা তোমাদেরকে মৃত্তিকা থেকে উদ্ভূত করেছেন।

18 অতঃপর তাতে ফিরিয়ে নিবেন এবং আবার পুনরুত্থিত করবেন।

19 আল্লাহ তা'আলা তোমাদের জন্যে ভূমিকে করেছেন বিছানা

20 যাতে তোমরা চলাফেরা কর প্রশস্ত পথে।

21 নূহ বললঃ হে আমার পালনকর্তা, আমার সম্প্রদায় আমাকে অমান্য করেছে আর অনুসরণ করেছে এমন লোককে, যার ধন-সম্পদ ও সন্তান-সন্ততি কেবল তার ক্ষতিই বৃদ্ধি করছে।

22 আর তারা ভয়ানক চক্রান্ত করছে।

23 তারা বলছেঃ তোমরা তোমাদের উপাস্যদেরকে ত্যাগ করো না এবং ত্যাগ করো না ওয়াদ, সূয়া, ইয়াগুছ, ইয়াউক ও নসরকে।

24 অথচ তারা অনেককে পথভ্রষ্ট করেছে। অতএব, আপনি যালেমদের পথভ্রষ্টতাই বাড়িয়ে দিন।

25 তাদের গোনাহসমূহের দরুন তাদেরকে নিমজ্জিত করা হয়েছে, অতঃপর দাখিল করা

يُرْسِلِ السَّمَاءَ عَلَيْكُمْ مِدْرَارًا ۚ وَيُمَدِّدْكُمْ بِأَمْوَالٍ وَيَنِينٍ وَيَجْعَلْ لَكُمْ جَنَّاتٍ وَيَجْعَلْ لَكُمْ أَنْهَارًا ۚ مَا لَكُمْ لَا تَرْجُونَ لِلَّهِ وَقَارًا ۚ وَقَدْ خَلَقَكُمْ أَطْوَارًا ۚ أَلَمْ تَرَوْا كَيْفَ خَلَقَ اللَّهُ سَبْعَ سَمَاوَاتٍ طَبَاقًا ۚ وَجَعَلَ الْقَمَرَ فِيهِنَّ نُورًا وَجَعَلَ الشَّمْسُ سِرَاجًا ۚ وَاللَّهُ أَنْبَتَكُمْ مِنَ الْأَرْضِ نَبَاتًا ۚ ثُمَّ يُعِيدْكُمْ فِيهَا وَيُخْرِجْكُمْ إِخْرَاجًا ۚ وَاللَّهُ جَعَلَ لَكُمْ الْأَرْضَ بِسَاطًا ۚ لَتَسْتَلْكُنَّ مِنْهَا سُبُلًا فِجَالًا ۚ قَالَ نُوحٌ رَبِّ إِنِّهْمُ عَصَوْنِي وَأَتَّبَعُوا مَن لَّمْ يَزِدْهُ مَالَهُ وَوَلَدَهُ إِلَّا خَسَارًا ۚ وَمَكْرُؤًا مَكَرًا كَبِيرًا ۚ وَقَالُوا لَا تَنْزِرْنَا الْهَاطُ وَلَا تَنْزِرْنَا وَلَا سَوَاعَا وَلَا يَغُوثَ وَيَعُوقَ وَنَسْرًا ۚ وَقَدْ أَضَلُّوا كَثِيرًا وَلَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا ضَلَالًا ۚ مِمَّا خَطَبْتَهُمْ أَغْرِقُوا فَادْخَلُوا نَارًا فَلَمْ يَجِدُوا لَهَا مِن دُونِ اللَّهِ أَنْصَارًا ۚ وَقَالَ نُوحٌ رَبِّ لَا تَنْزِرْ عَلَيَّ مِنَ السَّمَاءِ مَاءً فَتَكُونُ مِنِّي جِثًّا ۚ إِنَّا كَفَرْنَا بِكَ إِن تَذَرَهُمْ يُضِلُّوا عِبَادَكَ وَلَا يَلِدُوا إِلَّا أَفْجَارًا كَفَّارًا ۚ رَبِّ آغْفِرْ لِي وَلِوَالِدَيَّ وَلِمَن دَخَلَ بَيْتِيَ مُؤْمِنًا وَلِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ وَلَا تَزِدِ الظَّالِمِينَ إِلَّا نَبَارًا ۚ

হয়েছে জাহান্নামে। অতঃপর তারা আল্লাহ তা'আলা ব্যতীত কাউকে সাহায্যকারী পায়নি।

26 নূহ আরও বললঃ হে আমার পালনকর্তা, আপনি পৃথিবীতে কোন কাফের গৃহবাসীকে রেহাই দিবেন না।

27 যদি আপনি তাদেরকে রেহাই দেন, তবে তারা আপনার বান্দাদেরকে পথভ্রষ্ট করবে এবং জন্ম দিতে থাকবে কেবল পাপাচারী, কাফের।

28 হে আমার পালনকর্তা! আপনি আমাকে, আমার পিতা-মাতাকে, যারা মুমিন হয়ে আমার গৃহে প্রবেশ করে— তাদেরকে এবং মুমিন পুরুষ ও মুমিন নারীদেরকে ক্ষমা করুন এবং যালেমদের কেবল ধ্বংসই বৃদ্ধি করুন।

سُورَةُ الْجِنِّ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

قُلْ أُوْحَىٰ إِلَىٰ أَنَّهُ أُسْتَمْعَع نَفْرٌ مِّنَ الْجِنِّ فَقَالُوا إِنَّا سَمِعْنَا قُرْءَانًا
عَجَبًا ۝١ يَهْدِي إِلَى الرُّشْدِ فَآمَنَّا بِهِ ۖ وَلَنْ نُشْرِكَ بِرَبِّنَا أَحَدًا ۝٢
وَأَنَّهُ تَعَلَّىٰ جَدْرًا مَّا أَحْتَضِرُ صَجْبَةً وَلَا وِلْدَانًا ۝٣ وَأَنَّهُ كَانَ
يَقُولُ سَفِيهًا عَلَىٰ اللَّهِ شَطَطًا ۝٤ وَأَنَا ظَنَنَّا أَن لَّن نَقُولَ الْإِنسَ
وَالْجِنِّ عَلَىٰ اللَّهِ كَذِبًا ۝٥ وَأَنَّهُ كَانَ رِجَالٌ مِّنَ الْإِنسِ يَعُوذُونَ بِرِجَالِ
مِّنَ الْجِنِّ فَزَادُوهُمْ رَهَقًا ۝٦ وَأَنَّهُمْ ظَنُّوا كَمَا ظَنَنْتُمْ أَن لَّن يَبْعَثَ
اللَّهُ أَحَدًا ۝٧ وَأَنَا لَسْنَا السَّمَاءَ فَوَجَدْنَهَا مِثْلَ حَرِّ سَا
شَدِيدٍ أَوْ شُهَابًا ۝٨ وَأَنَا كُنَّا نَقْعُدُ مِنْهَا مَقْعِدًا لِّلسَّمْعِ ۖ فَمَن
يَسْتَمِعُ الْآنَ يَجِدْ لَهُ شَهَابًا رَّصَدًا ۝٩ وَأَنَا لَا نَدْرِي أَشْرٌ أُرِيدُ
يَمُنُ فِي الْأَرْضِ أَمْ أَرَادَ بِهِمْ رَبُّهُمْ رَشَدًا ۝١٠ وَأَنَا مَتَّالِيَةٌ
وَمِنَادُونَ ذَلِكَ كُنَّا طَرَائِقَ قَدَدًا ۝١١ وَأَنَا ظَنَنَّا أَن لَّن نَعْجِزَ
اللَّهُ فِي الْأَرْضِ وَلَن نُّعْجِزَهُ ۖ هَرَبًا ۝١٢ وَأَنَا لَمَّا سَمِعْنَا الْهُدَىٰ
ءَامَنَّا بِهِ ۖ فَمَن يُؤْمِن بِرَبِّهِ ۖ فَلَا يَحَافُ بِخَسَا وَلَا رَهَقًا ۝١٣

সূরা আল-জিন

মক্কায় অবতীর্ণঃ আয়াত-২৮

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ বলুনঃ আমার প্রতি ওহী নাযিল করা হয়েছে যে, জিনদের একটি দল কোরআন শ্রবণ করেছে, অতঃপর তারা বলেছেঃ আমরা বিস্ময়কর কোরআন শ্রবণ করেছি;
- ২ যা সৎপথ প্রদর্শন করে। ফলে আমরা তাতে বিশ্বাস স্থাপন করেছি। আমরা কখনও আমাদের পালনকর্তার সাথে কাউকে শরীক করব না।
- ৩ এবং আরও বিশ্বাস করি যে, আমাদের পালনকর্তার মহান মর্যাদা সবার উর্ধে। তিনি কোন পত্নী গ্রহণ করেননি এবং তাঁর কোন সন্তান নেই।

- ৪ আমাদের মধ্যে নির্বোধেরা আল্লাহ তা'আলা সম্পর্কে বাড়াবাড়ির কথাবর্তা বলত।
- ৫ অথচ আমরা মনে করতাম মানুষ ও জিন কখনও আল্লাহ তা'আলা সম্পর্কে মিথ্যা বলতে পারে না।
- ৬ অনেক মানুষ অনেক জিনের আশ্রয় নিত, ফলে তারা জিনদের আত্মভরিতা বাড়িয়ে দিত।
- ৭ তারা ধারণা করত, যেমন তোমরা মানবেরা ধারণা কর যে, মৃত্যুর পর আল্লাহ তা'আলা কখনও কাউকে পুনরুত্থিত করবেন না।
- ৮ আমরা আকাশ পর্যবেক্ষণ করেছি, অতঃপর দেখতে পেয়েছি যে, কঠোর গ্রহরী ও উল্কাপিণ্ড দ্বারা আকাশ পরিপূর্ণ।
- ৯ আমরা আকাশের বিভিন্ন ঘাঁটিতে সংবাদ শ্রবণার্থে বসতাম। এখন কেউ সংবাদ শুনতে চাইলে সে জলন্ত উল্কাপিণ্ডকে ওঁৎ পেতে থাকতে দেখে।
- ১০ আমরা জানি না পৃথিবীবাসীদের অমঙ্গল সাধন করা অভীষ্ট, না তাদের পালনকর্তা তাদের মঙ্গল সাধন করার ইচ্ছা রাখেন।
- ১১ আমাদের কেউ কেউ সৎকর্মপরায়ণ এবং কেউ কেউ এরূপ নয়। আমরা ছিলাম বিভিন্ন পথে বিভক্ত।
- ১২ আমরা বুঝতে পেরেছি যে, আমরা পৃথিবীতে আল্লাহ তা'আলাকে পরাস্ত করতে পারব না এবং পলায়ন করেও তাঁকে অপারগ করতে পারব না।
- ১৩ আমরা যখন সুপথের নির্দেশ শুনলাম, তখন তাতে বিশ্বাস স্থাপন করলাম। অতএব, যে তার পালনকর্তার প্রতি বিশ্বাস করে, সে কোন ক্ষতি ও অন্যায়ের আশংকা করে না।

14 আমাদের মধ্যে কিছুসংখ্যক আজ্ঞাবহ এবং কিছুসংখ্যক অন্যায়কারী। যারা আজ্ঞাবহ হয়, তারা সৎপথ বেছে নিয়েছে।

15 আর যারা অন্যায়কারী, তারা তো জাহান্নামের ইক্কন।

16 আর এই প্রত্যাদেশ করা হয়েছে যে, তারা যদি সত্য পথে কায়ম থাকত, তবে আমি তাদেরকে প্রচুর পানি বর্ষণে সিক্ত করতাম

17 যাতে এ ব্যাপারে তাদেরকে পরীক্ষা করি। পক্ষান্তরে যে ব্যক্তি তার পালনকর্তার স্মরণ থেকে মুখ ফিরিয়ে নেয়, তিনি তাকে দুঃসহ আযাবে প্রবেশ করাবেন।

18 এবং এই ওহীও করা হয়েছে যে, মসজিদসমূহ আল্লাহ্ তা'আলাকে স্মরণ করার জন্য। অতএব, তোমরা আল্লাহ্ তা'আলার সাথে কাউকে ডেকো না।

19 আর যখন আল্লাহ্ তা'আলার বান্দা তাঁকে ডাকার জন্যে দন্ডায়মান হল, তখন অনেক জিন তার কাছে ভিড় জমাল।

20 বলুনঃ আমি তো আমার পালনকর্তাকেই ডাকি এবং তাঁর সাথে কাউকে শরীক করি না।

21 বলুনঃ আমি তোমাদের ক্ষতি সাধন করার ও সুপথে আনয়ন করার মালিক নই।

22 বলুনঃ আল্লাহ্ তা'আলার কবল থেকে আমাকে কেউ রক্ষা করতে পারবে না এবং তিনি ব্যতীত আমি কোন আশ্রয়স্থল পাব না।

23 কিন্তু আল্লাহ্ তা'আলার বাণী পৌঁছানো ও তাঁর পয়গাম প্রচার করাই আমার কাজ। যে লোক আল্লাহ্ ও তাঁর রসূলকে অমান্য করে, তার জন্যে রয়েছে জাহান্নামের অগ্নি। তথায় তারা চিরকাল থাকবে।

24 এমনকি যখন তারা প্রতিশ্রুত শাস্তি দেখতে পাবে, তখন তারা জানতে পারবে, কার সাহায্যকারী দুর্বল এবং কার সংখ্যা কম।

وَأَنَا مِنَ الْمُسْلِمُونَ وَمِنَ الْفَاسِقُونَ فَمَنْ أَسْلَمَ فَأُولَٰئِكَ تَحَرَّوْا رِسْدًا ﴿١٤﴾ وَأَمَّا الْفَاسِقُونَ فَكَانُوا أَيْجِهَهُمْ حَطَبًا ﴿١٥﴾ وَأَلْوِ اسْتَقْتُمُوا عَلَى الطَّرِيقَةِ لَأَسْقَيْنَهُمْ مَاءً غَدَقًا ﴿١٦﴾ نَتَفَيْنَهُمْ فِيهِ وَمَنْ يُعْرِضْ عَنْ ذِكْرِ رَبِّهِ يَسْلُكْهُ عَذَابًا صَعَدًا ﴿١٧﴾ وَأَنَّ الْمَسْتَجِدَّ لِلَّهِ فَلَا تَدْعُوا مَعَ اللَّهِ أَحَدًا ﴿١٨﴾ وَأَنَّهُ لَمَّا قَامَ عَبْدُ اللَّهِ يَدْعُوهُ كَادُوا يَكُونُونَ عَلَيْهِ لِبَدًا ﴿١٩﴾ قُلْ إِنَّمَا أَدْعُوا رَبِّي وَلَا أُشْرِكُ بِهِ أَحَدًا ﴿٢٠﴾ قُلْ إِنِّي لَا أَمْلِكُ لَكُمْ ضَرًّا وَلَا رَشَدًا ﴿٢١﴾ قُلْ إِنِّي لَنْ يُجِيرَنِي مِنَ اللَّهِ أَحَدٌ وَلَنْ أَجِدَ مِنْ دُونِهِ مُتَعَدًّا ﴿٢٢﴾ إِلَّا بَلَاغًا مِنَ اللَّهِ وَرِسَالَاتِهِ وَمَنْ يَعْصِ اللَّهَ وَرَسُولَهُ فَإِنَّ لَهُ نَارَ جَهَنَّمَ خَالِدًا فِيهَا أَبَدًا ﴿٢٣﴾ حَتَّىٰ إِذَا رَأَوْا مَا يُوعَدُونَ فَيَسْعَلُمُونَ مَنْ أضعف ناصراً وَاقلُّ عَدَدًا ﴿٢٤﴾ قُلْ إِنْ أَدْرَيْتُمْ أَقْرَبُ مَا تُوَعَدُونَ أَمْ يَجْعَلُ لَهُ رَبِّي أَمَدًا ﴿٢٥﴾ عَلِيمُ الْغَيْبِ فَلَا يُظْهِرُ عَلَىٰ غَيْبِهِ أَحَدًا ﴿٢٦﴾ إِلَّا مَنِ ارْتَضَىٰ مِنْ رَسُولٍ فَإِنَّهُ يَسْلُكُ مِنْ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ رَصَدًا ﴿٢٧﴾ لِيَعْلَمَ أَنْ قَدْ أَبْلَغُوا رِسَالَاتِ رَبِّهِمْ وَأَحَاطَ بِمَا لَدَيْهِمْ وَأَحْصَىٰ كُلَّ شَيْءٍ عَدَدًا ﴿٢٨﴾

25 বলুনঃ আমি জানি না তোমাদের প্রতিশ্রুত বিষয় আসন্ন না আমার পালনকর্তা এর জন্যে কোন মেয়াদ স্থির করে রেখেছেন।

26 তিনি অদৃশ্যের জ্ঞানী। পরন্তু তিনি অদৃশ্য বিষয় কারও কাছে প্রকাশ করেন না।

27 তাঁর মনোনীত রসূল ব্যতীত। তখন তিনি তার অগ্র ও পশ্চাতে প্রহরী নিযুক্ত করেন,

28 যাতে আল্লাহ্ তা'আলা জেনে নেন যে, রসূলগণ তাঁদের পালনকর্তার পয়গাম পৌঁছিয়েছেন কি না। রসূলগণের কাছে যা আছে, তা তাঁর জ্ঞান-গোচর। তিনি সবকিছুর সংখ্যা হিসাব রাখেন।

سُورَةُ الْمُرْسَلَاتِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

يَتَأْتِيهَا الْمُرْسَلُ ۝١ قُرْآنًا لَّيْلًا وَقِيلًا ۝٢ تَضَمُّهُ أَوْ تَفَضُّهُ مِنْهُ قِيلًا ۝٣ أَوْزُدْ عَلَيْهِ وَرَتِّلِ الْقُرْآنَ تَرْتِيلًا ۝٤ إِنَّا سَنُلْقِي عَلَيْكَ قَوْلًا تَقِيلًا ۝٥ إِنَّ نَاشِئَةَ اللَّيْلِ هِيَ أَشَدُّ وَطْأًا وَأَقْوَمُ قِيلًا ۝٦ إِنَّ لَكَ فِي النَّهَارِ سَبْحًا طَوِيلًا ۝٧ وَأَذْكُرْ اسْمَ رَبِّكَ وَتَبَتَّلْ إِلَيْهِ تَبْتِيلًا ۝٨ رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ لَا إِلَهَ إِلَّا هُوَ فَاتَّخِذْهُ وَكِيلًا ۝٩ وَأَصْبِرْ عَلَى مَا يَقُولُونَ وَأَهْلِحْهُمْ هَجْرًا جَمِيلًا ۝١٠ وَذُرِّي وَالْمُكْذِبِينَ أُولَى النِّعْمَةِ وَمَهَلْهُمْ قِيلًا ۝١١ إِنَّ لَدَيْنَا أَنْكَالًا وَحِمِيمًا ۝١٢ وَطَعَامًا ذَا غُصَّةٍ وَعَذَابًا أَلِيمًا ۝١٣ يَوْمَ تَرْجُفُ الْأَرْضُ وَالْجِبَالُ وَكَانَتِ الْجِبَالُ كَثِيرًا مَّهِيلًا ۝١٤ إِنَّا أَرْسَلْنَا إِلَيْكَ رَسُولًا شَاهِدًا عَلَيْكَ كَمَا أَرْسَلْنَا إِلَى فِرْعَوْنَ رَسُولًا ۝١٥ فَغَصَى فِرْعَوْنُ الرَّسُولَ فَأَخَذْنَاهُ أَخْذًا وَبِيلًا ۝١٦ فَكَيْفَ تَنْفِقُونَ إِنْ كَفَرْتُمْ يَوْمًا يَجْعَلُ الْوِلْدَانَ شِيبًا ۝١٧ السَّمَاءُ مُنْفَطِرٌ بِهِ كَانَ وَعْدُهُ مَفْعُولًا ۝١٨ إِنَّ هَذِهِ تَذْكَرَةٌ فَمَنْ شَاءَ اتَّخَذْ إِلَىٰ رَبِّهِ سَبِيلًا ۝١٩

সূরা মুযাম্মিল

মক্কায় অবতীর্ণঃ আয়াত-২০

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ হে বস্ত্রাবৃত,
- ২ রাত্রিতে দণ্ডায়মান হোন কিছু অংশ বাদ দিয়ে;
- ৩ অর্ধরাত্রি অথবা তদপেক্ষা কিছু কম
- ৪ অথবা তদপেক্ষা বেশী এবং কোরআন তেলাওয়াত করুন সুবিন্যস্তভাবে ও স্পষ্টভাবে।
- ৫ আমি আপনার প্রতি অবতীর্ণ করেছি গুরুত্বপূর্ণ বাণী।
- ৬ নিশ্চয় এবাদতের জন্যে রাত্রিতে উঠা প্রবৃত্তি দলনে সহায়ক এবং স্পষ্ট উচ্চারণের অনুকূল।

- ৭ নিশ্চয় দিবাভাগে রয়েছে আপনার দীর্ঘ কর্মব্যস্ততা।
- ৮ আপনি আপনার পালনকর্তার নাম স্মরণ করুন এবং একত্রিংশে তাতে মগ্ন হোন।
- ৯ তিনি পূর্ব ও পশ্চিমের অধিকর্তা। তিনি ব্যতীত কোন উপাস্য নেই। অতএব, তাঁকেই গ্রহণ করুন কর্মবিধায়করূপে।
- ১০ কাফেররা যা বলে, তজ্জন্যে আপনি সবর করুন এবং সুন্দরভাবে তাদেরকে পরিহার করে চলুন।
- ১১ বিত্ত-বৈভবের অধিকারী মিথ্যারোপকারীদেরকে আমার হাতে ছেড়ে দিন এবং তাদেরকে কিছু অবকাশ দিন।
- ১২ নিশ্চয় আমার কাছে আছে শিকল ও অগ্নিকুণ্ড।
- ১৩ আর আছে গলায় আটকে যায় এমন খাদ্য এবং যন্ত্রণাদায়ক শাস্তি।
- ১৪ যেদিন পৃথিবী পর্বতমালা প্রকম্পিত হবে এবং পর্বতসমূহ হয়ে যাবে বহমান বালুকাস্তপ।
- ১৫ আমি তোমাদের কাছে একজন রসূলকে তোমাদের জন্যে সাক্ষী করে প্রেরণ করেছি, যেমন প্রেরণ করেছিলাম ফেরাউনের কাছে একজন রসূল।
- ১৬ অতঃপর ফেরাউন সেই রসূলকে অমান্য করল, ফলে আমি তাকে কঠিন শাস্তি দিয়েছি।
- ১৭ অতএব, তোমরা কিরূপে আত্মরক্ষা করবে যদি তোমরা সেদিনকে অস্বীকার কর, যেদিন বালককে করে দিবে বৃদ্ধ?
- ১৮ সেদিন আকাশ বিদীর্ণ হবে। তার প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়িত হবে।
- ১৯ এটা উপদেশ। অতএব যার ইচ্ছা, সে তার পালনকর্তার দিকে পথ অবলম্বন করুক।

২০ আপনার পালনকর্তা জানেন, আপনি এবাদতের জন্যে দণ্ডায়মান হন রাত্রির প্রায় দু' তৃতীয়াংশ, অর্ধাংশ ও তৃতীয়াংশ এবং আপনার সঙ্গীদের একটি দলও দণ্ডায়মান হয়। আল্লাহ্ দিবা ও রাত্রি পরিমাপ করেন। তিনি জানেন, তোমরা এর পূর্ণ হিসাব রাখতে পার না। অতএব তিনি তোমাদের প্রতি ক্ষমাপরায়ণ হয়েছেন। কাজেই কোরআনের যতটুকু তোমাদের জন্যে সহজ, ততটুকু আবৃত্তি কর। তিনি জানেন তোমাদের মধ্যে কেউ কেউ অসুস্থ হবে, কেউ কেউ আল্লাহর অনুগ্রহ সন্ধানে দেশে-বিদেশে যাবে এবং কেউ কেউ আল্লাহর পথে জেহাদে লিপ্ত হবে। কাজেই কোরআনের যতটুকু তোমাদের জন্যে সহজ, ততটুকু আবৃত্তি কর। তোমরা নামায কায়ম কর, যাকাত দাও এবং আল্লাহকে উত্তম ঋণ দাও। তোমরা নিজেদের জন্যে যা কিছু অগ্রি পাঠাবে, তা আল্লাহর কাছে উত্তম আকারে এবং পুরস্কার হিসেবে বর্ধিতরূপে পাবে। তোমরা আল্লাহর কাছে ক্ষমাপ্রার্থনা কর। নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, দয়ালু।

إِنَّ رَبَّكَ يَعْلَمُ أَنَّكَ تَقُومُ أَدْنَىٰ مِنْ ثُلُثِي اللَّيْلِ وَنِصْفَهُ، وَثُلُثَهُ، وَطَائِفَةٌ مِّنَ الَّذِينَ مَعَكَ وَاللَّهُ يُقَدِّرُ اللَّيْلَ وَالنَّهَارَ عَلِمَ أَنْ لَّنْ نُحْصِيَهُ فَنَابَ عَلَيْكُمْ فَاقْرَأُوا مَا تيسَّرَ مِنَ الْقُرْآنِ عَلِمَ أَنْ سَيَكُونُ مِنكُمْ مَّرْضَىٰ وَءآخَرُونَ يَضْرِبُونَ فِي الْأَرْضِ يَبْتَغُونَ مِن فَضْلِ اللَّهِ وَءآخَرُونَ يَقْتَنُونَ فِي سَبِيلِ اللَّهِ فآقْرَأُوا مَا تيسَّرَ مِنْهُ وَأَقِيمُوا الصَّلَاةَ وَءآتُوا الزَّكَاةَ وَآقْرَضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا وَمَا تُقَدِّمُوا لِأَنفُسِكُمْ مِن خَيْرٍ مِّجْدُوهُ عِنْدَ اللَّهِ هُوَ خَيْرٌ وَأَعْظَمُ أَجْرًا وَاسْتَغْفِرُوا لِلَّهِ إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٢٠﴾

سُورَةُ الْمَدِينَةِ
بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
بَيِّنَاتٍ لِّلْمَدِينَةِ ﴿١﴾ قُرْآنٍ ذِكْرٍ ﴿٢﴾ وَرَبِّكَ فَكَبِيرٍ ﴿٣﴾ وَبَيِّنَاتٍ لِّفَطْحَمٍ ﴿٤﴾
وَالرَّجْرَفَاهُجْرٍ ﴿٥﴾ وَلَا تَمَنَّئَنَّ سَنَّاكِيْرٍ ﴿٦﴾ وَلِرَبِّكَ فَاصْبِرْ ﴿٧﴾
فَإِذَا نَقَرْنَا فِي النَّاقُورِ ﴿٨﴾ فَذَلِكَ يَوْمَئِذٍ يَوْمِ عَسِيرٍ ﴿٩﴾ عَلَى الْكَافِرِينَ
عَسِيرٍ يَسِيرٍ ﴿١٠﴾ ذَرْنِي وَمَنْ خَلَقْتُ وَجِيدًا ﴿١١﴾ وَجَعَلْتُ لَهُ مَا لَا
مَمْدُودًا ﴿١٢﴾ وَبَيْنَ شُهُودًا ﴿١٣﴾ وَمَهَّدْتُ لَهُ تَهْجِيدًا ﴿١٤﴾ ثُمَّ يَطْمَعُ
أَنْ يَرْبُدَ ﴿١٥﴾ كَلَّا إِنَّهُ كَانَ لِآيَاتِنَا عِينِدًا ﴿١٦﴾ سَأَرْهُقُهُ صَعُودًا ﴿١٧﴾

সূরা আল-মুদাস্‌সির

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৫৬

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ হে চাদরাবৃত্ত,
- ২ উঠুন, সতর্ক করুন,
- ৩ আপন পালনকর্তার মাহাত্ম্য ঘোষণা করুন,
- ৪ আপন পোশাক পবিত্র করুন
- ৫ এবং অপবিত্রতা থেকে দূরে থাকুন।
- ৬ অধিক প্রতিদানের আশায় অন্যকে কিছু দিবেন না।
- ৭ এবং আপনার পালনকর্তার উদ্দেশ্যে সবার করুন।

- ৪ যেদিন শিংগায় ফুঁক দেয়া হবে;
- ৯ সেদিন হবে কঠিন দিন,
- ১০ কাফেরদের জন্যে এটা সহজ নয়।
- ১১ যাকে আমি অনন্য করে সৃষ্টি করেছি, তাকে আমার হাতে ছেড়ে দিন।
- ১২ আমি তাকে বিপুল ধন-সম্পদ দিয়েছি।
- ১৩ এবং সদা সংগী পুত্রবর্গ দিয়েছি,
- ১৪ এবং তাকে খুব সচ্ছলতা দিয়েছি।
- ১৫ এরপরও সে আশা করে যে, আমি তাকে আরও বেশী দেই
- ১৬ কখনই নয়। সে আমার নিদর্শনসমূহের বিরুদ্ধাচরণকারী।
- ১৭ আমি সত্বরই তাকে শাস্তির পাহাড়ে আরোহণ করাব।

إِنَّهُ فَكَّرَ وَقَدَّرَ (١٨) فَقِيلَ كَيْفَ قَدَّرَ (١٩) ثُمَّ قِيلَ كَيْفَ قَدَّرَ (٢٠) ثُمَّ نَظَرَ (٢١) ثُمَّ عَبَسَ وَبَسَرَ (٢٢) ثُمَّ أَدْبَرَ وَاسْتَكْبَرَ (٢٣) فَقَالَ إِنْ هَذَا إِلَّا سِحْرٌ يُؤْتَرُ (٢٤) إِنْ هَذَا إِلَّا قَوْلُ الْبَشَرِ (٢٥) سَأَلِيهِ سَقَرَ (٢٦) وَمَا أَدْرَاكَ مَا سَقَرٌ (٢٧) لَا تُبْقِي وَلَا تَذَرُ (٢٨) الْوَاحَةَ لِلْبَشَرِ (٢٩) عَلَيْهَا تِسْعَةَ عَشَرَ (٣٠) وَمَا جَعَلْنَا أَحْسَبَ النَّارِ إِلَّا الْمَلَائِكَةَ وَمَا جَعَلْنَا عَدَتَهُمْ إِلَّا فِتْنَةً لِلَّذِينَ كَفَرُوا لِيَسْتَفِينَ الَّذِينَ أوتُوا الْكِتَابَ وَيزَادَ الَّذِينَ آمَنُوا إِيمَانًا وَلَا يَرْثَا بِلِلَّذِينَ أوتُوا الْكِتَابَ وَالْمُؤْمِنُونَ وَلِيَقُولَ الَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرَضٌ وَالْكَافِرُونَ مَاذَا أَرَادَ اللَّهُ بِهَذَا مَثَلًا كَذَلِكَ يُضِلُّ اللَّهُ مَن يَشَاءُ وَيَهْدِي مَن يَشَاءُ وَمَا يَعْلَمُ جُودَ رَبِّكَ إِلَّا هُوَ وَمَا هِيَ إِلَّا ذِكْرٌ لِلْبَشَرِ (٣١) كَلَّا وَالْقَمَرِ (٣٢) وَأَلَيْلٍ إِذْ أَدْبَرَ (٣٣) وَالصُّبْحِ إِذَا أَشْفَرَ (٣٤) إِنَّهَا لَإِحْدَى الْكَبَرِ (٣٥) نَذِيرٌ لِلْبَشَرِ (٣٦) لَمَن شَاءَ مِنكُمْ أَنْ يَتَقَدَّمَ أَوْ يَتَأَخَّرَ (٣٧) كُلُّ نَفْسٍ بِمَا كَسَبَتْ رَهينَةٌ (٣٨) إِلَّا أَصْحَابَ الْيَمِينِ (٣٩) فِي جَنَّتِ يَسَاءةً لَوْنٌ (٤٠) عَنِ الْمُجْرِمِينَ (٤١) مَا سَلَكَكُمْ فِي سَقَرٍ (٤٢) قَالُوا لَوْ أَنَّا كُنَّا مِنَ الْمُصَلِّينَ (٤٣) وَلَوْ نَكَ نَطْعِمُ الْمَسْكِينِ (٤٤) وَكُنَّا نَحْوُ مَعِ الْحَاطِئِينَ (٤٥) وَكُنَّا نَكْذِبُ بِيَوْمِ الدِّينِ (٤٦) حَتَّى أَتَانَا الْيَقِينُ (٤٧)

- 18 সে চিন্তা করেছে এবং মনগঞ্জির করেছে,
 19 ধ্বংস হোক সে, কিরূপে সে মনগঞ্জির করেছে,
 20 আবার ধ্বংস হোক সে, কিরূপে সে মনগঞ্জির করেছে!
 21 সে আবার দৃষ্টিপাত করেছে,
 22 অতঃপর সে অন্ধকৃষ্ণিত করেছে ও মুখ বিকৃত করেছে।
 23 অতঃপর পৃষ্ঠপ্রদর্শন করেছে ও অহংকার করেছে।
 24 এরপর বলেছেঃ এতো লোক পরম্পরায় প্রাপ্ত জাদু বৈ নয়,
 25 এতো মানুষের উক্তি বৈ নয়।
 26 আমি তাকে দাখিল করব অগ্নিতে।
 27 আপনি কি জানেন অগ্নি কি?
 28 এটা অক্ষত রাখবে না এবং ছাড়বেও না
 29 মানুষকে দক্ষ করবে।

30 এর উপর নিয়োজিত আছে উনিশ জন ফেরেশতা।

31 আমি জাহান্নামের তত্ত্বাবধায়ক ফেরেশতাই রেখেছি। আমি কাফেরদেরকে পরীক্ষা করার জন্যেই তার এই সংখ্যা করেছি— যাতে কিতাবধারীরা দৃঢ়বিশ্বাসী হয়, মুমিনদের ঈমান বৃদ্ধি পায় এবং কিতাবীরা ও মুমিনগণ সন্দেহ পোষণ না করে এবং যাতে যাদের অন্তরে রোগ আছে, তারা এবং কাফেররা বলে যে, আল্লাহ এর দ্বারা কি বোঝাতে চেয়েছেন। এমনিভাবে আল্লাহ যাকে ইচ্ছা পথভ্রষ্ট করেন এবং যাকে ইচ্ছা সৎপথে চালান। আপনার পালনকর্তার বাহিনী সম্পর্কে একমাত্র তিনিই জানেন। এটা তো মানুষের জন্যে উপদেশ বৈ নয়।

32 কখনই নয়। চন্দ্রের শপথ,

33 শপথ রাত্রি যখন তার অবসান হয়,

34 শপথ প্রভাতকালের যখন তা আলোকোদ্ভাসিত হয়,

35 নিশ্চয় জাহান্নাম গুরুতর বিপদসমূহের অন্যতম,

36 মানুষের জন্যে সতর্ককারী

37 তোমাদের মধ্যে যে সামনে অগ্রসর হয় অথবা পশ্চাতে থাকে।

38 প্রত্যেক ব্যক্তি তার কৃতকর্মের জন্য দায়;

39 কিন্তু ডানদিকস্থরা,

40 তারা থাকবে জান্নাতে এবং পরস্পরে জিজ্ঞাসাবাদ করবে

41 অপরাধীদের সম্পর্কে

42 বলবেঃ তোমাদেরকে কিসে জাহান্নামে নীত করেছে?

43 তারা বলবেঃ আমরা নামায পড়তাম না,

44 অভাবগ্রস্তকে আহার্য দিতাম না,

45 আমরা সমালোচকদের সাথে সমালোচনা করতাম

46 এবং আমরা প্রতিফল দিবসকে অস্বীকার করতাম

47 আমাদের মৃত্যু পর্যন্ত।

48 অতএব সুপারিশকারীদের সুপারিশ তাদের কোন উপকারে আসবে না।

49 তাদের কি হল যে, তারা উপদেশ থেকে মুখ ফিরিয়ে নেয়।

50 যেন তারা ইতস্ততঃ বিক্ষিপ্ত গর্দভ

51 হট্টগোলের কারণে পলায়নপর।

52 বরং তাদের প্রত্যেকেই চায় তাদের প্রত্যেককে একটি উনুজ্ঞ গ্রস্থ দেয়া হোক।

53 কখনও না, বরং তারা পরকালকে ভয় করে না।

54 কখনও না, এটা তো উপদেশমাত্র।

55 অতএব, যার ইচ্ছা, সে একে স্মরণ করুক।

56 তারা স্মরণ করবে না, কিন্তু যদি আল্লাহ্ চান। তিনিই ভয়ের যোগ্য এবং ক্ষমার অধিকারী।

সূরা আল-কেয়ামাহ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৪০

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- 1 আমি শপথ করি কেয়ামত দিবসের,
- 2 আরও শপথ করি সেই মনের, যে নিজেকে ধিক্কার দেয়—
- 3 মানুষ কি মনে করে যে, আমি তার অস্তিসমূহ একত্রিত করব না?
- 4 পরন্তু আমি তার অংগুলিগুলো পর্যন্ত সঠিকভাবে সন্নিবেশিত করতে সক্ষম।
- 5 বরং মানুষ তার ভবিষ্যত জীবনেও ধৃষ্টতা করতে চায়;
- 6 সে প্রশ্ন করে— কেয়ামত দিবস কবে?
- 7 যখন দৃষ্টি চমকে যাবে,
- 8 চন্দ্র জ্যোতিহীন হয়ে যাবে।
- 9 এবং সূর্য ও চন্দ্রকে একত্রিত করা হবে—
- 10 সে দিন মানুষ বলবেঃ পলায়নের জায়গা কোথায়?

فَمَا نَنْفَعُهُمْ شَفَعَةُ الشَّافِعِينَ ﴿٤٨﴾ فَمَا لَهُمْ عَنِ التَّذْكَرَةِ مُعْرِضِينَ ﴿٤٩﴾ كَانَهُمْ حُمْرٌ مُّسْتَنْفِرَةٌ ﴿٥٠﴾ فَرَّتْ مِنْ قَسْوَرَةٍ ﴿٥١﴾ بَلْ يُرِيدُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ أَنْ يُؤْتَىٰ صُحُفًا مُّنشَرَةً ﴿٥٢﴾ كَلَّا بَلْ لَا يَخَافُونَ الْآخِرَةَ ﴿٥٣﴾ كَلَّا إِنَّهُ تَذَكَّرٌ ﴿٥٤﴾ فَمَنْ شَاءَ ذَكَرْهُ ﴿٥٥﴾ وَمَا يَذْكُرُونَ إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ هُوَ أَهْلُ النَّقْوَىٰ وَأَهْلُ الْغَفْوَةِ ﴿٥٦﴾

سُورَةُ الْقِيَامَةِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

لَا أَقِيمُ يَوْمَ الْقِيَامَةِ ﴿١﴾ وَلَا أَقِيمُ بِالنَّفْسِ اللَّوَامَةِ ﴿٢﴾ أَلَيْسَ لِلْإِنْسَانِ أَلَنٌ يَّجْمَعُ عِظَامَهُ ﴿٣﴾ بَلْ قَدَرِينَ عَلَيَّ أَنْ نُسَوِّيَ بَنَانَهُ ﴿٤﴾ بَلْ يُرِيدُ الْإِنْسَانُ لِيَفْجُرْ أَمَامَهُ ﴿٥﴾ يَسْتَلْ يَا أَيُّهَا الْيَوْمِ الْقِيَامَةِ ﴿٦﴾ فَإِذَا رَأَى الْبَصُرُ ﴿٧﴾ وَخَسَفَ الْقَمَرُ ﴿٨﴾ وَجُمِعَ الشَّمْسُ وَالْقَمَرُ ﴿٩﴾ يَقُولُ الْإِنْسَانُ يَوْمَئِذٍ ﴿١٠﴾ أَيْنَ الْمَفْرُجُ ﴿١١﴾ كَلَّا لَا وَزَرَ ﴿١٢﴾ إِلَىٰ رَبِّكَ يَوْمَئِذٍ الْمُسْتَفْرَضُونَ ﴿١٣﴾ يَبْتَغُوا الْإِنْسَانَ يَوْمَئِذٍ بِمَا قَدَّمَ وَأَخَّرَ ﴿١٤﴾ بَلِ الْإِنْسَانُ عَلَىٰ نَفْسِهِ بَصِيرَةٌ ﴿١٥﴾ وَلَوْ أَلْقَىٰ مَعَاذِرَهُ ﴿١٦﴾ لَا تُحْرَكُ بِهِ لِسَانُكَ لِتَتَعَجَّلَ بِهِ ﴿١٧﴾ إِنْ عَلَيْنَا جَمْعَهُ ﴿١٨﴾ وَقَوْلَهُ ﴿١٩﴾ فَإِذَا قَرَأْتَهُ فَانصَبْ قُرْآنَهُ ﴿٢٠﴾ ثُمَّ إِنْ عَلَيْنَا بَيَانَهُ ﴿٢١﴾

- 11 না কোথাও আশ্রয়স্থল নেই।
- 12 আপনার পালনকর্তার কাছেই সেদিন ঠাই হবে।
- 13 সেদিন মানুষকে অবহিত করা হবে সে যা সামনে প্রেরণ করেছে ও পশ্চাতে ছেড়ে দিয়েছে।
- 14 বরং মানুষ নিজেই তার নিজের সম্পর্কে চক্ষুস্মান।
- 15 যদিও সে তার অজুহাত পেশ করতে চাইবে।
- 16 তাড়াতাড়ি শিখে নেয়ার জন্যে আপনি দ্রুত ওহী আবৃত্তি করবেন না।
- 17 এর সংরক্ষণ ও পাঠ আমারই দায়িত্ব।
- 18 অতঃপর আমি যখন তা পাঠ করি, তখন আপনি সেই পাঠের অনুসরণ করুন।
- 19 এরপর বিশদ বর্ণনা আমারই দায়িত্ব।

كَلَّا بَلْ تُحِبُّونَ الْعَاجِلَةَ ﴿٢٠﴾ وَتَذَرُونَ الْآخِرَةَ ﴿٢١﴾ وَجُوهٌ يَوْمَئِذٍ نَّاصِرَةٌ ﴿٢٢﴾
 إِلَىٰ رَبِّهَا نَاطِرَةٌ ﴿٢٣﴾ وَجُوهٌ يَوْمَئِذٍ بَاسِرَةٌ ﴿٢٤﴾ تَطَّانُ أَنْ يَشْعَلَ بِهَا فَاقِرَةٌ ﴿٢٥﴾
 كَلَّا إِذَا بَلَغَتِ التَّرَافِيَ ﴿٢٦﴾ وَقِيلَ مِنْ رَاقٍ ﴿٢٧﴾ وَظَنَّ أَنَّهُ الْفِرَاقُ ﴿٢٨﴾ وَالنَّفْسَ
 السَّاقِطَ بِالْإِسَاقِ ﴿٢٩﴾ إِلَىٰ رَبِّكَ يَوْمَئِذٍ الْمَسَاقُ ﴿٣٠﴾ فَلَا صَدَقَ وَلَا صَلَّىٰ
 ﴿٣١﴾ وَلَكِنْ كَذَّبَ وَتَوَلَّىٰ ﴿٣٢﴾ ثُمَّ ذَهَبَ إِلَىٰ أَهْلِهِ يَتَمَطَّىٰ ﴿٣٣﴾ أَوْلَىٰ لَكَ
 فَأَوْلَىٰ ﴿٣٤﴾ ثُمَّ أَوْلَىٰ لَكَ فَأَوْلَىٰ ﴿٣٥﴾ أَيَحْسَبُ الْإِنْسَانُ أَنْ يُتْرَكَ سُدًى ﴿٣٦﴾
 أَلَمْ يَكُنْ لَكُمْ نَفْثَةٌ مِنْ مَنَىٰ يَمُنُّ ﴿٣٧﴾ ثُمَّ كَانَ عَلَقَةً فَخَلَقَ فَسَوَّىٰ ﴿٣٨﴾ فَجَعَلْنَاهُ
 الذَّرِيَّةَ الْوَجِينَ الذَّكَرَ وَالْأُنثَىٰ ﴿٣٩﴾ أَلَيْسَ ذَلِكَ بِقَدِرٍ عَلَيَّ أَنْ يُحْيِيَ الْمَوْتَىٰ ﴿٤٠﴾

سُورَةُ الْإِنْسَانِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

هَلْ أَتَىٰ عَلَى الْإِنْسَانِ حِينٌ مِّنَ الدَّهْرِ لَمْ يَكُنْ شَيْئًا مَّذْكُورًا ﴿١﴾
 إِنَّا خَلَقْنَا الْإِنْسَانَ مِنْ نُّطْفَةٍ أَمْشَاجٍ نَّبْتَلِيهِ فَجَعَلْنَاهُ سَمِيعًا
 بَصِيرًا ﴿٢﴾ إِنَّا هَدَيْنَاهُ السَّبِيلَ إِمَّا شَاكِرًا وَإِمَّا كَفُورًا ﴿٣﴾
 إِنَّا أَعْتَدْنَا لِلْكَافِرِينَ سَكِينًا وَغَلَاظًا وَسَعِيرًا ﴿٤﴾ إِنَّ
 الْأَبْرَارَ يَشْرَبُونَ مِن كَأْسٍ كَانَ مِزَاجُهَا كَافُورًا ﴿٥﴾

- ২০ কখনও না, বরং তোমরা পার্থিব জীবনকে ভালবাস
- ২১ এবং পরকালকে উপেক্ষা কর।
- ২২ সেদিন অনেক মুখমণ্ডল উজ্জ্বল হবে।
- ২৩ তারা তাদের পালনকর্তার দিকে তাকিয়ে থাকবে।
- ২৪ আর অনেক মুখমণ্ডল সেদিন উদাস হয়ে পড়বে।
- ২৫ তারা ধারণা করবে যে, তাদের সাথে কোমর-ভাঙ্গা আচরণ করা হবে।
- ২৬ কখনও না, যখন প্রাণ কণ্ঠাগত হবে।
- ২৭ এবং বলা হবে, কে বাড়বে
- ২৮ এবং সে মনে করবে যে, বিদায়ের ক্ষণ এসে গেছে

- ২৯ এবং গোছা গোছার সাথে জড়িত হয়ে যাবে।
- ৩০ সে বিশ্বাস করেনি এবং নামায পড়েনি;
- ৩১ পরন্তু মিথ্যারোপ করেছে ও পৃষ্ঠ প্রদর্শন করেছে।
- ৩২ অতঃপর সে দম্ভভরে পরিবার-পরিজনের নিকট ফিরে গিয়েছে।
- ৩৩ তোমার দুর্ভোগের উপর দুর্ভোগ!
- ৩৪ অতঃপর তোমার দুর্ভোগের উপর দুর্ভোগ।
- ৩৫ মানুষ কি মনে করে যে, তাকে এমনি ছেড়ে দেয়া হবে?
- ৩৬ সে কি স্থলিত বীর্য ছিল না?
- ৩৭ অতঃপর সেছিল রক্তপিণ্ড, অতঃপর আল্লাহ তাকে সৃষ্টি করেছেন এবং সুবিন্যস্ত করেছেন।
- ৩৮ অতঃপর তা থেকে সৃষ্টি করেছেন যুগল-নর ও নারী।
- ৩৯ তবুও কি সেই আল্লাহ মৃতদেরকে পুনরায় জীবিত করতে সক্ষম নন?

সূরা আদ-দাহর

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৩১

- পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি
- ১ মানুষের উপর এমন কিছু সময় অতিবাহিত হয়েছে যখন সে উল্লেখযোগ্য কিছু ছিল না।
- ২ আমি মানুষকে সৃষ্টি করেছি মিশ্র শুক্রবিন্দু থেকে এভাবে যে, তাকে পরীক্ষা করব। অতঃপর তাকে করে দিয়েছি শ্রবণ ও দৃষ্টিশক্তিসম্পন্ন।
- ৩ আমি তাকে পথ দেখিয়ে দিয়েছি। এখন সে হয় কৃতজ্ঞ হয়, না হয় অকৃতজ্ঞ হয়।
- ৪ আমি অবিশ্বাসীদের জন্যে প্রস্তুত রেখেছি শিকল, বেড়ি ও প্রজ্বলিত অগ্নি।
- ৫ নিশ্চয়ই সৎকর্মশীলরা পান করবে কাফুর মিশ্রিত পানপাত্র।

৬ এটা একটি বারণা, যা থেকে আল্লাহর বান্দাগণ পান করবে- তারা একে প্রবাহিত করবে।

৭ তারা মান্নাত পূর্ণ করে এবং সেদিনকে ভয় করে, যদিনের অনিষ্ট হবে সুদূরপ্রসারী।

৮ তারা আল্লাহর ভালবাসায় অভাবগস্ত, এতীম ও বন্দীকে আহার্য দান করে।

৯ তারা বলেঃ কেবল আল্লাহর সন্তুষ্টির জন্যে আমরা তোমাদেরকে আহার্য দান করি এবং তোমাদের কাছে কোন প্রতিদান ও কৃতজ্ঞতা কামনা করি না।

১০ আমরা আমাদের পালনকর্তার তরফ থেকে এক ভীতিপ্রদ ভয়ংকর দিনের ভয় রাখি।

১১ অতঃপর আল্লাহ তাদেরকে সেদিনের অনিষ্ট থেকে রক্ষা করবেন এবং তাদেরকে দিবেন সজীবতা ও আনন্দ।

১২ এবং তাদের সবরের প্রতিদানে তাদেরকে দিবেন জান্নাত ও রেশমী পোশাক।

১৩ তারা সেখানে সিংহাসনে হেলান দিয়ে বসবে। সেখানে রৌদ্র ও শৈত্য অনুভব করবে না।

১৪ তার বৃক্ষছায়া তাদের উপর ঝুঁকে থাকবে এবং তার ফলসমূহ তাদের আয়ত্তাধীন রাখা হবে।

১৫ তাদেরকে পরিবেশন করা হবে রূপার পাত্রে এবং স্ফটিকের মত পানপাত্রে

১৬ রূপালী স্ফটিক পাত্রে-পরিবেশনকারীরা তা পরিমাপ করে পূর্ণ করবে।

১৭ তাদেরকে সেখানে পান করানো হবে 'যানজাবীল' মিশ্রিত পানপাত্র।

১৮ এটা জান্নাতস্থিত 'সালসাবীল' নামক একটি বারণা।

১৯ তাদের কাছে ঘোরাফেরা করবে চির কিশোরগণ। আপনি তাদেরকে দেখে মনে করবেন যেন বিক্ষিপ্ত মণি-মুক্তা।

২০ আপনি যখন সেখানে দেখবেন, তখন নেয়ামতরাজি ও বিশাল রাজ্য দেখতে পাবেন।

عَيْنَا يَشْرَبُ بِهَا عِبَادَ اللَّهِ يُفَجِّرُونَهَا تَفْجِيرًا ﴿٦﴾ يُوفُونَ بِالْغَدْرِ وَغَابِرُونَ
يَوْمًا كَانَتْ شَرُّهُ مُسْتَطِيرًا ﴿٧﴾ وَيُطْعَمُونَ فِيهَا بِطَعَامٍ عَلِيٍّ مِثْلَ مَسْكِينًا
وَيَسْمَاوُ أُسْبِرًا ﴿٨﴾ إِنَّمَا نَطْعَمُكُمْ لَوَجْهِ اللَّهِ لَا نُزِيدُكُمْ جَزَاءً وَلَا نُشْكُرُكُمْ
﴿٩﴾ إِنَّا نَخَافُ مِنْ رَبِّنَا يَوْمًا عَبُوسًا قَطَطِيرًا ﴿١٠﴾ فَوْقَهُمْ اللَّهُ شَرُّ ذَلِكَ
الْيَوْمِ وَلَقَّهْمَ نَضْرَةً وَسُرُورًا ﴿١١﴾ وَجَزَّهْمُ بِمَا صَبَرُوا جَنَّةً وَحَرِيرًا
﴿١٢﴾ مُتَّكِنِينَ فِيهَا عَلَى الْأَرْبَابِ لَا يَرُونَ فِيهَا شُمْسًا وَلَا زَمْهَرِيرًا ﴿١٣﴾
وَدَانِيَةً عَلَيْهِمْ ظِلُّهَا وَذُلَّتْ قُطُوفُهَا نَذِيلًا ﴿١٤﴾ وَيُطَافُ عَلَيْهِمْ بِمَانِيَةٍ
مِنْ فِضَّةٍ وَأَكْوَابٍ كَانَتْ قَوَارِيرًا ﴿١٥﴾ قَوَارِيرًا مِنْ فِضَّةٍ قَدَّرُوهَا تَقْدِيرًا ﴿١٦﴾
وَيُسْقَوْنَ فِيهَا كَأْسًا كَانَتْ مِنْ أَرْجَافٍ زَبِجِيًّا ﴿١٧﴾ عَيْنَا فِيهَا تُسَمَّى سَلْسَبِيلًا
﴿١٨﴾ وَيُطَوَّفُ عَلَيْهِمْ وَلَدَانٌ مُخَلَّدُونَ إِذَا رَأَيْتَهُمْ حَسِبْتَهُمْ لُؤْلُؤًا مَنُورًا
﴿١٩﴾ وَإِذَا رَأَيْتَ ثَمَّ رَأَيْتَ نَعِيمًا وَمَلَكًا كَرِيمًا ﴿٢٠﴾ عَلَيْهِمْ فِيهَا ثِيَابٌ سُنْدُسٍ
خِضْرٌ حُمْرٌ وَسَبْرٌ وَحُلُوعٌ أَسْوَدٌ مِنْ فِضَّةٍ وَسَقَمَهُمْ رَبُّهُمْ شَرَابًا
طَهُورًا ﴿٢١﴾ إِنَّ هَذَا كَانَ لَكُمْ جَزَاءً وَكَانَ سَعْيَكُمْ مَشْكُورًا ﴿٢٢﴾ إِنَّا
نَحْنُ نَزَّلْنَا عَلَيْكَ الْقُرْآنَ نَنْزِيلًا ﴿٢٣﴾ فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تُطِيعْ
مَنْهُمْ إِنَّمَا أَوْكَفَرُوا ﴿٢٤﴾ وَاذْكُرِ اسْمَ رَبِّكَ بُكْرَةً وَأَصِيلًا ﴿٢٥﴾

২১ তাদের আবরণ হবে চিকন সবুজ রেশম ও মোটা সবুজ রেশম এবং তাদেরকে পরিধান করানো হবে রৌপ্য নির্মিত কংকণ এবং তাদের পালনকর্তা তাদেরকে পান করাবেন 'শরাবান-তহুরা'।

২২ এটা তোমাদের প্রতিদান। তোমাদের প্রচেষ্টা স্বীকৃতি লাভ করেছে।

২৩ আমি আপনার প্রতি পর্যায়ক্রমে কোরআন নাযিল করেছি।

২৪ অতএব, আপনি আপনার পালনকর্তার আদেশের জন্যে ধৈর্য সহকারে অপেক্ষা করুন এবং ওদের মধ্যকার কোন পাপিষ্ঠ ও কাফেরের আনুগত্য করবেন না।

২৫ এবং সকাল-সন্ধ্যায় আপন পালনকর্তার নাম স্মরণ করুন।

وَمِنَ اللَّيْلِ فَاسْجُدْ لَهُ، وَسَبِّحْهُ لَيْلًا طَوِيلًا ﴿٢٦﴾ إِنَّ هَؤُلَاءِ يُحِبُّونَ الْعَاجِلَةَ وَيَذُرُونَ وَرَاءَهُمْ يَوْمًا ثَقِيلًا ﴿٢٧﴾ خَلَقْنَاهُمْ وَشَدَدْنَا أَسْرَهُمْ وَإِذَا شِئْنَا بَدَّلْنَا أَمْثَلَهُمْ تَبْدِيلًا ﴿٢٨﴾ إِنَّ هَذِهِ تَذْكَرَةٌ فَمَنْ شَاءَ اتَّخَذْ إِلَىٰ رَبِّهِ سَبِيلًا ﴿٢٩﴾ وَمَا نَشَاءُ وَلَا إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا ﴿٣٠﴾ يُدْخِلُ مَنْ يَشَاءُ فِي رَحْمَتِهِ وَالظَّالِمِينَ أَعَدَّ لَهُمْ عَذَابًا أَلِيمًا ﴿٣١﴾

سُورَةُ الْمُرْسَلَاتِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
وَالْمُرْسَلَاتِ عُرْفًا ﴿١﴾ فَأَلْصَقْنَ عَصْفًا ﴿٢﴾ وَالنَّشْرَتِ نَشْرًا ﴿٣﴾
فَالْفَرْقَتِ فَرًّا ﴿٤﴾ فَأَلْمَلَقَتِ ذِكْرًا ﴿٥﴾ عُدْرًا أَوْ نَذْرًا ﴿٦﴾ إِنَّهَا
تُوعَدُونَ لَوَاقِعٌ ﴿٧﴾ فَإِذَا النَّجْمُ طُمِسَتْ ﴿٨﴾ وَإِذَا السَّمَاءُ فُرِجَتْ ﴿٩﴾
وَإِذَا الْجِبَالُ سُيِّفَتْ ﴿١٠﴾ وَإِذَا الرَّسُلُ أُفَّتَتْ ﴿١١﴾ لِأَيِّ يَوْمٍ أُجِّلَتْ ﴿١٢﴾
لِيَوْمِ الْفَصْلِ ﴿١٣﴾ وَمَا أَدْرَاكَ مَا يَوْمُ الْفَصْلِ ﴿١٤﴾ وَبَلِّ يَوْمَئِذٍ
لِلْمُكَذِّبِينَ ﴿١٥﴾ أَلَمْ تَنْهَكِ الْأَوْلِينَ ﴿١٦﴾ ثُمَّ نَبِّئْهُمْ الْآخِرِينَ ﴿١٧﴾
كَذَلِكَ نَفْعُ الْإِجْرِمِينَ ﴿١٨﴾ وَبَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ﴿١٩﴾

- ২৬ রাত্রির কিছু অংশে তাঁর উদ্দেশ্যে সেজ্জদা করুন এবং রাত্রির দীর্ঘ সময় তাঁর পবিত্রতা বর্ণনা করুন।
- ২৭ নিশ্চয় এরা পার্থিব জীবনকে ভালবাসে এবং এক কঠিন দিবসকে পশ্চাতে ফেলে রাখে।
- ২৮ আমি তাদেরকে সৃষ্টি করেছি এবং মজবুত করেছি তাদের গঠন। আমি যখন ইচ্ছা করব, তখন তাদের পরিবর্তে তাদের অনুরূপ লোক আনব।
- ২৯ এটা উপদেশ, অতএব যার ইচ্ছা হয় সে তার পালনকর্তার পথ অবলম্বন করুক।
- ৩০ আল্লাহর অভিপ্রায় ব্যতিরেকে তোমরা অন্য কোন অভিপ্রায় পোষণ করবে না। আল্লাহ্ সর্বজ্ঞ প্রজ্ঞাময়।
- ৩১ তিনি যাকে ইচ্ছা তাঁর রহমতে দাখিল করেন। আর যালেমদের জন্যে তো প্রস্তুত রেখেছেন মর্মস্তুদ শাস্তি।

সূরা আল-মুরসালাত

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৫০

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ কল্যাণের জন্যে প্রেরিত বায়ুর শপথ,
- ২ সজোরে প্রবাহিত বাটিকার শপথ,
- ৩ মেঘ বিস্তৃতকারী বায়ুর শপথ,
- ৪ মেঘপুঞ্জ বিতরণকারী বায়ুর শপথ এবং
- ৫ ওহী নিয়ে অবতরণকারী ফেরেশতাগণের শপথ—
- ৬ ওযর-আপত্তির অবকাশ না রাখার জন্যে অথবা সতর্ক করার জন্যে
- ৭ নিশ্চয়ই তোমাদেরকে প্রদত্ত ওয়াদা বাস্তবায়িত হবে।
- ৮ অতঃপর যখন নক্ষত্রসমূহ নির্বাপিত হবে,
- ৯ যখন আকাশ ছিদ্রযুক্ত হবে,
- ১০ যখন পর্বতমালাকে উড়িয়ে দেয়া হবে এবং
- ১১ যখন রসূলগণের একত্রিত হওয়ার সময় নিরূপিত হবে,
- ১২ এসব বিষয় কোন্ দিবসের জন্যে স্থগিত রাখা হয়েছে?
- ১৩ বিচার দিবসের জন্যে।
- ১৪ আপনি জানেন বিচার দিবস কি?
- ১৫ সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।
- ১৬ আমি কি পূর্ববর্তীদেরকে ধ্বংস করিনি?
- ১৭ অতঃপর তাদের পশ্চাতে প্রেরণ করব পরবর্তীদেরকে।
- ১৮ অপরাধীদের সাথে আমি এরূপই করে থাকি।
- ১৯ সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।

20 আমি কি তোমাদেরকে তুচ্ছ পানি থেকে সৃষ্টি করিনি?

21 অতঃপর আমি তা রেখেছি এক সংরক্ষিত আধারে,

22 এক নির্দিষ্টকাল পর্যন্ত,

23 অতঃপর আমি পরিমিত আকারে সৃষ্টি করেছি, আমি কত সক্ষম স্রষ্টা?

24 সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।

25 আমি কি পৃথিবীকে সৃষ্টি করিনি ধারণকারীরূপে,

26 জীবিত ও মৃতদেরকে?

27 আমি তাতে স্থাপন করেছি মজবুত সুউচ্চ পর্বতমালা এবং পান করিয়েছি তোমাদেরকে তৃষ্ণা নিবারণকারী সুপেয় পানি।

28 সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।

29 চল তোমরা তারই দিকে, যাকে তোমরা মিথ্যা বলতে।

30 চল তোমরা তিন কুণ্ডলীবিশিষ্ট ছায়ার দিকে,

31 যে ছায়া সুনিবিড় নয় এবং অগ্নির উত্তাপ থেকে রক্ষা করে না।

32 এটা অট্টালিকা সদৃশ বৃহৎ স্কুলিংগ নিক্ষেপ করবে।

33 যেন সে পীতবর্ণ উল্লশ্রেণী।

34 সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।

35 এটা এমন দিন, যেদিন কেউ কথা বলবে না।

36 এবং কাউকে তওবা করার অনুমতি দেয়া হবে না।

37 সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।

38 এটা বিচার দিবস, আমি তোমাদেরকে এবং তোমাদের পূর্ববর্তীদেরকে একত্রিত করেছি।

39 অতএব, তোমাদের কোন অপকৌশল থাকলে তা প্রয়োগ কর আমার কাছে।

40 সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।

41 নিশ্চয় আল্লাহ্‌ভীরুরা থাকবে ছায়ায় এবং প্রস্রবণসমূহে—

أَلَمْ نَخْلُقْكُمْ مِنْ مَّاءٍ مَّهِينٍ ۚ فَجَعَلْنَاهُ فِي قَرَارٍ مَكِينٍ ۙ إِلَى قَدْرٍ مَّعْلُومٍ ۙ فَقَدَرْنَا فَنِعْمَ الْقَدِيرُونَ ۙ وَيَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ۙ أَلَمْ نَجْعَلِ الْأَرْضَ كِفَاتًا ۙ أَحْيَاءَ وَأَمْوَاتًا ۙ وَجَعَلْنَا فِيهَا رِوْسَىٰ شَمِخَاتٍ وَأَسْقَيْنَاكُمْ مَاءً فَرَاتًا ۙ وَيَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ۙ أَنْظِفُوا إِلَىٰ مَا كُنْتُمْ بِهِ تُكَذِّبُونَ ۙ أَنْظِفُوا إِلَىٰ ظِلِّ ذِي ثُلُثِ شُعْبٍ ۙ لَا ظَلِيلٍ وَلَا يُغْنِي مِنَ الْهَلَبِ ۙ إِنَّهَا تَرَىٰ بِشَكْرِ كَالْقَصْرِ ۙ كَأَنَّهُ جُمَلَةٌ صَفْرٌ ۙ وَيَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ۙ هَذَا يَوْمٌ لَا يَنْطِقُونَ ۙ وَلَا يُؤْذَنُ لَهُمْ فَيَعْتَذِرُونَ ۙ وَيَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ۙ هَذَا يَوْمُ الْفَصْلِ جَمَعْنَاكُمْ وَالْأُولَىٰ ۙ فَإِنْ كَانَ لَكُمْ كَيْدٌ فَكِيدُوا ۙ وَيَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ۙ إِنَّ الْمُتَفِينِ فِي ظِلِّ وَعُيُونٍ ۙ وَفَوَكَهَهُمْ مِمَّا يَشْتَهُونَ ۙ كُلُّوْا وَأَشْرَبُوا هَنِيئًا بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ ۙ إِنَّكَ كَذَلِكَ بِنَجْمِ الْمُحْسِنِينَ ۙ وَيَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ۙ كُلُّوْا وَتَمَنَعُوا فَلْيَلَا إِلَيْكُمْ جُحُومٌ ۙ وَيَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ۙ وَإِذَا قِيلَ لَهُمْ ارْكَعُوا لَا يَرْكَعُونَ ۙ وَيَلِّ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ۙ فَبِأَيِّ حَدِيثٍ بَعْدَهُ يُؤْمِنُونَ ۙ

42 এবং তাদের বাঞ্ছিত ফল-মূলের মধ্যে।

43 বলা হবেঃ তোমরা যা করতে তার বিনিময়ে তৃপ্তির সাথে পানাহার কর।

44 এভাবেই আমি সৎকর্মশীলদেরকে পুরস্কৃত করে থাকি।

45 সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।

46 কাফেরগণ, তোমরা কিছুদিন খেয়ে নাও এবং ভোগ করে নাও।

48 যখন তাদেরকে বলা হয়, নত হও, তখন তারা নত হয় না।

49 সেদিন মিথ্যারোপকারীদের দুর্ভোগ হবে।

50 এখন কোন্ কথায় তারা এরপর বিশ্বাস স্থাপন করবে?

سُورَةُ النَّبَاِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

عَمَّ يَتَسَاءَلُونَ ﴿١﴾ عَنِ النَّبَاِ الْعَظِيْمِ ﴿٢﴾ الَّذِي هُوَ فِيهِ يُخْتَلَفُونَ ﴿٣﴾
 كَلَّا سَيَعْلَمُونَ ﴿٤﴾ ثُمَّ كَلَّا سَيَعْلَمُونَ ﴿٥﴾ اَلَمْ نَجْعَلِ الْاَرْضَ مَهْدًا ﴿٦﴾
 وَالْجِبَالَ اَوْتَادًا ﴿٧﴾ وَخَلَقْنَاكُمْ اَزْوَاجًا ﴿٨﴾ وَجَعَلْنَا تَوْمَكُمْ سُبَّانًا ﴿٩﴾
 وَجَعَلْنَا اَيْلًا لِّبَاسًا ﴿١٠﴾ وَجَعَلْنَا النَّهَارَ مَعَاشًا ﴿١١﴾ وَبَيَّنَّا
 فَوْقَكُمْ سَبْعًا شِدَادًا ﴿١٢﴾ وَجَعَلْنَا سِرَاجًا وَهَاجًا ﴿١٣﴾ وَاَنْزَلْنَا
 مِنَ الْمُعْصِرَاتِ مَاءً ثَجَّاجًا ﴿١٤﴾ لِنُخْرِجَ بِهِ حَبًّا وَنَبَاتًا ﴿١٥﴾ وَجَعَلْنَا
 الْاَلْفَاقَ ﴿١٦﴾ اِنَّ يَوْمَ الْفَصْلِ كَانَ مِيقَاتًا ﴿١٧﴾ يَوْمَ يُفْخَعُ فِي الصُّورِ
 فَنَّا تُونَ اَفْوَاجًا ﴿١٨﴾ وَفُتِحَتِ السَّمَاءُ فَكَانَتْ اَبْوَابًا ﴿١٩﴾ وَسُيِّرَتِ
 الْجِبَالُ فَكَانَتْ سَرَابًا ﴿٢٠﴾ اِنَّ جَهَنَّمَ كَانَتْ مِرْصَادًا ﴿٢١﴾ لِلطَّٰغِيْنَ
 مَنَابًا ﴿٢٢﴾ لِّيَشِيْنَ فِيهَا اَحْقَابًا ﴿٢٣﴾ لَا يَدْخُلُوْنَ فِيهَا رَبِّدًا وَلَا شُرَابًا ﴿٢٤﴾
 اِلَّا حَمِيمًا وَعَسَافًا ﴿٢٥﴾ جَزَاءً وَّفَاقًا ﴿٢٦﴾ اِنَّهُمْ كَانُوْا
 لَا يَرْجُوْنَ حِسَابًا ﴿٢٧﴾ وَكَذَّبُوْا بِآيٰتِنَا كِذَابًا ﴿٢٨﴾ وَكُلَّ شَيْءٍ
 اَحْصَيْنَاهُ كِتٰبًا ﴿٢٩﴾ فَذُوقُوْا اَلْنَ زَيْدِكُمْ اِلَّا عَذَابًا ﴿٣٠﴾

সূরা আন- নাবা

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৪০

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ তারা পরস্পরে কি বিষয়ে জিজ্ঞাসাবাদ করছে?
- ২ মহা সংবাদ সম্পর্কে,
- ৩ যে সম্পর্কে তারা মতানৈক্য করে।
- ৪ না, সত্যই তারা জানতে পারবে,
- ৫ অতঃপর না, সত্য তারা জানতে পারবে।
- ৬ আমি কি করিনি ভূমিকে বিছানা
- ৭ এবং পর্বতমালাকে পেরেক?
- ৮ আমি তোমাদেরকে জোড়া জোড়া সৃষ্টি করেছি,
- ৯ তোমাদের নিদ্রাকে করেছি ক্লাস্তি দূরকারী,
- ১০ রাত্রিকে করেছি আবরণ

১১ দিনকে করেছি জীবিকা অর্জনের সময়,

১২ নির্মাণ করেছি তোমাদের মাথার উপর মজবুত
সপ্ত-আকাশ

১৩ এবং একটি উজ্জ্বল প্রদীপ সৃষ্টি করেছি

১৪ আমি জলধর মেঘমালা থেকে প্রচুর বৃষ্টিপাত
করি,

১৫ যাতে তদ্বারা উৎপন্ন করি শস্য, উদ্ভিদ।

১৬ ও পাতাঘন উদ্যান।

১৭ নিশ্চয় বিচার দিবস নির্ধারিত রয়েছে।

১৮ যেদিন শিংগায় ফুঁক দেয়া হবে, তখন তোমরা
দলে দলে সমাগত হবে,

১৯ আকাশ বিদীর্ণ হয়ে তাতে বহু দরজা সৃষ্টি হবে

২০ এবং পর্বতমালা চালিত হয়ে মরীচিকা হয়ে
যাবে।

২১ নিশ্চয় জাহান্নাম প্রতীক্ষায় থাকবে,

২২ সীমালংঘনকারীদের আশ্রয়স্থলরূপে।

২৩ তারা তথায় শতাব্দীর পর শতাব্দী অবস্থান
করবে।

২৪ তথায় তারা কোন শীতল এবং পানীয় আশ্বাদন
করবে না;

২৫ কিন্তু ফুটন্ত পানি ও পুঁজ পাবে।

২৬ পরিপূর্ণ প্রতিফল হিসেবে।

২৭ নিশ্চয় তারা হিসাব-নিকাশ আশা করত না।

২৮ এবং আমার আয়াতসমূহে পুরোপুরি মিথ্যারোপ
করত।

২৯ আমি সবকিছুই লিপিবদ্ধ করে সংরক্ষিত
করেছি।

৩০ অতএব, তোমরা আশ্বাদন কর, আমি কেবল
তোমাদের শাস্তিই বৃদ্ধি করব।

৩১ পরহেয়গারদের জন্যে রয়েছে সাফল্য

32 উদ্যান, আস্তুর

33 সমবয়স্কা, পূর্ণযৌবনা তরুণী।

34 এবং পূর্ণ পানপাত্র।

35 তারা তথায় অসার ও মিথ্যা বাক্য শুনবে না।

36 এটা আপনার পালনকর্তার তরফ থেকে যথোচিত দান,

37 যিনি নভোমণ্ডল, ভূমণ্ডল ও এতদুভয়ের মধ্যবর্তী সবকিছুর পালনকর্তা, দয়াময়, কেউ তাঁর সাথে কথার অধিকারী হবে না।

38 যেদিন রুহ ও ফেরেশতাগণ সারিবদ্ধভাবে দাঁড়াবে। দয়াময় আল্লাহ্ যাকে অনুমতি দিবেন, সে ব্যতীত কেউ কথা বলতে পারবে না এবং সে সত্যকথা বলবে।

39 এই দিবস সত্য। অতঃপর যার ইচ্ছা, সে তার পালনকর্তার কাছে ঠিকানা তৈরী করুক।

40 আমি তোমাদেরকে আসন্ন শাস্তি সম্পর্কে সতর্ক করলাম, যেদিন মানুষ প্রত্যক্ষ করবে যা সে সামনে প্রেরণ করেছে এবং কাফের বলবেঃ হায়, আফসোস্ আমি যদি মাটি হয়ে যেতাম।

সূরা আন্-নাযিআ'ত

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৪৬

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

1 শপথ সেই ফেরেশতাগণের, যারা ডুব দিয়ে আত্মা উৎপাটন করে,

2 শপথ তাদের, যারা আত্মার বাঁধন খুলে দেয় মৃদুভাবে;

3 শপথ তাদের, যারা সন্তরণ করে দ্রুতগতিতে,

4 শপথ তাদের, যারা দ্রুতগতিতে অগ্রসর হয় এবং

5 শপথ তাদের যারা সকল কর্মনির্বাহ করে—কেয়ামত অবশ্যই হবে।

إِنَّ لِلْمُتَّقِينَ مَفَازًا ۝۳۱ حَدَائِقَ وَأَعْنَابًا ۝۳۲ وَكَوَاعِبَ أَزْوَاجًا ۝۳۳ وَكَأْسًا
دِهَاقًا ۝۳۴ لَا يَسْمَعُونَ فِيهَا لَغْوًا وَلَا كِذَابًا ۝۳۵ جَزَاءً مِمَّنْ رَبِّكَ عَطَاءً
حِسَابًا ۝۳۶ رَبِّ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا الرَّحْمَنِ لَا يَمْلِكُونَ
مِنْهُ خِطَابًا ۝۳۷ يَوْمَ يَقُومُ الرُّوحُ وَالْمَلَائِكَةُ صَفًّا لَا يَتَكَلَّمُونَ
إِلَّا مَن أِذِنَ لَهُ الرَّحْمَنُ وَقَالَ صَوَابًا ۝۳۸ ذَلِكَ الْيَوْمَ الْحَقُّ فَمَن
شَاءَ اتَّخَذْ إِلَىٰ رَبِّهِ مَنَابًا ۝۳۹ إِنَّا أَنْزَرْنَاكُمْ عَذَابًا قَرِيبًا يَوْمَ
يَنْظُرُ الْمَرْءُ مَا قَدَّمَتْ يَدَاهُ وَيَقُولُ الْكَافِرُ يَلَيْتَنِي كُنْتُ تُرَابًا ۝۴۰

سُورَةُ النَّازِعَاتِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَالنَّازِعَاتِ غَرْقًا ۝۱ وَالنَّشِيطَاتِ نَشْطًا ۝۲ وَالسَّيِّحَاتِ سَبْحًا ۝۳
فَالسَّيِّقَاتِ سَبْقًا ۝۴ فَاَلْمُدْرِتِ أَمْرًا ۝۵ يَوْمَ تَرْجُفُ الرَّاجِفَةُ ۝۶
تَتَّبِعُهَا الرَّادِفَةُ ۝۷ قُلُوبٌ يُومِذُ وَاجِفَةٌ ۝۸ أَبْصَرُهَا
خَشِيعَةٌ ۝۹ يَقُولُونَ أَيْنَا لَمْرُدُّونَ فِي الْخَافِرَةِ ۝۱۰ أَيْنَا كُنَّا
عِظْمًا خَيْرَةً ۝۱۱ قَالُوا تِلْكَ إِذْكَرَةٌ خَاسِرَةٌ ۝۱۲ فَاِنَّمَا هِيَ زَجْرَةٌ
وَاحِدَةٌ ۝۱۳ فَاِذَا هُمْ بِالسَّاهِرَةِ ۝۱۴ هَلْ أُنذِرُكَ حَدِيثُ مُوسَىٰ ۝۱۵

6 যেদিন প্রকম্পিত করবে প্রকম্পিতকারী,

7 অতঃপর পশ্চাতে আসবে পশ্চাদগামী;

8 সেদিন অনেক হৃদয় ভীত-বিহবল হবে।

9 তাদের দৃষ্টি নত হবে।

10 তারা বলেঃ আমরা কি উল্টো পায়ে প্রত্যাভর্তিত হবই—

11 গলিত অস্থি হয়ে যাওয়ার পরও?

12 তবে তো এ প্রত্যাভর্তন সর্বনাশা হবে।

13 অতএব, এটা তো কেবল এক মহা-নাদ,

14 তখনই তারা ময়দানে আবির্ভূত হবে।

15 মূসার বৃত্তান্ত আপনার কাছে পৌঁছেছে কি?

إِذْ نَادَاهُ رَبُّهُ بِاللَّوَادِ الْمَقْدِسِ طَوًى ۚ (١٧) أَذْهَبَ إِلَى فِرْعَوْنَ إِنَّهُ طَغَى (١٧)
 فَقَالَ هَلْ لَكَ إِلَهٌ إِلَّا أَن تَزُكِّيَ (١٨) وَأَهْدِيكَ إِلَى رَبِّكَ فَنَحْنُ (١٩) قَارُونَ
 الْآيَةَ الْكُبْرَى (٢٠) فَكَذَّبَ وَعَصَى (٢١) ثُمَّ أَذْبَرَ سَعْيَهُ (٢٢) فَحَشَرَ
 فَنَادَى (٢٣) فَقَالَ أَنَا رَبُّكُمُ الْأَعْلَى (٢٤) فَأَخَذَهُ اللَّهُ نَكَالَ الْآخِرَةِ وَالْأُولَى
 (٢٥) إِنَّ فِي ذَلِكَ لَعِبْرَةً لِّمَن يَخْشَى (٢٦) ءَأَن تُمْ أَسْدُ خَلْقًا أَمْ السَّمَاءُ بَنَدَهَا
 (٢٧) رَفَعَ سَمَكَهَا فَسَوَّاهَا (٢٨) وَأَعْطَشَ لَيْلَهَا وَأَخْرَجَ ضُحَاهَا (٢٩)
 وَالْأَرْضَ بَعْدَ ذَلِكَ دَحَاهَا (٣٠) أَخْرَجَ مِنْهَا مَاءَهَا وَمَرْعَاهَا (٣١)
 وَالْجِبَالَ أَرْسَاهَا (٣٢) مَنَّاعًا لِّلْكَوْثِ وَالْأَنْعَامِ (٣٣) فَإِذَا جَاءَتِ الطَّامَةُ
 الْكُبْرَى (٣٤) يَوْمَ يَتَذَكَّرُ الْإِنْسَانُ مَا سَعَى (٣٥) وَبُرْزَتِ الْجَحِيمُ
 لِمَن يَرَى (٣٦) فَأَمَّا مَن طَغَى (٣٧) وَءَاثَرَ الْحَيَوةِ الدُّنْيَا (٣٨) فَإِنَّ الْجَحِيمَ
 هِيَ الْمَأْوَى (٣٩) وَأَمَّا مَن خَافَ مَقَامَ رَبِّهِ وَنَهَى النَّفْسَ عَنِ الْهَوَى (٤٠)
 فَإِنَّ الْجَنَّةَ هِيَ الْمَأْوَى (٤١) يَسْتَلُونَكَ عَنِ السَّاعَةِ أَيَّانَ مَرْسَاهَا
 (٤٢) فِيمَ أَنْتَ مِنْ ذِكْرِنَهَا (٤٣) إِلَى رَبِّكَ مِنْهُنَّهَا (٤٤) إِنَّمَا أَنْتَ مُنذِرٌ
 مَّن يَخْشَاهَا (٤٥) كَانَتْهُمْ يَوْمَ يُرَوُّهَا لِوَلِبِّئُوا إِلَّا عَشِيَّةً أَوْ ضُحَاهَا (٤٦)

سُورَةُ عَبَسَ (٨٠)
 بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 عَابَسَ ۙ خَبَسَ ۙ

- 16 যখন তার পালনকর্তা তাকে পবিত্র তুয়া উপত্যকায় আহ্বান করেছিলেন,
 17 ফেরাউনের কাছে যাও, নিশ্চয় সে সীমালংঘন করেছে।
 18 অতঃপর বলঃ তোমার পবিত্র হওয়ার আগ্রহ আছে কি?
 19 আমি তোমাকে তোমার পালনকর্তার দিকে পথ দেখাব, যাতে তুমি তাকে ভয় কর।
 20 অতঃপর সে তাকে মহা-নিদর্শন দেখাল।
 21 কিম্বা সে মিথ্যারোপ করল এবং অমান্য করল।
 22 অতঃপর সে প্রতিকার চেষ্টিয় প্রস্থান করল।
 23 সে সকলকে সমবেত করল এবং সজোরে আহ্বান করল,
 24 এবং বললঃ আমিই তোমাদের সেরা পালনকর্তা।

- 25 অতঃপর আল্লাহ তাকে পরকালের ও ইহাকালের শাস্তি দিলেন।
 26 যে ভয় করে তার জন্যে অবশ্যই এতে শিক্ষা রয়েছে।
 27 তোমাদের সৃষ্টি কি অধিক কঠিন, না আকাশের, যা তিনি নির্মাণ করেছেন?
 28 তিনি একে উচ্চ করেছেন ও সুবিন্যস্ত করেছেন।
 29 তিনি এর রাত্রিকে করেছেন অন্ধকারাচ্ছন্ন এবং এর সূর্যালোক প্রকাশ করেছেন।
 30 পৃথিবীকে এর পরে বিস্তৃত করেছেন।
 31 তিনি এর মধ্য থেকে এর পানি ও ঘাম নির্গত করেছেন
 32 পর্বতকে তিনি দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করেছেন,
 33 তোমাদের ও তোমাদের চতুষ্পদ জন্তুদের উপকারার্থে।
 34 অতঃপর যখন মহাসংকট এসে যাবে।
 35 অর্থাৎ যেদিন মানুষ তার কৃতকর্ম স্মরণ করবে
 36 এবং দর্শকদের জন্যে জাহান্নাম প্রকাশ করা হবে,
 37 তখন যে ব্যক্তি সীমালংঘন করেছে;
 38 এবং পার্থিব জীবনকে অগ্রাধিকার দিয়েছে,
 39 তার ঠিকানা হবে জাহান্নাম।
 40 পক্ষান্তরে যে ব্যক্তি তার পালনকর্তার সামনে দণ্ডায়মান হওয়াকে ভয় করেছে এবং খেয়াল-খুশী থেকে নিজেকে নিবৃত্ত রেখেছে,
 41 তার ঠিকানা হবে জান্নাত।
 42 তারা আপনাকে জিজ্ঞাসা করে, কেয়ামত কখন হবে?
 43 এর বর্ণনার সাথে আপনার কি সম্পর্ক?
 44 এর চরম জ্ঞান আপনার পালনকর্তার কাছে।
 45 যে একে ভয় করে, আপনি তো কেবল তাকেই সতর্ক করবেন।
 46 যেদিন তারা একে দেখবে, সেদিন মনে হবে যেন তারা দুনিয়াতে মাত্র এক সন্ধ্যা অথবা এক সকাল অবস্থান করেছে।

সূরা আবাসা

মক্কায অবতীর্ণঃ আয়াত-৪২

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ তিনি ঈদুকুষ্টিত করলেন এবং মুখ ফিরিয়ে নিলেন।
- ২ কারণ, তাঁর কাছে এক অন্ধ আগমন করল।
- ৩ আপনি কি জানেন, সে হয়তো পরিশুদ্ধ হত,
- ৪ অথবা উপদেশ গ্রহণ করতো এবং উপদেশে তার উপকার হত।
- ৫ পরন্তু যে বেপরোয়া,
- ৬ আপনি তার চিন্তায় মাশগুল।
- ৭ সে শুদ্ধ না হলে আপনার কোন দোষ নেই।
- ৮ যে আপনার কাছে দৌড়ে আসলো
- ৯ এমতাবস্থায় যে, সে ভয় করে,
- ১০ আপনি তাকে অবজ্ঞা করলেন।
- ১১ কখনও এরূপ করবেন না, এটা উপদেশবাণী।
- ১২ অতএব, যে ইচ্ছা করবে, সে একে গ্রহণ করবে।
- ১৩ এটা লিখিত আছে সম্মানিত, উচ্চ পবিত্র পত্রসমূহে,
- ১৫ লিপিকারের হস্তে,
- ১৬ যারা মহৎ, পুত চরিত্র।
- ১৭ মানুষ ধ্বংস হোক, সে কত অকৃতজ্ঞ!
- ১৮ তিনি তাকে কিরূপ বস্ত্র থেকে সৃষ্টি করেছেন?
- ১৯ শুক্র থেকে তাকে সৃষ্টি করেছেন, অতঃপর তাকে সুপরিমিত করেছেন।
- ২০ অতঃপর তার পথ সহজ করেছেন,
- ২১ অতঃপর তার মৃত্যু ঘটান ও কবরস্থ করেন তাকে।
- ২২ এরপর যখন ইচ্ছা করবেন তখন তাকে পুনরুজ্জীবিত করবেন।
- ২৩ সে কখনও কৃতজ্ঞ হয়নি, তিনি তাকে যা আদেশ করেছেন, সে তা পূর্ণ করেনি।
- ২৪ মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ্য করুক,
- ২৫ আমি আশ্চর্য উপায়ে পানি বর্ষণ করেছি,
- ২৬ এরপর আমি ভূমিকে বিদীর্ণ করেছি।
- ২৭ অতঃপর তাতে উৎপন্ন করেছি শস্য,
- ২৮ আঙ্গুর, শাক-সজী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

عَسَىٰ وَتَوَلَّىٰ ۙ ۱ أَن جَاءَهُ الْأَعْمَىٰ ۚ وَمَا يُدْرِيكَ لَعَلَّهُ يَزْكَىٰ ۚ ۨ أَوْ يَذَّكَّرُ فَتَنْفَعَهُ الْذِّكْرَىٰ ۚ ۣ وَأَمَّا مَنْ أَسْتَعْتَبَ ۙ ۥ فَانْتَ لَهُ، نَصَدَىٰ ۙ ۦ وَمَا عَلَيْكَ أَلَّا يَزْكَىٰ ۙ ۧ وَأَمَّا مَنْ جَاءَكَ يَسْعَىٰ ۙ ۨ وَهُوَ يُحْجَىٰ ۙ ۩ فَانْتَ عَنْهُ نَلْهَىٰ ۙ ۪ كَلَّا إِنَّمَا نَذْكِرُهُ ۙ ۫ فَمَنْ شَاءَ ذَكَرْهُ ۙ ۬ فِي صُحُفٍ مُّكَرَّمَةٍ ۙ ۭ رُّفُوعَةٍ مُّطَهَّرَةٍ ۙ ۮ بِأَيْدِي سَفَرَةٍ ۙ ۯ كِرَامٍ بَرَرَةٍ ۙ ۰ قِيلَ لِلْإِنْسَانِ مَا أَكْفَرُهُ ۙ ۱۷ مِنْ أَيِّ شَيْءٍ خَلَقَهُ ۙ ۱۸ مِنْ نُّطْفَةٍ خَلَقَهُ فَقَدَرَهُ ۙ ۱۹ ثُمَّ السَّبِيلَ يَسَّرَهُ ۙ ۲۰ ثُمَّ أَمَانَهُ، فَأَقْبَرَهُ ۙ ۲۱ ثُمَّ إِذَا نَشَاءَ نَنْشُرُهُ ۙ ۲۲ كَلَّا لَمَّا يَقْضِ مَا أَمَرَهُ ۙ ۲۳ فَلْيَنْظُرِ الْإِنْسَانُ إِلَىٰ طَعَامِهِ ۙ ۲۴ أَنَا صَبَبْنَا الْمَاءَ صَبًّا ۙ ۲۵ ثُمَّ شَقَقْنَا الْأَرْضَ شَقًّا ۙ ۲۶ فَأَبْنَا فِيهَا حَبًّا ۙ ۲۷ وَعَيْنًا وَقَضْبًا ۙ ۲۸ وَزَيْتُونًا وَنَخْلًا ۙ ۲۹ وَحَدَائِقَ غُلْبًا ۙ ۳۰ وَفَيْكِهِمُ وَأَبًّا ۙ ۳۱ مَتَّعْنَا لَهُمْ ۙ ۳۲ وَلَآئِعِمَكُورًا ۙ ۳۳ فَإِذَا جَاءَتْ الصَّآخَةُ ۙ ۳۴ يَوْمَ يَفِرُّ الْمَرْءُ مِنْ أَخِيهِ ۙ ۳۵ وَأُمِّهِ وَأَبِيهِ ۙ ۳۶ وَصَلْبِيهِ وَوَبِيهِ ۙ ۳۷ لِكُلِّ أَرْمِي مِنْهُمْ يَوْمَئِذٍ شَأْنٌ يُغْنِيهِ ۙ ۳۸ وَجُوهٌ يَوْمَئِذٍ مُّسْفِرَةٌ ۙ ۳۹ صَآخِكُهُ مُسْتَبْشِرَةٌ ۙ ۴۰ وَوُجُوهٌ يَوْمَئِذٍ عَلَيْهَا غَبَرَةٌ ۙ ۴۱ تَرْهَقُهَا قَتَرَةٌ ۙ ۴۲ أُولَٰئِكَ هُمُ الْكٰفِرَةُ الْفَجْرَةُ ۙ ۴۳

- ২৯ যয়তুন, খর্জুর,
- ৩০ ঘন উদ্যান,
- ৩১ ফল এবং ঘাস
- ৩২ তোমাদের ও তোমাদের চতুষ্পদ জন্তুদের উপকারার্থে।
- ৩৩ অতঃপর যেদিন কর্ণবিদারক নাদ আসবে,
- ৩৪ সেদিন পলায়ন করবে মানুষ তার ভ্রাতার কাছ থেকে
- ৩৫ তার মাতা, তার পিতা,
- ৩৬ তার পত্নী ও তার সন্তানদের কাছ থেকে।
- ৩৭ সেদিন প্রত্যেকেরই নিজের এক চিন্তা থাকবে, যা তাকে ব্যতিব্যস্ত করে রাখবে।
- ৩৮ অনেক মুখমণ্ডল সেদিন হবে উজ্জ্বল,
- ৩৯ সহাস্য ও প্রফুল্ল।
- ৪০ এবং অনেক মুখমণ্ডল সেদিন হবে ধূলি ধূসরিত।
- ৪১ তাদেরকে কালিমা আচ্ছন্ন করে রাখবে।
- ৪২ তারাই কাফের পাপিষ্ঠের দল।

سُورَةُ التَّكْوِيْنِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

إِذَا الشَّمْسُ كُوِّرَتْ ۝ (۱) وَإِذَا النُّجُومُ انْكَدَرَتْ ۝ (۲) وَإِذَا الْجِبَالُ
 سُيِّرَتْ ۝ (۳) وَإِذَا الْعِشَارُ عُطِّلَتْ ۝ (۴) وَإِذَا الْوُحُوشُ حُشِرَتْ
 ۝ (۵) وَإِذَا الْبِحَارُ سُجِّرَتْ ۝ (۶) وَإِذَا النُّفُوسُ زُوِّجَتْ ۝ (۷) وَإِذَا
 الْمَوْتُودَةُ سُيِّلتْ ۝ (۸) بِأَيِّ ذَنْبٍ قُتِلَتْ ۝ (۹) وَإِذَا الصُّحُفُ نُشِرَتْ
 ۝ (۱۰) وَإِذَا السَّمَاءُ كُشِطَتْ ۝ (۱۱) وَإِذَا الْجَحِيْمُ سُعِرَتْ ۝ (۱۲) وَإِذَا الْبُنَىٰ
 أُرْلِفَتْ ۝ (۱۳) عَلِمَتْ نَفْسٌ مَّا أَحْضَرَتْ ۝ (۱۴) فَلَا أُقْسِمُ بِالْخُنُفِ ۝ (۱۵)
 الْجَوَارِ الْكُنُفِ ۝ (۱۶) وَاللَّيْلِ إِذَا عَسْعَسَ ۝ (۱۷) وَالصُّبْحِ إِذَا تَنَفَّسَ ۝ (۱۸)
 إِنَّهُ لَقَوْلُ رَسُولٍ كَرِيْمٍ ۝ (۱۹) ذِي قُوَّةٍ عِنْدَ ذِي الْعَرْشِ مَكِيْنٍ ۝ (۲۰) مُطَاعٍ
 ثَمَّ أَمِيْنٍ ۝ (۲۱) وَمَا صَاحِبُكُمْ بِمَجْنُونٍ ۝ (۲۲) وَلَقَدْ رَآهُ بِالْأَفْقِ الْمُبِيْنِ ۝ (۲۳)
 وَمَا هُوَ عَلَى الْغَيْبِ بِضَيِيْعٍ ۝ (۲۴) وَمَا هُوَ بِقَوْلِ شَيْطَانٍ رَّجِيْمٍ ۝ (۲۵)
 فَأَنزَلْنَاهُ مِنْ سَمَوَاتٍ مَّا يَدْرِي ۝ (۲۶) إِنَّهُ هُوَ الْوَعْدُ الْحَقِيْقُ ۝ (۲۷) لِمَنْ شَاءَ مِنْكُمْ أَنْ
 يَسْتَقِيْمَ ۝ (۲۸) وَمَا نَشَاءُ وَنُؤْتِي أَلَا أَنْ يَشَاءَ اللَّهُ رَبُّ الْعَالَمِيْنَ ۝ (۲۹)

سُورَةُ الْاِنْفِطَارِ

সূরা আত-তাক্বীর

মক্কায় অবতীর্ণঃ আয়াত-২৯

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ যখন সূর্য আলোহীন হয়ে যাবে,
- ২ যখন নক্ষত্র মলিন হয়ে যাবে,
- ৩ যখন পর্বতমালা অপসারিত হবে,
- ৪ যখন দশ মাসের গর্ভবতী উষ্ট্রীসমূহ উপেক্ষিত হবে;
- ৫ যখন বন্য পশুরা একত্রিত হয়ে যাবে,
- ৬ যখন সমুদ্রকে উত্তাল করে তোলা হবে,
- ৭ যখন আত্মসমূহকে যুগল করা হবে,

- ৮ যখন জীবন্ত প্রোথিত কন্যাকে জিজ্ঞেস করা হবে,
- ৯ কি অপরাধে তাকে হত্যা করা হল?
- ১০ যখন আমলনামা খোলা হবে,
- ১১ যখন আকাশের আবরণ অপসারিত হবে,
- ১২ যখন জাহান্নামের অগ্নি প্রজ্বলিত করা হবে
- ১৩ এবং যখন জান্নাত সন্নিকটবর্তী হবে,
- ১৪ তখন প্রত্যেকেই জেনে নিবে সে কি উপস্থিত করেছে।
- ১৫ আমি শপথ করি যেসব নক্ষত্রগুলো পশ্চাতে সরে যায়,
- ১৬ চলমান হয় ও অদৃশ্য হয়,
- ১৭ শপথ নিশাবসান ও
- ১৮ প্রভাত আগমন কালের,
- ১৯ নিশ্চয় কোরআন সম্মানিত রসূলের আনীত বাণী,
- ২০ যিনি শক্তিশালী, আরশের মালিকের নিকট মর্যাদাশালী,
- ২১ সবার মান্যবর, সেখানকার বিশ্বাসভাজন।
- ২২ এবং তোমাদের সাথী পাগল নন।
- ২৩ তিনি সেই ফেরেশতাকে প্রকাশ্যে দিগন্তে দেখেছেন।
- ২৪ তিনি অদৃশ্য বিষয় বলতে কৃপণতা করেন না।
- ২৫ এটা বিতাড়িত শয়তানের উক্তি নয়।
- ২৬ অতএব, তোমরা কোথায় যাচ্ছে?
- ২৭ এটা তো কেবল বিশ্ববাসীদের জন্য উপদেশ,
- ২৮ তার জন্যে, যে তোমাদের মধ্যে সোজা চলতে চায়।
- ২৯ তোমরা আল্লাহ্ রাসূল আলামীনের অভিপ্রায়ের বাইরে অন্য কিছুই ইচ্ছা করতে পার না।

সূরা আল-ইনফিতার

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১৯

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- 1 যখন আকাশ বিদীর্ণ হবে,
- 2 যখন নক্ষত্রসমূহ ঝরে পড়বে,
- 3 যখন সমুদ্রকে উত্তাল করে তোলা হবে,
- 4 এবং যখন কবরসমূহ উন্মোচিত হবে,
- 5 তখন প্রত্যেকে জেনে নিবে সে কি অগ্রে শ্রেণণ করেছে এবং কি পশ্চাতে ছেড়ে এসেছে।
- 6 হে মানুষ, কিসে তোমাকে তোমার মহামহিম পালনকর্তা সম্পর্কে বিভ্রান্ত করল?
- 7 যিনি তোমাকে সৃষ্টি করেছেন, অতঃপর তোমাকে সুবিন্যস্ত করেছেন এবং সুষ্ণম করেছেন।
- 8 তিনি তোমাকে তাঁর ইচ্ছামত আকৃতিতে গঠন করেছেন।
- 9 কখনও বিভ্রান্ত হয়ো না; বরং তোমরা দান-প্রতিদানকে মিথ্যা মনে কর।
- 10 অবশ্যই তোমাদের উপর তত্ত্বাবধায়ক নিযুক্ত আছে।
- 11 সম্মানিত আমল লেখকবৃন্দ।
- 12 তারা জানে যা তোমরা কর।
- 13 সৎকর্মশীলগণ থাকবে জান্নাতে।
- 14 এবং দুষ্কর্মীরা থাকবে জাহান্নামে;
- 15 তারা বিচার দিবসে তথায় প্রবেশ করবে।
- 16 তারা সেখান থেকে পৃথক হবে না।
- 17 আপনি জানেন, বিচার দিবস কি?
- 18 অতঃপর আপনি জানেন, বিচার দিবস কি?
- 19 যেদিন কেউ কারও কোন উপকার করতে পারবে না এবং সেদিন সব কর্তৃত্ব হবে আল্লাহর।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

إِذَا السَّمَاءُ انْفَطَرَتْ ۝ وَإِذَا الْكَوَاكِبُ انْتَرَتْ ۝ وَإِذَا الْاَسْحَابُ فُجِرَتْ ۝ وَإِذَا الْقُبُورُ بُعِثَتْ ۝ عَلِمَتْ نَفْسٌ مَّا قَدَّمَتْ وَأَخَّرَتْ ۝ يَتَأَيَّهَا الْاِلسُنُّ مَا غَرَّكَ بِرَبِّكَ الْكَرِيمِ ۝ الَّذِي خَلَقَكَ فَسَوَّدَكَ فَعَدَلَكَ ۝ فِي اَيِّ صُوْرَةٍ مَّا شَاءَ وَكَرَبَكَ ۝ كَلَّا لَبَّ لَكَ تُكْذِبُوْنَ بِالَّذِيْنَ ۝ وَانْ عَلَيْكُمْ لِحَافِظِيْنَ ۝ كِرَامًا كَنِيْبِيْنَ ۝ يَعْلَمُوْنَ مَا تَفْعَلُوْنَ ۝ اِنَّا الْاَبْرَارَ لَفِيْ نَعِيْمٍ ۝ وَانْ اَلْفَجَارَ لَفِيْ حَجِيْمٍ ۝ يَصَلُوْنَهَا يَوْمَ الَّذِيْنَ ۝ وَمَا هُمْ عَنْهَا بِغَائِيْبِيْنَ ۝ وَمَا اَدْرَاكَ مَا يَوْمُ الَّذِيْنَ ۝ ثُمَّ مَا اَدْرَاكَ مَا يَوْمُ الَّذِيْنَ ۝ يَوْمٌ لَا تَمْلِكُ نَفْسٌ لِّنَفْسٍ سَعِيْدًا وَّلَا مَرٌ يَوْمَئِذٍ لِّلّٰهِ ۝

سُوْرَةُ الْاِنْفِطَارِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَيْلٌ لِّلْمُطَفِّفِيْنَ ۝ الَّذِيْنَ اِذَا اَكْلًا وَّلَا عَلٰى النَّاسِ يَسْتَوْفُوْنَ ۝ وَاِذَا كَالُوْهُمْ اَوْ وَزَنُوْهُمْ يُخْسِرُوْنَ ۝ اَلَا يَظُنُّ اُولٰٓئِكَ اَنَّهُمْ مَّعْبُوْثُوْنَ ۝ لِيَوْمٍ عَظِيْمٍ ۝ يَوْمَ يَقُوْمُ النَّاسُ لِرَبِّ الْعٰلَمِيْنَ ۝

সূরা আল-মুতাফফিীন

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৩৬

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- 1 যারা মাপে কম করে, তাদের জন্যে দুর্ভোগ,
- 2 যারা লোকের কাছ থেকে যখন মেপে নেয়, তখন পূর্ণ মাত্রায় নেয়
- 3 এবং যখন লোকদেরকে মেপে দেয় কিংবা ওজন করে দেয়, তখন কম করে দেয়।
- 4 তারা কি চিন্তা করে না যে, তারা পুনরুত্থিত হবে।
- 5 সেই মহাদিবসে,
- 6 যেদিন মানুষ দাঁড়াবে বিশ্ব পালনকর্তার সামনে।

كَلَّا إِنَّ كِتَابَ الْفَجَارِ لَفِي سَعِيرٍ ﴿٧﴾ وَمَا أَدْرَاكَ مَا سَعِيرٌ ﴿٨﴾ كِتَابٌ
 مَّرْهُومٌ ﴿٩﴾ وَيَلُومُ زِينَةَ الْمُكْذِبِينَ ﴿١٠﴾ الَّذِينَ يَكْذِبُونَ يَوْمَ الَّذِينَ
 وَمَا يَكْذِبُ بِهِ إِلَّا لَأَكُلُ مَعْتَدٍ أَثِيمٍ ﴿١٢﴾ إِذَا نُتِلَّ عَلَيْهِ ابْنَاتُنَا قَالَ أَسْطُرُ
 الْأَوْلَادِ ﴿١٣﴾ كَلَّا بَلْ رَانَ عَلَى قُلُوبِهِمْ مَا كَانُوا يَكْسِبُونَ ﴿١٤﴾ كَلَّا إِنَّهُمْ
 عَنْ رَبِّهِمْ يَوْمَئِذٍ لَمَحْجُوبُونَ ﴿١٥﴾ ثُمَّ لَأَنزَلُوهَا لُحُومًا لَّحِيمًا ﴿١٦﴾ ثُمَّ يُقَالُ
 هَذَا الَّذِي كُتِبَ بِهِ يَكْذِبُونَ ﴿١٧﴾ كَلَّا إِنَّ كِتَابَ الْأَبْرَارِ لَفِي عِلِّيَّاتٍ
 ﴿١٨﴾ وَمَا أَدْرَاكَ مَا عِلِّيُّونَ ﴿١٩﴾ كِتَابٌ مَّرْهُومٌ ﴿٢٠﴾ يَشْهَدُهُ الْمُفْرُونَ
 ﴿٢١﴾ إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ ﴿٢٢﴾ عَلَى الْأَرْدَائِكِ يَنْظُرُونَ ﴿٢٣﴾ تَعْرِفُ فِي
 وُجُوهِهِمْ نَضْرَةَ النَّعِيمِ ﴿٢٤﴾ يُسْقَوْنَ مِنْ رَحِيقٍ مَخْمُومٍ ﴿٢٥﴾
 خِتْمُهُ مَسْكٌ وَفِي ذَلِكَ فَلَيْتَاتٌ مَنُفَسِّسُونَ ﴿٢٦﴾ وَمِنْ أَمَامِهِمْ
 مِنَ تَسْنِيمٍ ﴿٢٧﴾ عَيْنًا يَشْرَبُ بِهَا الْمُقَرَّبُونَ ﴿٢٨﴾ إِنَّ الْأَذْيَاقَ
 أَجْرَمُوا كَانُوا مِنَ الَّذِينَ آمَنُوا يَضْحَكُونَ ﴿٢٩﴾ وَإِذَا مَرُّوا بِهِمْ
 يَتَغَامَرُونَ ﴿٣٠﴾ وَإِذَا انْقَلَبُوا إِلَىٰ أَهْلِهِمْ انْقَلَبُوا فَكِهِينَ ﴿٣١﴾
 وَإِذَا رَأَوْهُمْ قَالُوا إِنَّ هَؤُلَاءِ لَضَالُّونَ ﴿٣٢﴾ وَمَا أَرْسَلْنَا عَلَيْهِمْ
 حَفِظِينَ ﴿٣٣﴾ فَالْيَوْمَ الَّذِينَ آمَنُوا مِنَ الْكُفْرَانِ يَضْحَكُونَ ﴿٣٤﴾

- 7 এটা কিছুতেই উচিত নয়, নিশ্চয়
 পাপাচারীদের আমলনামা সিজ্জীনে আছে।
 8 আপনি জানেন, সিজ্জীন কি?
 9 এটা লিপিবদ্ধ খাতা।
 10 সেদিন দুর্ভোগ মিথ্যারোপকারীদের,
 11 যারা প্রতিফল দিবসকে মিথ্যারোপ করে।
 12 প্রত্যেক সীমালংঘনকারী পাপিষ্ঠই কেবল
 একে মিথ্যারোপ করে।
 13 তার কাছে আমার আয়াতসমূহ পাঠ করা
 হলে সে বলেঃ পুরাকালের উপকথা।
 14 কখনও না, বরং তারা যা করে, তাই
 তাদের হৃদয়ে মরিচা ধরিয়ে দিয়েছে।
 15 কখনও না, তারা সেদিন তাদের
 পালনকর্তার থেকে পর্দার অন্তরালে থাকবে।

- 16 অতঃপর তারা জাহান্নামে প্রবেশ করবে।
 17 এরপর বলা হবেঃ একেই তো তোমরা
 মিথ্যারোপ করত।
 18 কখনও না, নিশ্চয় সৎলোকদের আমলনামা
 আছে ইল্লিয়ীনে।
 19 আপনি জানেন ইল্লিয়ীন কি?
 20 এটা লিপিবদ্ধ খাতা।
 21 আল্লাহর নৈকট্যপ্রাপ্ত ফেরেশতাগণ একে
 প্রত্যক্ষ করে।
 22 নিশ্চয় সৎলোকগণ থাকবে পরম স্বাচ্ছন্দ্যে,
 23 সিংহাসনে বসে অবলোকন করবে।
 24 আপনি তাদের মুখমণ্ডলে স্বাচ্ছন্দ্যের
 সজীবতা দেখতে পাবেন।
 25 তাদেরকে মোহর করা বিশুদ্ধ পানীয় পান
 করানো হবে।
 26 তার মোহর হবে কস্তুরী। এ বিষয়ে
 প্রতিযোগীদের প্রতিযোগিতা করা উচিত।
 27 তার মিশ্রণ হবে তসনীমের পানি।
 28 এটা একটি ঝরণা, যার পানি পান করবে
 নৈকট্যশীলগণ।
 29 যারা অপরাধী, তারা বিশ্বাসীদেরকে
 উপহাস করত।
 30 এবং তারা যখন তাদের কাছ দিয়ে গমন করত
 তখন পরস্পরে চোখ টিপে ইশারা করত।
 31 তারা যখন তাদের পরিবার-পরিজনের
 কাছে ফিরত, তখনও হাসাহাসি করে ফিরত।
 32 আর যখন তারা বিশ্বাসীদেরকে দেখত,
 তখন বলতঃ নিশ্চয় এরা বিভ্রান্ত।
 33 অথচ তারা বিশ্বাসীদের তত্ত্বাবধায়করূপে
 প্রেরিত হয়নি।
 34 আজ যারা বিশ্বাসী, তারা কাফেরদেরকে
 উপহাস করছে।

- 35 সিংহাসনে বসে তাদেরকে অবলোকন করছে,
36 কাফেররা যা করত, তার প্রতিফল পেয়েছে
তো?

সূরা আল-ইনশিকা মক্কায় অবতীর্ণঃ আয়াত-২৫

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- 1 যখন আকাশ বিদীর্ণ হবে,
2 ও তার পালনকর্তার আদেশ পালন করবে
এবং আকাশ এরই উপযুক্ত
3 এবং যখন পৃথিবীকে সম্প্রসারিত করা হবে।
4 এবং পৃথিবী তার গর্ভস্থিত সবকিছু বাইরে
নিষ্ক্ষেপ করবে ও শূন্যগর্ভ হয়ে যাবে।
5 এবং তার পালনকর্তার আদেশ পালন করবে
এবং পৃথিবী এরই উপযুক্ত।
6 হে মানুষ, তোমাকে তোমার পালনকর্তা
পর্যন্ত পৌঁছতে কষ্ট স্বীকার করতে হবে,
অতঃপর তার সাক্ষাৎ ঘটবে।
7 যাকে তার আমলনামা ডান হাতে দেয়া হবে,
8 তার হিসাব-নিকাশ সহজে হয়ে যাবে
9 এবং সে তার পরিবার-পরিজনের কাছে
আনন্দ চিন্তে ফিরে যাবে
10 এবং যাকে তার আমলনামা পিঠের
পশ্চাদিক থেকে দেয়া হবে,
11 সে মৃত্যুকে আহ্বান করবে,
12 এবং জাহান্নামে প্রবেশ করবে।
13 সে তার পরিবার-পরিজনের মধ্যে
আনন্দিত ছিল।
14 সে মনে করত যে, সে কখনও ফিরে যাবে না।
15 কেন যাবে না, তার পালনকর্তা তো তাকে
দেখতেন।
16 আমি শপথ করি সন্ধ্যাকালীন লাল আভার,
17 এবং রাত্রির, এবং তাতে যার সমাবেশ ঘটে

عَلَىٰ الْأَرَائِكِ يَنْظُرُونَ ﴿٣٥﴾ هَلْ تَوْبُ الْكُفَّارِ مَا كَانُوا يَفْعَلُونَ ﴿٣٦﴾

سُورَةُ الْاِنْشِقَاقِ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

إِذَا السَّمَاءُ انشَقَّتْ ﴿١﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وُحِّتٌ ﴿٢﴾ وَإِذَا الْأَرْضُ مُدَّتْ ﴿٣﴾
وَأَلْقَتْ مَا فِيهَا وَتَخَلَّتْ ﴿٤﴾ وَأَذِنَتْ لِرَبِّهَا وَحُقَّتْ ﴿٥﴾ يَتَأَيَّهَا
الْإِنْسَانُ إِنَّكَ كَادِحٌ إِلَىٰ رَبِّكَ كَدْحًا فَمُلَاقِيهِ ﴿٦﴾ فَأَمَّا مَنْ أَوْفَىٰ
كُتُبَهُ، بِيَمِينِهِ ﴿٧﴾ فَسَوْفَ يَحَاسِبُ حِسَابًا يَسِيرًا ﴿٨﴾ وَيَنْقَلِبُ
إِلَىٰ أَهْلِهِ مَسْرُورًا ﴿٩﴾ وَأَمَّا مَنْ أَوْفَىٰ كُتُبَهُ، وَرَاءَ ظَهْرِهِ ﴿١٠﴾ فَسَوْفَ
يَدْعُوا بُرُورًا ﴿١١﴾ وَيَصَلَّىٰ سَعِيرًا ﴿١٢﴾ إِنَّهُ كَانَ فِي أَهْلِهِ مَسْرُورًا ﴿١٣﴾
إِنَّهُ ظَنَّ أَنْ لَنْ يَحُورَ ﴿١٤﴾ بَلَغَ إِذْ رُبُّهُ، كَانَ بِهِ بَصِيرًا ﴿١٥﴾ فَلَا أَقْسِمُ
بِالسَّفْقِ ﴿١٦﴾ وَاللَّيْلِ وَمَا وَسَقَ ﴿١٧﴾ وَالْقَمَرِ إِذَا اتَّسَقَ ﴿١٨﴾
لَتَرْكَبُنَّ طَبَقًا عَنْ طَبِقٍ ﴿١٩﴾ فَمَا لَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٢٠﴾ وَإِذَا قُرِئَ
عَلَيْهِمُ الْقُرْآنُ لَا يَسْجُدُونَ ﴿٢١﴾ بَلِ الَّذِينَ كَفَرُوا يُكَذِّبُونَ ﴿٢٢﴾
وَاللَّهُ أَعْلَمُ بِمَا يُوعُونَ ﴿٢٣﴾ فَبَشِّرْهُمْ بِعَذَابٍ أَلِيمٍ ﴿٢٤﴾
إِلَّا الَّذِينَ ءَامَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ﴿٢٥﴾

- 18 এবং চন্দ্রের, যখন তা পূর্ণরূপ লাভ করে,
19 নিশ্চয় তোমরা এক সিঁড়ি থেকে আরেক
সিঁড়িতে আরোহণ করবে।
20 অতএব, তাদের কি হল যে, তারা ঈমান
আনে না?
21 যখন তাদের কাছে কোরআন পাঠ করা হয়,
তখন সেজদা করে না।
22 বরং কাফেররা এর প্রতি মিথ্যারোপ করে।
23 তারা যা সংরক্ষণ করে, আল্লাহ তা
জানেন।
24 অতএব, তাদেরকে যন্ত্রণাদায়ক শাস্তির
সুসংবাদ দিন।
25 কিন্তু যারা বিশ্বাস স্থাপন করে ও সৎকর্ম
করে, তাদের জন্য রয়েছে অফুরন্ত পুরস্কার।

سُورَةُ الْبُرُوجِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ ۝۱ وَالْيَوْمِ الْمَوْعُودِ ۝۲ وَشَاهِدٍ وَمَشْهُودٍ ۝۳ قِيلَ أَصْحَابُ الْأَعْدُدِ ۝۴ النَّارِ ذَاتِ الْوُجُوهِ ۝۵ إِذْ هُمْ عَلَيْهَا قُعُودٌ ۝۶ وَهُمْ عَلَى مَا يَفْعَلُونَ بِالْمُؤْمِنِينَ شُهُودٌ ۝۷ وَمَا نَقَمُوا مِنْهُمْ إِلَّا أَنْ يُؤْمِنُوا بِاللَّهِ الْعَزِيزِ الْحَمِيدِ ۝۸ الَّذِي لَهُ مُلْكُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ شَهِيدٌ ۝۹ إِنَّ الَّذِينَ فَنَوْا الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ثُمَّ لَمَّا تَبَيَّنُوا فَلَهُمْ عَذَابٌ جَهَنَّمَ وَهُمْ عَذَابُ الْحَرِيقِ ۝۱۰ إِنَّ الَّذِينَ ءَامَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ لَهُمْ جَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ ذَلِكَ الْفَوْزُ الْكَبِيرُ ۝۱۱ إِنَّ بَطْشَ رَبِّكَ لَشَدِيدٌ ۝۱۲ إِنَّهُ هُوَ يَدْعُو وَيُعِيدُ ۝۱۳ وَهُوَ الْغَفُورُ الْوَدُودُ ۝۱۴ ذُو الْعَرْشِ الْمَجِيدُ ۝۱۵ فَاعْلَمْ لِمَا تُرِيدُ ۝۱۶ هَلْ أَنْتَكَ حَدِيثُ الْجُنُودِ ۝۱۷ فَرْعَوْنَ وَتَمُودَ ۝۱۸ بَلِ الَّذِينَ كَفَرُوا فِي تَكْذِيبٍ ۝۱۹ وَاللَّهُ مِنْ وَرَائِهِمْ مُحِيطٌ ۝۲۰ بَلْ هُوَ قَوْلٌ بَلْبَةٌ ۝۲۱ فِي لُجٍّ مَحْفُوظٍ ۝۲۲

سُورَةُ الطَّارِقِ

সূরা আল-বুরাজ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-২২

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ শপথ গ্রহ-নক্ষত্র শোভিত আকাশের,
- ২ এবং প্রতিশ্রুত দিবসের,
- ৩ এবং সেই দিবসের, যে উপস্থিত হয় ও যাতে উপস্থিত হয়
- ৪ অভিশপ্ত হয়েছে গর্ত ওয়ালারা
- ৫ অর্থাৎ অনেক ইন্ধনের অগ্নিসংযোগকারীরা;
- ৬ যখন তারা তার কিনারায় বসেছিল
- ৭ এবং তারা বিশ্বাসীদের সাথে যা করেছিল, তা নিরীক্ষণ করছিল।

৪ তারা তাদেরকে শাস্তি দিয়েছিল শুধু এ কারণে যে, তারা প্রশংসিত, পরাক্রান্ত আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করেছিল,

৯ যিনি নভোমণ্ডল ও ভূমণ্ডলের ক্ষমতার মালিক, আল্লাহর সামনে রয়েছে সবকিছু।

১০ যারা মুমিন পুরুষ ও নারী নিপীড়ন করেছে, অতঃপর তওবা করেনি, তাদের জন্যে আছে জাহান্নামের শাস্তি, আর আছে দহন যন্ত্রণা।

১১ যারা ঈমান আনে ও সৎকর্ম করে তাদের জন্যে আছে জান্নাত, যার তলদেশে প্রবাহিত হয় নির্বারিণীসমূহ। এটাই মহাসাফল্য।

১২ নিশ্চয় তোমার পালনকর্তার পাকড়াও অত্যন্ত কঠিন।

১৩ তিনিই প্রথমবার অস্তিত্ব দান করেন এবং পুনরায় জীবিত করেন।

১৪ তিনি ক্ষমাশীল, প্রেমময়;

১৫ মহান আরশের অধিকারী।

১৬ তিনি যা চান, তাই করেন।

১৭ আপনার কাছে সৈন্যবাহিনীর ইতিবৃত্ত পৌছেছে কি?

১৮ ফেরাউনের এবং সামূদের?

১৯ বরং যারা কাফের, তারা মিথ্যারোপে রত আছে।

২০ আল্লাহ তাদেরকে চতুর্দিক থেকে পরিবেষ্টন করে রেখেছেন।

২১ বরং এটা মহান কোরআন,

২২ লওহে মাহফুযে লিপিবদ্ধ।

সূরা আত্-ত্বারেক্ব

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১৭

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ শপথ আকাশের এবং রাত্রিতে আগমনকারীর!
- ২ আপনি জানেন, যে রাত্রিতে আসে, সেটা কি?
- ৩ সেটা এক উজ্জ্বল নক্ষত্র।
- ৪ প্রত্যেকের উপর একজন তত্ত্বাবধায়ক রয়েছে।
- ৫ অতএব, মানুষের দেখা উচিত কি বস্তু থেকে সে সৃজিত হয়েছে।
- ৬ সে সৃজিত হয়েছে সবেগে স্থলিত পানি থেকে।
- ৭ এটা নির্গত হয় মেরুদণ্ড ও বক্ষপাজরের মধ্য থেকে।
- ৮ নিশ্চয় তিনি তাকে ফিরিয়ে নিতে সক্ষম!
- ৯ যেদিন গোপন বিষয়াদি পরীক্ষিত হবে,
- ১০ সেদিন তার কোন শক্তি থাকবে না এবং সাহায্যকারীও থাকবে না।
- ১১ শপথ চক্রশীল আকাশের
- ১২ এবং বিদারনশীল পৃথিবীর!
- ১৩ নিশ্চয় কোরআন সত্য-মিথ্যার ফয়সালা
- ১৪ এবং এটা উপহাস নয়।
- ১৫ তারা ভীষণ চক্রান্ত করে,
- ১৬ আর আমিও কৌশল করি।
- ১৭ অতএব, কাফেরদেরকে অবকাশ দিন, তাদেরকে অবকাশ দিন-কিছু দিনের জন্যে।

সূরা আল-আ'লা

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১৯

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ আপনি আপনার মহান পালনকর্তার নামের পবিত্রতা বর্ণনা করুন,
- ২ যিনি সৃষ্টি করেছেন ও সুবিন্যস্ত করেছেন।
- ৩ এবং যিনি সুপরিমিত করেছেন ও পথ প্রদর্শন করেছেন
- ৪ এবং যিনি তৃণাদি উৎপন্ন করেছেন,
- ৫ অতঃপর করেছেন তাকে কাল আবর্জনা।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَالسَّمَاءِ وَالطَّارِقِ ۝ وَمَا أَدْرَاكَ مَا الطَّارِقُ ۝ النَّجْمُ الثَّاقِبُ ۝ إِنَّ كُلَّ نَفْسٍ لَّمَّا عَلَيْهَا حَافِظٌ ۝ لِيَنْظُرَ الْإِنْسَانُ مِمَّ خُلِقَ ۝ خُلِقَ مِنْ مَّاءٍ دَافِقٍ ۝ يَخْرُجُ مِنْ بَيْنِ الصُّلْبِ وَالتَّرَائِبِ ۝ إِنَّهُ عَلَى رَجْعِهِ لَقَادِرٌ ۝ يَوْمَ تُبْلَى السَّرَائِرُ ۝ قَالَهُ مِنْ قُوَّةٍ وَلَا نَاصِرٍ ۝ وَالسَّمَاءِ ذَاتِ الرَّجْعِ ۝ وَالْأَرْضِ ذَاتِ الصَّدْعِ ۝ إِنَّهُ لَقَوْلُ فَضْلٍ ۝ وَمَا هُوَ بِالْهَزْلِ ۝ إِنَّهُمْ يَكِيدُونَ كَيْدًا ۝ وَأَكِيدُ كَيْدًا ۝ فَمَهْلِكُ الْكَافِرِينَ مِنْ أُمَّهَاتِهِمْ رُوَيْدًا ۝

سُبُوْرَةُ الْاِخْلَاقِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

سَبِّحْ اسْمَ رَبِّكَ الْأَعْلَى ۝ الَّذِي خَلَقَ فَسَوَّى ۝ وَالَّذِي قَدَّرَ فَهَدَى ۝ وَالَّذِي أَخْرَجَ الْمَرْعَى ۝ فَجَعَلَهُ غُثَاءً أَحْوَى ۝ وَسُقَّرَتْكَ فَلَا تَنسَى ۝ إِنْ مَأْسَاءَ اللَّهُ إِنَّهُ يَعْلَمُ الْجَهْرَ وَمَا يَخْفَى ۝ وَتُبْسِرُكَ لِلسَّرَى ۝ فَذَكَرْ إِنْ نَفَعَتِ الذِّكْرَى ۝ سَيَذَكَّرُكَ مَنْ يَخْشَى ۝ وَبِنَجْنِبِهَا الْأَشْفَى ۝ الَّذِي يَصْلَى النَّارَ الْكُبْرَى ۝ ثُمَّ لَا يَمُوتُ فِيهَا وَلَا يَحْيَى ۝ تَدَافَعُ مِنْ تَرْكِي ۝ وَذَكَرَ اسْمَ رَبِّهِ فَصَلَّى ۝

- ৬ আমি আপনাকে পাঠ করাতে থাকব, ফলে আপনি বিস্মৃত হবেন না-
- ৭ আল্লাহ্ যা ইচ্ছা করেন তা ব্যতীত। নিশ্চয় তিনি জানেন প্রকাশ্য ও গোপন বিষয়।
- ৮ আমি আপনার জন্যে কল্যাণের পথকে সহজ করে দিব।
- ৯ উপদেশ ফলপ্রসূ হলে উপদেশ দান করুন,
- ১০ যে ভয় করে, সে উপদেশ গ্রহণ করবে,
- ১১ আর যে হতভাগা, সে তা উপেক্ষা করবে,
- ১২ সে মহা-অগ্নিতে প্রবেশ করবে।
- ১৩ অতঃপর সেখানে সে মরবেও না, জীবিতও থাকবে না।
- ১৪ নিশ্চয় সাফল্য লাভ করবে সে, যে পরিশুদ্ধ করে
- ১৫ এবং তার পালনকর্তার নাম স্মরণ করে, অতঃপর নামায আদায় করে।

بَلْ تُؤْثِرُونَ الْحَيَوَةَ الدُّنْيَا ﴿١٦﴾ وَالْآخِرَةَ خَيْرٌ وَأَبْقَى ﴿١٧﴾ إِنَّ
هَذَا لَفِي الصُّحُفِ الْأُولَى ﴿١٨﴾ صُحُفٍ إِيْرِهِمْ وَمُوسَى ﴿١٩﴾

سُورَةُ الْغَاشِيَةِ ﴿٨٨﴾

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

هَلْ أَتَاكَ حَدِيثُ الْغَاشِيَةِ ﴿١﴾ وَجُوهٌُ يَوْمَئِذٍ خَشِيعَةٌ ﴿٢﴾
عَامِلَةٌ نَّاصِبَةٌ ﴿٣﴾ تَصَلَّى نَارًا رَاحِمِيَّةً ﴿٤﴾ تُشْفَى مِنْ عَيْنٍ أَنِيبَةٍ ﴿٥﴾
لَيْسَ لَهُمْ طَعَامٌ إِلَّا مِنْ ضَرِيْعٍ ﴿٦﴾ لَا يُسْمِنُ وَلَا يُغْنِي مِنْ جُوعٍ ﴿٧﴾
وَجُوهٌُ يَوْمَئِذٍ نَاعِمَةٌ ﴿٨﴾ لِسَعْيِهَا رَاضِيَةٌ ﴿٩﴾ فِي جَنَّةٍ عَالِيَةٍ ﴿١٠﴾
لَا تَسْمَعُ فِيهَا لَغِيَةً ﴿١١﴾ فِيهَا عَيْنٌ جَارِيَةٌ ﴿١٢﴾ فِيهَا سُرُرٌ مَرْفُوعَةٌ ﴿١٣﴾
وَأَكْوَابٌ مَوْضُوعَةٌ ﴿١٤﴾ وَنَارٌ مَقْصُوفَةٌ ﴿١٥﴾ وَزَرَابِيُّ مَبْثُوثَةٌ ﴿١٦﴾
أَفَلَا يَنْظُرُونَ إِلَى الْإِبِلِ كَيْفَ خُلِقَتْ ﴿١٧﴾ وَإِلَى السَّمَاءِ كَيْفَ
رُفِعَتْ ﴿١٨﴾ وَإِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ ﴿١٩﴾ وَإِلَى الْأَرْضِ كَيْفَ
سُطِحَتْ ﴿٢٠﴾ فَذَكِّرْ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ﴿٢١﴾ لَسْتَ عَلَيْهِمْ
بِمُصَيِّرٍ ﴿٢٢﴾ إِلَّا مَنْ تَوَلَّى وَكَفَرَ ﴿٢٣﴾ فَيَعَذِّبُهُ اللَّهُ الْعَذَابَ
الْأَكْبَرَ ﴿٢٤﴾ إِنَّ إِلَيْنَا إِيْرَابُهُمْ ﴿٢٥﴾ ثُمَّ إِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ﴿٢٦﴾

১৬ বস্তুতঃ তোমরা পার্থিব জীবনকে অগ্রাধিকার
দাও,

১৭ অথচ পরকালের জীবন উৎকৃষ্ট ও স্থায়ী

১৮ এটা লিখিত রয়েছে পূর্ববর্তী কিতাবসমূহে;

১৯ ইবরাহীম ও মূসার কিতাবসমূহে।

সূরা আল-গাশিয়াহ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-২৬

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

১ আপনার কাছে আচ্ছন্নকারী কেয়ামতের
বৃত্তান্ত পৌঁছেছে কি?

২ অনেক মুখমণ্ডল সেদিন হবে লাঞ্চিত,

৩ ক্লিষ্ট, ক্লান্ত।

৪ তারা জ্বলন্ত আগুনে পতিত হবে।

৫ তাদেরকে ফুটন্ত নহর থেকে পান করানো
হবে।

৬ কন্টকপূর্ণ ঝাড় ব্যতীত তাদের জন্যে কোন
খাদ্য নেই।

৭ এটা তাদেরকে পুষ্ট করবে না এবং ক্ষুধাও
নিবারণ করবে না।

৮ অনেক মুখমণ্ডল সেদিন হবে আনন্দোজ্জ্বল,

৯ তাদের কর্মের কারণে সন্তুষ্ট।

১০ তারা থাকবে সুউচ্চ জান্নাতে।

১১ তথায় শুনবে না কোন অসার কথাবার্তা।

১২ তথায় থাকবে প্রবাহিত ঝরণা।

১৩ তথায় থাকবে উন্নত সুসজ্জিত আসন।

১৪ এবং সংরক্ষিত পানপাত্র

১৫ এবং সারি সারি গালিচা

১৬ এবং বিস্তৃত বিছানা কার্পেট।

১৭ তারা কি উষ্ট্রের প্রতি লক্ষ্য করে না যে,
কিভাবে তাকে সৃষ্টি করা হয়েছে,

১৮ এবং আকাশের প্রতি লক্ষ্য করে না যে, তা
কিভাবে উচ্চ করা হয়েছে?

১৯ এবং পাহাড়ের দিকে যে, তা কিভাবে
স্থাপন করা হয়েছে?

২০ এবং পৃথিবীর দিকে যে, তা কিভাবে
সমতলভাবে বিছানো হয়েছে?

২১ অতএব, আপনি উপদেশ দিন, আপনি তো
কেবল একজন উপদেশদাতা,

২২ আপনি তাদের শাসক নন,

২৩ কিন্তু যে মুখ ফিরিয়ে নেয় ও কাফের হয়ে যায়,

২৪ আল্লাহ্ তাকে মহা আযাব দেবেন।

২৫ নিশ্চয় তাদের প্রত্যাবর্তন আমারই নিকট,

২৬ অতঃপর তাদের হিসাব-নিকাশ আমারই
দায়িত্ব।

সূরা আল-ফজর

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৩০

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ শপথ ফজরের,
- ২ শপথ দশ রাত্রির, শপথ তার,
- ৩ যা জোড় ও যা বিজোড়
- ৪ এবং শপথ রাত্রির যখন তা গত হতে থাকে
- ৫ এর মধ্যে আছে শপথ জ্ঞানী ব্যক্তির জন্যে
- ৬ আপনি কি লক্ষ্য করেননি, আপনার পালনকর্তা আদ বংশের ইরাম গোত্রের সাথে কি আচরণ করেছিলেন,
- ৭ যাদের দৈহিক গঠন স্তম্ভ ও খুঁটির ন্যায় দীর্ঘ ছিল এবং
- ৮ যাদের সমান শক্তি ও বলবীর্যে সারা বিশ্বের শহরসমূহে কোন লোক সৃজিত হয়নি
- ৯ এবং সামুদ গোত্রের সাথে, যারা উপত্যকায় পাথর কেটে গৃহ নির্মাণ করেছিল।
- ১০ এবং বহু কীলকের অধিপতি ফেরাউনের সাথে
- ১১ যারা দেশে সীমালংঘন করেছিল।
- ১২ অতঃপর সেখানে বিস্তর অশান্তি সৃষ্টি করেছিল।
- ১৩ অতঃপর আপনার পালনকর্তা তাদেরকে শাস্তির কশাঘাত হানলেন।
- ১৪ নিশ্চয় আপনার পালনকর্তা সতর্ক দৃষ্টি রাখেন।
- ১৫ মানুষ এরূপ যে, যখন তার পালনকর্তা তাকে পরীক্ষা করেন, অতঃপর সম্মান ও অনুগ্রহ দান করেন, তখন বলেঃ আমার পালনকর্তা আমাকে সম্মান দান করেছেন।
- ১৬ এবং যখন তাকে পরীক্ষা করেন, অতঃপর রিষিক সংকুচিত করে দেন, তখন বলেঃ আমার পালনকর্তা আমাকে হেয় করেছেন।

سُورَةُ الْفَجْرِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَالْفَجْرِ ۱ وَلَيَالٍ عَشْرٍ ۲ وَالشَّفْعِ وَالْوَتْرِ ۳ وَاللَّيْلِ إِذَا يَسْرِ ۴ هَلْ فِي ذَلِكَ قَسَمٌ لِّدِي حَجْرٍ ۵ أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ۶ إِرْمَ ذَاتِ الْعِمَادِ ۷ الَّتِي لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ ۸ وَثَمُودَ الَّذِينَ جَابُوا الصَّخْرَ بِالْوَادِ ۹ وَفِرْعَوْنَ ذِي الْأَوْتَادِ ۱۰ الَّذِينَ طَعَنُوا فِي الْبِلَادِ ۱۱ فَأَكْثَرُوا فِيهَا الْفَسَادَ ۱۲ فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ ۱۳ إِنَّ رَبَّكَ لِبِالْمِرْصَادِ ۱۴ فَأَمَّا الْإِنْسَانُ إِذَا مَا ابْنَلَهُ رَبُّهُ فَأَكْرَمَهُ وَنَعَّمَهُ فَيَقُولُ رَبِّي أَكْرَمَنِ ۱۵ وَأَمَّا إِذَا مَا ابْنَلَهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُ فَيَقُولُ رَبِّي أَهْنَنِ ۱۶ كَلَّا بَلْ لَا تَكْرُمُونَ الْيَتِيمَ ۱۷ وَلَا تَحْضُونَ عَلَى طَعْنِ الْمَسْكِينِ ۱۸ وَتَأْكُلُونَ الثَّرَاثَ أَكْلًا لَمًّا ۱۹ وَتُحِبُّونَ الْمَالَ حُبًّا جَمًّا ۲۰ كَلَّا إِذَا دُكَّتِ الْأَرْضُ دَكًّا دَكًّا ۲۱ وَجَاءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا ۲۲ وَجَاءَ يَوْمَئِذٍ بِجَهَنَّمَ يَوْمَئِذٍ يَبْدَأُ الْإِنْسَانَ وَإِنَّ لَهُ الذِّكْرَى ۲۳

- ১৭ এটা অমূলক, বরং তোমরা এতীমকে সম্মান কর না।
- ১৮ এবং মিসকীনকে অনুদানে পরস্পরকে উৎসাহিত কর না।
- ১৯ এবং তোমরা মৃতের ত্যাজ্য সম্পত্তি সম্পূর্ণরূপে কুম্ফিগত করে ফেল
- ২০ এবং তোমরা ধন-সম্পদকে প্রাণভরে ভালবাস।
- ২১ এটা অনুচিত। যখন পৃথিবী চূর্ণ-বিচূর্ণ হবে
- ২২ এবং আপনার পালনকর্তা ও ফেরেশতাগণ সারিবদ্ধভাবে উপস্থিত হবেন,
- ২৩ এবং সেদিন জাহান্নামকে আনা হবে, সেদিন মানুষ স্মরণ করবে, কিন্তু এই স্মরণ তার কি কাজে আসবে।

يَقُولُ يَلَيْتَنِي قَدَّمْتُ لِحَيَاتِي ﴿٤٤﴾ فَيَوْمَئِذٍ لَا يُعَذِّبُ عَذَابُهُ أَحَدًا ﴿٤٥﴾
وَلَا يُوثِقُ وَثَاقَهُ أَحَدًا ﴿٤٦﴾ يَأْتِيهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ ﴿٤٧﴾ أَرْجِعْ
إِلَىٰ رَبِّكَ رَاضِيَةً مُّرْضِيَةً ﴿٤٨﴾ فَأَدْخِلْ فِي عَبْدِي ﴿٤٩﴾ وَأَدْخِلْ جَنَّتِي ﴿٥٠﴾

سُورَةُ الْبُقْعَاتِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

لَا أُقْسِمُ بِهَذَا الْبَلَدِ ﴿١﴾ وَأَنْتَ حِلٌّ بِهَذَا الْبَلَدِ ﴿٢﴾ وَالْوَالِدِ وَمَا وَلَدُ
﴿٣﴾ لَقَدْ خَلَقْنَا الْإِنْسَانَ فِي كَبَدٍ ﴿٤﴾ أَحْسَبُ أَنْ لَنْ يَقْدِرَ عَلَيَّ
أَحَدٌ ﴿٥﴾ يَقُولُ أَهْلَكْتُ مَا لَا بَدَأٌ ﴿٦﴾ أَحْسَبُ أَنْ لَمْ يَرَءَهُ أَحَدٌ
﴿٧﴾ أَلَمْ جَعَلْ لَهُ عَيْنَيْنِ ﴿٨﴾ وَلِسَانًا وَشَفَتَيْنِ ﴿٩﴾ وَهَدَيْنَاهُ
النَّجْدَيْنِ ﴿١٠﴾ فَلَا أَفْنَحُمُ الْعُقَبَةَ ﴿١١﴾ وَمَا أَدْرَاكَ مَا الْعُقَبَةُ ﴿١٢﴾
فَكُرْبَةُ ﴿١٣﴾ أَوْ إِطْعَمٌ فِي يَوْمٍ ذِي مَسْغَبَةٍ ﴿١٤﴾ بَيْنَمَا ذَا مَقْرَبَةٍ
﴿١٥﴾ أَوْ مَسْكِنَاتًا أَمْرِيَةً ﴿١٦﴾ ثُمَّ كَانَ مِنَ الَّذِينَ آمَنُوا وَتَوَّصُوا
بِالصَّدَقِ وَتَوَّصُوا بِالْمَرْحَمَةِ ﴿١٧﴾ أُولَٰئِكَ أَحْسَبُ الْمُنْمَنَةَ ﴿١٨﴾ وَالَّذِينَ
كَفَرُوا بِآيَاتِنَا هُمْ أَصْحَابُ الْمَشْجَمَةِ ﴿١٩﴾ عَلَيْهِمْ نَارٌ مُؤَصَّدَةٌ ﴿٢٠﴾

سُورَةُ الشُّعَرَاءِ

﴿٢٤﴾ সে বলবেঃ হায়, এ জীবনের জন্যে আমি
যদি কিছু অগ্রে প্রেরণ করতাম।

﴿٢٥﴾ সেদিন তার শাস্তির মত শাস্তি কেউ দিবে না।

﴿٢٦﴾ এবং তার বন্ধনের মত বন্ধন কেউ দিবে না।

﴿٢٧﴾ হে প্রশান্ত মন,

﴿٢٨﴾ তুমি তোমার পালনকর্তার নিকট ফিরে যাও
সন্তুষ্ট ও সন্তোষভাজন হয়ে।

﴿٢٩﴾ অতঃপর আমার বান্দাদের অন্তর্ভুক্ত হয়ে
যাও

﴿٣٠﴾ এবং আমার জান্নাতে প্রবেশ কর।

সূরা আল-বালাদ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-২০

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

﴿١﴾ আমি এই (মক্কা) নগরীর শপথ করি

﴿٢﴾ এবং এই নগরীতে আপনার উপর কোন
প্রতিবন্ধকতা নেই।

﴿٣﴾ শপথ জনকের ও যা জন্ম দেয়।

﴿٤﴾ নিশ্চয় আমি মানুষকে শ্রমনির্ভররূপে সৃষ্টি করেছি।

﴿٥﴾ সে কি মনে করে যে, তার উপর কেউ
ক্ষমতাবান হবে না?

﴿٦﴾ সে বলেঃ আমি প্রচুর ধন-সম্পদ ব্যয় করেছি।

﴿٧﴾ সে কি মনে করে যে, তাকে কেউ দেখেনি?

﴿٨﴾ আমি কি তাকে দেইনি চক্ষুদ্বয়,

﴿٩﴾ জিহ্বা ও গুষ্ঠদ্বয়?

﴿١٠﴾ বস্তুতঃ আমি তাকে দু'টি পথ প্রদর্শন করেছি।

﴿١١﴾ অতঃপর সে ধর্মের ঘাঁটিতে প্রবেশ করেনি।

﴿١٢﴾ আপনি জানেন, সে ঘাঁটি কি?

﴿١٣﴾ তা হচ্ছে দাসমুক্তি

﴿١٤﴾ অথবা দুর্ভিক্ষের দিনে অনুদান

﴿١٥﴾ এতীম আত্মীয়কে

﴿١٦﴾ অথবা ধূলি-ধূসরিত মিসকীনকে

﴿١٧﴾ অতঃপর তাদের অন্তর্ভুক্ত হওয়া, যারা
ঈমান আনে এবং পরস্পরকে উপদেশ দেয়
সবরের ও উপদেশ দেয় দয়ার।

﴿١٨﴾ তারাই সৌভাগ্যশালী।

﴿١٩﴾ আর যারা আমার আয়াতসমূহ অস্বীকার
করে তারাই হতভাগা।

﴿٢٠﴾ তারা অগ্নিপরিবেষ্টিত অবস্থায় বন্দী
থাকবে।

সূরা আশ্-শাম্‌স

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১৫

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ শপথ সূর্যের ও তার কিরণের,
- ২ শপথ চন্দ্রের যখন তা সূর্যের পশ্চাতে আসে,
- ৩ শপথ দিবসের যখন সে সূর্যকে প্রখরভাবে প্রকাশ করে,
- ৪ শপথ রাত্রির যখন সে সূর্যকে আচ্ছাদিত করে,
- ৫ শপথ আকাশের এবং যিনি তা নির্মাণ করেছেন, তাঁর।
- ৬ শপথ পৃথিবীর এবং যিনি তা বিস্তৃত করেছেন তাঁর,
- ৭ শপথ প্রাণের এবং যিনি তা সুবিন্যস্ত করেছেন, তাঁর
- ৮ অতঃপর তাকে তার অসৎকর্ম ও সৎকর্মের জ্ঞান দান করেছেন,
- ৯ যে নিজেকে শুদ্ধ করে, সেই সফলকাম হয়।
- ১০ এবং যে নিজেকে কলুষিত করে, সে ব্যর্থ মনোরথ হয়।
- ১১ সামুদ্র সম্প্রদায় অবাধ্যতাবশতঃ মিথ্যারোপ করেছিল
- ১২ যখন তাদের সর্বাধিক হতভাগ্য ব্যক্তি তৎপর হয়ে উঠেছিল,
- ১৩ অতঃপর আল্লাহর রসূল তাদেরকে বলেছিলেনঃ আল্লাহর উদ্দী ও তাকে পানি পান করানোর ব্যাপারে সতর্ক থাক।
- ১৪ অতঃপর ওরা তাঁর প্রতি মিথ্যারোপ করেছিল এবং উদ্দীর পা কর্তন করেছিল। তাদের পাপের কারণে তাদের পালনকর্তা তাদের উপর ধ্বংস নাযিল করে একাকার করে দিলেন।
- ১৫ আল্লাহ্ তা'আলা এই ধ্বংসের কোন বিরূপ পরিণতির আশংকা করেন না।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَالنَّمِيسِ وَضَحَّهَا ١ وَالْقَمَرِ إِذَا تَلَّهَا ٢ وَالنَّهَارِ إِذَا جَلَّهَا ٣
وَاللَّيْلِ إِذَا يَغْشَىٰهَا ٤ وَالسَّمَاءِ وَمَا بَنَىٰهَا ٥ وَالْأَرْضِ وَمَا خَلَقَهَا ٦
وَنَفْسٍ وَمَا سَوَّاهَا ٧ فَأَلْهَمَهَا فُجُورَهَا وَتَقْوَاهَا ٨ قَدْ
أَفْلَحَ مَنْ رَزَقَهَا ٩ وَقَدْ خَابَ مَنْ دَسَّهَا ١٠ كَذَبَتْ ثَمُودُ
بِطَعُونِهَا ١١ إِذْ أَنْبَعَتْ أَشْقَاهَا ١٢ فَقَالَ لَهُمْ رَسُولُ اللَّهِ
نَاقَةَ اللَّهِ وَسُقْيَاهَا ١٣ فَكَذَّبُوهُ فَعَقَرُوهَا فَدَمْدَمَ
عَلَيْهِمْ رَبُّهُمْ يَدْبِرُهُمْ فُسُونَهَا ١٤ وَلَا يَخَافُ عِقَابَهَا ١٥

سُوْرَةُ اللَّيْلِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَاللَّيْلِ إِذَا يَغْشَىٰ ١ وَالنَّهَارِ إِذَا تَجَلَّىٰ ٢ وَمَا خَلَقَ الذُّكْرَ وَالْأُنثَىٰ ٣
إِنْ سَعَىٰ لَشَىٰ ٤ فَأَمَّا مَنْ أَعْطَىٰ وَانْفَىٰ ٥ وَصَدَقَ بِالْحُسْنَىٰ ٦
فَسَنِيْرُهُ لِلْيُسْرَىٰ ٧ وَأَمَّا مَنْ يَبْخُلُ وَاسْتَفَىٰ ٨ وَكَذَّبَ بِالْحُسْنَىٰ ٩
فَسَنِيْرُهُ لِلْعُسْرَىٰ ١٠ وَمَا يُغْنِي عَنْهُ مَالُهُ إِذَا تَرَدَّىٰ ١١ إِنَّ عَلَيْنَا
لَلْهُدَىٰ ١٢ وَإِن لَّنَا الْآخِرَةُ وَالْأُولَىٰ ١٣ فَأَنْذَرْتُكُمْ نَارًا تَلَظَّىٰ ١٤

সূরা আল-লায়ল

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১১

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ শপথ রাত্রির, যখন সে আচ্ছন্ন করে,
- ২ শপথ দিনের, যখন সে আলোকিত হয়
- ৩ এবং তাঁর, যিনি নর ও নারী সৃষ্টি করেছেন,
- ৪ নিশ্চয় তোমাদের কর্ম প্রচেষ্টা বিভিন্ন ধরনের।
- ৫ অতএব, যে দান করে এবং আল্লাহভীরু হয়,
- ৬ এবং উত্তম বিষয়কে সত্য মনে করে,
- ৭ আমি তাকে সুখের বিষয়ের জন্যে সহজ পথ দান করব।
- ৮ আর যে কৃপণতা করে ও বেপরওয়া হয়
- ৯ এবং উত্তম বিষয়কে মিথ্যা পতিপনু করে
- ১০ আমি তাকে কষ্টের বিষয়ের জন্যে সহজ পথ দান করব।

সূরা আছ-ছোহা

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১১

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ শপথ পূর্বাহ্নের,
- ২ শপথ রাত্রির যখন তা গভীর হয়,
- ৩ আপনার পালনকর্তা আপনাকে ত্যাগ করেননি এবং আপনার প্রতি বিরূপও হননি।
- ৪ আপনার জন্যে পরকাল ইহকাল অপেক্ষা শ্রেয়।
- ৫ আপনার পালনকর্তা সত্বরই আপনাকে দান করবেন, অতঃপর আপনি সন্তুষ্ট হবেন।
- ৬ তিনি কি আপনাকে এতীমরূপে পাননি? অতঃপর তিনি আশ্রয় দিয়েছেন।
- ৭ তিনি আপনাকে পেয়েছেন পথহারা, অতঃপর পথপ্রদর্শন করেছেন।
- ৮ তিনি আপনাকে পেয়েছেন নিঃশ্ব, অতঃপর অভাবমুক্ত করেছেন।
- ৯ সূতরাং আপনি এতীমের প্রতি কঠোর হবেন না;
- ১০ সওয়ালকারীকে ধমক দেবেন না
- ১১ এবং আপনার পালনকর্তার নেয়ামতের কথা প্রকাশ করুন।

সূরা আল-ইনশিরাহ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৮

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ আমি কি আপনার বক্ষ কল্যাণের জন্যে উন্মুক্ত করে দেইনি?
- ২ আমি লাঘব করেছি আপনার বোঝা,
- ৩ যা ছিল আপনার জন্যে অতিশয় দুঃসহ।
- ৪ আমি আপনার আলোচনাকে সুউচ্চ করেছি।
- ৫ নিশ্চয় কষ্টের সাথে স্বস্তি রয়েছে।
- ৬ নিশ্চয় কষ্টের সাথে স্বস্তি রয়েছে।
- ৭ অতএব, যখন অবসর পান পরিশ্রম করুন।
- ৮ এবং আপনার পালনকর্তার প্রতি মনোনিবেশ করুন।

لَا يَصْلِيْهَا إِلَّا الْأَشْقَى (١٥) الَّذِي كَذَّبَ وَتَوَلَّى (١٦) وَسَيُجَنَّبُهَا الْأَتْقَى (١٧) الَّذِي يُؤْتِي مَالَهُ يَتَزَكَّى (١٨) وَمَا لِأَحَدٍ عِنْدَهُ مِنْ نِّعْمَةٍ تُجْزَى (١٩) إِلَّا ابْتِغَاءَ وَجْهِ رَبِّهِ الْأَعْلَى (٢٠) وَسَوْفَ يُرْضَى (٢١)

سُورَةُ الضُّحَى

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

وَالضُّحَى (١) وَاللَّيْلِ إِذَا سَجَى (٢) مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلَى (٣) وَالْآخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْأُولَى (٤) وَسَوْفَ يُعْطِيكَ رَبُّكَ فَتَرْضَى (٥) أَلَمْ يَجِدْكَ يَتِيمًا فَآوَى (٦) وَوَجَدَكَ ضَالًّا فَهَدَى (٧) وَوَجَدَكَ عَائِلًا فَأَغْنَى (٨) فَأَمَّا الْيَتِيمَ فَلَا تَقْهَرْ (٩) وَأَمَّا السَّائِلَ فَلَا تَنْهَرْ (١٠) وَأَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ (١١)

سُورَةُ الشَّرْحِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ (١) وَوَضَعْنَا عَنكَ وَزْرَكَ (٢) الَّذِي أَنْقَضَ ظَهْرَكَ (٣) وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ (٤) فَإِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا (٥) إِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا (٦) فَإِذَا فَرَغْتَ فَانصَبْ (٧) وَإِلَىٰ رَبِّكَ فَارْغَبْ (٨)

- ১১ যখন সে অধঃপতিত হবে, তখন তার সম্পদ তার কোনই কাজে আসবে না।
- ১২ আমার দায়িত্ব পথ প্রদর্শন করা।
- ১৩ আর আমি মালিক ইহকালের ও পরকালের।
- ১৪ অতএব, আমি তোমাদেরকে প্রজ্জ্বলিত অগ্নি সম্পর্কে সতর্ক করে দিয়েছি।
- ১৫ এতে নিতান্ত হতভাগ্য ব্যক্তিই প্রবেশ করবে,
- ১৬ যে মিথ্যারোপ করে ও মুখ ফিরিয়ে নেয়।
- ১৭ এ থেকে দূরে রাখা হবে আল্লাহ্‌ভীর ব্যক্তিকে,
- ১৮ সে আত্মশুদ্ধির জন্যে তার ধন-সম্পদ দান করে।
- ১৯ এবং তার উপর কারও কোন প্রতিদানযোগ্য অনুগ্রহ থাকে না।
- ২০ তার মহান পালনকর্তার সন্তুষ্টি অবশেষণ ব্যতীত।
- ২১ সে সত্বরই সন্তুষ্টি লাভ করবে।

সূরা ত্বীন

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৮

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ শপথ আঞ্জীর (ডুমুর) ও যয়তুনের,
- ২ এবং সিনাই প্রান্তরস্থ তুর পর্বতের,
- ৩ এবং এই নিরাপদ নগরীর।
- ৪ আমি সৃষ্টি করেছি মানুষকে সুন্দরতম অবয়বে
- ৫ অতঃপর তাকে ফিরিয়ে দিয়েছি নীচ থেকে নীচে

- ৬ কিন্তু যারা বিশ্বাস স্থাপন করেছে ও সৎকর্ম করেছে, তাদের জন্যে রয়েছে অশেষ পুরস্কার।
- ৭ অতঃপর কেন তুমি অবিশ্বাস করছ কেয়ামতকে?
- ৮ আল্লাহ কি বিচারকদের মধ্যে শ্রেষ্ঠতম বিচারক নন?

সূরা আলাকু

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১৯

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ পাঠ করুন আপনার পালনকর্তার নামে যিনি সৃষ্টি করেছেন,
- ২ সৃষ্টি করেছেন মানুষকে জমাট রক্ত থেকে।
- ৩ পাঠ করুন, আপনার পালনকর্তা মহা দয়ালু,
- ৪ যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন,
- ৫ শিক্ষা দিয়েছেন মানুষকে যা সে জানত না।
- ৬ সত্যি সত্যি মানুষ সীমালংঘন করে,
- ৭ এ কারণে যে, সে নিজেকে অভাবমুক্ত মনে করে।
- ৮ নিশ্চয় আপনার পালনকর্তার দিকেই প্রত্যাভর্তন হবে।
- ৯ আপনি কি তাকে দেখেছেন, যে নিষেধ করে
- ১০ এক বান্দাকে, যখন সে নামায পড়ে?
- ১১ আপনি কি দেখেছেন যদি সে সৎপথে থাকে

سُورَةُ التَّوْنِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

- ১ وَاللَّيْلِ وَاللَّيْتُونَ ۝ ٢ وَطُورِ سِينِينَ ۝ ٣ وَهَذَا الْبَلَدِ الْأَمِينِ ۝ ٤ ثُمَّ رَدَدْنَاهُ أَسْفَلَ سَافِلِينَ ۝ ٥ إِلَّا الَّذِينَ ءَامَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ فَلَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ۝ ٦ فَمَا يُكَذِّبُكَ بَعْدَ بِاللَّيْنِ ۝ ٧ أَلَيْسَ اللَّهُ بِأَحْكَمَ الْحَاكِمِينَ ۝ ٨

سُورَةُ الْعَلَقِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

- ১ أَفَرَأَى بِأَسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ ۝ ٢ خَلَقَ الْإِنْسَانَ مِنْ عَلَقٍ ۝ ٣ أَفَرَأَى الْأَكْرَمُ ۝ ٤ الَّذِي عَلَّمَ بِالْقَلَمِ ۝ ٥ عَلَّمَ الْإِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ۝ ٦ الْإِنْسَانَ لِيَطْغَىٰ ۝ ٧ أَنْ رَآهُ اسْتَغْفَىٰ ۝ ٨ وَإِنَّا إِلَىٰ رَبِّكَ لَارْجَىٰ ۝ ٩ الَّذِي يَسْمَعُ ۝ ١٠ عَبْدًا إِذَا صَلَّىٰ ۝ ١١ أَرَأَيْتَ إِنْ كَانَ عَلَىٰ لَهْدَىٰ ۝ ١٢ أَرَأَيْتَ إِنْ كَذَّبَ وَتَوَلَّىٰ ۝ ١٣ أَرَأَيْتَ إِنْ كَذَّبَ وَتَوَلَّىٰ ۝ ١٤ كَلَّا لَئِنْ لَمْ يَنْتَه لِنَشْفَعًا بِالنَّاصِيَةِ ۝ ١٥ نَاصِيَةٍ كَذِبَةٍ خَاطِبَةٍ ۝ ١٦ فليدع ناديه ۝ ١٧ سَدِّعُ الرِّبَانِيَةَ ۝ ١٨ كَلَّا لَا تَطْعَهُ وَاسْجُدْ وَاقْتَرِبْ ۝ ١٩

- ১২ অথবা আল্লাহতীতি শিক্ষা দেয়।
- ১৩ আপনি কি দেখেছেন, যদি সে মিথ্যারোপ করে ও মুখ ফিরিয়ে নেয়।
- ১৪ সে কি জানে না যে, আল্লাহ দেখেন?
- ১৫ কখনই নয়, যদি সে বিরত না হয়, তবে আমি মস্তকের সামনের কেশগুচ্ছ ধরে হেঁচড়াবই—
- ১৬ মিথ্যাচারী, পাপীর কেশগুচ্ছ।
- ১৭ অতএব, সে তার সভাসদদেরকে আহ্বান করুক।
- ১৮ আমিও আহ্বান করব জাহান্নামের প্রহরীদেরকে
- ১৯ কখনই নয়, আপনি তার আনুগত্য করবেন না। আপনি সেজদা করুন ও আমার নৈকট্য অর্জন করুন।

سُورَةُ الْقَدْرِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

إِنَّا أَنْزَلْنَاهُ فِي لَيْلَةِ الْقَدْرِ ۝ وَمَا أَدْرَاكَ مَا لَيْلَةُ الْقَدْرِ ۝
لَيْلَةُ الْقَدْرِ خَيْرٌ مِنْ أَلْفِ شَهْرٍ ۝ نَزَّلُ الْمَلَائِكَةَ وَالرُّوحَ
فِيهَا بِإِذْنِ رَبِّهِمْ مِنْ كُلِّ أَمْرٍ ۝ سَلَّمَ هِيَ حَتَّىٰ مَطْلَعِ الْفَجْرِ ۝

سُورَةُ الْبَيِّنَاتِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

لَمْ يَكُنِ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ مُتَفَكِّحِينَ
حَتَّىٰ تَأْتِيَهُمُ الْبَيِّنَةُ ۝ رَسُولٌ مِنَ اللَّهِ يَتْلُو صُحُفًا مُطَهَّرَةً ۝
فِيهَا كُتِبَ قِسْمَةٌ ۝ وَمَا نَفَرَقَ الَّذِينَ أُوْتُوا الْكِتَابَ إِلَّا مِنْ
بَعْدِ مَا جَاءَهُمُ الْبَيِّنَةُ ۝ وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ
لَهُ الدِّينَ حُنَفَاءَ وَيُقِيمُوا الصَّلَاةَ وَيُؤْتُوا الزَّكَاةَ وَذَلِكَ دِينُ
الْقِسْمَةِ ۝ إِنَّ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ وَالْمُشْرِكِينَ
فِي نَارِ جَهَنَّمَ خَالِدِينَ فِيهَا أُولَئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ۝
الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ ۝

সূরা ক্বদর

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৫

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ আমি একে নাযিল করেছি শবে-কদরে ।
- ২ শবে-কদর সম্বন্ধে আপনি কী জানেন?
- ৩ শবে-কদর হল এক হাজার মাস অপেক্ষা শ্রেষ্ঠ ।
- ৪ এতে প্রত্যেক কাজের জন্যে ফেরেশতাগণ ও রুহ অবতীর্ণ হয় তাদের পালনকর্তার নির্দেশক্রমে ।
- ৫ এটা নিরাপত্তা যা ফজরের উদয় পর্যন্ত অব্যাহত থাকে ।

সূরা বাইয়্যিনাহ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৮

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ আহলে-কিতাব ও মুশরেকদের মধ্যে যারা কাফের ছিল, তারা প্রত্যাবর্তন করত না যতক্ষণ না তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসত ।
- ২ অর্থাৎ, আল্লাহর একজন রসূল, যিনি আবৃত্তি করতেন পবিত্র সহীফা,
- ৩ যাতে আছে, সঠিক বিষয়বস্তু ।
- ৪ আর কিতাব প্রাপ্তরা যে বিভ্রান্ত হয়েছে তা হয়েছে, তাদের কাছে সুস্পষ্ট প্রমাণ আসার পরেই ।
- ৫ তাদেরকে এছাড়া কোন নির্দেশ করা হয়নি যে, তারা খাঁটি মনে একনিষ্ঠভাবে আল্লাহর এবাদত করবে, নামায কয়েম করবে এবং যাকাত দেবে । এটাই সঠিক ধর্ম ।

- ৬ আহলে-কিতাব ও মুশরেকদের মধ্যে যারা কাফের, তারা জাহান্নামের আগুনে স্থায়ীভাবে থাকবে । তারাই সৃষ্টির অধম ।
- ৭ যারা ঈমান আনে ও সৎকর্ম করে, তারাই সৃষ্টির সেরা ।

৪ পালনকর্তার কাছে রয়েছে তাদের প্রতিদান চিরকাল বসবাসের জান্নাত, যার তলদেশে নির্ঝরিতী প্রবাহিত। তারা সেখানে থাকবে অনন্তকাল। আল্লাহ্ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারা আল্লাহর প্রতি সন্তুষ্ট। এটা তার জন্যে যে তার পালনকর্তাকে ভয় করে।

সূরা যিল্‌যাল

মদীনায় অবতীর্ণঃ আয়াত-৮

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ যখন পৃথিবী তার কম্পনে প্রকম্পিত হবে,
- ২ যখন সে তার বোঝা বের করে দেবে
- ৩ এবং মানুষ বলবে, এর কি হল?
- ৪ সেদিন সে তার বৃত্তান্ত বর্ণনা করবে,
- ৫ কারণ, আপনার পালনকর্তা তাকে আদেশ করবেন।
- ৬ সেদিন মানুষ বিভিন্ন দলে প্রকাশ পাবে, যাতে তাদেরকে তাদের কৃতকর্ম দেখানো হয়।
- ৭ অতঃপর কেউ অণু পরিমাণ সৎকর্ম করলে তা দেখতে পাবে
- ৮ এবং কেউ অণু পরিমাণ অসৎকর্ম করলে তাও দেখতে পাবে।

সূরা আদিয়াত

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১১

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ১ শপথ উর্ধ্বশ্বাসে চলমান অশ্বসমূহের,
- ২ অতঃপর ক্ষুরাঘাতে অগ্নিবিচ্ছুরক অশ্বসমূহের

جَزَاؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنَّاتٌ عَدْنٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ ذَلِكَ لِمَنْ حَسِبَ رَبَّهُ ۗ

سُورَةُ الزَّلْزَلَةِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
إِذَا زُلْزِلَتِ الْأَرْضُ زِلْزَالَهَا ۙ وَأَخْرَجَتِ الْأَرْضُ أَثْقَالَهَا ۙ وَقَالَ الْإِنْسَانُ مَا لَهَا ۚ يَوْمَئِذٍ تُحَدِّثُ أَخْبَارَهَا ۚ بِأَنَّ رَبَّكَ أَوْحَىٰ لَهَا ۚ يَوْمَئِذٍ يَصُدُّرُ النَّاسُ أَشْتَاتًا لِيُرَوْا أَعْمَالَهُمْ ۚ فَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَرَهُ ۗ وَمَنْ يَعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَرَهُ ۗ

سُورَةُ الْجِنَانِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
وَالْعَادِيَاتِ ضَبْحًا ۙ فَالْمُورِيَاتِ قَدْحًا ۙ فَالْمُغِيرَاتِ صُبْحًا ۙ فَأَنْزِلُنَّ بِهِ نَقْعًا ۙ فَوَسَطْنَ بِهِ جَمْعًا ۗ إِنَّ الْإِنْسَانَ لِرَبِّهِ لَكَنُودٌ ۗ وَإِنَّهُ عَلَىٰ ذَٰلِكَ لَشَهِيدٌ ۗ وَإِنَّهُ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيدٌ ۗ أَفَلَا يَعْلَمُ إِذَا بُعِثَ رَمًا فِي الْقُبُورِ ۙ

- ৩ অতঃপর প্রভাতকালে অভিযানকারী অশ্বসমূহের
- ৪ ও যারা সে সময়ে ধুলি উৎক্ষিপ্ত করে
- ৫ অতঃপর যারা শত্রুদলের অভ্যন্তরে ঢুকে পড়ে—
- ৬ নিশ্চয় মানুষ তার পালনকর্তার প্রতি অকৃতজ্ঞ
- ৭ এবং সে অবশ্য এ বিষয়ে অবহিত
- ৮ এবং সে নিশ্চিতই ধন-সম্পদের ভালবাসায় মত্ত।
- ৯ সে কি জানেনা, যখন কবরে যা আছে, তা উত্থিত হবে

وَحُصِّلَ مَا فِي الصُّدُورِ ۝۱۰ إِنَّ رَبَّهُم بِهِمْ يَوْمَئِذٍ لَّخَبِيرٌ ۝۱۱

سُورَةُ الْفَاتِحَةِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الْفَاتِحَةَ ۝۱ مَا الْفَاتِحَةَ ۝۲ وَمَا أَدْرَاكَ مَا الْفَاتِحَةُ ۝۳
يَوْمَ يَكُونُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوثِ ۝۴
وَتَكُونُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوشِ ۝۵ فَأَمَّا
مَنْ تَقَلَّتْ مَوَازِينُهُ ۝۶ فَهُوَ فِي عِيشَةٍ رَاضِيَةٍ ۝۷
وَأَمَّا مَنْ خَفَّتْ مَوَازِينُهُ ۝۸ فَأُمُّهُ هَاوِيَةٌ ۝۹
وَمَا أَدْرَاكَ مَا هِيَ ۝۱۰ نَارُ حَامِيَةٍ ۝۱۱

سُورَةُ التَّكْوِينِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

أَلْهَمَكُمُ التَّكْوِينَ ۝۱ حَقِّ زُرْتُمُ الْمَقَابِرَ ۝۲ كَلَّا سَوْفَ
تَعْلَمُونَ ۝۳ ثُمَّ كَلَّا سَوْفَ تَعْلَمُونَ ۝۴ كَلَّا لَوْ تَعْلَمُونَ
عِلْمَ الْيَقِينِ ۝۵ لَتَرَوُنَّ الْجَحِيمَ ۝۶ ثُمَّ لَتَرَوُنَّهَا
عَيْنَ الْيَقِينِ ۝۷ ثُمَّ لَتَسْتَلْنَ يَوْمَئِذٍ عَنِ النَّعِيمِ ۝۸

- 10 এবং অন্তরে যা আছে, তা অর্জন করা হবে?
11 সেদিন তাদের কি হবে, সে সম্পর্কে তাদের
পালনকর্তা সবিশেষ জ্ঞাত।

সূরা কারিয়াহ্

মক্কায় অবতীর্ণঃ আয়াত-১১

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- 1 করাঘাতকারী,
2 করাঘাতকারী কি?
3 করাঘাতকারী সম্পর্কে আপনি কি জানেন?
4 সেদিন মানুষ হবে বিক্ষিপ্ত পতংগের মত

5 এবং পর্বতমালা হবে ধূনিত রঙীন পশমের
মত।

- 6 অতএব যার পাল্লা ভারী হবে,
7 সে সুখী জীবন যাপন করবে
8 আর যার পাল্লা হালকা হবে,
9 তার ঠিকানা হবে হাবিয়া।
10 আপনি জানেন তা কি?
11 প্রজ্জ্বলিত অগ্নি।

সূরা তাকাসুর

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৮

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- 1 প্রাচুর্যের লালসা তোমাদেরকে গাফেল
রাখে,
2 এমনকি, তোমরা কবরস্থানে পৌঁছে
যাও।
3 এটা কখনও উচিত নয়। তোমরা
সত্বরই জেনে নেবে,
4 অতঃপর এটা কখনও উচিত নয়।
তোমরা সত্বরই জেনে নেবে।
5 কখনই নয়; যদি তোমরা নিশ্চিত
জানতে।
6 তোমরা অবশ্যই জাহান্নাম দেখবে,
7 অতঃপর তোমরা তা অবশ্যই দেখবে
দিব্য-প্রত্যয়ে,
8 এরপর অবশ্যই সেদিন তোমরা
নেয়ামত সম্পর্কে জিজ্ঞাসিত হবে।

সূরা আছর

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৩

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ❦ কসম যুগের,
- ❦ নিশ্চয় মানুষ ক্ষতিগ্রস্ত;
- ❦ কিন্তু তারা নয় যারা বিশ্বাস স্থাপন করে ও সৎকর্ম করে এবং পরস্পরকে উপদেশ দেয় সত্যের এবং উদ্বুদ্ধ করে ধৈর্য ধারণের।

সূরা হুমাযাহ্

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৯

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ❦ প্রত্যেক পশ্চাতে ও সম্মুখে পরনিন্দাকারীরা দুর্ভোগ,
- ❦ যে অর্থ সঞ্চিত করে ও গণনা করে
- ❦ সে মনে করে যে, তার অর্থ চিরকাল তার সাথে থাকবে!
- ❦ কখনও না, সে অবশ্যই নিষ্কিণ্ড হবে পিষ্টকারীর মध्ये।
- ❦ আপনি কি জানেন, পিষ্টকারী কি?
- ❦ এটা আল্লাহর প্রজ্জ্বলিত অগ্নি,
- ❦ যা হৃদয় পর্যন্ত পৌঁছবে।
- ❦ এতে তাদেরকে বেঁধে দেয়া হবে,
- ❦ লম্বালম্বা খুঁটিতে।

سُورَةُ الْعَصْرِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
وَالْعَصْرِ ❶ إِنَّ الْإِنْسَانَ لَفِي خُسْرٍ ❷ إِلَّا الَّذِينَ ءَامَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَتَوَّصَوْا بِالْحَقِّ وَتَوَّصَوْا بِالصَّبْرِ ❸

سُورَةُ الْهُمَزَةِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
وَبَلِّ لِكُلِّ هُمْزٍ لَمْرُوفٍ ❶ الَّذِي جَمَعَ مَالًا وَعَدَّدَهُ ❷ يَحْسَبُ أَنَّ مَالَهُ أَخْلَدُهُ ❸ كَلَّا لَيَكْبَدَنَّ فِي الْخُطْمَةِ ❹ وَمَا أَدرِنَكَ مَا الْخُطْمَةُ ❺ تَأْرُ اللَّهُ الْمُؤَفَّدَةَ ❻ الَّتِي تَطَّلِعُ عَلَى الْآفَاقِ ❷ إِنَّهَا عَلَيْهِمْ مُّوَصَّدَةٌ ❸ فِي عَمْدٍ مُّمدَّدَةٍ ❹

سُورَةُ الْفَيْثِيكِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
أَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِأَصْحَابِ الْفَيْلِ ❶ أَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِي تَضَلُّلٍ ❷ وَأَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا أَبَابِيلَ ❸ تَرْمِيهِمْ بِحِجَارَةٍ مِّن سِجِّيلٍ ❹ فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّأْكُولٍ ❺

সূরা ফীল

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৫

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ❦ আপনি কি দেখেননি আপনার পালনকর্তা হস্তীবাহিনীর সাথে কিরূপ ব্যবহার করেছেন?
- ❦ তিনি কি তাদের চক্রান্ত নস্যাৎ করে দেননি?
- ❦ তিনি তাদের উপর প্রেরণ করেছেন ঝাঁকে ঝাঁকে পাখী,
- ❦ যারা তাদের উপর পাথরের কংকর নিক্ষেপ করছিল।
- ❦ অতঃপর তিনি তাদেরকে ভক্ষিত তৃণসদৃশ করে দেন।

سُورَةُ قُرَيْشٍ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

لَا يَلْفُ قُرَيْشٍ ① إِذْ لَفِيهِمْ رِحْلَةَ الشِّتَاءِ وَالصَّيْفِ
 ② فَلْيَعْبُدُوا رَبَّ هَذَا الْبَيْتِ ③ الَّذِي أَطْعَمَهُمْ
 مِّنْ جُوعٍ وَءَامَنَهُمْ مِّنْ خَوْفٍ ④

سُورَةُ الْمَاعُونِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

أَرَأَيْتَ الَّذِي يُكَذِّبُ بِالذِّينِ ① فَذَلِكَ الَّذِي
 يَدْعُ الْيَتِيمَ ② وَلَا يُحِصُّ عَلَىٰ طَعَامِ الْمَسْكِينِ ③
 فَوَيْلٌ لِلْمُصَلِّينَ ④ الَّذِينَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُونَ
 ⑤ الَّذِينَ هُمْ يُرَاءُونَ ⑥ وَيَمْنَعُونَ الْمَاعُونَ ⑦

سُورَةُ الْكَافِرِينَ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

إِنَّا أَعْطَيْنَاكَ الْكَوْثَرَ ① فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ②
 إِنَّكَ شَانِئٌ هُوَ الْأَبْتَرُ ③

সূরা মাদুইন

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৭

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ① আপনি কি দেখেছেন তাকে, যে বিচারদিবসকে মিথ্যা বলে?
- ② সে সেই ব্যক্তি, যে এতীমকে গলা ধাক্কা দেয়
- ③ এবং মিসকীনকে অনু দিতে উৎসাহিত করে না।
- ④ অতএব দুর্ভোগ সেসব নামাযীর,
- ⑤ যারা তাদের নামায সম্বন্ধে বে-খবর;
- ⑥ যারা তা লোক-দেখানোর জন্য করে
- ⑦ এবং গৃহস্থালীর নিত্য ব্যবহার্য বস্তু অন্যকে দেয় না।

সূরা কোরাইশ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৪

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ① কোরাইশের আসক্তির কারণে,
- ② আসক্তির কারণে তাদের শীত ও গ্রীষ্মকালীন সফরের।
- ③ অতএব তারা যেন এবাদত করে এই ঘরের পালনকর্তার
- ④ যিনি তাদেরকে ক্ষুধায় আহার দিয়েছেন এবং যুদ্ধভীতি থেকে তাদেরকে নিরাপদ করেছেন।

সূরা কাওসার

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৩

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ① নিশ্চয় আমি আপনাকে (হাউজে) কাউসার দান করেছি।
- ② অতএব আপনার পালনকর্তার উদ্দেশ্যে নামায পড়ুন এবং কোরবানী করুন।
- ③ যে আপনার শত্রু, সে-ই তো লেজকাটা, নির্বংশ।

সূরা কাফিরুন

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৬

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ❶ বলুন, হে কাফিরকুল,
- ❷ আমি এবাদত করিনা তোমরা যার এবাদত কর।
- ❸ এবং তোমরাও এবাদতকারী নও যার এবাদত আমি করি
- ❹ এবং আমি এবাদতকারী নই যার এবাদত তোমরা কর।
- ❺ তোমরা এবাদতকারী নও যার এবাদত আমি করি।
- ❻ তোমাদের কর্ম ও কর্মফল তোমাদের জন্যে এবং আমার কর্ম ও কর্মফল আমার জন্যে।

সূরা নছর

মদীনায় অবতীর্ণঃ আয়াত-৩

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ❶ যখন আসবে আল্লাহর সাহায্য ও বিজয়
- ❷ এবং আপনি মানুষকে দলে দলে আল্লাহর দ্বীনে প্রবেশ করতে দেখবেন,
- ❸ তখন আপনি আপনার পালনকর্তার পবিত্রতা বর্ণনা করুন এবং তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করুন। নিশ্চয় তিনি ক্ষমাকারী।

سُورَةُ الْكَافِرُونَ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ ❶ لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ ❷
 وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ ❸ وَلَا أَنَا عَابِدٌ مَّا عَبَدْتُمْ ❹
 وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ ❺ لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ ❻

سُورَةُ الْبَقَرَةِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 إِذَا جَاءَ نَصْرُ اللَّهِ وَالْفَتْحُ ❶ وَرَأَيْتَ النَّاسَ
 يَدْخُلُونَ فِي دِينِ اللَّهِ أَفْوَاجًا ❷ فَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ
 وَاسْتَغْفِرْ لَهُ إِنَّهُ كَانَ تَوَّابًا ❸

سُورَةُ الْمَائِدَةِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ ❶ مَا أَغْنَىٰ عَنْهُ مَالُهُ وَمَا
 كَسَبَ ❷ سَيَصْلَىٰ نَارًا ذَاتَ لَهَبٍ ❸ وَأَمْرَأَتُهُ
 حَمَّالَةَ الْحَطَبِ ❹ فِي جِيدِهَا حَبْلٌ مِّن مَّسَدٍ ❺

সূরা লাহাব

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৫

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ❶ আবু লাহাবের হস্তদ্বয় ধ্বংস হোক এবং ধ্বংস হোক সে নিজে,
- ❷ কোন কাজে আসেনি তার ধন-সম্পদ ও যা সে উপার্জন করেছে।
- ❸ সত্ত্বরই সে প্রবেশ করবে লেলিহান অগ্নিতে
- ❹ এবং তার স্ত্রীও-যে ইন্ধন বহন করে,
- ❺ তার গলদেশে খর্জুরের রশি নিয়ে।

سُورَةُ الْاِخْلَاصِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ① اللَّهُ الصَّمَدُ ② لَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ ④
 وَلَمْ يُولَدْ ③ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ ④

سُورَةُ الْفَالِقِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ ① مِنْ شَرِّ مَا خَلَقَ ② وَمِنْ
 شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ ③ وَمِنْ شَرِّ النَّفَّاثَاتِ فِي
 الْعُقَدِ ④ وَمِنْ شَرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ ⑤

سُورَةُ النَّاسِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ
 قُلْ أَعُوذُ بِرَبِّ النَّاسِ ① مَلِكِ النَّاسِ ② إِلَهِ
 النَّاسِ ③ مِنْ شَرِّ الْوَسْوَاسِ الْخَنَّاسِ ④ الَّذِي
 يُوَسْوِسُ فِي صُدُورِ النَّاسِ ⑤
 مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ⑥

সূরা ফালাক

মদীনায় অবতীর্ণঃ আয়াত-৫

- পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি
- ① বলুন, আমি আশ্রয় গ্রহণ করছি প্রভাতের পালনকর্তার,
 - ② তিনি যা সৃষ্টি করেছেন, তার অনিষ্ট থেকে,
 - ③ অন্ধকার রাত্রির অনিষ্ট থেকে, যখন তা সমাগত হয়,
 - ④ গ্রহীতে ফুঁৎকার দিয়ে জাদুকারিণীদের অনিষ্ট থেকে
 - ⑤ এবং হিংসুকের অনিষ্ট থেকে যখন সে হিংসা করে।

সূরা এখলাছ

মক্কায় অবতীর্ণঃ আয়াত-৪

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ① বলুন, তিনি আল্লাহ্ এক,
- ② আল্লাহ্ অমুখাপেক্ষী,
- ③ তিনি কাউকে জন্ম দেননি এবং কেউ তাকে জন্ম দেয়নি
- ④ এবং তাঁর সমতুল্য কেউ নেই।

সূরা নাস

মদীনায় অবতীর্ণঃ আয়াত-৬

পরম করুণাময় ও অসীম দয়ালু আল্লাহর নামে শুরু করছি

- ① বলুন, আমি আশ্রয় গ্রহণ করছি মানুষের পালনকর্তার
- ② মানুষের অধিপতির,
- ③ মানুষের মা'বুদের
- ④ তার অনিষ্ট থেকে, যে কুমন্ত্রণা দেয় ও আত্মগোপন করে,
- ⑤ যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে
- ⑥ জ্বিনের মধ্যে থেকে অথবা মানুষের মধ্যে থেকে।

১ **মুসলিম ব্যক্তি কোথা থেকে নিজের আক্বীদা-বিশ্বাস গ্রহণ করবে?** আল্লাহর কিতাব এবং নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর সুন্নাহ থেকে মুসলিম ব্যক্তি নিজের আক্বীদা-বিশ্বাস গ্রহণ করবে। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কখনো নিজের পক্ষ থেকে কোন কথা বলেন না। আল্লাহ বলেন, ﴿إِنَّهُ هُوَ الْوَحِيُّ يُوحَىٰ﴾ “তিনি যা বলেন, তা তো কেবল ওহী, যা ওহী করা হয়।” (সূরা নাজমঃ৪৪) তবে এই গ্রহণ ছাহাবায়ে কেরাম ও সালাফে সালাহীনের ব্যাখ্যা ও নীতি অনুযায়ী হতে হবে।

২ **ইসলাম ধর্মের স্তর কয়টি ও কি কি?** ধর্মের স্তর তিনটি। ১) ইসলাম, ২) ঈমান ও ৩) ইহসান।

৩ **ইসলাম কাকে বলে? এর রুকন কয়টি ও কি কি?** ইসলাম হলো তাওহীদ (একত্ববাদ) ও আনুগত্যের সাথে এক আল্লাহর নিকট পূর্ণ আত্মসমর্পণ করা এবং শিরক ও তার অনুসারীদের থেকে সম্পর্কচ্ছেদ ঘোষণা করা। এর রুকন বা স্তম্ভ হচ্ছে পাঁচটি। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, « بِنِي الْإِسْلَامِ عَلَى خَمْسٍ: شَهَادَةٌ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا رَسُولُ اللَّهِ، وَإِقَامُ الصَّلَاةِ، وَإِيتَاءُ الزَّكَاةِ، وَحَجُّ الْبَيْتِ، وَصَوْمُ رَمَضَانَ » “ইসলামের ভিত্তি হচ্ছে পাঁচটিঃ ১) কালেমায়ে শাহাদাত পাঠ করা। অর্থাৎ- সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ব্যতীত সত্য কোন উপাস্য নেই এবং মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহর রাসূল। ২) ছালাত (নামায) প্রতিষ্ঠা করা। ৩) যাকাত প্রদান করা। ৪) হজ্জ পালন করা।

৫) রামাযানের ছিয়াম (রোযা) রাখা।” (বুখারী ও মুসলিম)

৪ **ঈমান কাকে বলে? ঈমানের রুকন কয়টি ও কি কি?** ঈমান হল- মুখে উচ্চারণ, অন্তরে বিশ্বাস ও অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমে কাজে পরিণত করা। উহা আনুগত্য ও সৎ আমলের মাধ্যমে বাড়ে এবং পাপাচার ও নাফরমানীর কারণে কমে যায়।

আল্লাহ বলেন, ﴿لِيَذُودُوا بَيْنَنَا مَعَ إِيْمَانِهِمْ﴾ “যাতে করে তাদের ঈমানের সাথে আরো ঈমান বেড়ে যায়।” আবু হুরায়রা (রা:) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

« الْإِيْمَانُ بَضْعٌ وَسَبْعُونَ شُعْبَةً، أَعْلَاهَا قَوْلُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَدْنَاهَا إِمَاطَةُ الْأَذَى عَنِ الطَّرِيقِ وَالْحَيَاءُ شُعْبَةٌ مِنَ الْإِيْمَانِ »

“ঈমানের শাখা সত্তর অর্থবা ষাটের অধিক। এর মধ্যে সর্বোচ্চ শাখা হলো- “লাইলাহা ইল্লাল্লাহ” [অর্থাৎ আল্লাহ ব্যতীত (সত্য) কোন উপাস্য নেই] মুখে উচ্চারণ করা। আর সর্ব নিম্ন শাখা হলো- রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু অপসারণ করা। লজ্জাবোধ ঈমানের (অন্যতম) একটি শাখা।” (মুসলিম)

ঈমান কম বেশী হওয়ার বিষয়টি একজন মুসলিম নেক কাজের মওসুম আসলে সংকাজে তৎপর হওয়া আর গুনাহের কাজ করে ফেললে নিজের মধ্যে সংকীর্ণতা অনুভব করার মাধ্যমে নিশ্চিতভাবে বুঝতে পারে ও নিজের মধ্যে অনুভব করতে পারে। আল্লাহ বলেন,

﴿إِنَّ الْحَسَنَاتِ يُذْهِبْنَ بِذُنُوبَاتِ﴾ “নিশ্চয় নেক কাজ অসৎ কাজের গুনাহকে দূর করে দেয়।” (সূরা হূদঃ ১১৪)

ঈমানের রুকন ছয়টিঃ দৃঢ়ভাবে বিশ্বাস স্থাপন করাঃ ১) আল্লাহ পাকের উপর ২) তাঁর ফেরেশতাদের উপর ৩) তাঁর কিতাবসমূহের উপর ৪) তাঁর রাসূলদের উপর ৫) আখিরাত বা শেষ দিবসের উপর এবং ৬) তাক্বদীরের ভাল-মন্দের উপর।” (মুসলিম)

৫ **(লা-ইলাহা ইল্লাল্লাহ) অর্থ কি?** আল্লাহ ব্যতীত সত্য কোন উপাস্য নেই। অর্থাৎ-আল্লাহ ব্যতীত অন্য সকলের জন্য ইবাদতের যোগ্যতাকে অস্বীকার করা এবং যাবতীয় ইবাদতকে এককভাবে আল্লাহর জন্য সাব্যস্ত করা।

৬ **কিয়ামত দিবসে নাজাতপ্রাপ্ত দল কোনটি হবে?** রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

« وَتَفْتَرِقُ أُمَّتِي عَلَى ثَلَاثٍ وَسَبْعِينَ مَلَّةً كُلُّهُمْ فِي النَّارِ إِلَّا مَلَّةً وَاحِدَةً قَالُوا: وَمَنْ هِيَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: مَا أَنَا عَلَيْهِ وَأَصْحَابِي »

“আমার উম্মাত তেহাওঁর দলে বিভক্ত হবে। এর মধ্যে একটি দল ছাড়া সবাই জাহান্নামে যাবে। তাঁরা বললেন: কোন দলটি হে আল্লাহর রাসূল? তিনি বললেন: যারা আমি এবং আমার ছাহাবীদের নীতির উপর প্রতিষ্ঠিত থাকবে তাঁরাই শুধু জান্নাতে যাবে।” (তিরমিযী, দ্রঃ ছহীহ সুন্নাহ তিরমিযী, হা/২৬৪১)

অতএব হক বা সত্য হচ্ছে সেটাই, যার উপর নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এবং তাঁর ছাহাবীগণ প্রতিষ্ঠিত ছিলেন। তাই নাজাত পেতে চাইলে, আমল কবুল হওয়ার আশা করলে তাঁদের অনুসরণ করতে হবে এবং বিদআত থেকে সাবধান থাকতে হবে।

৭ **আল্লাহ কি আমাদের সাথে আছেন?** হ্যাঁ, আল্লাহ তাঁর জ্ঞান, দৃষ্টি, শ্রবণ, সংরক্ষণ, ক্ষমতা ও

ইচ্ছা প্রভৃতির মাধ্যমে আমাদের সাথে আছেন। কিন্তু তাঁর সত্ত্বা কোন সৃষ্টির মাঝে মিশতে পারে না। অর্থাৎ- আল্লাহ্ নিজ সত্ত্বায় আমাদের সাথে আছেন একথা বিশ্বাস করা যাবে না। তাছাড়া সৃষ্টিকুলের কেউ তাঁকে বেষ্টনও করতে পারে না।

৮ আল্লাহকে কি চর্মচক্ষু দ্বারা দেখা সম্ভব? মুসলিমগণ একথার উপর ঐক্যমত যে, দুনিয়াতে আল্লাহকে চর্মচক্ষু দ্বারা দেখা সম্ভব নয়। কিন্তু মু'মিনগণ পরকালে হাশরের মাঠে ও জান্নাতে আল্লাহকে দেখবেন। আল্লাহ বলেন, ﴿رُجُوهٌ يَوْمَئِذٍ نَّاصِرَةٌ ﴿٢٢﴾ إِلَىٰ رَبِّهَا نَاظِرَةٌ﴾ “সে দিন কিছু মুখমন্ডল উজ্জল হবে, তারা প্রতিপালক (আল্লাহকে) দেখবে।” (সূরা ক্বিয়ামাহঃ ২২-২৩)

৯ আল্লাহর নাম ও গুণাবলী সম্পর্কে জ্ঞানার্জন করার উপকারিতা কি? সৃষ্টির উপর আল্লাহ সর্বপ্রথম যে বিষয়টি ফরয করেছেন তা হচ্ছে সৃষ্টি আল্লাহ সম্পর্কে জ্ঞানার্জন করা। তাঁর সম্পর্কে মানুষ জানতে পারলে প্রকৃতভাবে তাঁর ইবাদত করতে সক্ষম হবে। এ জন্য আল্লাহ বলেন, ﴿فَاعْلَمْ أَنَّهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَالْأَلَّهُ وَاسْتَغْفِرْ لِذَنبِكَ﴾ “তুমি জেনে নাও যে, আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই এবং তোমার ত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা কর।” (সূরা মুহাম্মাদঃ ১৯)

মানুষ যখন জানবে যে, আল্লাহর করুণা অপরিসীম ও দয়া প্রশস্ত, তখন সে আশান্বিত হবে। যখন জানবে যে, তিনি কঠিন শাস্তি দানকারী প্রতিশোধ গ্রহণকারী তখন তাঁর ব্যাপারে ভীত হবে। যখন জানবে তিনিই এককভাবে সকল অনুগ্রহ ও নে'য়ামত দানকারী, তখন তাঁর শুকরিয়া ও কৃতজ্ঞতা আদায় করবে। মোটকথা আল্লাহর নাম ও গুণাবলী দ্বারা তাঁর ইবাদতের উদ্দেশ্য হল, তাঁর নাম ও গুণাবলী সমূহের অর্থ সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করা ও সে অনুযায়ী আমল করা।

আল্লাহ তা'আলার কিছু নাম ও গুণাবলী আছে যেগুলো দ্বারা বান্দা নিজেকে গুণান্বিত করতে চাইলে সে সাধুবাদ পাবে প্রশংসার অধিকারী হবে। যেমন, জ্ঞান, দয়া, ন্যায়-নিষ্ঠা ইত্যাদি। আর কতক গুণাবলী এমন আছে যা বান্দার মধ্যে প্রবেশ করলে সে নিন্দিত হবে এবং শাস্তির সম্মুখিন হবে। যেমনঃ দাসত্বের দাবী করা, অহংকার করা, দাম্ভিকতা ও ঔদ্ধত্য প্রকাশ করা।

আর বান্দার জন্য এমন কিছু গুণাবলী আছে যেগুলো অর্জন করার জন্য সে নির্দেশিত হয় এবং লাভ করতে পারলে প্রশংসিত হয়। যেমনঃ আল্লাহর গোলাম বা দাস হওয়া, তাঁর কাছে অভাবী ও নিঃস্ব হওয়া, ছোট হয়ে থাকা, প্রার্থনা করা ইত্যাদি। এ শব্দগুলো আল্লাহর ক্ষেত্রে প্রয়োগ করা নিষেধ। মানুষের মধ্যে সেই লোক আল্লাহর নিকট সবচেয়ে পছন্দনীয়, যে তাঁর পছন্দনীয় গুণাবলী দ্বারা নিজেকে গুণান্বিত করতে পারে। আর সবচেয়ে ঘৃণিত সেই লোক, যে আল্লাহর দৃষ্টিতে নিন্দনীয় ও ঘৃণিত কাজে নিজেকে জড়িত করে।

আল্লাহ বলেন: ﴿وَلِلَّهِ الْأَسْمَاءُ الْحُسْنَىٰ فَادْعُوهُ بِهَا﴾ “আল্লাহর অনেক সুন্দর সুন্দর নাম আছে, সেই নামের মাধ্যমে তোমরা তাকে ডাক।” (সূরা আ'রাফঃ ১৮০)

আবু হুরায়রা (রা:) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্লাম) বলেনঃ

«إِنَّ لِلَّهِ تَعَالَىٰ تِسْعَةً وَتِسْعِينَ اسْمًا مِائَةً إِلَّا وَاحِدًا مِّنْ أَحْصَاهَا دَخَلَ الْجَنَّةَ» “আল্লাহ তা'আলার নিরানব্বইটি (এক কম একশ) নাম রয়েছে, যে উহা গণনা করবে সে জান্নাতে প্রবেশ করবে।” (বুখারী ও মুসলিম)

কুরআন ও সুন্নাহ অনুসন্ধান করে আল্লাহর যে সমস্ত নাম জানা যায় তা নিম্নরূপঃ ﷻ
 মহিমাময় আল্লাহ্ / الرَّحْمَنُ পরম দয়ালু / الرَّحِيمُ পরম করুণাময় / الْمَلِكُ স্বত্বাধিকারী, বাদশা / الْقُدُّوسُ মহা পবিত্র / السَّلَامُ পরম শান্তিদাতা / الْمُؤْمِنُ নিরাপত্তাদানকারী / الْمُهِيمُنُ রক্ষক, কর্তৃত্বকারী / الْعَزِيزُ মহাপরাক্রমশালী / الْجَبَّارُ মহাশক্তিধর / الْمُتَكَبِّرُ মহা গৌরবান্বিত / الْخَالِقُ স্রষ্টা / الْبَارِئُ সৃজনকর্তা / الْمُصَوِّرُ অবয়বদানকারী / الْأَوَّلُ অনাদী / الْآخِرُ অনন্ত / الظَّاهِرُ প্রকাশ্য / الْبَاطِنُ গোপন / السَّمِيعُ শ্রবণকারী / الْبَصِيرُ মহাদৃষ্টি / الْوَالِيُّ অভিভাবক / التَّوَّابُ সাহায্যকারী / الْحَنُوفُ ক্ষমাকারী, উদারতা প্রদর্শনকারী / الْقَدِيرُ মহাক্ষমতাবান / السُّلْطَنُ সুক্ষদর্শী / الْخَبِيرُ মহাসংবাদ রক্ষক / الْوَكِيلُ বেজোড় বা একক / الْجَمِيلُ অতিব সুন্দর / الْحَيُّ লজ্জাশীল / السَّمِيعُ দোষ-ত্রুটি গোপনকারী / الْكَبِيرُ অতীব মহান / الْمُتَعَالِ চিরউন্নত / الْوَاحِدُ একক / الْقَهَّارُ অসীম ক্ষমতাবান / الْحَقُّ মহাসত্য / الْمُبِينُ সুস্পষ্টকারী প্রকাশকারী / الْقَوِيُّ মহা শক্তিধর / الْمَتِينُ

দৃশ্যজ্ঞির অধিকারী / الْحَيُّ চিরঞ্জীব / الْقَيُّومُ চিরস্থায়ী / الْعَلِيُّ সুউচ্চ, মহান / الْعَظِيمُ সুমহান / الشُّكُورُ কৃতজ্ঞতাপ্রিয় / الْحَلِيمُ মহাসহিষ্ণু / الْوَاسِعُ মহাবিস্তারক (মহা প্রশস্ত) / الْعَلِيمُ মহাজ্ঞানী / التَّوَّابُ তওবা কবুলকারী / الْحَكِيمُ মহাবিজ্ঞ / الْعَنِي ঐশ্বর্যশালী / الْكَرِيمُ মহা অনুগ্রহশীল / الْأَحَدُ একক, অদ্বিতীয় / الصَّمَدُ অমুখাপেক্ষী, স্বয়ংসম্পূর্ণ / الْقَرِيبُ সর্বাধিক নিকটবর্তী / الْمَجِيبُ কবুলকারী / الْغَفُورُ মহাক্ষমাশীল / الْوَدُودُ মহন্তম বন্ধু / الْوَلِيُّ মহা অভিভাবক / الْحَمِيدُ মহাপ্রশংসিত / الْحَفِيزُ মহারক্ষক / الْمَجِيدُ মহাগৌরবান্বিত / الْفَتَّاحُ মহা বিজয়ী / الشَّهِيدُ মহাস্বাক্ষী / الْمُقَدِّمُ অগ্রসরকারী / الْمُوَخَّرُ পশ্চাতে প্রেরণকারী / الْمَلِيكُ মহান বাদশা / الْمَقْتَدِرُ মহা ক্ষমতাবান / الْمُسَعِّرُ মূল্য নির্ধারণকারী / الْقَابِضُ হরণকারী / الْبَاسِطُ সম্প্রসারণকারী / الرَّازِقُ রিযিকদাতা / الْقَاهِرُ পরাজিতকারী / الدَّيَّانُ মহাবিচারক / الشَّاكِرُ কৃতজ্ঞতাকারী / الْمَنَّانُ অনুগ্রহকারী / الْقَادِرُ সর্বশক্তিমান / الْخَلَّاقُ সৃষ্টিকারী / الْمَالِكُ মহান মালিক / الرَّزَّاقُ সর্বাধিক রিযিকদাতা / الْوَكِيلُ মহা প্রতিনিধি / الرَّقِيبُ মহাপর্যবেক্ষক / الْمُحْسِنُ মহা অনুগ্রহকারী / الْحَسِيبُ মহান হিসাব গ্রহণকারী / الشَّافِي আরোগ্য দানকারী / الرَّقِيقُ মর্হান বন্ধু / الْمُعْطِي দানকারী, الْمُقْتِنُ ভরণ-পোষণ দানকারী, খাদ্যদাতা / السَّيِّدُ প্রভু, নেতা, মানুষের অভাব পূরণকারী / الطَّيِّبُ মর্হা পবিত্র / الْحَكِيمُ মহাবিচারক / الْأَكْرَمُ সর্বাধিক সম্মানিত / الْبِرُّ মহাকল্যাণদাতা / الْفَقَّارُ মহাক্ষমাকারী, الْرَّءُوفُ অতিদয়ালু, الْوَهَّابُ মহান দাতা, الْجَوَادُ উদার দানশীল, السُّبُوخُ মহামহিম / الْوَارِثُ উত্তরাধিকারী / الرَّبُّ প্রভু প্রতিপালক / الْأَعْلَى মহত্তর, সর্বোচ্চ / الْإِلَهُ মা'বুদ বা উপাস্য।

হাদীছে যে বলা হয়েছে: “যে ব্যক্তি উহা গণনা করবে সে জান্নাতে প্রবেশ করবে।” এর অর্থ হচ্ছে, সে অনুযায়ী আমল করবে। যেমনঃ الْحَكِيمُ মহাবিজ্ঞ। বান্দা যখন নিজের যাবতীয় বিষয় তাঁর কাছে সমর্পণ করবে তখনই এ নামের উপর আমল হবে। কেননা সকল বিষয় তাঁরই হেকমত ও পাড়িতোই হয়ে থাকে। বান্দা যখন বলবে الْقُدُّوسُ বা মহা পবিত্র, তখন অন্তরে অনুভব করবে যে, তিনি যাবতীয় দোষ-ত্রুটি থেকে পবিত্র।

আল্লাহর নামের প্রতি আমল করার আরেক নিয়ম হচ্ছে, সে গুলোকে শ্রদ্ধা ও সম্মান করা এবং সেগুলো উল্লেখ করে তাঁর কাছে দু'আ করা।

১০ আল্লাহর নাম ও গুণাবলীর মধ্যে পার্থক্য কি? (সাহায্য প্রার্থনা) এবং (শপথ)এর ক্ষেত্রে আল্লাহর নাম ও গুণাবলী উভয়ই ব্যবহার করা যাবে। কিন্তু এগুলোর মধ্যে আলাদা আলাদা কিছু পার্থক্য আছে। যেমনঃ প্রথমতঃ কিছু কিছু নাম আছে যেগুলো দ্বারা শুধু দু'আর ক্ষেত্রে এবং গোলাম বা দাস হওয়ার ক্ষেত্রে ব্যবহার করা যাবে। কিন্তু উক্ত উদ্দেশ্যে গুণাবলী ব্যবহার করা যাবে না। যেমনঃ (الكريم) এই নামের দাস হয়ে নাম রাখা যাবে আবদুল কারীম (মহা অনুগ্রহশীলের দাস)। এমনিভাবে এই নাম ধরে দু'আ করবে। বলবে, (يا كريم) হে অনুগ্রহকারী। কিন্তু এরূপ বলা যাবে না (ياكرم الله) বা হে আল্লাহর অনুগ্রহ। দ্বিতীয়তঃ আল্লাহর নামসমূহ থেকে গুণাবলী নির্ধারণ করা যাবে। যেমনঃ الرحمن নাম থেকে الرحمة বা দয়া গুণ বের করা যাবে। কিন্তু গুণাবলী থেকে নাম বের করা ঠিক হবে না। যেমন আল্লাহর একটি গুণ হচ্ছে الاستواء বা সম্মুন্নত হওয়া। এটার উপর ভিত্তি করে তাঁকে المستوي বলা যাবে না। তৃতীয়তঃ আল্লাহর কর্ম সমূহ থেকে তাঁর এমন কোন নাম নির্ধারণ করা যাবে না, যে নামের ব্যাপারে কোন দলীল আসেনি। যেমনঃ আল্লাহ (الغضب) রাগান্বিত হন। সুতরাং আল্লাহর নাম (الغاضب) বা রাগকারী বলা যাবে না। কিন্তু কর্ম থেকে তাঁর গুণাবলী নির্ধারণ করা যাবে। অতএব, (الغضب) রাগ বা ‘ক্রুদ্ধ হওয়া’ গুণ আমরা আল্লাহর জন্য সাব্যস্ত করব। কেননা, রাগ করা আল্লাহর কর্ম সমূহের অন্তর্ভুক্ত।^১

^১ . পূর্বেল্লিখিত নাম ও গুণাবলীর ক্ষেত্রে আমাদের বিশ্বাস হচ্ছে সেগুলোর প্রতি আমরা বিশ্বাস রাখব, সেগুলো আল্লাহর জন্য সাব্যস্ত করব, প্রকৃতভাবে তিনি এসব নাম ও গুণাবলীর অধিকারী, এটা মাজাজ বা রূপক বিষয় নয়। যে নাম ও গুণ আল্লাহর সুউচ্চ সত্তার সাথে যেভাবে সামঞ্জস্যপূর্ণ হয়- সেভাবেই তিনি এগুলোর অধিকারী। এ কারণে এগুলোকে আমরা অস্বীকার করবো না, এগুলোর কোন ধরণ-গঠন নির্ধারণ করব না বা এগুলোর কোন প্রকার অপব্যাখ্যাও করব না। - অনুবাদক

১১ ফেরেশতাদের প্রতি ঈমান আনার অর্থ কি? ফেরেশতাদের প্রতি ঈমান আনার

অর্থ হচ্ছেঃ একথার প্রতি দৃঢ় বিশ্বাস রাখা যে, ফেরেশতাদের অস্তিত্ব আছে। আল্লাহ তা'আলা তাঁদেরকে নূর দ্বারা সৃষ্টি করেছেন- তাঁর ইবাদত এবং তাঁর আদেশ বাস্তবায়ন করার জন্য। আল্লাহ তাদের বর্ণনা দিয়ে বলেন: ﴿عِبَادٌ مُّكْرَمُونَ ﴿١٧﴾ لَا يَسْقُونَهُ بِالْقَوْلِ وَهُمْ بِأَمْرِهِ يَعْمَلُونَ﴾ “ওরা সম্মানিত বান্দা, তাঁর আগে আগে কোন কথা বলেন না। তারা তাঁর নির্দেশ অনুযায়ী কাজ করে থাকে।” (সূরা আচ্ছিয়াঃ ২৬-২৭) ফেরেশতাদের প্রতি ঈমান চারটি বিষয়কে অন্তর্ভুক্ত করেঃ

১) ফেরেশতাদের অস্তিত্বের প্রতি ঈমান। ২) তাঁদের মধ্যে যাদের নাম আমরা জানতে পেরেছি তাদের প্রতি বিশ্বাস রাখা। যেমনঃ জিবরীল (আঃ)। ৩) তাঁদের মধ্যে যাদের গুণাবলীর বর্ণনা পাওয়া গেছে, তাদের প্রতি ঈমান রাখা। যেমনঃ তাঁদের আকৃতি বিশাল হওয়া। ৪) তাঁদের মধ্যে যার উপর যে দায়িত্ব অর্পণ করা হয়েছে তাঁর প্রতি বিশ্বাস রাখা। যেমন মৃত্যুর ফেরেশতা।

১২ পবিত্র কুরআন কি? পবিত্র কুরআন আল্লাহর বাণী। সেটি তেলাওয়াতের মাধ্যমে ইবাদত করা হয়। এ বাণী আল্লাহর নিকট থেকে এসেছে এবং তাঁর নিকটেই ফিরে যাবে। আল্লাহ প্রকৃতপক্ষে অক্ষর ও শব্দসহ এই কথাগুলো উচ্চারণ করেছেন। আর তা শ্রবণ করেছেন জিবরীল (আঃ)। অতঃপর তিনি নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট তা পৌঁছিয়ে দিয়েছেন। আর সমস্ত আসমানী কিতাবই আল্লাহর (কালাম) বাণী।

১৩ আমরা কি নাবী (স:) এর সূনাত ছেড়ে দিয়ে কেবল কুরআনকেই যথেষ্ট মনে করব? না, শুধুমাত্র কুরআন যথেষ্ট নয়। কেননা আল্লাহ পাক সূনাতকে গ্রহণ করার আদেশ করেছেন। তিনি বলেন: ﴿وَمَا آتَاكُمُ الرَّسُولُ فَخُذُوهُ وَمَا نَهَاكُمْ عَنْهُ فَانْتَهُوا﴾ “রাসূল তোমাদেরকে যা প্রদান করেন তা তোমরা গ্রহণ করবে এবং তিনি যা নিষেধ করেন তা থেকে বিরত থাকবে।” (সূরা হাশর- ৭) সূনাত হচ্ছে পবিত্র কুরআনের ব্যাখ্যাকারী। ধর্মের খুঁটিনাটি বিষয়- যেমন নামায প্রভৃতি- সূনাত ছাড়া জানা যাবে না। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

«أَلَا إِنِّي أُوتِيتُ الْكِتَابَ وَمِثْلَهُ مَعَهُ ، أَلَا يُوشِكُ رَجُلٌ شَيْعَانٌ عَلَيَّ أُرِيكْتَهُ يَقُولُ : عَلَيْنِكُمْ بِهَذَا الْقُرْآنِ ، فَمَا وَجَدْتُمْ فِيهِ مِنْ حَلَالٍ فَأَحْلَوْهُ ، وَمَا وَجَدْتُمْ فِيهِ مِنْ حَرَامٍ فَحَرَّمُوهُ»

“জেনে রেখো! আমাকে কিতাব (কুরআন) দেয়া হয়েছে এবং তার সাথে অনুরূপ আরেকটি বিষয় দেয়া হয়েছে। জেনে রেখো! অচিরেই এমন পরিতৃপ্ত লোক পাওয়া যাবে, যে বালিশে হেলান দিয়ে বসে বলবে, তোমরা এই কুরআন আঁকড়ে ধর! এর মধ্যে যা হালাল হিসেবে পাবে, তা হালাল গণ্য করবে। আর যা হারাম হিসেবে পাবে, তা হারাম গণ্য করবে।” (আবু দাউদ, [দ্রঃ ছহীহ সুনানে আবু দাউদ- আলবানী হা/৪৬০৪)

১৪ প্রশ্নঃ রাসূলগণের প্রতি ঈমান আনার অর্থ কি? দৃঢ়ভাবে একথা বিশ্বাস করা যে, আল্লাহ তা'আলা প্রত্যেক জাতির নিকট তাদেরই মধ্যে থেকে একজন করে রাসূল শ্রেণণ করেছেন। তিনি তাদেরকে আহ্বান করেন তারা যেন এককভাবে আল্লাহর ইবাদত করে। তিনি ছাড়া যার ইবাদত করা হয়, তাকে অস্বীকার করে। রাসূলগণ সকলেই সত্যবাদী, সত্যায়িত, সুপথপ্রাপ্ত, সম্মানিত, সৎকর্মশীল, পরহেয়গার, আমানতদার, হেদায়াতকারী ও হেদায়াতপ্রাপ্ত। তাঁরা সকলেই রিসালতের দায়িত্ব পালন করেছেন। তাঁরা সকলেই আদম সন্তান মানুষ জাতির অন্তর্ভুক্ত। তাঁরা সৃষ্টিকুলের মধ্যে সর্বশ্রেষ্ঠ। তাঁরা জন্মের পর থেকে মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত আল্লাহর সাথে শিকের অপরাধ থেকে মুক্ত।

১৫ শেষ দিবসের প্রতি ঈমানের অর্থ কি? শেষ দিবস বা পরকাল আসবে একথার প্রতি দৃঢ় বিশ্বাস রাখা। শেষ দিবসের প্রতি ঈমানের অন্তর্গত হচ্ছেঃ মৃত্যুকে বিশ্বাস করা, মৃত্যু পরবর্তী কবরের আযাব বা নে'য়ামত বিশ্বাস করা। আরো বিশ্বাস করা- শিঙ্গায় ফুৎকার, হাশরের দিন আল্লাহর সম্মুখে সকল মানুষের দণ্ডয়মান হওয়া, আমলনামা প্রদান, দাঁড়িপাল্লা, পুলসিরাত, হাওযে কাউছার, শাফা'আত ইত্যাদির পর জান্নাতে অথবা জাহান্নামে প্রবেশ।

১৬ ক্বিয়ামত দিবসে শাফা'আতের প্রকার কি কি? শাফা'আত কয়েক প্রকারঃ প্রথমঃ বৃহৎ শাফা'আত। ক্বিয়ামতের মাঠে যখন সমস্ত মানুষ পঞ্চাশ হাজার বছর দণ্ডয়মান থেকে ফায়সালার

জন্য অপেক্ষা করবে, তখন এই শাফাআত হবে। নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহর কাছে সুপারিশ করবেন এবং মানুষের বিচার করার জন্য প্রার্থনা জানাবেন। এই শাফা'আতের অধিকারী একমাত্র আমাদের নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)। এটাই হচ্ছে মাক্কামে মাহমূদ বা সর্বোচ্চ প্রশংসিত স্থান, যার অঙ্গিকার তাঁকে দেয়া হয়েছে। **দ্বিতীয়ঃ** জান্নাতের দরজা খোলার জন্য শাফা'আত। সর্বপ্রথম জান্নাতের দরজা খোলার অনুমতি চাইবেন আমাদের নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)। আর তাঁর উম্মতই অন্যান্য উম্মতের পূর্বে জান্নাতে প্রবেশ করবে। **তৃতীয়ঃ** এমন কিছু লোকের জন্য শাফা'আত যাদেরকে জাহান্নামে প্রবেশ করানোর আদেশ করা হয়েছে, যাতে করে তাদেরকে সেখানে প্রবেশ না করানো হয়। **চতুর্থঃ** তাওহীদপন্থী যে সমস্ত পাপী লোক জাহান্নামে প্রবেশ করেছে, তাদেরকে সেখান থেকে বের করার জন্য সুপারিশ। **পঞ্চমঃ** জান্নাতবাসী কিছু লোকের মর্যাদা বৃদ্ধির জন্য সুপারিশ।

শেষের তিনটি শাফা'আত আমাদের নবীর জন্য খাছ নয়; তবে সেক্ষেত্রে তিনিই প্রথমে, তাঁর পরে হচ্ছেন অন্যান্য নবীগণ, ফেরেশতাগণ, সালেহীন ও শহীদগণ।

ষষ্ঠঃ বিনা হিসেবে কিছু লোককে জান্নাতে প্রবেশ করানোর জন্য শাফা'আত। **সপ্তমঃ** কোন কোন কাফেরের শাস্তিকে হালকা করার জন্য শাফা'আত। এই শাফা'আতটি আমাদের নবী বিশেষভাবে তাঁর চাচা আবু তালেবের জন্য করবেন, যাতে করে তার আযাব হালকা করে দেয়া হয়।

অতঃপর কারো সুপারিশ ছাড়াই আল্লাহ তা'আলা নিজ করুণায় কিছু লোককে জাহান্নাম থেকে বের করবেন, যারা তাওহীদের উপর মৃত্যু বরণ করেছে। তাদের সংখ্যা কত হবে, তা আল্লাহ ছাড়া কেউ জানে না। অতঃপর নিজ করুণায় তাদেরকে জান্নাতে প্রবেশ করাবেন।

১৭) জীবিত কারো নিকট থেকে সুপারিশ বা সাহায্য চাওয়া জায়েয আছে কি? হ্যাঁ, জায়েয আছে; বরং শরীয়ত মানুষকে ভাল কাজে সহযোগিতা করার ব্যাপারে উৎসাহ দিয়েছে। আল্লাহ বলেন :

﴿وَتَعَاوَنُوا عَلَى الْبِرِّ وَالتَّقْوَى﴾ “তোমরা পরস্পরকে নেকী ও তাকওয়ার কাজে সহযোগিতা কর।”

(সূরা মায়দা- ২) রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

« وَاللَّهُ فِي عَوْنِ الْعَبْدِ مَا كَانَ الْعَبْدُ فِي عَوْنِ أَخِيهِ » “আল্লাহ বান্দাকে সাহায্য করেন, যতক্ষণ বান্দা তার মুসলিম ভাইকে সহযোগিতা করে।” (মুসলিম)

শাফা'আতের ফযীলত বিরাট। এর অর্থ হচ্ছে মধ্যস্থতা করা। যেমন আল্লাহ বলেন:

﴿مَنْ يَشْفَعْ شَفَعَةً حَسَنَةً يَكُنْ لَهُ نَصِيبٌ مِمَّا﴾ “যে ব্যক্তি উত্তম সুপারিশ করবে, সে তার অংশ পাবে।”

(সূরা নিসাঃ ৮৫) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, « اَشْفَعُوا تَوْجَرُوا » “তোমরা সুপারিশ কর, ছওয়াব পাবে।” (বুখারী)

কিন্তু এই সুপারিশের জন্য কিছু শর্ত আছে:- ১) জীবিত লোকের পক্ষ থেকে সুপারিশ হতে হবে। মৃত ব্যক্তি তো নিজেরই কোন উপকার করতে পারে না, অন্যের উপকার করবে কিভাবে? ২) যে বিষয়ে কথা বলছে তা বুঝে-শুনে বলবে। ৩) যে বিষয়ে সুপারিশ করা হচ্ছে, তা উপস্থিত থাকতে হবে। ৪) এমন বিষয়ে সুপারিশ করবে, যাতে তার ক্ষমতা আছে। ৫) সুপারিশ কোন দুনিয়াবী বিষয় হবে। ৬) বৈধ কোন বিষয়ে সুপারিশ হবে, যাতে কারো কোন ক্ষতি থাকবে না।

১৮) উসীলা কত প্রকার ও কি কি? উসীলা দু'প্রকার: **প্রথমঃ বৈধ উসীলাঃ** এটা আবার তিন প্রকার।

১) আল্লাহ তা'আলার নাম ও গুণাবলীর উসীলা নেয়া। ২) নিজের কোন নেক আমল দ্বারা আল্লাহর কাছে উসীলা চাওয়া। যেমন গুহার মধ্যে আবদ্ধ তিন ব্যক্তির কাহিনী। ৩) জীবিত উপস্থিত নেক কোন মুসলিম ব্যক্তির দু'আ দ্বারা আল্লাহর কাছে উসীলা চাওয়া, যার দু'আ কবূল হওয়ার আশা করা যায়।

দ্বিতীয়ঃ হারাম উসীলাঃ এটা দু'প্রকারঃ ১) নবী বা কোন ওলীর সম্মানের উসীলায় আল্লাহর কাছে প্রার্থনা করা। যেমন বলল, হে আল্লাহ! নবীজীর উসীলায় বা হুসাইনের উসীলায় বা অমুক ওলীর উসীলায় তোমার কাছে প্রার্থনা করছি। সন্দেহ নেই যে, নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহর কাছে বিরাট সম্মানের অধিকারী, তারপরও তাঁর উসীলা করা জায়েয নেই। অনুরূপভাবে নেককার লোকেরাও আল্লাহর কাছে সম্মানিত। কিন্তু ছাহাবায়ে কেরাম নেক কাজের প্রতি সবচেয়ে বেশী

আগ্রহী হওয়া সত্ত্বেও যখন তাঁরা দুর্ভিক্ষে পড়েছিলেন, তখন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর উসীলা করে কেউ প্রার্থনা করেননি। অথচ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর কবর তাঁদের কাছেই অবস্থিত। বরং তাঁরা তাঁর চাচা আব্বাস (রাঃ)এর দু'আর উসীলা করেছিলেন। ২) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বা কোন ওলীর কসম দিয়ে আল্লাহর কাছে প্রয়োজন পূরণের প্রার্থনা করা। যেমন বলে, হে আল্লাহ! তোমার অমুক ওলীর নামের কসম দিয়ে তোমার কাছে চাচ্ছি। অথবা অমুক নবীর কসম দিয়ে প্রার্থনা করছি। কেননা মাখলুকের কাছে মাখলুকের কসম দেয়া যদি নিষেধ হয়, তাহলে সৃষ্টি আল্লাহর কাছে সৃষ্টিকুলের কসম দেয়া তো আরো কঠিনভাবে নিষেধ। তাছাড়া শুধুমাত্র আনুগত্য করার কারণে আল্লাহর উপর বান্দার কোন দাবী বা অধিকার নেই যে তার কথা তাঁকে শুনতেই হবে।

১৯ মৃত এবং অনুপস্থিত মানুষের কাছে দু'আ করার হুকুম কি? মৃত এবং অনুপস্থিত মানুষের কাছে দু'আ করা এবং তাদের কাছে কোন কিছু চাওয়া শির্ক। কেননা দু'আ একটি ইবাদত, যাতে আল্লাহ ছাড়া কারো কোন অধিকার নেই। আল্লাহ বলেন: ﴿وَالَّذِينَ تَدْعُونَ مِنْ دُونِهِ مَا يَمْلِكُونَ مِنْ فِطْمِيرٍ ۗ﴾ (১৩) **فِطْمِيرٍ ۗ** **﴿۱۳﴾** **إِنْ تَدْعُوهُمْ لَا يَسْمَعُوا دَعْوَكُمْ وَلَا يُسْتَجَابُ لَهُمْ دَعْوَتُهُمْ يَوْمَ الْقِيَامَةِ يَكْفُرُونَ بِشِرْكِكُمْ ۗ** “আর তোমরা যাদেরকে আল্লাহ ব্যতীত ডাক তারা খেজুরের বিচির উপরে হালকা আবরণেরও মালিক নয়। যদি তোমরা তাদেরকে ডাক তারা তোমাদের ডাক শুনবে না। যদিও তারা শুনে কোন প্রতি উত্তর করবে না। আর তারা কিয়ামত দিবসে তোমাদের এই শির্ককে অস্বীকার করবে।” (সূরা ফাতিরঃ ১৩-১৪)

রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: « **مَنْ مَاتَ وَهُوَ يَدْعُو مِنْ دُونِ اللَّهِ نَدَاً دَخَلَ النَّارَ** » “যে ব্যক্তি মৃত্যু বরণ করে এই অবস্থায় যে, সে আল্লাহ ছাড়া অন্যকে তাঁর সমকক্ষ হিসেবে আহ্বান করেছে, সে জাহান্নামে প্রবেশ করবে।” (বুখারী)

কোন যুক্তিতে মানুষ মৃত ব্যক্তির কাছে প্রার্থনা করে; অথচ সেই তো জীবিত মানুষের দু'আর মুখাপেক্ষী? মৃত্যু বরণ করার সাথে সাথে তার তো যাবতীয় আমল বন্ধ হয়ে গেছে। দু'আ প্রভৃতির ছওয়াবই শুধু তার কাছে পৌঁছে থাকে। কিন্তু জীবিত ব্যক্তি তো আমল করেই চলেছে। মৃত ব্যক্তির জন্য দু'আ করা হলে সে খুশি হয়। অতএব অভাবীর কাছে মানুষ কিভাবে দু'আ চেয়ে থাকে। আর অনুপস্থিত ব্যক্তি তো দূরের কোন ডাকই শুনতে পায় না, কিভাবে সে জবাব দেবে- উপকার করবে?

২০ জান্নাত ও জাহান্নাম কি মওজুদ আছে? হ্যাঁ, মানুষ সৃষ্টির পূর্বেই আল্লাহ জান্নাত ও জাহান্নাম তৈরী করেছেন। তা কখনো ধ্বংস হবে না শেষও হবে না। আল্লাহ তা'আলা নিজ অনুগ্রহে জান্নাতে বসবাস করার জন্য কিছু যোগ্য লোক তৈরী করেছেন। আবার তাঁর ইনসাফের ভিত্তিতে জাহান্নামের জন্যও কিছু লোক তৈরী করেছেন। প্রত্যেককে যার জন্য সৃষ্টি করা হয়েছে, তার জন্য সে ধরণের কাজ সহজ করে দেয়া হয়েছে।

২১ তক্বদীরের প্রতি ঈমান আনার অর্থ কি? এ কথার উপর দৃঢ় বিশ্বাস রাখা যে, প্রত্যেক কল্যাণ ও অকল্যাণ আল্লাহর ফায়সালা ও তাঁর নির্ধারণ অনুযায়ীই হয়ে থাকে। তিনি যা ইচ্ছা তাই সম্পাদন করতে পারেন। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন :

« **لَوْ أَنَّ اللَّهَ عَذَّبَ أَهْلَ سَمَاوَاتِهِ وَأَهْلَ أَرْضِهِ عَذَابَهُمْ وَهُوَ غَيْرُ ظَالِمٍ لَهُمْ، وَلَوْ رَحِمَهُمْ كَانَتْ رَحْمَتُهُ خَيْرًا لَهُمْ مِنْ أَعْمَالِهِمْ، وَلَوْ أَنْفَقْتُ مِثْلَ أَحَدِ ذَهَبًا فِي سَبِيلِ اللَّهِ مَا قَبِلَهُ اللَّهُ مِنْكَ حَتَّى تُؤْمِنَ بِالْقَدْرِ وَتَعْلَمَ أَنَّ مَا أَصَابَكَ لَمْ يَكُنْ لِيُخْطِئَكَ، وَأَنَّ مَا أَخْطَأَكَ لَمْ يَكُنْ لِيُصِيبِكَ وَلَوْ مِتُّ عَلَيَّ غَيْرَ هَذَا لَدَخَلْتُ النَّارَ** »

“আল্লাহ যদি আসমানের সকল অধিবাসীকে এবং যমীনের সকল বসবাসকারীকে শাস্তি প্রদান করেন, তবুও তিনি তাদের প্রতি অত্যাচারী নন। যদি তিনি তাদের সকলের প্রতি করুণা করেন, তবে তাদের কর্মের চাইতে তাঁর করুণাই তাদের জন্য উত্তম হবে। তুমি যদি তক্বদীরের প্রতি ঈমান না রাখ, তবে উহুদ পাহাড় পরিমাণ স্বর্ণ আল্লাহর রাস্তায় ব্যয় করলেও তিনি তা কবুল করবেন না। জেনে রেখো, তুমি যা পেয়েছো, তা তোমার থেকে ছুটে যাওয়ার ছিল না। আর তুমি যা পাওনি, তা তোমার ভাগ্যে ছিল না। এই বিশ্বাসের বাইরে যদি তোমার মৃত্যু হয়, তবে জাহান্নামে প্রবেশ করবে।” (আহমাদ, দঃ ছহীহ জামে ছগীর- আলবানী হ/৫২৪৪)

তকদীরের প্রতি ঈমান চারটি বিষয়কে शामिल করে। ১) একথার প্রতি ঈমান আনা যে, আল্লাহ তা'আলা প্রত্যেক বস্তু সম্পর্কে (কি হবে, কেমন করে, কখন, কোথায় সংঘটিত হবে... সব কিছু) সাধারণভাবে ও ব্যাপকভাবে জ্ঞান রাখেন। ২) এই কথার প্রতি ঈমান রাখা যে, আল্লাহ তা'আলা উল্লেখিত বিষয়গুলো লাওহে মাহফুযে (সংরক্ষিত ফলকে) লিখে রেখেছেন। আবদুল্লাহ ইবনে আমর ইবনে আছ (রা:) থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেন, আমি শুনেছি রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন,

« كَتَبَ اللَّهُ مَقَادِيرَ الْخَلَائِقِ قَبْلَ أَنْ يَخْلُقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِخَمْسِينَ أَلْفَ سَنَةٍ » “আল্লাহ তা'আলা আসমান ও 'যমীন সৃষ্টি করার পঞ্চাশ হাজার বছর আগে সৃষ্টি জগতের তকদীর লিখে রেখেছেন।” (মুসলিম)

৩) এ বিশ্বাস রাখা যে, আল্লাহর ইচ্ছা বাস্তবায়ন হবে, তা প্রতিরোধ করার কেউ নেই। তাঁর ক্ষমতাকে অপারগকারী কেউ নেই। তিনি যা চাইবেন তা হবে, তিনি যা চাইবেন না তা হবে না।

৪) এ ঈমান রাখা যে, সমস্ত জগত, সৃষ্টি কুলের আকৃতি-প্রকৃতি ও নড়া-চড়া বা কর্ম-কাণ্ড এসব কিছুই আল্লাহ সৃষ্টি করেছেন। তিনি ছাড়া যাবতীয় কিছু তাঁরই সৃষ্টি।

২২ সৃষ্টিকুলের কি কোন ক্ষমতা আছে? প্রকৃতপক্ষে তাদের কি কোন ইচ্ছা-স্বাধীনতা আছে? হ্যাঁ, মানুষের ইচ্ছা-স্বাধীনতা আছে, অভিপ্রায়-বাসনা আছে, পছন্দ-অপছন্দের ক্ষমতা আছে। কিন্তু তা আল্লাহর ইচ্ছার বাইরে নয়। আল্লাহ বলেন: ﴿ وَمَا تَشَاءُونَ إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ ﴾ “তোমরা যা কিছু চাও, তা আল্লাহর ইচ্ছার মধ্যেই হয়ে থাকে।” (সূরা- দাহরঃ ৩০) রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

« اعْمَلُوا فِكُلِّ مَيْسَرٍ لِمَا خُلِقَ لَهُ » “তোমরা আমল করে যাও, কেননা প্রত্যেক মানুষকে যে জন্য সৃষ্টি করা হয়েছে, তার জন্য সে ধরণের কাজ সহজ করে দেয়া হয়েছে।” (বুখারী ও মুসলিম)

আল্লাহ তা'আলা আমাদেরকে বিবেক দিয়েছেন। দিয়েছেন দেখা ও শোনার ক্ষমতা। এগুলোর মাধ্যমে আমরা ভাল-মন্দের মাঝে পার্থক্য করতে পারি। এমন লোককে কি বিবেকবান বলা যেতে পারে, যে চুরি করবে আর বলবে এটা আল্লাহ আমার উপর লিখে দিয়েছেন? এরূপ কথা বললেও লোকেরা তাকে কিন্তু ছেড়ে দেবে না। তাকে শাস্তি দেবে। তাকে বলা হবে: এই অপরাধের বিনিময়ে আল্লাহ তোমার জন্য শাস্তিও লিখে রেখেছেন। অতএব তকদীর দিয়ে দলীল পেশ করা বা ওযর পেশ করা কোনটাই জায়েয নয়; বরং এটা তাকদীরকে মিথ্যা প্রতিপন্ন করা। আল্লাহ বলেন:

﴿ سَيَقُولُ الَّذِينَ أَشْرَكُوا لَوْ شَاءَ اللَّهُ مَا أَشْرَكْنَا وَلَا آبَاءَنَا وَلَا حَرَمْنَا مِنْ شَيْءٍ كَذَلِكَ كَذَّبَ الَّذِينَ مِنْ قَبْلِهِمْ ﴾ “মুশরিকরা আপনার কথার উত্তরে বলবে, আল্লাহ যদি চাইতেন তবে আমরা শিরক করতাম না এবং আমাদের বাপ-দাদারাও শিরক করতো না। আর কোন জিনিসও আমরা হারাম করতাম না, বস্তুতঃ এভাবেই তাদের পূর্ব যুগের কাফেররা (রাসূলদেরকে) মিথ্যা প্রতিপন্ন করেছিল।” (সূরা আনআমঃ ১৪৮)

২৩ ইহসান কাকে বলে? নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে ইহসান সম্পর্কে প্রশ্ন করা হলে জবাবে তিনি বলেন, « أَنْ تَعْبُدَ اللَّهَ كَأَنَّكَ تَرَاهُ، فَإِنَّكَ إِنْ لَا تَكُنْ تَرَاهُ فَإِنَّهُ يَرَاكَ » “তুমি এমনভাবে আল্লাহর ইবাদত করবে, যেন তুমি আল্লাহকে দেখতে পাচ্ছ। যদি তা সম্ভব না হয়, তবে মনে করবে তিনি অবশ্যই তোমাকে দেখছেন।” (মুসলিম) ইসলাম ধর্মের তিনটি স্তরের মধ্যে ইহসানের স্তর হচ্ছে সর্বোচ্চ।

২৪ সং আমল কবুল হওয়ার শর্ত কি কি? আমল কবুল হওয়ার শর্ত হচ্ছেঃ ১) আল্লাহর প্রতি ঈমান আনা ও তাঁর তাওহীদের স্বীকৃতি প্রদান করা। মুশরিকের কোন আমল কবুল করা হবে না।

২) ইখলাছ বা একনিষ্ঠতা। অর্থাৎ নেক আমল দ্বারা শুধুমাত্র আল্লাহর সন্তুষ্টির ইচ্ছা করা। ৩) উক্ত আমল করার সময় নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর অনুসরণ করা। অর্থাৎ আমলটি তাঁর আনিত শরীয়ত মুতাবেক হতে হবে। কাজেই তিনি যে নিয়ম-নীতি প্রণয়ন করেছেন, সেই মোতাবেক আল্লাহর ইবাদত করতে হবে। উক্ত তিনটি শর্তের কোন একটি নষ্ট হলে আমল প্রত্যাখ্যাত হবে। আল্লাহ বলেন: ﴿ وَقَدِمْنَا إِلَىٰ مَا عَمِلُوا مِنْ عَمَلٍ فَجَعَلْنَاهُ هَبَاءً مَّنْثُورًا ﴾ “আমি তাদের কৃতকর্মগুলো বিবেচনা করবো, অতঃপর সেগুলোকে বিক্ষিপ্ত ধূলি-কণায় পরিণত করবো।” (সূরা ফুরক্বান- ২৩)

২৫ যদি আমরা মতানৈক্য করি, তাহলে কোন দিকে প্রত্যাবর্তন করব? সে ক্ষেত্রে আমরা সুমহান শরীয়তের স্মরণাপন্ন হব। আল্লাহর কিতাব কুরআন ও নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর সুন্নাত থেকে তার সমাধান গ্রহণ করব। সেই নির্দেশনা দিয়ে মহান আল্লাহ এরশাদ করেন:

﴿فَإِنْ نَزَعْتُمْ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ﴾ “তোমরা কোন বিষয়ে মতবিরোধ করলে, বিষয়টিকে আল্লাহ ও তাঁর রাসূলের দিকে প্রত্যাবর্তন কর।” (সূরা নিসাঃ ৫৯) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: « تَرَكْتُ فِيكُمْ أَمْرَيْنِ لَنْ تَضِلُّوا مَا تَمَسَّكْتُمْ بِهِمَا: كِتَابَ اللَّهِ، وَسُنَّةَ نَبِيِّهِ » “আমি তোমাদের মাঝে দু’টি বস্তু রেখে যাচ্ছি, যতদিন তোমরা উহা আঁকড়ে ধরে থাকবে পথভ্রষ্ট হবে না। আল্লাহর কিতাব ও তাঁর নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সুন্নাত।” (মুআত্তা মালেক, শায়খ আলবানী বলেন, হাদীছটি হাসান, দ্রঃ মেশকাত, অধ্যায়ঃ কিতাব আঁকড়ে ধরা হা/৪৭)

২৬ তাওহীদ কত প্রকার ও কি কি? তাওহীদ তিন প্রকার। ১) তাওহীদুর রুবুবিয়াহ্: উহা হচ্ছে- আল্লাহকে তাঁর কর্ম সমূহে একক হিসেবে মেনে নেয়া। যেমন: সৃষ্টি করা, রিয়িক দেয়া, জীবন-মৃত্যু দান করা ইত্যাদি। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আগমণের পূর্বে কাফেরগণ এই প্রকার তাওহীদের স্বীকৃতি দিয়েছিল। ২) তাওহীদুল উলুহিয়াহ্: উহা হচ্ছে- ইবাদতের ক্ষেত্রে আল্লাহকে একক নির্ধারণ করা। যেমন: নামায, নযর-মানত, দান-সাদকা ইত্যাদি। যাবতীয় ইবাদত এককভাবে আল্লাহর উদ্দেশ্যে করার জন্যই সমস্ত নবী-রাসূলকে প্রেরণ করা হয়েছে, আসমানী কিতাব সমূহ নাযিল করা হয়েছে। ৩) তাওহীদুল আসমা ওয়াসুসিফাত: উহা হচ্ছে- যে সমস্ত সুন্দর সুন্দর নাম ও গুণাবলী আল্লাহ এবং তাঁর রাসূল আল্লাহর জন্য সাব্যস্ত করেছেন, সেগুলোকে কোন প্রকার পরিবর্তন, অস্বীকৃতি ও ধরণ-গঠন নির্ধারণ ছাড়াই সাব্যস্ত করা ও মেনে নেয়া।

২৭ ওলী কাকে বলে? নেককার পরহেযগার মু’মিন ব্যক্তিকেই আল্লাহর ওলী। ওলীর পরিচয় দিয়ে আল্লাহ বলেন: ﴿أَلَا إِنَّ أَوْلِيَاءَ اللَّهِ لَأَخْوَفُ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ﴾ ﴿١١﴾ الذِّبْقَاءُ مَأْمُونًا وَكَانُوا يَتَّقُونَ﴾ “জেনে রেখো, আল্লাহর ওলীদের কোন ভয় নেই, কোন চিন্তাও নেই। যারা ঈমান এনেছে এবং আল্লাহকে ভয় করেছে।” (সূরা ইউনুসঃ ৬২-৬৩) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: « إِنَّمَا وَلِيُّ اللَّهِ وَصَالِحِ الْمُؤْمِنِينَ » “নিশ্চয় আমার বন্ধু হচ্ছেন আল্লাহ এবং নেককার মু’মিনগণ।” (বুখারী ও মুসলিম)

২৮ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর ছাহাবীদের ব্যাপারে আমাদের উপর আবশ্যিক কি? তাঁদের ব্যাপারে আমাদের উপর আবশ্যিক হচ্ছে: তাঁদেরকে ভালবাসা, তাঁদের জন্য আল্লাহর সন্তুষ্টি কামনা করা, তাঁদের জন্য আমাদের অন্তর ও জিহ্বাকে সংযত রাখা, তাঁদের মর্যাদার বিষয়গুলো প্রচার করা, তাঁদের ভুল-ত্রুটি ও মতানৈক্যের বিষয়গুলোতে কোন মন্তব্য করা থেকে বিরত থাকা। যদিও তাঁরা ভুল-ত্রুটির উর্ধে ছিলেন না; তবু তাঁরা মুজতাহিদ। আর মুজতাহিদ সঠিক সিদ্ধান্তে উপনিত হলে দ্বিগুণ ছওয়াবের অধিকারী হন। কিন্তু ভুল করে ফেললেও ইজতেহাদ বা গবেষণার কারণে তাঁকে একটি ছওয়াব দেয়া হয় এবং তাঁর ভুলকে ক্ষমা করা হয়। তাঁদের থেকে কোন অন্যায় যদি প্রকাশ হয়েও পড়ে, তবে তাঁদের অগণিত নেক কাজ সেগুলোকে ঢেকে ফেলবে। রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: « لَا تَسُبُّوا أَصْحَابِي فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَوْ أَنَّ أَحَدَكُمْ أَنْفَقَ مِثْلَ أُحُدٍ ذَهَبًا مَا أَدْرَكَ مُدَّ أَحَدِهِمْ وَلَا نَصِيفَهُ » “তোমরা আমার ছাহাবীদেরকে গালিগালাজ করো না। শপথ সেই সত্ত্বার যার হাতে আমার প্রাণ, তোমাদের মধ্যে কোন লোক যদি উহুদ পাহাড় পরিমাণ স্বর্ণ (আল্লাহর রাস্তায়) ব্যয় করে, তবু তা তাঁদের এক মুষ্টি বা অর্ধ মুষ্টি পরিমাণ খরচের সমান না।” (বুখারী ও মুসলিম)

২৯ আল্লাহ তা’আলা তাঁর নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে যে মর্যাদা প্রদান করেছেন, আমরা কি রাসূল এর সম্মানে এর চেয়ে বেশী বাড়াবাড়ি করতে পারি? সন্দেহ নেই যে, আল্লাহর সৃষ্টির মধ্যে মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সর্বশ্রেষ্ঠ, সকলের উপর তিনি সর্বাধিক মর্যাদাবান। কিন্তু তাঁর প্রশংসায় অতিরঞ্জন বা বাড়াবাড়ি করা আমাদের জন্য জায়েয নয়। যেমন খৃষ্টানরা ঈসা বিন মারিয়াম (আঃ)এর প্রশংসায় বাড়াবাড়ি করেছে। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: « لَا تُطْرُونِي كَمَا أَطْرَتِ النَّصَارَى ابْنَ مَرْيَمَ فَإِنَّمَا أَنَا عَبْدُهُ، فَقُولُوا: عَبْدُ اللَّهِ وَرَسُولُهُ » “তোমরা আমার প্রশংসায় বাড়াবাড়ি করো না, যেমন খৃষ্টানগণ ঈসা বিন মারিয়াম (আঃ) এর প্রশংসায় বাড়াবাড়ি

করেছে। আমি তো শুধু তাঁর বান্দাহ। তোমরা বলবে, আল্লাহর বান্দাহ ও তাঁর রাসূল।” (বুখারী)

৩০ ভয়-ভীতি কত প্রকার ও কি কি? চার প্রকারঃ ১) **ওয়াজেব ভয়ঃ** আল্লাহকে ভয় করা ওয়াজিব। কেননা ঈমানের মূল ভিত্তি দু’টি বিষয়ের উপর প্রতিষ্ঠিত। তা হচ্ছে পূর্ণ ভালবাসা এবং পূর্ণ ভয়। ২) **বড় শির্কঃ** মুশরিকরা তাদের উপাস্যদেরকে এমনভাবে ভয় করে যে, তাদের নিকট থেকে কোন বিপদ আসতে পারে। ৩) **হারাম ভয়ঃ** মানুষকে ভয় করে কোন ওয়াজিব কাজ পরিত্যাগ করা বা হারাম কাজে লিপ্ত হওয়া। ৪) **জায়েয ভয়ঃ** স্বভাবগত ও সৃষ্টিগত ভয়। যেমন, হিংস্র বাঘের ভয় ইত্যাদি।

৩১ তাওয়াক্কুল বা ভরসা কত প্রকার ও কি কি? তিন প্রকারঃ ১) **ওয়াজেব ভরসা:** যাবতীয় উপকার এবং ক্ষতি থেকে বাঁচার ক্ষেত্রে শুধুমাত্র আল্লাহর উপরেই ভরসা করা। ২) **হারাম ভরসা:** এটা আবার দু’প্রকারঃ **ক) বড় শির্ক:** উপায়-উপকরণের উপর সর্বান্তকরণে ভরসা করা বড় শির্ক। উপকার-অপকারের ক্ষেত্রে উপায়-উপকরণের একক প্রভাব আছে এই বিশ্বাস রাখা বড় শির্ক। **খ) ছোট শির্ক:** রুটি-রুঘির বিষয়ে কোন মানুষের উপর ভরসা করা ছোট শির্ক। তবে এ বিশ্বাস করে না যে, রিযিক দেয়ার ব্যাপারে এককভাবে তারই প্রভাব আছে, কিন্তু ঐ ব্যক্তি শুধু একজন মাধ্যম হতে পারে এর চেয়ে বেশী তার উপর ভরসা করার কারণে এটা ছোট শির্কের অন্তর্ভুক্ত হবে। ৩) **জায়েয ভরসা:** এমন বিষয়ে কোন মানুষের উপর ভরসা করা, যা বাস্তবায়ন করার ব্যাপারে তার ক্ষমতা রয়েছে। যেমন, কোন জিনিস ক্রয় বা বিক্রয় করার ক্ষেত্রে কাউকে দায়িত্ব দিয়ে তার উপর ভরসা করা।

৩২ ভালবাসা কত প্রকার ও কি কি? চার প্রকার। ১) **আল্লাহকে ভালবাসা:** এটা ঈমানের মূল ভিত্তি। ২) **আল্লাহর জন্য কাউকে ভালবাসা:** এটা হচ্ছে, সাধারণভাবে মু’মিনদের সাথে বন্ধুত্ব রাখা ও তাদেরকে ভালবাসা। কিন্তু আলাদাভাবে প্রত্যেক মু’মিনকে ভালবাসতে হবে আল্লাহর প্রতি তার ঈমান ও আনুগত্যের ভিত্তিতে। মু’মিনদের প্রতি এই ভালবাসা ওয়াজিব। ৩) **আল্লাহর সাথে কাউকে ভালবাসা:** এটা হচ্ছে, ওয়াজিব ভালবাসায় আল্লাহর সাথে অন্যকে অংশী করা। যেমন মুশরিকদের ভালবাসা তাদের উপাস্যদের প্রতি। এটা হচ্ছে আসল শির্ক। ৪) **স্বভাবগত ভালবাসা:** যেমন পিতামাতাকে ভালবাসা, সন্তানকে ভালবাসা, খানা-পিনার প্রতি ভালবাসা ইত্যাদি। এই ভালবাসা জায়েয।

৩৩ বন্ধুত্ব ও শত্রুতা রাখার বিষয়ে মানুষ কয়ভাগে বিভক্ত? এ বিষয়ে মানুষ তিন ভাগে বিভক্তঃ ১) একনিষ্ঠভাবে যাদের সাথে বন্ধুত্ব রাখতে হবে, কোন প্রকার শত্রুতা পোষণ করা যাবে না, তাঁরা হচ্ছেন খাঁটি ও প্রকৃত মু’মিনগণ। যেমন, নবী-রাসূলগণ এবং সিদ্দীকীন। তাঁদের মধ্যে সর্বশ্রেষ্ঠ হচ্ছেন, আমাদের নেতা মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম), তাঁর স্ত্রীগণ, তাঁর কন্যাগণ এবং ছাহাবীগণ। ২) যাদের সাথে কোনভাবেই বন্ধুত্ব রাখা যাবে না; বরং তাদের থেকে নিজেদেরকে মুক্ত রেখে দূরে থাকতে হবে এবং তাদের ব্যাপারে অন্তরে শত্রুতা ও ঘৃণা রাখতে হবে। তারা হচ্ছে কাফের সম্প্রদায়। যেমন আহলে কিতাব (ইহুদী-খৃষ্টান), মুশরিক (হিন্দু, অগ্নী পূজক, বৌদ্ধ) ও মুনাফেক সম্প্রদায়। ৩) এক দিক থেকে যাদের সাথে বন্ধুত্ব রাখতে হবে আরেক দিক থেকে তাদেরকে ঘৃণা করতে হবে। তারা হচ্ছে পাপী মু’মিন। ঈমানের কারণে তাদের সাথে বন্ধুত্ব রাখতে হবে। আর পাপ কর্মে জড়ানোর কারণে তাদেরকে ঘৃণা করতে হবে। কাফেরদের থেকে দূরে থাকার পদ্ধতি হচ্ছে: তাদেরকে আন্তরিকভাবে ঘৃণা করতে হবে, তাদেরকে প্রথমে সালাম বা অভিভাদন প্রদান করা যাবে না, তাদের জন্য নম্র হওয়া যাবে না, তাদের দেখে পুলকিত ও আশ্চর্য প্রকাশ করা যাবে না এবং তাদের দেশ ত্যাগ করার মাধ্যমে তাদের সাথে সম্পর্ক ছিন্ধ করতে হবে। মু’মিনদের সাথে বন্ধুত্বের নিয়ম হচ্ছে: সম্ভব হলে মুসলিমদের দেশে হিজরত করে চলে আসা, জান-মাল দিয়ে তাদেরকে সাহায্য ও সহযোগিতা করা, তাদের সুখে সুখী হওয়া দুঃখে দুঃখী হওয়া, তাদের জন্য কল্যাণ কামনা করা ইত্যাদি।

কাফেরদের সাথে বন্ধুত্ব দু’প্রকারঃ ১) যে বন্ধুত্ব মুরতাদ হওয়া ও ইসলাম থেকে বের হওয়াকে আবশ্যিক করে। যেমন মুসলমানদের বিরুদ্ধে কাফেরদেরকে সাহায্য করা ও কাফেরদের বিজয় কামনা করা। অথবা তাদেরকে কাফের না বলা বা কাফের গণ্য করতে নিরবতা অবলম্বন করা বা সন্দেহ

পোষণ করা। ২) যে বন্ধুত্ব ইসলাম থেকে বের করে না; বরং তা কাবীরা গুনাহ, হারাম ও মাকরুহের পর্যায়ে গণ্য হয়। যেমন তাদের ধর্মীয় উৎসবে অংশ নেয়া বা সে উপলক্ষে তাদেরকে অভিভাদন জানানো, তাদের সাদৃশ্যবলম্বন করা। অনেক মানুষ কাফেরদের সাথে সদাচরণের বিষয় এবং তাদের থেকে বিচ্ছিন্নতা ও ঘৃণার বিষয় দু'টোতে সন্দেহে পড়ে যায় এবং গোল পাকিয়ে ফেলে। অথচ বিষয় দু'টোতে পার্থক্য করা উচিত। আন্তরিক ভালবাসা না রেখে বাহ্যিক সদাচরণ একটি বিষয় আর তাদেরকে ঘৃণা করা ও তাদের সাথে অন্তরে শত্রুতা পোষণ আরেক বিষয়। (তাদের ঈমান নেই এ কারণে তাদের সাথে আন্তরিকভাবে শত্রুতা পোষণ করতে হবে। আর মানবিক কারণে ও ভদ্রতার খাতিরে তাদের সাথে সুন্দর আচরণ করতে হবে। যাতে করে বাহ্যিক এই সদাচরণ দ্বারা তারা প্রভাবিত হয় এবং ইসলামের প্রতি আকৃষ্ট হয়।) কাফেরদের সাথে সদাচরণের উদাহরণ হচ্ছে: দুর্বল ও অভাবী কাফেরের প্রতি করুণা প্রদর্শন করা, ভয় করে বা নিজেকে ছোট মনে করে নয়; বরং ভদ্রতার খাতিরে ও দয়া পরবশ হয়ে তাদের সাথে নরম ভাষায় কথা বলা। এ বিষয়ে আল্লাহ বলেন:

﴿لَا يَنْهَى اللَّهُ عَنِ الَّذِينَ لَمْ يُقَاتِلُوا فِي الدِّينِ وَلَا يُخْرِجُوهُمْ مِنْ دِينِكُمْ أَنْ تَبَرُّوهُمْ وَتُقْسِطُوا إِلَيْهِمْ﴾

“দ্বীনের ব্যাপারে যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করেনি এবং তোমাদেরকে স্বদেশ হতে বহিস্কার করেনি, তাদের প্রতি মহানুভবতা প্রদর্শন ও ন্যায় বিচার করতে আল্লাহ তোমাদেরকে নিষেধ করেন না। আল্লাহ তোমাদেরকে ভালবাসেন।” (সূরা মুমতাহিনাঃ ৮)

আর কাফেরদের সাথে শত্রুতার বিষয়ে আল্লাহ তা'আলা বলেন,

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ تَلْقَوُا إِلَيْهِم بِالْمُودَةِ﴾

“হে মু'মিনগণ! তোমরা আমার শত্রু ও তোমাদের শত্রুকে বন্ধুরূপে গ্রহণ করো না; তোমরা কি তাদের সাথে বন্ধুত্ব করছো, অথচ তারা তোমাদের নিকট যে সত্য এসেছে, তা প্রত্যাখ্যান করেছে।” (সূরা মুমতাহিনাঃ ১)

অতএব কাফেরদেরকে ঘৃণা করে ও তাদেরকে ভাল না বেসেও তাদের সাথে আচার-আচরণে ইনসাফ করা যায়। যেমনটি নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মদীনার ইহুদীদের সাথে আচরণ করেছিলেন।

৩৪ আহলে কিতাব (ইহুদী-খৃষ্টানরা) কি মু'মিন? ইহুদী-খৃষ্টান এবং অন্যান্য ধর্মের অনুসারী সকলেই কাফের। যদিও তারা এমন ধর্মের অনুসরণ করে, যার মূল হচ্ছে সঠিক। নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর আগমনের পর যে লোক নিজের ধর্ম পরিত্যাগ না করবে এবং ইসলাম গ্রহণ না করবে, ﴿فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخٰسِرِيْنَ﴾ “তার নিকট থেকে ওটা (তার ধর্ম) গ্রহণ করা হবে না এবং পরকালে সে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।” (আল ইমরানঃ ৮৫) কোন মুসলমান যদি তাদেরকে কাফের না বলে বা তাদের ধর্ম বাতিল হওয়ার ব্যাপারে সন্দেহ-শংসয় করে, তবে সেও কাফের হয়ে যাবে। কেননা সে তাদের কাফের হওয়ার ব্যাপারে আল্লাহ ও তাঁর নবীর বিধানের বিরোধীতা করেছে। আল্লাহ বলেন:

﴿وَمَنْ يَكْفُرْ بِهِ، مِنَ الْأَحْزَابِ فَآلِنَارُ مَوْعِدُهُ﴾

“আর অন্যান্য সম্প্রদায়ের যে ব্যক্তি এই কুরআন অস্বীকার করবে, তবে দোষখ হবে তার প্রতিশ্রুত স্থান।” (সূরা হূদঃ ১৭) অর্থাৎ- অন্যান্য ধর্মের অনুসারী লোকেরা। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

﴿وَالَّذِي نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لَا يَسْمَعُ بِي أَحَدٌ مِنْ هَذِهِ الْأُمَّةِ يَهُودِيٍّ وَلَا نَصْرَانِيٍّ ثُمَّ لَا يُؤْمِنُ بِي إِلَّا دَخَلَ النَّارَ﴾

“শপথ সেই সত্ত্বার যার হাতে আমার প্রাণ, এই উম্মতের মধ্যে থেকে ইহুদী হোক বা খৃষ্টান হোক কোন ব্যক্তি যদি আমার সম্পর্কে শোনে অতঃপর আমাকে যে শরীয়ত দিয়ে প্রেরণ করা হয়েছে তার উপর ঈমান না এনেই মৃত্যু বরণ করে, তবে সে জাহান্নামের অধিবাসী হবে।” (মুসলিম)

৩৫ কাফেরদের উপর অত্যাচার করা জায়েয কি? জুলুম-অত্যাচার করা হারাম। কেননা আল্লাহ তা'আলা (হাদীছে কুদসীতে) বলেন: «إِنِّي حَرَمْتُ الظُّلْمَ عَلَى نَفْسِي وَجَعَلْتُهُ بَيْنَكُمْ مُحَرَّمًا فَلَا تَظَالَمُوا﴾

“নিশ্চয় আমি জুলুম-অত্যাচার নিজের উপর হারাম করেছি। আর তোমাদের মাঝেও আমি উহা হারাম ঘোষণা করেছি। অতএব তোমরা পরস্পরের প্রতি যুলুম করো না।” (মুসলিম)

লেন-দেন ও আচার-আচরণের ক্ষেত্রে কাফেররা দু'ভাগে বিভক্তঃ **প্রথমঃ** অঙ্গিকারাবদ্ধ কাফের। এরা আবার তিন প্রকার: **(ক)** মুসলিম রাষ্ট্রে আশ্রয়প্রাপ্ত কাফের। যারা কর দিয়ে মুসলিম রাষ্ট্রে বসবাস করে। সর্বদাই তাদের যিম্মাদারী রক্ষা করতে হবে। ওরা মুসলমানদের সাথে চুক্তিতে

আবদ্ধ হয়েছে যে, তাদের দেশে বসবাস করার কারণে আল্লাহ্ এবং রাসূলের বিধান তাদের উপর প্রজোয্য হবে। তারা ইসলামী রাষ্ট্রে বসবাসকারী অন্যদের মতই। (খ) সন্ধিকৃত কাফের। যারা মুসলমানদের সাথে এই মর্মে চুক্তিতে আবদ্ধ হয়েছে যে, তারা নিজেদের দেশেই বসবাস করবে। এদের উপর ইসলামের বিধি-বিধান প্রজোয্য হবে না। যেমন কর দিয়ে বসবাসকারীদের উপর প্রজোয্য হবে। কিন্তু তাদের উপর আবশ্যিক হচ্ছে মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে না জড়ানো। যেমন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর যুগে ইহুদীরা ছিল। (গ) নিরাপত্তাপ্রাপ্ত কাফের। যারা নিজেদের দেশ থেকে বিশেষ কোন প্রয়োজনে মুসলিম রাষ্ট্রে আগমন করেছে- সেখানে বসবাস করার জন্য নয়। যেমন রাষ্ট্রদূত, ব্যবসায়ী, বেতনভুক্ত কর্মচারী, পর্যটক ইত্যাদি। এদের বিধান হচ্ছেঃ তাদেরকে হত্যা করা যাবে না। তাদের থেকে করও নেয়া হবে না। বেতনভুক্ত কর্মচারীকে ইসলাম গ্রহণের আহবান জানাতে হবে, ইসলাম গ্রহণ করলে ভাল। কিন্তু সে যদি তার নিরাপদ আশ্রয়ে চলে যেতে চায়, তবে তাকে যেতে দিতে হবে, তার কোন ক্ষতি করা যাবে না।

দ্বিতীয়ঃ হারবী কাফের। যারা মুসলমানদের সাথে চুক্তিবদ্ধ হয়নি, মুসলমানদের কোন নিরাপত্তাও লাভ করেনি। তারা কয়েক প্রকারঃ যারা বাস্তবে মুসলমানদের সাথে যুদ্ধে ও ষড়যন্ত্রে লিপ্ত। আর যারা ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধের ঘোষণা দিয়েছে অথবা মুসলমানদের সাথে প্রকাশ্যে শত্রুতার ঘোষণা দিয়েছে। এদের বিরুদ্ধে লড়াই করতে হবে এবং তাদেরকে হত্যা করতে হবে।

৩৬ বিদআত কি? ইবনু রজব (রহঃ) বলেন, যে নতুন ইবাদতের পক্ষে ইসলামী শরীয়তে কোন ভিত্তি বা দলীল নেই তাকে বিদআত বলে। কিন্তু যদি তার পক্ষে দলীল থাকে, তবে পরিভাষায় তাকে বিদআত বলা হবে না। বরং উহা আভিধানিক অর্থে বিদআত বলা যেতে পারে।

৩৭ ধর্মের মধ্যে কি বিদআতে হাসানা (ভাল বিদআত) এবং বিদআতে সাইয়েয়া (খারাপ বিদআত) বলতে কিছু আছে? শরীয়তের দৃষ্টিভঙ্গি অনুযায়ী বিদআতের নিন্দা করে অনেক আয়াত ও হাদীছ বর্ণিত হয়েছে। বিদআত হচ্ছেঃ ইসলামী শরীয়তে প্রত্যেক নতুন কাজ, যার পক্ষে কোন দলীল নেই। এ প্রসঙ্গে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, « وَمَنْ عَمِلَ عَمَلًا لَيْسَ عَلَيْهِ أَمْرُنَا فَهُوَ رَدٌّ » “যে ব্যক্তি এমন আমল করবে, যার পক্ষে আমার কোন নির্দেশনা নেই, তা প্রত্যাখ্যাত।” (বুখারী ও মুসলিম) তিনি আরো বলেন, « فَإِنْ كُلُّ مُحَدَّثَةٍ بَدْعَةٌ وَكُلُّ بَدْعَةٍ ضَلَالَةٌ » “ইসলামের মধ্যে প্রত্যেক নতুন কাজই বিদআত। আর প্রত্যেক বিদআতই হচ্ছে ভ্রষ্টতা।” (আহমাদ) ইমাম মালেক (রহঃ) বলেন: যে ব্যক্তি ইসলামের মধ্যে বিদআত বা নতুন কাজ চালু করে তাকে উত্তম মনে করে, সে ধারণা করল যে, মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) রিসালাতের দায়িত্বে খেয়ানত করেছেন। কেননা আল্লাহ বলেছেন: ﴿ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَبَشَّرْتُكُمْ بِمَا بَدَعْتُمْ مِنْ أَعْمَالِكُمْ نَعَمْتُ ﴾ “আজ আমি তোমাদের জন্য তোমাদের দীনকে পূর্ণ করে দিলাম এবং আমার নিয়ামতকে পরিপূর্ণ করলাম।” (সূরা মায়দাঃ ৩)

অবশ্য আভিধানিক অর্থে বিদআতের প্রশংসায় কিছু হাদীছ এসেছে। আর তা হচ্ছে, শরীয়ত সম্মত কোন কাজ যার আমল সমাজ থেকে উঠে গেছে, তা পুনঃপ্রতিষ্ঠিত করা। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এরূপ কাজ মানুষকে স্মরণ করানোর জন্য বলেছেন:

« مَنْ سَنَّ فِي الْإِسْلَامِ سُنَّةً حَسَنَةً فَلَهُ أَجْرُهَا وَأَجْرُ مَنْ عَمِلَ بِهَا بَعْدَهُ مِنْ غَيْرِ أَنْ يَنْقُصَ مِنْ أَجْرِهِمْ شَيْءٌ » “যে ব্যক্তি ইসলামে উত্তম সুনাত চালু করবে, সে তার ছওয়াব পাবে এবং যে তদানুযায়ী আমল করবে, তার ছওয়াবও পাবে। এতে তাদের (আমলকারীদের) ছওয়াবে কোন কমতি করা হবে না।” (মুসলিম) এ অর্থে ওমর (রাঃ)এর উক্তিটি ব্যবহার হয়েছেঃ “এই কাজটি একটি উত্তম বিদআত।” তারাবীর নামাযকে উদ্দেশ্য করে তিনি কথাটি বলেছেন। এই কাজটি মূলতঃ শরীয়ত সম্মত। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এ বিষয়ে মানুষকে উদ্বুদ্ধও করেছেন। তাছাড়া মানুষকে নিয়ে তিনি তিন দিন এ নামাযটি জামাআতের সাথে আদায়ও করেছিলেন। কিন্তু ফরয হয়ে যাওয়ার ভয়ে তা পরিত্যাগ করেছিলেন। অতঃপর ওমর (রাঃ) লোকজনকে একত্রিত করে সে নামাযকে জামাআতের সাথে পুনরায় চালু করেন।

৩৮ মুনাফেকী কত প্রকার ও কি কি? মুনাফেকী দু'প্রকার। ১) বিশ্বাসগত (বড় মুনাফেকী)। এটা হচ্ছে, বাইরে ঈমান প্রকাশ করা এবং অন্তরে কুফরী গোপন রাখা। এরূপ বিশ্বাস ইসলাম থেকে

বের করে দেয়। এ বিশ্বাসের উপর দৃঢ় থেকে কেউ মৃত্যু বরণ করলে, সে কুফরীর উপর মৃত্যু বরণ করবে। আল্লাহ তাআলা বলেন, ﴿إِنَّ الْكُفْرَانَ فِي الذَّرِكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ﴾ “নিশ্চয় মুনাফেকরা জাহান্নামের সর্বনিম্ন স্তরে অবস্থান করবে।” (সূরা নিসাঃ ১৪৫) তাদের পরিচয় হচ্ছে, তারা আল্লাহ এবং ঈমাদারদেরকে ধোকা দেয়। মু’মিনদের সাথে ঠাট্টা-বিদ্রোপ করে। মুসলিমদের বিরুদ্ধে কাফেরদেরকে সহযোগিতা করে। দুনিয়া অর্জনের উদ্দেশ্যে নেক কাজ করে।

২) কর্মগত (ছোট মুনাফেকী)এর মাধ্যমে মানুষ ইসলাম থেকে বের হয় না। কিন্তু তার অবস্থা ভয়াবহ। তওবা না করলে ছোট নেফাকী তাকে বড় নেফাকীতে পৌঁছিয়ে দেবে। এর কিছু পরিচয় হচ্ছেঃ কথাবার্তায় মিথ্যার আশ্রয় নেয়া, অঙ্গিকার ভঙ্গ করা, বগড়ার সময় অশ্লীল ভাষা ব্যবহার করা, চুক্তি করলে ভঙ্গ করা, আমানত রাখা হলে খেয়ানত করা।

সাবধান হে মুসলিম ভাই! উল্লেখিত দু’টি বিষয়ের কোন একটি যেন আপনার মধ্যে না থাকে। নিজের হিসাব নিজে গ্রহণ করুন!

৩৯ মুনাফেকীর বিষয়ে সতর্ক থাকা কি মুসলিমদের উপর ওয়াজিব? অবশ্যই সতর্ক থাকা ওয়াজিব। ছাহাবায়ে কেরাম (রাযি:) কর্মগত নেফাকীর বিষয়ে ভীত-সন্ত্রস্ত থাকতেন। তবেঐ ইবনু আবী মুলাইকা (রহঃ) বলেন, ‘আমি নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর ত্রিশজন ছাহাবীর সাথে সাক্ষাত করেছি। প্রত্যেকেই মুনাফেকীর বিষয়ে নিজেকে নিয়ে আশংকায় থাকতেন।’ ইবরাহীম তাইমী (রহঃ) বলেন, ‘আমার নিজের কথাকে যদি নিজ কর্মের উপর পেশ করি, তখন আশংকা হয় আমি যেন মিথ্যাবাদী হয়ে যাচ্ছি।’ হাসান বাছরী বলেন, ‘মুনাফেকীর বিষয়টিকে মু’মিন ছাড়া কেউ ভয় করে না। আর মুনাফেক ছাড়া কেউ তা থেকে নিশ্চিতও থাকতে পারে না।’ আমীরুল মু’মেনীন ওমর (রাঃ) হুযায়ফা (রাঃ)কে বলেন, ‘আল্লাহর কসম দিয়ে আপনাকে জিজ্ঞেস করছি, বলুন তো! রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কি মুনাফেকদের মধ্যে আমার নামটিও উল্লেখ করেছেন? তিনি বললেন, না। আপনার পরে আর কাউকে আমি সত্যায়ন করবো না।’

৪০ আল্লাহর নিকট সর্বাধিক বড় ও সবচেয়ে ভয়ানক অপরাধ কোনটি? আল্লাহ তা’আলার সাথে শির্ক করা। যেমন আল্লাহ বলেন, ﴿إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ﴾ “নিশ্চয় শির্ক হচ্ছে, সবচেয়ে বড় অপরাধ।” (সূরা লোকমান- ১৩) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে প্রশ্ন করা হলো, সবচেয়ে বড় গুনাহ কোনটি? তিনি বললেন, “তুমি কাউকে আল্লাহর সমকক্ষ নির্ধারণ করবে; অথচ তিনি তোমাকে সৃষ্টি করেছেন।” (বুখারী ও মুসলিম)

৪১ শির্ক কত প্রকার ও কি কি? শির্ক দু’প্রকার।

১) বড় শির্ক। বড় শির্ক করলে মানুষ ইসলাম থেকে বের হয়ে যাবে। আল্লাহ তাকে ক্ষমা করবেন না। আল্লাহ বলেন: ﴿إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ﴾ “নিশ্চয় আল্লাহ তার সাথে শির্ক করাকে ক্ষমা করেন না। তিনি এর নিম্ন পর্যায়ের পাপ যাকে ইচ্ছা ক্ষমা করেন।” (সূরা নিসাঃ ১১৬) বড় শির্ক চার প্রকারঃ (ক) দু’আ ও প্রার্থনায় শির্ক। (খ) নিয়ত, ইচ্ছা ও উদ্দেশ্যে শির্ক। অর্থাৎ গাইরুল্লাহর উদ্দেশ্যে সৎ আমল সম্পাদন করা। (গ) আনুগত্যে শির্ক। অর্থাৎ আল্লাহর হারামকৃত বস্তুকে হালাল ও হালালকৃত বস্তুকে হারাম করার ক্ষেত্রে আলেম-ওলামা বা নেতৃবৃন্দের অনুসরণ করা। (ঘ) ভালবাসায় শির্ক। আল্লাহকে ভালবাসার মত কাউকে ভালবাসা।

২) ছোট শির্ক। ছোট শির্ক করলে মানুষ ইসলাম থেকে বের হয়ে যায় না, কিন্তু এটাও একটা ভয়ানক অপরাধ। যেমন গোপন শির্ক-লোক দেখানো নেক কাজ।

৪২ বড় শির্ক ও ছোট শির্কের মাঝে পার্থক্য কি? উভয়ের মধ্যে কয়েকটি পার্থক্য রয়েছে যেমনঃ বড় শির্কে লিগু ব্যক্তির হুকুম হচ্ছে, দুনিয়াতে সে ইসলাম থেকে বহিস্কৃত এবং আখেরাতে চিরকাল জাহান্নামে অবস্থান করবে। আর ছোট শির্কে লিগু হলে, তার জন্য দুনিয়ায় ইসলাম থেকে বহিস্কৃত হওয়া এবং পরকালে চিরকাল জাহান্নামে অবস্থানের হুকুম প্রজোয্য হবে না। বড় শির্কে লিগু হলে সমস্ত আমল ধ্বংস হয়ে যাবে। কিন্তু ছোট শির্কে লিগু হলে সংশ্লিষ্ট আমলই শুধু ধ্বংস হবে। এখানে একটি বিষয়ে মতভেদ আছে। তা হচ্ছেঃ ছোট শির্ক কি বড় শির্কের মত তওবা ব্যতীত

ক্ষমা করা হবে না? নাকি ছোট শির্ক অন্যান্য কাবীরা গুনাহের মত- আল্লাহর ইচ্ছাধীনে থাকবে? উভয় মতের মধ্যে যেটাই সঠিক হোক না কেন বিষয়টি যে ভয়ানক তা বলার অপেক্ষা রাখে না।

৪৩ ছোট শির্কের কোন উদাহরণ আছে কি? হ্যাঁ। যেমনঃ ১) রিয়া বা লোক দেখানো আমল। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “তোমাদের উপর সবচেয়ে ভয়ানক যে বিষয়ের আমি আশংকা করছি, তা হলো, শির্ক আসগার (ছোট শির্ক)। তারা বললেন, হে আল্লাহর রাসূল, ছোট শির্ক কি? তিনি বললেন, রিয়া।” (আহমাদ, হাদীছটি ছহীহ, দ্রঃ সিলসিলা ছহীহা হা/৯৫১) ২) আল্লাহ ছাড়া অন্যের নামে শপথ করা। ৩) কুলক্ষণ নির্ধারণ করা। উহা হচ্ছে, পাখি উড়িয়ে, কোন নামের মাধ্যমে বা কোন কথার মাধ্যমে বা কোন স্থানের মাধ্যমে কুলক্ষণ নির্ধারণ করা।

৪৪ ছোট শির্ক থেকে বেঁচে থাকার কোন উপায় আছে কি? বা ছোট শির্ক করে ফেললে তার কোন কাফফারা আছে কি? হ্যাঁ। ছোট শির্ক (রিয়া) থেকে বেঁচে থাকার উপায় হচ্ছে, আমল করার সময় আল্লাহর সন্তুষ্টি অনুসন্ধান করা। ছোট শির্ক (রিয়া) প্রতিহত করার জন্য আল্লাহর কাছে দু’আ করা। নবী (সাঃ) বলেন, “হে লোক সকল! তোমরা এই শির্ক থেকে বেঁচে থাকার চেষ্টা কর। কেননা উহা পিঁপড়ার চলার শব্দ থেকেও গোপন ও সুক্ষ্ম।” তাঁকে প্রশ্ন করা হল, হে আল্লাহর রাসূল! কিভাবে আমরা তা থেকে বেঁচে থাকতে পারি? অথচ উহা পিপিলিকার চলার শব্দের চেয়েও গোপন ও সুক্ষ্ম? তিনি বললেন, তোমরা এই দু’আ পাঠ করবে:

اللَّهُمَّ إِنَّا نَعُوذُ بِكَ مِنْ أَنْ نُشْرِكَ بِكَ شَيْئًا نَعْلَمُهُ وَنَسْتَغْفِرُكَ لِمَا لَا نَعْلَمُهُ (আল্লাহুম্মা ইন্না নাউযুবিকা মিন আন নুশরেকা বেকা শাইআন না’লামুহু ওয়া নাস্তাগফেরুকা লিমা লা না’লামুহু) “হে আল্লাহ! জেনে শুনে কোন কিছুকে শরীক করা হতে আপনার কাছে আশ্রয় কামনা করছি এবং না জেনে শির্ক হয়ে গেলে তা থেকে আপনার কাছে ক্ষমা প্রার্থনা করছি।” (আহমাদ, হাদীছটি হাসান দ্রঃ ছহীহ তারগীব তারহীব- আলবানী হা/৩৬)

গাইরুল্লাহ বা আল্লাহ ছাড়া অন্যের নামে শপথ করলে তার কাফফারা হচ্ছে, রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, « مَنْ حَلَفَ بِاللَّاتِ وَالْعُزَّىٰ فَلَيْقَلَّ: لَا إِلَهَ إِلَّا اللَّهُ » “যে ব্যক্তি লা ত ও উয্যার নামে শপথ করবে, সে যেন ‘লা-ইলাহা ইল্লাল্লাহ’ পাঠ করে।” (বুখারী ও মুসলিম)

আর কুলক্ষণ নির্ধারণ করার মাধ্যমে ছোট শির্ক লিপ্ত হলে তার কাফফারা হচ্ছেঃ আবদুল্লাহ ইবনে আমর (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: “কুলক্ষণের কারণে যে ব্যক্তি নিজের কাজ থেকে ফিরে গেছে, সে শির্ক করেছে। তাঁরা জিজ্ঞেস করলেন: এরূপ হয়ে গেলে তার কাফফারা কি? তিনি বললেন, তা হল এই দু’আটি বলা:

« اللَّهُمَّ لَا خَيْرَ إِلَّا خَيْرُكَ، وَلَا ظَيْرَ إِلَّا طَيْرُكَ، وَلَا إِلَهَ غَيْرُكَ » “হে আল্লাহ! তোমার কল্যাণ ব্যতীত আর কোন কল্যাণ নেই। আর তোমার পক্ষ থেকেই অকল্যাণ হয়ে থাকে অন্য কারো পক্ষ থেকে নয়। আর তুমি ব্যতীত আর কোন সত্য উপাস্য নেই।” (আহমাদ, দ্রঃ ছহীছল জামে হা/৬২৬৪)

৪৫ রিয়া কত প্রকার ও কি কি? রিয়া চার প্রকার। ১) শুধুমাত্র মানুষকে দেখানোর উদ্দেশ্যেই আমলটি বাস্তবায়ন করা। যেমন বড় নেফাকীতে লিপ্ত লোকদের অবস্থা। ২) আমলটি একই সাথে আল্লাহর জন্য এবং মানুষকে দেখানোর জন্যও আদায় করা। উল্লেখিত দু’প্রকার আমলের ক্ষেত্রে মানুষ গুনাহগার হবে, কোন ছুওয়াব পাবে না। তার আমল প্রত্যাখ্যাত হবে। ৩) আমলটি শুরু হয়েছে আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে। কিন্তু পরে তাতে রিয়া প্রবেশ করেছে। আমলকারী যদি উক্ত রিয়াকে প্রত্যাখ্যান করে এবং তাকে প্রতিহত করতে থাকে, তবে কোন ক্ষতি নেই। কিন্তু সে যদি রিয়া চালিয়ে যায় এবং তাতেই সন্তুষ্ট থাকে, তাহলে তার আমলটি বাতিল হয়ে যাবে। ৪) আমল শেষ করার পর রিয়া অনুভূত হওয়া। এটা শয়তানের ওয়াসওয়াসা। এতে আমলটিতে বা আমলকারীর উপর কোন প্রভাব পড়বে না। এছাড়া গোপন রিয়ার আরো অনেক দরজা আছে, তা থেকে সাবধান থাকতে হবে।

৪৬ কুফরী কত প্রকার? কুফরী দু’প্রকারঃ ১) বড় কুফরী। বড় কুফরী করলে ইসলাম থেকে বের হয়ে যাবে। বড় কুফরী পাঁচ ভাগে বিভক্তঃ (ক) মিথ্যা প্রতিপন্ন করার কুফরী। অর্থাৎ ইসলামের কোন একটি বিষয়কে মিথ্যা প্রতিপন্ন করলে কাফের হয়ে যাবে। (খ) সত্যায়নসহ অহংকারের কুফরী। অর্থাৎ ইসলামকে বিশ্বাস করে কিন্তু অহংকার বশতঃ তা বাস্তবায়ন করে না। একারণেও

সে ইসলাম থেকে বের হয়ে যাবে। (গ) সন্দেহের কুফরী। ইসলাম সত্য ধর্ম কি না এরূপ সন্দেহ করলেও সে বড় কাফের হয়ে যাবে। (ঘ) বিমুখতার কুফরী। অর্থাৎ- ইসলামকে মানার পরও যদি তা থেকে সম্পূর্ণরূপে বিমুখ থাকে। তার শিক্ষার্জন করে না এবং আমলও করে না, সেও বড় কাফেরে পরিণত হবে। (ঙ) নেফাকীর কুফরী। অর্থাৎ অন্তরে কুফরী গোপন রেখে বাইরে ইসলামের প্রকাশ ঘটালেও সে বড় কাফের হিসেবে গণ্য হবে।

২) ছোট কুফরী। ইহা অবাধ্যতার কুফরী। এতে লিঙ্গ ব্যক্তি ইসলাম থেকে বের হয়ে যায় না। যেমন কোন মুসলমানকে অন্যায়াভাবে খুন করা।

৪৭ নযর-মানতের হুকুম কি? নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মানত করতে নিষেধ করেছেন। তিনি বলেছেনঃ “মানতের মাধ্যমে ভাল কিছু পাওয়া যায় না।” (মুসলিম) মানত যদি একনিষ্ঠভাবে আল্লাহর জন্য করা হয়, তবে এই নিষেধাজ্ঞা। কিন্তু মানত যদি গাইরুল্লাহর উদ্দেশ্যে হয়- যেমন কবর বা ওলীর উদ্দেশ্যে, তবে ইহা হারাম নাজায়েয। এই মানত পুরা করাও জায়েয নয়।

৪৮ যাদুর হুকুম কী? যাদু আছে তার প্রভাবও আছে। কেননা আল্লাহ বলেন:

﴿يَخِيلُ إِلَيْهِ مِنْ سِحْرِهِمْ أَنْهَا تَسْعَى﴾ “তাদের যাদুর প্রভাবে হঠাৎ খেয়াল হল, যেন তাদের রশিগুলো ও লাঠিগুলো ছুটাছুটি করছে।” (সূরা ত্বাহাঃ ৬৬) কুরআন সূনাহর দলীল অনুযায়ী যাদুর প্রভাব প্রমাণিত। যাদু করা হারাম এবং ভয়ানক কাবীরা গুনাহ। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

«اجْتَنُوا السَّبْعَ الْمَوْبِقَاتِ قَالُوا يَا رَسُولَ اللَّهِ وَمَا هُنَّ؟ قَالَ الشِّرْكَ بِاللَّهِ، وَالسَّحْرُ...» “তোমরা সাতটি ধ্বংসাত্মক পাপ থেকে বেঁচে থাক। তাঁরা বললেনঃ হে আল্লাহর রাসূল পাপগুলো কি কি? তিনি বললেনঃ আল্লাহর সাথে শির্ক করা, যাদু করা...।” (বুখারী ও মুসলিম) আল্লাহ বলেন, ﴿إِنَّمَا نَحْنُ فِتْنَةٌ فَلَا تَكْفُرْ﴾ “আমরা শুধু পরীক্ষার জন্য, সুতরাং (যাদু শিখে) তুমি কুফরী করো না।” (সূরা বাকারাঃ ১০২) কিন্তু যাদু সম্পর্কে যে বর্ণনা উল্লেখ করা হয় যে, “তোমরা যাদু শিক্ষা কর কিন্তু যাদু কর্ম করো না।” প্রভৃতি মিথ্যা, বানোয়াট ও ভিত্তিহীন কথা।

৪৯ গণক ও জ্যোতিষীর কাছে গমণ করার হুকুম কি? হারাম। কেউ যদি তাদের কাছে কোন কিছু জিজ্ঞেস করার জন্য গমণ করে, কিন্তু তারা যে অদৃশ্য জ্ঞানের দাবী করে তা বিশ্বাস না করে, তবে তার চল্লিশ দিনের নামায কবুল করা হবে না। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

«مَنْ أَتَى عَرَّافًا فَسَأَلَهُ عَنْ شَيْءٍ لَمْ تَقْبَلْ لَهُ صَلَاةٌ أَرْبَعِينَ لَيْلَةً» “যে ব্যক্তি কোন গণকের কাছে আগমণ করে কোন কিছু জিজ্ঞেস করবে, তার চল্লিশ দিনের নামায কবুল করা হবে না।” (মুসলিম) আর তাদের কাছে গিয়ে তারা যে অদৃশ্যের সংবাদ পরিবেশন করে তা যদি সত্য বলে বিশ্বাস করে, তবে সে মুহাম্মাদ

(ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর ধর্মের সাথে কুফরী করবে। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন:

«مَنْ أَتَى عَرَّافًا أَوْ كَاهِنًا فَصَدَّقَهُ بِمَا يَقُولُ فَقَدْ كَفَرَ بِمَا أُنزِلَ عَلَيَّ مُحَمَّدٌ» “যে ব্যক্তি গণক বা জ্যোতিষীর কাছে আগমণ করবে এবং সে যা বলে তা বিশ্বাস করবে, তবে মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর উপর যা নাযিল করা হয়েছে, তার সাথে সে কুফরী করবে।” (আবু দাউদ)

৫০ তারকার মাধ্যমে বৃষ্টি প্রার্থনা করা কখন বড় শির্ক ও কখন ছোট শির্ক হিসেবে গণ্য হবে? যে ব্যক্তি বিশ্বাস করবে যে, আল্লাহর ইচ্ছা ব্যতীত তারকার বিশেষ প্রভাব আছে। আর এ কারণেই সে বৃষ্টির অস্তিত্ব ও সৃষ্টির বিষয়কে তারকার দিকেই সম্বন্ধ করে, তবে তার এই বিশ্বাস শির্কে আকবার হিসেবে গণ্য হবে। কিন্তু যে ব্যক্তি বিশ্বাস করবে যে, আল্লাহর ইচ্ছাতেই তারকার মধ্যে প্রভাব থাকে, আর এই প্রভাবের কারণে বৃষ্টি বর্ষণ হয়। আরো বিশ্বাস করে যে, সাধারণত অমুক তারকাটি উঠলে আল্লাহ বৃষ্টি পাঠিয়ে থাকেন, তবে এই বিশ্বাস হারাম এবং তা ছোট শির্ক হিসেবে গণ্য হবে। কেননা সে এমন একটি কারণ নির্ধারণ করেছে, যার সাথে বৃষ্টি বর্ষণের কোন সম্পর্ক নেই এবং সে ক্ষেত্রে শরীয়তে কোন দীললও নেই- না তা অনুভব করা যায় আর না সুস্থ বিবেক তা সমর্থন করে। অবশ্য তারকা দ্বারা বছরের ঋতু নির্ধারণ করা এবং বৃষ্টি বর্ষণের অনুমান করা জায়েয আছে।

৫১ অপরাধ বা গুনাহের প্রকার কি কি? গুনাহ দু'প্রকারঃ ১) কাবীরা গুনাহঃ যে সমস্ত কর্মের কারণে দুনিয়াতে দণ্ড-বিধি নির্ধারণ করা আছে, অথবা পরকালে শাস্তির ধমকী দেয়া হয়েছে অথবা

আল্লাহর ক্রোধ বা লা'নত বা ঈমান থাকবে না এমন কথা বলা হয়েছে, তাকে কাবীরা গুনাহ বলে।

২) ছাগীরা গুনাহ। উহা হচ্ছে পূর্বেরটির চেয়ে নিম্ন পর্যায়ে অপরাধ।

৫২) এমন কোন কারণ আছে কি, যার ফলে ছাগীরা গুনাহ কাবীরায় রূপান্তরিত হতে পারে? হ্যাঁ, এ রকম অনেক কারণ আছে। যেমন, ছাগীরা গুনাহ বারবার করা, তা করতেই থাকা বা তা তুচ্ছ মনে করা অথবা পাপ করে তা নিয়ে গর্ব করা বা পাপ করার পর মানুষের সামনে তা প্রকাশ করা।

৫৩) তওবার হুকুম কি এবং তওবা কিভাবে কবুল হতে পারে? অন্যায় হয়ে গেলে দেরী না করে তাৎক্ষণিক তওবা করা ওয়াজিব। আসলে গুনাহ হয়ে যাওয়াটা বড় কোন সমস্যা নয়, এটা তো মানুষের স্বাভাবিক বিষয়। যেমন রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

« كَلَّ ابْنُ آدَمَ خَطَاةً وَخَيْرُ الْخَطَاةِينَ التَّوَابُونَ » “আদম সন্তানের সকলেই গুনাহ করে, তাদের মধ্যে উত্তম হচ্ছে তওবাকারীগণ।” (তিরমিযী) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন:

« لَوْ لَمْ تُذْنِبُوا لَذَهَبَ اللَّهُ بِكُمْ وَلَجَاءَ بِقَوْمٍ يُذْنِبُونَ فَيَسْتَغْفِرُونَ اللَّهَ فَيَغْفِرُ لَهُمْ » “তোমরা যদি গুনাহ না কর, তবে আল্লাহ তোমাদেরকে বিদায় করে দিয়ে সে স্থলে নতুন এক জাতি সৃষ্টি করবেন, যারা গুনাহ করবে অতঃপর আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করবে, আর তিনিও তাদের ক্ষমা করে দিবেন।” (মুসলিম) কিন্তু গুনাহের উপর অটল থাকা, তওবা করতে দেরী করা বড় অন্যায়। আল্লাহ বলেন,

« إِنَّمَا التَّوْبَةُ عَلَى اللَّهِ لِلَّذِينَ يَعْمَلُونَ السُّوءَ بِمِجْرَاهٍ لِيُتُوبُوا مِنْ قَرِيبٍ فَأُولَئِكَ يَتُوبُ اللَّهُ عَلَيْهِمْ » “অবশ্যই আল্লাহ তাদের তওবা কবুল করবেন, যারা ভুলবশতঃ মন্দ কাজ করে, অতঃপর অনতিবিলম্বে তওবা করে; এরাই হল সেসব লোক যাদের আল্লাহ ক্ষমা করে দেন।” (সূরা নিসাঃ ১৭)

তওবা কবুল হওয়ার জন্য কতিপয় শর্ত রয়েছেঃ ১) গুনাহ থেকে বিরত হওয়া। **২)** লজ্জিত হওয়া। **৩)** ভবিষ্যতে ঐ গুনাহতে পুনরায় লিপ্ত হবে না এ মর্মে প্রতিজ্ঞাবদ্ধ হওয়া। অন্যায়টি যদি মানুষের হক সম্পর্কিত হয়, তবে হকদারের নিকট তার অধিকার প্রত্যর্পণ করা।

৫৪) প্রত্যেক গুনাহ থেকে কি তওবা করা আবশ্যিক? তওবার শেষ সময় কখন? তওবাকারীর পুরস্কার কি? হ্যাঁ, প্রত্যেক পাপ থেকে তওবা করা আবশ্যিক। পশ্চিমাকাশ থেকে সূর্য উদিত হওয়া পর্যন্ত তওবার দরজা উন্মুক্ত। এমনিভাবে মৃত্যু যন্ত্রনার সময় গরগরা আসার পূর্ব পর্যন্ত তওবা কবুল করা হবে। তওবাকারী যদি স্বীয় তওবায় সত্যবাদী হয়, তবে তার প্রতিদান হচ্ছে, তার পাপ সমূহকে নেকী দ্বারা পরিবর্তন করে দেয়া হবে- যদিও তা আকাশের মেঘমালা পরিমাণ অধিক হয়।

৫৫) মুসলিম নেতৃবৃন্দের বিষয়ে আমাদের করণীয় কি? আমাদের উপর ওয়াজিব হচ্ছে, সুখে-দুঃখে সর্বাবস্থায় মুসলিম নেতৃবৃন্দের কথা শোনা ও তাদের আনুগত্য করা। তারা অত্যাচার করলেও তাদের বিরুদ্ধে বিদ্রোহ করা জায়েয নয়। আমরা তাদের উপর বদদু'আ করব না, তাদের আনুগত্য থেকে হাত গুটিয়ে নিব না, তাদের সংশোধন, সুস্থতা ও সঠিক পথে চলার জন্য আল্লাহর কাছে দু'আ করব। তারা যতক্ষণ গুনাহের কাজের আদেশ না করেন, ততক্ষণ তাদের আনুগত্য করাকে আমরা আল্লাহর আনুগত্য মনে করব। অন্যায় কাজে আদেশ দিলে সে বিষয়ে তাদের আনুগত্য করা হারাম। কিন্তু অন্য বিষয়গুলোতে সংভাবে তাদের আনুগত্য করা ওয়াজিব। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: « تَسْمَعُ وَتَطِيعُ لِلْأَمِيرِ وَإِنْ ضُرِبَ ظَهْرُكَ وَأُحْذِ مَلِكَ فَاسْمَعْ وَأَطِعْ » “শাসকের কথা শোনবে ও মান্য করবে- যদিও সে তোমার পৃষ্ঠে প্রহার করে এবং তোমার সম্পদ নিয়ে নেয়। তার কথা শুনবে ও মানবে।” (মুসলিম)

৫৬) আদেশ-নিষেধের ক্ষেত্রে আল্লাহর হেকমত সম্পর্কে প্রশ্ন করা কি জায়েয? হ্যাঁ, তবে শর্ত হচ্ছে, হিকমত জানা না জানা এবং তাতে সন্তুষ্ট হওয়া না হওয়ার উপর যেন ঈমান-আমল নির্ভর না করে। (অর্থাৎ- এমন যেন না হয় যে, আল্লাহ কেন আদেশ করলেন কেন নিষেধ করলেন? তার কারণ বা হেকমত জানলে এবং তা মনঃপূত হলে ঈমান আনব এবং আমল করব, আর সে হেকমত পছন্দ না হলে বা তাতে সন্তুষ্ট না হলে ঈমানও আনব না এবং আমলও করব না।) বরং সে হিকমত সম্পর্কে জানা যেন মু'মিনের সত্যের উপর ঈমানকে আরো মজবুত করে। কিন্তু পূর্ণরূপে আত্মসমর্পণ এবং বিনা প্রশ্ন ও বাক্য ব্যয়ে মেনে নেয়াটা মু'মিনের পরিপূর্ণ দাসত্ব এবং আল্লাহ ও তাঁর হিকমতের প্রতি ঈমানের প্রমাণ বহণ করে। যেমন ছিলেন ছাহাবায়ে কেরাম (রাঃ)।

﴿ مَا أَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللَّهِ وَمَا أَصَابَكَ مِنْ سَيِّئَةٍ فَمِنَ نَفْسِكَ ﴾

৫৭ সূরা নিসার ৭৯ নং আয়াতে আল্লাহ্ বলেন: এই আয়াতের ব্যাখ্যা কি? আয়াতের অর্থঃ “আপনার যে কল্যাণ হয় তা আল্লাহর পক্ষ থেকে, আর আপনার যে অকল্যাণ হয়, সেটা হয় আপনার নিজের কারণে।” এখানে কল্যাণ বলতে উদ্দেশ্য হচ্ছে, নেয়া’মত। আর অকল্যাণ বলতে উদ্দেশ্য হচ্ছে, বিপদাপদ। এসব কিছুই আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত। কল্যাণ ও নেয়া’মত আল্লাহর দিকে সম্বন্ধিত করা হয়েছে, কেননা তিনিই তা দ্বারা বান্দাদেরকে অনুগ্রহ করে থাকেন। আর অকল্যাণ বা বিপদাপদ তিনি বিশেষ হেকমতে সৃষ্টি করেছেন। ঐ হিকমতের দিক থেকে বিষয়টি তাঁর অনুগ্রহের অন্তর্ভুক্ত। কেননা তিনি কখনো অকল্যাণ করেন না। তিনি সব সময় কল্যাণ করেন। যেমন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ “(হে আল্লাহ!) সকল কল্যাণ তোমার দু’হাতে, আর অকল্যাণ তোমার দিকে নয়।” (মুসলিম) বান্দার কর্ম সমূহও আল্লাহর সৃষ্টি। কিন্তু কর্মটি সম্পাদন করার সময় উহা মানুষেরই কাজ হিসেবে গণ্য হবে। কেননা মানুষ নিজ ইচ্ছাতেই তা সম্পাদন করে থাকে। আল্লাহ্ বলেন:

﴿ فَأَمَّا مَنْ أَعْطَى وَاتَّقَى ﴿٥﴾ وَصَدَّقَ بِالْحُسْنَى ﴿٦﴾ فَسَنبَرُهُ لِلْيُسْرَى ﴿٧﴾ وَأَمَّا مَنْ كَفَلَ وَاسْتَفْتَى ﴿٨﴾ وَكَذَّبَ بِالْحُسْنَى ﴿٩﴾ فَسَنبَرُهُ لِلْعُسْرَى ﴿١٠﴾

“অতঃপর যে দান করে ও আল্লাহ্ভীরু হয় এবং উত্তম বিষয়কে সত্য মনে করে, আমি তাকে সুখের বিষয়ের জন্য সহজ পথ দান করবো। আর যে কৃপণতা করে ও বেপরওয়া হয় এবং উত্তম বিষয়কে মিথ্যে মনে করে, আমি তাকে কষ্টের বিষয়ের জন্য সহজ পথ দান করবো।” (সূরা লায়লঃ ৫-১০)

৫৮ ‘অমুক ব্যক্তি শহীদ’ এরূপ কথা বলা জায়েয কি? সুনির্দিষ্টভাবে কোন মানুষকে ‘শহীদ’ বলা মানেই তাকে জান্নাতের সার্টিফিকেট প্রদান করা। আহলে সুন্নাত ওয়াল জামাতের আকীদা মতে আমরা সুনির্দিষ্টভাবে কোন মুসলিম সম্পর্কে বলি না যে, সে জান্নাতী অথবা জাহান্নামী। তবে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যাদের ব্যাপারে জান্নাতী বা জাহান্নামী হওয়ার সংবাদ দিয়েছেন, তাদের ব্যাপারে হাদীছ অনুযায়ী আমরা তাদেরকে জান্নাতী অথবা জাহান্নামী বলবো। কেননা এ বিষয়ের প্রকৃত অবস্থা গোপন। মানুষ কি অবস্থায় মৃত্যু বরণ করে আমরা সে সম্পর্কে কোন জ্ঞান রাখি না। মানুষের শেষ আমল তার পরিণাম নির্ধারণ করে। নিয়ত ও অন্তরের খবর আল্লাহ্ ছাড়া কারো কাছে নেই। কিন্তু সৎ ব্যক্তি হলে আমরা তার জন্য ছওয়াবের আশা করি। আর অসৎ লোক হলে তার শাস্তির আশংকা করি।

৫৯ সুনির্দিষ্টভাবে কোন মুসলিমকে কাফের বলা জায়েয কি? সুনির্দিষ্টভাবে কোন মুসলিমকে কাফের বা মুশরিক বা মুনাফেক বলা জায়েয নয়- যদি তার নিকট থেকে এমন কিছু না দেখা যায়, যাতে প্রমাণ হয় যে, সে ঐ হুকুমের যোগ্য এবং কাফের বলতে বাধা প্রদানকারী বিষয় তার থেকে দূর না হবে। তার আভ্যন্তরিন বিষয় আমরা আল্লাহর কাছে ছেড়ে দেব।

৬০ কা’বা ছাড়া অন্য কোথায় তওয়াফ করা জায়েয আছে কি? কা’বা শরীফ ছাড়া পৃথিবীর বুকে এমন কোন স্থান নেই যার তওয়াফ করা জায়েয আছে। কোন স্থানকে কা’বার সমকক্ষ মনে করাও জায়েয নেই- ঐ স্থানের মর্যাদা যতই হোক না কেন। কোন মানুষ যদি কা’বা ব্যতীত অন্য স্থানকে সম্মান করে তওয়াফ করে, তবে সে আল্লাহর নাফরমানী করবে।

৬১ কিয়ামতের বড় বড় আলামত সমূহ কী কী? কিয়ামতের বড় বড় আলামত সম্পর্কে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

« إِنَّهَا لَنْ تَقُومَ حَتَّى تَرُونَ قِبَلَهَا عَشْرَ آيَاتٍ فَذَكَرَ الدُّخَانَ وَالْدَجَالَ وَالِدَابَّةَ وَطُلُوعَ الشَّمْسِ مِنْ مَغْرِبِهَا وَنُزُولَ عِيسَى ابْنِ مَرْيَمَ عَلَيْهِ السَّلَامُ وَيَأْجُوجَ وَمَأْجُوجَ وَثَلَاثَةَ خُسُوفٍ بِالْمَشْرِقِ وَخُسُوفٍ بِالْمَغْرِبِ وَخُسُوفَ بجزيرة العرب وَاخْرُ ذَلِكَ نَارٌ تَخْرُجُ مِنَ الْيَمَنِ تَطْرُدُ النَّاسَ إِلَى مَحْشَرِهِمْ »

“যতদিন তোমরা দশটি আলামত না দেখ, ততদিন কিয়ামত হবে না। ১) ধোয়া ২) দাজ্জালের আগমণ ৩) দাব্বা (ভূগর্ভ থেকে নির্গত অদ্ভুত এক প্রকার জানোয়ারের আগমণ) ৪) পশ্চিম দিক থেকে সূর্যোদয় ৫) ঈসা ইবনে মারিয়ামের আগমণ ৬) ইয়াজুজ-মা’জুজের আবির্ভাব ৭) পূর্বে ভূমি

ধস ৮) পশ্চিমে ভূমি ধস ৯) আরব উপদ্বীপে ভূমি ধস ১০) সবশেষে ইয়ামান থেকে একটি আগুন বের হয়ে মানুষকে সিরিয়ার দিকে তাড়িয়ে নিয়ে যাবে।” (মুসলিম)

৬২) মানুষের জন্য সবচেয়ে বড় ফিতনা কি? এ প্রশ্নের উত্তরে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: «مَا بَيْنَ خَلْقِ آدَمَ إِلَى قِيَامِ السَّاعَةِ أَمْرٌ أَكْبَرُ مِنَ الدَّجَالِ» “আদম (আঃ)এর সৃষ্টির পর থেকে কিয়ামতের পূর্ব পর্যন্ত দাজ্জালের চাইতে বড় কোন ফিতনা নেই।” (মুসলিম) দাজ্জাল আদমের এক সন্তান। শেষ যুগে আগমণ করবে। তার দু’চোখের মধ্যবর্তী স্থানে লিখা থাকবে (كَافِر) ‘কাফের’ প্রত্যেক শিক্ষিত-অশিক্ষিত মু’মিন ব্যক্তি লিখাটি পড়তে পারবে। তার ডান চোখ অন্ধ থাকবে যেন চোখটি আঙ্গুরের খোকা। সর্বপ্রথম বের হয়ে সে সংস্কারের দাবী করবে; অতঃপর নবী হিসেবে তারপর সে নিজেই প্রভু আল্লাহ হিসেবে দাবী করবে। মানুষের কাছে নিজের দাবী নিয়ে আসলে লোকেরা তাকে মিথ্যা প্রতিপন্ন করবে এবং তার আহ্বান প্রত্যাখ্যান করবে। সে তাদের কাছ থেকে যখন ফিরে যাবে, তখন তাদের ধন-সম্পদ তার পিছে পিছে চলতে থাকবে। মানুষ সকালে উঠে দেখবে তাদের হাতে কোন সম্পদ নেই। আবার দাজ্জাল নিজের উপর ঈমান আনার জন্য মানুষকে আহ্বান করবে, তখন লোকেরা তার ডাকে সাড়া দেবে ও তাকে সত্য বলে বিশ্বাস করবে। তখন সে আসমানকে আদেশ করবে, আসমান থেকে বৃষ্টি বর্ষণ হবে। যমিনকে আদেশ করবে, সেখানে উদ্ভিদ উৎপাদন হবে। সে যখন মানুষের কাছে আসবে, তখন তার সাথে থাকবে পানি ও আগুন। কিন্তু প্রকৃতপক্ষে তার পানি হবে আগুন, আর আগুন হবে ঠান্ডা পানি। মু’মিন ব্যক্তির উচিত প্রত্যেক নামাযের তাশাহুদের শেষে দাজ্জালের ফিতনা থেকে আশ্রয় প্রার্থনা করা। যদি দাজ্জাল বের হয়ে যায়, তবে তার সামনে সূরা কাহাফের প্রথমমাংশ পাঠ করবে। ফিতনায় পড়ার ভয়ে তার সম্মুখীন হওয়া থেকে বিরত থাকবে। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন:

«مَنْ سَمِعَ بِالذَّجَالِ فَلْيَنَأْ عَنَّهُ فَوَاللَّهِ إِنَّ الرَّجُلَ لَيَأْتِيهِ وَهُوَ يَحْسِبُ أَنَّهُ مُؤْمِنٌ فَيَتَّبِعُهُ مِمَّا يَبْعَثُ بِهِ مِنَ الشُّهُبَاتِ» “যে ব্যক্তি দাজ্জাল সম্পর্কে শোনবে সে যেন তার থেকে দূরে থাকে। আল্লাহর শপথ একজন মানুষ নিজেকে মু’মিন ভেবে তার সাথে সাক্ষাৎ করতে যাবে, কিন্তু দাজ্জালের সাথে সংশয় সৃষ্টিকারী যে সকল বিষয় থাকবে তা দেখে সে তার অনুসরণ করে ফেলবে।” (আবু দাউদ)

দাজ্জাল পৃথিবীতে মাত্র চল্লিশ দিন অবস্থান করবে। কিন্তু প্রথম দিন হবে এক বছরের সমান, পরের দিন এক মাসের সমান, পরবর্তী দিন এক সপ্তাহের সমান। আর বাকী দিনগুলো হবে সাধারণ দিনের মত। মক্কা ও মদীনা ছাড়া পৃথিবীর বুকে এমন কোন শহর বা স্থান বাকী থাকবে না, যেখানে দাজ্জাল প্রবেশ করবে না। মক্কা-মদীনায় প্রবেশ করা তার জন্য নিষেধ। অতঃপর ঈসা (আঃ) অবতরণ করে তাকে হত্যা করবেন।

['আবদুল্লাহ্' নামক জনৈক ব্যক্তি 'আবদুন্ নবী' নামক একজন লোকের সাথে সাক্ষাৎ করলেন, নাম শুনেই আবদুল্লাহ্ মনে মনে অবাক হলেন। মানুষ কিভাবে গাইরুল্লাহর দাস হতে পারে? তখন আবদুন্ নবীকে সম্বোধন করে জিজ্ঞেস করলেন, আপনি কি গাইরুল্লাহর ইবাদত করেন নাকি? **আবদুন্ নবী বললেনঃ** না তো, আমি গাইরুল্লাহর ইবাদত করি না। আমি একজন মুসলিম। আমি এককভাবে আল্লাহরই ইবাদত করে থাকি।

আবদুল্লাহ্ বললেনঃ তাহলে এটা আবার কেমন নাম? 'আবদুন্ নবী' মানে তো 'নবীজী'র বান্দা। এটা কি খৃষ্টানদের নামের মত হল না? তারা নাম রাখে 'আবদুল মাসীহ' অর্থাৎ- ঈসার বান্দা। এতে আশ্চর্যের কিছু নেই, কেননা খৃষ্টানরা ঈসা (আঃ)এর উপাসনা করে থাকে। আপনার নাম শুনলেই যে কোন লোকের মনে হবে আপনি নবী (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর ইবাদত করেন। অথচ নবীজীর প্রতি কোন মুসলিমের এটা বিশ্বাস নয়। নবী মুহাম্মাদ সম্পর্কে মুসলিমের বিশ্বাস হবে তিনি আল্লাহর বান্দা ও তাঁর রাসূল।

আবদুন্ নবী বললেনঃ কিন্তু নবী মুহাম্মাদ (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তো সর্বশ্রেষ্ঠ মানুষ এবং সাইয়েদুল মুরসালীন। এভাবে নাম রেখে আমাদের উদ্দেশ্য হল, বরকত লাভ করা এবং আল্লাহর দরবারে নবীর সম্মান ও মর্যাদার মাধ্যমে তাঁর নৈকট্য হাসিল করা। এ কারণে আমরা নবী (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট থেকে শাফাআত প্রার্থনা করি। এতে আশ্চর্য হওয়ার কি আছে? আমার ভাইয়ের নাম আবদুল হুসাইন, আমার পিতার নাম আবদুর রাসূল। এভাবে নাম রাখা পুরাতন রীতি। বিষয়টি মানুষের মাঝে ব্যাপক পরিচিত। আমাদের বাপ-দাদারাও এভাবে নাম রেখেছেন। বিষয়টিকে এত কঠিন করবেন না। মূলতঃ বিষয়টি সহজ, কেননা ইসলাম ধর্ম অত্যন্ত সহজ।

আবদুল্লাহ্ঃ এটা তো আরেকটি অন্যায় যা প্রথমটির চেয়ে ভয়ানক। কারণ আপনি তো গাইরুল্লাহর কাছে এমন জিনিস চাইছেন, যাতে একমাত্র আল্লাহ ছাড়া কারো কোন ক্ষমতা নেই। যার কাছে চাইছেন তিনি নবী মুহাম্মাদ (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিজে হন বা অন্য কোন সৎ লোক হন। যেমন হুসাইন বা অন্য কেউ। আমাদেরকে যে তাওহীদের নির্দেশ দেয়া হয়েছে এটা তো তার সম্পূর্ণ বিপরীত। এটা কালেমা 'লা-ইলাহা ইল্লাল্লাহ্'এর তাৎপর্যের বিরোধী। আমি আপনাকে কিছু প্রশ্ন করতে চাই। তাহলে বুঝতে পারবেন বিষয়টি কত ভয়ানক। বুঝতে পারবেন এধরণের নাম রাখার পরিণতি কত মারাত্মক। আমার লক্ষ্য ও উদ্দেশ্য শুধু সত্য উদঘাটন ও সত্যের অনুসরণ। বাতিলের মুখোশ উন্মোচন ও তা থেকে সতর্কী করণ। সৎ কাজের আদেশ এবং অসৎ কাজের নিষেধ। আমি আল্লাহর কাছে সাহায্য চাই এবং তাঁর উপরেই ভরসা করি। সুউচ্চ সুমহান আল্লাহ্ ছাড়া কোন শক্তি নেই কোন সামর্থ্য নেই। কিন্তু বিষয়টি উত্থাপন করার পূর্বে আমি আপনাকে আল্লাহর এ দু'টি আয়াত স্মরণ করাতে চাই। আল্লাহ্ বলেন:

﴿إِنَّمَا كَانَ قَوْلَ الْمُؤْمِنِينَ إِذَا دُعُوا إِلَى اللَّهِ وَرَسُولِهِ لِيَحْكُمَ بَيْنَهُمْ أَنْ يَقُولُوا سَمِعْنَا وَأَطَعْنَا﴾ "মু'মিনদের কথা শুধু এরূপ যে, আল্লাহ্ এবং তাঁর রাসূলের বিধান ও ফায়সালা মেনে নেয়ার জন্য তাদেরকে যখন আহ্বান করা হয়, তখন তারা বলে, আমরা শুনলাম এবং মানলাম।" (সূরা নূরঃ ৫১)

আল্লাহ্ আরো বলেন: ﴿فَإِنْ نَزَعْنَاهُ فِي شَيْءٍ فَرُدُّوهُ إِلَى اللَّهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ﴾ "তোমরা কোন বিষয়ে মতবিরোধ করে থাকলে, (তার সমাধানের জন্য) আল্লাহ্ ও তাঁর রাসূলের দিকে প্রত্যাবর্তন কর- যদি তোমরা আল্লাহ্ ও পরকালের প্রতি ঈমান রেখে থাক।" (সূরা নিসাঃ ৫৯)

আবদুল্লাহ্ঃ আমার প্রশ্ন হচ্ছে, আপনি বলেছেন আপনি তাওহীদ মানে এবং 'লা-ইলাহা ইল্লাল্লাহ্'এর সাক্ষ্য প্রদান করেন। আপনি আমাকে তাওহীদ ও কালেমার অর্থ ব্যাখ্যা করবেন কি?

আবদুন্ নবীঃ তাওহীদ তো একথা বিশ্বাস করা যে, আল্লাহ্ আছেন। তিনিই আসমান-যমিন সৃষ্টি করেছেন। তিনি জীবন-মরণের মালিক। তিনি জগতের তত্ত্বাবধানকারী। তিনি রিযিক দানকারী, মহাজ্ঞানী, ক্ষমতাবান...।

আবদুল্লাহ্ঃ এই বিশ্বাসটুকুই যদি তাওহীদ হয়, তবে তো ফেরাউন আর তার দলবল, আবু জাহেল প্রভৃতির সবাই তাওহীদপন্থী। কেননা তারা কেউ বিষয়টিতে অজ্ঞ ছিল না। যেমন অধিকাংশ

মুশরেক এটাকে মেনে থাকে। যে ফেরাউন রুবুবিয়্যাতে বা প্রভুত্বের দাবী করেছিল, সেই ফেরাউনও নিজেই স্বীকৃতি দিয়েছিল যে, আল্লাহ্ আছেন, তিনিই জগতের তত্ত্বাবধানকারী ও কর্তৃত্বকারী। একথার দলীল, আল্লাহ্ বলেন: ﴿وَحَمِّدُوا بِهَا وَأَسْتَفِئْتَهَا أَنفُسَهُمْ ظَلَمًا وَعُلُوًّا﴾ “তারা অন্যায়ভাবে অহংকার করে তা প্রত্যাখ্যান করল। অথচ তাদের অন্তরসমূহ তাকে সত্য বলে বিশ্বাস করেছে।” (সূরা নমলঃ ১৪) এই স্বীকৃতি সুস্পষ্টভাবে প্রকাশিত হয়েছিল- যখন সে পানিতে ডুবে মরছিল। কিন্তু প্রকৃতপক্ষে যে তাওহীদের জন্য নবী-রাসূল প্রেরণ করা হয়েছিল, আসমানী কিতাব নাযিল করা হয়েছিল, যে কারণে কুরায়শদের সাথে যুদ্ধ করা হয়েছিল- তা ছিল এককভাবে আল্লাহর জন্য ইবাদত করা।

ইবাদতঃ ব্যাপক অর্থ বোধক একটি শব্দ, প্রকাশ্য-অপ্রকাশ্য যাবতীয় কথা ও কাজ আল্লাহ যা পছন্দ করেন তাকেই ইবাদত বলা হয়। ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ কালেমার মধ্যে ‘ইলাহ্’ শব্দের অর্থ হচ্ছেঃ এমন মা’বুদ বা উপাস্য যিনি এককভাবে সমস্ত ইবাদতের হক্কদার। তিনি ছাড়া কেউ কোন ইবাদত পাওয়ার উপযুক্ত নয়।

আবদুল্লাহঃ আপনি কি জানেন পৃথিবীতে কেন নবী-রাসূলকে প্রেরণ করা হয়েছে? আর তাঁদের মধ্যে প্রথম রাসূল হচ্ছেন নূহ (আঃ)।

আবদুন নবীঃ যাতে করে তাঁরা মুশরিকদেরকে এককভাবে আল্লাহর ইবাদত করার প্রতি আহ্বান করেন এবং তাদেরকে নির্দেশ দেন তাঁর সাথে সব ধরনের শিরককে প্রত্যাখ্যান করতে।

আবদুল্লাহঃ নূহ (আঃ)এর জাতির শিরকে লিগু হওয়ার মূল কারণ কি ছিল?

আবদুন নবীঃ জানি না।

আবদুল্লাহঃ আল্লাহ্ তা’আলা নূহ (আঃ)কে তাঁর জাতির কাছে প্রেরণ করেন যখন তারা নেক লোকদের ব্যাপারে বাড়াবাড়ি করেছিল। নেক লোকেরা ছিলেন, ওয়াদ্দ, সুওয়া’আ, ইয়াগুছ, ইয়াউক্ব ও নাসর।

আবদুন নবীঃ আপনি কি বলতে চান ওয়াদ্দ, সুওয়া’ প্রভৃতি নেক লোকদের নাম? এগুলো প্রতাপশালী কাফেরদের নাম নয়?

আবদুল্লাহঃ হ্যাঁ, এগুলো নেক লোকদের নাম। নূহ (আঃ)এর সম্প্রদায়ের লোকেরা তাদেরকে উপাস্যরূপে গ্রহণ করেছিল। পরবর্তীতে আরবগণ তাদের অনুসরণ করেছে। একথার দলীল হচ্ছে ইবনে আব্বাস (রাঃ) বর্ণিত হাদীছ। তিনি বলেন, ‘নূহ (আঃ)এর যুগে যে সমস্ত মূর্তির পূজা করা হত, পরবর্তীতে তা আরবদের মধ্যে বিস্তার লাভ করে। বিভিন্ন গোত্র ও এলাকার লোকদের পূজার জন্য আলাদা আলাদাভাবে মূর্তী নির্ধারিত হয়ে যায়। যেমন: ওয়াদ্দ নামক মূর্তিঃ দাওমাতুল জান্দাল নামক এলাকার ‘কালব’ গোত্রের মূর্তি ছিল।

সুওয়া’আ ছিল হুয়াইল গোত্রের মূর্তী। ইয়াগুছঃ সাবা’ এলাকার নিকটবর্তী জওফ নামক স্থানে প্রথমে ‘মুরাদ’ গোত্রের অতঃপর ‘বানী গুতাইফ’ গোত্রের মূর্তি ছিল। ইয়াউক্ব মূর্তি ছিল হামাদান গোত্রের। আর নাসর ছিল- যিল কালা’ বংশের হিমইয়ার নামক গোত্রের মূর্তি। এরা সবাই নূহ (আঃ)এর জাতির মধ্যে সৎকর্মশীলদের অন্তর্ভুক্ত ছিলেন। এরা মৃত্যু বরণ করলে, শয়তান এসে লোকদের পরামর্শ দিল, তোমরা যে সকল স্থানে বসে সময় কাটাও সেখানে তাদের কিছু প্রতিকৃতি বানিয়ে রাখ এবং তাদের নামানুসারে সেগুলোর নাম রাখ। ওরা তাই করল। কিন্তু সে সময় তাদের উপাসনা শুরু হয়নি। যখন সেই প্রজন্মের লোকেরা দুনিয়া থেকে বিদায় নিল, মানুষের মাঝে থেকে জ্ঞানের বিলুপ্তি ঘটল, তখন মূর্তিগুলোর ইবাদত শুরু হয়ে গেল।’ (রুখারী)

আবদুন নবীঃ এ তো আশ্চর্য ধরনের ঘটনা!

আবদুল্লাহঃ এর চেয়ে আরো আশ্চর্য ধরনের কথা কি আপনাকে আমি বলব না? জেনে রাখুন সর্বশ্রেষ্ঠ ও সর্বশেষ নবী মুহাম্মাদ (ছাঃ)কে আল্লাহ্ এমন সম্প্রদায়ের কাছে প্রেরণ করেছিলেন, যারা আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করত, তাঁর ইবাদত করত, কাবা ঘরের তওয়াফ করত, সাফা-মারওয়া সাঈ করত, হজ্জ করত, দান-সাদকা করত। কিন্তু তারা কিছু লোককে তাদের মাঝে ও

আল্লাহর মাঝে মধ্যস্থতা নির্ধারণ করত। তারা যুক্তি পেশ করত যে, আমরা এই মধ্যস্থতাকারী লোকদের মাধ্যমে আল্লাহর নৈকট্য চাই। তারা আমাদের জন্য আল্লাহর দরবারে সুপারিশ করবেন। যেমন ফেরেশতাকুল, ঈসা (আঃ) এবং অন্যান্য সৎ ব্যক্তিগণ। আল্লাহ পাক নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে প্রেরণ করলেন। তিনি তাদের ধর্মীয় পিতা ইবরাহীম (আঃ)এর ধর্ম সংস্কার করতে লাগলেন। তাদেরকে জানালেন যে, এই নৈকট্য ও বিশ্বাস একমাত্র আল্লাহর জন্যই নির্ধারিত। তিনি ছাড়া কারো জন্য এর কোন কিছু উপযুক্ত নয়। তিনি একক স্রষ্টা- এক্ষেত্রে তাঁর শরীক নেই। তিনি ছাড়া কোন রিযিক দাতা নেই। সপ্তাকাশ ও তার অধিবাসী এবং সাত তবক যমিন ও পৃথিবীর সকল কিছুই তাঁর গোলাম- দাস। এমনকি কাফেররা যে সকল মূর্তীর পূজা করত তারা সকলেই স্বীকার করত যে, তারা সকলেই আল্লাহর রাজত্ব, কর্তৃত্ব ও আয়ত্বের মধ্যে।

আবদুন্নবীঃ সত্যই তো এটা ভয়ানক ও আশ্চর্যজনক কথা। আপনার একথার কোন দলীল আছে কি?

আবদুল্লাহঃ এ ক্ষেত্রে দলীল প্রচুর। যেমন আল্লাহ বলেন: **قُلْ مَنْ يَرْزُقُكُمْ مِنَ السَّمَاءِ وَالْأَرْضِ أَمْ مَنْ يَمْلِكُ السَّمْعَ وَالْأَبْصَرَ وَمَنْ يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَمِيتِ وَمَنْ يُخْرِجُ الْمَمِيتَ مِنَ الْحَيِّ وَمَنْ يَدِيرُ الْأَمْرَ فَمَسْئُولُونَ لِلَّهِ فَقُلْ أَفَلَا تَنْقُونَ**

“(হে নবী ﷺ) তুমি তাদের জিজ্ঞেস করঃ কে তিনি, যিনি তোমাদেরকে আসমান ও যমিন হতে রিযিক পৌঁছিয়ে থাকেন? অথবা কে তিনি, যিনি কর্ণ ও চক্ষুসমূহের উপর পূর্ণ অধিকার রাখেন? আর তিনি কে, যিনি জীবন্তকে প্রাণহীন থেকে বের করেন, আর প্রাণহীনকে জীবন্ত হতে বের করেন? আর তিনি কে যিনি সমস্ত কাজ পরিচালনা করেন? তখন অবশ্যই তারা বলবে যে, (এসব কিছু একমাত্র) আল্লাহই (করে থাকেন)। অতএব তুমি বলঃ তবে কেন তোমরা শিরক হতে বেঁচে থাকছো না?” (সূরা ইউনুসঃ ৩১) আল্লাহ আরো বলেন:

قُلْ لِمَنِ الْأَرْضُ وَمَنْ فِيهَا إِنْ كُنْتُمْ تَعْمَلُونَ ۗ سَيَقُولُونَ لِلَّهِ قُلْ أَفَلَا تَذَكَّرُونَ ۗ ۘ قُلْ مَنْ رَبُّ السَّمَوَاتِ السَّبْعِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيمِ ۗ سَيَقُولُونَ لِلَّهِ قُلْ أَفَلَا تَتَّقُونَ ۗ ۙ قُلْ مَنْ يَدِيرُ الْأَمْرَ ۗ سَيَقُولُونَ لِلَّهِ قُلْ أَفَلَا تَتَّقُونَ ۗ ۚ عَلَيْهِ إِنْ كُنْتُمْ تَعْمَلُونَ ۗ سَيَقُولُونَ لِلَّهِ قُلْ فَأَنَّى تُسْحَرُونَ

“(হে নবী ﷺ) তুমি জিজ্ঞেস কর, তোমাদের যদি জ্ঞান থাকে, তবে বল তো এই পৃথিবী এবং এর মধ্যে যা কিছু আছে তা কার অধিকারে? তৎক্ষণাত তারা জবাবে বলবেঃ আল্লাহর অধিকারে। বল, তবুও কি তোমরা শিক্ষা গ্রহণ করবে না? তাদেরকে আরো জিজ্ঞেস কর, কে সপ্তাকাশ ও মহা আরশের অধিপতি? তারা জবাব দেবে, আল্লাহই এর অধিপতি। বল, তারপরও কি তোমরা সাবধান হবে না? ওদেরকে আরো প্রশ্ন কর, তোমরা যদি জানো তবে বল তো, সবকিছুর কর্তৃত্ব কার হাতে, যিনি আশ্রয় দান করেন এবং যাঁর উপর কেউ আশ্রয়দাতা নেই? তারা বলবে, এসব কিছুর কর্তৃত্ব আল্লাহর হাতে। তুমি তাদেরকে বল, এরপরও কেমন করে তোমরা বিভ্রান্ত হচ্ছে?”

(সূরা মু'মেনুনঃ ৮৪-৮৯)

শুধু তাই নয়, মুশরিকরা হজ্জের মওসুমে হজ্জের জন্য ইহরাম বাঁধত তালবিয়া পড়ত। তাদের তালবিয়ার বাক্য ছিল এরূপঃ লাক্বাইক, আল্লাহুম্মা লাক্বাইক, লাক্বাইক লা শারীকা লাকা, ইল্লা শারীকান্ হুওয়া লাকা, তামলেকুল্হু ওয়ামা মালাক। (আমি হাজির, আমি হাজির হে আল্লাহ, আমি হাজির, তোমার কোন শরীক নেই, তবে তোমার সেই শরীক ব্যতীত- তুমি যার মালিক এবং সে যা কিছুর মালিক তুমি তারও মালিক।)

অতএব মুশরেক কুরায়শদের আল্লাহকে স্বীকার করা- তিনি জগতের কর্তৃত্বকারী ঘোষণা দেয়া বা তাওহীদে রুবুবিয়াকে মান্য করা ইসলামে প্রবেশের জন্য যথেষ্ট ছিল না। তাদেরকে মুশরিক ঘোষণা প্রদান এবং তাদের জান-মাল হালাল করার মূল কারণ ছিল, তারা ফেরেশতা, নবী এবং ওলী-আউলিয়াকে শাফা'আতকারী হিসেবে গ্রহণ করেছিল এবং আল্লাহর নৈকট্য পাওয়ার জন্য তাদেরকে মাধ্যম মনে করেছিল। এ কারণে সমস্ত দু'আ আল্লাহর কাছেই করতে হবে। সকল নয়র-মানত আল্লাহর জন্যেই করতে হবে, সকল ধরণের পশু যবেহ আল্লাহকে খুশি করার জন্য তাঁরই নামে করতে হবে, যে কোন ধরণের সাহায্য কামনা আল্লাহর কাছেই করতে হবে। মোটকথা ইবাদত বলতে যা বুঝায় সব কিছুই আল্লাহর উদ্দেশ্যে করতে হবে।

আবদুন নবীঃ আপনি দাবী করছেন যে, আল্লাহর অস্তিত্বের স্বীকৃতি ও তিনিই জগতের কর্তৃত্বকারী একথা মানাকে তাওহীদ বলে না, তবে তাওহীদ কি?

আবদুল্লাহঃ যে তাওহীদের কারণে আল্লাহ তা'আলা নবী-রাসূল প্রেরণ করেছিলেন, যে তাওহীদ মুশরিকগণ অস্বীকার করেছিল, তা হচ্ছে: বান্দার যাবতীয় কর্ম তথা ইবাদত শুধুমাত্র আল্লাহর জন্য সম্পাদন করা। অতএব কোন ধরণের ইবাদত আল্লাহ ছাড়া কারো উদ্দেশ্যে করা যাবে না। যেমনঃ দু'আ, নযর-মানত, পশু যবেহ, সাহায্য প্রার্থনা ও উদ্ধার কামনা ইত্যাদি। এই তাওহীদই হচ্ছে কালেমা 'লা-ইলাহা ইল্লাল্লাহ' মুখে উচ্চারণ করার প্রকৃত তাৎপর্য। কেননা কুরায়শ মুশরিকদের কাছে 'ইলাহ' তাকেই বলা হয়, যার কাছে এ ইবাদতগুলো পেশ করা হয়। চাই সে ফেরেশতা হোক বা নবী বা ওলী হোক অথবা কোন বৃক্ষ হোক বা কবর বা জিন হোক। 'ইলাহ' বলতে ওরা বুঝেনি তিনি স্রষ্টা, রিযিকদাতা, কর্তৃত্বকারী; বরং তারা জানতো এগুলো একমাত্র আল্লাহই করে থাকেন। যেমনটি পূর্বে উল্লেখ করা হয়েছে। তাই নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এসে তাদেরকে তাওহীদের কালেমা 'লা-ইলাহা ইল্লাল্লাহ'র প্রতি আহ্বান জানালেন। ডাক দিলেন এই কালেমার তাৎপর্যকে বাস্তবায়ন করতে, শুধুমাত্র তা মুখে উচ্চারণ করলেই হবে না।

আবদুন নবীঃ আপনি যেন বলতে চাচ্ছেন যে, বর্তমান যুগের অনেক মুসলিমের চাইতে কুরায়শ মুশরিকরাই কালেমা 'লা-ইলাহা ইল্লাল্লাহ'র অর্থ সম্পর্কে বেশী জ্ঞান রাখত?

আবদুল্লাহঃ হ্যাঁ, এটাই দুঃখজনক অথচ বাস্তব পরিস্থিতি। মূর্খ কাফেরগণ জানতো, নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এই কালেমা দ্বারা যে অর্থ বুঝাতে চেয়েছেন, তা হচ্ছে: যাবতীয় ইবাদত এককভাবে আল্লাহর জন্যই সম্পাদন করা এবং আল্লাহ ব্যতীত যা কিছু ইবাদত করা হয়, তা অস্বীকার করা ও তা থেকে মুক্ত হওয়া। কেননা তিনি যখন তাদেরকে 'লা-ইলাহা ইল্লাল্লাহ' পাঠ করার নির্দেশ দিলেন, তখন তারা জবাব দিল, ﴿أَحَلَّ الْأَلْهَةَ إِلَهًُا وَجِدًا إِنَّ هَذَا لَشَيْءٌ مُّحْتَابٌ﴾ “তিনি কি সবগুলো উপাস্যকে এক উপাস্যে পরিণত করতে চান? এটাতো বড়ই আশ্চর্যের বিষয়?” (সূরা সোয়াদঃ ৫) অথচ তারা ঈমান রাখতো যে, আল্লাহই জগতের কর্তৃত্বকারী। এ যুগের কাফের মূর্খরা যদি এটা জানে, তাহলে কি এটা আশ্চর্যের বিষয় নয় যে, বর্তমান কালের অনেক মুসলিম এই কালেমার ব্যাখ্যা ও তাৎপর্য বুঝে না- যা সে কালের মূর্খ কাফেররা বুঝতো? অধিকাংশ মুসলিম ধারণা করে যে, এই কালেমার অর্থ না বুঝে অন্তরে কোন কিছুর প্রতি দৃঢ়তা না রেখে, মুখে উচ্চারণ করলেই চলবে। তাদের মধ্যে যারা একটু বেশী বুদ্ধিমান তাদের ধারণা হচ্ছে, এ কালেমার অর্থ হচ্ছে, আল্লাহ ছাড়া কোন স্রষ্টা নেই, কোন রিযিক দাতা নেই, কোন কর্তৃত্বকারী নেই। ইসলামের নাম বহনকারী এ সকল মানুষের মাঝে কোন কল্যাণ নেই- যাদের চাইতে মূর্খ কাফেররাই কালেমার অর্থ ভাল বুঝতো!।

আবদুন নবীঃ কিন্তু আমি তো আল্লাহর সাথে কাউকে অংশী স্থাপন করি না। আমি সাক্ষ্য দেই যে, সৃষ্টি করা, রিযিক দেয়া এবং উপকার-অপকারের মালিক একমাত্র আল্লাহ তা'আলা- তাঁর কোন শরীক নেই। আরো বিশ্বাস করি যে, মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিজের প্রাণের কোন ভাল-মন্দ করতে পারেন না; হাসান, হুসাইন, আবদুল ক্বাদের জীলানী তো দূরের কথা। কিন্তু আমি যেহেতু গুনাহগার, আর নেক ব্যক্তিদের আল্লাহর দরবারে বিশেষ একটি মর্যাদা আছে, তাই আমি তাদের কাছে আমার জন্য আল্লাহর দরবারে সুপারিশ করার আবেদন জানাই।

আবদুল্লাহঃ পূর্বের জবাবটি আরেকবার খেয়াল করুন! নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যাদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন, তারা তো আপনি যা বিশ্বাস করেন, তা-ই বিশ্বাস করতো এবং তার স্বীকৃতি দিত। তারা স্বীকার করতো যে, মূর্তিরা কোনরূপ কর্তৃত্বের অধিকারী নয়। মূর্তিগুলোর কাছে ওদের গমনের একমাত্র উদ্দেশ্য ছিল, তারা যেন ওদের জন্য আল্লাহর কাছে সুপারিশ করে। ইতোপূর্বে কুরআন থেকে এক্ষেত্রে দলীল উপস্থাপন করা হয়েছে।

আবদুন নবীঃ ঐ সমস্ত আয়াত তো মূর্তি পূজকদেরকে লক্ষ্য করেই নাযিল হয়েছে। কিভাবে আপনি নবী-রাসূল ও পীর-আউলিয়াকে মূর্তির মত মনে করেন?

আবদুল্লাহঃ আমরা পূর্বে শুনে এসেছি যে, ঐ মূর্তিগুলোর কোন কোনটার নামকরণ সৎ লোকদের

নামানুসারে করা হয়েছে। যেমনটি ঘটেছিল নূহ (আঃ)এর যুগে। আর কাফেররা ঐ মূর্তিগুলোর মাধ্যমে সুপারিশ ছাড়া অন্য কিছু আশা করেনি। কেননা আল্লাহর কাছে তাদের বিশেষ মর্যাদা আছে। একথার দলীল হচ্ছে আল্লাহর বাণীঃ ﴿وَالَّذِينَ اتَّخَذُوا مِنْ دُونِهِ أَوْلِيَاءَ مَا نَعْبُدُهُمْ إِلَّا لِيُقَرِّبُوا إِلَى اللَّهِ زُلْفَىٰ﴾ “আল্লাহকে বাদ দিয়ে যারা অন্যকে ওলী হিসেবে গ্রহণ করেছে, তারা বলেঃ আমরা তো এদের পূজা এজন্যেই করি যে, এরা আমাদেরকে আল্লাহর সান্নিধ্যে এনে দেবে।” (সূরা যুমারঃ ৩)

আর আপনি যে বললেন, ‘কিভাবে আপনি নবী-রাসূল ও পীর-আউলিয়াকে মূর্তির মত মনে করেন?’ তার জবাবে বলবোঃ যে সমস্ত কাফেরের কাছে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে প্রেরণ করা হয়েছিল, তাদের মাঝে অনেকে ওলী-আউলিয়াদেরকে ডাকতো। তাদের সম্পর্কে আল্লাহ বলেন:

﴿أُولَٰئِكَ الَّذِينَ يَدْعُونَ يَبْتَغُونَ إِلَىٰ رَبِّهِمُ الْوَسِيلَةَ أَيُّهُمْ أَقْرَبُ وَيَرْجُونَ رَحْمَتَهُ وَيَخَافُونَ عَذَابَ اللَّهِ إِنَّ عَذَابَ رَبِّكَ كَانَ مَحْذُورًا﴾ “তারা যাদেরকে আহ্বান করে, তারাই তো তাদের প্রতিপালকের নৈকট্য লাভের উপায় সন্ধান করে যে, তাদের মধ্যে কে কত নিকটবর্তী হতে পারে, তাঁর দয়া প্রত্যাশা করে ও তাঁর শাস্তিকে ভয় করে; তোমার প্রতিপালকের শাস্তি ভয়াবহ।” (সূরা বানী ইসরাঈলঃ ৫৭) তাদের মধ্যে অনেকে ঈসা (আঃ) এবং তাঁর মাতাকে আহ্বান করে থাকে। তাদের সম্পর্কে আল্লাহ বলেন:

﴿وَإِذْ قَالَ اللَّهُ يٰعِيسَىٰ ابْنَ مَرْيَمَ ءَأَنْتَ قُلْتَ لِلنَّاسِ اتَّخِذُونِي وَأُمِّيَ إِلَهَيْنِ مِنْ دُونِ اللَّهِ﴾ “আর আল্লাহ যখন বলবেনঃ হে মারিয়াম পুত্র ঈসা! তুমি কি লোকদের বলেছিলে তোমরা আল্লাহ ছাড়া আমাকে ও আমার মাতাকে মা’বুদ হিসেবে নির্ধারণ করে নাও?” (সূরা মায়দাঃ ১১৬)

তাদের মধ্যে অনেকে ফেরেশতাদেরকে আহ্বান করতো। তাদের ব্যাপারে আল্লাহ বলেন:

﴿وَيَوْمَ يَحْشُرُهُمْ جَمِيعًا ثُمَّ يَقُولُ لِلْمَلَكَةِ أَهْلُوا لِي إِنَّا كُنَّا يَعْبُدُونَنَا﴾ “যে দিন আল্লাহ সবাইকে একত্রিত করবেন এবং ফেরেশতাদেরকে জিজ্ঞেস করবেনঃ এরা কি তোমাদেরই পূজা করতো?” (সূরা সাবাঃ ৪০)

গভীরভাবে লক্ষ্য করুন, যারা মূর্তির কাছে গমণ করতো আল্লাহ এই আয়াতগুলোতে তাদেরকে কাফের আখ্যা দিয়েছেন। একইভাবে যারা নবী-রাসূল, ফেরেশতা ও ওলী-আউলিয়া প্রমুখ নেককারদের মুখাপেক্ষী হয়েছে, তাদেরকেও কাফের আখ্যা দিয়েছেন। আর কোন পার্থক্য ছাড়াই রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এই কাফেরদের বিরুদ্ধে লড়াই করেছেন।

আবদুন নবীঃ কিন্তু কাফেররা তাদের নিকট থেকে কল্যাণ পাওয়ার আশা করতো। আর আমি সাক্ষ্য প্রদান করি যে, আল্লাহই শুধুমাত্র উপকার-অপকার ও কর্তৃত্বের মালিক। এগুলো আল্লাহ ছাড়া অন্য কারো থেকে চাই না। নেককারদের হাতে কোন কিছু নেই। কিন্তু শুধুমাত্র আল্লাহর কাছে সুপারিশের উদ্দেশ্যে নেককারদের কাছে গমণ করে থাকি।

আব্দুল্লাহঃ আপনার এ কথা হুবহু কাফেরদের কথার অনুরূপ। দলীল হচ্ছে আল্লাহর বাণী:

﴿وَيَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ مَا لَا يَنْفَعُهُمْ وَلَا يَضُرُّهُمْ﴾ “ওরা আল্লাহ ছাড়া এমন কিছুর উপাসনা করে, যে তাদের কোন উপকার এবং অপকার করার ক্ষমতা রাখে না। তারা বলে, এরা আমাদের জন্য আল্লাহর কাছে সুপারিশকারী।” (সূরা ইউনুসঃ ১৮)

আবদুন নবীঃ কিন্তু আমি তো আল্লাহ ছাড়া কারো দাসত্ব করি না। আর তাদের স্মরণাপন্ন হওয়া ও তাদেরকে আহ্বান করা বা তাদের কাছে দু’আ করা তো ইবাদত নয়।

আব্দুল্লাহঃ আমি আপনাকে জিজ্ঞেস করতে চাই, আপনি কি একথা স্বীকার করেন যে, একনিষ্ঠভাবে ইবাদত করা আল্লাহ আপনার উপর ফরয করেছেন? আর এটা তাঁর দাবীও বটে? যেমন তিনি এরশাদ করেন, ﴿وَمَا أُمِرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ﴾ “তাদেরকে তো শুধু এ আদেশই করা হয়েছে যে, তারা ধর্মের প্রতি বিশুদ্ধ চিত্তে একনিষ্ঠ হয়ে আল্লাহর ইবাদত করবে।”

(সূরা বাইয়েনাহঃ ৫)

আবদুন নবীঃ হ্যাঁ, আল্লাহ আমার প্রতি এটা ফরয করেছেন।

আব্দুল্লাহঃ ইবাদতে ইখলাছ বা একনিষ্ঠতা- যা আল্লাহ আপনার উপর ফরয করেছেন, আপনি বিষয়টার ব্যাখ্যা করুন তো?

আবদুন নবীঃ আপনি এ প্রশ্নে কি বলতে চাচ্ছেন আমি তা বুঝতে পারছি না। বিষয়টি পরিষ্কার

করে বর্ণনা করুন।

আবদুল্লাহ্: আমি পরিস্কার করে বর্ণনা দিচ্ছি, আপনি মনোযোগ সহকারে শুনুন। আল্লাহ্ বলেন, ﴿أَدْعُوا رَبَّكُمْ نَضُّعًا وَخَفِيَّةً إِنَّهُ لَا يُحِبُّ الْمُعَذِّبِينَ﴾ “তোমরা বিনীত হয়ে গোপনে তোমাদের পালনকর্তাকে ডাক। নিশ্চয় তিনি সীমালঙ্ঘনকারীকে পছন্দ করেন না।” (সূরা আ’রাফঃ ৫০) এখন বলুন, আল্লাহর কাছে দু’আ করা বা তাঁকে ডাকা কি ইবাদত না ইবাদত নয়?

আবদুন নবী: হ্যাঁ, তা তো বটেই; বরং দু’আটাই তো আসল ইবাদত। যেমন হাদীছে বলা হয়েছেঃ (الدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ) “দু’আ করাই হচ্ছে মূল ইবাদত।” (আবু দাউদ)?

আবদুল্লাহ্: যখন আপনি স্বীকার করছেন যে, দু’আর মাধ্যমে আল্লাহর ইবাদত হয়, তাই প্রয়োজন পড়লেই রাত-দিন ভয়-ভীতি ও আশা-আকাংখ্যা সহকারে আল্লাহর কাছে দু’আ করছেন। আবার সেই প্রয়োজনের ক্ষেত্রে কোন নবী বা ফেরেশতা বা কবরস্থ নেক লোকের কাছেও দু’আ করে থাকেন, তাহলে কি আপনি ইবাদতে শির্ক করে ফেললেন না?

আবদুন নবী: হ্যাঁ, শির্ক তো হয়ে গেল। এটা তো সুস্পষ্ট ও প্রকাশ্য কথা।

আবদুল্লাহ্: এখানে আরেকটি উদাহরণ আছে। তা হচ্ছেঃ আপনি যখন জানলেন যে, আল্লাহ বলেন: ﴿فَصَلِّ لِرَبِّكَ وَأَنحِرْ﴾:তোমার পালনকর্তার জন্য নামায পড় ও কুরবানী কর।” (সূরা কাউছরঃ ২) এ ভিত্তিতে আপনি আল্লাহর আনুগত্য করে তাঁর উদ্দেশ্যে পশু যবেহ করলেন বা কুরবানী করলেন, তখন আপনার এই যবেহ ও কুরবানী কি তাঁর ইবাদত হল কি না?

আবদুন নবী: হ্যাঁ, ইহা তো অবশ্যই ইবাদত।

আবদুল্লাহ্: এখন যদি আপনি কোন নবী বা জিন বা অন্য কোন মাখলুকের উদ্দেশ্যে পশু যবেহ করেন, তবে এই ইবাদতে কি আল্লাহর সাথে অন্যকে শরীক করলেন না?

আবদুন নবী: হ্যাঁ তো শরীক করে ফেললাম। এটা সুস্পষ্ট কথা।

আবদুল্লাহ্: আমি আপনাকে দু’আ এবং কুরবানীর দু’টি উদাহরণ পেশ করলাম। কেননা দু’আ মৌখিক ইবাদতের মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ। আর কুরবানী হচ্ছে কর্মগত ইবাদতের মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ। সকল ইবাদত এ দু’টোর মধ্যে সীমাবদ্ধ নয়; বরং আরো অনেক ইবাদত আছে। নযর-মানত, শপথ-কসম, সাহায্য প্রার্থনা, উদ্ধার কামনা প্রভৃতিও ইবাদতের মধ্যে শামিল। যে মুশরিকদের ব্যাপারে কুরআন নাযিল হয়েছে, তারা কি ফেরেশতা, নেককার ও লাভ প্রভৃতির উপাসনা করতো?

আবদুন নবী: হ্যাঁ, তারা তো এগুলোর উপাসনা করতো।

আবদুল্লাহ্: তাদের উপাসনার ধরণ কি শুধু এরূপ ছিল না যে, তারা তাদের কাছে দু’আ করতো, তাদের উদ্দেশ্যে কুরবানী করতো, তাদের কাছে সাহায্য প্রার্থনা করতো, তাদের নিকট বিপদ থেকে উদ্ধার কামনা করতো, তাদের কাছে আশ্রয় চাইতো? ওরা যে আল্লাহর বান্দা এবং আল্লাহরই ক্ষমতার আয়ত্রে কাফেররা তো তা স্বীকার করত। আরো স্বীকার করতো যে, আল্লাহই সকল কিছুর তত্ত্বাবধানকারী। তারপরও শুধুমাত্র সুপারিশ ও উসীলার কারণে তারা ওদের কাছে দু’আ করতো ও তাদের আশ্রয় কামনা করতো। এটা তো অতি প্রকাশ্য বিষয়।

আবদুন নবী: আবদুল্লাহ্ তাই আপনি কি নবী (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর শাফা’আতকে অস্বীকার করেন? তাঁর সুপারিশ থেকে নিজেকে মুক্ত করতে চান?

আবদুল্লাহ্: না, আমি উহা অস্বীকার করি না। তা থেকে নিজেকে মুক্তও করতে চাই না; বরং -তাঁর প্রতি আমার পিতা-মাতা কুরবান হোক- আমি বিশ্বাস করি তিনি সুপারিশকারী ও তাঁর সুপারিশ গ্রহণযোগ্য। আমি তাঁর শাফা’আতের আশাও করি। কিন্তু সবধরণের শাফা’আতের মালিক হচ্ছেন আল্লাহ্ তা’আলা। যেমন তিনি এরশাদ করেন: ﴿قُلْ لِلَّهِ الشَّفَعَةُ جَمِيعًا﴾ “তুমি বল, যাবতীয় শাফা’আতের অধিকারী হচ্ছেন আল্লাহ।” (সূরা যুমারঃ ৪৪) আল্লাহর অনুমতি ছাড়া কোন শাফা’আত হবে না। কেউ কারো জন্য শাফা’আত করবে না। তিনি আরো এরশাদ করে:

﴿مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِهِ﴾ “তাঁর অনুমতি ব্যতিরেকে কে তাঁর কাছে সুপারিশ করবে?” (সূরা

বাক্বারাঃ ২৫৫) কারো জন্য সুপারিশ করা হবে না যে পর্যন্ত তার জন্য অনুমতি না দেয়া হবে। যেমন আল্লাহ পাক বলেনঃ ﴿وَلَا يَشْفَعُونَ إِلَّا لِمَنِ ارْتَضَىٰ﴾ “আল্লাহ্ যার প্রতি সন্তুষ্ট সে ছাড়া কারো জন্য সুপারিশ করা হবে না।” (সূরা আশ্শিয়াঃ ২৮) আর তাওহীদপন্থী ছাড়া আল্লাহ্ কারো প্রতি সন্তুষ্ট হবেন না। এরশাদ হচ্ছেঃ ﴿وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَسِرِينَ﴾ “যে ব্যক্তি ইসলাম ছাড়া অন্য কিছু ধর্ম হিসেবে অনুসন্ধান করবে, তার নিকট থেকে তা গ্রহণ করা হবে না। আর সে হবে পরকালে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।” (সূরা আল ইমরান- ৮৫)

সুতরাং সকল শাফা‘আতের মালিক যেহেতু একমাত্র আল্লাহ্ তা‘আলা, যেহেতু তাঁর অনুমতি ছাড়া কেউ শাফা‘আত করতে পারবে না, যেহেতু নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বা অন্য কেউ কারো জন্য শাফা‘আত করবেন না যে পর্যন্ত তার জন্য আল্লাহ্ অনুমতি না দিবেন, যেহেতু তাওহীদ পন্থী ছাড়া আল্লাহ্ কারো জন্য অনুমতি দিবেন না, যেহেতু প্রমাণিত হল যে সব শাফা‘আত একমাত্র আল্লাহর অধিকারে সেহেতু আমি এই শাফা‘আত আল্লাহর কাছেই চাইছি। আমি দু‘আ করছি, হে আল্লাহ্! কিয়ামত দিবসে প্রিয় নবীর শাফা‘আত থেকে আমাকে বঞ্চিত করো না। হে আল্লাহ্! আমার ব্যাপারে তোমার রাসূলের শাফা‘আত কবুল করো।

আবদুন্ নবীঃ আমরা ঐকমত্য হয়েছি যে, কারো নিকট থেকে এমন কিছু চাওয়া জায়েয নয়, যাতে তার মালিকানা নেই। কিন্তু নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে তো আল্লাহ্ শাফা‘আত দান করেছেন। আর যাকে যা প্রদান করা হয়, তাতে তার মালিকানা প্রমাণিত হয়। এই কারণে আমি তাঁর কাছ থেকে এমন জিনিস চাইব, তিনি যার মালিক। অতএব এটা শির্ক হবে না।

আবদুল্লাহ্ঃ হ্যাঁ, আপনার যুক্তি ঠিক- যদি আল্লাহ্ আপনাকে সে ক্ষেত্রে নিষেধ না করে থাকেন; অথচ এটা তিনি নিষেধ করেছেন। তিনি বলেন, ﴿فَلَا تَدْعُوا مَعَ اللَّهِ أَحَدًا﴾ “তোমরা আল্লাহর সাথে কাউকে ডেকো না।” (সূরা জিনঃ ১৮) আর শাফা‘আত প্রার্থনা করা একটি দু‘আ। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে যিনি শাফা‘আত প্রদান করেছেন, তিনি তো আল্লাহ্ তা‘আলা। আর তিনিই আপনাকে নিষেধ করেছেন যে, তিনি ব্যতীত কারো নিকট থেকে উহা চাইবে না- সে যে কেউ হোক না কেন। তাছাড়া শাফা‘আত তো নবী ছাড়া অন্যদেরকেও দেয়া হয়েছে। তাহলে কি আপনি বলবেন, যখন আল্লাহ্ তাদেরকে শাফা‘আত প্রদান করেছেন, আমি তার নিকট থেকে শাফা‘আত চাইব? আপনি যদি এরূপ করেন, তবে আপনি আবার নেক লোকদের উপাসনায় ফিরে গেলেন- যা আল্লাহ্ কুরআনে উল্লেখ করেছেন। আর যদি আপনি তাদের নিকট থেকে শাফা‘আত না চান, তবে আপনার একথা বাতিল হয়ে গেল যে, আল্লাহ্ যাকে শাফা‘আত করার অনুমতি দিয়েছেন, আমি তার নিকট থেকে আল্লাহ্ প্রদত্ত বিষয় চাইব।

আবদুন্ নবীঃ কিন্তু আমি আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করি না।

আবদুল্লাহ্ঃ আপনি কি মানেন ও স্বীকার করেন যে, ব্যভিচারের চেয়েও কঠিনভাবে আল্লাহ শির্ককে হারাম করেছেন এবং তা ক্ষমা করবেন না বলে ঘোষণা দিয়েছেন?

আবদুন্ নবীঃ হ্যাঁ, আমি তা স্বীকার করি। এটা আল্লাহর কালাম থেকেই সুস্পষ্ট।

আবদুল্লাহ্ঃ যে শির্ক আল্লাহ্ হারাম করেছেন, আপনি একটু আগে নিজেকে সে শির্ক থেকে পবিত্র করলেন। আপনাকে আল্লাহর কসম দিয়ে বলছি, কোন্ ধরণের শির্কে আপনি লিপ্ত হন নি? আর কোন ধরণের শির্ক থেকে আপনি নিজেকে মুক্ত মনে করছেন, আপনি আমাকে বলবেন কি?

আবদুন্ নবীঃ শির্ক হচ্ছে মূর্তি পূজা করা। মূর্তির মুখাপেক্ষী হওয়া। মূর্তির কাছে প্রার্থনা করা ও তাকে ভয় করা।

আবদুল্লাহ্ঃ মূর্তির উপাসনা বা মূর্তি পূজা মানে কি? আপনি কি মনে করেন, কুরায়শ কাফেররা বিশ্বাস করতো যে, ঐ কাঠ আর পাথর দ্বারা নির্মিত মূর্তি সৃষ্টি করে, রিযিক দেয় এবং যে তাদের কাছে দু‘আ করে তার কর্ম সম্পাদন করে দেয়? প্রকৃত পক্ষে কাফেররা এ বিশ্বাস করতো না, যেমনটি ইতোপূর্বে আমি আপনার সামনে উল্লেখ করেছি।

আবদুন্ নবীঃ আমিও তা বিশ্বাস করি না; বরং যে ব্যক্তি কাঠ বা পাথর বা কবরের উপর নির্মিত

ঘরের উদ্দেশ্যে অগ্রসর হবে, তাদের কাছে দু'আ করবে, তাদের উদ্দেশ্যে পশু যবেহ করবে এবং বলবে যে, এগুলো আমাকে আল্লাহর নিকটবর্তী করে দিবে, তার বরকতে আল্লাহ আমাদেরকে নিরাপদ রাখবেন, তবে এটা হবে মূর্তি পূজা- আমি যা বুঝে থাকি।

আবদুল্লাহ: আপনি সত্য বলেছেন। কিন্তু এটাই তো আপনাদের কাজ- পাথর আর কবর ও মাজারের উপর নির্মিত ঘর ও গম্বুজের নিকট। তাছাড়া আপনি যে বলেছেন যে, ‘শির্ক হচ্ছে মূর্তি পূজা’। আপনি কি মনে করেন মূর্তি পূজা হলেই শির্ক হবে; অন্যথায় নয়? আর নেক লোকদের উপর ভরসা করা, তাদের কাছে দু'আ করা শির্কের অন্তর্ভুক্ত নয়?

আবদুন নবী: হ্যাঁ এটাই আমার উদ্দেশ্য।

আবদুল্লাহ: তাহলে অগণিত আয়াতে যে আল্লাহ তা'আলা নবী, ওলীর উপর ভরসা করা ও ফেরেশতাদের সাথে সম্পৃক্ত হওয়াকে হারাম করেছেন এবং যে এরূপ করবে তাকে কাফের আখ্যা দিয়েছেন সে সম্পর্কে আপনার জবাব কি? ইতোপূর্বে বিষয়টি দলীলসহ আমি উল্লেখ করেছি।

আবদুন নবী: কিন্তু যারা ফেরেশতা ও নবীদেরকে ডেকেছে তাদেরকে শুধু ডাকার কারণেই কাফের বলা হয়নি; বরং তাদেরকে কাফের আখ্যায়িত করার কারণ ছিল, তারা ফেরেশতাদেরকে আল্লাহর কন্যা সন্তান মনে করতো, ঈসা মাসীহ (আঃ)কে আল্লাহর পুত্র বিশ্বাস করতো। আর এ বিশ্বাস আমাদের নেই। আমরা বলি না যে, আবদুল কাদের জীলানী আল্লাহর পুত্র বা যায়নাব আল্লাহর কন্যা।

আবদুল্লাহ: তবে আল্লাহর সন্তান আছে একথা বলাটাই বড় ধরনের একটা কুফরী। আল্লাহ বলেন, ﴿قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ۝ اللَّهُ الصَّمَدُ ۝ لَمْ يَكُنْ لَهُ كُفُوًا شَيْءٌ ۝ سُبْحَانَ اللَّهِ عَمَّا يُشْرِكُونَ ۝﴾ “তুমি বল! আল্লাহ একক (তাঁর কোন সমকক্ষ ও উপমা নেই)। তিনি অমুখাপেক্ষী (প্রয়োজন বিমুখ) তিনি কাউকে জন্ম দেন না এবং কারো থেকে জন্মগ্রহণও করেননি।” কেউ যদি এটুকুই অস্বীকার করে তবেই সে কাফের হয়ে যাবে, যদিও সূরার শেষ অংশ অস্বীকার না করে। আল্লাহ আরো বলেন:

﴿مَا اتَّخَذَ اللَّهُ مِنْ وَلَدٍ وَمَا كَانَ مَعَهُ مِنْ إِلَهٍ إِذَا لُدَّ بِمَا خَلَقَ وَلَعَلَّ بَعْضُهُمْ عَلَى بَعْضٍ سَوَّاءٌ مَّا تَدْعُونَ﴾ “আল্লাহ তো কোন সন্তান গ্রহণ করেননি এবং তাঁর সাথে কোন মা'বুদও নেই; যদি থাকতো তাহলে তো প্রত্যেক মা'বুদ নিজের সৃষ্টি নিয়ে পৃথক হয়ে যেতো এবং একজন আরেকজনের উপর প্রাধান্য বিস্তার করতো।” (সূরা মুমেনুনঃ ৯১) অতএব দু'টি কুফরীর (আল্লাহর সাথে কাউকে ডাকা কুফরী এবং কাউকে আল্লাহর সন্তান বলা কুফরী) মধ্যে পার্থক্য করা দরকার।

তাছাড়া গাইরুল্লাহর কাছে দু'আ করা যে কুফরী তার আরেকটি দলীল হচ্ছে, ‘লাত’ নামক মূর্তি একজন সৎ লোকের নাম হওয়া সত্ত্বেও কাফেররা তার কাছে দু'আ করতো তারা কিন্তু তাকে আল্লাহর পুত্র মনে করতো না। যারা জিনের উপাসনা করে কুফরী করেছে তারাও তাদেরকে আল্লাহর সন্তান মনে করেনি। তাছাড়া চার মাসহাবের কোন ফিকাহবিদ ‘মুরতাদের’ অধ্যায়ে এমন কথা উল্লেখ করেননি যে, কোন মুসলিম যদি আল্লাহর সন্তান আছে এমন দাবী করে তবেই সে মুরতাদ হবে; বরং তাঁরা বলেছেন যে, আল্লাহর সাথে শির্ক করলেই সে মুরতাদ। অতএব তাঁরাও দু'টি বিষয়ে পার্থক্য করেছেন।

আবদুন নবী: কিন্তু আল্লাহ তো বলেছেন: ﴿الْأَنبِيَاءُ أَوْلِيَاءُ اللَّهِ لَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ﴾ “জেনে রাখ, নিশ্চয় আল্লাহর ওলীদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না।” (সূরা ইউনুসঃ ১৮)

আবদুল্লাহ: আমরা বিশ্বাস করি যে, কথাটি সত্য। আমরাও উক্ত কথা বলে থাকি। কিন্তু তাদের কোন ইবাদত বা উপাসনা করা যাবে না। তাদের বিষয়ে আমরা শুধু এটুকুই অস্বীকার করি যে, আল্লাহর সাথে সাথে তাঁদের কারো ইবাদত করা যাবে না, তাঁর সাথে তাঁদেরকে শরীক করা যাবে না। অন্যথা তাদেরকে ভালবাসা ও শরঈ বিষয়ে তাঁদের অনুসরণ করা ওয়াজিব। তাদের কারামতের স্বীকৃতি দেয়া আবশ্যিক। তাদের কারামত বিদআতী ছাড়া কেউ অস্বীকার করে না। আল্লাহর দীন দু'টি পন্থার মধ্যে মধ্যমপন্থী, দু'টি বিভ্রান্তির মধ্যে হেদায়াত এবং দু'টি বাতিলের মধ্যে সত্য ও আলো।

আবদুন নবী: যাদের ব্যাপারে কুরআন নাযিল হয়েছে, তারা তো ‘লা-ইলাহা ইল্লাহ’র সাক্ষ্য দিত না। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে মিথ্যা মনে করতো, পুনরুত্থানকে অস্বীকার করতো,

কুরআনকে প্রত্যাখ্যান করতো, বলতো কুরআন যাদু। কিন্তু আমরা ‘লা-ইলাহা ইল্লাহ’র সাক্ষ্য প্রদান করি। আরো সাক্ষ্য দেই মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আল্লাহর রাসূল। কুরআনকে সত্যায়ন করি, পুনরুত্থানকে বিশ্বাস করি, নামায পড়ি, রোযা রাখি। তাহলে কিভাবে আমাদেরকে তাদের সমপর্যায়ের মনে করেন?

আবদুল্লাহঃ কিন্তু উলামায়ে কেরামের মধ্যে একথায় কোন মতভেদ নেই যে, কোন লোক যদি একটি বিষয়ে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে সত্যায়ন করে এবং অন্য একটি বিষয়ে তাঁকে মিথ্যা প্রতিপন্ন করে, তবে সে কাফের, সে ইসলামেই প্রবেশ করবে না। এমনভাবে যদি কুরআনের কিছু অংশকে বিশ্বাস করে এবং কিছু অংশ অমান্য করে সেও কাফের। যেমন: কেউ তাওহীদের স্বীকৃতি দিল কিন্তু নামাযকে অস্বীকার করল, সে কাফের। তাওহীদ ও নামাযকে মেনে নিল কিন্তু যাকাতকে অস্বীকার করল, সেও কাফের। তাওহীদ, নামায, যাকাত সবগুলোই মেনে নিল কিন্তু রোযাকে প্রত্যাখ্যান করল, তবে সেও কাফের। আবার কেউ এই সবগুলোকে মেনে নেয়ার পর যদি হজ্জ ফরয হওয়াকে মানতে না চায়, তবে সে কাফের। এই কারণে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর যুগে যখন কিছু লোক হজ্জ মেনে নিতে চাইল না, তখন তাদের উদ্দেশ্যে আল্লাহ্ নাযিল করেছিলেন:

﴿وَلِلَّهِ عَلَى النَّاسِ حِجُّ الْبَيْتِ مَنِ اسْتَطَاعَ إِلَى سَبِيلٍ وَمَنْ كَفَرَ فَإِنَّ اللَّهَ غَنِيٌّ عَنِ الْعَالَمِينَ﴾ “মানুষের উপর আল্লাহর দাবী হচ্ছে, যারা এ ঘর পর্যন্ত আসার সামর্থ্য রাখে, তারা যেন এর হজ্জ পালন করে। আর যে কুফরী করে সে জেনে রাখুক মহান আল্লাহ্ সারা জগতের কারো মুখাপেক্ষী নন।” (সূরা আলে ইমরানঃ ৯৭) কেউ যদি পুনরুত্থানকে অস্বীকার করে, সেও সকলের ঐকমত্যে কাফের। এজন্য আল্লাহ্ কুরআনের মধ্যে সুস্পষ্টভাবে উল্লেখ করেছেন, যে ব্যক্তি কুরআনের কিছু বিশ্বাস করবে এবং কিছু অস্বীকার করবে, সেই প্রকৃত কাফের। কুরআন নির্দেশ দিয়েছে ইসলামের সবকিছু সাধারণভাবে গ্রহণ করার জন্য। অতএব যে লোক কিছু গ্রহণ করবে আর কিছু প্রত্যাখ্যান করবে সে কুফরী করবে। এখন আপনি কি একথাটি স্বীকার করছেন?

আবদুন নবীঃ হ্যাঁ, আমি তা স্বীকার করছি। বিষয়টি কুরআনে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে।

আবদুল্লাহঃ আপনি যখন স্বীকার করছেন, যে ব্যক্তি কিছু বিষয়ে রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে সত্যায়ন করে এবং নামায ফরয হওয়াকে অস্বীকার করে অথবা সব কিছু মেনে নেয়ার পর শুধু পুনরুত্থানকে অস্বীকার করে, তবে সকল মাযহাবের ঐকমত্যে সে কাফের। কুরআনও এ কথা বলেছে। যেমনটি ইতোপূর্বে উল্লেখ করা হয়েছে। অতএব জেনে রাখুন, নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যা নিয়ে এসেছেন তন্মধ্যে সবচেয়ে বড় ফরয হচ্ছে তাওহীদ। এই তাওহীদ নামায, যাকাত, হজ্জ প্রভৃতির চাইতে অধিক গুরুত্বপূর্ণ। এখন কেউ যদি এই বিষয়গুলোর কোন একটিকে অস্বীকার করার কারণে কাফের হয়ে যায়, যদিও রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কর্তৃক আনীত অন্যান্য সকল বিষয়ের প্রতি সে বিশ্বাস করে ও আমল করে, তবে কিভাবে তাওহীদকে অমান্য করলে সে কাফের হবে না? অথচ তাওহীদই ছিল সকল নবী-রাসূলের ধর্ম ও দাওয়াতের মূল বিষয় বস্তু? সুবহানাল্লাহ! কি আশ্চর্য রকমের মূর্খতা!

আরো গভীরভাবে লক্ষ্য করুন, ছাহাবায়ে কেরাম নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর ইন্তেকালের পর আবু বকর (রাঃ)এর নেতৃত্বে ইয়ামামা এলাকার হানীফা গোত্রের লোকদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন। অথচ তারা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট ইসলাম গ্রহণ করেছিল, ইসলামের কালেমায়ে শাহাদাত ‘লা-ইলাহা ইল্লাল্লাহু মুহাম্মাদ রাসূলুল্লাহ’ পড়েছিল এবং নামাযও পড়তো আযানও দিতো।

আবদুন নবীঃ কিন্তু তারা তো নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে শেষ নবী মানে নি; বরং মুসায়লামাকে নবী হিসেবে বিশ্বাস করেছিল। আর আমরা বিশ্বাস করি যে, মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর পর কোন নবী নেই।

আবদুল্লাহঃ তা ঠিক। কিন্তু আপনারা আলী (রাঃ), আবদুল কাদের জীলানী, খাজাবাবা, শাহজালাল এবং অন্যান্য নবী বা ফেরেশতা বা ওলীগণকে আসমান-যমীনের মহা পরাক্রমশালী আল্লাহর আসনে উন্নীত করেন। যখন কিনা কোন মানুষকে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর মরতবায় উন্নীত

করলে সে কাফের হয়ে যাবে, তার জান-মাল হালাল হয়ে যাবে। কালেমায়ে শাহাদাত, নামায প্রভৃতি তার কোন কাজে আসবে না। অতএব তাকে যদি আল্লাহর মরতবায় উন্নীত করা হয়, তবে সে যে কাফের হয়ে যাবে একথা ব্যাখ্যা করার অপেক্ষা রাখে না।

একইভাবে আলী (রাঃ) যাদেরকে আঙুনে পুড়িয়ে হত্যা করেছিলেন তারাও কিন্তু ইসলামের দাবী করেছিল। তারা আলী (রাঃ)এর সাথী ছিল তারা ছাহাবায়ে কেলামের নিকট থেকে জ্ঞান শিক্ষা করেছিল। কিন্তু তারা আলীর ব্যাপারে এমন কিছু ধারণা করেছিল, যেমন আপনারা আবদুল কাদের জীলানী প্রমুখ সম্পর্কে ধারণা করে থাকেন। কিভাবে ছাহাবায়ে কেলাম তাদের কাফের হওয়া এবং তাদের সাথে যুদ্ধ করার ব্যাপারে ঐকমত্য হয়েছিলেন? আপনি কি মনে করেন ছাহাবীগণ মুসলমানদেরকে কাফের আখ্যা দিয়েছিলেন? নাকি মনে করেন, সাইয়্যেদ, জীলানী, খাজাবাবা প্রভৃতি সম্পর্কে ঐ বিশ্বাস রাখলে কোন অসুবিধা নেই; কিন্তু আলীর প্রতি বিশ্বাস রাখলেই শুধু কাফের হয়ে যাবে?

আরো কথা আছে, আপনার কথামতে পূর্বযুগের লোকেরা শুধু একারণেই কাফের হয়েছিল যে, তারা একদিকে যেমন শিরক করতো অন্য দিকে রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম), কুরআন ও পুনরুত্থান প্রভৃতিকে অস্বীকার করতো। যদি এটাই হয়, তবে প্রত্যেক মাযহাবের উলামায়ে কেলাম ‘মুরতাদের বিধান’ নামক অধ্যায়ে যা উল্লেখ করেন, তার অর্থ কি? তাঁরা বলেন, মুরতাদ হচ্ছে সেই ব্যক্তি যে ইসলাম গ্রহণ করার পর কুফরী করে। কি কি বিষয়ে কুফরী করলে মুরতাদ হবে, সে সম্পর্কে তাঁরা অনেক কিছু উল্লেখ করেছেন। প্রত্যেকটা বিষয়ই তাতে লিপ্ত ব্যক্তিকে ইসলাম থেকে বের করে দিবে। এমনকি অনেকে এমন কিছু ছোট ছোট বিষয় উল্লেখ করেছেন, যাতে লিপ্ত হলেও কাফের হয়ে যাবে। যেমন আল্লাহকে নাখোশকারী কথা মুখে উচ্চারণ করা- যদিও তা অন্তর থেকে না হয়। অথবা উহু খেলার ছলে বা ঠাট্টা-বিদ্রূপের ছলে বলে থাকে। এমনভাবে যাদের সম্পর্কে আল্লাহ বলেছেন, ﴿قُلْ أَلِلَّهِ وَأَيُّنِي وَرَسُولِي كُنْتُمْ تَسْتَهْزِئُونَ﴾ (10) لَا تَعْدُوا فَاذْكُرْتُمْ بَعْدَ إِيمَانِكُمْ ﴿﴾ “তুমি বল, তোমরা কি আল্লাহ্, তার নিদর্শনাবলী ও তার রাসূলকে নিয়ে ঠাট্টা-বিদ্রূপ করছিলে। তোমরা ওয়রখাহী করো না। ঈমান গ্রহণ করার পর তোমরা কাফের হয়ে গেছো।” (সূরা তাওবাঃ ৬৫-৬৬) এ আয়াতে আল্লাহ্ যাদের ঈমান গ্রহণের পর কাফের হওয়ার বিষয়টিকে সুস্পষ্ট করে উল্লেখ করেছেন, তারা সেই সমস্ত লোক যারা রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর সাথে তাবুক যুদ্ধে গমন করেছিল। ফেরার পথে তারা এমন কিছু কথা সাহাবায়ে কেলাম ও রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সম্পর্কে উল্লেখ করেছিল, যে কথাগুলো তাদের দাবী অনুযায়ী নিছক ঠাট্টা ও খেলার ছলে হয়েছিল।

আরো উল্লেখ করা যেতে পারে যে, আল্লাহ্ বানী ইসরাঈলের ঘটনা বর্ণনা করেছেন। তারা ইসলাম গ্রহণ, জ্ঞান লাভ ও সংশোধনের পর যখন মূসা (আঃ)কে বলেছিল, “আমাদের জন্য মা’বুদ নিযুক্ত করে দিন।” আর শেষ নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কিছু ছাহাবী তাঁকে বলেছিলেন, আমাদের জন্য ‘যাতু আনওয়াত’ নির্ধারণ করে দিন। তখন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদেরকে বলেছিলেন, তোমাদের এ কথা বানী ইসরাঈলের কথার মতই, যখন তারা মূসা (আঃ)কে বলেছিল, ﴿اجْعَلْ لَنَا إِلَهًا كَمَا لَهُمُ آلِهَةٌ﴾ “আমাদের জন্য একজন মা’বুদ নির্ধারণ করে দিন, যেমন তাদের মা’বুদ রয়েছে।”

আবদুন নবীঃ কিন্তু বানী ইসরাইল এবং যারা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট ‘যাতু আনওয়াত’ চেয়েছিল, তারা তো সে কারণে কাফের হয়ে যায়নি?

আবদুল্লাহঃ হ্যাঁ, বানী ইসরাঈলের ঐ লোকেরা এবং নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর সাথীগণ যা চেয়েছিলেন, তা কিন্তু করেনি। তা করলে কিন্তু তারা কাফের হয়ে যেতেন। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদেরকে নিষেধ করেছিলেন, তাঁর কথা না মেনে ‘যাতু আনওয়াত’ গ্রহণ করলে তারা কাফের হয়ে যেত।

আবদুন নবীঃ কিন্তু আমার কাছে আরেকটি প্রশ্ন আছে। তা হচ্ছে উসামা বিন যায়েদ (রাঃ)এর ঘটনা, যখন তিনি ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ পাঠকারী ব্যক্তিকে হত্যা করেছিলেন এবং নবী (ছাল্লাল্লাহু

আলাইহি ওয়া সাল্লাম)ও তার একাজকে প্রত্যাখ্যান করেছিলেন। তিনি তাকে বলেছিলেন, “উসামা! ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ বলার পরও কি তুমি লোকটিকে হত্যা করেছো?” (বুখারী) একইভাবে তিনি বলেছেন, “আমি লোকদের সাথে যুদ্ধ করতে আদিষ্ট হয়েছি, যতক্ষণ পর্যন্ত তারা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ না বলবে।” (মুসলিম) তাহলে আপনি যা বললেন তার মাঝে এবং এ হাদীছ দু’টোর মাঝে কিভাবে সামঞ্জস্য বিধান করবেন? আপনি আমাকে সঠিক পথ দেখান। আল্লাহ আপনাকে সঠিক পথের উপর প্রতিষ্ঠিত রাখুন।

আবদুল্লাহ্: একথা সকলের জানা যে, নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইহুদীদের সাথে লড়াই করেছেন এবং তাদেরকে বন্দী করেছেন। অথচ তারাও পাঠ করতো ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’। ছাহাবীগণও বনু হানীফা গোত্রের লোকদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন, তারা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্, মুহাম্মাদ রাসূলুল্লাহ্’ কালেমার সাক্ষ্য দিত, নামায পড়তো। এমনিভাবে আলী (রাঃ) যাদেরকে পুড়িয়ে হত্যা করেছিলেন। আপনি স্বীকার করেন যে, যে ব্যক্তি পুনরুত্থানকে অস্বীকার করবে সে কাফের হয়ে যাবে, তাকে হত্যা করা হালাল হয়ে যাবে- যদিও সে কালেমা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ পাঠ করে। আপনি আরো স্বীকার করেন যে, যে ব্যক্তি ইসলামের কোন একটি রুকন অস্বীকার করবে সে কাফের হয়ে যাবে, তাকে হত্যা করা বৈধ হবে- যদিও সে উক্ত কালেমা পাঠ করে। অতএব ধর্মের শাখা-প্রশাখার কোন একটি অস্বীকার করলে যদি এই কালেমা দ্বারা উপকৃত হতে না পারে, তবে কিভাবে যে তাওহীদ সমস্ত রাসূলের ধর্মের আসল ও মূল তা অস্বীকার করে এই কালেমা দ্বারা উপকৃত হবে? সম্ভবত আপনি এই হাদীছগুলোর অর্থ-তাৎপর্য অনুধাবন করতে পারেননি।

তাহলে শুনুন: **উসামার হাদীছের জবাব:** উসামা (রাঃ) এমন একটি লোককে হত্যা করেছিলেন যে ইসলামের দাবী করেছিল। তিনি ধারণা করেছিলেন যে, লোকটি শুধুমাত্র জান-মালের ভয়ে কালেমা পাঠ করেছে। তাঁর এধারণা ভুল ছিল। কেননা যে লোক ইসলামের কথা মুখে প্রকাশ করবে, তার নিকট থেকে সুস্পষ্টভাবে ইসলাম বিরোধী কিছু না দেখা পর্যন্ত তাকে স্পর্শ করা থেকে বিরত থাকতে হবে। এজন্য আল্লাহ বলেন: ﴿يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا إِذَا ضَرَبْتُمْ فِي سَبِيلِ اللَّهِ فَتَيَّبُوا﴾ “হে ঈমানদারগণ! তোমরা যখন আল্লাহর পথে ভ্রমণে বের হও, তখন সব বিষয়ে তথ্য নিয়ে পদক্ষেপ নিবে।” (সূরা নিসাঃ ৯৪) অর্থাৎ মু’মিন না কাফের পরীক্ষা-নিরীক্ষা করে নাও। এ আয়াত প্রমাণ করে যে, নিশ্চিত না হয়ে কারো বিরুদ্ধে কোন পদক্ষেপ নেয়া যাবে না। যখন সুস্পষ্ট ইসলাম বিরোধী কোন কিছু প্রমাণিত হয়ে যাবে, তখন তাকে হত্যা করতে হবে। কেননা আল্লাহ বলেছেন, ﴿فَتَيَّبُوا﴾ “যাচাই করে দেখ”। যদি তাকে হত্যা করা হয় তবে যাচাই করে দেখার কোন উপকার পাওয়া যায় না।

অনুরূপ জবাব হচ্ছে দ্বিতীয় হাদীছ সম্পর্কে। তার উদ্দেশ্যও পূর্বেরটির মত। অর্থাৎ যে ব্যক্তি বাহ্যিকভাবে ইসলাম ও তাওহীদের দাবী করবে, যতক্ষণ পর্যন্ত তার নিকট থেকে ইসলাম বিনষ্টকারী কোন বিষয় না দেখা যাবে, তার ব্যাপারে হাত গুটিয়ে রাখতে হবে- তাকে হত্যা করা যাবে না। একথার দলীল হচ্ছে, নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর উক্ত বাণী: ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ বলার পরও কি তুমি লোকটিকে হত্যা করেছো?” এবং তিনি আরো বলেছেন, “আমি লোকদের সাথে যুদ্ধ করতে আদিষ্ট হয়েছি, যতক্ষণ পর্যন্ত তারা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ না বলবে।” তিনিই আবার খারেজী সম্প্রদায় সম্পর্কে বলেছেন, “তাদেরকে যেখানে পাবে সেখানেই হত্যা করবে।” (বুখারী) অথচ ওরা সবচেয়ে বেশী ইবাদতকারী সবচেয়ে বেশী কালেমা পাঠকারী। এমনকি ছাহাবায়ে কেরামও তাদের ইবাদত দেখে নিজেদের ইবাদতকে তুচ্ছ মনে করতেন। অথচ ওরা ছাহাবায়ে কেরামের নিকট থেকে জ্ঞান শিক্ষা লাভ করেছিল। কিন্তু ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ তাদের কোন উপকারে আসেনি। বেশী বেশী ইবাদত কোন কাজে আসেনি। ইসলামের দাবীও কোন কল্যাণ নিয়ে আসেনি। যখন তারা ইসলামী শরীয়তের সুস্পষ্ট বিরোধীতায় লিপ্ত হল, তাদেরকে হত্যা করা হল।

আবদুন নবীঃ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে ছহীহ সূত্রে প্রমাণিত হয়েছে যে, কিয়ামতের মাঠে সমস্ত মানুষ প্রথমে আদমের কাছে (কিয়ামতের বিপদ থেকে) উদ্ধার কামনা করবে, তারপর নূহ, তারপর ইবরাহীম, তারপর মুসা, তারপর ঈসা (আঃ) এর কাছে উদ্ধার কামনা করবে। কিন্তু

সকলেই নিজের অপারগতা প্রকাশ করবেন। শেষে তারা মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট আসবে। এথেকে প্রমাণ হয় যে, গাইরুল্লাহর কাছে উদ্ধার কামনা করা শির্ক নয়।

আবদুল্লাহঃ মাসআলাটির স্বরূপ সম্বন্ধে আপনি গোলক ধাঁধায় পড়ে গেছেন। মনে রাখবেন জীবিত এবং উপস্থিত মানুষ যদি কোন বিষয়ে সাহায্য করার ক্ষমতা রাখে, তবে তার কাছে তা প্রার্থনা করা জায়েয এটা আমরা অস্বীকার করি না। যেমন, আল্লাহ তা'আলা বলেন,

﴿فَاسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ﴾ “মূসা (আঃ)এর দলের লোকটি নিজের শত্রুর বিরুদ্ধে তাঁর (মূসার আঃ) কাছে সাহায্য প্রার্থনা করল।” (সূরা কাসাসঃ ১৫) এমনভাবে মানুষ যুদ্ধ ইত্যাদিতে সাথীদের নিকটে এমন সাহায্য কামনা করে, যা তাদের সামর্থের মধ্যে। আপনারা যে ওলী-আউলিয়ার কবরের কাছে গিয়ে বা তাদের অনুপস্থিতিতে এমন বিষয়ে সাহায্য কামনা করেন, যাতে আল্লাহ ছাড়া কারো হাত নেই, আমরা এটাকেই অস্বীকার করি। আর কিয়ামত দিবসে মানুষ যে নবীদের কাছে সাহায্য চাইবেন, তার অর্থ হচ্ছে, তাঁরা তাদের জন্য আল্লাহর কাছে দু'আ করবেন, যাতে করে আল্লাহ তাদের হিসাব নিয়ে জান্নাতীদেরকে হাশরের মাঠের ভয়াবহতা থেকে রক্ষা করেন। আর দুনিয়া ও আখেরাতে এরূপ কাজ জায়েয। আপনি যে কোন সৎ লোকের নিকট আগমণ করবেন- যিনি আপনার সামনে থাকবেন এবং আপনার কথা শুনবেন, আপনি তাকে অনুরোধ করবেন, তিনি আপনার জন্য আল্লাহর কাছে দু'আ করবেন। যেমন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর জীবদ্দশায় সাহাবীগণ দু'আ করার জন্য তাঁকে অনুরোধ করতেন। কিন্তু তাঁর মৃত্যুর পর কখনো তাঁর কবরের কাছে এসে তাঁরা দু'আর আবেদন করেননি; বরং কবরের কাছে গিয়ে আল্লাহর নিকট দু'আ করার জন্য কেউ ইচ্ছা করলে সাহাবীগণ তার প্রতিবাদ করেছেন।

আবদুন নবীঃ ইবরাহীম (আঃ)এর ঘটনা সম্পর্কে আপনার মত কী? যখন তাঁকে আগুনে ফেলে দেয়া হচ্ছিল, তখন জিবরীল (আঃ) শূন্য এসে তাঁর সম্মুখবর্তী হলেন এবং বললেন, আপনার সাহায্যের দরকার আছে? তখন ইবরাহীম (আঃ) বললেন, আপনার সাহায্যের কোন দরকার নেই। এখন জিবরীলের কাছে সাহায্য কামনা করা যদি শির্ক হতো, তবে তিনি নিজেকে ইবরাহীমের সামনে পেশ করতেন না!?

আবদুল্লাহঃ পূর্বের সংশয়টির মত এটা আরেকটি সংশয়। মূলতঃ এ ঘটনাটিই সঠিক নয়। যদি সঠিক ধরেও নেয়া হয়, তবে তো জিবরীল (আঃ) এমন উপকার করতে চেয়েছিলেন, যা তাঁর সাধ্যের ভিতরে ছিল। যেমন তাঁর সম্পর্কে আল্লাহ বলেন, ﴿عَلَّمَهُ شَدِيدُ الْقُوَى﴾ “তাকে (মুহাম্মাদ ছাঃকে) প্রবল শক্তিধর (একজন ফেরেশতা) শিক্ষা দিয়ে থাকেন।” (সূরা নজমঃ ৫) আল্লাহ যদি জিবরীল (আঃ)কে অনুমতি দিতেন, তবে তিনি ইবরাহীমের ঐ আগুন ও তার পার্শ্ববর্তী এলাকার যমিন ও পাহাড় সবকিছু উঠিয়ে পূর্ব দিগন্তে বা পশ্চিম দিগন্তে নিক্ষেপ করতে পারতেন, এতে তাঁর কোন অসুবিধা হতো না। ঘটনাটির উদাহরণ হচ্ছে: জনৈক বিত্তবান ব্যক্তি অভাবী এক লোকের অভাব দূর করার জন্য তাকে সাহায্য করতে চাইল, কিন্তু লোকটি বিত্তবানের দান গ্রহণ না করে ছবর করল, ফলে আল্লাহ তাকে রিযিক দান করলেন- তাতে কারো কোন মধ্যস্থতা ও আবেদন ছিল না। অতএব কিভাবে এ ঘটনাটিকে মানুষের কাছে সাহায্য প্রার্থনা করা ও উদ্ধার কামনার শির্কের সাথে তুলনা করেন, যে শির্ক বর্তমানে আপনারা করে চলেছেন?

ভাই সাহেব! জেনে রাখুন, নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে যাদের কাছে পাঠানো হয়েছিল, সে যুগের কাফেরদের শির্ক বর্তমান যুগের লোকদের শির্কের চাইতে হালকা ছিল। এর কারণ তিনটিঃ

প্রথমতঃ সে যুগের লোকেরা শুধুমাত্র সুখের সময় আল্লাহর সাথে শির্ক করতো, কিন্তু দুঃখ ও মুসীবতের সময় শির্ক না করে একনিষ্ঠভাবে আল্লাহকে ডাকতো। দলীল আল্লাহর বাণীঃ

﴿فَإِذَا رَكِبُوا فِي الْفُلِكِ دَعُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الْدِينِ فَلَمَّا نَجَّوهُمْ إِلَى الْبَرِّ إِذَا هُمْ يُشْرِكُونَ﴾ “যখন তারা নৌকা ভ্রমণে বের হতো, তখন ধর্মকে আল্লাহর জন্য একনিষ্ঠ করে তাঁকে আহ্বান করতো। যখন আল্লাহ তাদেরকে স্থলে নিয়ে এসে মুক্তি দিতেন, তখন আবার শির্ক করা শুরু করতো।” (সূরা আনকাবূতঃ

৬৫) আল্লাহ্ আরো বলেন,

﴿وَأَدَاغِهِمْ مَوْجٌ كَالظَّلِيلِ دَعَا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الَّذِينَ فَلَمَّا نَحْنُ نُهُمْ إِلَىٰ آلِهِمْ مَقْنَصِدٌ وَمَا يَحْمَدُونَ بِأَنبِيَانًا إِلَّا كُلُّ خَشَارٍ كَفُورٍ﴾

“যখন সমুদ্রের তরঙ্গমালা তাদেরকে মেঘমালার মত আচ্ছন্ন করে, তখন তারা বিস্ময়চিণ্ডে আল্লাহকে ডাকে। কিন্তু যখন তিনি তাদেরকে উদ্ধার করে স্থলে পৌঁছান তখন তাদের কেউ কেউ মধ্যম পস্থা অবলম্বন করে থাকে। বস্তুতঃ শুধুমাত্র বিশ্বাসঘাতক, অকৃতজ্ঞ ব্যক্তিই তাঁর নির্দেশনাবলী অস্বীকার করে।” (সূরা লোকমানঃ ৩২) যে মুশরিকদের বিরুদ্ধে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যুদ্ধ করেছিলেন, তারা সুখ-সাচ্ছন্দ্যের অবস্থায় আল্লাহকেও ডাকতো এবং অন্যকেও ডাকতো। কিন্তু বিপদে পড়লে আল্লাহ্ ছাড়া আর কাউকে ডাকতো না। সে সময় তারা সকল মূর্তিকে ভুলে যেতো। কিন্তু বর্তমান যুগের মুসলমান নামধারী মুশরিকরা সুখের সময় যেমন গাইরুল্লাহকে ডাকে, বিপদের সময়ও তেমন গাইরুল্লাহকে ডাকে; বরং বিপদ-মুছিবতের সময় বেশী করে গাইরুল্লাহকে ডাকে। ইয়া রাসূলুল্লাহ্, ইয়া হুসাইন বলে ডাকে। খাজা বাবা, শাহজালাল, মাইজ ভান্ডারী, এনায়েত পুরী, বায়েজিদ বোস্তামী প্রভৃতি মাজারে মাজারে ধর্ণা দিয়ে বেড়ায়। কিন্তু এই বাস্তবতা বুঝার লোক কোথায়?

দ্বিতীয়তঃ পূর্ব যুগের লোকেরা গাইরুল্লাহর সাথে এমন লোককে ডাকতো যারা প্রকৃত পক্ষে আল্লাহর নৈকট্যপ্রাপ্ত বান্দা ছিল। ওরা নবী বা ওলী বা ফেরেশতা বা কমপক্ষে গাছ ও পাথরকে ডাকতো যারা আল্লাহর আনুগত্য করতো তাঁর নাফরমানী করতো না। কিন্তু বর্তমান যুগের লোকেরা এমন কিছু মানুষকে ডেকে থাকে, যারা সবচেয়ে বড় ফাসেক। যে লোক নেক ব্যক্তি এবং আল্লাহর আনুগত্যকারী পাথর ও গাছের মধ্যে কিছু বিশ্বাস করে, সে ঐ ব্যক্তির চেয়ে কম অপরাধী যে প্রকাশ্য ফাসেক ও পাপী লোকের ভিতরে কিছু বিশ্বাস করে।

তৃতীয়তঃ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর যুগের লোকদের শির্ক সাধারণভাবে তাওহীদে উলুহিয়ার মধ্যেই সীমাবদ্ধ ছিল। তারা তাওহীদে রুবুবিয়্যাতে শির্ক করতো না। কিন্তু শেষ যুগের লোকেরা তাদের বিপরীত। তারা ব্যাপকহারে তাওহীদে রুবুবিয়্যাতেও শির্ক করে থাকে। তাওহীদে উলুহিয়ার মধ্যে তাদের শির্ক তো রয়েছেই। তারা পৃথিবীর পরিচালনার ক্ষেত্রে জীবন-মৃত্যু ইত্যাদি বিষয়গুলোকে প্রকৃতির কাজ বলে বিশ্বাস করে। এসবের পিছনে যে একজন স্রষ্টা আছেন তা স্বীকার করতে চায় না।

সম্ভবতঃ আমি গুরুত্বপূর্ণ একটি মাসআলা উল্লেখ করে আমার কথা শেষ করতে চাই, যার মাধ্যমে আপনি পূর্বের কথাগুলো ভালভাবে বুঝতে পারবেন। তা হচ্ছে, একথায় কোন মতভেদ নেই যে, তাওহীদকে অবশ্যই অন্তরের বিশ্বাস, মুখে স্বীকার ও অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমে কর্মে পরিণত করতে হবে। তাওহীদ চেনার পর তদানুযায়ী আমল না করলে সে সীমালঙ্ঘনকারী কাফেরে পরিণত হবে। যেমন ছিল ফেরাউন ও ইবলীস।

এক্ষেত্রে বহু লোক ভুল করে থাকে। তারা বলে, এটা সত্য কিন্তু তা বাস্তবায়ন করা আমাদের পক্ষে সম্ভব নয়। আমাদের দেশে এসব চলবে না। আমাদের জাতির কাছে এধরণের কাজ ঠিক নয়। এগুলো করতে চাইলে মানুষের মতামত নিতে হবে। সমাজের সাথে মিশে তাদেরকেও কিছু ছাড় দিতে হবে। অন্যথা মানুষের অমঙ্গল থেকে বাঁচা যাবে না। এই মিসকীন জানে না যে, অধিকাংশ কাফেরের লিডাররা সত্য জেনেছে কিন্তু খোঁড়া যুক্তির ওয়ুহাত খাড়া করে সেই সত্যকে প্রত্যাখ্যান করেছে।

তাদের সম্পর্কে আল্লাহ্ বলেন, ﴿أَسْتَرُوا بِأَيْدِيهِمْ سَائِلًا فَصَدَّوْا عَنْ سَبِيلِهِ ۗ إِنَّهُمْ سَاءَ مَا كَانُوا يَعْمَلُونَ﴾

“ওরা অল্প মূল্যের বিনিময়ে আল্লাহর আয়াতকে বিক্রয় করে দিয়েছে। অতঃপর তাঁর পথকে বন্ধ করে দিয়েছে। নিঃসন্দেহে তারা কতই না নিকৃষ্ট কাজ করেছে।” (সূরা তাওবাঃ ৯)

যারা বাহ্যিকভাবে তাওহীদ অনুযায়ী আমল করে কিন্তু তা বুঝে না এবং অন্তর দিয়ে বিশ্বাসও করে না, তারা মুনাফেক। তারা প্রকৃত কাফেরের চাইতে বেশী নিকৃষ্ট। কেননা আল্লাহ্ বলেন,

﴿إِنَّ الْمُنَافِقِينَ فِي الدَّرَكِ الْأَسْفَلِ مِنَ النَّارِ﴾ “নিশ্চয় মুনাফেকরা জাহান্নামের সর্ব নিম্ন স্তরে অবস্থান করবে।” (সূরা নিসাঃ ১৪৫)

মানুষের কথাবার্তার প্রতি গভীরভাবে লক্ষ্য করলে আপনি এই বিষয়টি পরিস্কারভাবে বুঝতে

পারবেন। দেখবেন ওরা হক জানে ও চেনে কিন্তু তদানুযায়ী আমল করে না। কেননা আমল করতে গেলে দুনিয়ার কাজ-কর্মে বাধা আসবে বা উপার্জন কমে যাবে। যেমন ছিল কারুগন। অথবা আমল করতে গেলে সম্মান কমে যাবে, যেমন ছিল হামান। অথবা পদ ও ক্ষমতা হারাতে, যেমন ছিল ফেরাউন।

আবার অনেককে দেখবেন মুনাফেকদের মত প্রকাশ্যে আমল করে কিন্তু আন্তরিকভাবে নয়। সে লোক অন্তরে কি বিশ্বাস করে সে সম্পর্কে জানতে চাইলে দেখবেন সে কিছুই জানে না।

কিন্তু কুরআনের দু'টি আয়াতের মর্ম অনুধাবন করা আপনাদের প্রতি আবশ্যিক:

প্রথম আয়াত: পূর্বে উল্লেখ হয়েছে- আল্লাহ বলেন, ﴿لَا تَعْتَدُوا فَمَا كَفَرْتُمْ بِعَدَائِمِنَا﴾ “তোমরা ওয়ুহাত পেশ করো না। ঈমান গ্রহণ করার পর তোমরা কাফের হয়ে গেছো।” (সূরা তওবা: ৬৫-৬৬) আপনি যখন জানলেন যে, রোমের বিরুদ্ধে যারা রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাথে তাবুক যুদ্ধে অংশ নিয়েছিল, তাদের মধ্যে কতিপয় লোক খেলাধুলা ও ঠাট্টার ছলে একটিমাত্র কথা বলার কারণে কাফের হয়েছিল। তখন আপনি সুস্পষ্টভাবে বুঝতে পারবেন, যে লোক সম্পদের কমতি বা পদ ও সম্মান হারানোর ভয়ে বা কারো মন রক্ষা করার জন্য কুফরী কথা মুখে উচ্চারণ করে বা কুফরী কাজ করে, সে ঐ ব্যক্তির চাইতে বড় অপরাধি যে ঠাট্টার ছলে কুফরী কথা উচ্চারণ করে। কেননা ঠাট্টা-বিদ্রোপকারী মানুষকে হাঁসানোর জন্য মুখে যে কথা উচ্চারণ করে, সাধারণত অন্তরে তা বিশ্বাস করে না। কিন্তু যে লোক স্বার্থহানীর আশংকায় বা মানুষের নিকট থেকে সম্মান ও সম্পদ লাভের লালসায় কুফরী কথা উচ্চারণ করে বা কুফরী কাজে লিপ্ত হয়, সে শয়তানকে তার অঙ্গিকার সত্যায়ন করার সুযোগ সৃষ্টি করে দেয়। ﴿الشَّيْطَانُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَأْمُرُكُم بِالْفَحْشَاءِ﴾ “শয়তান তোমাদেরকে অভাবের অঙ্গিকার করে এবং অশ্লীলতার আদেশ দেয়।” (সূরা বাকারা: ২৬৮) এবং শয়তানের ধমকীকে ভয় করে: ﴿إِنَّمَا ذَلِكُمُ الشَّيْطَانُ يُخَوِّفُ أَوْلِيَاءَهُ﴾ “শয়তানতো তার বন্ধুদেরকে ভয় দেখায়।” (সূরা আল ইমরান: ১৭৫) সে লোক মহান করুণাময়ের অঙ্গীকারকে সত্য বলে বিশ্বাস করেনি: ﴿وَاللَّهُ يَعِدُكُم مَّغْفِرَةً مِنهُ وَفَضْلًا﴾ “আর আল্লাহ তোমাদেরকে তাঁর ক্ষমা ও অনুগ্রহের অঙ্গীকার করেন।” (সূরা বাকারা: ২৬৮) মহাপরাক্রমশালী আল্লাহর শাস্তিকে ভয় করেনি: ﴿فَلَا تَخَافُوهُمْ وَخَافُوا إِن كُنتُمْ مُؤْمِنِينَ﴾ “তোমরা তাদেরকে ভয় করো না; যদি ঈমানদার হয়ে থাক তবে তোমরা আমাকে ভয় করো।” (সূরা আল ইমরান: ১৭৫) অতএব এই যার অবস্থা সে কি রহমানের বন্ধু হওয়ার যোগ্যতা রাখে নাকি শয়তানের বন্ধু হিসেবে পরিগণিত হয়?

দ্বিতীয় আয়াত: আল্লাহ বলেন:

﴿مَنْ كَفَرَ بِاللَّهِ مِنْ بَعْدِ إِيمَانِهِ إِلَّا مَنْ أُكْرِهَ وَقَلْبُهُ مُطْمَئِنٌّ بِالْإِيمَانِ وَلَكِنْ مَنْ شَرَحَ بِالْكُفْرِ صَدْرًا فَعَلَيْهِمْ غَضَبٌ مِنَ اللَّهِ وَلَهُمْ عَذَابٌ عَظِيمٌ﴾

“কেউ ঈমান আনার পর আল্লাহকে অস্বীকার করলে এবং কুফরীর জন্যে হৃদয় উন্মুক্ত রাখলে তার উপর আপত্তি হবে আল্লাহর গযব এবং তাদের জন্য আছে মহা শাস্তি; তবে তার জন্যে নয়, যাকে কুফরীর জন্যে বাধ্য করা হয়েছে, কিন্তু তার চিত্ত ঈমানে অবিচল।” (সূরা নাহাল: ১০৬) এদের মধ্যে আল্লাহ কারো মিথ্যা ওয়ুহাত গ্রহণ করেননি। তবে যাকে জবরদস্তী করে কুফরী করতে বাধ্য করা হয়েছে অথচ তার অন্তরে ঈমান অবিচল ও সুদৃঢ়, আল্লাহ তার ওয়র গ্রহণ করবেন। কিন্তু এ ছাড়া অন্য কারণে যারা কুফরী করবে চাই ভয়ে হোক বা লোভ-লালসায় হোক বা কারো মন রক্ষা করার কারণে হোক অথবা নিজ দেশ বা বংশ-পরিবারের পক্ষাবলম্বন করার জন্য হোক বা সম্পদ রক্ষার কারণে হোক বা হাসি-ঠাট্টার ছলে হোক অথবা অন্য কোন কারণে হোক- তাদের কারো ওয়র গ্রহণযোগ্য হবে না। কেননা উল্লেখিত আয়াত থেকে প্রমাণিত হয় যে, একজন মানুষকে শুধুমাত্র মুখের কথা বা কর্মের ব্যাপারে বাধ্য করা যেতে পারে, কিন্তু অন্তরের বিশ্বাসের ক্ষেত্রে কাউকে বাধ্য করা যেতে পারে না। আল্লাহ বলেন:

১. অর্থাৎ শয়তান তোমাদেরকে ভয় দেখায়, তোমরা যদি আল্লাহর পথে অর্থ খরচ কর, তবে অভাবী হয়ে যাবে।

﴿ذَلِكَ بِأَنَّهُمْ اسْتَحَبُّوا الْحَيَاةَ الدُّنْيَا عَلَى الْآخِرَةِ وَأَنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ﴾ “এই কারণে যে, তারা আখেরাতের জীবনের উপরে দুনিয়ার জীবনকে প্রাধান্য দিয়েছে এবং এই জন্যে যে, আল্লাহ্ কাফের সম্প্রদায়কে হেদায়াত করেন না।” (সূরা নাহলঃ ১০৭) এখানে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে যে, অন্তরের বিশ্বাসের কারণে এবং মূর্খতা ও ধর্মের প্রতি ঘৃণা রাখার কারণে বা কুফরীকে ভালবাসার কারণে তাদেরকে আযাব দেয়া হবে না; বরং এ জন্যে আযাবের সম্মুখিন হবে যে, তার জন্য দুনিয়ার যে অংশ নির্ধারণ করা হয়েছে তাকে আখেরাতের উপর প্রাধান্য দিয়েছে, দুনিয়াকে আখেরাতের চাইতে বেশী গুরুত্ব দিয়েছে। (আল্লাহই অধিক জ্ঞান রাখেন)

এসব কিছু জানার পরও কি (আল্লাহ্ আপনাকে হেদায়াত করুন) মাওলার দরবারে তওবা করবেন না? তাঁর কাছে ফিরে আসবেন না? শিকী আকীদা-বিশ্বাস পরিত্যাগ করবেন না? শুনলেন তো বিষয়টি কত ভয়ানক। মাসআলাটি কত জটিল। বক্তব্যও সুস্পষ্ট।

আবদুন্ নবীঃ আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি। তাঁর কাছে তওবা করছি। সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই এবং মুহাম্মাদ আল্লাহর রাসূল। আল্লাহ ছাড়া আমি যে সকল বস্তুর ইবাদত করতাম সবকিছু প্রত্যাখ্যান করলাম। পূর্বে আমার দ্বারা যা হয়ে গেছে সে ব্যাপারে আমি আল্লাহর কাছে ক্ষমা চাচ্ছি। তিনি যেন আমাকে ক্ষমা করে দেন। আমার সাথে দয়া, ক্ষমা ও করুণার আচরণ করেন। আর মৃত্যু পর্যন্ত যেন তাওহীদ ও বিশুদ্ধ আকীদা-বিশ্বাসের উপর প্রতিষ্ঠিত রাখেন। তাঁর কাছে আরো প্রার্থনা করছি- ভাই আবদুল্লাহ্- তিনি যেন আপনাকে এই নসীহতের কারণে উত্তম প্রতিদানে ভূষিত করেন। কেননা দ্বীন হচ্ছে নসীহতের নাম। আর আপনি যে, আমার নাম (আবদুন্ নবী) শুনে তা অপছন্দ করেছেন তাই আপনাকে বলতে চাই, আমি নিজের নাম পরিবর্তন করে (আবদুর রহমান) রাখলাম। আর আমার আভ্যন্তরিন বিশ্বাসগত বিভ্রান্ত অন্যান্যের যে আপনি প্রতিবাদ করেছেন তার জন্যও আল্লাহ্ যেন আপনাকে পুরস্কৃত করেন। কেননা ঐ আকীদার উপর প্রতিষ্ঠিত থেকে আমি মৃত্যু বরণ করলে কখনই নাজাত পেতাম না।

কিন্তু সর্বশেষ আমি আপনার কাছে একটি আবেদন রাখছি। আপনি আমাকে সেই সমস্ত গর্হিত কাজগুলোর কথা বলবেন যাতে অধিকাংশ মানুষ লিপ্ত।

আবদুল্লাহ্ঃ ঠিক আছে। তাহলে মনোযোগ সহকারে শুনুন:

★ সাবধান! কুরআন-সুন্নাহর কোন বিষয়ে মতবিরোধ হলে, সে ক্ষেত্রে ফিতনা ও অপব্যখ্যার উদ্দেশ্যে শুধু বিরোধপূর্ণ বিষয়ের অনুসরণ যেন আপনার পরিচয় না হয়। কেননা ঐ বিষয়ের প্রকৃত অর্থ আল্লাহ্ ছাড়া কেউ জানে না। কিন্তু আপনার পরিচয় যেন জ্ঞান-বিদ্যায় পারদর্শী এমন লোকদের মত হয় যারা অস্পষ্ট ও সন্দেহ মূলক বিষয়ে বলেন: ﴿ءَأَمَّا بِيَدِهِ كُلُّ مِثْقَالِ ذَرَّةٍ﴾ “আমরা এর প্রতি ঈমান এনেছি। এসব কিছু আমাদের পালনকর্তার পক্ষ থেকে।” (সূরা আল ইমরানঃ ৭) বিরোধপূর্ণ বিষয়ে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “دَعُ مَا يَرِيْبُكَ إِلَى مَا لَا يَرِيْبُكَ” “যে বিষয়ে তোমার সন্দেহ হয় তা ছেড়ে দিয়ে সন্দেহ মুক্ত বিষয়ে লিপ্ত হও।” (আহমাদ, তিরমিযী) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন, “فَمَنْ اتَّقَى الشُّبُهَاتِ اسْتَبْرَأَ لِدِينِهِ وَعَرْضِهِ وَمَنْ وَقَعَ فِي الشُّبُهَاتِ وَقَعَ فِي الْحَرَامِ” “যে ব্যক্তি সন্দেহপূর্ণ বিষয় থেকে বেঁচে থাকে, সে নিজের ধর্ম ও ইজ্জতকে পবিত্র রাখে। আর যে ব্যক্তি সন্দেহপূর্ণ বিষয়ে লিপ্ত হয়, সে হারামে পতিত হয়।” (বুখারী ও মুসলিম) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন, “وَالْإِثْمُ مَا حَاكَ فِي صَدْرِكَ وَكَرِهْتَ أَنْ يَطَّلِعَ عَلَيْهِ النَّاسُ” “গুনাহর কাজ তো ওটাই যা তোমার অন্তরে খটকা সৃষ্টি করে এবং মানুষ উহা দেখে ফেলুক তা তুমি অপছন্দ কর।” (মুসলিম) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন:

اسْتَفْتِ قَلْبَكَ وَاسْتَفْتِ نَفْسَكَ (ثَلَاثَ مَرَّاتٍ) الْبِرُّ مَا اطْمَأَنَّتَ إِلَيْهِ النَّفْسُ وَالْإِثْمُ مَا حَاكَ فِي النَّفْسِ وَتَرَدَّدَ فِي الصَّدْرِ وَإِنْ أَفْتَاكَ النَّاسُ وَأَفْتَوَكَ

“তোমার অন্তরের কাছে ফতোয়া জিজ্ঞেস কর, নিজেকে এর সমাধান জিজ্ঞেস কর। (কথাটি তিনি তিনবার বলেছেন) যে কাজে মনে প্রশান্তি সৃষ্টি হয় সেটাই নেককাজ। আর যে কাজে মনে খটকা জাগে এবং অন্তরে বাধা সৃষ্টি করে সেটাই গুনাহের কাজ। আর যদি লোকদের কাছে ফতোয়া জিজ্ঞেস কর তো

লোকেরা তোমাকে ফতোয়া দিবে।” (আহমাদ, দারেমী, হাদীছ হাসান দৃঃ ছহীহ তারগীব তারহীব হ/১৭৩৪)

★ সাবধান! প্রবৃত্তির অনুসরণ করবেন না। কেননা এ বিষয়ে আল্লাহ্ কঠোরভাবে সতর্ক করেছেন। তিনি বলেন, ﴿أَرَأَيْتَ مَنِ اتَّخَذَ إِلَهَهُ هَوَاهُ﴾ “তুমি কি তাকে দেখেছ যে নিজের প্রবৃত্তিকে মা’বুদ বানিয়ে নিয়েছে।” (সূরা ফুরকানঃ ৪৩)

★ সাবধান! মানব রচিত কোন মতাদর্শের অন্ধানুকরণ করবেন না। বাপ-দাদার দোহাই দেবেন না। কেননা সত্য গ্রহণের পথে গোঁড়ামী ও অন্ধানুকরণ বড় একটি বাঁধা। সত্য হচ্ছে মুমিনের নিকট হারানো সম্পদের মত মূল্যবান। মুমিন যেখানেই সত্য পাবে তা গ্রহণ করার জন্য সেই বেশী হকদার। আল্লাহ্ বলেন:

﴿وَإِذْ أَقِيلَ لَهُمُ اتَّبِعُوا مَا أَنْزَلَ اللَّهُ قَالُوا بَلْ نَتَّبِعُ مَا أَلْفَيْنَا عَلَيْهِ آبَاءَنَا أُولَئِكَ كَانُوا فِي آيَاتِنَا أَنْبَاءً﴾

“আর যখন তাদেরকে বলা হয় যে, আল্লাহ্ যা অবতীর্ণ করেছেন তার অনুসরণ কর; তখন তারা বলে- বরং আমরা তারই অনুসরণ করব যার উপর আমরা আমাদের পিতৃ পুরুষদেরকে পেয়েছি। যদিও তাদের পিতৃ পুরুষদের কোন জ্ঞানই ছিল না এবং তারা সুপথগামীও ছিল না।” (সূরা বাকারঃ ১৭০)

★ সাবধান! কাফেরদের সাদৃশ্য অবলম্বন করবেন না। কেননা এটা সকল অন্যান্যের গোড়া। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “مَنْ تَشَبَهَ بِقَوْمٍ فَهُوَ مِنْهُمْ” “যে ব্যক্তি কোন জাতীর সাদৃশ্য অবলম্বন করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত হবে।” (আহমাদ, আবু দাউদ)

★ সাবধান! কখনো গাইরুল্লাহর উপর ভরসা করবেন না। আল্লাহ্ তা’আলা বলেন, ﴿وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللَّهِ فَهُوَ حَسْبُهُ﴾ “যে ব্যক্তি আল্লাহর উপর ভরসা করবে, তিনি তার জন্য যথেষ্ট হবেন।” (সূরা তালাকঃ ৩)

★ আল্লাহর নাফরমানী করে সৃষ্টিকুলের কারো আনুগত্য করবেন না। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “لَا طَاعَةَ لِمَخْلُوقٍ فِي مَعْصِيَةِ الْخَالِقِ” “স্রষ্টার নাফারমানী করে সৃষ্টিকুলের কারো আনুগত্য করা যাবে না।” (আহমাদ, হাকেম)

★ সাবধান! আল্লাহর উপর কুধারণা রাখবেন না। কেননা হাদীছে কুদসীতে আল্লাহ্ বলেছেন, “أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي” “আমার বান্দা আমার উপর যে রূপ ধারণা পোষণ করবে আমি সেরূপই তার সাথে আঁচরণ করব।” (বুখারী ও মুসলিম)

★ সাবধান! বিপদে পড়ার আশংকায় বা বিপদোদ্ধারের জন্য রিং, পাথর, সুতা, তাবীজ-কবচ ইত্যাদি পরিধান করবেন না।

★ সাবধান! বদনয়র প্রভৃতি থেকে বাঁচার জন্য তাবীজ ব্যবহার করবেন না। কেননা তাবীজ ব্যবহার করা শির্ক। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “مَنْ تَعَلَّقَ شَيْئًا وَكَلَّ إِلَيْهِ” “যে ব্যক্তি কোন কিছু লটকাবে, তাকে সেই বস্তুর প্রতি সোপর্দ করে দেয়া হবে।” (আহমাদ, তিরমিযী)

★ সাবধান! পাথর, গাছ, পুরাতন চিহ্ন, ঘর-বাড়ি ইত্যাদি দ্বারা বরকত কামনা করবেন না। কেননা এ ধরনের বস্তু থেকে বরকত নেয়া শির্ক।

★ সাবধান! কোন বিষয়ে পাখি উড়িয়ে ভাগ্য গণনা করবেন না। বা কোন বস্তুতে কুলক্ষণ নির্ধারণ করবেন না। কেননা উহা শির্ক। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

“الطَّيْرَةُ شَرِكُ الطَّيْرَةِ شَرِكُ الطَّيْرَةِ شَرِكُ الطَّيْرَةِ” “(ভাগ্য গণনা এবং সুলক্ষণ বা কুলক্ষণ নির্ধারণ করার জন্য) পাখি উড়ানো শির্ক। পাখি উড়ানো শির্ক।” নবীজী কথাটি তিনবার বলেন। (আহমাদ, আবু দাউদ)

★ যে সকল যাদুকর ও জ্যোতিষী অদৃশ্য বিষয়ের জ্ঞান রাখে বলে দাবী করে তাদের কথা বিশ্বাস করা থেকে সাবধান! তারা কাগজে মানুষের বিভিন্ন বুরঞ্জের (রাশিচক্র) উল্লেখ করে তাদের সুখ-দুঃখের সংবাদ দেয়। তাদের কথা বিশ্বাস করা শির্ক। কেননা একমাত্র আল্লাহ্ ব্যতীত কেউ অদৃশ্যের খবর জানে না।

★ সাবধান! নক্ষত্র এবং ঋতুর দিকে বৃষ্টি বর্ষণকে সম্পর্কিত করবেন না। কেননা উহা শির্ক; বরং বৃষ্টি আল্লাহর নির্দেশেই নাযিল হয়।

★ সাবধান! গাইরুল্লাহর নামে শপথ করবেন না। যার নামে শপথ করতে চান সে যেই হোক না

কেন তার নামে শপথ করা শির্ক। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

“مَنْ حَلَفَ بِغَيْرِ اللَّهِ فَقَدْ كَفَرَ أَوْ أَشْرَكَ” “যে ব্যক্তি গাইরুল্লাহর নামে শপথ করবে, সে শির্ক করবে বা কুফরী করবে।” (আহমাদ, আবু দাউদ) যেমন নবীর নামে শপথ করা, আমানত, ইজ্জত, যিম্মাদারী, জীবন, পিতা-মাতা, সন্তান ইত্যাদির নামে শপথ করা।

★ সাবধান! যুগকে গালি দিবেন না। বাতাস, সূর্য, ঠান্ডা, গরম, প্রভৃতিকে গালি দেবেন না। এগুলোকে গালি দেয়া মানে আল্লাহকে গালি দেয়া। কেননা তিনিই এগুলো সৃষ্টি করেছেন।

★ সাবধান! বিপদে পড়লে ‘যদি’ বলবেন না। (যদি এরূপ করতাম তবে এরূপ হত বা যদি এরূপ না করতাম তবে এরূপ হত না।) কেননা এধরণের কথা শয়তানের কর্মকে উন্মুক্ত করে। তাছাড়া এতে আল্লাহর নির্ধারিত তকদীরের বিরোধিতা করা হয়। এধরণের পরিস্থিতিতে বলবেন: ‘আল্লাহু যা নির্ধারণ করেছেন এবং তিনি যা চেয়েছেন তা করেছেন।’

★ সাবধান! কবরগুলোকে মসজিদে রূপান্তরিত করবেন না। কেননা যে মসজিদে কবর আছে তাতে নামায হবে না। আয়েশা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে: তিনি বলেন, রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) শেষ জীবনে মূমূর্ষু অবস্থায় বলেছেন: **لَعْنَةُ اللَّهِ عَلَى الْيَهُودِ وَالنَّصَارَى اتَّخَذُوا قُبُورَ أَنْبِيَائِهِمْ مَسَاجِدَ يُحَدِّثُونَ مَا صَنَعُوا** “ইহুদী-খৃষ্টানদের উপর আল্লাহর লা’নত। তারা তাদের নবীদের কবরগুলোকে মসজিদে রূপান্তরিত করেছে।” ওদের কার্যকলাপ থেকে উম্মতকে সতর্ক করার জন্যই নবীজী একথা বলেছেন। আয়েশা (রাঃ) বলেন, নবীজী এ কথা না বললে ছাহাবীগণ তাঁকে বাইরে কবর দিতেন।’ (বুখারী ও মুসলিম) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন:

« إِنَّ مَنْ كَانَ قَبْلَكُمْ كَانُوا يَتَّخِذُونَ قُبُورَ أَنْبِيَائِهِمْ وَصَالِحِيهِمْ مَسَاجِدَ فَلَا تَتَّخِذُوا الْقُبُورَ مَسَاجِدَ فَإِنِّي أَنهَاكُمْ عَنْ ذَلِكَ » “তোমাদের পূর্বের লোকেরা তাদের নবী ও নেক লোকদের কবরকে মসজিদে রূপান্তরিত করেছে। তোমরা কবর সমূহকে মসজিদে পরিণত করো না। আমি তোমাদেরকে একাজ থেকে নিষেধ করছি।” (মুসলিম)

★ সাবধান! মিথ্যুকরা যে সমস্ত হাদীছ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর দিকে সম্বন্ধ করে থাকে তা বিশ্বাস করবেন না। মিথ্যুকরা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর উসীলা এবং উম্মতের নেক লোকদের নামে উসীলা করার জন্য নবীজীর নামে মিথ্যা হাদীছ রচনা করেছে। এধরণের সকল হাদীছ জাল, মিথ্যা ও বানোয়াট। যেমন: ‘তোমরা আমার সম্মানের উসীলা করে আল্লাহর কাছে প্রার্থনা কর। কেননা আল্লাহর নিকট আমার সম্মান অনেক বেশী।’ আরো জাল হাদীছ হচ্ছে: ‘যখন কোন বিষয়ে তোমরা অপারগ হয়ে যাবে, তখন কবরবাসীদের নিকট যাবে।’ আরো বানোয়াট হাদীছ হল, ‘আল্লাহু পাক প্রত্যেক ওলীর কবরে একজন করে ফেরেশতা নিয়োগ করে রাখেন। সে মানুষের প্রয়োজন পূরণ করে থাকে।’ আরো মিথ্যা হাদীছের নমুনা হচ্ছে: ‘তোমাদের মধ্যে কোন মানুষ যদি পাথরের উপর সুধারণা পোষণ করে, তবে সে পাথর তার উপকারে আসবে।’ ইত্যাদি আরো বহু বানোয়াট জাল হাদীছ সমাজের সর্বস্তরে প্রচলিত আছে।

★ সাবধান! ধর্মীয় উপলক্ষে বিশেষ কোন অনুষ্ঠান করবেন না। যেমন: মীলাদ মাহফিল, ইসরা-মেরাজ দিবস পালন, (নেসফে শাবান) বা মধ্য শাবানের রাতে ইবাদত-বন্দেগী ইত্যাদি। এগুলো নবাবিস্কৃত ইসলামী লেবাসে ইসলাম বিরোধী কাজ। যার পক্ষে শরীয়তে রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে কোন প্রমাণ নেই। প্রমাণ নেই সাহাবায়ে কেরামের কর্ম থেকে যারা আমাদের চাইতে নবীজীকে বেশী ভালবাসতেন। আমাদের চাইতে কল্যাণ জনক কাজ বেশী করতেন। যদি এ সমস্ত কাজে নেকী থাকতো তবে আমাদের পূর্বে তাঁরা অবশ্যই তা করতেন। পরবর্তীতে করার প্রতি মানুষকে বলে যেতেন এবং উৎসাহ দিতেন।

কালেমা 'লা-ইলাহা ইল্লাল্লাহ্' এর ব্যাখ্যাঃ

বর্ণিত হয়েছে যে, (লা-ইলাহা ইল্লাল্লাহ্) জান্নাতের চাবী। কিন্তু যে কেউ এই কালেমা পড়লেই কি তার জন্য জান্নাতের দরজা খুলে দেয়া হবে? ওয়াহাব বিন মুনাবেহ (রহঃ)কে জিজ্ঞেস করা হল, (লা-ইলাহা ইল্লাল্লাহ্) কি জান্নাতের চাবী নয়? তিনি বললেন, হ্যাঁ, কিন্তু যে কোন চাবীরই দাঁতের প্রয়োজন। দাঁত বিশিষ্ট চাবী যদি নিয়ে আসেন তবেই না দরজা খুলতে পারবেন। অন্যথা আপনি দরজা খুলতে পারবেন না।

নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে অসংখ্য হাদীছ বর্ণিত হয়েছে, যার সমষ্টি দ্বারা উক্ত চাবীর দাঁতের পরিচয় লাভ করা যায়। যেমন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “যে ব্যক্তি একনিষ্ঠভাবে কালেমা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ পাঠ করবে..।” “যে ব্যক্তি কালেমার প্রতি অন্তরের দৃঢ় বিশ্বাস রেখে তা পাঠ করবে..।” “যে ব্যক্তি অন্তর থেকে সত্যিকারভাবে এই কালেমা পাঠ করবে..” প্রভৃতি। উল্লেখিত হাদীছ সমূহ এবং আরো অন্যান্য হাদীছ দ্বারা জান্নাতে প্রবেশ হওয়ার বিষয়টিকে কালেমার অর্থ সম্পর্কে জ্ঞান রাখার সাথে সম্পৃক্ত করা হয়েছে। মৃত্যু দম পর্যন্ত কালেমার উপর সুদৃঢ় থাকতে ও তার তাৎপর্যের প্রতি বিনীত থাকতে বলা হয়েছে।

কালেমা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’ জান্নাতের চাবী হিসেবে উপযুক্ত হওয়ার জন্য সামষ্টিক দলীল সমূহ দ্বারা উলামায়ে কেরাম কতিপয় শর্তারোপ করেছেন। অবশ্যই এই শর্ত সমূহ পূর্ণ করতে হবে এবং তার বিপক্ষে সকল বাধা বিদূরিত হতে হবে। এই শর্তমালাই হচ্ছে উক্ত চাবীর দাঁত। শর্তগুলো নিম্নরূপঃ

১ জ্ঞানঃ প্রত্যেক কথার একটা অর্থ আছে। তাই কালেমা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’র অর্থ সম্পর্কে জ্ঞানার্জন করা ওয়াজিব। এমনভাবে শিখবে যাতে কোন অজ্ঞতা না থাকে। আর তা হচ্ছে, আল্লাহ্ ছাড়া অন্য সকলের জন্য উলুহিয়াত বা মা’বুদ হওয়ার যোগ্যতাকে অস্বীকার করা এবং এই যোগ্যতা একমাত্র আল্লাহর জন্য সাব্যস্ত করা। তাই কালেমা ‘লা-ইলাহা ইল্লাল্লাহ্’র অর্থ হচ্ছেঃ **একমাত্র আল্লাহ ছাড়া সত্য কোন মা’বুদ নেই।** আল্লাহ বলেন, ﴿إِلَّا مَنْ شَهِدَ بِالْحَقِّ وَهُمْ يَعْلَمُونَ﴾ “কিন্তু যারা সত্যের সাক্ষ্য প্রদান করে এবং **তারা জেনে-শুনেই তা করে থাকে।**” (সূরা যুখরফঃ ৮৬) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এরশাদ করেন, “যে ব্যক্তি মৃত্যু বরণ করবে একথা প্রকৃতভাবে জেনে যে, আল্লাহ্ ব্যতীত সত্য কোন মা’বুদ নেই, তবে সে জান্নাতে প্রবেশ করবে।” (মুসলিম)

২ দৃঢ় বিশ্বাসঃ কালেমার নিগুড় অর্থের প্রতি মজবুত ও দৃঢ়ভাবে বিশ্বাস পোষণ করা- যাতে বিন্দু মাত্র সংশয়, সন্দেহ বা ধারণা থাকবে না। বরং বিশ্বাসের ভিত্তি হবে অকাট্য, স্থির ও অটল এবং বলিষ্ঠতার উপর। আল্লাহ্ তা’আলা মু’মিনদের বৈশিষ্ট্য উল্লেখ করতে গিয়ে এরশাদ করেন,

﴿إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ لَمْ يَرْتَابُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ﴾ “ঈমানদার তারাই যারা আল্লাহ্ ও তার রাসূলের প্রতি বিশ্বাস স্থাপন করেছে। **এরপর কোন সন্দেহ পোষণ করেনি।** আর তারা স্বীয় জ্ঞান ও মাল দিয়ে আল্লাহর পথে জিহাদ করেছে। বস্ত্ততঃ তারাই সত্যপরায়ণ।” (সূরা হুজুরাতঃ ১৫) অতএব এই কালেমা মুখে উচ্চারণ করাই যথেষ্ট হবে না; বরং সে ব্যাপারে অন্তরে বলিষ্ঠ বিশ্বাস রাখতে হবে। যদি এরূপ বলিষ্ঠতা অন্তরে অনুভব না করা যায় এবং সেখানে কোন রকমের দ্বিধা-দন্দ্ব বা সন্দেহের উদয় হয়, তবে তা সুস্পষ্ট মুনাফেকী। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন: “আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই এবং আমি আল্লাহর রাসূল। যে বান্দাই সন্দেহ মুক্ত অবস্থায় এ দু’টি কথা নিয়ে আল্লাহর সাথে সাক্ষাৎ করবে, সে জান্নাতে প্রবেশ করবে।” (মুসলিম)

৩ গ্রহণ করাঃ যখন জানলেন ও দৃঢ়ভাবে বিশ্বাস করলেন, তখন এই সুদৃঢ় জ্ঞানের প্রভাব থাকা উচিত। আর তা হচ্ছে এই কালেমার দাবীকে অন্তর ও যবান দ্বারা মেনে নেয়া ও গ্রহণ করা। কেননা যে ব্যক্তি তাওহীদের দা’ওয়াতকে গ্রহণ করবে না; বরং তা প্রত্যাখ্যান করবে, সে কাফের হিসেবে গণ্য হবে। চাই তার প্রত্যাখ্যান অহংকারের কারণে হোক বা অবাধ্যতার কারণে হোক বা হিংসা-বিদ্বেষের কারণে হোক। যে সকল কাফের অহংকার করে উক্ত কালেমাকে প্রত্যাখ্যান করেছিল, তাদের সম্পর্কে আল্লাহ্ বলেন, ﴿إِنَّهُمْ كَانُوا إِذَا قِيلَ لَهُمْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ يَسْتَكْبِرُونَ﴾ “যখন তাদেরকে বলা হয় একমাত্র আল্লাহ্ ছাড়া প্রকৃত কোন উপাস্য নেই, **তখন তারা অহংকারে ফেটে পড়ে।** আর বলে, আমরা কি একজন পাগল কবির কারণে আমাদের উপাস্যদেরকে ছেড়ে দিব?” (সূরা ছাফফাতঃ ৩৫, ৩৬)

৪ অনুগত হওয়াঃ এই তাওহীদ ও কালেমার আবেদনের প্রতি অনুগত হওয়া। এটাই হচ্ছে চূড়ান্ত সত্যকথা এবং কর্ম জীবনে ঈমানের বাহ্যিক পরিচয়। আল্লাহর শরীয়ত মোতাবেক কর্ম সম্পাদন এবং যা নিষেধ করা হয়েছে তা পরিত্যাগ করার মাধ্যমেই কালেমার সত্যিকার বাস্তবায়ন হবে। আল্লাহ্

বলেন, ﴿وَمَنْ يُسَلِّمْ وَجْهَهُ إِلَى اللَّهِ وَهُوَ مُحْسِنٌ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَىٰ وَإِلَى اللَّهِ عَاقِبَةُ الْأُمُورِ﴾ “যে ব্যক্তি নিজেকে আল্লাহর নিকট সমর্পণ করে এবং ভাল কাজ করে সে সুদৃঢ় হাতলকে ধারণ করল। আর সব কিছুর পরিণাম আল্লাহর নিকট।” (সূরা লোকমানঃ ২২) আর এটাই হচ্ছে পূর্ণ আনুগত্য।

৫ **সত্যবাদিতাঃ** নিজ কথা ও দাবীতে সত্যবাদী হওয়া যা মিথ্যার পরিপন্থী। যদি শুধু মুখে উচ্চারণ করে কিন্তু অন্তরে তা বিশ্বাস না করে, তবে সে কপট-মুনাফেক। আল্লাহ তা’আলা মুনাফেকদের দূশচরিত্রের কথা উল্লেখ করে বলেন, ﴿يَقُولُونَ بِأَلْسِنَتِهِمْ مَا لَيْسَ فِي قُلُوبِهِمْ﴾ “ওরা এমন কথা মুখে বলে, যা তাদের অন্তরে নেই।” (সূরা ফাতাহঃ ১১)

৬ **ভালবাসাঃ** মু’মিন এই কালেমাকে ভালবাসবে। এর তাৎপর্য ও দাবী অনুযায়ী আমল করতেও ভালবাসবে। যারা আমল করে তাদেরকে ভালবাসবে। বান্দা যে তার রবকে ভালবাসে তার আলামত হচ্ছে, আল্লাহ যা ভালবাসেন সেও তা ভালবাসবে- যদিও নিজের মন তার বিরোধিতা করে। আল্লাহ এবং তাঁর রাসূল যাকে ভালবাসেন তাকে ভালবাসবে। যাকে তাঁরা ঘৃণা করেন তাকে ঘৃণা করবে। তাঁর রাসূলের অনুসরণ করবে, তাঁর পথে চলবে ও তাঁর হেদায়াতকে বিনা দ্বিধায় গ্রহণ করবে।

৭ **একনিষ্ঠতাঃ** এই কালেমা পাঠ করে আল্লাহর সন্তুষ্টি ছাড়া অন্য কিছু আশা করবে না। আল্লাহ বলেন, ﴿وَمَا أَمْرُوا إِلَّا لِيَعْبُدُوا اللَّهَ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حُنَفَاءَ﴾ “তাদেরকে এছাড়া অন্য কোন আদেশ করা হয়নি যে, তারা একনিষ্ঠভাবে একাত্মচিন্তে এক আল্লাহর ইবাদত করবে।” (সূরা বাইয়েনাঃ ৫) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, « فَإِنَّ اللَّهَ قَدْ حَرَّمَ عَلَى النَّارِ مَنْ قَالَ لَا إِلَهَ إِلَّا اللَّهُ يَتَّبِعِي بِذَلِكَ وَجْهَ اللَّهِ » “যে ব্যক্তি ‘লা-ইলাহা ইল্লাল্লাহ’ বলবে এবং তার মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি অনুসন্ধান করবে, আল্লাহ তার জন্য জাহান্নাম হারাম করে দিবেন।” (বুখারী)

এ শর্তগুলোকে ঠিক রেখে এই কালেমার উপর মৃত্যু পর্যন্ত সুদৃঢ় ও অটল থাকতে হবে।

‘মুহাম্মাদ রাসূলুল্লাহ’ এর ব্যাখ্যাঃ

মৃত ব্যক্তিকে কবরে তিনটি বিষয়ে প্রশ্ন করা হবে। উত্তর দিতে পারলে মুক্তি পাবে। জবাব দিতে না পারলে ধ্বংস হয়ে যাবে, শাস্তির সম্মুখিন হবে। তন্মধ্যে অন্যতম প্রশ্ন হচ্ছেঃ ‘তোমার নবী কে’? এ প্রশ্নের উত্তর সেই ব্যক্তি দিতে পারবে যাকে দুনিয়াতে আল্লাহ এর শর্ত সমূহ বাস্তবায়ন করার তাওফীক দিয়েছেন এবং কবরে তাকে দৃঢ় রেখেছেন ও জবাব শিখিয়ে দিয়েছেন। অতঃপর সে উপকৃত হবে পরকালে সেই দিনে যখন ধন-সম্পদ ও সন্তান-সন্ততি কোন কাজে আসবে না।

‘মুহাম্মাদ রাসূলুল্লাহ’কে বাস্তবায়ন করার শর্তমালা নিম্নরূপঃ

১ **নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর আদেশের আনুগত্য করাঃ** আল্লাহ আমাদেরকে নির্দেশ দিয়েছেন তার আনুগত্য করার। তিনি এরশাদ করেন, ﴿مَنْ يُطِيعِ الرَّسُولَ فَقَدْ أَطَاعَ اللَّهَ﴾ “যে ব্যক্তি রাসূলের আনুগত্য করবে, সে আল্লাহরই আনুগত্য করবে।” (সূরা নিসাঃ ৮০) তিনি আরো বলেন, ﴿قُلْ إِنْ كُنْتُمْ تُحِبُّونَ اللَّهَ فَاتَّبِعُونِي يُحْبِبْكُمُ اللَّهُ﴾ “আপনি বলুন! তোমরা যদি আল্লাহকে ভালবাস, তবে আমার অনুসরণ কর। আল্লাহ তোমাদেরকে ভালবাসবেন।” (সূরা আল ইমরানঃ ৩১) রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

“كُلُّ أُمَّتِي يَدْخُلُونَ الْجَنَّةَ إِلَّا مَنْ أَبِي قَالَ يَا رَسُولَ اللَّهِ وَمَنْ أَبِي قَالَ مَنْ أَطَاعَنِي دَخَلَ الْجَنَّةَ وَمَنْ عَصَانِي فَقَدْ أَبِي” “আমার উম্মতের প্রত্যেক ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে, কিন্তু এ ব্যক্তি নয় যে জান্নাতে যেতে অস্বীকার করে। তাঁরা বললেন, কে এমন আছে জান্নাতে যেতে অস্বীকার করে? তিনি বললেন, যে আমার আনুগত্য করবে সে জান্নাতে যাবে। আর যে আমার অবাধ্য হবে সেই জান্নাতে যেতে অস্বীকার করবে।” (বুখারী) যে ব্যক্তি নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে ভালবাসবে, সে অবশ্যই তাঁর আনুগত্য করবে। কেননা আনুগত্যই হচ্ছে ভালবাসার প্রতিফল। যে ব্যক্তি অনুসরণ না করেই নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে ভালবাসার দাবী করে, সে নিজ দাবীতে মিথ্যক ও ধোকাবাজ।

২ **তিনি যে বিষয়ে সৎবাদ দিয়েছেন তা সত্য হিসেবে বিশ্বাস করাঃ** অতএব নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে যে সকল বিষয় ছহীহ সূত্রে প্রমাণিত হয়েছে, তার কোন একটি যদি কেউ খেয়াল বশতঃ প্রবৃত্তির অনুসরণ করে মিথ্যা মনে করে, তবে সে আল্লাহ ও তাঁর রাসূলকে মিথ্যা প্রতিপন্নকারী সাব্যস্ত হবে। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মিথ্যা ও ভুল থেকে নিরাপদ ও

নিষ্পাপ। ﴿وَمَا يَطُّوْا عَنِ اَلْمَوْتِ﴾ “তিনি প্রবৃত্তি তাড়িত হয়ে কোন কথা বলেন না।” (সূরা নাজমঃ ৩)

৩) **তিনি যা নিষেধ করেছেন তা থেকে বিরত থাকাঃ** তন্মধ্যে সর্বাধিক বড় ও প্রথম নিষেধ হচ্ছে শির্ক। এরপর হচ্ছে, কাবীরী গুনাহ ও ধ্বংসাত্মক পাপসমূহ এবং সর্বশেষে ছোট পাপ ও অপছন্দনীয় কাজ সমূহ। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর প্রতি মুসলিম ব্যক্তির ভালবাসা অনুযায়ী তার ঈমান বৃদ্ধি হয়। আর ঈমান বৃদ্ধি হলেই নেক কাজের প্রতি ভালবাসা ও আকর্ষণ সৃষ্টি হয়। কুফরী, ফাসেকী ও অবাধ্যতার কাজে ঘৃণা সৃষ্টি হয়।

৪) **নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর মাধ্যমে আল্লাহ যে শরীয়ত প্রণয়ন করেছেন তা ব্যতীত অন্য কোন পন্থায় তাঁর ইবাদত না করাঃ** ইবাদতের মূলনীতি হচ্ছে, যে কোন ইবাদত নিষিদ্ধ। তবে রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যা নিয়ে এসেছেন সে মোতাবেক আল্লাহর ইবাদত করতে হবে। এ জন্যে তিনি এরশাদ করেন, **مَنْ عَمِلَ عَمَلًا لَيْسَ عَلَيْهِ أَمْرًا فَهُوَ رَدٌّ** “যে ব্যক্তি এমন আমল করবে, যার পক্ষে আমার নিকট থেকে কোন নির্দেশনা নেই, তবে তা প্রত্যাখ্যাত।” (মুসলিম)

ফায়েদাঃ জেনে রাখা আবশ্যিক, নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে ভালবাসা ফরয। সাধারণভাবে ভালবাসাই যথেষ্ট নয়; বরং সবকিছু থেকে এমনকি নিজের জীবনের চেয়ে তাঁকে বেশী ভালবাসা আবশ্যিক। আর যে ব্যক্তি কাউকে ভালবাসে সে তাকে এবং তার মতামতকে সব কিছুর উপর প্রাধান্য দেয়। অতএব নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে ভালবাসায় সত্যবাদী সেই ব্যক্তি, যার মধ্যে নিম্ন লিখিত আলামতগুলো প্রকাশ্যে দেখা যাবেঃ সে কথায়- কাজে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর অনুসরণ-অনুকরণ করবে, তাঁর আদেশ মেনে চলবে, নিষেধ থেকে বেঁচে থাকবে, তাঁর শিখানো আদব-শিষ্টাচারের উপর নিজের জীবনকে পরিচালনা করবে। সুখে-দুঃখে এবং পছন্দ-অপছন্দ সকল অবস্থাতে তাঁকেই আদর্শরূপে গ্রহণ করবে। কেননা অনুসরণ ও অনুকরণ হচ্ছে ভালবাসার বাহ্যিক ফলাফল। আনুগত্য ছাড়া ভালবাসা সত্যে পরিণত হয় না।

নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে ভালবাসার কিছু আলামত আছে। তন্মধ্যে কপি তয় হচ্ছেঃ

১) বেশী বেশী তাঁর নাম উল্লেখ করা ও তাঁর নামে দরুদ পড়া। ভালবাসার বস্তু আলোচনায় আসে বেশী। ২) তাঁর সাথে সাক্ষাতের আকাংখ্যা রাখা। প্রত্যেক প্রেমিক প্রিয়তমের সাক্ষাতের জন্য উদগ্রীব থাকে। ৩) তাঁর আলোচনা করার সময় তাঁকে সম্মান ও শ্রদ্ধাভরে উল্লেখ করা। (ইসহাক (রহঃ) বলেন, নবী(ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর মৃত্যুর পর ছাহাবীগণ তাঁর কথা আলোচনা করার সময় বিনীত হতেন, তাঁদের শরীর শিহরে উঠত এবং তাঁরা কাঁদতেন।) ৪) তিনি (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যাকে ঘৃণা করেন তাকে ঘৃণা করা। যার সাথে শত্রুতা রেখেছেন তার সাথে শত্রুতা রাখা। যে সমস্ত মুনাফেক ও বিদআতী তাঁর সুনাতের বিরোধিতা করে এবং তাঁর দ্বীনের মধ্যে বিদআত সৃষ্টি করে, তাদের থেকে দূরে থাকা ও সাবধান থাকা। ৫) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যাকে ভালবাসেন তাকে ভালবাসা। তন্মধ্যে তাঁর পরিবারবর্গ, তাঁর স্ত্রী এবং মুহাজের ও আনসার ছাহাবায়ে কেলাম অন্যতম। এদের সাথে যারা শত্রুতা পোষণ করে তাদেরকে শত্রু ভাবা এবং যারা তাঁদেরকে ঘৃণা করে তাদেরকে ঘৃণা করা আবশ্যিক। ৬) তাঁর সম্মানিত চরিত্রে নিজ চরিত্রকে সুসজ্জিত করতে সচেষ্ট হওয়াঃ কেননা তিনি ছিলেন সর্বশ্রেষ্ঠ চরিত্রের অধিকারী। এমনকি আয়েশা (রাঃ) তাঁর সম্পর্কে বলেন, ‘তাঁর চরিত্র হচ্ছে আল কুরআন।’ অর্থাৎ- কুরআনের নির্দেশের বাইরে তিনি কোন কিছুই করবেন না এটা ছিল তাঁর নীতি।

নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর বৈশিষ্ট্যঃ তিনি ছিলেন সর্বাধিক সাহসী বীর-বিক্রম। বিশেষ করে কঠিন যুদ্ধের সময় তিনি থাকতেন সবচেয়ে বেশী সাহসী। তিনি ছিলেন উদার ও দানশীল। বিশেষ করে রামায়ান মাসে তাঁর দানের হস্ত আরো ক্ষিপ্রগতি সম্পন্ন হতো। সৃষ্টিকুলের মধ্যে তিনি ছিলেন সর্বাধিক কল্যাণকামী। সবচেয়ে বড় ধৈর্যশীল। নিজের জন্য কখনো প্রতিশোধ নিতেন না। কিন্তু আল্লাহর নির্দেশের ক্ষেত্রে ছিলেন বড়ই কঠোর। মানুষের মধ্যে ছিলেন সর্বাধিক বিনয়ী ও ধীরস্থিরতা অবলম্বনকারী। তিনি ছিলেন পর্দার অন্তরালের কুমারী নারীর চাইতে অধিক লাজুক। সকল মানুষের মধ্যে নিজ পরিবারের নিকট ছিলেন সর্বোত্তম। সৃষ্টিকুলের সকলের উপর সর্বাধিক করুণাশীল। এছাড়া আরো বহু মূল্যবান বৈশিষ্ট্যের অধিকারী ছিলেন তিনি।

হে আল্লাহ্ রহমত নাযিল কর আমাদের নবীর উপর, তাঁর পরিবারবর্গ, স্ত্রীবর্গ, ছাহাবায়ে কেলাম, তাবঈঈন, তাবৈ তাবঈঈন এবং কিয়ামত পর্যন্ত সঠিকভাবে তাঁদের সকল অনুসারীর উপর।

নামায হচ্ছে ইসলামের দ্বিতীয় রুকন। পবিত্রতা ব্যতীত নামায বিস্কন্ধ হবে না। আর পানি অথবা মাটি ছাড়া অন্য কোন বস্তু দ্বারা পবিত্রতা অর্জন করা যাবে না।

পানির প্রকারভেদঃ ১) **পবিত্র পানিঃ** যে পানি নিজে পবিত্র এবং অন্যকেও পবিত্র করতে পারে তাকে পবিত্র পানি বলে। এই পানি দ্বারা ওয়ু-গোসল করা যাবে এবং নাপাক দূর করা যাবে। ২) **নাপাক পানিঃ** অল্প পানিতে নাপাকি মিশ্রিত হলে অথবা অধিক পানিতে নাপাকী পড়ার কারণে তার স্বাদ বা গন্ধ বা রং পরিবর্তন হলে তাকে নাপাক পানি বলে।

একটি সতর্কতাঃ নাপাকীর মাধ্যমে পানির বৈশিষ্ট্য- স্বাদ, রং এবং গন্ধ, এ তিনটির কোন একটি পরিবর্তন না হলে বেশী পানি নাপাক হবে না। আর সামান্য পানিতে নাপাকী পড়লেই তা নাপাক হয়ে যাবে। যে পরিমাণ পানিকে বেশী পানি বলা হয় তা হচ্ছেঃ দু'কুলা তথা প্রায় ২১০ লিটার পরিমাণ পানি।

পাত্রঃ স্বর্ণ ও রৌপ্যের পাত্র ছাড়া যে কোন পবিত্র বাসন-পাত্র গ্রহণ করা ও ব্যবহার করা জায়েয। স্বর্ণ ও রৌপ্যের পাত্রে পানি নিয়ে পবিত্রতার জন্য ব্যবহার করলে পবিত্র হয়ে যাবে, কিন্তু গুনাহগার হবে। কাফেরদের কাপড়-চোপড় ও বাসন-পাত্রে নাপাকী আছে জানা না থাকলে তা ব্যবহার করা বৈধ।

মৃত পশুর চামড়াঃ মৃত পশুর চামড়া নাপাক। মৃত পশু দু'ভাগে বিভক্তঃ ১) কখনই তার গোশত খাওয়া জায়েয নয়। ২) গোশত খাওয়া হালাল কিন্তু যবেহ ছাড়াই মারা গেছে। প্রথমটির চামড়া সর্বাবস্থায় নাপাক ও হারাম। আর দ্বিতীয়টির চামড়া শোধন করার পর ব্যবহার করা জায়েয। তবে শুকনা বস্তুরাখার কাজে ব্যবহার করবে, তরল পদার্থ রাখার কাজে ব্যবহার করবে না।

ইস্তেন্জাঃ পেশাব বা পায়খানার রাস্তা পরিস্কার করাকে ইস্তেন্জা বলা হয়। যদি পানি ব্যবহারের মাধ্যমে পরিস্কার করা হয় তবে তার নাম ইস্তেন্জা। আর পাথর বা টিসু ইত্যাদি দ্বারা পরিস্কার করাকে ইস্তেজ্জামার বলা হয়। ইস্তেজ্জামারের ক্ষেত্রে শর্ত হচ্ছেঃ পবিত্র, বৈধ, পরিস্কারকারী এবং খাদ্যে ব্যবহার হয়না এমন বস্তু হতে হবে। সর্ব নিম্ন তিনটি বা ততোধিক পাথর ব্যবহার করবে। প্রত্যেকবার পেশাব বা পায়খানা করার পরই ইস্তেন্জা বা ইস্তেজ্জামার করা আবশ্যিক।

সতর্কতাঃ পেশাব-পায়খানার ক্ষেত্রে যা হারামঃ কাজ শেষ হলে বিনা কারণে সেখানে বসে থাকা, পানি উত্তোলনের স্থান (পুকুর, নদীর ঘাট এবং কুপ বা টিউবওয়েল পাড়) প্রভৃতি স্থানে পেশাব-পায়খান করা, চলাচলের রাস্তা, গাছের দরকারী ছায়ায়, ফলদার বৃক্ষের নীচে এবং খোলা জায়গায় কিবলা সম্মুখে রেখে পেশাব-পায়খান করা হারাম।

পেশাব-পায়খানার ক্ষেত্রে মুস্তাহাব হচ্ছেঃ ধৌত করলে তিনবার করা বা কুলুখ নিলে তিনবার নেয়া।

পেশাব-পায়খানার ক্ষেত্রে যা মাকরুহঃ আল্লাহর যিকির সম্বলিত কোন কিছু সাথে নিয়ে টয়লেটে প্রবেশ করা, পেশাব-পায়খানায় রত অবস্থায় কথা-বার্তা বলা, ছিদ্র বা ফাটা মাটিতে পেশাব করা, ডান হাতে লজ্জাস্থান স্পর্শ করা, ঘরের মধ্যে কিবলা মুখী হয়ে বসে পেশাব-পায়খানা করা মাকরুহ। হারাম ও মাকরুহ প্রতিটি কাজ অপারগতা ও অধিক প্রয়োজনের ক্ষেত্রে জায়েয।

মেসওয়াকঃ নরম কাঠ দিয়ে মেসওয়াক করা সুন্নাত। যেমন 'আরাক' নামক গাছের ডাল বা শিকড়। যে সকল অবস্থায় মেসওয়াক করা মুস্তাহাবঃ নামায, কুরআন তেলাওয়াত, ওয়ুতে কুলি করার পূর্বে, নিদ্রা হতে জাগ্রত হয়ে, মসজিদে এবং গৃহে প্রবেশের সময়, মুখের দুর্গন্ধ দূর করা প্রভৃতি সময় মেসওয়াক করা মুস্তাহাব।

পবিত্রতার কাজে এবং মেসওয়াক করার সময় ডান দিক থেকে শুরু করা সুন্নাত। আর ময়লা আবর্জনা দূর করার ক্ষেত্রে বাম হাত ব্যবহার করা সুন্নাত।

ওয়ুঃ ওয়ুর ফরয ৬টিঃ ১) মুখমণ্ডল ধৌত করা, কুলি করা ও নাক ঝাড়াও এর অন্তর্ভুক্ত। ২) আঙ্গুলের প্রান্তভাগ থেকে নিয়ে কনুই পর্যন্ত দু'হাত ধৌত করা। ৩) দু'কানসহ পূর্ণ মাথা মাসেহ করা। ৪) টাখনুসহ দু'পা ধৌত করা। ৫) ধারাবাহিকতা রক্ষা করা ৬) পরস্পর ধৌত করা।

ওয়ুর সুন্নাতঃ মেসওয়াক করা, প্রথমে দু'হাত কনুই পর্যন্ত ধৌত করা, মুখমণ্ডল ধৌত করার পূর্বে কুলি করা ও নাক ঝাড়া, রোযাদার না হলে বেশী করে কুলি ও নাকে পানি দেয়া। ঘন দাড়ি খিলাল করা, হাত-পায়ের আঙ্গুল খিলাল করা, প্রতিটি অঙ্গের ডান দিক আগে করা, প্রতিটি অঙ্গ

দু'বার বা তিনবার ধৌত করা, ডান হাত দ্বারা নাকে পানি দেয়া এবং বাম হাত দ্বারা নাক ঝাড়া, প্রতিটি অঙ্গ-প্রত্যঙ্গ মর্দন করা, পরিপূর্ণরূপে ওয়ু করা, ওয়ু শেষ করে দু'আ পাঠ করা।

ওয়ুর ওয়াজিবঃ শুরুতে 'বিসমিল্লাহ' বলা, রাত শেষে নিদ্রা থেকে জাগ্রত হয়ে পানির পাত্রে হাত প্রবেশ করানোর পূর্বে দু'হাত কজ্জি পর্যন্ত ধৌত করা।

ওয়ুর মাকরুহ বিষয়ঃ ভীষণ ঠান্ডা ও কঠিন গরম পানিতে ওয়ু করা, এক অঙ্গ তিনবারের অধিক ধৌত করা, অঙ্গ-প্রত্যঙ্গ থেকে পানি ঝেড়ে ফেলা, চোখের ভিতর অংশ ধৌত করা, কিন্তু ওয়ু শেষে অঙ্গ-প্রত্যঙ্গ মোছা জায়েয।

সতর্কতাঃ কুলি করার সময় সম্পূর্ণ মুখের মধ্যে পানি ঘুরানো আবশ্যিক। আর নাকে পানি দেয়ার সময় নিঃশ্বাসের সাথে ভিতরে পানি নেয়া আবশ্যিক; শুধু হাত দিলেই হবে না। অনুরূপভাবে নাক ভালভাবে ঝাড়তে হবে।

ওয়ুর পদ্ধতিঃ প্রথমে অন্তরে নিয়ত করবে, তারপর বিসমিল্লাহ বলে দু'হাত কজ্জি পর্যন্ত ধৌত করবে। অতঃপর কুলি করবে ও নাকে পানি দিয়ে নাক ঝাড়বে এবং মুখমণ্ডল ধৌত করবে। (মুখমণ্ডলের সীমানা হচ্ছে: সাধারণভাবে মাথার চুল গজানোর স্থান থেকে নিয়ে থুতনির নীচ পর্যন্ত দৈর্ঘ্য এবং এক কান থেকে আরেক কান পর্যন্ত প্রস্থে। এরপর আঙ্গুলের প্রান্তভাগ থেকে নিয়ে কনুইসহ দু'হাত ধৌত করবে। অতঃপর মাথার সম্মুখ দিক থেকে নিয়ে পশ্চাদ অংশ পর্যন্ত সম্পূর্ণ মাথা একবার মাসেহ করবে। দু'কানের উপরের শুভ্র অংশও যেন মাসেহের অন্তর্ভুক্ত হয়। দু'কান মাসেহ করবে। দু'তর্জনী দু'কানের ছিদ্রের মধ্যে প্রবেশ করিয়ে দু'বৃদ্ধাঙ্গুল দিয়ে কানের বাইরের অংশ মাসেহ করবে। সবশেষে দু'পা টাখনুসহ ধৌত করবে।

সতর্কতাঃ দাড়ী যদি হালকা হয়, তবে ভিতরের চামড়া পর্যন্ত ধৌত করা আবশ্যিক। কিন্তু ঘন হলে বাইরের অংশ ধৌত করলেই হবে।

মোজার উপর মাসেহ করাঃ চামড়া প্রভৃতি দ্বারা বানানো মোজাকে 'খুফ' বলে। আর উল বা সুতা প্রভৃতি দ্বারা বানানো মোজাকে 'জাওরাব' বলে। শুধুমাত্র ছোট পবিত্রতার ক্ষেত্রে উভয়টাতে মাসেহ করা জায়েয। তবে এর জন্য কিছু শর্ত আছেঃ ১) পূর্ণ পবিত্রতা অর্জন করার পর মোজাদ্বয় পরিধান করা। (দ্বিতীয় পা ধৌত করার পর মোজা পরবে) ২) পানি দ্বারা পবিত্রতা অর্জন করার পর মোজা পরবে। ৩) যে স্থান ধৌত করা ফরয তা ঢেকে মোজা পরবে। ৪) জিনিসটি বেধ হতে হবে। ৫) মোজাদ্বয় পবিত্র বস্তু দ্বারা নির্মিত হতে হবে।

পাগড়ীঃ পাগড়ীর উপর মাসেহ করার শর্ত হচ্ছেঃ ১) পুরণের পাগড়ীতে মাসেহ হবে। ২) মাথার সাধারণ অংশ ঢাকা থাকবে। ৩) ছোট পবিত্রতার ক্ষেত্রে পাগড়ীর উপর মাসেহ করবে। ৪) পবিত্রতা অর্জন পানি দ্বারা হতে হবে।

মাসেহের সময় সীমাঃ মুক্কীমের জন্য একদিন এক রাত। মুসাফিরের জন্য তিন দিন তিন রাত। ৮০ কি:মি: দূরত্ব অতিক্রম করে নামায কসর করা যায় এমন সফরে মাসেহ করা জায়েয।

কখন থেকে মাসেহ শুরু হবে? মোজা পরিধান করে ওয়ু ভঙ্গের পর প্রথমবার মাসেহ করার সময় থেকে সময়সীমা শুরু হয়ে পরবর্তী দিন ঠিক ঐ (মাসেহের) সময় পর্যন্ত চলবে। অর্থাৎ- ২৪ ঘন্টা।

মোজার কতটুকু অংশ মাসেহ করতে হবে: দু'হাতে পানি নিয়ে তা ফেলে দিবে। ভিজা হাতের আঙ্গুলগুলো ছড়িয়ে দিয়ে তা দ্বারা দু'পায়ের আঙ্গুল থেকে নিয়ে উপরের দিকে অধিকাংশ অংশ মাসেহ করবে। মাসেহ একবার করবে।

উপকারিতাঃ মুসাফির অবস্থায় মাসেহ করেছে অতঃপর মুক্কীম হয়েছে, অথবা মুক্কীম অবস্থায় মাসেহ করেছে অতঃপর সফর শুরু করেছে, অথবা সর্বপ্রথম মাসেহ কখন করেছে সে ব্যাপারে সন্দেহ হয়েছে, তখন এসকল ক্ষেত্রে মুক্কীমের মতই মাসেহ করবে।

ব্যাভেজ বা পটিঃ ভাংগা হাড় জোড়া দেয়ার জন্য যে দু'টি কাঠ দিয়ে বেঁধে রাখা হয় তার উপর বা স্কত স্থানে যে পটি বাঁধা হয় তার উপর মাসেহ করা জায়েয। এই মাসেহের শর্ত হচ্ছেঃ ১) প্রয়োজনের বেশী স্থানে যেন ব্যাভেজ না বাঁধা হয়। ২) ব্যাভেজের উপর মাসেহ এবং ওয়ুর

অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গ ধোয়ার ক্ষেত্রে বিরতী না নিয়ে পরস্পর করবে। প্রয়োজনের বেশী স্থানে ব্যাভেজ থাকলে তা খুলে ফেলা আবশ্যিক। কিন্তু তাতে ক্ষতির সম্ভাবনা থাকলে তার উপরেই মাসেহ করবে।

কতিপয় উপকারিতা: * উত্তম হচ্ছে দু'পা একসাথে দু'হাত দিয়ে মাসেহ করা। ডান হাত দিয়ে ডান পা এবং বাম হাত দিয়ে বাম পা। * মোজার নীচে বা পিছন অংশ মাসেহ করার প্রয়োজন নেই আর তা শরীয়ত সম্মতও নয়। উপরের অংশ মাসেহ না করে শুধুমাত্র নীচে বা পিছনের অংশ মাসেহ করলে যথেষ্ট হবে না। * মাসেহ না করে মোজা ধোয়া এবং একবারের অধিক মাসেহ করা মাকরুহ। * পাগড়ীর অধিকাংশ অংশ মাসেহ করতে হবে।

ওষু ভঙ্গের কারণঃ ১) পেশাব-পায়খানার রাস্তা দিয়ে কোন কিছু বের হওয়া। যেমন, বায়ু ও পেশাব-পায়খানা, ময়ী ও বীর্য। ২) জ্ঞান লোপ পাওয়া। নিদ্রার কারণে হোক অথবা বেহুঁশ হওয়ার কারণে হোক। তবে বসে বসে বা দন্ডায়মান অবস্থায় সামান্য নিদ্রাতে ওষু নষ্ট হবে না। ৪) (পেশাব-পায়খানা) ব্যতীত শরীর থেকে নাপাক জিনিস অধিক পরিমাণে নির্গত হওয়া। যেমন অধিক রক্ত। ৫) উটের মাংশ ভক্ষণ করা। ৬) লজ্জাস্থান (কাপড়ের ভিতরে) হাত দ্বারা স্পর্শ করা। ৭) পুরুষ বা স্ত্রী পরস্পরকে উত্তেজনার সাথে কোন পর্দা ব্যতীত স্পর্শ করা। ৮) ধর্মত্যাগ করে মুরতাদ হয়ে যাওয়া।

কোন মানুষ যদি নিজ পবিত্রতার ব্যাপারে নিশ্চয়তায় থাকে অতঃপর অপবিত্র হয়েছে কিনা এরূপ সন্দেহ হয় বা এর বিপরীত অবস্থা (অপবিত্রতার ব্যাপারে নিশ্চিত ছিল, কিন্তু পবিত্রতা অর্জন করেছে কিনা এরূপ সন্দেহ) হলে নিশ্চয়তার উপর ভিত্তি করবে।

গোসলঃ গোসল ফরয হওয়ার কারণঃ ১) জাগ্রতাবস্থায় উত্তেজনার সাথে বীর্য নির্গত হওয়া। অথবা নিদ্রাবস্থায় উত্তেজনার সাথে বা বিনা উত্তেজনায় বীর্যপাত হওয়া ২) পুরুষ লিঙ্গের অগ্রভাগ স্ত্রী লিঙ্গের মধ্যে প্রবেশ করানো যদিও বীর্যপাত না হয় ৩) কাফেরের ইসলাম গ্রহণ করা। যদিও সে কাফের মুরতাদ হয়। ইসলামে ফিরে আসলে তাকে গোসল করতে হবে ৪) ঋতু স্রাব হওয়া। ৫) নেফাস হওয়া ৬) মুসলিম ব্যক্তি মৃত্যু বরণ করলে তাকে গোসল দেয়া জীবিতদের উপর ফরয।

ফরয গোসলের নিয়মঃ ফরয গোসলের জন্যে অন্তরে নিয়ত করে নাক ও মুখের ভিতরসহ সমস্ত শরীরে পানি প্রবাহিত করলেই ফরয গোসল আদায় হয়ে যাবে। কিন্তু নয়টি বিষয়ের মাধ্যমে ফরয গোসল পরিপূর্ণ হবেঃ ১) নিয়ত করবে ২) বিসমিল্লাহ বলবে ৩) পানির পাত্রে হাত প্রবেশ করানোর পূর্বে ভালভাবে তা ধৌত করবে ৪) লজ্জাস্থান এবং তার আশপাশ ধৌত করবে ৫) ওষু করবে ৬) মাথায় তিন চুল্লু পানি ঢালবে ৭) সারা শরীরে পানি প্রবাহিত করবে ৮) দু'হাত দ্বারা সারা শরীরকে মর্দন করবে ৯) সকল কাজ ডান দিক থেকে শুরু করবে।

ছোট নাপাকী থাকলে যা করা হারামঃ ১) কুরআন স্পর্শ করা ২) নামায পড়া ৩) তওয়াফ করা।

বড় নাপাকী থাকলে যা করা হারামঃ আগের বিষয়গুলোসহ ৪) কুরআন পাঠ করা ৫) মসজিদে অবস্থান করা।

মাকরুহ হচ্ছেঃ নাপাক হলে ওষু ব্যতীত ঘুমিয়ে থাকা। গোসলের সময় পানি অপচয় করা।

তায়াম্মুমঃ তায়াম্মুমের শর্ত সমূহঃ ১) পানি না থাকা ২) তায়াম্মুম যে মাটি দ্বারা হবে তা হবে: পবিত্র, বৈধ, ধূলা বিশিষ্ট ও আগুনে পুড়ে যায়নি এমন। **তায়াম্মুমের রুকনঃ** সমস্ত মুখমন্ডল মাসেহ করা, তারপর দু'হাত কজি পর্যন্ত মাসেহ করা, ধারাবাহিকতা রক্ষা করা ও পরস্পর করা। **তায়াম্মুম বিনষ্টকারী বিষয়ঃ** ১) ওষু ভঙ্গকারী প্রতিটি বিষয় তায়াম্মুম নষ্ট করে ২) তায়াম্মুম করার পর পানি এসে গেলে ৩) তায়াম্মুম করার কারণ দূর হলে। যেমন, অসুস্থতার কারণে তায়াম্মুম করেছে কিন্তু

১. রক্ত অল্প-বেশী বের হলে ওষু ভঙ্গের বিষয়টি মতভেদপূর্ণ। কোন কোন মাযহাবে অধিক পরিমাণে রক্ত বের হওয়াকে ওষু ভঙ্গের কারণ হিসেবে চিহ্নিত করা হলেও এর পক্ষে নির্ভরযোগ্য কোন দলীল পাওয়া যায় না। -অনুবাদক

২. অনুরূপভাবে স্বামী-স্ত্রী পরস্পরকে উত্তেজনার সাথে স্পর্শ করলে ওষু নষ্ট হবে একথার পক্ষেও নির্ভরযোগ্য কোন দলীল নেই। বরং নবী (ছাঃ) কখনো তাঁর স্ত্রীদের কাউকে চুম্বন করতেন অতঃপর নামায পড়তে যেতেন কিন্তু ওষু করতেন না। (মুসলিম) উল্লেখিত মাসআলা দু'টি সম্পর্কে শায়খ সালাহ ফাওয়ান বলেন: বিষয় দুটো বিদ্বানদের মাঝে মতভেদপূর্ণ। তিনি ইঙ্গিত দিয়েছেন যে এসব ক্ষেত্রে ওষু ভঙ্গ হওয়ার পক্ষে নির্ভরযোগ্য দলীল নেই। তবে তিনি বলেন, মতভেদ থেকে বাঁচার জন্যে যদি ওষু করে নেয় তবে তা উত্তম হবে। (মুলাখাস ফেক্বী ১/৬১-৬২) (আব্বাহ্ অধিক জ্ঞান রাখেন) -অনুবাদক

সুস্থ হয়ে গেছে। **তায়াম্মুমের সুনাতঃ** বড় নাপাকী থেকে তায়াম্মুম করলে ধারাবাহিকতা রক্ষা করা ও পরস্পর করা সুনাত। ২) নামাযের শেষ সময়ে তায়াম্মুম করা। ৩) তায়াম্মুম শেষ করে ওয়ূর দু'আ পাঠ করা। **তায়াম্মুমের মাকরুহ বিষয়ঃ** বারবার মাটিতে হাত মারা।

তায়াম্মুমের পদ্ধতিঃ প্রথমে নিয়ত করে 'বিসমিল্লাহ্' বলবে, তারপর দু'হাত পবিত্র মাটিতে একবার মারবে। অতঃপর প্রথমে দু'হাতের করতল দিয়ে দাড়িসহ সম্পূর্ণ মুখমণ্ডল মাসেহ করবে। তারপর দু'হাত মাসেহ করবে। প্রথমে বাম হাতের করতল দিয়ে ডান হাতের উপর অংশ কজি পর্যন্ত মাসেহ করবে, শেষে ডান হাতের করতল দিয়ে বাম হাতের উপর অংশ কজি পর্যন্ত মাসেহ করবে।

অপবিত্র বস্তু দূর করাঃ অপবিত্র বস্তু তিনভাগে বিভক্ত: **চতুষ্পদ প্রাণী**। এগুলো আবার দু'ভাগে বিভক্ত: **১) নাপাক প্রাণী**। যেমন: কুকুর, শুকর এবং তাদের সংশ্লিষ্ট অন্যান্য বস্তু। যে সমস্ত পাখির গোস্ত হারাম ও বিড়ালের চাইতে বড় যে সমস্ত যন্ত্র-জানোয়ার। এ সমস্ত প্রাণীর পেশাব, গোবর, লালা, ঘাম, বীর্য, দুধ, শ্লেষা এবং বমি সব কিছু নাপাক। **২) পবিত্র প্রাণী**। এগুলো তিনভাগে বিভক্ত: **ক) মানুষ**। মানুষের বীর্য, ঘাম, থুথু, দুধ, শ্লেষা, কফ, নারীর যৌনাস্রবের সাধারণ (পানি) সিজ্ততা প্রভৃতি পাক-পবিত্র। অনুরূপভাবে মানুষের শরীরের যাবতীয় অংশ ও অতিরিক্ত বিষয় পবিত্র। মানুষের শুধুমাত্র পেশাব, পায়খানা, ময়ী, ওয়াদী, এবং রক্ত নাপাক। **খ) গোস্ত খাওয়া হালাল এমন সকল প্রাণী**। এগুলোর পেশাব, গোবর, লালা, ঘাম, বীর্য, দুধ, শ্লেষা এবং বমি সব কিছু পাক-পবিত্র। **গ) গোস্ত খাওয়া হারাম কিন্তু তা থেকে দূরে থাকা কঠিন**। যেমন, গাধা, বিড়াল, হাঁদুর ইত্যাদি। এগুলোর শুধুমাত্র থুথু বা মুখের লালা ও ঘাম পবিত্র।

মৃত প্রাণীঃ মানুষ ব্যতীত যাবতীয় মৃত প্রাণী অপবিত্র। তাছাড়া মাছ, ফড়িং এবং রক্ত নেই এমন পোকা-মাকড় যেমন বিচ্ছু, পিঁপড়া, মশা, মাছি ইত্যাদি পবিত্র।

জড় পদার্থঃ এগুলো সবই পবিত্র। যেমন, মাটি, পাথর প্রভৃতি।

উপকারিতাঃ * রক্ত, পুঁজ বা ফোঁড়া থেকে নির্গত দূষিত রস প্রভৃতি অপবিত্র। অবশ্য পবিত্র প্রাণী থেকে বের হয়ে এগুলোর সামান্য বস্তু যদি গায়ে লাগে তবে নামায প্রভৃতি অবস্থায় তাতে কোন ক্ষতি হবে না। * দু'প্রকার রক্ত পবিত্র: **১) মাছ** **২) শরীয়তী** পদ্ধতিতে যবেহকৃত প্রাণীর গোস্তের মধ্যে এবং রগের মধ্যে যে রক্ত থাকে তা। * গোস্ত খাওয়া হালাল এমন প্রাণীর কোন অংশ জীবিত অবস্থায় কেটে ফেলা হলে তা নাপাক। এমনিভাবে জমাট রক্ত ও মুয়গা বা মাংসের আকার ধারণকারী স্রব যদি গর্ভ থেকে পতিত হয়ে যায়, তবে তা নাপাক। * নাপাকী দূরীকরণের জন্য নিয়তের দরকার নেই। যদি বৃষ্টি প্রভৃতির মাধ্যমে দূর হয়ে যায়, তবে তা পবিত্র হয়ে যাবে। * নাপাক বস্তু হাত দ্বারা স্পর্শ করলে বা তার উপর দিয়ে হেঁটে গেলে ওয়ূ নষ্ট হবে না। তবে তা ধুয়ে ফেলা এবং শরীর বা কাপড়ের যে স্থানে লাগে তা দূর করা আবশ্যিক।

* নাপাক বস্তু কয়েকটি শর্তের ভিত্তিতে পবিত্র করতে হবে: **১) পবিত্র পানি দিয়ে তাকে ধুয়ে ফেলতে হবে।** **২) পানি থেকে বের করে কাপড় ইত্যাদি বস্তু চিপে নিবে।** **৩) শুধুমাত্র ধুয়ে নাপাকী দূর না হলে মর্দন করে উঠাবে।** **৪) কুকুরের মুখ দেয়া নাপাকী সাতবার ধৌত করতে হবে অষ্টমবার মাটি বা সাবান দিয়ে ধৌত করবে।**

কয়েকটি সতর্কতাঃ * নাপাকী যদি মাটির উপর তরল জাতীয় হয়, তবে তার উপর পানি ঢেলে দেয়াই যথেষ্ট, যাতে করে তার রং ও গন্ধ দূর হয়ে যায়। কিন্তু নাপাকী প্রত্যক্ষ বস্তু জাতীয় হলে, যেমন: পায়খানা, তবে মূল বস্তু এবং তার চিহ্ন দূর করা আবশ্যিক। * নাপাকী যদি এমন হয় যা পানি ছাড়া দূর করা সম্ভব নয়, তবে তা পানি দিয়েই দূর করা আবশ্যিক। * কোন জায়গায় নাপাকী আছে তা যদি জানা না থাকে, তবে যে স্থান ধুলে মনে নিশ্চয়তা আসবে, সে স্থানই ধৌত করবে। * কোন মানুষ নফল নামায পড়ার নিয়তে ওয়ূ করলে তা দ্বারা ফরয নামাযও পড়া যাবে। * নিদ্রা গেলে বা বায়ু নির্গত হলে ইস্তেন্জা করার দরকার নেই। কেননা বায়ু নাপাক বস্তু নয়। তবে নামাযের ইচ্ছা করলে তখন ওয়ূ করা আবশ্যিক।

নারীদের স্বাভাবিক শ্রাবঃ (হায়েয ও ইস্তেহাজা)

মাসআলাঃ	হুকুমঃ
ঋতুর জন্য নারীর সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়সঃ	সর্বনিম্ন বয়স হচ্ছে, নয় বছর। এই বয়সের কমে যদি শ্রাব দেখা যায়, তবে তা ইস্তেহাজা ^১ হিসেবে গণ্য হবে। কিন্তু সর্বোচ্চ বয়সের কোন সীমা নেই।
সর্বনিম্ন কতদিন হায়েয চলতে পারেঃ	একদিন এক রাত (২৪ ঘন্টা) এই সময়ের কম সময় হলে তা ইস্তেহাজা হিসেবে গণ্য হবে।
সর্বোচ্চ কতদিন হায়েয চলতে পারেঃ	পনের দিন। নির্গত শ্রাব যদি এই সময়ের চাইতে বেশী প্রবাহিত হয়, তবে তা ইস্তেহাজা হিসেবে গণ্য হবে।
দু'ঋতুর মধ্যবর্তী কতদিন পবিত্র থাকতে পারেঃ	তের দিন। এই সময়সীমা পূর্ণ হওয়ার আগে শ্রাব দেখা দিলে তা ইস্তেহাজা হিসেবে গণ্য হবে।
অধিকাংশ নারীর হায়েযের দিন হচ্ছেঃ	ছয় দিন বা সাত দিন।
অধিকাংশ নারীর পবিত্রতার দিন হচ্ছেঃ	তেইশ দিন বা চব্বিশ দিন।
গর্ভাবস্থায় রক্ত দেখা গেলে কি তা হায়েয হিসেবে গণ্য হবে?	গর্ভবতী নারী থেকে যা কিছু নির্গত হয়- রক্ত, কুদরা ^২ বা ছুফরা ^৩ - সবকিছু ইস্তেহাজা হিসেবে গণ্য হবে।
ঋতুবতী কিভাবে জানতে পারবে যে সে পবিত্র হয়েছে?	দু'ভাবে নারীরা তা জানতে পারবে: ক) যদি কাছছা বাইয়া ^৪ নির্গত হতে দেখে তবে বুঝবে পবিত্র হয়ে গেছে। খ) কাছছা বাইয়া দেখতে না পেলে যদি লজ্জাস্থানে শুষ্কতা অনুভব করে এবং রক্ত, কুদরা ও ছুফরার কোন চিহ্ন দেখতে না পায়, তবে মনে করবে পবিত্র হয়ে গেছে।
পবিত্রাবস্থায় নারীর জরায়ু থেকে যে তরল পদার্থ বের হয় তার হুকুমঃ	যদি পাতলা অথবা সাদা আঠাল জাতীয় হয়, তবে তা পবিত্রতার অন্তর্ভুক্ত। যদি রক্ত বা কুদরা বা ছুফরা নির্গত হয়, তবে তা নাপাক। কিন্তু এ সবকিছুই ওয়ু ভঙ্গের কারণ। যদি সর্বদা নির্গত হতে থাকে তবে তা ইস্তেহাজা হিসেবে গণ্য হবে।
লজ্জাস্থান থেকে কুদরা ও ছুফরা বের হলেঃ	যদি হায়েযের সাথে মিলিত হয়ে তার আগে বা পরে বের হয়, তবে তা হায়েয হিসেবে গণ্য হবে। কিন্তু বিচ্ছিন্নভাবে বের হলে তা ইস্তেহাজা।
কারো প্রত্যেক মাসের দিন নির্দিষ্ট আছে, কিন্তু নির্দিষ্ট সময়ের পূর্বেই যদি পবিত্র হয়ে যায়ঃ	তবে রক্ত বন্ধ হয়ে পবিত্রতার চিহ্ন দেখতে পেলে পবিত্রতার হুকুম প্রযোজ্য হবে- যদিও তার হায়েযের স্বাভাবিক নির্দিষ্ট দিন সমূহ শেষ না হয়।
স্বাভাবিক নির্দিষ্ট সময়ের পূর্বে বা পরে হায়েয আসাঃ	রক্ত শ্রাব আসলে যদি হায়েযের পরিচিত বৈশিষ্ট্য তাতে পরিলক্ষিত হয়, তবে যে কোন সময় তা নির্গত হোক হায়েয বা ঋতু হিসেবে গণ্য হবে। তবে শর্ত হচ্ছে, দু'হায়েযের মধ্যবর্তী সময় যেন (পবিত্রতার সর্বনিম্ন সময়) তের দিনের বেশী হয়। অন্যথা তা ইস্তেহাজা হিসেবে গণ্য হবে।
হায়েয স্বাভাবিক নির্দিষ্ট দিনের কম বা বেশী হলেঃ	কম হোক বা বেশী হোক তা হায়েয হিসেবেই গণ্য হবে। তবে শর্ত হচ্ছে, যেন হায়েযের সর্বোচ্চ সীমা পনের দিনের বেশী না হয়।
কোন নারীর শ্রাব যদি পূর্ণ একমাস বা ততোধিক দীর্ঘ সময় ধরে চলতে থাকেঃ	এধরণের নারীর চারটি অবস্থাঃ ১) বিগত মাসের ঋতুর সময় ও দিন সম্পর্কে অবগত আছে তখন সে পূর্বের দিন ও সময় অনুযায়ী আমল করবে। রক্তের গুণাগুণে পার্থক্য থাক বা না থাক সে দিকে লক্ষ্য করবে না। ৩) বিগত মাসের ঋতুর সময় সম্পর্কে অবগত আছে, কিন্তু কতদিন ছিল তা জানে না। তখন অধিকাংশ নারীর যে কয়দিন ঋতু হয় সে অনুযায়ী ছয় দিন বা সাত দিন ঋতু গণনা করবে। ৪) বিগত মাসে কত দিন ঋতু ছিল সে সম্পর্কে অবগত আছে কিন্তু সময় কখন ছিল তা জানে না, সে ক্ষেত্রে প্রত্যেক চন্দ্র মাসের প্রথম উক্ত দিন সমূহ ঋতু হিসেবে গণনা করবে।

^১ . হায়েযঃ সৃষ্টাবস্থায় সন্তান ভূমিষ্ট হওয়ার কারণ ছাড়া সৃষ্টিগতভাবে নারীর গর্ভাশয় থেকে যে স্বাভাবিক রক্ত শ্রাব হয় তাকে হায়েয বলে। ইস্তেহাজাঃ অসুস্থতার কারণে নারীর গর্ভাশয় থেকে নির্গত নষ্ট রক্তকে বা অনিয়মিত ঋতু শ্রাবকে ইস্তেহাজা বলা হয়। হায়েয এবং ইস্তেহাজার মধ্যে পার্থক্যঃ ১) হায়েয বা ঋতুর রক্ত গাঢ় কৃষ্ণবর্ণ কিন্তু ইস্তেহাজার রক্ত উজ্জল লাল- যেন উহা নাক থেকে নির্গত রক্ত। ২) ঋতুর রক্ত মোটা, কখনো টুকরা টুকরা আকারে বের হয়। কিন্তু ইস্তেহাজার রক্ত পাতলা যেন যখন থেকে রক্ত বের হচ্ছে। ৩) হায়েযের রক্তে অধিকাংশ ক্ষেত্রে উৎকট দুর্গন্ধ থাকে। কিন্তু ইস্তেহাজায় সাধারণ রক্তের মত গন্ধ থাকে। হায়েয অবস্থায় যা হারামঃ ঋতুবতীর জন্য নামায-রোযা, কা'বা ঘরের তওয়াফ, মসিজদে অবস্থান, কুরআন স্পর্শ ও তেলাওয়াত, স্বামীর সাথে সহবাস এবং ঋতু অবস্থায় তালাক দেয়া হারাম। আর ইস্তেহাজা থাকলে এগুলো কোনটাই হারাম নয়।

^২ . নারীর জরায়ু থেকে গাঢ় বাদামী রংয়ের যে রক্ত বের হয় তাকে 'কুদরা' বলে।

^৩ . নারীর জরায়ু থেকে হলদে রংয়ের যে রক্ত বের হয় তাকে 'ছুফরা' বলে।

^৪ . হায়েয শেষে পবিত্রতার সময় নারীর জরায়ু থেকে যে সাদা তরল পদার্থ বের হয় তাকে 'কাছছা বাইয়া' বলে। এটি পবিত্র কিন্তু বের হলে ওয়ু করা আবশ্যিক।

নারীদের স্বাভাবিক স্রাবঃ (নেফাস)

মাসআলাঃ	হুকুমঃ
নারীর সন্তান ভূমিষ্ট হয়েছে কিন্তু রক্তের কোন চিহ্ন নেইঃ	তখন নেফাসের হুকুম প্রজোয্য হবে না। গোসল করাও ওয়াজিব নয় এবং নামায রোযাও ছাড়ার দরকার নেই।
যদি সন্তান ভূমিষ্ট হওয়ার চিহ্ন দেখতে পায়ঃ	সন্তান ভূমিষ্টের বেশ আগে যদি রক্ত বা পানি নির্গত হতে দেখে, তবে তা নেফাসের অন্তর্গত হবে না। তখন তা ইস্তেহাজা হিসেবে গণ্য হবে।
সন্তান ভূমিষ্টের সময় যে রক্ত বের হয়ঃ	এটা হচ্ছে নেফাসের রক্ত। এসময় যদিও সন্তান বের হয়নি বা সামান্য বের হয়েছে। এসময় ছুটে যাওয়া নামাযের কাযা করা ওয়াজিব নয়।
কখন নেফাসের জন্য দিন গণনা শুরু করবে?	সন্তান পূর্ণরূপে ভূমিষ্ট হওয়ার পর থেকে।
নেফাসের সর্বনিম্ন সময় কত দিন?	এর সর্বনিম্ন কোন সীমা নেই। সন্তান ভূমিষ্ট হওয়ার পরপরই যদি স্রাব বন্ধ হয়ে যায়, তবে গোসল করে নামায ইত্যাদি আদায় করা ওয়াজিব।
নেফাসের সর্বোচ্চ সময় কত দিন?	চল্লিশ দিন। এর বেশী হলে তার প্রতি সন্দেহ করা হবে না। তখন গোসল করে নামায ইত্যাদি আদায় করা ওয়াজিব। কিন্তু গর্ভধারণের পূর্বের ঋতুর নিয়ম অনুযায়ী যদি স্রাব দেখা যায়, তবে তা ঋতু হিসেবে গণ্য করবে।
যে নারী জমজ বা ততোধিক সন্তান প্রসব করেঃ	প্রথম সন্তান ভূমিষ্ট হওয়ার পর থেকে থেকেই নেফাসের সময় গণনা শুরু করবে।
অকাল প্রসূত জ্ঞপতিত হওয়ার পর স্রাবঃ	জ্ঞপের বয়স যদি আশি দিন বা তার চাইতে কম হয়, তবে নির্গত রক্ত ইস্তেহাজা হিসেবে গণ্য হবে। কিন্তু নব্বই দিনের পর পতিত হলে, তা নেফাসের স্রাব হিসেবে গণ্য হবে। কিন্তু আশি ও নব্বই দিনের মধ্যবর্তী সময়ে গর্ভপাত হলে, জ্ঞপের আকৃতির উপর হুকুম নির্ভর করবে। যদি জ্ঞপে মানুষের আকৃতি দেখা যায়, তবে তা নেফাস হিসেবে গণ্য হবে। অন্যথায় ইস্তেহাজা গণ্য করবে।
চল্লিশ দিন শেষ হওয়ার পূর্বে পবিত্র হয়ে পুনরায় যদি স্রাব দেখা যায়ঃ	চল্লিশ দিনের মধ্যে নারী যে পবিত্রতা দেখতে পায় তা পবিত্রতা হিসেবেই গণ্য হবে। তখন গোসল করে নামায ইত্যাদি আদায় করবে। কিন্তু চল্লিশ দিন পূর্ণ হওয়ার পূর্বে যদি পুনরায় স্রাব দেখা যায়, তখন তা নেফাস হিসেবে গণ্য করবে। আর এই নিয়মে চল্লিশ দিন পূর্ণ করবে।

সতর্কতাঃ

- ★ ইস্তেহাজা হলে নামায-রোযা আদায় করা ওয়াজিব কিন্তু প্রত্যেক নামাযের সময় ওয়ু করা আবশ্যিক।
- ★ সূর্যাস্তের পূর্বে হায়েয বা নেফাস থেকে পবিত্র হলে, সে দিনের যোহর ও আছর নামায আদায় করা তার উপর আবশ্যিক। অনুরূপভাবে ফজরের পূর্বে পবিত্র হলে সে রাতের মাগরিব ও এশা নামায আদায় করা আবশ্যিক।
- ★ নামাযের সময় হওয়ার পর নামায পড়ার পূর্বে যদি নারীর হায়েয বা নেফাস শুরু হয়, তবে উক্ত নামায কাযা আদায় করতে হবে না।
- ★ হায়েয বা নেফাস থেকে পবিত্র হলে গোসল করার সময় চুলের খোপা খোলা আবশ্যিক। কিন্তু বড় নাপাকীর গোসলে খোপা খোলা আবশ্যিক নয়।
- ★ হায়েয ও নেফাস হলে যৌনাঙ্গে সহবাস করা হারাম। যৌনাঙ্গ ব্যতীত অন্যান্যভাবে আনন্দ-বিনোদন করা জায়েয।
- ★ ইস্তেহাজা থাকলে যৌনাঙ্গে সহবাস করা মাকরুহ। কিন্তু স্বামী বিশেষ প্রয়োজন মনে করলে সহবাস করতে পারে।
- ★ ইস্তেহাজা থাকলে প্রত্যেক নামাযের পূর্বে গোসল করা মুস্তাহাব। যদি অক্ষম হয়, তবে এক গোসলের মাধ্যমে দু'নামায যোহর ও আছর এবং আরেক গোসলে মাগরিব ও এশা নামায একত্রিত আদায় করবে। আর ফজরের জন্য পৃথক গোসল করবে। দিন-রাতে পাঁচ ওয়াজ নামাযের জন্য তিনবার গোসল করবে। এতেও যদি অক্ষম হয়, তবে একবার গোসল করবে আর প্রতি ওয়াজ নামাযের পূর্বে ওয়ু করবে। একরূপ করতেও যদি অপারগ হয়, তবে হায়েয থেকে গোসল করার পর প্রত্যেক নামাযের জন্য আলাদা আলাদাভাবে ওয়ু করবে।
- ★ সাময়িকভাবে রক্তস্রাব বন্ধ করার জন্য ঔষধ ব্যবহার করা নারীর জন্য জায়েয। বিশেষ করে হজ্জ-ওমরার কার্যাদী পূর্ণ করার জন্য বা রামাযানের ছিয়াম পূর্ণ করার জন্য। কিন্তু শর্ত হচ্ছে ঔষধ যেন শারীরিক ক্ষতির কারণ না হয়।

আযান ও ইকামতঃ মুকীম অবস্থায় পুরুষদের জন্য আযান ও ইকামত প্রদান করা ফরযে কেফায়ী। আর একক নামাযী ও মুসাফিরের জন্য সুন্নাত। নারীদের জন্য মাকরুহ। সময় হওয়ার পূর্বে আযান ও ইকামত প্রদান করা জায়েয নয়। তবে মধ্যরাতের পর ফজরের প্রথম আযান (তাহাজ্জুদের আযান) প্রদান করা জায়েয।

নামাযের শর্ত সমূহঃ ১) ইসলাম ২) জ্ঞান থাকা ৩) ভাল-মন্দ পার্থক্য করার জ্ঞান থাকা ৪) সাধ্যানুযায়ী পবিত্রতা অর্জন করা ৫) নামাযের সময় হওয়া; **যোহর নামাযের সময়ঃ** সূর্য পশ্চিমাকাশে ঢলে যাওয়ার পর থেকে শুরু হয় এবং অবশিষ্ট থাকে (সূর্য ঢলার পর) কোন বস্তুর ছায়া তার বরাবর হওয়া পর্যন্ত। **আসরের নামাযের সময়ঃ** কোন বস্তুর ছায়া তার বরাবর হওয়ার পর থেকে শুরু হয় এবং উহা দ্বিগুণ হওয়া পর্যন্ত বাকী থাকে। এটা হল আসর নামাযের উত্তম সময়। বিশেষ প্রয়োজনে সূর্যাস্ত পর্যন্ত এ নামায পড়া যাবে। **মাগরিবের সময়ঃ** সূর্যাস্তের পর থেকে শুরু হয় এবং পশ্চিমাকাশে লাল রেখা অস্তমিত হওয়া পর্যন্ত প্রলম্বিত থাকে। **এশার সময়ঃ** পশ্চিমাকাশে লাল রেখা অস্তমিত হওয়ার পর থেকে অর্ধরাত্রি পর্যন্ত এ নামাযের সময় প্রলম্বিত। রাতের এক তৃতীয়াংশ অতিবাহিত হওয়ার পর যদি এ নামায আদায় করা সম্ভব হয় তবে তা উত্তম। বিশেষ প্রয়োজনে এ নামায সুবহে ছাদেক পর্যন্ত পড়া যায়। **ফজর নামাযের সময়ঃ** সুবহে সাদেক (পূর্বাকাশে সাদা রেখা) উদিত হওয়ার পর থেকে সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত। ৬) সাধ্যানুযায়ী এমন পোশাকে সতর ঢাকা যাতে শরীরের চামড়া দেখা না যায়। দশ বা ততোর্ধ বয়সের পুরুষের জন্য সতর হচ্ছে নাভী থেকে হাঁটু পর্যন্ত। আর স্বাধীন প্রাপ্ত বয়স্ক নারীর মুখমণ্ডল এবং কজ্জি পর্যন্ত দু'হাত ছাড়া সমস্ত শরীর সতর। ৭) সাধ্যানুযায়ী শরীর, পোশাক এবং নামাযের স্থানকে নাপাকী থেকে পবিত্র করা। ৮) সাধ্যানুযায়ী কিবলামুখী হওয়া ৯) নিয়ত করা।

নামাযের রুকনঃ নামাযের রুকন ১৪টি। ১. ফরয নামাযের ক্ষেত্রে সামর্থ থাকলে দন্ডায়মান হওয়া। ২. তাকবীরে তাহরীমা। ৩. সূরা ফাতেহা পাঠ করা। ৪. প্রত্যেক রাকাতে রুকু' করা। ৫. রুকু' হতে উঠা। ৬. রুকু' থেকে উঠে সোজা হয়ে দাঁড়ানো। ৭. সাতটি অঙ্গের উপর সিজদা করা। ৮. দুই সিজদার মাঝে বসা। ৯. শেষ তাশাহহুদের জন্য বসা। ১০. শেষোক্ত তাশাহহুদ পাঠ করা। ১১. শেষ তাশাহহুদে নবী (সাঃ) এর উপর দরুদ পাঠ করা। ১২. দু'টি সালাম দেওয়া। ১৩. সমস্ত রুকুন আদায়ে ধীরস্থিরতা অবলম্বন করা। ১৪. ধারাবাহিকতা ঠিক রাখা।

এই রুকনগুলো ছাড়া নামায বিশুদ্ধ হবে না। ইচ্ছাকৃত বা অনিচ্ছাকৃত কোন একটি রুকন ছুটে গেলে নামায বাতিল হয়ে যাবে।

নামাযের ওয়াজিবঃ নামাযের ওয়াজিব ৮টিঃ ১. তাকবীরে তাহরীমা ব্যতীত সমুদয় তাকবীর। ২. রুকু'তে একবার 'সুবহানা রাব্বিয়াল আযীম' বলা। ৩. 'সামি আল্লাহলিমান হামিদাহ্' বলা ইমাম এবং একক ব্যক্তির জন্য। ৪. 'রাব্বানা লাকাল হামদু' বলা ইহা সকলের ক্ষেত্রে প্রযোজ্য। ৫. সিজদায় একবার 'সুবহানা রাব্বিয়াল আলা' বলা। ৬. দু'সিজদার মাঝে 'রাব্বগফেরলী' বলা। ৭. প্রথম তাশাহহুদের জন্য বসা। ৮. প্রথম তাশাহহুদ পাঠ করা।

এই ওয়াজিব কাজগুলোর কোন একটি ইচ্ছাকৃতভাবে ছেড়ে দিলে নামায বাতিল হয়ে যাবে। কিন্তু ভুলক্রমে ছুটে গেলে সাহ্ সিজদা দিতে হবে।

নামাযের সুন্নাতঃ সুন্নাত দু'প্রকারঃ কর্মগত সুন্নাত, মৌখিক সুন্নাত। সুন্নাত পরিত্যাগ করার কারণে নামায বাতিল হয় না- যদিও ইচ্ছাকৃতভাবে পরিত্যাগ করে।

মৌখিক সুন্নাতঃ ছানার দু'আ পাঠ করা, আউযুবিল্লাহ-বিসমিল্লাহ পাঠ করা, আমীন বলা এবং উচ্চৈঃকণ্ঠের নামাযে জোরে বলা, ফাতিহার পর সহজসাধ্য স্থান থেকে কুরআনের কিছু আয়াত পাঠ করা, ইমাম হলে জোরে কিরাত পাঠ করা (মুজাদীর জোরে কিরাত নিষেধ, একক ব্যক্তি স্বাধীন), 'রাব্বানা লাকাল হামদু' বলার পর 'হামদান্ কাছীরান্ তাইয়েবান্ মুবারাকান্ ফীহ মিল্আস্ সামাওয়াতি ওয়া মিল্আল্ আরযি..' পাঠ করা। সিজদাহ্ ও রুকু'তে একবারের বেশী তাসবীহ বলা, সালামের পূর্বে দু'আ মাছুরা পাঠ করা।

কর্মগত সুন্নাতঃ দাঁড়ানো অবস্থায় ডান হাত বাম হাতের উপর রেখে বুকের উপর ধারণ করা।

তাকবীরে তাহরীমা, রুকু'তে যাওয়া, রুকু' থেকে উঠা এবং প্রথম তাশাহুদ থেকে উঠে তৃতীয় রাকাতে দন্ডায়মান হওয়ার সময় রফউল ইয়াদায়ন করা। সিজদার স্থানে তাকানো। দন্ডায়মান অবস্থায় দু'পায়ের মাঝে ফাঁক রাখা। সিজদায় যাওয়ার সময় প্রথমে দু'হাটু, অতঃপর দু'হাত, অতঃপর কপাল এবং নাক মাটিতে রাখা।^১ দু'পার্শ্বদেশ হতে উভয় বাহুকে, পেটকে দু'রান থেকে এবং দু'রানকে পায়ের নলা থেকে পৃথক রাখা, দু'হাতকে দু'হাটু থেকে পৃথক রাখা, পিছনে দু'পাকে মিলিয়ে খাড়া রাখা এবং আঙ্গুল সমূহের নিম্নভাগ মাটির সাথে লাগিয়ে রাখা, দু'হাতের আঙ্গুল সমূহ একত্রিত করে কাঁধ বরাবর করতল বিছিয়ে রাখা। সিজদা থেকে দাঁড়ানোর সময় দু'হাত দিয়ে দু'হাটুর উপর ভর দিয়ে দাঁড়ানো।^২ দু'সিজদার মাঝে এবং প্রথম তাশাহুদে 'ইফতেরাশ'^৩ করা এবং শেষ তাশাহুদে 'তাওয়াররুক' করা। দু'সিজদার মাঝে এবং তাশাহুদে বসার সময় দু'হাতের আঙ্গুলগুলো পরস্পর মিলিত রেখে হাত দু'টিকে দু'রানের উপর বিছিয়ে রাখা। তবে ডান হাতকে কনিষ্ঠা ও অনামিকা দ্বারা মুষ্টিবদ্ধ করে মধ্যমা ও বৃদ্ধাঙ্গুল দ্বারা গোলাকৃতি করবে এবং তর্জনী আঙ্গুল খাড়া রেখে দু'আ ও আল্লাহর একত্ববাদের সাক্ষ্য দেয়ার সময় তা দ্বারা ইশারা করবে। আর সালাম দেয়ার সময় ডান দিকে ও বাম দিকে তাকাবে, প্রথমে ডান দিকে তাকাবে।

সাহু সিজদাঃ শরীয়ত সম্মত কোন কথা যদি এমন সময় পাঠ করে, যেখানে পাঠ করার অনুমতি নেই, তবে সে কারণে সাহু সিজদা করা সূনাত। যেমন সিজদায় গিয়ে কুরআন পাঠ করল। নামাযের কোন সূনাত পরিত্যাগ করলে সাহু সিজদা করা জায়েয। কিন্তু কয়েকটি স্থানে সাহু সিজদা করা ওয়াজিব: যেমন যদি রুকু' বা সিজদা বা ক্বিয়াম বা বসা বৃদ্ধি করে অথবা নামায শেষ করার পূর্বেই সালাম ফিরিয়ে দেয়, অথবা এমন কোন ভুল উচ্চারণ করে যাতে অর্থ পরিবর্তন হয়ে যায় বা কোন ওয়াজিব ছুটে যায় অথবা কোন কাজ বেশী হয়ে গেল এরূপ সন্দেহ হয়। সাহু সিজদা ওয়াজেব হওয়ার পর ইচ্ছাকৃতভাবে তা ছেড়ে দিলে নামায বাতিল হয়ে যাবে।

দু'টি সিজদা প্রদানের মাধ্যমে সাহু সিজদা করতে হয়। সাহু সিজদা সালামের পূর্বেও দেয়া যায় পরেও দেয়া যায়। সাহু সিজদা করতে যদি ভুলে যায় এবং দীর্ঘ সময় পার হয়ে যায়, তবে তা রহিত হয়ে যাবে।

নামাযের পদ্ধতিঃ নামাযের জন্য কিবলামুখী হয়ে দন্ডায়মান হবে। বলবে (আল্লাহু আকবার) ইমাম এই তাকবীর এবং পরবর্তী সমস্ত তাকবীর মুক্তাদীদের শোনানোর জন্য জোরে বলবে, অন্যরা নীরবে বলবে। তাকবীর শুরু করার সময় দু'হাত দু'কাঁধ বরাবর উত্তোলন করবে, তারপর ডান হাত দিয়ে বাম হাতের কজিকে আঁকড়ে ধরবে এবং তা বুকের উপর স্থাপন করবে। দৃষ্টি থাকবে সিজদার স্থানে। তারপর হাদীছে প্রমাণিত যে কোন একটি ছানা পাঠ করবে। যেমন: **سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ وَلَا إِلَهَ غَيْرُكَ** 'সুবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা ওয়া তাবারাকাসমুকা ওয়া তা'আলা জাদ্দুকা ওয়া লা-ইলাহা গাইরুকা। অর্থঃ "হে আল্লাহ! তুমি অতি পবিত্র, যাবতীয় প্রশংসা তোমারই প্রাপ্য। তোমার নাম বরকতময়, তোমার মহত্ত্ব ও সম্মান সুউচ্চ। তুমি ছাড়া ইবাদতের যোগ্য কোন উপাস্য নেই।" এরপর আউযুবিল্লাহ্.. ও বিসমিল্লাহ্.. পাঠ করবে। (এগুলো নীরবে বলবে) তারপর ফাতিহা পাঠ করবে, মুক্তাদীর জন্য

^১ . শায়খ আলবানী লিখেছেনঃ হাটু রাখার পূর্বে হাত রাখবে। এটাই সূনাত সম্মত। কেননা অন্য একটি ছহীহ হাদীছে বর্ণিত হয়েছেঃ তিনি ﷺ মাটিতে হাটু রাখার পূর্বে হস্তদ্বয় রাখতেন। (ইবনু খুযায়মা, দারাকুতনী। হাকিম হাদীছটি বর্ণনা করে তা ছহীহ বলেন ও যাহাবী তাতে একমত পোষণ করেন) হাটুর আগে হাত রাখার ব্যাপারে একমত পোষণ করেছেন, ইমাম মালেক। ইমাম আহমাদও অনুরূপ মত পোষণ করেছেন। মারওয়ানী (মাসায়েল গ্রন্থে) ছহীহ সনদে ইমাম আওয়যায়ঈ থেকে বর্ণনা করেন। তিনি বলেন, 'আমি লোকদেরকে পেয়েছি তারা হাটু রাখার আগে হাত রাখতেন।' - অনুবাদক।

^২ . প্রথম রাকাত শেষ করে দ্বিতীয় রাকাত দাঁড়ানোর পূর্বে জালসা ইস্তেরাহা করা সূনাত। অর্থাৎ প্রথম রাকাতের দ্বিতীয় সিজদা থেকে উঠে সামান্য একটু আরাম করে বসে তারপর দ্বিতীয় রাকাতের জন্য দাঁড়ানো। (দ্রঃ ছহীহ বুখারী, অধ্যায়ঃ আযান, হা/ ৭৮০) বুখারীর বর্ণনায় পাওয়া যায়, রাসূলুল্লাহু ﷺ দ্বিতীয় রাকাতের জন্য দাঁড়ানোর সময় দু'হাত দ্বারা মাটিতে ভর দিয়ে উঠতেন। [দ্রঃ ছিফাতুছ ছালাত- আলবানী পৃ: ১৫৪ আরবী]

^৩ . ডান পা খাড়া রেখে বাম পায়ের উপর বসাকে 'ইফতেরাশ' বলা হয়। আর বাম পাকে ডান পায়ের নীচে দিয়ে বের করতঃ বাম পাছা দিয়ে যমিনে খেবড়ে বসাকে 'তাওয়াররুক' বলা হয়।

পাঠ করবে। অতঃপর শেষ তাশাহুদে তাওয়াররুক করে বসবে। বাম পাকে ডান পায়ের নীচে দিয়ে বের করতঃ বাম নিতম্ব দিয়ে যমিনে খেবড়ে বসাকে ‘তাওয়াররুক’ বলা হয়। (যে নামাযে দু’বার তাশাহুদ আছে, তার শেষ তাশাহুদে তাওয়াররুক করবে।) তারপর প্রথমে যে তাশাহুদ পাঠ করেছিল তা পাঠ করবে এবং দরুদ পাঠ করবে:

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ
اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

আল্লাহুমা সাল্লি আলা মুহাম্মাদ ওয়ালা আলি মুহাম্মাদ, কামা সাল্লায়তা আলা ইবরাহীমা ওয়া আলা আলি ইবরাহীমা, ইন্না কা হামীদুম মাজীদ। আল্লাহুমা বারিক আলা মুহাম্মাদ ওয়ালা আলি মুহাম্মাদ, কামা বারাকতা আলা ইবরাহীমা ওয়া আলা আলি ইবরাহীমা, ইন্না কা হামীদুম মাজীদ।

অর্থঃ ‘হে আল্লাহ! তুমি মুহাম্মাদ (সাঃ) ও তাঁর পরিবারের উপর ঐরূপ রহমত নাযিল কর যেরূপ নাযিল করেছিলে ইবরাহীম (আঃ) ও তাঁর পরিবারের উপর, নিশ্চয় তুমি প্রশংসনীয় ও সম্মানিত। হে আল্লাহ! তুমি মুহাম্মাদ (সাঃ) ও তাঁর পরিবারের উপর বরকত নাযিল কর যেমনটি বরকত নাযিল করেছিলে ইবরাহীম (আঃ) ও তাঁর পরিবারের উপর, নিশ্চয় তুমি প্রশংসনীয় ও সম্মানিত। এরপর এই দু’আটি পাঠ করা সুন্নাত:

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ وَمِنْ عَذَابِ النَّارِ وَمِنْ فَتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ وَمِنْ فَتْنَةِ الْمَسِيحِ الدَّجَالِ
উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী আউযুবিকা মিন আযাবিল কাবরি ওয়ামিন আযাবিন্ নার, ওয়ামিন ফিতনাতিল মাহুয়া ওয়াল্ মামাতি, ওয়ামিন ফিতনাতিল্ মাসীহিদাজ্জাল। অর্থঃ “হে আল্লাহ! আমি আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি কবরের শাস্তি হতে, জাহান্নামের শাস্তি হতে জীবনের ও মরণ কালীন ফিতনা (কঠিন পরীক্ষা) হতে এবং দাজ্জালের ফিতনা (অনিষ্ট) হতে।” (বুখারী হা/১২৮৮) এছাড়া প্রমাণিত আরো বিভিন্ন দু’আ পড়তে পারে। অতঃপর দু’টি সালাম দিবে। প্রথমে ডান দিকে মুখ ফিরিয়ে বলবে: আস্ সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ্ তারপর বাম দিকে মুখ ফিরিয়ে অনুরূপ বলবে। সালামের পর যে সমস্ত যিকির হাদীছে বর্ণিত হয়েছে তা পাঠ করা সুন্নাত।^১

অসুস্থ ব্যক্তির নামাযঃ দাঁড়িয়ে নামায পড়লে যদি অসুখ বেড়ে যায় বা দাঁড়িয়ে নামায পড়তে অক্ষম হয় তবে বসে বসে নামায আদায় করবে। বসে না পারলে পার্শ্বদেশে শুয়ে নামায আদায় করবে। এটাও যদি সম্ভব না হয়, তবে পিঠের উপর চিৎ হয়ে শুয়ে নামায পড়বে। রুকু’-সিজদা করতে অপারগ হলে, তার জন্য চোখ দ্বারা ইশারা করবে। (কিছুর বালিশ বা টেবিলের উপর সিজদা দেয়া জায়েয নয়।) অসুস্থ অবস্থায় কোন নামায ছুটে গেলে তা কাযা আদায় করবে। সময়মত

^১ সালাম ফেরানোর পর নিম্ন লিখিত নিয়মে যিকির পাঠ করবেঃ

১) তিনবার আস্তাগফেরুল্লাহ বলবে।

২) তারপর বলবেঃ اللَّهُمَّ أَنْتَ السَّلَامُ وَمِنْكَ السَّلَامُ تَبَارَكْتَ يَا ذَا الْجَلَالِ وَالْإِكْرَامِ উচ্চারণঃ আল্লাহুমা আস্তাসসালাম ওয়ামিন কাসসালাম তাবারাকতা ইয়া যাল জালালে ওয়াল ইক্রাম।

৩) উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শরীকা লাহ, লাহুল্ মুলুকু ওয়ালাহুল্ হামদু, ওয়াহওয়া আলা কুল্লি শাইয়িন কাদীর। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিলাহু, লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়ালা না’বুদু ইল্লা ইয়্যাহু লানশিয়মাতু ওয়ালাহুল্ ফায়লু ওয়ালাহুল্ ফানাল্ হাসানু, লা-ইলাহা ইল্লাল্লাহু মুখলসীনা লাহদীন ওয়ালাও কারেহল কাফেরন। অর্থঃ “আল্লাহু ছাড়া সত্য কোন উপাস্য নেই। তিনি এক তাঁর কোন শরীক নেই। তারই জন্য রাজত্ব, তারই জন্য সমস্ত প্রশংসা। তিনি সকল বস্তুর উপর ক্ষমতাবান। আল্লাহর সাহায্য ব্যতীত গুনাহ হতে বিরত থাকা ও আনুগত্য করার ক্ষমতা লাভ করা যায় না। আল্লাহ ব্যতীত কোন হক উপাস্য নেই। আর আমরা তাঁকে ছাড়া অন্যের ইবাদত করি না। একমাত্র তাঁর অধিকারে সমস্ত নেয়ামত, তাঁরই জন্য সমস্ত সম্মান মর্যাদা, আর তাঁরই জন্য উত্তম স্তুতি। আল্লাহ ব্যতীত কোন হক উপাস্য নেই। তার নিমিত্তে আমরা ধর্ম পালন করি একনিষ্ঠভাবে। যদিও কাফেররা তা মন্দ ভাবে।”

৪) اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا مُغْطِيٍّ لِمَا مَنَعْتَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ। আল্লাহুমা লা-মা-নেআ লেমা আত্বায়তা ওয়ালা মু’তিয়া লেমা মানা’তা ওয়ালা ইয়ানফাউ যাল্ জাদ্দি মিনকাল জাদ্দু। অর্থঃ “হে আল্লাহ! আপনি যা দান করেন তা রোধকারী কেউ নেই। এবং আপনি যা রোধ করেন তা দানকারী কেউ নেই। আর কোন মর্যাদাবানের মর্যাদা আপনার নিকট থেকে কোন উপকার আদায় করে দিতে পারে না।”

৫) এরপর দশবার পাঠ করবে: লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শরীকা লাহ, লাহুল্ মুলুকু ওয়ালাহুল্ হামদু, ওয়াহওয়া আলা কুল্লি শাইয়িন কাদীর।

৬) তারপর ‘সুবহা-নাল্লাহ’ বলবে ৩৩ বার, ‘আলহামদুলিল্লাহ’ বলবে ৩৩ বার এবং ‘আল্লাহু আকবার’ বলবে ৩৩ বার এবং একশত পূর্ণ করার জন্য বলবে: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ।

৭) এরপর আয়াতুল কুরসী (সূরা বাক্বারা ২৫৫ নং আয়াত) পাঠ করবে।

৮) আর প্রত্যেক নামাযের পর একবার করে পাঠ করবে: সূরা ফালাক ও সূরা নাস। তবে ফজর ও মাগরিব নামাযের পর সূরাগুলো তিনবার করে পাঠ করবে।

সকল নামায আদায় করা কষ্টকর হলে দু'নামাযকে একত্রিত আদায় করবে। যোহর-আছর এক সাথে এবং মাগরিব-এশা এক সাথে আদায় করবে। আর ফজর নামায যথাসময়ে আদায় করবে।

মুসাফিরের নামাযঃ (৮০) কি. মি. বা তার চাইতে বেশী দূরত্বে বৈধ কোন কাজে সফর করলে নামায কসর করবে। চার রাকাত বিশিষ্ট নামাযকে দু'রাকাত করে আদায় করবে। সফর অবস্থায় কোন স্থানে চার দিনের বেশী অবস্থান করার নিয়ত করলে, সেখানে পৌঁছার পর থেকেই নামায পূর্ণ পড়বে- কসর করবে না। মুসাফির যদি মুক্কীমের পিছনে নামায আদায় করে, বা মুক্কীম অবস্থায় ভুলে যাওয়া নামায সফরে গিয়ে মনে পড়ে অথবা তার বিপরীত (সফরের ভুলে যাওয়া নামায মুক্কীম হওয়ার পর মনে পড়ে) তবে এসকল অবস্থায় নামায পূর্ণ পড়বে- কসর করবে না। মুসাফিরের নামায পূর্ণ পড়াও জায়েয, তবে কসর করে পড়াই উত্তম।

জুমআর নামাযঃ জুমআর নামায যোহর নামাযের চাইতে উত্তম। জুমআ একটি আলাদা নামায। এটা যোহর নামাযের পরিবর্তে তার অর্ধেক নামায নয়। তাই জুমআর নামায চার রাকাত পড়া জায়েয নয়। যোহরের নিয়তে পড়লেও জুমআর নামায আদায় হবে না। জুমআর নামাযের সাথে আছরকে একত্রিত করে পড়া যাবে না- যদিও একত্রিত পড়ার কারণ পাওয়া যায়।^১

বিতর নামাযঃ এ নামায সুন্নাতে মুআক্কাদা- ওয়াজিব নয়। এর সময় হচ্ছে: এশার নামাযের পর থেকে ফজরের পূর্ব পর্যন্ত। তবে শেষ রাতে পড়া উত্তম। বিতর নামায সর্বনিম্ন এক রাকাত এবং সর্বোচ্চ ১১ রাকাত পড়া যায়। প্রতি দু'রাকাত পড়ে সালাম ফেরাবে। এ নিয়মই হচ্ছে উত্তম। অথবা একসাথে চার বা ছয় বা আট রাকাত পড়বে। তারপর এক রাকাত বিতর পড়বে। অথবা তিন বা পাঁচ বা সাত বা নয় এক সাথে পড়বে। সর্বনিম্ন উত্তম বিতর হচ্ছে তিন রাকাত নামায দু'সালামে আদায় করা।^২ বিতরের পর বসে বসে দু'রাকাত নামায পড়া জায়েয।

জানাযা নামাযঃ কোন মুসলমান মৃত্যু বরণ করলে তাকে গোসল দেয়া, কাফন পরানো, জানাযা নামায পড়া ও তাকে বহণ করে দাফন করা ফরযে কেফায়া। তবে ধর্ম যুদ্ধে নিহত শহীদকে গোসল ও কাফন পরানো ব্যতীতই দাফন করতে হবে। তার জানাযা নামায পড়া জায়েয। সে যে অবস্থায় ও যে কাপড়ে থাকবে সেভাবেই তাকে দাফন করবে। পুরুষকে তিনটি সাদা কাপড়ে কাফন পরাবে আর নারীকে পাঁচটি কাপড়ে। লুঙ্গি যা নীচের দিকে থাকবে, খেমার বা ওড়না যা দিয়ে মাথা ঢাকবে, কামীছ (জামা) এবং দু'টি বড় লেফাফা বা কাপড়। (অবশ্য তিন কাপড়েও তাকে কাফন দেয়া জায়েয)।

জানাযা পড়ানোর জন্য সুন্নাতে হচ্ছে ইমাম ও একক ব্যক্তি পুরুষের বুক বরাবর এবং নারীর মধ্যস্থান বরাবর দাঁড়াবে। চার তাকবীরে জানাযা পড়বে। প্রতি তাকবীরের সাথে দু'হাত উত্তোলন করবে। প্রথমবার তাকবীর দিয়ে নীরবে আউযুবিল্লাহ.. বিসমিল্লাহ.. বলে শুধুমাত্র সূরা ফাতিহা পাঠ করবে। তারপর দ্বিতীয় তাকবীর দিয়ে দরুদে ইবরাহীম পাঠ করবে। এরপর তৃতীয় তাকবীর প্রদান করে জানাযার দু'আ পড়বে। তারপর চতুর্থ তাকবীর দিয়ে সামান্য একটু চুপ থেকে ডান দিকে একবার সালাম ফেরাবে। (বাম দিকেও সালাম ফেরাতে পারে।)

কবরকে অর্ধ হাতের অধিক উঁচু করা হারাম। এমনিভাবে কবরে ঘর তৈরী করে তা চুনকাম করা, চুম্বন করা, আতর-সুগন্ধি মাখানো, কোন কিছু লিখা, কবরের উপর বসা বা হেঁটে যাওয়া ইত্যাদি সবকিছু **হারাম**। এমনিভাবে কবরকে আলোকিত করা, তওয়াফ করা, তার উপর ঘর বা মসজিদ তৈরী করা অথবা মৃতকে মসজিদে দাফন করা **হারাম**। কবরের উপর গম্বুজ নির্মাণ করা হলে তা ভেঙ্গে ফেলা ওয়াজিব।

^১ . কমপক্ষে তিনজন মানুষের উপস্থিতিতে জুমআর নামায আদায় করা যায়। উচ্চকণ্ঠে কুরআনের মাধ্যমে জুমআর নামায দু'রাকাত আদায় করতে হয়। এ নামাযের আগে দু'টি খুতবা প্রদান করা ওয়াজিব। কুরআন ও হাদীছ থেকে নিজ ভাষায় খুতবা প্রদান করা উত্তম। এই খুতবা শোনা মুক্তাদীদের উপর ওয়াজিব, এসময় কথা বললে, জুমআর ছওয়াব থেকে বঞ্চিত হয়ে যাবে। জুমআর নামাযের পূর্বে দু'রাকাত তাহিয়্যাতুল মসজিদ নামায ছাড়া নির্ধারিত কোন সুন্নাতে নেই, পরে দু'রাকাত বা চার রাকাত সুন্নাতে পড়বে।- অনুবাদক

^২ . দু'আ কনূত বিতর নামাযের জন্য আবশ্যিক নয়। জানা থাকলে পড়বে; অন্যথায় নয়। রুকূর আগে বা পরে যে কোন সময় দু'আ কনূত পাঠ করা যায়। তবে এর জন্য উল্টা তাকবীর দেয়া বিধিসম্মত নয়। অনুরূপভাবে বিতর নামাযকে মাগরিবের মত করে পড়াও জায়েয নয়।

★ শোকবাণীর ক্ষেত্রে কোন সীমাবদ্ধতা নেই। তবে মৃতের পরিবারকে শোক বার্তা জানানোর সময় এই দু'আ পাঠ করা সুন্নাত: **উচ্চারণঃ ইন্না লিল্লাহি মা আখায়া ওয়া লাহু মা আ'তা, ওয়া কুল্লা শাইয়িন ঈনদাহু বি আজলিন্ মুসাম্মা ফাসবির্ ওয়াহুতালিব।** “নিশ্চয় আল্লাহ্ যা নেন এবং দেন তার অধিকারী একমাত্র তিনিই। তাঁর নিকট প্রতিটি বস্তু একটি নির্দিষ্ট সময় রয়েছে। তাই তুমি ধৈর্য্য ধারণ কর এবং আল্লাহর নিকট থেকে এর প্রতিদান প্রার্থনা কর।” (বুখারী ও মুসলিম) তাছাড়া একথাও বলতে পারেঃ “আল্লাহ্ আপনাকে বিরাট পুরস্কার দিন এবং আপনার শোককে শান্তিময় করুন এবং আপনার মৃত ব্যক্তিকে ক্ষমা করুন। কোন মুসলমানের কাফের আত্মীয় মৃত্যু বরণ করলে তাকে শোক জানানোর সময় বলবেঃ “আল্লাহ্ আপনাকে বিরাট পুরস্কার দিন এবং আপনার শোককে শান্তিময় করুন।” কাফেরের মুসলিম আত্মীয় মৃত্যু বরণ করলে তাকে শোকবাণী দেয়া জায়েয নয়।

★ কোন মানুষ যদি বুঝতে পারে যে, তার মৃত্যুর পর পরিবারের লোকেরা উচ্চস্বরে ক্রন্দন করবে, তবে এ বিষয়ে সতর্ক করে তাদেরকে ওছীয়ত করা ওয়াজিব। অন্যথায় তাদের ক্রন্দনের কারণে তাকে কবরে শান্তি দেয়া হবে।

★ ইমাম শাফেয়ী (রহঃ) বলেন, শোকবার্তা নেয়ার জন্য বসে থাকা মাকরুহ। অর্থাৎ মানুষের শোক বার্তা গ্রহণ করার জন্য মৃতের বাড়ীতে পরিবারের লোকজন একত্রিত হওয়া নাজায়েয। বরং নারী-পুরুষ প্রত্যেকে নিজের কাজে ব্যস্ত হয়ে পড়বে, কারো শোক জানানোর অপেক্ষায় বসে থাকবে না।

★ প্রতিবেশীর পক্ষ থেকে খাদ্য প্রস্তুত করে মৃতের পরিবারের জন্য প্রেরণ করা সুন্নাত। কিন্তু মৃতের বাড়ীতে সমাগত লোকদের জন্য খানা-পিনার আয়োজন করা বা তাদের নিকট থেকে খানা-পিনা খাওয়া প্রভৃতি মাকরুহ।

★ সফর না করে যে কোন মুসলমানের কবর যিয়ারত করা সুন্নাত। কাফেরের কবরও যিয়ারত করা বৈধ (কিন্তু তার জন্য দু'আ করা যাবে না।) এমনিভাবে কোন কাফেরকে কোন মুসলমানের কবর যিয়ারত করতে নিষেধ করা যাবে না। (হতে পারে সে তা থেকে শিক্ষা নিতে পারে।)

★ গোরস্থানে প্রবেশ করে মৃত ব্যক্তিদের উদ্দেশ্যে এরূপ দু'আ পাঠ করা সুন্নাত: **উচ্চারণঃ আস্সালামু আলাইকুম আহলাদিদিয়ারি মিনাল্ মু'মেনীনা ওয়াল মুসলিমীন, ওয়া ইন্ শাআল্লাহ্ বিকুম লালাহিকুন, যারহামুল্লাহুল্ মুসতাক্দেরমীনা মিন্না ওয়াল্ মুস্তা'খেরীন, নাস্আলুল্লাহা লানা ওয়া লাকুমুল্ আ'ফিয়াতা, আল্লাহুমা লা তাহরিম্না আজরাহম ওয়াল্লা তুযিল্লানা বা'দাহম, ওয়াগুফির লানা ওয়া লাহম।** **অর্থঃ** ‘হে কবরের অধিবাসী মু'মিনগণ! অথবা বলবে: হে কবরের মু'মিন মুসলিম অধিবাসীগণ! আপনাদের প্রতি শান্তির ধারা বর্ষিত হোক। নিশ্চয় আমরাও আপনাদের সাথে এসে মিলিত হবো ইনশাআল্লাহ্। আমাদের মধ্যে যারা আগে চলে গেছেন এবং যারা পরে যাবেন তাদের প্রতি আল্লাহ্ দয়া করুন। আমরা আমাদের জন্য ও আপনাদের জন্য আল্লাহর কাছে নিরাপত্তা প্রার্থনা করছি। হে আল্লাহ্! আমাদেরকে তাদের ছওয়াব হতে বঞ্চিত করবেন না এবং তাদের মৃত্যুর পর আমাদেরকে পথভ্রষ্ট করবেন না। আর আমাদের ও তাদেরকে ক্ষমা করুন।’

★ কাফনের উপর কুরআনের আয়াত লিখা হারাম। কেননা তা নাপাক স্থানে পড়ার আশংকা থাকে। তাছাড়া এতে কুরআনের অপমানও হয়ে থাকে। আর এরকম কাজ দলীল সম্মতও নয়।

★ মৃত ব্যক্তির জন্য জানাযার দু'আঃ নবী (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মৃতের জন্য দু'আয় বলেছেন: **উচ্চারণঃ আল্লাহুমাগু ফির লাহ ওয়ার হাম্হ, ওয়া আ'ফিহি ওয়া'ফু আনহু ওয়া আকরিম নুযলাহ ওয়া ওয়াসুসি' মুদখালাহ ওয়াগসিলহ বিল্ মাই ওয়াহ্ ছাল্জি ওয়াল্ বারদি, ওয়া নাক্বিহি মিনাল্ খাত্বায়া কামা যুনাঙ্কাহু ছাওবুল্ আব'হিয়াযু মিনাদ্ দানাসি, ওয়াব্দিল্হ দারান্ খায়রান্ মিন দারিহি, ওয়া আহলান্ খায়রান্ মিন আহলিহি, ওয়া যাওজান্ খায়রান্ মিন যাওজিহি, ওয়া আদখিল্হুল্ জান্নাতা ওয়া আইব্হ মিন্ আযাবিল্ কাবরি ওয়া আযাবিল্নার।** **অর্থঃ** হে আল্লাহ্! আপনি তাকে ক্ষমা করুন, তার প্রতি দয়া করুন, তাকে পূর্ণ নিরাপত্তায় রাখুন। তাকে মাফ করে দিন। তার আতিথেয়তা সম্মান জনক করুন। তার বাসস্থানকে প্রশস্ত করে দিন। আপনি তাকে ধৌত করুন পানি, বরফ ও শিশির দিয়ে। তাকে গুনাহ হতে এমনভাবে পরিস্কার করুন যেমন করে সাদা কাপড়কে ময়লা হতে পরিস্কার করা হয়। তাকে তার (দুনিয়ার) ঘরের পরিবর্তে উত্তম ঘর দান করুন। তার (দুনিয়ার) পরিবার অপেক্ষা উত্তম পরিবার দান করুন। আরো তাকে দান করুন (দুনিয়ার) স্ত্রী অপেক্ষা উত্তম স্ত্রী। তাকে বেহেস্তে প্রবেশ করিয়ে দিন, আর কবরের আযাব ও জাহান্নামের আযাব হতে পরিত্রাণ দিন। (ছহীহ মুসলিম ২/৬৩৩)

দু'ঈদের নামাযঃ ঈদের নামায ফরযে কেফায়া^১। উহার সময় হচ্ছে চাশত নামাযের সময়। সূর্য পশ্চিমাকাশে চলে যাওয়ার পর যদি ঈদ সম্পর্কে জানা যায়, তবে পরবর্তী দিন এ নামাযের কাযা আদায় করতে হবে। এ নামায প্রতিষ্ঠিত করার শর্তসমূহ জুমআর মতই। তবে ঈদের নামাযে খুতবার শর্ত নেই। ঈদগাহে নামায পড়লে আগে-পরে কোন নফল-সুন্নাত নামায পড়তে হবে না। (কিন্তু মসজিদে পড়লে বসার পূর্বে দু'রাকাত তাহিয়্যাতুল মসজিদ নামায পড়বে।) **ঈদের নামাযের পদ্ধতি:** ঈদের নামায দু'রাকাত। প্রথম রাকাতে তাকবীরে তাহরীমার পর আউযুবিল্লাহ্.. বলার আগে অতিরিক্ত ছয়টি তাকবীর প্রদান করবে। আর দ্বিতীয় রাকাতে কেবরাত শুরু করার পূর্বে অতিরিক্ত পাঁচটি তাকবীর দিবে। প্রতিটি তাকবীরের সময় দু'হাত উত্তোলন করবে। তারপর আউযুবিল্লাহ্.. বিসমিল্লাহ্.. পাঠ করে প্রকাশ্যে সূরা ফাতিহা পাঠ করবে। সূরা ফাতিহার পর প্রথম রাকাতে সূরা আ'লা (সাবেহিসমা রাব্বিকাল্ আ'লা...) পাঠ করবে। দ্বিতীয় রাকাতে সূরা গাশিয়া পাঠ করবে। নামায শেষে জুমআর মত দু'টি খুতবা প্রদান করবে। কিন্তু খুতবায় অধিক পরিমাণে তাকবীর পাঠ করা সুন্নাত। ঈদের নামায যদি সাধারণ নফল নামাযের মত পড়ে, তাও জায়েয আছে। কেননা অতিরিক্ত তাকবীর সমূহ সুন্নাত।

সূর্য অথবা চন্দ্র গ্রহণের নামাযঃ এ নামায আদায় করা সুন্নাত। এর সময় হচ্ছে সূর্য বা চন্দ্রের গ্রহণ শুরু হওয়ার পর থেকে শেষ হওয়া পর্যন্ত। গ্রহণ শেষ হয়ে গেলে এ নামায কাযা আদায় করতে হবে না। দু'রাকাতের মাধ্যমে এ নামায আদায় করতে হয়। প্রথম রাকাতে সূরা ফাতিহার পর দীর্ঘ একটি সূরা পাঠ করবে। তারপর দীর্ঘ সময় ধরে রুকু' করবে। রুকু' থেকে মাথা উঠিয়ে সামিআল্লাহ্... রাক্বানা ... ইত্যাদি বলে সেজদা করবে না; বরং আবার হাত বেঁধে সূরা ফাতিহা পড়বে ও দীর্ঘ একটি সূরা পাঠ করবে। তারপর দীর্ঘ সময় ধরে রুকু' করবে। রুকু' থেকে মাথা উঠিয়ে সামিআল্লাহ্... রাক্বানা... ইত্যাদি বলে যথানিয়মে দীর্ঘ সময় ধরে দু'টি সেজদা করবে। অতঃপর দ্বিতীয় রাকাত একই নিয়মে আদায় করবে। তাশাহুদ পড়ে সালাম ফেরাবে। কোন মানুষ যদি ইমামের প্রথম রুকুর পূর্বে নামাযে প্রবেশ করতে না পারে, তবে উহা তার রাকাত হিসেবে গণ্য হবে না।

ইস্তেস্কা (বৃষ্টি প্রার্থনার) নামাযঃ দুর্ভিক্ষ, খরা ও অনাবৃষ্টি দেখা দিলে ইস্তেসকার নামায পড়া সুন্নাত। এ নামাযের সময়, পদ্ধতি ও বিধান ঈদের নামাযের মতই। তবে এ নামাযের পর একটি মাত্র খুতবা প্রদান করবে। সুন্নাত হচ্ছে অবস্থা পরিবর্তনের আশায় প্রত্যেক মুছল্লী নিজের গায়ের চাদর (পোষাক) উল্টিয়ে পরবে।

সতর্কতাঃ * নামাযের কাতার সোজা করার ব্যাপারে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর পক্ষ থেকে নির্দেশ এসেছে। তিনি বলেছেন, **لَتَسُونَ صُفُوفَكُمْ أَوْ لِيُخَالَفَنَّ اللَّهُ بَيْنَ وَجْهِكُمْ** “অবশ্যই তোমরা কাতার সোজা করবে, অন্যথা আল্লাহ তোমাদের মাঝে বিভেদ সৃষ্টি করে দিবেন।” (বুখারী) নো'মান বিন বাশীর বলেন, “আমি দেখেছি এক মুছল্লী পার্শ্ববর্তী মুছল্লীর কাঁধের সাথে কাঁধ, হাঁটুর সাথে হাঁটু ও টাখনুর সাথে টাখনু লাগিয়ে দাঁড়াতে।” (আবু দাউদ) * **জামাআতের সাথে নামায আদায় করা পুরুষদের উপর ওয়াজিব।** এমনকি সম্ভব হলে সফরেও। জামাআত পরিত্যাগকারী ও অলসতাকারীকে শিক্ষার জন্য শাস্তি দেয়া যায়। এটা মুসলমানদের বাহ্যিক একটি নির্দেশন। জামাআত পরিত্যাগ করা মুনাফেকদের নির্দেশন। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَقَدْ هَمَمْتُ أَنْ أَمُرَّ بِحَطَبٍ فَيُحَطَبَ ثُمَّ أَمُرَّ بِالصَّلَاةِ فَيُؤَذَّنَ لَهَا ثُمَّ أَمُرَّ رَجُلًا فَيُؤَمَّ النَّاسَ ثُمَّ أَخَالَفَ إِلَى رَجَالٍ فَأَحْرَقَ عَلَيْهِمْ بَيْوتَهُمْ

“শপথ সেই সত্ত্বার যার হাতে আমার প্রাণ, আমি দৃঢ় ইচ্ছা করছি একজন লোককে নির্দেশ দিব সে কাঠ জোগাড় করে বোঝা বাঁধবে। তারপর নামাযের নির্দেশ দিব, ইকামত দেয়া হলে আরেকজনকে নির্দেশ দিবো, সে লোকদের নিয়ে নামায আদায় করবে। অতঃপর আমি যাব ঐ লোকদের নিকট যারা নামাযে উপস্থিত হয় না- অতঃপর তাদেরকে রেখেই তাদের ঘর-বাড়ী আগুন দিয়ে জ্বালিয়ে দিবো।” (বুখারী ও মুসলিম)

^১. (অধিকাংশের মতে ইহা সুন্নাতে মুয়াক্কাদা, কতিপয় মুহাক্কেকীন ইহাকে ওয়াজিবও বলেছেন।)

যাকাতের প্রকারভেদঃ চার প্রকার সম্পদে যাকাত আবশ্যিক **প্রথমঃ** চতুস্পদ জম্বু । **দ্বিতীয়ঃ** যমিন থেকে প্রাপ্য সম্পদ । **তৃতীয়ঃ** মূল্যবান বস্তু **চতুর্থঃ** ব্যবসায়িক পণ্য ।

যাকাত ওয়াজিব হওয়ার শর্তঃ পাঁচটি শর্ত পূর্ণ না হলে যাকাত ওয়াজিব হবে না । **প্রথমতঃ** মুসলামান হওয়া **দ্বিতীয়তঃ** স্বাধীন হওয়া **তৃতীয়তঃ** সম্পদ নেছাব পরিমাণ হওয়া **চতুর্থতঃ** সম্পদে পূর্ণ মালিকানা থাকা **পঞ্চমতঃ** বছর পূর্ণ হওয়া । যমিন থেকে প্রাপ্য সম্পদে শেষের শর্তটি প্রযোজ্য নয় ।

চতুস্পদ জম্বুর যাকাতঃ চতুস্পদ জম্বু তিনভাগে বিভক্তঃ উট, গরু ছাগল । **এসব পশুতে যাকাতের শর্ত হচ্ছে দু'টিঃ ১)** পশুগুলো সারা বছর বা বছরের অধিকাংশ সময় মাঠে চরে থাকে । **২)** উহা বংশ বৃদ্ধির জন্য রাখা হবে । অবশ্য ব্যবসার জন্য তা প্রস্তুত করা হলে তাতে ব্যবসা পণ্যের ন্যায় যাকাত দিতে হবে । আর যদি কৃষি কাজের জন্য উহা রাখা হয় তবে তাতে কোন যাকাত নেই ।

উটের যাকাতঃ

সংখ্যাঃ	১-৪	৫-৯	১০-১৪	১৫-১৯	২০-২৪	২৫-৩৫	৩৬-৪৫	৪৬-৬০	৬১-৭৫	৭৬-৯০	৯১-১২০
যাকাতের পরিমাণ	যাকাত নেই	একটি ছাগল	দু'টি ছাগল	তিনটি ছাগল	চারটি ছাগল	১টি বিনতে মাখায	১টি বিনতে লাবুন	১টি হিক্বাহ	১টি জাযাআ	২টি বিনতে লাবুন	২টি হিক্বাহ

১২০ এর বেশী উট হলে প্রতি পঞ্চাশটি উটে ১টি হিক্বাহ যাকাত দিতে হবে । আর প্রতি চল্লিশটিতে একটি বিনতে লাবুন দিতে হবে ।
বিনতে মাখাযঃ এক বছর বয়সের উটনী, বিনতে লাবুনঃ দু'বছরের উটনী, হিক্বাহঃ তিন বছরের উটনী, জাযাআঃ চার বছরের উটনী ।

গরুর যাকাতঃ

সংখ্যাঃ	১-২৯ গরু	৩০-৩৯	৪০-৫০
যাকাতের পরিমাণ	যাকাত নেই	তাবী' বা তাবীআ	মুসিন্ন বা মুসীন্না

যাটের অধিক গরু হলে প্রতি ৩০টিতে একটি তাবীআ আর প্রতি চল্লিশটিতে একটি মুসিন্না যাকাত দিবে ।
তাবী'ঃ পূর্ণ এক বছর বয়সের বাছুর, তাবীআঃ পূর্ণ এক বছরের গাভী, মুসিন্নঃ পূর্ণ দু'বছরের বাছুর, মুসিন্নাঃ পূর্ণ দু'বছরের গাভী ।

ছাগলের যাকাতঃ

সংখ্যাঃ	১-৩৯ ছাগল	৪০-১২০	১২১-২০০	২০১-৩৯৯
যাকাতের পরিমাণ	যাকাত নেই	একটি ছাগল	দু'টি ছাগল	তিনটি ছাগল

ছাগলের সংখ্যা ৪০০ বা ততোধিক হলে, প্রত্যেক ১০০টিতে ১টি ছাগল । নিম্নে লিখিত ছাগল যাকাত হিসেবে গ্রহণ করা হবে নাঃ পাঁঠা, বৃদ্ধ, কানা, বাচ্চাকে দুধ দিচ্ছে এমন বকরী, গর্ভবতী এবং পালের মধ্যে সবচেয়ে মূল্যবান ছাগল । ছাগল যদি ভেড়া হয়, তবে তার বয়স ছয় মাস হতে হবে । আর সাধারণ ছাগল হলে ১বছর হতে হবে ।

যমিন থেকে উৎপাদিত সম্পদের যাকাতঃ

যমিন থেকে উৎপন্ন শস্যে ও ফলমূলে তিনটি শর্তে যাকাত ওয়াজিবঃ **(১)** যে সমস্ত শস্য দানা ও ফল-মূল ওজন ও গুদাম জাত করা যায় । যেমনঃ শস্য দানার মধ্যে যব ও গম এবং ফল-মূলের মধ্যে আঙ্গুর ও খেজুর । কিন্তু যা ওজন করা যায় না ও গুদামজাত করা যায় না যেমনঃ শাক-সর্জি প্রভৃতি, তাতে যাকাত নেই । **(২)** নেছাব পরিমাণ হওয়া । আর শস্যের নেছাব হচ্ছে, ৬৫৩ কেঃজিঃ বা তার চাইতে বেশী । **(৩)** যাকাত ওয়াজিব হওয়ার সময় ফসলের মালিক হওয়া । আর যাকাত ওয়াজিব হওয়ার সময় হচ্ছে, উহা খাওয়ার উপযুক্ত হওয়া । ফলের ক্ষেত্রে উপযুক্ত হওয়ার চিহ্ন হচ্ছে লাল বা হলুদ রং ধারণ করা । আর শস্য দানার ক্ষেত্রে উপযুক্ত হওয়ার চিহ্ন হচ্ছে, দানা শক্ত ও শুকনা হওয়া ।

যমিন থেকে উৎপন্ন শষ্যে ও ফলমূলে যাকাতের পরিমাণ: পানি সেচের পরিশ্রম ব্যতীত- যেমন বৃষ্টি বা নদীর পানিতে- ফসল উৎপন্ন হলে উশর (১০%) যাকাত দিতে হবে। কিন্তু কষ্ট ও পরিশ্রম করে কুপ বা টিউবওয়েল বা মেশিন দ্বারা পানি সেচের মাধ্যমে যদি ফসল উৎপন্ন হয়, তবে তাতে উশরের অর্ধেক (৫%) যাকাত দিতে হবে। কিন্তু যদি কিছু সময় সেচের মাধ্যমে ও কিছু সময় বিনা সেচে উৎপাদিত হয়, তবে অধিকাংশের হিসেবে যাকাত দিবে। সেচের মাধ্যমে কতদিন আর বিনা সেচে কতদিন তার হিসেবে যাকাত দিবে।

মূল্যবান বস্তুর যাকাতঃ মূল্যবান বস্তু দু'ভাগে বিভক্তঃ ১) স্বর্ণ: ৮৫ গ্রাম স্বর্ণ না হলে তাতে কোন যাকাত নেই। ২) রৌপ্য: ৫৯৫ গ্রাম রৌপ্য না হলে তাতে কোন যাকাত নেই। নগদ অর্থ ও কাগজের মুদ্রা যদি যাকাত ফরয হওয়ার সময় স্বর্ণ বা রৌপ্যের যে কোন একটির সর্বনিম্ন মূল্য পরিমাণ হয়, তবে তাতে যাকাত দিতে হবে। স্বর্ণ ও রৌপ্যে যাকাতের পরিমাণ হচ্ছে, চল্লিশ ভাগের একভাগ বা আড়াই শতাংশ (২,৫%)।

ব্যবহারের জন্য প্রস্তুতকৃত বৈধ গয়নাতে কোন যাকাত নেই। কিন্তু ভাড়া ও সম্পদ হিসেবে রাখার জন্য হলে তাতে যাকাত দিতে হবে। স্বর্ণ-রৌপ্যের গয়না ব্যবহারের যে সাধারণ প্রচলন আছে, তাই নারীদের জন্য বৈধ। বাসন-পাত্রে সামান্য রৌপ্য ব্যবহার বৈধ। পুরুষের জন্য সামান্য রৌপ্য আংটি বা চশমায় ব্যবহার করা বৈধ। কিন্তু সামান্য স্বর্ণও বাসন-পাত্রে ব্যবহার করা হারাম। আর পুরুষের জন্য সামান্য স্বর্ণ অন্য বস্তুর পরিপূরক হিসেবে ব্যবহার করা জায়েয। যেমন, জামার বোতাম, দাঁতের বাঁধন ইত্যাদি। তবে খেয়াল রাখতে হবে তা যেন কোন ক্রমেই নারীর সাথে সাদৃশ্যপূর্ণ না হয়।

কারো নিকট যদি এমন সম্পদ থাকে যা বাড়ে ও কমে, আর প্রত্যেক সম্পদের বছর পূর্ণ হলে আলাদা আলাদাভাবে যাকাত বের করা দুস্কর হয়, তবে বছরের মধ্যে যে কোন একটি দিন নির্দিষ্ট করে দেখবে সে দিন তার নিকট কত সম্পদ আছে, তা থেকে (২,৫%) যাকাত বের করে দিবে- যদিও কিছু সম্পদে বছর পূর্ণ না হয় তাতে কোন অসুবিধা নেই। বেতনের টাকা, বাড়ী, দোকান, যমিন ইত্যাদি ভাড়ার টাকা থেকে কিছু সঞ্চিত না থাকলে, তাতে যাকাত নেই- যদিও তা পরিমাণে বেশী হয়। কিন্তু যা সঞ্চিত করে রাখা হবে, তাতে বছর পূর্ণ হলে যাকাত দিতে হবে। কিন্তু প্রতিবারের সঞ্চিত টাকার হিসাব যদি আলাদাভাবে রাখা সম্ভব না হয়, তবে পূর্বের নিয়মে বছরের যে কোন এক সময় সম্পূর্ণ সঞ্চিত অর্থের যাকাত বের করে দিবে।

ঋণের যাকাতঃ সম্পদ যদি ঋণ হিসেবে কোন ধনী লোকের কাছে থাকে অথবা এমন স্থানে থাকে যেখান থেকে তা সহজেই পাওয়া যাবে, তবে তা হাতে পাওয়ার পর বিগত সবগুলো বছরের যাকাত দিবে- তা যতই বেশী হোক। কিন্তু তা যদি পুনরুদ্ধার করা কঠিন হয় যেমন কোন অভাবী লোকের কাছে ঋণ থাকে, তবে তাতে কোন যাকাত নেই। কেননা সে তো তা ব্যবহার করতে সক্ষম নয়।

ব্যবসায়িক পণ্যে যাকাতঃ চারটি শর্ত পূর্ণ না হলে ব্যবসায়িক পণ্যে যাকাত নেই: (১) পণ্যের মালিক হওয়া (২) উহা দ্বারা ব্যবসার উদ্দেশ্য করা (৩) সম্পূর্ণ পণ্যের মূল্য যাকাতের নেসাব পরিমাণ হওয়া। আর উহা হচ্ছে, স্বর্ণ বা রৌপ্যের মধ্যে যে কোন একটির সর্বনিম্ন মূল্য পরিমাণ (৪) বছর পূর্ণ হওয়া। এই চারটি শর্ত পূর্ণ হলে, পণ্যের মূল্য থেকে যাকাত বের করতে হবে। যদি তার নিকট স্বর্ণ বা রৌপ্য বা নগদ অর্থ থাকে, তবে তা ব্যবসায়িক পণ্যের মূল্যের সাথে একত্রিত করে নেসাব পূর্ণ করবে। ব্যবসায়িক পণ্য যদি ব্যবহারের নিয়তে রাখা হয়, যেমন: কাপড়, বাড়ী, গাড়ী ইত্যাদি তবে তাতে যাকাত নেই। আবার যদি তাতে ব্যবসার নিয়ত করে, তবে নতুন করে বছর গণনা শুরু করবে।^১

^১ . ব্যবসায়িক পণ্যের নেসাবঃ ৮৫ গ্রাম স্বর্ণ অথবা ৫৯৫ গ্রাম রৌপ্যের মূল্য সমপরিমাণ অর্থ। দু'টির মধ্যে যে কোন একটির সর্বনিম্নমূল্য বরাবর হলেই যাকাত বের করবে।

যাকাতুল ফিতর (ফিতরা): প্রত্যেক মুসলমানের উপর ফিতরা আদায় করা ফরয। ঈদের রাতে এবং ঈদের দিন নিজের ও পরিবারের প্রয়োজনীয় খাদ্যের অতিরিক্ত সম্পদ যদি তার কাছে থাকে, তবে তাকে ফিতরা দিতে হবে। এর পরিমাণ হচ্ছে: নারী-পুরুষ প্রত্যেক লোকের পক্ষ থেকে এলাকার প্রধান খাদ্য থেকে সোয়া দু'কিলো পরিমাণ। ঈদের রাতে যদি এমন লোকের মালিকানা অর্জিত হয় যার ভরণ-পোষণ তার উপর আবশ্যিক (যেমন, কৃতদাস ইত্যাদি) তবে তারও ফিতরা বের করবে। ঈদের দিন নামাযের পূর্বে ফিতরা বের করা মুস্তাহাব। ঈদের নামাযের পর পর্যন্ত দেৱী করা জায়েয নয়। ঈদের একদিন বা দু'দিন পূর্বে বের করা জায়েয। একাধিক লোকের ফিতরা একত্রিত করে একজন লোককে যেমন দেয়া জায়েয, তেমনি একজন লোকের ফিতরা ভাগ করে একাধিক লোকের মাঝে বন্টন করা জায়েয।

যাকাত বের করা: যাকাত ফরয হওয়ার সাথে সাথে বের করা ওয়াজিব। শিশু এবং পাগলের সম্পদের যাকাত তার অভিভাবক বের করবে। সুন্নাত হচ্ছে, যাকাতের মালিক নিজেই প্রকাশ্যে উহা বন্টন করবে। প্রাপ্ত বয়স্ক ব্যক্তির জন্য শর্ত হচ্ছে উহা বের করার সময় নিয়ত করা। সাধারণ সাদকার নিয়ত করে সমস্ত সম্পদ বন্টন করে দিলেও উহা যাকাত হিসেবে আদায় হবে না। নিজ এলাকার গরীবদের মাঝে যাকাত বন্টন করা উত্তম। কিন্তু প্রয়োজনের ক্ষেত্রে অন্য এলাকায় পাঠানো যায়। নেসাব পরিমাণ সম্পদে অগ্রিম দু'বছরের যাকাত আদায় করা জায়েয ও বিশুদ্ধ।

যাকাতের হকদার কারা? তারা আটজন: ১) ফকীর ২) মিসকীন ৩) যাকাত আদায়ের কাজে নিযুক্ত কর্মচারী ৪) যাদেরকে ইসলামের প্রতি আকৃষ্ট করা হয় ৫) কৃতদাস ৬) ঋণগ্রস্ত ৭) আল্লাহর পথের লোক ৮) মুসাফির। এদের প্রত্যেক ব্যক্তিকে তার প্রয়োজন অনুযায়ী যাকাত দেয়া যাবে। তবে যাকাত আদায়ের কাজে নিযুক্ত কর্মচারীকে নির্ধারিত বেতন অনুযায়ী যাকাত দিতে হবে- যদিও সে ব্যক্তিগতভাবে সম্পদশালী হয়। খারেজী ও বিদ্রোহী সম্প্রদায় যদি ক্ষমতা গ্রহণ করে তবে তাদেরকে যাকাত প্রদান করা জায়েয। কোন শাসক যদি যাকাত দাতার নিকট থেকে জোর করে বা তার ইচ্ছায় যাকাত গ্রহণ করে, তবে তা যথেষ্ট হবে। যাকাত নিয়ে সে ইনসাফ করুক বা অন্যায় করুক।

যাদেরকে যাকাত দেয়া জায়েয নয়: কাফের, কৃতদাস, ধনী, যাদের খরচ বহন করা যাকাত প্রদানকারীর উপর ফরয এবং বানু হাশেম। যাকাতের হকদার নয় এমন লোককে না জেনে প্রদান করার পর যদি জানতে পারে, তবে যাকাত আদায় করা যথেষ্ট হবে না। কিন্তু গরীব ভেবে ধনী লোককে যাকাত দেয়ার পর জানতে পারলে, তা যথেষ্ট হবে।

নফল ছাদকা: রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “মৃত্যুর পর মু'মিনের যে সমস্ত আমল ও নেকীর কাজ তার নিকট পৌঁছে থাকে তা হচ্ছে, ইসলামী বিদ্যা যা অন্যকে শিক্ষা দিয়েছে ও প্রচার করেছে। রেখে যাওয়া নেক সন্তান (তার দু'আ)। একটি কুরআন যার উত্তরাধীকার হিসেবে কাউকে রেখে গেছে, অথবা একটি মসজিদ বা মুসাফিরদের জন্য কোন গৃহ নির্মাণ করে গেছে। অথবা একটি নদী প্রবাহিত করে গেছে (মানুষের জন্য পানির ব্যবস্থা করে গেছে)। অথবা জীবদ্দশায় সুস্থ থাকা কালে নিজের সম্পদ থেকে কিছু সাদকা বের করেছে- এগুলোর ছওয়াব মৃত্যুর পর তার কাছে পৌঁছতে থাকবে।” (ইবনে মাজহ, হাদীছ হাসান দ্রঃ ছহীহ ইবনে মাজহ হা/২৪২)

যাদের উপর রামাযানের ছিয়াম ফরযঃ প্রত্যেক মুসলমান, বিবেকবান, প্রাপ্ত বয়স্ক, ছিয়াম আদায়ে সক্ষম, হায়েয-নেফাস থেকে মুক্ত ব্যক্তির উপর ছিয়াম আদায় করা ফরয। শিশু যদি ছিয়াম আদায়ে সক্ষম হয়, তবে শিক্ষার জন্য তাকে সে নির্দেশ দিতে হবে। নিম্ন বর্ণিত যে কোন একটি মাধ্যমে রামাযান মাস শুরু হয়েছে প্রমাণিত হবে: ১) রামাযানের চাঁদ দেখা। প্রাপ্ত বয়স্ক বিশ্বস্ত মুসলিম- যদিও সে নারী হয়- তার সাক্ষ্যের ভিত্তিতে চাঁদ দেখা প্রমাণিত হবে। ২) শাবান মাস ত্রিশ দিন পূর্ণ হওয়া। ফজর হওয়ার পর থেকে নিয়ে শুরু করে সূর্যাস্ত পর্যন্ত ছিয়াম রাখতে হবে। ফরয ছিয়ামের জন্য ফজরের পূর্বে অবশ্যই নিয়ত করতে হবে।

ছিয়াম বিনষ্টকারী বিষয়ঃ ১) যোনাঙ্গে সহবাস করা। এ কারণে তাকে উক্ত ছিয়ামের কাযা আদায় করতে হবে ও কাফফারা দিতে হবে। কাফফারা হচ্ছে: একজন কৃতদাস মুক্ত করা, না পারলে ধারাবাহিকভাবে দু'মাস রোযা রাখা, এটাও সম্ভব না হলে ষাটজন মিসকীনকে খাদ্য প্রদান করা। কেউ যদি একাঙ্গেও সক্ষম না হয়, তবে তাকে কোন কিছুই করতে হবে না। ২) **বীর্যপাত করা-** চুম্বন বা স্পর্শ বা হস্তমৈথুনের মাধ্যমে। তবে স্বপ্নদোষ হলে রোযা ভঙ্গ হবে না। ৩) **ইচ্ছাকৃতভাবে পানাহার করা।** ভুলক্রমে পানাহারে রোযা ভঙ্গ হবে না। ৪) **শিঙ্গা বা রক্তদানের মাধ্যমে রক্ত বের করা।** তবে পরীক্ষা করার জন্য সামান্য রক্ত বের করলে বা জখম ও নাক থেকে অনিচ্ছাকৃত রক্ত বের হলে রোযা ভঙ্গ হবে না। ৫) **ইচ্ছাকৃত বমি করা।** রোযাদারের কঠনালিতে যদি ধুলা ঢুকে পড়ে বা কুলি করতে গিয়ে ও নাকে পানি দিতে গিয়ে যদি অনিচ্ছাকৃত পানি গিলে ফেলে, অথবা চিন্তা করতে করতে বীর্যপাত হয়ে গেলে, অথবা স্বপ্নদোষ হলে, অথবা অনিচ্ছাকৃতভাবে রক্ত বের হলে বা বমি হলে রোযা নষ্ট হবে না।

রাত আছে এই ধারণায় যদি খানা খেতে থাকে এবং পরে জানতে পারে যে, দিন হয়ে গেছে, তবে তাকে কাযা আদায় করতে হবে। কিন্তু ফজর হয়েছে কিনা এই সন্দেহ করে খেলে রোযা নষ্ট হবে না। আর সূর্য অস্ত গেছে এই সন্দেহ করে দিনের বেলায় খেয়ে ফেললে তাকে কাযা আদায় করতে হবে।

রোযা ভঙ্গকারীদের বিধি-বিধানঃ বিনা কারণে রামাযানের রোযা ভঙ্গ করা হারাম। যে নারীর ঋতু (হায়েয) বা নেফাস হয়েছে তার রোযা ভঙ্গ করা ওয়াজিব। এমনভাবে কোন মানুষের জান বাঁচানোর জন্য রোযা ভঙ্গ করার দরকার হলে ভঙ্গ করা ওয়াজিব। বৈধ কোন সফরে রোযা রাখা কষ্টকর হলে বা অসুস্থতার কারণে রোযা রাখায় ক্ষতির সম্ভাবনা থাকলে রোযা ভঙ্গ করা সুন্নাত। দিনের বেলায় সফর শুরু করলে গৃহে থাকাবস্থাতেই রোযা ভঙ্গ করা জায়েয। গর্ভবতী ও সন্তানকে দুগ্ধদায়ী নারী যদি রোযা রাখার কারণে নিজের স্বাস্থ্যের বা বাচ্চার ক্ষতির আশংকা করে, তবে তার জন্যও রোযা ভঙ্গ করা বৈধ। তবে এদেরকে শুধুমাত্র কাযা আদায় করতে হবে। কিন্তু গর্ভবতী ও দুগ্ধদায়ী নারী শুধুমাত্র বাচ্চার ক্ষতির আশংকা করলে রোযা ভঙ্গ করবে এবং তা কাযা করার সাথে প্রতি দিনের বিনিময়ে একজন করে মিসকীনকে খাদ্য প্রদান করবে।

অতি বৃদ্ধ ও সুস্থ হওয়ার আশা নাই এমন দুরারোগে আক্রান্ত ব্যক্তি রোযা রাখতে অপারগ হলে, রোযা ভঙ্গ করে প্রতিদিনের বিনিময়ে একজন করে মিসকীনকে খাদ্য প্রদান করবে। তাকে কাযা আদায় করতে হবে না।

ওযরের কারণে কোন মানুষ যদি কাযা রোযা আদায় করতে দেরী করে এমনকি পরবর্তী রামাযান এসে যায়, তবে তাকে শুধুমাত্র কাযা আদায় করলেই চলবে। কিন্তু বিনা ওযরে দেরী করলে কাযা করার সাথে সাথে প্রতিদিনের বিনিময়ে একজন করে মিসকীনকে খাদ্য প্রদান করবে। ওযরের কারণে কাযা আদায় করতে না পেরে মৃত্যু বরণ করলে কোন কিছু আবশ্যিক হবে না। কিন্তু কাযা আদায় না করার কোন ওযর ছিল না তবুও করেনি, এমতাবস্থায় মৃত্যু বরণ করেছে, তবে প্রতিদিনের বিনিময়ে একজন করে মিসকীনকে খাদ্য প্রদান করবে। মৃতের নিকটাত্মীয়ের জন্য সুন্নাত হচ্ছে, রামাযানের কাযা রোযা এবং মানতের রোযা- যা সে আদায় না করেই মৃত্যু বরণ করেছে- সেগুলো তার পক্ষ থেকে আদায় করে দেয়া।

ওযরের কারণে রোযা ভঙ্গ করেছে, তারপর দিন শেষ হওয়ার আগেই ওযর দূরীভূত হয়ে গেছে, তখন সে ইমসাক করবে (খানা-পিনা থেকে বিরত থাকবে)।^১ রামাযানের দিনের বেলায় যদি কোন কাফের ইসলাম গ্রহণ করে বা ঋতুবতী নারী পবিত্র হয় বা রুগী সুস্থ হয়, বা মুসাফির ফেরত আসে বা বালক-বালিকা প্রাপ্তবয়স্ক হয় বা পাগল সুস্থ বিবেক হয়, তবে তাদেরকে ঐ দিনের রোযা কাযা আদায় করতে হবে- যদিও তারা দিনের বাকী অংশ খানা-পিনা থেকে বিরত থাকে।

নফল ছিয়ামঃ সর্বোত্তম নফল ছিয়াম হচ্ছে একদিন রোযা রাখা একদিন না রাখা। তারপর প্রতি সপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার। তারপর প্রতি মাসে তিনদিন রোযা রাখা, উত্তম হচ্ছে আইয়্যামে বীয তথা প্রত্যেক চন্দ্র মাসের ১৩, ১৪ ও ১৫ তারিখ। **সুন্নাত হচ্ছে:** মুহাররাম ও শাবান মাসের অধিকাংশ দিন, আশুরা দিবস (মুহাররামের ১০ তারিখ), আরাফাত দিবস ও শাওয়াল মাসের ছয়দিন রোযা রাখা। **মাকরুহ হচ্ছে:** শুধুমাত্র রজব মাসে রোযা রাখা, এককভাবে শুক্রবার ও শনিবার রোযা রাখা, সন্দেহের দিন রোযা রাখা (শাবান মাসের ২৯ তারিখে আকাশ মেঘাচ্ছন্ন থাকার কারণে চাঁদ দেখা না গেলে, তিরিশ তারিখে সন্দেহের দিন বলা হয়)। **কখন রোযা রাখা হারামঃ** মোট পাঁচ দিন: ঈদুল ফিতর ও ঈদুল আযহার দিন এবং আইয়্যামে তাশরীক তথা জিলহজ্জের ১১, ১২ ও ১৩ তারিখ। তবে তামাত্তু বা কেরণ হজ্জকারীর উপর যদি দম (জরিমানা) ওয়াজিব থাকে, তাহলে তার জন্য এই তিন দিন রোযা রাখা হারাম নয়।

সতর্কতাঃ

- * বড় নাপাকীতে লিপ্ত ব্যক্তি, হায়েয ও নেফাস বিশিষ্ট নারী যদি ফজরের পূর্বে পবিত্র হয়, তবে তাদের জন্য সাহুর খাওয়া এবং রোযার নিয়ত করা জায়েয। তারা দেরী করে ফজরের আযানের পর গোসল করলেও কোন দোষ নেই। তাদের ছিয়াম বিশুদ্ধ হবে।
- * রামাযান মাসে নারী যদি মুসলমানদের সাথে ইবাদতে শরীক থাকার উদ্দেশ্যে সাময়িকভাবে ঋতু বন্ধ করার ঔষধ ব্যবহার করে এবং তাতে ক্ষতির সম্ভাবনা না থাকে, তবে তা জায়েয আছে।
- * রোযাদার যদি নিজের থুথু বা কফ মুখের ভিতরে থেকেই গিলে ফেলে, তবে তা জায়েয আছে।
- * নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, **لَا تَزَالُ أُمَّتِي بِخَيْرٍ مَا عَجَلُوا الْإِفْطَارَ وَأَخْرَوْا السُّحُورَ**, “আমার উম্মত ততদিন কল্যাণের মাঝে থাকবে, যতদিন তারা দ্রুত (সূর্যাস্তের সাথে সাথে) ইফতার করবে এবং দেরীতে (ফজরের পূর্ব মুহূর্তে) সাহুর খাবে।” (ইবনে মাজাহ, আহমাদ) তিনি আরো বলেন, **لَا يَزَالُ الدِّينُ ظَاهِرًا مَا عَجَلَ النَّاسُ الْفِطْرَ لِأَنَّ الْيَهُودَ وَالنَّصَارَى يُؤَخَّرُونَ**, “ধর্ম ততকাল বিজয়ী থাকবে মানুষ যতকাল দ্রুত ইফতার করবে, কেননা ইহুদী-খৃষ্টানরা দেরী করে ইফতার করে।” (আবু দাউদ)
- * ইফতারের সময় দু’আ করা মুস্তাহাব। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, রোযাদারের জন্য ইফতারের সময় একটি মুহূর্ত রয়েছে যখন সে দু’আ করলে তার দু’আ ফিরিয়ে দেয়া হয় না। (ইবনে মাজাহ) ইফতারের সময় এই দু’আ বলা সুন্নাতঃ **ذَهَبَ الظَّمَأُ وَأَبْتَلتِ العُرُوقُ وَثَبَتَ الأَجْرُ إِنْ شَاءَ اللهُ** উচ্চারণ: যাহাবায্যামাউ অবতাল্লাতিল উরুকু ওয়া ছাবাতাল আজরু ইনশাআল্লাহু। অর্থ: পিপাসা দূরীভূত হয়েছে শিরা-উপশিরা তরতাজা হয়েছে। আল্লাহ্ চাহেতো ছাওয়াবও নিশ্চিত হয়েছে।” (আবু দাউদ)
- * ইফতারের সময় সুন্নাত হচ্ছে: কাঁচা খেজুর দিয়ে ইফতার করা, না পেলে সাধারণ খেজুর দিয়ে, না পেলে পানি দ্বারা ইফতার করবে।

^১ কিন্তু এর বিপরীত মতও পাওয়া যায়। অর্থাৎ তাকে দিনের অবিশিষ্ট অংশ পানাহার থেকে বিরত থাকতে হবে না। কেননা সে তো শরীয়তের অনুমতি নিয়েই রোযা ভঙ্গ করেছে। অর্থাৎ সারাদিন তাকে খানা-পিনার অনুমতি দেয়া হয়েছে। সুতরাং ওযর দূর হওয়ার পর দিনের বাকী অংশ ছিয়াম অবস্থায় থাকতে শরীয়তের ফায়দা কি? (বিস্তারিত দেখুন, শায়খ ইবনু উছাইমীন প্রণীত ফতোয়া আরকানুল ইসলাম প্রশ্ন নং ৪০০)

- ★ মতভেদ থেকে দূরে থাকার জন্য রোযাদারের চোখে সুরমা এবং নাকে ও কানে ড্রপ ব্যবহার করা থেকে বিরত থাকাই ভাল। তবে চিকিৎসার জন্য হলে কোন অসুবিধা নেই- যদিও ঔষধের স্বাদ গলায় অনুভব করে, কোন অসুবিধা নেই- তার ছিয়াম বিশুদ্ধ।
- ★ বিশুদ্ধ মতে রোযাদার সবসময় মেসওয়াক করতে পারে। এটা মাকরুহ নয়।
- ★ রোযাদারের উপর ওয়াজিব হচ্ছে, গীবত, চুগলখোরী ও মিথ্যা প্রভৃতি থেকে বিরত থাকা। কেউ তাকে গালিগালাজ করলে বলবে: আমি রোযাদার। জিহ্বা এবং অন্যান্য অঙ্গ-প্রত্যঙ্গকে গুনাহ ও অন্যায় থেকে সংযত করার মাধ্যমে ছিয়ামের পবিত্রতা রক্ষা হয়। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, **“مَنْ لَمْ يَدَعْ قَوْلَ الزُّورِ وَالْعَمَلَ بِهِ فَلَيْسَ لَلَّهِ حَاجَةٌ فِي أَنْ يَدَعَ طَعَامَهُ وَشَرَابَهُ”** “যে ব্যক্তি রোযা রেখে মিথ্যা কথা এবং মিথ্যা কর্ম পরিত্যাগ না করে, তার পানাহার পরিত্যাগ করার মাঝে আল্লাহর কোন দরকার নেই।” (বুখারী ও মুসলিম)
- ★ ছিয়াম আদায়কারী কোন মানুষকে যদি খাদ্যের দা’ওয়াত দেয়া হয়, তবে তার জন্য দু’আ করা সুন্নাত। কিন্তু রোযা না থাকলে দা’ওয়াত প্রদানকারীর খাদ্যে অংশ নিবে।
- ★ সারা বছরের মধ্যে সর্বোত্তম রাত হচ্ছে ‘লায়লাতুল কাদর’। বিশেষভাবে রামাযানের শেষ দশকে এ রাত পাওয়া যায়। তন্মধ্যে অধিক গুরুত্বপূর্ণ হচ্ছে ২৭শে রাত। এই এক রাতের নেক আমল এক হাজার মাসের নেক আমলের চাইতে উত্তম। এর কিছু আলামত আছে: সে রাতের প্রভাতে সূর্য সুন্দ্র নরম হবে তার আলো তেজবিহীন হবে এবং আবহাওয়া মোলায়েম হবে। যে কোন মুসলমান ‘লাইলাতুল কাদর’ পেতে পারে কিন্তু সে তা নাও জানতে পারে। এজন্য করণীয় হচ্ছে, রামাযানে বেশী বেশী নফল ইবাদত করার প্রতি সচেতন থাকা- বিশেষ করে শেষ দশকে। রামাযানের তারাবীহ যেন না ছুটে সে দিকে খেয়াল রাখবে। জামাতের সাথে তারাবীহ পড়লে ইমামের নামায শেষ হওয়ার আগে যেন মসজিদ ছেড়ে চলে না যায়। কেননা ইমাম যখন নামায শেষ করেন, তখন তার সাথে নামায শেষ করলে পূর্ণ রাত্রি কিয়ামুল্লায়ল করার ছওয়াব পাবে।

নফল ছিয়াম শুরু করলে পূর্ণ করা সুন্নাত- ওয়াজিব নয়। ইচ্ছাকৃতভাবে নফল ছিয়াম ছেড়ে দিলে কোন দোষ নেই। এজন্য কাযাও করতে হবে না।

ই’তেকাফঃ বিবেকবান একজন মুসলমানের আল্লাহর ইবাদত করার জন্য মসজিদে নির্দিষ্ট সময় অবস্থান করাকে ই’তেকাফ বলে। এর জন্য **শর্ত হচ্ছে:** ই’তেকাফকারী বড় নাপাকী থেকে পবিত্র অবস্থায় থাকবে। একান্ত প্রয়োজন না থাকলে মসজিদ থেকে বের হবে না। যেমন: পানাহার, পেশাব-পায়খানা, ফরয গোসল ইত্যাদি। বিনা কারণে মসজিদ থেকে বের হলে, স্ত্রী সহবাসে লিপ্ত হলে ই’তেকাফ বাতিল হয়ে যাবে। সবসময় ই’তেকাফ করা সুন্নাত, তবে রামাযানে অধিক গুরুত্বপূর্ণ বিশেষ করে শেষ দশকে। ই’তেকাফের সর্বনিম্ন সময়সীমা এক ঘন্টা^১ তবে একদিন ও একরাতের কম না হওয়া মুস্তাহাব। স্বামীর অনুমতি না নিয়ে কোন নারী যেন ই’তেকাফ না করে। ই’তেকাফকারীর জন্য সুন্নাত হচ্ছে ইবাদত, তাসবীহ-তাহলীল ও আনুগত্যের কাজে অধিকাংশ সময় ব্যয় করা। সাধারণ বৈধ কাজ-কর্মে বেশী বেশী লিপ্ত না হওয়া উচিত। তবে অপ্রয়োজনীয় বিষয় থেকে বিরত থাকা আবশ্যিক।

^১. কিন্তু একথার পক্ষে কোন দীলল নেই।

হজ্জ ও উমরাঃ

জীবনে একবার মাত্র হজ্জ ও উমরা আদায় করা ফরয। উহা ফরয হওয়ার শর্তাবলী: ১) ইসলাম ২) বিবেক থাকা ৩) প্রাপ্ত বয়স্ক হওয়া ৪) স্বাধীন হওয়া ৫) সামর্থবান হওয়া, অর্থাৎ- পাথেয় ও বাহন থাকা। নারীর জন্য ৬ষ্ঠ শর্ত হচ্ছে: স্বামী বা এমন পুরুষ সাথে থাকা যার সাথে চিরকাল বিবাহ হারাম। মাহরাম ছাড়া হজ্জ বিশুদ্ধ হয়ে যাবে কিন্তু সে গুনাহগার হবে। কোন ব্যক্তি অলসতা বশতঃ হজ্জ না করে মৃত্যু বরণ করলে, তার সম্পদ থেকে হজ্জ-উমরার খরচের পরিমাণ অর্থ বের করে তার নামে বদলী হজ্জ করাতে হবে। কাফের বা পাগল ব্যক্তি হজ্জ-উমরা করলে তা বিশুদ্ধ হবে না। শিশু ও কৃতদাস করলে তা বিশুদ্ধ হবে, কিন্তু নিজের ফরয হজ্জ আদায় হবে না।^১ ফকীর, মিসকীন প্রভৃতি অসামর্থ ব্যক্তি যদি ঋণ করে হজ্জ আদায় করে, তবে তার হজ্জ বিশুদ্ধ হবে।^২

যে ব্যক্তি বদলী হজ্জ করতে গেছে অথচ পূর্বে নিজের ফরয হজ্জ আদায় করেনি, তার ঐ হজ্জ নিজের হজ্জ হিসেবে গণ্য হবে, বদলী হজ্জ হিসেবে গ্রহণীয় হবে না।

ইহরামঃ ইহরামকারীর জন্য সুনাত হচ্ছে: গোসল করা, পরিস্কার-পরিচ্ছন্নতা অর্জন করা, আতর-সুগন্ধি ব্যবহার করা, সেলাই করা কাপড় খুলে ফেলা, পরিস্কার সাদা দু'টি কাপড় একটি লুঙ্গি অন্যটি চাদর হিসেবে পরিধান করা। তারপর হজ্জ বা উমরার জন্য অন্তরে নিয়ত করে ইহরাম বাঁধার জন্য বলা: লাঝ্বাইকা আল্লাহুমা উমরাতান, বা লাঝ্বাইকা আল্লাহুমা হাজ্জান, বা লাঝ্বাইকা আল্লাহুমা হাজ্জান ওয়া উমরাতান। হজ্জ বা উমরা পূর্ণ করতে পারবে না এরকম আশংকা করলে এই দু'আ বলে শর্ত করা: 'আল্লাহুমা ইন্ হাবাসানী হাবেসুন, ফামাহেল্লী হাইছু হাবাসতানী।'

হজ্জ তিন প্রকারঃ তামাত্তু, কেরণ ও ইফরাদ। যে কোন এক প্রকারের হজ্জ আদায় করা যায়। তবে উত্তম হচ্ছে তামাত্তু হজ্জ। **তামাত্তু বলা হয়:** হজ্জের মাসে উমরার জন্য ইহরাম বেঁধে উমরাহ সম্পন্ন করা, অতঃপর সেই বছরেই যিলহজ্জের ৮ তারিখে হজ্জের জন্য ইহরাম বাঁধা। **ইফরাদ:** শুধুমাত্র হজ্জের উদ্দেশ্যে ইহরাম বাঁধা। **কিরাণ:** হজ্জ ও উমরা আদায় করার জন্য এক সাথে নিয়ত করা। অথবা শুধু ওমরার নিয়ত করার পর তওয়াফ শুরুর পূর্বে তার সাথে হজ্জেরও নিয়ত জড়িত করে ফেলা।

হজ্জ-উমরাকারী পূর্ব নিয়মে ইহরাম বাঁধার পর নিজের বাহনে আরোহণ করে এই তালবিয়া পাঠ করবে: তালবিয়াঃ (لَبَّيْكَ اللَّهُمَّ لَبَّيْكَ، لَبَّيْكَ لَا شَرِيكَ لَكَ لَبَّيْكَ، إِنَّ الْحَمْدَ وَالنِّعْمَةَ لَكَ وَالْمُلْكُ، لَا شَرِيكَ لَكَ) 'লাঝ্বাইকা আল্লাহুমা লাঝ্বাইকা, লাঝ্বাইকা লা-শারীকা লাকা লাঝ্বাইকা, ইন্নালা হামদা ওয়ান্নিয়মাতা লাকা ওয়াল্ মুল্ক, লা-শারীকা লাকা'। খুব বেশী বেশী এবং উচ্চৈঃস্বরে এই তালবিয়া পাঠ করবে। কিন্তু নারীরা নিম্নস্বরে পাঠ করবে।

ইহরামের নিষিদ্ধ বিষয়ঃ নয়টি: ১) মাথার চুল মুন্ডন করা, ২) নখ কাটা, ৩) পুরুষের সেলাই করা কাপড় পরিধান করা। তবে লুঙ্গি না পেলে পায়জামা পরিধান করতে পারবে। অথবা সেগুল না পেলে মোজা পরিধান করবে (এ অবস্থায় মোজাকে টাখনুর নিচ পর্যন্ত কেটে নিতে হবে)। এতে কোন ফিদিয়া লাগবে না। ৪) পুরুষের মাথা ঢাকা, ৫) শরীরে ও কাপড়ে আতর-সুগন্ধি লাগানো, ৬) শিকার হত্যা করা তথা বৈধ বন্য প্রাণী শিকার। ৭) বিবাহের আকদ করা। এরূপ করা হারাম, তবে তাতে কোন ফিদিয়া দিতে হবে না। ৮) উত্তেজনার সাথে যৌনাঙ্গ ব্যতীত স্ত্রীকে আলিঙ্গন করা। এতে ফিদিয়া দিতে হবে: একটি ছাগল যবেহ করবে, অথবা তিনদিন রোযা রাখবে, অথবা ছয়জন মিসকীনকে খাদ্য প্রদান করবে। ৯) যৌনাঙ্গে সহবাস করা। প্রথম হালালের পূর্বে সহবাস করলে হজ্জ বাতিল হয়ে যাবে, সেই বছর হজ্জের অবশিষ্ট কাজ পূর্ণ করতে হবে, পরবর্তী বছর উক্ত হজ্জ কাযা আদায় করতে হবে। সেই সাথে ফিদিয়া স্বরূপ একটি উট যবেহ করে মক্কার ফকীরদের মাঝে বিতরণ করতে হবে। তবে প্রথম হালালের পর সহবাস করলে হজ্জ বাতিল হবে না কিন্তু ফিদিয়া স্বরূপ একটি উট যবেহ করতে হবে। যদি উমরার ইহরামে সহবাস করে তবে উমরা বাতিল হয়ে যাবে, তার কাযা আদায় করতে হবে এবং ফিদিয়া স্বরূপ একটি ছাগল যবেহ করতে হবে। সহবাস ব্যতীত অন্য কোন কারণে হজ্জ বা উমরা বাতিল হবে না। নারীর বিধান পুরুষের মতই, তবে নারী সেলাই করা কাপড় পরতে পারবে। নারী নেকাব এবং হাত মোজা পরিধান করবে না।

^১ অর্থাৎ শিশু প্রাপ্ত বয়স্ক হওয়ার পর এবং কৃতদাস স্বাধীন হওয়ার পর তাদেরকে আবার হজ্জ-উমরা আদায় করতে হবে।

^২ কিন্তু এরূপ করা উচিত নয়।

ফিদিয়া বা জরিমানাঃ ফিদিয়া দু'প্রকার: ১) **ইচ্ছাধীন:** উহা হচ্ছে মাথামুন্ডন বা আতর-সুগন্ধি ব্যবহার বা নখ কাটা বা মাথা ঢাকা বা পুরুষের সেলাই করা কাপড় পরিধান প্রভৃতিতে ফিদিয়া দেয়ার ব্যাপারে স্বাধীনতা রয়েছে। তিনটি রোযা রাখবে অথবা ছয়জন মিসকীনকে খাদ্য প্রদান করবে- প্রত্যেক মিসকীনকে অর্ধ সা' (দেড় কিলো) খাদ্য প্রদান করবে। অথবা একটি ছাগল যবেহ করবে। প্রাণী শিকার করলে অনুরূপ একটি চতুস্পদ জন্তু যবেহ করবে। কিন্তু অনুরূপ জন্তু না পাওয়া গেলে তার মূল্য ফিদিয়া হিসেবে বের করবে। ২) **ধারাবাহিক:** তাম্মাত্তুকারী ও কিরাণকারীর জন্য আবশ্যিক হচ্ছে একটি ছাগল কুরবানী দেয়া। সহবাস করলে তার ফিদিয়া হচ্ছে একটি উট। এই ফিদিয়া দিতে না পারলে হজ্জের মধ্যে তিনটি এবং গৃহে ফিরে গিয়ে সাতটি রোযা রাখবে।

ফিদিয়ার ছাগল বা খাদ্য হারাম এলাকার ফকীর ছাড়া অন্য কাউকে দেয়া যাবে না।

মক্কায় প্রবেশঃ হাজী সাহেব মসজিদে হারামে প্রবেশ করার সময় সেই দু'আ পাঠ করবে যা সাধারণ মসজিদে প্রবেশ করার সময় পড়তে হয়। তারপর তাম্মাত্তুকারী হলে উমরার তওয়াফ আর ইফরাদ ও কেরাণকারী হলে তওয়াফে কুদূম শুরু করবে। তওয়াফের পূর্বে ইযতেবা করবে তথা ইহরামের চাদরকে ডান বগলের নীচ দিয়ে নিয়ে বাম কাঁধের উপর রাখবে এবং ডান কাঁধ খোলা রাখবে। প্রথমে হাজরে আসওয়াদের কাছে গিয়ে তাকে চুম্বন করবে বা হাত দিয়ে স্পর্শ করবে এবং হাতকে চুম্বন করবে অথবা দূর থেকে হাত দ্বারা ইশারা করবে কিন্তু হাতকে চুম্বন করবে না। সে সময় পাঠ করবে: 'বিসমিল্লাহি আল্লাহু আক্বার'। এরূপ প্রত্যেক চক্রেরই করবে। কা'বা ঘরকে বামে রেখে সাত চক্র তওয়াফ করবে। প্রথম তিন চক্রে সাধ্যানুযায়ী রমল করবে (ছোট ছোট কদমে দ্রুত চলাকে রমল বলা হয়) আর অবশিষ্ট চার চক্র সাধারণভাবে চলবে। রুকনে ইয়ামানীর সামনে এসে সম্ভব হলে উহা হাত দ্বারা স্পর্শ করবে (কিন্তু চুম্বন করবে না) রুকনে ইয়ামানী এবং হজরে আসওয়াদের মধ্যবর্তী স্থানে এই দু'আ পড়বেঃ

(رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ) "রাব্বানা আতিনা ফিদ্বুনিয়া হাসানা তাঁও ওয়া ফিল আখিরাতি হাসানা তাঁও ওয়া ক্বিনা আযাবান্নার।" তাওয়াফ অবস্থায় কোন দু'আ নির্দিষ্ট না করে পছন্দনীয় ও জানা যে কোন দু'আ যিকির যে কোন ভাষায় পাঠ করবে। তারপর সম্ভব হলে মাক্কামে ইবরাহীমের পিছনে গিয়ে দু'রাকাত নামায আদায় করবে। প্রথম রাকাতে সূরা ফাতিহার পর সূরা কাফেরন এবং দ্বিতীয় রাকাতাতে সূরা ইখলাছ পড়বে। অতঃপর যম্বযম এর পানি পান করবে ও বেশী করে পান করার চেষ্টা করবে। আবার ফিরে এসে সহজ হলে হাজরে আসওয়াদকে চুম্বন করবে। এরপর 'মুলতায়িমের' নিকট গিয়ে দু'আ করবে। (কা'বা ঘরের দরজা ও হাজরে আসওয়াদের মধ্যবর্তী স্থানকে মুলতায়িম বলা হয়)। তারপর সাঈ করার জন্য ছাফা পর্বতের দিকে অগ্রসর হবে। উপরে উঠে বলবে, **أَبْدَأُ بِمَا بَدَأَ اللَّهُ بِهِ** 'আল্লাহু প্রথমে যে পাহাড়ের নাম উল্লেখ করেছেন, আমি সেখান থেকে শুরু করছি।' তারপর এই আয়াতটি পাঠ করবে:

﴿إِنَّ الصَّمَ وَالْمُرَّةَ مِنْ سَعَابِ اللَّهِ فَمَنْ حَجَّ الْبَيْتَ أَوْ اعْتَمَرَ فَلَا جُنَاحَ عَلَيْهِ أَنْ يَطَّوَّفَ بِهِمَا وَمَنْ تَطَوَّعَ حَرًّا فَإِنَّ اللَّهَ شَاكِرٌ عَلِيمٌ﴾

উচ্চারণ: 'ইনাস সাফা ওয়াল মারওয়াতা মিন শাআয়িরিল্লাহি ফামান হাজ্জাল বায়তা আও ই'তামারা, ফালা জুনাহা আলাইহি আ'ই ইয়াওওয়াফা বিহিমা, ওয়া মান তাওআ' খাইরান ফাইনাল্লাহা শাকেরন আলীম।' অর্থ: "নিশ্চয় 'ছাফা' ও 'মারওয়া' আল্লাহর নিদর্শন সমূহের অন্তর্গত, অতএব যে ব্যক্তি এই গৃহের 'হজ্জ' অথবা 'উমরা' করে তার জন্যে এতদুভয়ের প্রদক্ষিণ করা দোষণীয় নয়, এবং কোন ব্যক্তি স্বেচ্ছায় সৎকর্ম করলে আল্লাহ গুণগ্রাহী, সর্বজ্ঞাত।" (সূরা বাক্বারা- ১৫৮) কিবলামুখী হয়ে দাঁড়িয়ে তাওহীদ, তাকবীর, তাহমীদ ইত্যাদি পাঠ করবে। তিনবার বলবে: **لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ** **الْحَمْدُ يُحْيِي وَيُمِيتُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ . لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ أَتَجَزَّ وَغَدَهُ وَنَصَرَ عَبْدَهُ وَهَزَمَ الْأَحْزَابَ وَحْدَهُ .** উচ্চারণ: 'লা-ইলা ইল্লাল্লাহু, ওয়াহদাহু লাশারীকা লাহু, লাহুল্ মুল্কু, ওয়ালাহুল্ হামদু ওয়াহু ওয়া আলা কুল্লি শাইয়িন কাদীর। লা-ইলাহা ইল্লাল্লাহু, ওয়াহদাহু আনজাযা ওয়াদাহু, ওয়া নাহারা আব্দাহু, ওয়া হাযামাল আহযাবা ওয়াহুদাহু।' এরপর দু'হাত তুলে জানা যে কোন দু'আ পাঠ করবে। এরপর ছাফা থেকে নেমে মারওয়া পর্বতের দিকে চলবে। পুরুষের জন্য মুস্তাহাব হল, দু'সবুজ বাতির মধ্যবর্তী স্থানে জোরে দৌড়ানো। মারওয়া পর্যন্ত বাকী রাস্তা হেঁটে চলবে। সেখানে গিয়ে ছাফায় যা করেছে তা করবে। (তবে সেখানে উল্লেখিত আয়াত পড়বে না।) মারওয়া থেকে নেমে ছাফার দিকে গমন করবে এবং প্রথম চক্রে যা করেছে এবারও তা করবে। এভাবে সাত চক্র পূর্ণ করবে। ছাফা থেকে মারওয়া গমন ১ম চক্র,

১. ইহরামের নিষিদ্ধ কোন কাজ ভুল বশত বা অজ্ঞতা বশতঃ করে ফেললে কোন ফিদিয়া বা জরিমানা আবশ্যিক হবে না। কিন্তু ইচ্ছাকৃত ও জেনে-শনে করলেই তাতে ফিদিয়া আবশ্যিক হবে।

মারওয়া থেকে ছাফা প্রত্যাবর্তন ২য় চক্রর। এভাবে ৭ম চক্রর মারওয়ায় এসে শেষ করবে। এরপর মাথার চুল মুড়িয়ে বা খাটো করে হালাল হয়ে যাবে। মুন্ডন করা উত্তম। তবে তামাত্তুকারীর জন্য খাটো করাই উত্তম। কেননা এরপর সে হজ্জ সম্পাদন করবে। আর কেরণ ও ইফরাদকারী তওয়াফে কুদুমের পর হালাল হবে না। ঈদের দিন জামরা আকাবায় কঙ্কর মারার পর তারা হালাল হবে। উল্লেখিত কাজগুলোতে নারী পুরুষের মতই, তবে সে তওয়াফ ও সাঈতে দৌড়াবে না।

হজ্জের পদ্ধতিঃ ইয়াওমুত্ তারবিয়্যাহ্ তথা জিলহজ্জের ৮ তারিখ তামাত্তুকারী মক্কায় নিজ গৃহ থেকে 'লাব্বাইকা হাজ্জান' বলে হজ্জের ইহরাম বাঁধবে। অতঃপর যোহরের পূর্বে মিনায় পৌঁছে সেখানে যোহর থেকে ফজর পাঁচ ওয়াক্ত নামায (চার রাকাআত বিশিষ্ট নামায) কছর করে সময়মত আদায় করবে এবং সেখানে ৯ তারিখের রাত্রি যাপন করবে। ৯ তারিখে সূর্যোদয়ের পর আরাফাতে গমণ করবে। পশ্চিমাকাশে সূর্য ঢলার পর যোহর ও আছরের নামায এক আযানে দুই ইকামতে কছর করে আদায় করবে। (উরানা) নামক উপত্যকা ব্যতীত আরাফাতের সকল স্থানই অবস্থান স্থল। আরাফাতে অবস্থানকালে এই দু'আটি বেশী বেশী পাঠ করবে: **উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারীকা লাহু, লাহুল্ মুলুকু ওয়ালাহুল্ হামদু, ওয়াহুওয়া আলা কুল্লি শাইয়িন্ কাদীর।** আর অধিকহারে দু'আ, তওবা ও আল্লাহর কাছে কাকুতি-মিনতী পেশ করতে সচেষ্ট হবে। সূর্যাস্তের পর প্রশান্তি ও ধীরস্থিরতার সাথে মুযদালিফার দিকে গমণ করবে। সে সময় তালবিয়া পাঠ করবে ও আল্লাহর যিকির করবে। মুযদালিফায় পৌঁছে সর্বপ্রথম মাগরিব ও এশার নামায এক আযানে ও দুই ইকামতে আদায় করবে। সেখানে **রাত্রি যাপন করবে।** রাতে কোন প্রকার ইবাদতে মাশগুল না হয়ে সরাসরি ঘুমিয়ে পড়বে। প্রথম ওয়াক্তে ফজর নামায আদায় করে মাশআরুল হারামে কিবলামুখী হয়ে দু'আ করবে। তারপর সূর্যোদয়ের পূর্বে মিনার দিকে রাওয়ানা হবে। 'বাতুনে মুহাস্সার' (মুযদালিফা ও মিনার মধ্যবর্তী অঞ্চল) নামক স্থানে সম্ভব হলে দ্রুত গতিতে চলবে। মিনায় পৌঁছে সর্বপ্রথম **জামরা আকাবায় উচ্চেষ্ট্রেরে 'আল্লাহু আকবার'** বলে একে একে ৭টি কংকর নিষ্ক্ষেপ করবে। শর্ত হচ্ছে প্রতিটি কঙ্কর যেন হওয়ের মধ্যে পতিত হয়, যদিও তা স্তম্ভে না লাগে। কঙ্কর নিষ্ক্ষেপ শুরু করার সময় তালবিয়া পাঠ বন্ধ করে দিবে। তারপর কুরবানী করবে। অতঃপর মাথার চুল মুন্ডন করবে বা খাটো করবে। মুন্ডন করা উত্তম। (মহিলাগণ চুলের অগ্রভাগ থেকে আঙ্গুলের গিরা সমপরিমাণ কাটবে।) কংকর নিষ্ক্ষেপ এবং মাথা মুন্ডনের পর ইহরাম অবস্থায় যা হারাম ছিল, স্ত্রী সহবাস ব্যতীত সবকিছু হালাল হয়ে যাবে। এটাকে প্রথম হালাল বলা হয়। অতঃপর মক্কা গিয়ে রমল বিহীন **তাওয়াফে ইফাযাহু করবে।** হজ্জ পূর্ণ হওয়ার জন্য এটা আবশ্যিকীয় একটি রুকন। এরপর তামাত্তুকারী সাফা-মারওয়া সাঈ করবে। কিরাণ ও ইফরাদকারী তওয়াফে কুদুমের সাথে সাঈ না করে থাকলে- তারাও সাঈ করবে। এই তাওয়াফ-সাঈ শেষ হলে সবকিছু এমনকি স্ত্রী সহবাসও হালাল হয়ে যাবে। এটাকেই দ্বিতীয় হালাল বলা হয়। এরপর মিনা ফেরত এসে সেখানের রাত্রিগুলো যাপন করবে। এখানে কমপক্ষে দু'রাত্রি যাপন করা ওয়াজিব। মিনায় কমপক্ষে দু'দিন কঙ্কর মারা ওয়াজিব। প্রতিদিন সূর্য পশ্চিমাকাশে ঢলার পর তিন জামরায় সাতটি করে কঙ্কর মারবে। প্রথম দিন (১১ যিলহজ্জ) প্রথমে ছোট জামরায় সাতটি কঙ্কর মারবে। তারপর সম্মুখের দিকে অগ্রসর হয়ে কিবলামুখী হয়ে দাঁড়ানো অবস্থায় দু'আ করবে। অতঃপর মধ্যবর্তী জামরায় অনুরূপভাবে কঙ্কর মারবে ও দু'আ করবে। শেষে একই নিয়মে বড় জামরায় কঙ্কর মারে সেখানে আর দাঁড়াবে না। দ্বিতীয় দিন (১২ যিলহজ্জ) একই নিয়মে তিন জামরায় কঙ্কর মারবে। যদি চলে যেতে চায়, তবে (১২ যিলহজ্জ) সূর্যাস্তের পূর্বে মিনা ত্যাগ করবে। মিনা থাকাবস্থায় সূর্য অস্তমিত হয়ে গেলে, সেই রাত মিনায় থাকা ও পরের দিন পূর্ব নিয়মে তিন জামরায় কঙ্কর মারা ওয়াজিব। তবে ১২ তারিখে কঙ্কর মেরে বের হওয়ার দৃঢ় ইচ্ছা করেছে কিন্তু ভীড়ের কারণে সূর্যাস্তের পূর্বে মিনা ত্যাগ করতে পারেনি, তাহলে সূর্যাস্তের পর হলেও মিনা ত্যাগ করতে কোন অসুবিধা নেই। কিরাণকারীর যাবতীয় কর্ম ইফরাদকারীর মতই। তবে কিরাণকারীকে তামাত্তুকারীর মত কুরবানী করতে হবে। মক্কা ত্যাগ করার ইচ্ছা করলে বিদায়ী তওয়াফ করবে। সর্বশেষ কাজ আল্লাহর ঘরের তওয়াফ না করে যেন মক্কা ত্যাগ না করে। তবে ঋতু ও নেফাস বিশিষ্ট নারীদের থেকে বিদায়ী তওয়াফ রহিত হয়ে যাবে। বিদায়ী তওয়াফ করার পর ব্যবসা বা অন্য কোন কাজে যদি জড়িত হয়ে যায়, তবে পুনরায় বিদায়ী তওয়াফ করবে। বিদায়ী তওয়াফ না করে যদি মক্কা ত্যাগ করে, তবে নিকটে থাকলে ফিরে এসে তওয়াফ করবে। ফিরে আসা সম্ভব না হলে ফিদিয়া স্বরূপ একটি কুরবানী মক্কায় পাঠিয়ে দিবে।

হজ্জের রুকনঃ চারটি: ১) ইহরাম: উহা হচ্ছে নির্দিষ্ট কর্মের মাধ্যমে হজ্জ-উমরার নিয়ত করা। ২) আরাফাতে অবস্থান ৩) তাওয়াফে ইফাযা ৪) হজ্জের সাঈ। **হজ্জের ওয়াজিবঃ** আটটি: ১) মীকাত থেকে ইহরাম বাঁধা ২) সূর্যাস্ত পর্যন্ত আরাফায় অবস্থান করা। ৩) মুযদালিফায় রাত্রি যাপন করা। ৪) ১১, ১২

★ শয়তান সাত ধরণের বাঁধা-প্রতিবন্ধকতা সৃষ্টির মাধ্যমে মানুষের উপর বিজয়ী হওয়ার চেষ্টা করে। একটি বাধায় অপারগ হলে তার পরেরটি দ্বারা চেষ্টা করবে। সবচেয়ে বড় বাধা হচ্ছে: শির্ক ও কুফরী। এতে সফল না হলে, বিদআত তথা বিশ্বাসের ক্ষেত্রে এবং নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ও তাঁর ছাহাবীদের অনুসরণের ক্ষেত্রে নতুন নীতি সৃষ্টি করার মাধ্যমে। এতেও যদি সফল না হয়, তখন কাবীরা গুনাহে লিপ্ত করার চেষ্টা করে। এক্ষেত্রে সামর্থ্য না হলে ছাগীরা গুনাহে লিপ্ত করে। এতেও সফল না হলে, দুনিয়াবী বৈধ কাজ বেশী পরিমাণে করায়। এখানেও অপারগ হলে, অধিক নেকীর কাজের তুলনায় কম নেকীর কাজের দ্বারা। এতেও সফল না হলে পথভ্রষ্ট করার জন্য জিন ও মানুষরূপী শয়তানকে তার বিরুদ্ধে নিয়োগ করে দেয়।

★ **গুনাহঃ** কয়েকভাবে অন্যায ও অপরাধের পাপ মার্জনা করা হয়: সত্য ও বিশুদ্ধ তওবা, ইস্তেগফার, নেকীর কাজ, কোন বিপদে পড়লে, দান-সাদকা, মানুষের দু'আ ইত্যাদি। এরপরও যদি কিছু গুনাহ রয়ে যায় তবে এবং আল্লাহ্ তাকে ক্ষমা না করেন, তবে তার গুনাহ পরিমাণ শাস্তি কবরে অথবা কিয়ামত দিবসে জাহান্নামে প্রবেশ করিয়ে প্রদান করা হবে। লোকটি যদি তাওহীদের উপর মৃত্যু বরণ করে, তবে পাপের প্রায়শ্চিত্ত হয়ে পবিত্র হওয়ার পর তাকে জাহান্নাম থেকে বের করে জান্নাতে প্রবেশ করানো হবে। কিন্তু যদি কুফরী বা শির্ক বা মুনাফেকী নিয়ে মৃত্যু বরণ করে, তবে চিরকাল জাহান্নামে অবস্থান করবে। মানুষের উপর **পাপাচার ও গুনাহের অনেক কুপ্রভাব** রয়েছে। **অন্তরের উপর পাপের**

কুপ্রভাব: পাপের মাধ্যমে অন্তরে একাকিত্ব, অন্ধকার, লাঞ্ছনা, রোগ সৃষ্টি হয় এবং আল্লাহর কাছে পৌঁছতে অন্তরে বাধা সৃষ্টি হয়। **ধর্মের উপর পাপের কুপ্রভাব:** পূর্বের কুপ্রভাবগুলোর সাথে সাথে পাপের কারণে আনুগত্য থেকে বঞ্চিত হবে, রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম), ফেরেশতা ও মু'মিনদের দু'আ থেকে মাহরুম হবে। **রিষিকের উপর কুপ্রভাব:** পাপের কারণে রিষিক থেকে মাহরুম হয়, নেয়ামত দূরীভূত হয় এবং সম্পদের বরকত মিটে যায়। **ব্যক্তি জীবনে পাপের কুপ্রভাব:** জীবনের বরকতকে মিটিয়ে দেয়, সংসার জীবনে সংকীর্ণতা সৃষ্টি হয়, প্রতিটি কাজ কঠিন হয়ে যায়। **আমলে কুপ্রভাব:** পাপের কারণে আমল কবুল হতে বাধার সৃষ্টি হয়। **সমাজে কুপ্রভাব:** সমাজে নিরাপত্তা বিঘ্নিত হয়, নিত্য প্রয়োজনীয় আসবাব-পত্রে উর্ধ্ব মূল্য সৃষ্টি হয়, শাসক ও শত্রুদের আধিপত্য হয়, বৃষ্টি বর্ষণ বন্ধ হয়.. ইত্যাদি। **একটি উপকারিতাঃ** ইবনুল জাওয়ী (রহঃ) বলেন, যাকে শাস্তি দেয়া হচ্ছে সে যদি তা অনুভব করতে না পারে, তবে সেটাই সবচেয়ে বড় শাস্তি। তার চাইতে কঠিন কথা হচ্ছে যে কাজ করলে শাস্তির সম্মুখিন হবে তাতে লিপ্ত হতে পেরে আনন্দিত হওয়া। যেমন হারাম পছন্দ সম্পদ উপার্জন করে খুশি হওয়া, অপরাধ ও অন্যায কাজে সফল হতে পেরে আনন্দিত হওয়া।

★ **দুশ্চিন্তাঃ** প্রত্যেক ব্যক্তির পরম কামনা হচ্ছে আন্তরিক প্রশান্তি ও আনন্দ লাভ দুঃখ ও দুশ্চিন্তা থেকে মুক্তি। হৃদয়ে প্রশান্তি থাকলেই সংসার জীবন সুখ-স্বর্গে ভরে উঠে। কিন্তু এই আনন্দ ও প্রশান্তি হাসিল করার কতিপয় ধর্মীয়, স্বাভাবিক ও বাস্তব উপকরণ রয়েছে। এগুলো মু'মিন ছাড়া কেউ সংগ্রহ করতে পারবে না। তন্মধ্যে নিম্নে কিছু উল্লেখ করা হলোঃ ১) আল্লাহর উপর দৃঢ় ঈমান। ২) আল্লাহর যাবতীয় আদেশ মেনে চলা ও নিষেধ থেকে বেঁচে থাকা ৩) কথা, কাজ ও আচার-আচরণে সৃষ্টিকুলের উপর সদাচরণ করা। ৪) কাজ-কর্মে ব্যস্ত থাকা বা দ্বীনী ও দুনিয়াবী জ্ঞানার্জনের কাজে লিপ্ত থাকা। ৫) ভবিষ্যত বা অতীত বিষয় নিয়ে বেশী চিন্তা-ভাবনা না করা; বরং বর্তমান সময় ও বর্তমানের কাজকে বড় মনে করে তাতে মনোযোগ প্রদান করা। ৬) অধিকহারে আল্লাহর যিকির করা ৭) প্রকাশ্য-অপ্রকাশ্য যাবতীয় আল্লাহর নিয়ামতের কথা আলোচনা করা। ৮) নিজ অবস্থার নিম্ন পর্যায়ের লোকের দিকে দেখা, দুনিয়াবী বিষয়ে অধিক অবস্থা সম্পন্ন লোকের দিকে না দেখা। ৯) দুঃশ্চিন্তা নিয়ে আসবে এমন সব কারণ দূর করার চেষ্টা করা। আর আনন্দ ও খুশির কারণ অনুসন্ধান করা। ১০) দুঃশ্চিন্তা দূর করার জন্য নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যে সকল দু'আ পাঠ করতেন, সেগুলোর মাধ্যমে আল্লাহ তা'আলার স্মরণাপন্ন হওয়া। যেমন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, কোন মানুষ যদি দুশ্চিন্তা ও দুর্ভাবনায় পতিত হয় অতঃপর নিম্ন লিখিত দু'আটি পাঠ করে, তবে আল্লাহ্ তার দুশ্চিন্তা ও

দুর্ভাবনাকে দূর করে দিবেন এবং তা আনন্দ ও খুশি দিয়ে পরিবর্তন করে দিবেন। দু'আটি এইঃ **উচ্চারণঃ** আল্লাহুমা ইন্নী আ'বদুকা ওয়াবনু আ'বদিকা ওয়াবনু আমাতিকা নাসিয়াতি বিইয়াদিকা মাযিন ফিয়্যা হুকুমুকা, আ'দলুন ফিয়্যা কাযাউকা, আসআলকু বি কুল্লিসুমিন হওয়া লাকা সাম্মায়তা বিহি নাফসাকা আও আল্লামতাছ আহাদান মিন খালকিকা আও আনযালতাছ ফী কিতাবিকা আবিস্তাহ'ছরতা বিহি ফী ঈলামিল গাইবি ঈনদাকা, আন তাজআলাল কুরআনা রাবীআ ক্বালবী ওয়া নূরা সাদরী ওয়া জালাআ হযনী ওয়া যাহাবা হাম্মী। “হে আল্লাহ্! আমি আপনার বান্দা, আপনারই এক বান্দার সন্তান এবং এক বান্দীর ছেলে, আমার ভাগ্য আপনার হাতে, আমার ব্যাপারে আপনার হুকুম কার্যকর, আমার প্রতি আপনার ফায়সালা ইনাসাফপূর্ণ। আমি প্রার্থনা করছি, আপনার সেই সকল প্রতিটি নামের মাধ্যমে যা দ্বারা আপনি নিজের নাম রেখেছেন অথবা সৃষ্টিকুলের কাউকে আপনি তা শিখিয়েছেন অথবা আপনার কিতাবে উহা নাযিল করেছেন অথবা আপনার অদৃশ্য জ্ঞানে উহা সঞ্চিত করে রেখেছেন- আমি প্রার্থনা করছি যে, কুরআনকে আমার অন্তরের প্রশান্তি ও বক্ষের জ্যোতি স্বরূপ করে দিন এবং আমার সকল দুশ্চিন্তা-দুর্ভাবনা দূর হওয়া ও উদ্বেগ-উৎকণ্ঠা অপসারণ হওয়ার মাধ্যম বানিয়ে দিন।” (আহমাদ)

উপকারিতাঃ ইবরাহীম খাওয়াছ (রহঃ) বলেন, অন্তরের চিকিৎসা হচ্ছে পাঁচটি বিষয়েঃ গবেষণার সাথে কুরআন তেলাওয়াত করা, পেটকে ভুক্ত রাখা, রাতে তাহাজ্জুদ নামায পড়া, শেষ রাতে আল্লাহর কাছে কাকুতী-মিনতী ও রোনাজারী করা, নেক লোকদের সংসর্গে থাকা। কোন মানুষ যদি বিপদ-মুছীবতে পড়ার পর তা হালকা ও সহজ করতে চায়, তবে সেটাকে সবচাইতে ছোট বিপদ মনে করবে এবং এর ছওয়াবে কথ্যা খেয়াল করবে। আর এর চাইতে বড় বিপদ আসতে পারতো এরকম ধারণা মনের মধ্যে সৃষ্টি করবে।

*** নফল নামাযঃ** নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে বিশুদ্ধ সূত্রে প্রমাণিত হয়েছে যে, তিনি প্রতিদিন ফরয ছাড়া ১২ রাকাত (সুন্নাত) নামায পড়তেন। উহা হচ্ছেঃ ফজরের পূর্বে দু'রাকাত, যোহরের পূর্বে (২+২) চার রাকাত পরে দু'রাকাত, মাগরিবের পর দু'রাকাত এবং এশার পর দু'রাকাত। এ ছাড়া নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে আরো অনেক নফল নামাযের কথা বিশুদ্ধভাবে প্রমাণিত হয়েছেঃ যেমন যোহর, আছর ও জুমআর পূর্বে চার রাকাত। যোহর, মাগরিব ও এশার পর চার রাকাত। মাগরিবের আযানের পর দু'রাকাত, বিতর নামাযের পর দু'রাকাত।

*** কুরআন তেলাওয়াতঃ** কোন মানুষ যদি মুখস্থ কুরআন তেলাওয়াত করে, তবে কুরআন দেখে পড়ার চাইতে সে বেশী চিন্তা-গবেষণা এবং অন্তর ও দৃষ্টি একত্রিত করে পড়তে পারবে। এ জন্য মুখস্থ কুরআন পাঠ করা উত্তম। আর মুখস্থ ও দেখা পড়া উভয় অবস্থায় যদি গবেষণার সাথে পাঠ করা সম্ভব হয়, তবে দেখে পড়াই উত্তম।

উপকারিতাঃ নামায প্রভৃতি অবস্থায় যে সমস্ত যিকির রয়েছে তা যতক্ষণ না ঠোঁট নাড়িয়ে উচ্চারণ করে নিজেকে শুনিয়ে পাঠ করা হবে, ততক্ষণ উহা বিশুদ্ধ হবে না। তবে অন্যের ব্যাঘাত সৃষ্টি হবে এরকম আওয়াজে যেন না হয় তার খেয়াল রাখতে হবে।

*** নিষিদ্ধ সময় সমূহঃ** যে সকল সময়ে নামায আদায় করা নিষিদ্ধ বলে প্রমাণিত হয়েছে, সে সময়ে সব ধরনের নফল নামায পড়া হারাম। উক্ত সময়গুলো হচ্ছেঃ ১) ফজরের নামাযের পর থেকে নিয়ে এক তীর পরিমাণ সূর্য উপরে উঠা পর্যন্ত। ২) সূর্য মধ্য আকাশে থাকার সময়। সূর্য পশ্চিমাকাশে ঢলে যাওয়ার পর নামায পড়া জায়েয। ৩) আছরের নামাযের পর থেকে নিয়ে সূর্যাস্ত পর্যন্ত। তবে বিশেষ কারণে এই সময়গুলোতে নামায পড়া যাবে।

যেমনঃ তাহিয়্যাতুল মসজিদ, তওয়াফ শেষে দু'রাকাত, ফজরের ফরযের পূর্বের ছুটে যাওয়া সুন্নাত, জানাযার নামায, তাহিয়্যাতুল ওয়ু, তেলাওয়াত ও শুকরিয়ার জন্য সেজদা।

*** মসজিদে নববী যিয়ারতঃ** যে ব্যক্তি মসজিদে নববী(ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর মধ্যে প্রবেশ করবে, সে প্রথমে দু'রাকাত তাহিয়্যাতুল মসজিদ নামায আদায় করবে। অতঃপর নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কবরের কাছে এসে কিবলা পিছনে রেখে তাঁর সম্মুখে দন্ডায়মান হবে। যেন তাঁকে স্বচোখে দেখছে একথা মনে করে হৃদয়ে তাঁর প্রতি পূর্ণ ভক্তি ও শ্রদ্ধা রেখে তাঁকে সালাম প্রদান করবে।

বলবেঃ **السلام عليك يا رسول الله** আস্সালামু আলাইকা ইয়া রাসূলুল্লাহ্ যদি আরো কিছু বাড়িয়ে বলে তবে তা উত্তম। এরপর একহাত পরিমাণ ডান দিকে অগ্রসর হবে তারপর বলবেঃ **السلام عليك يا أبا بكر** **السلام عليك يا عمر الفاروق**. **اللهم اجزهما عن نييها وعن الإسلام خيرًا** ইয়া আব্বা বাক্বু সিদ্দীক, আস্সালামু আলাইকা ইয়া ওমার ফারুক, আল্লাহ্মা আজ্জযেহিমা আন্ নাবিয়্যেহিমা ওয়া আনির্ ইসলামি খায়রা। “হে আল্লাহ্ তাঁদের দু’জনকে তাঁদের নবী ও ইসলামের পক্ষ থেকে উত্তম প্রতিদানে ভূষিত করো।” তারপর নবীজীর হুজরা শরীফকে বামে রেখে কিবলামুখী হয়ে দাঁড়াবে ও দু’আ করবে।

★ **বিবাহঃ** যৌন উত্তেজনা অনুভবকারী ব্যক্তি যদি ব্যভিচারে লিপ্ত হওয়ার ভয় না করে, তবে তার জন্য বিবাহ করা **সুন্নাত**। উত্তেজনা অনুভব না করলে বিবাহ করা **বৈধ**। কিন্তু ব্যভিচারে লিপ্ত হওয়ার আশংকা করলে বিবাহ করা **ওয়াজিব**। যে কোন নারীর প্রতি দৃষ্টিপাত করা হারাম। অনুরূপভাবে বয়স্ক নারী ও দাড়ী বিহীন কিশোরের প্রতি কামভাবে দৃষ্টিপাত করাও হারাম। কোন নারীর সাথে নির্জন হওয়া হারাম। কোন জম্বুকে দেখে যদি যৌন উত্তেজনা অনুভব করে, তবে তার প্রতি দৃষ্টিপাত করা এবং তার সাথে নির্জন হওয়া হারাম। **বিবাহের শর্তমালাঃ** কয়েকটি শর্তের ভিত্তিতে কোন নারীকে বিবাহ করা পুরুষের জন্য হালাল: **১)** বর ও কনে নির্দিষ্ট করা। একজন অভিভাবকের যদি একের অধিক কন্যা থাকে, তবে একরূপ বলা জায়েয হবে না যে, এগুলোর যে কোন একজনের সাথে তোমার বিবাহ দিলাম। **২)** প্রাপ্ত বয়স্ক, শরীয়তের বিধি-নিষেধ মানতে বাধ্য এমন বরের পক্ষ থেকে সম্মতি এবং স্বাধীন ও বিবেকবান কনের সম্মতি। **৩)** অভিভাবক: কোন নারী নিজে নিজের বিবাহ সম্পাদন করলে তা বিশুদ্ধ হবে না। এমনিভাবে অভিভাবক নয় এমন কোন ব্যক্তি তার বিবাহ দিয়ে দিলেও তা বিশুদ্ধ হবে না। তবে সেই কনের (ধর্ম ও চরিত্রের দিক থেকে) উপযুক্ত বরের সাথে বিবাহ দিতে অভিভাবক অস্বীকার করলে অন্য ব্যক্তি অভিভাবক হয়ে তার বিবাহ দিতে পারবে। নারীর অভিভাবক হওয়ার ব্যাপারে প্রথম হকদার হচ্ছে তার পিতা তারপর তার দাদা এভাবে যত উপরে যায়। এরা কেউ না থাকলে, অভিভাবক হবে তার ছেলে তারপর ছেলের ছেলে (নাতি) এভাবে যত নীচে যায়। তারপর হক রাখে সহদোর ভাই। তারপর বৈমায়েয় ভাই। তারপর ভাইয়ের ছেলে (ভতিজা)...। **৪)** স্বাক্ষর: বিবাহের জন্য আবশ্যিক হল দু’জন স্বাক্ষরী থাকা। যারা হবে পুরুষ, প্রাপ্ত বয়স্ক, বিবেকবান ও ন্যায়নিষ্ঠ। **৫)** বিবাহে বাধা সৃষ্টি করে এমন কোন বিষয় না থাকা। যেমন: দুগ্ধপান বা রক্তের সম্পর্ক বা বৈবাহিক সম্পর্ক।

কোন কোন নারীকে বিবাহ করা হারামঃ বিবাহ হারাম নারী দু’ভাগে বিভক্তঃ

প্রথমতঃ সর্বদা হারাম: এরা কয়েকভাগে বিভক্তঃ **১)** রক্তের সম্পর্কের কারণে বিবাহ হারাম। তারা হচ্ছে: মা, নানী, দাদী যতই উপরে যাক। নিজ কন্যা এবং নিজ ছেলে বা মেয়ের কন্যা এভাবে যতই নীচে যাক। বোন, বোনের মেয়ে এবং তার ছেলের মেয়ে বা মেয়ের মেয়ে। সাধারণভাবে ভাইয়ের মেয়ে এবং সেই মেয়ের মেয়ে এবং তার ছেলের মেয়ে বা মেয়ের মেয়ে এভাবে যতই নীচে যায়। ফুফু ও খালা যতই উপরে যাক। **২)** দুগ্ধের সম্পর্কের কারণে বিবাহ হারাম। রক্তের সম্পর্কের কারণে যা হারাম দুগ্ধের সম্পর্কের কারণেও তা হারাম। এমনকি বৈবাহিক সম্পর্কের কারণে যা হারাম হয় দুগ্ধের সম্পর্কের কারণেও তা হারাম। **৩)** বৈবাহিক সম্পর্কের কারণে বিবাহ হারাম। তারা হচ্ছে: স্ত্রীর মাতা ও স্ত্রীর দাদী, নানী। স্ত্রীর অন্য স্বামীর মেয়েরা যতই তারা নীচে যায়।

দ্বিতীয়তঃ স্বল্পকালের জন্য হারাম। এরা দু’ভাগে বিভক্তঃ **১)** একত্রিত করণের কারণে। যেমন: দু’বোনকে একসাথে বিবাহ করা হারাম। এমনিভাবে স্ত্রীর খালা বা ফুফুকে একসাথে বিবাহ বন্ধনে রাখা হারাম। **২)** অন্য কোন কারণে যাকে বিবাহ করা হারাম। কিন্তু ঐ কারণটি দূর হওয়ার

সম্ভাবনা থাকে। যেমন: আরেক জনের বর্তমান স্ত্রী। (যতক্ষণ ঐ ব্যক্তির বন্ধনে থাকবে ততক্ষণ তাকে বিবাহ করা হারাম)^১

উপকারিতা: ❁ পছন্দ নয় এমন কোন পাত্রীকে বিবাহ করার জন্য ছেলেকে চাপ দেয়ার অধিকার পিতা-মাতার নেই। এ ক্ষেত্রে পিতা-মাতার আনুগত্য করাও ছেলের উপর ওয়াজিব নয়। এ বিষয়ে তাদের কথা না শুনলে অবাধ্য হিসেবে গণ্য হবে না। ❁ স্বামীর উপর ওয়াজিব হচ্ছে স্ত্রীর ভরণ-পোষণের ব্যবস্থা করা। অর্থাৎ- দৈনন্দিন জীবনে একজন মানুষ যে সমস্ত প্রয়োজনীয় বস্তু ছাড়া চলতে পারে না তা সঠিকভাবে স্ত্রীকে সরবরাহ করা। যেমন পানাহার, পোষাক ও আবাস স্থল।

❁ **তালাক:** স্ত্রী যদি হায়েয বা নেফাস অবস্থায় থাকে তবে তাকে তালাক দেয়া হারাম। এমনিভাবে পবিত্র হওয়ার পর যদি তার সাথে সহবাস করে তবে তাকেও তালাক দেয়া হারাম। কিন্তু উক্ত অবস্থায় তালাক দিয়ে দিলে তালাক হয়ে যাবে। বিনা দোষে তালাক দেয়া মাকরুহ। প্রয়োজনে তালাক দেয়া বৈধ। দাম্পত্য জীবনে ক্ষতির সম্ভাবনা লক্ষ্য করলে তালাক দেয়া সুন্নাত। তালাকের ব্যাপারে পিতা-মাতার আনুগত্য করা ওয়াজিব নয়। স্ত্রীকে তালাক দিতে চাইলে একবারে একের অধিক তালাক প্রদান করা হারাম। এমন সময় তালাক দেয়া ওয়াজিব যখন মাসিক থেকে পবিত্র হওয়ার পর তার সাথে সহবাস করেনি। সে সময় একটি তালাক দিবে। এরপর ইদ্দত পূর্ণ হওয়ার পূর্ব পর্যন্ত আর কোন তালাক না দিয়ে তাকে সেভাবেই রেখে দিবে। তালাক যদি রেজঈ হয় তবে স্বামীর গৃহ থেকে বের হওয়া হারাম। অনুরূপভাবে ইদ্দত পূর্ণ হওয়ার পূর্বেও তাকে বাড়ী থেকে বের করে দেয়া স্বামীর জন্য হারাম। ‘তালাক’ শব্দ মুখে উচ্চারণ করার মাধ্যমে তালাক পতিত হয়ে যাবে। তালাকের কথা শুধুমাত্র অন্তরে নিয়ত করলেই তালাক পতিত হবে না।

❁ **ইদ্দত:** ইদ্দত কয়েক প্রকারঃ ১) **গর্ভবতী নারীর ইদ্দত:** গর্ভবতী স্ত্রীকে তালাক দেয়া হোক বা তার স্বামী মৃত্যু বরণ করুক গর্ভের সন্তান প্রসব হলেই ইদ্দত শেষ। ২) **যে নারীর স্বামী মারা গেছে:** তার ইদ্দত হচ্ছে চার মাস দশ দিন। ৩) **হায়েয অবস্থায় যাকে তালাক দেয়া হয়েছে:** তার ইদ্দত হচ্ছে তিন হায়েয। তৃতীয় হায়েয শেষ হওয়ার পর পবিত্রতা শুরু হলেই তার ইদ্দত শেষ। ৪) **পবিত্রাবস্থায় যাকে তালাক দেয়া হয়েছে:** তার ইদ্দত হচ্ছে তিন মাস। রেজঈ তালাকের ইদ্দত পালনকারীনার উপর ওয়াজিব হচ্ছে স্বামীর কাছেই থাকা। এই ইদ্দত চলাবস্থায় স্বামী তার যে কোন অঙ্গ দেখার ইচ্ছা করলে বা তার সাথে নির্জন হতে চাইলে তা জায়েয আছে। হতে পারে এর মাধ্যমে আল্লাহ তাদের মধ্যে আবার ঐক্যমত সৃষ্টি করে দিবেন। স্ত্রীকে ফেরত নেয়ার বাক্যঃ স্বামী যদি স্ত্রীকে বলে আমি তোমাকে ফেরত নিলাম বা তার সাথে সহবাসে লিপ্ত হয় তবেই তাকে ফেরত নেয়া হয়ে যাবে। ফেরত নেয়ার ক্ষেত্রে স্ত্রীর অনুমতির দরকার নেই।

❁ **শপথঃ** শপথের কাফফারা ওয়াজিব হওয়ার জন্য চারটি শর্ত রয়েছেঃ ১) **দৃঢ়ভাবে শপথ করার ইচ্ছা করবে।** শপথের ইচ্ছা না করে সাধারণভাবে মুখে উচ্চারণ করলে তা শপথের অন্তর্ভুক্ত হবে না। তখন তাকে বলা হবে ‘বেহুদা শপথ’। যেমন কথার ফাঁকে বললঃ (لا والله) আল্লাহর কসম এরূপ না, অথবা বলল (بلى والله) আল্লাহর কসম হ্যাঁ এরকমই। ২) **ভবিষ্যতের সম্ভাবনাময় কোন বিষয়ে শপথ করবে।** অতীত কোন বিষয়ে না জেনে শপথ করলে অথবা উক্ত বিষয়ে নিজেকে সত্যবাদী ধারণা করে শপথ করলে তা শপথ হিসেবে গণ্য হবে না এবং তাতে কাফফারাও আসবে না। অথবা জেনে শুনে মিথ্যা শপথ করলেও তাতে কাফফারা নেই। (কিন্তু এধরণের শপথকে ইয়ামীনে গুমূস বলে, এরকম শপথ কাবীরা গুনাহের অন্তর্ভুক্ত) অথবা ভবিষ্যতের কোন বিষয়ে নিজেকে সত্যবাদী ধারণা করে শপথ করল, কিন্তু পরে বাস্তবতা তার ধারণার বিপরীত প্রমাণ হল, তাতেও কাফফারা ওয়াজিব হবে না। ৩) **শপথকারী ইচ্ছাকৃতভাবে শপথ করবে।** জোর যবরস্তী

^১ . এ ক্ষেত্রে সূরা নিসার ২৩ ও ২৪ নং আয়াত দৃষ্টব্য।

^২ . যে তালাকের পর স্ত্রীকে পুনরায় ফেরত নেয়া যায় তাকে রেজঈ তালাক বলে।

শপথ করলে তা ভঙ্গ করলেও কাফ্ফারা দিতে হবে না। ৪) শপথ ভঙ্গ করবে। অর্থাৎ যা না করার শপথ করেছিল তা করবে অথবা যা করার শপথ করেছিল তা পরিত্যাগ করবে। কোন ব্যক্তি শপথ করে যদি ইনশাআল্লাহ বলে তবে দু'টি শর্তের মাধ্যমে তাতে কাফ্ফারা ওয়াজিব হবে না। ১) শপথ বাক্য বলার সাথে সাথে ইনশাআল্লাহ (আল্লাহ যদি চান) বলা এবং ২) শপথকে প্রকৃতপক্ষে আল্লাহর ইচ্ছার সাথে সম্পৃক্ত করার ইচ্ছা পোষণ করা। যেমন বলল: “আল্লাহর শপথ, আল্লাহ যদি চান”। শপথ করার পর যদি দেখে যে এর বিপরীত কাজের মধ্যেই কল্যাণ রয়েছে, তবে সুন্নাত হচ্ছে শপথ ভঙ্গ করে কাফ্ফারা প্রদান করা এবং যাতে কল্যাণ রয়েছে তা বাস্তবায়ন করা।

★ **শপথ ভঙ্গের কাফ্ফারাঃ** দশজন মিসকীনকে খাদ্য প্রদান করা। প্রত্যেককে অর্ধ ছা' (দেড় কিলো) পরিমাণ খাদ্য দিবে। অথবা তাদেরকে পোষাক প্রদান করবে। অথবা একজন কুতদাস মুক্ত করবে। এগুলোর কোন একটি সম্ভব না হলে একাধারে তিনটি রোযা রাখবে। মিসকীনদের খাদ্য বা কাপড় প্রদান করার সামর্থ্য থাকা সত্ত্বেও যদি রোযা রাখে তবে কাফ্ফারা আদায় হবে না। শপথ ভঙ্গ করার পূর্বে বা পরে কাফ্ফারা আদায় করা জায়েয। একটি বিষয়ে একবারের অধিক যদি শপথ ভঙ্গ করে, তবে একটি কাফ্ফারা দিলেই যথেষ্ট হবে। শপথের বিষয় ভিন্ন ভিন্ন হলে কাফ্ফারাও সে অনুযায়ী ভিন্ন ভিন্নভাবে দিতে হবে।

★ **নযর-মানতঃ** মানত কয়েক প্রকার: ১) **সাধারণ মানতঃ** যেমন বলল, ‘আমি আরোগ্য লাভ করলে আল্লাহর উদ্দেশ্যে কিছু মানত করব।’ নির্দিষ্ট করে কোন কিছু প্রদান করার নিয়ত করেনি। তখন আরোগ্য লাভের পর শপথের কাফ্ফারা পরিমাণ সম্পদ দান করবে। ২) **বাগড়া ক্রোধের কারণে মানতঃ** এটা হচ্ছে মানতকে কোন শর্তের সাথে সম্পর্কিত করা। আর তাতে উদ্দেশ্য হচ্ছে কোন কিছু করা থেকে বিরত থাকা অথবা কোন কিছু করার প্রতিজ্ঞা করা। যেমন বলল, ‘আমি যদি তোমার সাথে কথা বলি তবে এক বছর রোযা রাখার মানত করলাম’ এর হুকুম হচ্ছে: সে যা মানত করেছে তা পুরা করবে। অথবা তার সাথে কথা বলে মানত ভঙ্গ করবে এবং শপথের কাফ্ফারা প্রদান করবে। ৩) **বৈধ কাজের মানতঃ** যেমন বলল, ‘আমি আমার কাপড় পরিধান করার জন্য আল্লাহর কাছে মানত করলাম’ এর হুকুম হচ্ছে: হয় কাপড় পরিধান করে মানত পূর্ণ করবে অথবা শপথের কাফ্ফারা প্রদান করবে। ৪) **মাকরুহ কাজে মানতঃ** যেমন বলল: ‘আমার স্ত্রীকে তালাক দেয়ার জন্য আমি আল্লাহর কাছে মানত করলাম’ এর হুকুম হচ্ছে: মানত পূর্ণ না করে শপথের কাফ্ফারা প্রদান করা সুন্নাত। কিন্তু মানত পুরা করলে কোন কাফ্ফারা লাগবে না। ৫) **গুনাহের কাজে মানত করা।** যেমন বলল, ‘আমি চুরি করার জন্য আল্লাহর কাছে মানত করলাম’ এই মানত পূর্ণ করা হারাম। তবে মানত পুরা করে চুরি করলে গুনাহগার হবে কিন্তু কাফ্ফারা দিতে হবে না। ৬) **আনুগত্যের কাজে মানতঃ** যেমন বলল, ‘আল্লাহর কাছে মানত করলাম যে আমি এই এই নামায পড়ব’। সেই সাথে একাজের দ্বারা আল্লাহর নৈকট্য লাভের উদ্দেশ্য করল। তাহলে যদি কোন শর্তের সাথে তার মানতটিকে সম্পর্কিত করে যেমন রোগ মুক্তি, তবে শর্ত পূর্ণ হলে মানত পুরা করা ওয়াজিব। কিন্তু কোন শর্তের সাথে সম্পর্কিত না করলে সাধারণভাবে তা পুরা করা ওয়াজিব।

★ **শোক পালনঃ** মৃতের জন্য তিন দিনের বেশী শোক পালন করা কোন নারীর জন্য জায়েয নেই। তবে মৃত ব্যক্তি স্বামী হলে চার মাস দশ দিন শোক পালন করা ওয়াজিব। শোক পালনের জন্য নারী নিজের সৌন্দর্য গ্রহণ, যাকরান ইত্যাদির সুগন্ধি লাগানো থেকে বিরত থাকবে। যে কোন ধরণের গয়না, রঙ্গিন লাল হলুদ ইত্যাদি কাপড় পরিধান করবে না। মেহেদী বা রং (মেকআপ) কালো সুরমা বা সুগন্ধীয়ুক্ত তৈল ইত্যাদি ব্যবহার করবে না। তবে নখ কাটা, নাভীমূল পরিস্কার করা, গোসল করা জায়েয আছে। পরিধানের জন্য কালো বা এরকম নির্দিষ্ট কোন রংয়ের পোষাক নেই। যে গৃহে স্বামী মারা গেছে সেখানেই নারীর ইদ্দত পালন করা ওয়াজিব। একান্ত প্রয়োজন ব্যতীত সেই গৃহ থেকে বের হওয়া হারাম। কোন প্রয়োজনে বের হতে চাইলে দিনের বেলায় বের হবে।

★ **দুধপানঃ** রক্তের সম্পর্কের কারণে যে সমস্ত নারীকে বিবাহ করা হারাম, দুধপান করার কারণে তাদেরকে বিবাহ করা হারাম। এর জন্য তিনটি শর্ত রয়েছেঃ ১) যে নারীর দুধ পান করছে তার সন্তান প্রসবের কারণে স্তনে দুধ আসতে হবে অন্য কোন কারণে নয়। ২) জন্মের প্রথম দু'বছরের মধ্যে দুধ পান করতে হবে। ৩) নিশ্চিতভাবে পাঁচ বা ততোধিক বার দুধ পান করবে। একবার দুধ পান করার অর্থ হচ্ছেঃ একবার স্তন চুষে ছেড়ে দেয়া। পরিতৃপ্ত হওয়া উদ্দেশ্য নয়। দুধ পানের কারণে তার খরচ বহণ করা যেমন আবশ্যিক নয় তেমনি সে মীরাছও পাবে না।

★ **ওসীয়াতঃ** মৃত্যুর পর পাওনাদারের হক আদায় করে দেয়ার জন্য ওসীয়াত করা **ওয়াজিব**। তাই হকদারের প্রাপ্য আদায় করে দেয়ার জন্য ওসীয়াত করবে। যে ব্যক্তি অনেক সম্পদ রেখে যাচ্ছে তার জন্য ওসীয়াত করা সুন্নাত। তাই এক পঞ্চমাংশ সম্পদ উত্তরাধিকারী নয় এমন ফকীর নিকটাত্তীয়ের জন্য সাদকা স্বরূপ ওসীয়াত করে যাওয়া মুস্তাহাব। নিকটাত্তীয়া না থাকলে কোন আলেম বা নেককার মিসকীনের জন্য ওসীয়াত করবে। ফকীরের উত্তরাধিকার থাকলে তার পক্ষ থেকে কারো জন্য ওসীয়াত করা মাকরুহ। তবে উত্তরাধিকাররা সম্পদশালী হলে ওসীয়াত করা বৈধ। অনাত্তীয়া কারো জন্য এক তৃতীয়াংশের বেশী সম্পদ ওসীয়াত করা হারাম। আর উত্তরাধিকারীর জন্য সামান্য হলেও ওসীয়াত করা হারাম। কিন্তু যদি ওসীয়াত করেই যায় এবং তার মৃত্যুর পর অন্যান্য উত্তরাধিকারীরা তাতে অনুমতি প্রদান করে তবে জায়েয হবে। ওসীয়াতকারী যদি বলে, আমি ওসীয়াত ফেরত নিলাম, বা বাতিল করে দিলাম বা পরিবর্তন করলাম ইত্যাদি তবে তার ওসীয়াত বাতিল হয়ে যাবে। ওসীয়াত লিখার সময় সূচনাতে এই কথাগুলো লিখা মুস্তাহাবঃ বিসমিল্লাহির রাহমানির রাহীম, এটা অমুক (নিজের নাম উল্লেখ করবে) ব্যক্তির পক্ষ থেকে ওসীয়াত। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই। তিনি একক তাঁর কোন শরীক নেই এবং মুহাম্মাদ ﷺ তাঁর বান্দা ও রাসূল। জান্নাত সত্য জাহান্নাম সত্য। কিয়ামত অবশ্যই আসবে তাতে কোন সন্দেহ নেই। প্রত্যেক কবরবাসীকে আল্লাহ্ তা'আলা পুনরুত্থিত করবেন। আমার পরিবারের লোকদের আমি ওসীয়াত করছি যে, তারা যেন আল্লাহকে ভয় করে এবং নিজেদের মাঝে সমঝোতার ভিত্তিতে জীবন পরিচালনা করে। তারা যদি ঈমানদার হয়ে থাকে তবে যেন আল্লাহ্ এবং তাঁর রাসূলের আনুগত্য করে। আমি আরো ওসীয়াত করছি যেমন ইবরাহীম ও ইয়াকূব (আঃ) তাঁদের সন্তানদের ওসীয়াত করেছিলেনঃ “হে আমার সন্তানরা! নিশ্চয় আল্লাহ্ তোমাদের জন্য ইসলাম ধর্মকে নির্বাচন করেছেন। সুতরাং তোমরা মুসলমান না হয়ে মৃত্যু বরণ করো না।” (এরপর যার জন্য যা ওসীয়াত করতে চায় তা উল্লেখ করবে।)

★ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর প্রতি দরুদ পাঠের সময় দরুদ ও সালাম একত্রিত করা মুস্তাহাব। দরুদ ও সালামের যে কোন একটিকে যথেষ্ট মনে করবে না। নবী ছাড়া কারো জন্য দরুদ পাঠ করবে না। যেমন এরূপ বলা যাবে নাঃ আবু বকর (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বা ওমর (আলাইহিস্ সালাম) এরূপ বলা অপছন্দনীয় মাকরুহ। তবে সকলের ঐকমত্যে নবী ছাড়া অন্যদের জন্যও নবীদের অনুসরণ করে দরুদ ও সালাম পেশ করা জায়েয। যেমনঃ আল্লাহুম্মা সাল্লি আলা মুহাম্মাদ ওয়া আলা আলি মুহাম্মাদ ওয়া আসহাবিহি ও আযওয়াজিহি ওয়া যুররিয়াতিহি। সাহাবায়ে কেলাম, তাবেঈদীন এবং তাঁদের পর সমস্ত আলেমে দ্বীন, আবেদ এবং সকল নেককারদের জন্য আল্লাহর সন্তুষ্টি ও রহমতে দু'আ করা মুস্তাহাব। যেমন বলবেঃ আবু হানিফা, মালেক, শাফেঈ, আহমাদ (রাযিয়াল্লাহু আনহুম) বা বলবেঃ (রাহেমালাহুমুলাহ)।

★ **পশু যবেহঃ** পশুর মাংস খাওয়া হালাল করার জন্য তাকে যবেহ করা ওয়াজিব। পশুর মধ্যে শর্ত হচ্ছেঃ ১) পশুটি হালাল প্রাণীর অন্তর্ভুক্ত হতে হবে। ২) পশুটি হাতের নাগালের মধ্যে হতে হবে। ৩) প্রাণীটি স্থলচর হতে হবে। যবেহ করার জন্য চারটি শর্ত রয়েছেঃ ১) যবেহকারী বিবেকবান হতে হবে। ২) যবেহ করার অন্ত্রটি ধারালো হতে হবে। কিন্তু দাঁত বা নখ দ্বারা যবেহ করা জায়েয নেই। ৩) কণ্ঠনালী, শ্বাসনালী ও গলার পার্শ্ববর্তী দু'টি রগ বা যে কোন একটি কাটতে হবে। ৪) যবেহ করার জন্য ছুরি চালানোর সময় বলবেঃ বিসমিল্লাহ্। ভুলে গেলে তা রহিত হয়ে

যাবে। আরবী ছাড়া অন্য ভাষাতে বললেও জায়েয হবে। বিসমিল্লাহ্ বলার সময় ‘আল্লাহ্ আকবার’ বলা সূন্নাত। অর্থাৎ বিসমিল্লাহি আল্লাহ্ আকবার।

★ **শিকারঃ** অর্থাৎ প্রাণী শিকার করা। কয়েকটি শর্তের ভিত্তিতে প্রাণী শিকার করা জায়েয: ১) প্রাণীটি হালাল প্রাণীর অন্তর্ভুক্ত হতে হবে। ২) স্বভাবগতভাবে উহা বন্য হবে। ৩) উহা হাতের নাগালের বাইরে হবে। তা শিকার করার হুকুম হচ্ছে: শিকারের ইচ্ছা করে বধ করা বৈধ। কিন্তু খেলা-ধুলা করার জন্য শিকার করা মাকরুহ। শিকার তাড়া করতে গিয়ে মানুষকে কষ্ট দিলে শিকার করা হারাম। **চারটি শর্তের ভিত্তিতে শিকার করা জায়েয:** ১) শিকারকারী এমন ব্যক্তি হবে যার জন্য পশু যবেহ করা জায়েয। ২) শিকার করার অস্ত্র এমন হতে হবে যা দ্বারা যবেহ করলে পশু হালাল হয়। আর তা হচ্ছে ধারালো অস্ত্র যেমন তীর বা বর্শা। শিকার যদি হিংস্র প্রাণীর মাধ্যমে হয় যেমন বাজপাখি, কুকুর তবে তা প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। ৩) শিকার করার নিয়ত থাকতে হবে। অর্থাৎ- শিকারের উদ্দেশ্যে অস্ত্র নিক্ষেপ করা। কিন্তু শিকারীর বিনা নিয়তে যদি শিকার হয়ে যায়, তবে তা খাওয়া হালাল হবে না। ৪) অস্ত্র নিক্ষেপের সময় ‘বিসমিল্লাহ্’ বলবে। এ সময় বিসমিল্লাহ্ বলতে ভুলে গেলে তা রহিত হবে না। বিসমিল্লাহ্ না বললে তা খাওয়া হারাম হবে।

★ **সতর্কতাঃ** মালিকের উপর আবশ্যিক হচ্ছে তার চতুষ্পদ জন্তুকে খাদ্য ও পানির ব্যবস্থা করা। ব্যবস্থা না করলে তাকে বাধ্য করতে হবে। যদি অস্বীকার করে বা অপারগ হয়, তবে উহা বিক্রয় করে দিতে বা ভাড়া দিতে বা হালাল প্রাণী হলে যবেহ করতে বাধ্য করতে হবে। কোন প্রাণীকে কষ্ট দেয়া ও লা’নত করা হারাম। এমনিভাবে কষ্টকর বোঝা তুলে দেয়া এবং তার বাচ্চার ক্ষতি করে দুখ দহন করা হারাম। বিনা প্রয়োজনে তাকে প্রহার করা বা মুখে দাগ লাগানো হারাম।

★ **খাদ্যঃ** পানাহারের প্রত্যেক বস্তুকে খাদ্য বলে। আসল হচ্ছে সব ধরণের খাদ্যই হালাল। তবে তিনটি শর্তের ভিত্তিতে প্রত্যেক খাদ্য হালাল হবে: ১) খাদ্যটি পবিত্র হতে হবে। ২) তাতে কোন ধরণের ক্ষতি বা নেশা থাকবে না। ৩) খাদ্যটি যেন ময়লা-আবর্জনা জাতীয় না হয়।

অপবিত্র বস্তু খাদ্য হিসেবে হারাম। যেমন রক্ত ও মৃত প্রাণী। **ক্ষতিকারক বস্তু** হারাম যেমন বিষ। **ময়লা-আবর্জনা হারাম** যেমন গোবর, পেশাব, উকুন, পোকা-মাকড় ইত্যাদি।^১ **স্থলচর প্রাণীর মধ্যে যা হারাম:** গৃহপালিত গাধা, (সকল হিংস্র প্রাণী) যা দাঁত দিয়ে কামড়িয়ে ধরে শিকার করে। যেমন: সিংহ, বাঘ, চিতা বাঘ, নেকড়ে বাঘ, কুকুর, শুকর, বানর, বিড়াল, শিয়াল, কাঠ বিড়াল ইত্যাদি তবে ভালুক এর অন্তর্ভুক্ত নয়। **পাখির মধ্যে যা নখর দিয়ে শিকার করে তা হারাম:** যেমন উকাব নামক এক প্রকার শিকারী পাখি, বাজ পাখি, Falcon ঙ্গল, পেঁচা, বাশাক নামক এক প্রকার ছোট শিকারী পাখি। **যে সকল পাখি মৃত প্রাণী খায় তা হারাম:** যেমন শকুন, সারস পাখি, মিশরীয় শকুন পাখি বিশেষ। **আরবের শহরবাসীরা যে সকল প্রাণীকে অরুচীকর মনে করে তা হারাম।** যেমন: বাদুড়, হুঁদুর, মৌমাছি, মাছি, হুদহুদ, সাপ, বোলতা বা ভিমরুল, প্রজাপতি, শজারু, মোটা সজারু। **পোঁকা-মাকড় হারাম:** যেমন কীট-পতঙ্গ, বড় হুঁদুর, গোবরে পোঁকা, টিকটিকি ইত্যাদি। শরীয়তে যে সকল প্রাণীকে হত্যা করার নির্দেশ এসেছে তা হারাম। যেমন, বিচ্ছু। অথবা যা হত্যা করতে নিষেধ করেছে। যেমন, পিঁপড়া। **খাওয়া বৈধ ও অবৈধ এরকম দু’টি প্রাণীর মিলনে যে প্রাণী জন্ম নিয়েছে তা খাওয়া হারাম।** যেমন, সিমউ- উহা ভালুক ও নেকড়ে বাঘের মিলনে জন্ম লাভ করে। **তবে দু’টি ভিন্ন জাতের বৈধ প্রাণীর মিলনে যা জন্ম লাভ করে তা হারাম নয়।** যেমন খচ্চর -উহা বন্য গাধা ও ঘোড়ার মিলনে জন্ম লাভ করে। যে সকল প্রাণী আরবরা চিনে না এবং শরীয়তে তার কোন উল্লেখ নেই সে সকল প্রাণীকে হেজাযের কোন প্রাণীর সাথে মিলাতে হবে। উহা হালাল বা হারাম যে প্রাণীর সাদৃশ্যপূর্ণ হবে তার সাথে তার হুকুম প্রজোয্য হবে। যদি বৈধ ও হারাম প্রাণীর সাথে সাদৃশ্যপূর্ণ হয়

^১. সতর্কতাঃ গোশত খাওয়া হালাল এমন প্রাণীর গোবর ও পেশাব পবিত্র। তা গায়ে লাগলে ওয়ু ভঙ্গ হবে না।

তবে হারামের দিককে প্রাধান্য দিয়ে তা হারাম হিসেবে গণ্য হবে। এ ব্যতীত যাবতীয় প্রাণী বৈধ থাকবে। যেমন গৃহপালিত চতুষ্পদ জন্তু ও ঘোড়া এবং বন্য প্রাণী যেমন: জিরাফ, খরগোশ, সাভা, হরিণ। পাখির মধ্যে যেমন: উট পাখি, মুরগী, ময়ূর, তোতা পাখি, কবুতর, চডুই, হাঁস, রাজ হাঁস এবং পানির পাখি সবগুলোই হালাল। সমুদ্রের পানিতে বসবাসকারী প্রাণীর মধ্যে ব্যাঙ, সাপ ও কুমির ব্যতীত সবকিছু হালাল। নাপাক পানি সেচের মাধ্যমে যদি কোন ফসল বা ফল উৎপাদন হয়, তবে উহা খাওয়া জায়েয। কিন্তু তাতে যদি নাপাকীর স্বাদ বা দুর্গন্ধ পাওয়া যায় তবে উহা হারাম হবে। কয়লা, মাটি, ধূলা-বালি ইত্যাদি খাওয়া মাকরুহ। পিঁয়াজ, রসুন ইত্যাদি রান্না ব্যতীত খাওয়া মাকরুহ। অত্যধিক ক্ষুধার কারণে যদি হারাম খাদ্য খেতে বাধ্য হয়, তবে ক্ষুধা মিটানোর জন্য সর্বনিম্ন যতটুকু খাওয়া দরকার শুধু ততটুকু খাওয়া ওয়াজিব।

★ **সতরঃ** যে গোপন অঙ্গ প্রকাশিত হলে মানুষ লজ্জা পায় তাকে সতর বলা হয়। এখানে আমরা যে সতর সম্পর্কে আলোচনা করতে চাচ্ছি তা হচ্ছে যা না ঢাকলে নামায এবং তওয়াফ বিশুদ্ধ হবে না। সাত বছরের বালকের সতর হচ্ছে শুধুমাত্র দু'ই লজ্জাস্থান। দশ বা ততোধিক বয়সের পুরুষের সতর হচ্ছে নাভী থেকে হাঁটু পর্যন্ত। আর প্রাপ্ত বয়স্কা স্বাধীন নারীর মুখমণ্ডল, কজ্জি পর্যন্ত দু'হাত ব্যতীত সমস্ত শরীর সতর। নামাযের সময় নারীর এই অঙ্গগুলো ঢাকা মাকরুহ। তবে পরপুরুষ সামনে এলে তা ঢাকা ওয়াজিব। নারী যদি এমন অবস্থায় নামায পড়ে বা তওয়াফ করে যে তার বাহু খোলা রয়েছে, তবে তার ইবাদত বাতিল হবে। **কঠিন সতর হচ্ছে:** সামনের ও পিছনের রাস্তা। নামাযের বাইরে থাকলেও তা ঢেকে রাখা ওয়াজিব। বিনা প্রয়োজনে তা প্রকাশ করা মাকরুহ যদিও অন্ধকারে বা নির্জনে থাকে। স্বামী-স্ত্রীর পরস্পরের সামনে তা প্রকাশ করা বৈধ। এমনিভাবে বিশেষ প্রয়োজন, যেমন চিকিৎসা বা খাতনার সময় তা প্রকাশ করা জায়েয।

★ **মসজিদের বিধি-বিধানঃ** প্রয়োজন অনুসারে মসজিদ তৈরী করা ওয়াজিব। মসজিদ আল্লাহর নিকট সর্বাধিক পছন্দনীয় স্থান। মসজিদের মধ্যে গান, বাদ্য, হাততালি, অবৈধ কবিতা আবৃত্তি, নারী-পুরুষ সংমিশ্রণ, সহবাস, বেচা-কেনা ইত্যাদি হারাম। কেউ বেচা-কেনা করলে 'আল্লাহ যেন তোমাকে ব্যবসায় লাভবান না করেন' এরূপ বলা সুন্নাত। হারানো বস্তু মসজিদে খোঁজ করা বা ঘোষণা দেয়া হারাম। কাউকে খোঁজাখুঁজি করতে গুলে তাকে এরূপ বলা সুন্নাত: 'আল্লাহ তোমাকে যেন জিনিসটি ফেরত না দেন।' মসজিদের মধ্যে যে সমস্ত কাজ করা বৈধ: যেমন শিশুদের শিক্ষা দান- যদি তাদের থেকে কোন ক্ষতির সম্ভাবনা না থাকে, বিবাহের আকদ করা, বিচার-ফায়সালা, বৈধ কবিতা পাঠ, ই'তিকাফ প্রভৃতির সময় নিদ্রা যাওয়া, মেহমানের রাত্রি যাপন, রুগীর অবস্থান, দুপুরে নিদ্রা প্রভৃতি। মসজিদের মধ্যে অনর্থক কথা-কাজ, ঝগড়া-ফাসাদ, অতিরিক্ত কথা, উচ্চৈঃকণ্ঠে চিৎকার, বিনা প্রয়োজনে পারাপারের রাস্তা বানানো ইত্যাদি থেকে বিরত থাকা সুন্নাত। মসজিদের মধ্যে দুনিয়াবী অতিরিক্ত কথা-বার্তা বলা মাকরুহ। বিবাহ বা শোকানুষ্ঠান বা অন্য কোন কারণে মসজিদের কার্পেট, বাতি বা কারেন্ট ইত্যাদি ব্যবহার করা উচিত নয়।

★ **সময়ঃ** সালাফে সালাহীন বা পূর্বযুগের নেককারগণ বিনা উপকারে সময় নষ্ট করতে সতর্ক করতেন। সময় হচ্ছে ক্ষেত-খামারের মত। যখনই আপনি তাতে একটি বীজ বপন করবেন সে আপনাকে এক হাজার দানা উৎপাদন করে দিবে। অতএব কোন বিবেকবানের পক্ষে কি উচিত হবে বীজ বপন করতে বিরত থাকা বা তাতে দেরী করা?

★ কোন পোষাকে যদি মানুষ বা প্রাণীর ছবি থাকে, তবে তা পরিধান করা হারাম। এমনিভাবে তা ঘরে লটকিয়ে রাখা বা জানালা বা দরজার পর্দা হিসেবে ব্যবহার করা হারাম। এটা কাবীর গুনাহের অন্তর্ভুক্ত।

★ ব্যভিচার হচ্ছে শিকের পর অন্যতম বড় গুনাহ। ইমাম আহমাদ (রহঃ) বলেন, 'মানুষ খুনের পর ব্যভিচারের চেয়ে বড় পাপ কোনটি আমি জানি না।' ব্যভিচার বিভিন্ন ধরণের। মাহরাম নারী বা স্বামী আছে এমন নারী বা প্রতিবেশী নারী বা নিকটাত্মীয় নারী প্রভৃতির সাথে ব্যভিচারে লিপ্ত

হওয়া সর্বাধিক বড় পাপ ও সবচেয়ে বেশী জঘণ্য অপরাধ। নিকৃষ্ট অশীল কাজ হচ্ছে লেওয়াত বা পুরুষে পুরুষে সমকামিতায় লিপ্ত হওয়া। এজন্য অধিকাংশ বিদ্বান মত প্রকাশ করেছেন যে, লেওয়াতকারী ও যার সাথে তা করা হয় উভয়কে হত্যা করতে হবে- যদিও উভয়ে অবিবাহিত হয়।^১ শামসুদ্দীন বলেন, শাসক যদি লেওয়াতকারীকে আগুনে পুড়িয়ে হত্যা করতে চায় তবে তার জন্য তা জায়েয হবে। একথা আবু বকর সিদ্দীক ও একদল ছাহাবী (রাঃ) থেকে বর্ণিত আছে।

★ কাফেরদের ঈদ উৎসবে উপস্থিত হওয়া বা তাদেরকে অভিনন্দন জানানো হারাম। তাদেরকে প্রথমে সালাম দেয়া হারাম। তবে তারা আগেই সালাম দিলে জবাব দেয়া ওয়াজিব। জবাব দেয়ার সময় বলবে, ‘ওয়ালাইকুম’। কাফের ও বিদআতীদের সম্মানে দভায়মান হওয়া হারাম। তাদের সাথে মুসাফাহা করা মাকরুহ। কিন্তু তাদেরকে শোকবার্তা জানালে এবং অসুস্থ হলে তাদের শুশ্রূষা করলে যদি শরীয়ত সম্মত কোন কল্যাণ দেখা যায়, তবে জায়েয; অন্যথায় হারাম।

★ দুনিয়ার সৌন্দর্য স্বরূপ আল্লাহ আমাদেরকে সন্তান-সন্ততি দান করেছেন। কিন্তু অপর পক্ষে তারা আমাদের জন্য ফিতনা ও পরীক্ষা স্বরূপ। আল্লাহ তা’আলা বলেন, ﴿ إِنَّمَا أَمْوَالُكُمْ وَأَوْلَادُكُمْ فِتْنَةٌ ﴾ “তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি তোমাদের জন্য তো পরীক্ষা স্বরূপ।” (তাগাবুনঃ ১৫) অতএব পিতার উপর আবশ্যিক হচ্ছে তার অধিনস্থদের কল্যাণের জন্য প্রচেষ্টা চালানো। কেননা আল্লাহ বলেন, ﴿ يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا فُؤَادُوا نَفْسِكُمْ وَأَهْلِيكُمْ نَارًا ﴾ “হে ঈমানদারগণ! তোমরা নিজেদেরকে ও তোমাদের পরিবারকে জাহান্নামের আগুন থেকে রক্ষা কর।” (সূরা তাহরীমঃ ৬) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “كُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ” “তোমাদের প্রত্যেকে রাখাল (দায়িত্বশীল) এবং প্রত্যেকেই তাঁর দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে।” (বুখারী ও মুসলিম) সন্তানরা প্রাপ্ত বয়স্ক হয়ে গেলেই তাদের দায়িত্ব শেষ হয়ে যায় না। তাদেরকে নসীহত করতে ত্রুটি করলে এবং দুনিয়া ও আখেরাতের ক্ষতিকারক কাজ থেকে বিরত না রাখলে পিতা নিজ আমানতের খিয়ানতকারী গণ্য হবে। যে ব্যাপারে কঠিন শাস্তির ধমক দেয়া হয়েছে। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “مَا مِنْ عَبْدٍ يَسْتَرْعِيَهُ اللَّهُ رَعِيَّةً” “কোন বান্দাকে যদি আল্লাহ কাউকে লালন-পালন করার দায়িত্ব প্রদান করেন, আর সে নিজ অধিনস্থদের প্রতি অবহেলা করে তাদের খিয়ানত করে, তবে আল্লাহ তার জন্য জান্নাত হারাম করে দিবেন।” (বুখারী ও মুসলিম)

★ যুহদ (দুনিয়া বিমুখতা)ঃ নিজের জান রক্ষার্থে এবং শরীরের সুস্থতার জন্য ও আখেরাতের কাজে সহযোগিতা করবে এমন প্রয়োজনীয় দুনিয়ার বস্তু-সামগ্রী পরিত্যাগ করার নাম যুহদ বা দুনিয়া বিমুখতা নয়; বরং এটা হচ্ছে মূর্খদের কাজ। যুহদ হচ্ছে: জীবন ধারণের অপ্রয়োজনীয় অতিরিক্ত বস্তু পরিত্যাগ করার নাম। বেঁচে থাকার জন্য আবশ্যিক নয় এমন বস্তু থেকে দূরে থাকার নাম। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এবং তাঁর ছাহাবীগণ এ ধরণের যুহদের মাঝেই জীবনাবিসিদ্ধি করেছেন।

^১. বরং এ ক্ষেত্রে হাদীছের নির্দেশ হচ্ছে: “লূত (আঃ)এর সম্প্রদায় যে কাজ করত, তা যদি কেউ করে তবে তাকে এবং যার সাথে করা হয় উভয়কে হত্যা কর।” আবু দাউদ, তিরমিযী। ইমাম আলবানী (রঃ) ইরওয়াউল গালীলে হাদীছটিকে সহীহ বলেছেন। হাদীছ নং- ২৩৫০।

পৃথিবীতে আল্লাহর প্রচলিত নিয়ম-নীতির প্রতি কেউ গভীরভাবে লক্ষ্য করলে বুঝতে পারবে যে, বিপদ-মুসীবত আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত একটি অবধারিত নীতি। আল্লাহ তা'আলা এরশাদ করেনঃ ﴿وَلَنَبْلُوَنَّكُمْ بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصٍ مِّنَ الْأَمْوَالِ وَالْأَنْفُسِ وَالتَّمَرَّتِ وَنَبَشْرِ الصَّبِرِينَ﴾ “আমি তোমাদেরকে পরীক্ষা করব কিছু ভয়-ভীতি ও ক্ষুধা-অভাব দিয়ে। আরো পরীক্ষা করব সম্পদ, জান ও ফসলের ঘাটতি করে। এসকল ক্ষেত্রে যারা ধৈর্য ধারণ করে আপনি তাদের সুসংবাদ প্রদান করুন।” (সূরা বাকারাঃ ১৫৫) যারা মনে করে যে নেক লোকদের কোন বিপদ নেই, তাদের ধারণা ভুল; বরং বিপদ-মুসীবতই হচ্ছে ঈমানের পরিচয়। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে প্রশ্ন করা হল কোন মানুষ সবচেয়ে বেশী বিপদগ্রস্ত হয়? তিনি বললেন,

”الْأَنْبِيَاءُ ثُمَّ الصَّالِحُونَ ثُمَّ الْأَمْثَلُ فِالْأَمْثَلِ مِنَ النَّاسِ يُبْتَلَى الرَّجُلُ عَلَى حَسَبِ دِينِهِ فَإِنْ كَانَ فِي دِينِهِ صَلَافَةٌ زِيدَ فِي بَلَاءِهِ وَإِنْ كَانَ فِي دِينِهِ رِقَّةٌ خُفِّفَ عَنْهُ“

“নবীগণ, তারপর নেককারগণ, তারপর তাদের নিকটবর্তীগণ। ধর্মের দৃঢ়তা অনুযায়ী মানুষকে বিপদ দিয়ে পরীক্ষা করা হয়। ধর্মীয় দিক থেকে যদি সে সুদৃঢ় হয় তবে তার বিপদাপদও বৃদ্ধি করে দেয়া হয়। তার ধর্মীয় দিক যদি হালকা হয় তবে তার বিপদাপদও হালকা ধরণের হয়।” (ইবনে মাজাহ)

বিপদাপদ হচ্ছে বান্দার প্রতি আল্লাহর ভালবাসার একটি অন্যতম আলামত। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “وَإِنَّ اللَّهَ إِذَا أَحَبَّ قَوْمًا ابْتَلَاهُمْ” “আল্লাহ যখন কোন জাতিকে ভালবাসেন তাদেরকে বিপদে আক্রান্ত করেন।” (আহমাদ, তিরমিযী) এছাড়া বিপদাপদ হল বান্দার প্রতি আল্লাহর কল্যাণের একটি অন্যতম পরিচয়। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

إِذَا أَرَادَ اللَّهُ بَعْدَهُ الْخَيْرَ عَجَلَ لَهُ الْعُقُوبَةَ فِي الدُّنْيَا وَإِذَا أَرَادَ اللَّهُ بَعْدَهُ الشَّرَّ أَمْسَكَ عَنْهُ بِذُنْبِهِ حَتَّى يُؤَافِيَ بِهِ يَوْمَ الْقِيَامَةِ

“আল্লাহ যখন তাঁর বান্দার কল্যাণের ইচ্ছা করেন, তখন দুনিয়াতে তড়িৎ তার শাস্তির ব্যবস্থা করেন। আর আল্লাহ যখন বান্দার অকল্যাণের ইচ্ছা করেন, তখন গুনাহ করার পরও তাকে শাস্তি প্রদান থেকে বিরত থাকেন। অতঃপর সেই শাস্তি কিয়ামত দিবসে পূর্ণরূপে দান করবেন।” (তিরমিযী) বিপদ-মুসীবত সামান্য হলেও তা গুনাহ মাফ হওয়ার অন্যতম মাধ্যম। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “مَا مِنْ مُسْلِمٍ يُصِيبُهُ أَدَى شَوْكَةٍ فَمَا فَوْقَهَا إِلَّا كَفَّرَ اللَّهُ بِهَا سَيِّئَاتِهِ كَمَا تَحُطُّ الشَّجَرَةُ وَرَقَهَا” “কোন মুসলমান যদি কাঁটা দ্বারা আঘাত প্রাপ্ত হয় বা তাঁর চাইতে কোন বড় বিপদে পড়ে, তবে এমনভাবে আল্লাহ তা দ্বারা তার পাপকে মোচন করেন যেমন গাছ থেকে পাতা ঝরে পড়ে।” (বুখারী ও মুসলিম) এজন্য বিপদগ্রস্ত মুসলিম ব্যক্তি যদি নেককার হয়, তবে তার বিপদ পূর্বকৃত পাপের কাফফারা স্বরূপ হয়ে যায়। অথবা তা দ্বারা তার মর্যাদা উন্নীত করা হয়। কিন্তু সে যদি গুনাহগার হয় তবে বিপদাপদ তার পাপের কাফফারা স্বরূপ হয় এবং পাপের ভয়াবহতার কথা তাকে স্মরণ করানোর জন্য হয়। আল্লাহ তা'আলা বলেন,

﴿ظَهَرَ الْفَسَادُ فِي الْبَرِّ وَالْبَحْرِ مِمَّا كَسَبَتْ أَيْدِي النَّاسِ لِيُذِيقَهُمْ بَعْضَ الَّذِي عَمِلُوا لَعَلَّهُمْ يَرْجِعُونَ﴾ “জলে ও স্থলে যে সকল বিপদ-বিপর্যয় প্রকাশিত হয় তা মানুষের কর্মদোষের কারণেই হয়। যাতে করে তার মাধ্যমে তাদের কর্মের কিছুটার শাস্তি প্রদান করা হয়। যাতে করে তারা সৎ পথে ফিরে আসে।” (সূরা রুমঃ ৪১)

বিপদ-মুসীবতের প্রকারভেদঃ কল্যাণের বিপদ। যেমন ধন-সম্পদের প্রবৃদ্ধি। অকল্যাণের বিপদ। যেমন: ভয়-ভীতি, ক্ষুধা-দারিদ্রতা, জান-মালের ক্ষতি ইত্যাদি। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা বলেন, ﴿وَيَبْلُوَكُمْ بِالنَّارِ وَالْحَيْرِ فَتَنَةً﴾ “আমি তাদেরকে কল্যাণ ও অকল্যাণের ফিতনায় ফেলে পরীক্ষা করে থাকি।” (সূরা আশ্বিয়াঃ ৩৫) আরো মারাত্মক বিপদ হচ্ছে অসুস্থতা ও মৃত্যু। যার সবচেয়ে বড় কারণ হচ্ছে, হিংসা-বিদ্বেষ করে বদনয়র ও যাদুতে আক্রান্ত করা। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “أَكْثَرُ مِنْ يَمُوتُ مِنْ أُمَّتِي بَعْدَ قِضَاءِ اللَّهِ وَقَدْرِهِ بِالْعَيْنِ” “আল্লাহর নির্ধারণ ও ফায়সালার পর আমার উম্মতের মধ্যে সবচেয়ে বেশী মানুষ মারা যায় বদনয়রের কারণে।” (মুসনাদে তায়ালেসী ও বাযযার, হাদীছটি হাসান দ্রঃ সিলসিলা ছহীহা হা/৭৪৭)

যাদু ও বদনয়র থেকে বাঁচার উপায়ঃ সতর্কতা চিকিৎসার চাইতে উত্তম। অতএব সতর্কতার প্রতি সচেতন থাকা জরুরী। যে সমস্ত বিষয় আমাদেরকে যাদু ও বদনয়র থেকে বাঁচাতে পারে তন্মধ্যে

- অন্যতম হচ্ছে: * ঈমান ও তাওহীদ দ্বারা নিজেকে শক্তিশালী করা। সুদৃঢ়ভাবে এই বিশ্বাস রাখা যে, পৃথিবীর যাবতীয় কর্তৃত্ব একমাত্র আল্লাহর হাতে। সেই সাথে বেশী বেশী সৎ কাজে লিপ্ত থাকা।
- * আল্লাহর প্রতি সুধারণা পোষণ করা ও তাঁর উপর ভরসা করা। কোন সমস্যা দেখা দিলেই যেন তা অসুখ বা বদনযর ধারণা না করে। কেননা ধারণা ও খেয়ালই একটি অসুস্থতা।^১
- * কোন লোক যদি সমাজে পরিচিত হয় যে, তার বদনযর আছে বা সে যাদুকর তবে তার থেকে দূরে থাকা উচিত। তাদের ভয়ে নয়; বরং উপায়-উপকরণ অবলম্বন করার কারণে তাদের থেকে দূরে থাকবে।
- * সর্বদা আল্লাহর যিকির করা এবং আশ্চর্য ও আনন্দময় কিছু দেখলে তার বরকতের জন্য দু'আ করা। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,
 “إِذَا رَأَى أَحَدُكُمْ مِنْ أَخِيهِ أَوْ مِنْ نَفْسِهِ أَوْ مِنْ مَالِهِ مَا يُعْجِبُهُ فَلْيَبْرِكْهُ فَإِنَّ الْعَيْنَ حَقٌّ”
 “কোন মানুষ যদি নিজের মধ্যে বা নিজ সম্পদের মধ্যে বা কোন মুসলিম ভাইয়ের মধ্যে আনন্দময় কিছু দেখে তবে তার জন্য যেন বরকতের দু'আ করে। কেননা বদনযর সত্য।” (আহমাদ, হাকেম হাদীছটি ছহীহ দ্রঃ সিলসিলা ছহীহা হ/২৫৭২) বরকতের দু'আ করার নিয়ম হচ্ছে বলবে: ‘বারাকাল্লাহু লাকা’। ‘তাবারাকাল্লাহু’ বলবে না।
- * যাদু ইত্যাদি থেকে বাঁচার শক্তিশালী একটি মাধ্যম হচ্ছে, প্রতিদিন সকালে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর মদীনার (আজওয়া) নামক সাতটি খেজুর খাওয়া।
- * আল্লাহ তা'আলার স্মরণাপন্ন হওয়া, তাঁর উপর ভরসা করা, তাঁর প্রতি সুধারণা পোষণ করা এবং যাদু ও বদনযর থেকে তাঁর কাছে আশ্রয় প্রার্থনা করা। প্রতিদিন সকাল-সন্ধ্যার যিকির সমূহ যথারীতি পাঠ করা। আল্লাহর হুকুমে এই যিকিরগুলোর বিশেষ প্রভাব আছে। আর তার কারণ দু'টি: ১) এগুলোর মধ্যে যা বলা হয়েছে তা সত্য ও সঠিক একথার প্রতি ঈমান এবং আল্লাহর হুকুমে এগুলো উপকারী। ২) উহা নিজের মুখে উচ্চারণ করে নিজের কানে শোনে এবং অন্তর উপস্থিত রেখে পাঠ করে। কেননা উহা দু'আ। আর উদাস অন্তরের দু'আ কবুল করা হয় না। যেমনটি নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে ছহীহ সূত্রে বর্ণিত হয়েছে।
- যিকির-আযকার পাঠ করার সময়ঃ** সকালের যিকির সমূহ ফজরের নামাযের পর পাঠ করবে। কিন্তু সন্ধ্যার যিকির সমূহ আছরের পর পাঠ করতে হবে। কেউ যদি উক্ত যিকির সমূহ যথাসময়ে পাঠ করতে ভুলে যায় বা অলসতা করে, তবে যখনই স্মরণ হবে পাঠ করে নিবে।
- বদনযর প্রভৃতিতে আক্রান্ত হওয়ার আলামতঃ** শরীয়ত সম্মত ঝাড়-ফুক ও আধুনিক চিকিৎসা বিজ্ঞানের সাথে কোন দ্বন্দ্ব নেই। শারীরিক ও মানসিক সবধরণের রোগের চিকিৎসা রয়েছে পবিত্র কুরআনে। বদনযরে আক্রান্ত হওয়ার পর মানুষ হয়তো বাহ্যিকভাবে শারীরিক রোগ থেকে মুক্ত থাকবে, কিন্তু তারপরও সাধারণত: বিভিন্ন ধরণের উপসর্গ দেখা যেতে পারে। যেমন বিভিন্ন সময় মাথা ব্যথা অনুভব করবে। মুখমন্ডলের রং পরিবর্তন হয়ে হলুদ হয়ে যাবে। বেশী বেশী ঘাম নির্গত হবে। বেশী বেশী পেশাব করবে। খানা-পিনার আগ্রহ কমে যাবে। শরীরের বিভিন্ন পার্শ্বে ঠান্ডা বা গরম বা কখনো গরম কখনো ঠান্ডা অনুভব করবে। হাটের উঠা-নামা বা বুক ধড়ফড় করবে। পিঠের নিম্নাংশে বা দু'স্কন্ধে বিভিন্ন সময় ব্যথা অনুভব করবে। অন্তরে দুঃশ্চিন্তা ও সংকীর্ণতা অনুভব হবে। রাতে অনিদ্রা হবে। অস্বাভাবিক ক্রোধ বা ভয়ের কঠিন প্রতিক্রিয়া দেখা যাবে। বেশী বেশী ঢেকুর বা উদগিরণ হবে। দীর্ঘ নিঃশ্বাস ফেলবে। একাকীত্বকে পছন্দ করবে। অলস ও শ্রমবিমুখ হবে। নিদ্রার প্রতি আগ্রহী হবে। স্বাস্থ্যগত অন্যান্য সমস্যা দেখা দিবে যার ডাক্তারী কোন কারণ নেই। রোগের দুর্বলতা ও কাঠিন্যতা অনুযায়ী এই আলামতগুলো বা কিছুটা দেখা যেতে পারে।
- আবশ্যিক হচ্ছে মুসলিম ব্যক্তি শক্তিশালী ঈমান ও সুদৃঢ় হৃদয়ের অধিকারী হবে। কোন

^১ . চিকিৎসকগণ উল্লেখ করেছেন যে, দুই তৃতীয়াংশ শারীরিক অসুখ মানুষের মানসিক কারণে- অসুস্থতার কথা চিন্তা করা থেকে সৃষ্টি হয়। অথচ সে রোগের কোন অস্তিত্বই নেই।

ওয়াস্‌ওয়াসা যেন তার মধ্যে অনুপ্রবেশ করার সুযোগ না পায়। কোন উপসর্গ অনুভব করলেই আমি রোগে আক্রান্ত একরূপ ধারণা যেন মনের মধ্যে স্থান না পায়। কেননা ‘ধারণা’ রোগের চিকিৎসা করা খুবই কঠিন। অবশ্য কারো কারো মধ্যে উক্ত উপসর্গগুলো থেকে কিছু কিছু দেখা যেতে পারে অথচ তারা সুস্থ। আবার কখনো কিছু উপসর্গ দেখা যায় শারীরিক অসুস্থতার কারণে, কখনো ঈমানের দুর্বলতার কারণে। যেমন অন্তরে সংকীর্ণতা অনুভব, দুশ্চিন্তা, অলসতা ইত্যাদি। তখন আল্লাহর সাথে সম্পর্কের বিষয়কে উন্নত করার চেষ্টা করা উচিত।

রোগ যদি বদনযরের কারণে হয়, তবে আল্লাহর হুকুমে নিম্ন লিখিত যে কোন একটি মাধ্যমে চিকিৎসা নেয়া যেতে পারেঃ

১) যার বদনযর লেগেছে তাকে যদি জানা যায়: তবে তাকে গোসল করিয়ে (গোসলকৃত) পানি নিবে এবং তার ছোঁয়া কোন জিনিস সংগ্রহ করবে। অতঃপর সেই পানি দ্বারা বদনযরে আক্রান্ত ব্যক্তিকে গোসল করাবে এবং তাকে পান করতে দিবে।

২) যার বদনযর লেগেছে তাকে জানা না গেলে: শরীয়ত সম্মত ঝাড়-ফুঁক, দু’আ ও শিক্ষা লাগানোর মাধ্যমে আরোগ্য লাভের চেষ্টা করতে হবে।

কিন্তু যাদুতে আক্রান্ত হলে আল্লাহর হুকুমে নিম্ন লিখিত যে কোন একটি মাধ্যমে চিকিৎসা হতে পারেঃ

১) কোথায় যাদু করা হয়েছে তা জানা গেলে: সেই যাদুকৃত বস্তু বের করে নিয়ে আসতে হবে। অতঃপর সেখানে গিরা ইত্যাদি থাকলে মুআব্বেযাতাইন (সূরা নাস ও ফালাক) পড়ে তা খুলতে হবে। তারপর ঐ বস্তুকে আগুন দিয়ে জ্বালিয়ে দিবে।

২) শরীয়ত সম্মত ঝাড়-ফুঁকঃ কুরআনের আয়াত বিশেষ করে মুআব্বেযাতাইন (সূরা নাস ও ফালাক), সূরা বাকারা, দু’আ ইত্যাদি দ্বারা ঝাড়-ফুঁক করবে। (অচিরেই ঝাড়-ফুঁকের কিছু দু’আ উল্লেখ করা হবে)

৩) নুশরা দ্বারা যাদু প্রতিহত করা। উহা দু’ভাগে বিভক্ত: (ক) হারাম: উহা হচ্ছে যাদু দ্বারা যাদুকে প্রতিহত করা এবং যাদু থেকে মুক্ত হওয়ার জন্য যাদুকরের কাছে যাওয়া। (খ) জায়েয: এর পদ্ধতি হচ্ছে সাতটি বরই পাতা নিয়ে তা পিশে ফেলবে তারপর তাতে তিনবার করে সূরা কাফেরন, ইখলাস, ফালাক ও নাস পাঠ করে ফুঁ দিবে। তারপর উহা পানিতে মিশিয়ে তা পান করবে এবং তা দ্বারা গোসল করবে। (আরোগ্য লাভ করা পর্যন্ত বারবার এই পদ্ধতি ব্যবহার করবে। আল্লাহ্‌ চাহে তো উপকার হবে।) (মুসান্নাফ আবদুর রাজ্জাক)

৪) যাদু বের করাঃ যদি পেটের মধ্যে যাদুর ক্রিয়া অনুভব হয় তবে ঔষধ ইত্যাদি দিয়ে তা পায়খানার মাধ্যমে বের করে দেয়ার চেষ্টা করবে। যদি অন্য কোন স্থানে থাকে তবে শিক্ষা লাগানোর মাধ্যমে তা বের করার চেষ্টা করবে।

ঝাড়-ফুঁকঃ এর জন্য কিছু শর্ত আছেঃ ১) ঝাড়-ফুঁক হতে হবে কুরআনের আয়াত এবং রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে প্রমাণিত দু’আর মাধ্যমে। ২) উহা আরবী ভাষায় হতে হবে। তবে দু’আ আরবী ছাড়া অন্য ভাষাতেও হতে পারে। ৩) এই বিশ্বাস রাখবে যে, ঝাড়-ফুঁকের মধ্যে কোন প্রভাব নেই। আরোগ্য শুধুমাত্র আল্লাহই দিতে পারেন।

ঝাড়-ফুঁকের প্রভাব বেশী পেতে চাইলে কুরআন পাঠ করবে আরোগ্যের নিয়তে ও জিন-ইনসানের হেদায়াতের নিয়তে। কেননা কুরআন হেদায়াতের জন্য এবং আরোগ্যের জন্য নাযিল হয়েছে। তবে জিনকে হত্যা করার নিয়তে কুরআন পড়বে না। অবশ্য জিনকে বের করা অসম্ভব হয়ে পড়লে পূর্বের নিয়মে ঝাড়-ফুঁক করে যদি সে নিহতও হয় তাতে কোন অসুবিধা নেই।

যিনি ঝাড়-ফুঁক করবেন তার জন্য কতিপয় শর্তঃ ১) তিনি মুসলমান হবেন। নেককার ও পরহেজগার হবেন। যত বেশী আল্লাহভীরু হবেন ততই তার ঝাড়-ফুঁকে কাজ বেশী হবে। ২) ঝাড়-ফুঁকের সময় একনিষ্ঠ হৃদয় নিয়ে আল্লাহর দিকে নিজেকে ধাবিত করবেন। যাতে করে মুখ যা বলবে অন্তর যেন তা অনুধাবন করে। উত্তম হচ্ছে মানুষ নিজে নিজেকে ঝাড়-ফুঁক করবে। কেননা সাধারণতঃ অন্যের অন্তর ব্যস্ত থাকে। তাছাড়া নিজের বিপদ ও প্রয়োজন সে নিজে যেমন অনুভব

করে অন্যে তা অনুভব করতে পরবে না। বিপদগ্রস্তরা আল্লাহর দারস্থ হলে তাদের ডাকে সাড়া দেয়ার অঙ্গিকার তিনি তাদেরকে দিয়েছেন।

ঝাকে ঝাড়-ফুক করা হবে তার জন্য কতিপয় শর্তঃ

১) সে মু'মিন ও নেককার হওয়া মুস্তাহাব। ঈমান অনুযায়ী প্রভাব হবে। আল্লাহ্ তা'আলা বলেন, ﴿وَنَزَّلْنَا مِنَ الْقُرْآنِ مَاهُ شِفَاءً وَرَحْمَةً لِّلْمُؤْمِنِينَ وَلَا يَزِيدُ الظَّالِمِينَ إِلَّا خَسَارًا﴾ “আমি কুরআনে যা নাযিল করেছি তাতে মু'মিনদের জন্য রয়েছে আরোগ্য ও রহমত। আর জালেমদের ক্ষতি ছাড়া অন্য কিছু বৃদ্ধি করবে না।” (সূরা বানী ইসরাঈলঃ ৮২) ২) সত্যিকারভাবে আল্লাহর স্মরণাপন্ন হবে যে, তিনি তাকে আরোগ্য দান করবেন। ৩) আরোগ্য পেতে দেরী হচ্ছে কেন এরূপ অভিযোগ করবে না। কেননা ঝাড়-ফুক এক ধরণের দু'আ। দু'আ কবুল হওয়ার ব্যাপারে তাড়াহুড়া করলে হয়তো তা কবুলই হবে না। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “يَسْتَجَابُ لِأَحَدِكُمْ مَا لَمْ يَعْجَلْ يَقُولُ دَعْوَتُهُ” “তোমাদের একজনের দু'আ কবুল করা হবে, যতক্ষণ সে তাড়াহুড়া না করবে আর একথা না বলবে যে, এত দু'আ করলাম কিন্তু কবুল হল না।” (বুখারী ও মুসলিম)

ঝাড়-ফুকের কয়েকটি নিয়ম আছেঃ ১) ঝাড়-ফুকের সাথে হালকা থুথু বের করবে। ২) থুথুসহ ফুক দেয়া ছাড়াই ঝাড়-ফুকের দু'আ পড়া। ৩) আঙ্গুলে সামান্য থুথু নিয়ে মাটির সাথে মিশিয়ে তা দ্বারা ব্যাথার স্থানে মাসেহ করা। ৪) ঝাড়-ফুকের দু'আ পড়ে ব্যাথার স্থানে হাত ফেরানো।

ঝাড়-ফুকের জন্য আয়াত ও হাদীছঃ সূরা ফাতিহা, আয়াতুল কুরসী, সূরা বাকারার শেষের দু'আয়াত, সূরা কাফেরন, সূরা ইখলাস, সূরা ফালাক, সূরা নাস।

﴿فَسَيَكْفِيكَهُمُ اللَّهُ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ﴾ উচ্চারণঃ ফাসাইকাফীহুমুল্লাহু ওয়া হুওয়াস্ সামীউল আলীম। (সূরা বাকারঃ ১৩৭)
﴿يَقَوْمَنَا أَجِيبُوا دَاعِيَ اللَّهِ وَآمِنُوا بِهِ، يَعْفِرْ لَكُمْ مِنْ ذُنُوبِكُمْ وَيَجْزِمْكُمْ مِنْ عَذَابِ آيَةِ الْيَوْمِ﴾ উচ্চারণঃ ইয়া কাওমানা আজীবু দাঈয়াল্লাহি ওয়া আমিনু বিহি ইয়াগ্ ফির লাকুম মিন যুনূবিকুম ওয়া যুজিরকুম মিন আযাবিন আলীম। (সূরা আহকাফঃ ৩১)

﴿وَنَزَّلْنَا مِنَ الْقُرْآنِ مَاهُ شِفَاءً وَرَحْمَةً لِّلْمُؤْمِنِينَ وَلَا يَزِيدُ الظَّالِمِينَ إِلَّا خَسَارًا﴾ (সূরা বানী ইসরাঈলঃ ৮২) উচ্চারণঃ ওয়া নুনায়িলু মিনাল কুরআনি মা হুওয়া শিফাউ ওয়া রাহমাতুল্ লিল মুমেনীনা ওয়া লা- ইয়াযীদুয্ খালেমীনা ইল্লা খাসারা।

﴿أَمْ يَحْسُدُونَ النَّاسَ عَلَىٰ مَاءِ أَنَّهُمْ اللَّهُ مِنْ فَضْلِهِ﴾ উচ্চারণঃ আম ইয়াহসুদুনান্নাসা নাসা আলা মা আতহুমুল্লাহু মিন ফাযলিহি। (সূরা নেসাঃ ৫৪)

﴿وَإِذَا مَرِضْتُ فَهُوَ﴾ উচ্চারণঃ ওয়া ইয়া মারিযতু ফাহওয়া ইয়াশফী। (সূরা শু'আরাঃ ৮০)

﴿وَيَسْفُ صُدُورِ قَوْمِ الْمُؤْمِنِينَ﴾ উচ্চারণঃ ওয়া ইয়াশফি সুদুরা কাওমিম মুমেনীনা। (সূরা তাওবাঃ ১৪)

﴿قُلْ هُوَ لِلَّذِينَ آمَنُوا هُدًى وَشِفَاءً﴾ উচ্চারণঃ কুল হুওয়া লিল্লাযীনা আমানু হুদাওয়া শিফা-। (সূরা ফুসসিলাতঃ ৪৪)

﴿لَوْ أَنزَلْنَا هَذَا الْقُرْآنَ عَلَىٰ جَبَلٍ لَّرَأَيْتَهُ خَشِيعًا مُّنْصَدًّا عَا مِنْ خَشْيَةِ اللَّهِ﴾ (সূরা হাশরঃ ২১) উচ্চারণঃ লাও আনযালনা হাযাল কুরআনা আলা জাবালিল্ লারাআইতাহু খাশেআ'ন মিন মুতাসাদেআ'ন মিন খাশিয়াতিল্লাহু।

﴿فَأَرْجِعْ أَبْصَرَ هَلْ تَرَىٰ مِنْ فُطُورٍ﴾ উচ্চারণঃ ফারজিঈল বাসারা হাল্ তারা মিন ফুতূর। (সূরা মুলকঃ ৩)

﴿وَإِنْ يَكَادُ الَّذِينَ كَفَرُوا لَيَرْفَعُونَكَ بِأَضْرِهِمْ لَمَّا سَمِعُوا الذِّكْرَ وَيَقُولُونَ إِنَّهُ لَمَنْجُونٌ﴾ উচ্চারণঃ ওয়া ইন ইয়াকাদুল্লাযীনা কাফারু লায়ুযলিকূনাকা বি আবসারিহিম্ লাম্মা সামেউয্ যিকরা, ওয়া ইয়াকূলূনা ইল্লাহু লামাজনূন। (সূরা কলমঃ ৫১)

﴿وَأَوْحَيْنَا إِلَىٰ مُوسَىٰ أَنْ أَلْقِ عَصَاكَ فَإِذَا هِيَ تَلْقَفُ مَا يَأْفِكُونَ﴾ (১৭) ﴿فَوَقَعَ الْحَقُّ وَبَطَلَ مَا كَانُوا يَعْمَلُونَ﴾ (১৮) ﴿فَعَلِبُوا﴾

উচ্চারণঃ ওয়া আওহায়না ইলা মুসা আন আলকে আ'সাকা ফাইয়া হিয়া তালকাফু মা ইয়া'ফেকূন। ফা ওয়াকাআ'ল্ হাক্কু ওয়া বাতাল মা কানু ইয়া'মালূন। ফা ওলিব্ হুনালিকা ওয়ান্ কালাবু সাগেরীন। (সূরা আ'রাফঃ ১১৭-১১৯)

﴿قَالُوا يَمْسُكُ إِمَانًا نَّتَلْقَىٰ وَإِمَانًا تَكُونُ أَوْلَٰمِنَ الْقَىٰ﴾ (১৫) ﴿قَالَ بَلِ الْقَوَا فَإِذَا جَاهَلْتُمْ وَعَصَيْتُمْ يُخَيَّلُ إِلَيْهِ مِنْ سِحْرِهِمْ أَنهَا تَسْعَىٰ﴾ (১৬) ﴿فَأَوْجَسَ فِي نَفْسِهِ خِيفَةً مُّوسَىٰ﴾ (১৭) ﴿فَلَمَّا لَا تَخَفُ بِأَنَّكَ أَنْتَ الْأَعْلَىٰ﴾ (১৮) ﴿وَأَلْقَىٰ مَا فِي يَمِينِكَ تَلْقَفُ مَا صَنَعُوا إِمَّا صَنَعُوا كَيْدَ سِحْرِ وَلَا يُفْلِحُ السَّاحِرُ حَيْثُ أَتَىٰ﴾

উচ্চারণঃ ক্বাল্ ইয়া মুসা ইম্মা আন তুলক্বিয়া ওয়া ইম্মা আন্ নাক্বনা আওঅলা মান আলকা। ক্বালা বাল আলক্ব ফাইয়া হিবালুহুম ও ঙ্গিসিয়ুহুম যুখাইয়ালু ইলায়হি মিন সিহরিহিম আন্নাহা তাসআ'। ফা আওজাসা ফী নাফসিহি খীফাতাম্ মুসা। কুলনা লা তাখাফ ইন্নাকা আন্তাল্ আ'লা। ওয়া আলকে মা ফী ইয়ামীনেকা তালক্বাফু মা সানাউ ইন্নামা সানাউ কায়দু সাহের্ ওয়ালা যুফলিহুস্ সাহের্ হায়ছু আতা। (সূরা ত্বাহাঃ ৬৫-৬৯)

﴿ ثُمَّ أَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَى رَسُولِهِ وَعَلَى الْمُؤْمِنِينَ ﴾ (সূরা তাওবাঃ ২৬) উচ্চারণঃ ছুম্মা আন্যালান্নাহু সাকীনা তাহ্ অলা রাসূলিহি ওয়া আলাল মুমেনীনা।

﴿ فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ وَأَيَّدَهُ بِجُنُودٍ لَّمْ تَرَوْهَا ﴾ উচ্চারণঃ ফা আন্যালান্নাহু সাকীনা তাহ্ অলা রাসূলিহি ওয়া আলাল মুমেনীনা ওয়া আলযামাহুম্ কালেমাতাত্ তাক্বওয়া। (সূরা ফাতাহঃ ২৬)

﴿ فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَى رَسُولِهِ وَعَلَى الْمُؤْمِنِينَ وَالرَّمِمْ كَلِمَةَ الْتَقْوَى ﴾
﴿ لَقَدْ رَضِيَ اللَّهُ عَنِ الْمُؤْمِنِينَ إِذْ يُبَايِعُونَكَ تَحْتَ الشَّجَرَةِ فَعَلِمَ مَا فِي قُلُوبِهِمْ فَأَنْزَلَ السَّكِينَةَ عَلَيْهِمْ وَأَنْبَهُمْ فَتَحَقَّرَ رِيبًا ﴾
উচ্চারণঃ লাক্বাদ রাযিয়াল্লাহু আনির্ মুমেনীনা ইয যুবান্নাকা তাহ্ তাশ্ শাজারতি ফাআ'লেমা মা ফী কুলুবিহিম ফা আন্যালান্নাহু সাকীনা তাহ্ অলা ইহিম ওয়া আছবাহুম্ ফাতহান ক্বারীবা। (সূরা ফাতাহঃ ১৮)

﴿ هُوَ الَّذِي أَنْزَلَ السَّكِينَةَ فِي قُلُوبِ الْمُؤْمِنِينَ لِيَزِيدُوا إِيْمَانًا مَعَ إِيْمَانِهِمْ ﴾ উচ্চারণঃ হুওয়াল্লাযী আন্যালাস্ সাকীনা তা ফী কুলুবিল্ মুমেনীনা লিইয়াযদাদু ঙ্গমানাম্ মাআ' ঙ্গমানিহিম। (সূরা ফাতাহঃ ৪)

হাদীছঃ

﴿ أَسْأَلُ اللَّهَ الْعَظِيمَ رَبَّ الْعَرْشِ الْعَظِيمِ أَنْ يَشْفِيكَ ﴾ উচ্চারণঃ আস্আলুল্লাহাল্ আযীম রাব্বাল্ আরশিল্ আ'যীম আন্ইয়াশ্ফিয়াকা। “সুবিশাল আরশের প্রভু সুমহান আল্লাহর কাছে আমি প্রার্থনা করছি, তিনি আপনাকে আরোগ্য দান করুন।” (আবু দাউদ ও তিরমিযী, হাদীছটির সনদ উত্তম) এ দু'আটি সাতবার পড়বে।

﴿ أُعِيدُكَ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّةِ مِنْ كُلِّ شَيْطَانٍ وَهَامَّةٍ وَمِنْ كُلِّ عَيْنٍ لَأَمَّةٍ ﴾ উচ্চারণঃ উঈযুবিকালিমা-তিল্লাহিত্ তা-ম্মাতি মিন কুল্লি শায়তানিন্ ওয়া হাম্মাতিন্ ওয়া মিন্ কুল্লি আ'ইনিন্ লাম্মাহ্। “আল্লাহর পরিপূর্ণ বাণী সমূহের মাধ্যমে আমি তোমাদের জন্য আশ্রয় প্রার্থনা করছি সকল প্রকার শয়তান থেকে, বিষধর প্রাণীর অনিষ্ট থেকে এবং সকল প্রকার বদ নযর থেকে।” (বুখারী) তিনবার।

﴿ أَذْهَبِ الْبَاسَ، رَبَّ النَّاسِ، اشْفِ أَنْتَ الشَّافِي لَا شِفَاءَ إِلَّا شِفَاؤُكَ شِفَاءَ لَا يُغَادِرُ سَقَمًا ﴾ উচ্চারণঃ অযহিবিল্ বা'স রাব্বান্ নাস, এশ্ফে আন্তাশ্ শাফী লা শিফাআ ইল্লা শিফাআন্ লা যুগাদের্ সাকামা। “হে মানুষের প্রভু, বিপদ দূরীভূত করে দাও, আরোগ্য দান কর- এমন আরোগ্য যার পর আর কোন রোগ অবশিষ্ট না থাকে, কেননা তুমিই একমাত্র আরোগ্য দানকারী, তোমার আরোগ্য ছাড়া আর কারো আরোগ্য নেই।” (বুখারী, মুসলিম) তিনবার।

﴿ اللَّهُمَّ أَذْهَبْ عَنْهُ حَرَّهَا وَبَرِّدْهَا وَوَصِّبْهَا ﴾ উচ্চারণঃ আল্লাহুম্মা অযহিব্ আনহু হররাহ ওয়া বরদাহ ওয়া ওয়াসবাহ। “হে আল্লাহ্ তার থেকে গরম, ঠাণ্ডা ও ক্লাস্তি দূর করে দাও।” একবার।

﴿ حَسْبِيَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ ﴾ উচ্চারণঃ হাসবিয়াল্লাহু লা-ইলাহা ইল্লা হুওয়া আলাইহি তাওয়াক্কালতু ওয়া হুওয়া রাব্বুল্ আরশিল্ আযীম। “আল্লাহ্ই আমার জন্য যথেষ্ট, তিনি ব্যতীত কোন মা'বুদ নেই, তাঁর প্রতি ভরসা করছি, তিনি মহান আরশের অধিপতি।” (সাতবার)

﴿ بِسْمِ اللَّهِ أَرْقِيكَ مِنْ كُلِّ شَيْءٍ يُؤْذِيكَ وَمِنْ شَرِّ كُلِّ نَفْسٍ أَوْ عَيْنٍ حَاسِدٍ اللَّهُ يَشْفِيكَ بِسْمِ اللَّهِ أَرْقِيكَ ﴾ উচ্চারণঃ বিস্মিল্লাহি আরক্বিকা মিন কুল্লি শাইয়িন্ যুযীকা ওয়া মিন শাররি কুল্লি নাফসিন্ আও আয়নিন্ হাঁসেদিন্, আল্লাহ্ য়াশফীকা বিস্মিল্লাহি আরক্বিকা। “আমি আল্লাহর নাম নিয়ে তোমাকে বাড়-ফুক করছি- তোমাকে কষ্টদানকারী সকল বস্তু হতে, এবং প্রত্যেক ব্যক্তির অথবা হিংসুক ব্যক্তির নযরের অনিষ্ট থেকে। আল্লাহ্ তোমাকে আরোগ্য দান করুন। আল্লাহর নাম নিয়ে তোমাকে বাড়-ফুক করছি।” (বুখারী ও মুসলিম) তিনবার। শরীরের যে স্থানে ব্যথা অনুভূত হয় সেখানে হাত রেখে “বিস্মিল্লাহ্” বলবেন তিনবার। তারপর এই দু'আ পড়বেন:

﴿ أَعُوذُ بِعِزَّةِ اللَّهِ وَقُدْرَتِهِ مِنْ شَرِّ مَا أَجْدُ وَأَحَاذِرُ ﴾ উচ্চারণঃ আউযুবি ঙ্গযাতিল্লাহি ওয়া কুদরতিহি মিন শাররি মা আজ়েদু ওয়া উহাযিরু। “আল্লাহর ইজ্জত ও ঙ্গমতার উসীলায় যে অনিষ্ট আমি অনুভব করছি এবং যার ভয় করছি তা থেকে আশ্রয় প্রার্থনা করছি।” (মুসলিম) সাতবার।

কয়েকটি সতর্কতাঃ

- ১ বদনযরকারীর সাথে সংশ্লিষ্ট কুসংস্কারকে বিশ্বাস করা জায়েয নয়। যেমন তার পেশাব পান করা। আর তার স্পর্শকৃত বস্ত্র পাওয়া গেলে তা দ্বারা কোন উপকার পাওয়া যাবে না এমন বিশ্বাস করাও যাবে না।
 - ২ বদনযর লাগবে এই আশংকায় তাবীজ লটকানো বা চামড়া বা রিং বা তাবীজের মালা পরিধান করা জায়েয নেই। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “যে ব্যক্তি কোন কিছু লটকাবে, তাকে সেই বস্ত্র প্রতি সোপর্দ করা হবে।” (তিরমিযী) তাবীজ যদি কুরআনের আয়াত লিখে হয় তবে তাতে মতবিরোধ আছে, তবে উত্তম হচ্ছে তা পরিত্যাগ করা।
 - ৩ গাড়ীর মধ্যে ‘মাশাআল্লাহ্ তাবারাকাল্লাহ্’ লিখে, তলোয়ার, চাকু, চোখ আঁকিয়ে লটকিয়ে দেয়া, কুরআন রাখা, অথবা বাড়ীতে কুরআনের বিভিন্ন আয়াত লিখে লটকিয়ে রাখা জায়েয নয়। কেননা এগুলো দ্বারা বদনযর থেকে বাঁচা যাবে না। বরং এগুলো নিষিদ্ধ তাবীজের অন্তর্ভুক্ত হয়ে যেতে পারে।
 - ৪ রুগী দৃঢ় বিশ্বাস রাখবে যে তার দু’আ কবুল হবে। আরোগ্য হতে দেরী হচ্ছে কেন একথা বলবে না। যদি বলা হয় যে আরোগ্যের জন্য সারা জীবন ঔষধ খেতে হবে তবে ভীত হয় না। কিন্তু যদি দীর্ঘ সময় ঝাড়-ফুক করা হয় তবে অস্থির হয়ে যায়। অথচ ঝাড়-ফুকের জন্য যে আয়াত পাঠ করা হয় তার প্রত্যেকটা অক্ষরে নেকী পাওয়া যাবে। আর একটি নেকীকে দশগুণ পর্যন্ত বৃদ্ধি করা হয়। রুগীর উপর আবশ্যিক হচ্ছে বেশী বেশী দু’আ, ইস্তেগফার করা এবং বেশী বেশী দান-সাদকা করা। কেননা এগুলোর মাধ্যমে আরোগ্য আশা করা যায়।
 - ৫ দলবদ্ধ হয়ে ঝাড়-ফুকের দু’আ পাঠ করা সুন্নাতের খেলাফ। এর প্রভাবও দুর্বল। অনুরূপভাবে শুধুমাত্র টেপেরেকর্ডারের মাধ্যমে শোনাও ঠিক না। কেননা এতে নিয়ত উপস্থিত থাকে না। অথচ ঝাড়-ফুককারীর নিয়ত থাকা অন্যতম শর্ত। যদিও টেপেরেকর্ডারের কেরাত শোনাতে কল্যাণ আছে। আরোগ্য লাভ করা পর্যন্ত ঝাড়-ফুকের দু’আ বারবার পাঠ করা সুন্নাত। কিন্তু ক্লান্ত হয়ে গেলে ঝাড়-ফুক কমিয়ে দিবে যাতে করে বিতৃষ্ণাভাব সৃষ্টি না হয়। বিনা দলীলে আয়াত ও দু’আ পাঠ করার ক্ষেত্রে সংখ্যা নির্দিষ্ট করা ঠিক নয়।
 - ৬ কিছু কিছু আলামত আছে যা দ্বারা প্রমাণ পাওয়া যাবে যে, ঝাড়-ফুককারী যাদু বা শিকী ঝাড়-ফুক ব্যবহার করছে; কুরআন দ্বারা ঝাড়-ফুক করছে না। বাহ্যিকভাবে ধর্মীয় কিছু পরিচয় থাকলেও ধোকায় পড়া যাবে না। শুরুতে কুরআন থেকে হয়তো কিছু পাঠ করবে কিন্তু অল্পক্ষণ পরেই অন্যকিছু পড়া শুরু করবে। আবার অনেকে মানুষের দৃষ্টি আকর্ষণ করার জন্য ঘনঘন মসজিদে যাবে। আপনার সামনে ঠোঁট নাড়িয়ে যিকির পাঠ করবে। সাবধান এদের আকীদা ও মূল পরিচয় না জেনে যেন ধোকায় না পড়েন।
- যাদুকর ও ভেঙ্কীবাজদেরকে চেনার উপায়ঃ** * সে রোগী এবং তার বাবা-মার নাম জিজ্ঞেস করবে। অথচ নাম জানা না জানার সাথে চিকৎসার কোন সম্পর্ক নেই। * রুগীর ব্যবহৃত কোন বস্ত্র যেমন টুপি বা কাপড় বা চুল ইত্যাদি তলব করবে। * জিনের উদ্দেশ্যে নির্দিষ্ট বৈশিষ্টের কোন প্রাণী যবেহ করার কথা বলবে। কখনো যবেহকৃত প্রাণীর রক্ত নিয়ে রুগীর গায়ে মাখাবে। * ঝাড়-ফুক করার সময় দুর্বোধ্য শব্দে গুনগুন করে মন্ত্র পাঠ করবে বা লিখে দিবে। * তাবিজ-কবচ যেমন: নম্বরের মাধ্যমে বা বিচ্ছিন্ন অক্ষরের মাধ্যমে ছক আঁকিয়ে রুগীকে প্রদান করবে। * রুগীকে নির্দিষ্ট কিছু দিন অন্ধকার ঘরের মধ্যে নির্জনে একাকী থাকার জন্য নির্দেশ দিবে। * নির্দিষ্ট কিছু দিনের জন্য রুগীকে পানি স্পর্শ করতে নিষেধ করবে। * রুগীকে এমন কিছু প্রদান করবে যা মাটিতে বা কবরস্থানে বা নিজ গৃহে পুঁতে রাখতে বলবে বা কাগজে কিছু লিখে দিবে যা পুড়িয়ে ধোঁয়া নেয়ার জন্য বলবে। * রুগীকে তার ব্যক্তিগত ব্যাপারে (অতীত, ভবিষ্যত) সম্পর্কে কিছু খবর প্রদান করবে যা একমাত্র সে ছাড়া অন্য কেউ জানে না। অথবা রুগীর কথা

বলার পূর্বেই তার নাম, ঠিকানা ও কি অসুখ হয়েছে ইত্যাদি বলে দিবে। * রুগী তার কাছে যাওয়া মাত্র ব্যবস্থাপত্র দিয়ে দিবে বা টেলিফোন বা ডাকের মাধ্যমে ব্যবস্থাপত্র লিখে দিবে।

৭) আহলে সুন্নাত ওয়াল জামাতের আক্বীদা হচ্ছে জিন মানুষের উপর আছর করতে পারে। দলীল হচ্ছে আল্লাহর বাণীঃ ﴿الَّذِينَ يَأْكُلُونَ الرِّبَا لَا يَقُومُونَ إِلَّا كَمَا يَقُومُ الَّذِي يَتَخَبَّطُهُ الشَّيْطَانُ مِنَ الْمَسِّ﴾ “যারা সুদ খায় তারা কিয়ামত দিবসে ঐ ব্যক্তির ন্যায় দাঁড়াবে যাকে শয়তান স্পর্শ করে মোহাবিষ্ট করে থাকে।” (সূরা বাকারাঃ ২৭৫) তাফসীরবিদগণ ঐকমত্য হয়েছেন যে, আয়াতে المسس বা স্পর্শ বলতে উদ্দেশ্য হচ্ছে শয়তানী-পাগলামী যা জিনের স্পর্শ ও আছরের কারণে মানুষের মধ্যে দেখা যায়; ফলে মানুষ দিশেহারা হয়ে যায়।

উপকারিতাঃ হাসাদ বা হিংসা হচ্ছে মানুষের নে'য়ামত দূরীভূত হওয়ার কামনা করা। সাধারণতঃ হিংসার কারণেই বদনয়র হয়ে থাকে। অথচ হিংসা অন্যতম একটি বড় গুনাহ; বরং হিংসা পাপের মূল। এর মাধ্যমেই সর্বপ্রথম আল্লাহর নাফরমানী করা হয়েছে। একমাত্র হিংসার কারণেই ইবলিস আদমকে সিজদা করেনি। এমনিভাবে হিংসা করেই কাবীল নিজের ভাই হাবীলকে হত্যা করেছিল।

হিংসার চিকিৎসাঃ * এপাপের ভয়াবহতা অনুধাবন করা। কেননা হাদীছে উল্লেখ হয়েছে যে, আগুন যেমন কাঠকে পুড়িয়ে ফেলে হিংসা তেমনি নেক আমলকে ধ্বংস করে দেয়। * আল্লাহ মানুষকে যা দিয়েছেন তা তাঁর হেকমত ও নির্ধারণ ছিল। ওতে সন্তুষ্ট না হওয়া আল্লাহর উপর প্রশ্ন উত্থাপনের শামিল এবং তকদীরের উপর ঈমানের দুর্বলতার প্রমাণ। * সুন্দর ও আশ্চর্য জনক কিছু দেখে যদি বলেন: (মাশাআল্লাহ, তাবারাকাল্লাহ) তবে ইহা আপনার অন্তর পবিত্র হওয়ার প্রমাণ বহণ করে। * হিংসা পরিত্যাগ করার পুরস্কার কত তা জানা। যে ব্যক্তি এমন অবস্থায় দিন শেষ করে শয্যা গ্রহণ করে যে তার অন্তরে কারো প্রতি কোন হিংসা নেই, তবে তার প্রতিদান বিশাল। যেমন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে প্রমাণিত হয়েছে যে, জনৈক সাহাবীকে জান্নাতের সুসংবাদ দিলেন। তখন আবদুল্লাহ বিন আমর (রাঃ) তার বাড়ী গিয়ে তার সাথে রাত কাটালেন। তিনি নিশ্চিত হলেন যে, এই হিংসা পরিত্যাগ করাই হচ্ছে তাঁর জান্নাতের সুসংবাদ পাওয়ার কারণ।

সৃষ্টিকুলের প্রত্যেকেই অভাবী এবং আল্লাহর কাছে যা আছে তার মুখাপেক্ষী। আর আল্লাহ তা'আলা অভাব মুক্ত - তিনি কারো মুখাপেক্ষী নন।

আল্লাহ তা'আলা বান্দাদের উপর আবশ্যিক করে দিয়েছেন তারা তাঁর কাছে দু'আ করবে। তিনি এরশাদ করেন, ﴿أَدْعُوْنِيْ اَسْتَجِبْ لَكُمْ اِنَّ الَّذِيْنَ يَسْتَكْبِرُوْنَ عَنْ عِبَادَتِيْ سَيَدْخُلُوْنَ جَهَنَّمَ ذٰلِكَ حَتٰى يَخْرُجُوْا﴾ “তোমরা আমাকে ডাক আমি তোমাদের ডাকে সাড়া দিব। নিশ্চয় যারা আমার ইবাদত করতে অহংকার প্রদর্শন করে; অচিরেই তারা লাঞ্চিত অবস্থায় জাহান্নামে নিক্ষিপ্ত হবে।” (সূরা গাফেরঃ ৬০) এ আয়াতে “ইবাদত করতে” অর্থ হচ্ছে দু'আ করতে। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

“যে ব্যক্তি আল্লাহর কাছে চায় না তিনি তার প্রতি রাগম্বিত হন।” (তিরমিযী) তাছাড়া বান্দা আল্লাহর কাছে কিছু চাইলে তিনি তার প্রতি খুশি হন। যারা বারবার তাঁর কাছে ধর্ণা দেয় তিনি তাদের ভালবাসেন এবং তাদেরকে নিকটবর্তী করে নেন।

নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সাহাবীগণ এ বিষয়টি অনুধাবন করেছিলেন তাই তুচ্ছ বিষয় হলেও তা আল্লাহর কাছে চাইতেন। সৃষ্টিকুলের কারো কাছে সাহাবীগণ প্রার্থনার হস্তকে প্রসারিত করতেন না। এটা এ কারণেই সম্ভব হয়েছিল যে, তাঁরা আল্লাহর সাথে সম্পর্ক গড়েছিলেন তাঁর নৈকট্য লাভ করেছিলেন এবং তিনিও তাঁদেরকে নৈকট্য দান করেছিলেন। কেননা তাঁদের দৃষ্টি ছিল আল্লাহর এই বাণীর প্রতি, ﴿وَإِذَا سَأَلَكَ عِبَادِيْ عَنِّيْ فَإِنِّيْ قَرِيْبٌ﴾ “আমার বান্দা যদি আপনার কাছে আমার সম্পর্কে জিজ্ঞেস করে; আমি তো নিকটেই আছি।” (সূরা বাকারঃ ১৮৬) আল্লাহর নিকট দু'আর বিশেষ একটি স্থান আছে; বরং দু'আ আল্লাহর কাছে সর্বাধিক সম্মানিত বিষয়। দু'আর মাধ্যমে কখনো ফায়সালাকেও রদ করা হয়। দু'আ কবুল হওয়ার কারণ পাওয়া গেলে এবং কবুল না হওয়ার বাধা দূরীভূত হলে মুসলিম ব্যক্তির দু'আ গ্রহণ করা হয়। নবী করীম (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) উল্লেখ করেছেন যে, দু'আকারী তিনটি বিষয়ের যে কোন একটি অবশ্যই পাবে। তিনি এরশাদ করেন:

مَا مِنْ مُّسْلِمٍ يَدْعُوْهُ بِدَعْوَةٍ لَيْسَ فِيْهَا اِيْمٌ وَلَا قَطِيْعَةٌ رَّحِمَ اِلَّا اَعْطَاهُ اللّٰهُ بِهَا اِحْدٰى ثَلَاثٍ اِمَّا اَنْ تُعْجَلَ لَهٗ دَعْوَتُهٗ وَاِمَّا اَنْ يَدَّخِرَهَا لَهٗ فِي الْاٰخِرَةِ وَاِمَّا اَنْ يَضْرَفَ عَنْهُ مِنَ السُّوْءِ مِثْلَهَا قَالُوْا: اِذَا نَكَّرْتُ قَالَ: اللّٰهُ اَكْثَرُ

“যে কোন মুসলিম আল্লাহর কাছে দু'আ করবে- যে দু'আয় কোন গুনাহ থাকবে না, কোন আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করা হবে না। তাহলে আল্লাহ তাকে নিম্ন লিখিত তিনটির যে কোন একটি দান করবেন:

- ১) তার দু'আ দুনিয়াতেই কবুল করা হবে।
- ২) আখেরাতে তার জন্য উহা সঞ্চয় করে রাখা হবে।
- ৩) তার দু'আর অনুরূপ একটি বিপদ থেকে তাকে মুক্ত করা হবে।” তারা (সাহাবীগণ) বললেন, তাহলে আমরা বেশী বেশী দু'আ করব। তিনি বললেন, “আল্লাহ আরো বেশী দানকারী।” (আহমাদ)

দু'আর প্রকারভেদঃ দু'আ দু'প্রকারঃ ১) ইবাদতের দু'আ যেমন: নামায রোযা ইত্যাদি।

২) নির্দিষ্টভাবে কোন বস্তু চাওয়ার জন্য দু'আ।

কোন আমল উত্তমঃ কুরআন তেলাওয়াত উত্তম নাকি যিকির করা নাকি দু'আ ও প্রার্থনা? জবাব হচ্ছে: সর্বোত্তম আমল হচ্ছে পবিত্র কুরআন পাঠ তারপর উত্তম হচ্ছে যিকির ও আল্লাহর প্রশংসা মূলক কথা তারপর হচ্ছে দু'আ ও প্রার্থনা। এটা হচ্ছে সাধারণ কথা। কিন্তু স্থান ও সময় ভেদে কখনো নিম্ন মর্যাদার কাজ উচ্চ মর্যাদার কাজের চেয়ে বেশী উত্তম হতে পারে। যেমন আরাফাত দিবসে (আরাফাতের মাঠে) কুরআন পাঠের চেয়ে দু'আ করাই উত্তম। ফরয নামাযান্তে কুরআন তেলাওয়াতের চাইতে হাদীছে প্রমাণিত যিকির-আযকার পাঠ করাই উত্তম ও সুন্নাত।

দু'আ কবুল হওয়ার কারণঃ দু'আ কবুল হওয়ার জন্য প্রকাশ্য কিছু কারণ আছে। কিছু অপ্রকাশ্য কারণ আছে। ১) **দু'আ কবুল হওয়ার প্রকাশ্য কারণঃ** দু'আর পূর্বে কিছু নেক আমল করা। যেমন: সাদকা, ওয়ু, নামায, কিবলামুখী হয়ে হাত উঠিয়ে দু'আ করা। প্রথমে আল্লাহর উপযুক্ত প্রশংসা করা। যে বিষয়ে দু'আ করবে তার সাথে সামঞ্জস্য রেখে আল্লাহর নাম ও গুণাবলী চয়ন করে তার উসীলা করবে। যদি জান্নাত প্রার্থনা করতে চায় তবে তাঁর অনুগ্রহ ও করুণা ভিক্ষার মাধ্যমে দু'আ করবে। যদি জালেম বা অত্যাচারীর উপর বদ দু'আ করতে চায় তবে আল্লাহর গুণবাচক নাম রাহমান, রাহীম, কারীম ইত্যাদি শব্দ উল্লেখ করবে না; বরং আল জাব্বার (মহা ক্ষমতাবান) আল কাহ্‌হার (মহা প্রতাপশালী) ইত্যাদি শব্দ উল্লেখ করবে। দু'আ কবুল হওয়ার আরো উল্লেখযোগ্য কারণ হচ্ছে: দু'আর প্রথমে, মধ্যে ও শেষে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর প্রতি দরুদ পাঠ করা। নিজের পাপের স্বীকারোক্তি দেয়া। আল্লাহ যে সমস্ত নে'য়ামত দান করেছেন তার শুকরিয়া আদায় করা। যে সমস্ত সময়ে দু'আ কবুল হবে বলে প্রমাণিত হয়েছে তা নির্বাচন করে কাজে লাগানো। যেমন: রাতে ও দিনের মধ্যে: রাতের এক তৃতীয়াংশ অবশিষ্ট থাকতে যখন আল্লাহ দুনিয়ার আকাশে

নেমে আসেন। আযান ও ইকামতের মধ্যবর্তী সময়ে, ওযুর পর, সিজদায় গিয়ে, নামাযে সালাম ফেরানোর পূর্বে, নামাযের শেষে, কুরআন খতম করার সময়, মোরগের ডাক শোনার সময়, সফরাবস্থায়, মাযলুম (অত্যাচারিতের) দু'আ। বিপদগ্রস্তের দু'আ, সন্তানের জন্য পিতা-মাতার দু'আ। কোন মুসলিম ভাইয়ের অনুপস্থিতিতে তার জন্য দু'আ, যুদ্ধের সময় শত্রুর সম্মুখবর্তী হওয়ার সময় দু'আ। সপ্তাহের মধ্যে: জুমআর দিন, বিশেষ করে এদিনের (আছরের পর) শেষ সময়ে দু'আ কবুল হয়। মাসের মধ্যে: রামাযান মাসে ইফতারের সময়, শেষ রাতে সাহুর খাওয়ার সময়, লাইলাতুল কদরে এবং আরাফাত দিবসে। সম্মানিত স্থান সমূহে: সাধারণভাবে সকল মসজিদ, কা'বার নিকটে-বিশেষ করে মুলতায়িমের কাছে, মাকামে ইবরাহীমের নিকট, ছাফা ও মারওয়া পাহাড়ে, হজ্জের সময় আরাফাত, মুযদালিফা ও মিনার মাঠে। যমযম পানি পান করার সময়।

২) দু'আ কবুল হওয়ার অপ্রকাশ্য কারণঃ দু'আর পূর্বে: খাঁটিভাবে তওবা করা, কারো সম্পদ আত্মসাত করে থাকলে তা ফেরত দেয়া। পানাহার, পোষাক, বাসস্থান প্রভৃতি হালাল কামাই থেকে হওয়া। বেশী বেশী নেককাজ করা, হারাম বিষয় থেকে দূরে থাকা, সন্দেহ ও খাহেশাতের বিষয় থেকে পূত-পবিত্র থাকা। দু'আবস্থায়: অন্তর উপস্থিত রাখা, আল্লাহর প্রতি দৃঢ় বিশ্বাস রাখা, দু'আ কবুল হওয়ার দৃঢ় আশা পোষণ করা, আল্লাহর স্মরণাপন্ন হওয়া ও তাঁর কাছে কাকুতি-মিনতী করা, একই কথা বারবার উল্লেখ করা। বিষয়টিকে তাঁর কাছে সোপর্দ করা, তিনি ছাড়া কারো প্রতি ক্রক্ষেপ না করা এবং দু'আ কবুল হবে এরূপ দৃঢ় বিশ্বাস রাখা।

দু'আ কবুল না হওয়ার কারণঃ মানুষ কখনো দু'আ করে কিন্তু তা কবুল করা হয় না বা দেরীতে কবুল করা হয়। তার অনেক কারণ আছে। যেমন: ***** আল্লাহর কাছে দু'আ করে আবার গাইরুল্লাহর কাছেও দু'আ করে। ***** দু'আয় খুঁটিনাটি বিষয় উল্লেখ করা: যেমন জাহান্নামের গরম থেকে, সংকীর্ণতা থেকে, অন্ধকার থেকে... আশ্রয় প্রার্থনা করা। কিন্তু শুধুমাত্র জাহান্নাম থেকে আশ্রয় কামনা করাই যথেষ্ট। ***** মুসলিম ব্যক্তির নিজের উপর বা অন্য কারো উপর অন্যায়ভাবে বদদু'আ করা। ***** গুনাহের কাজে ও আত্মীয়তার সম্পর্ক ছিন্নের জন্য দু'আ করা। ***** আল্লাহর ইচ্ছার সাথে দু'আকে সম্পর্ক করা। যেমন: 'হে আল্লাহ্ তুমি যদি চাও তবে আমাকে মাফ কর' ইত্যাদি। বরং দৃঢ়ভাবে আল্লাহর কাছে চাইবে। ***** দু'আ কবুল হওয়ার জন্য তাড়াহুড়া করা। যেমন বলে, এত দু'আ করলাম কিন্তু কবুল হল না। ***** ক্লাস্ত হওয়া: অর্থাৎ ক্লাস্ত ও বিরক্ত হয়ে দু'আ করা ছেড়ে দেয়া। ***** গাফেল ও উদাস অন্তরের দু'আ। ***** আল্লাহর সামনে দু'আর আদব রক্ষা না করা। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জনৈক লোককে নামাযের মধ্যে দু'আ করতে শুনলেন, কিন্তু সে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর উপর দরুদ পড়েনি। তখন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, **عَجَلَ هَذَا ثُمَّ دَعَا فَقَالَ لَهُ أَوْ لَعْنِهِ إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَبْدَأْ بِتَحْمِيدِ اللَّهِ وَالنَّسَاءِ عَلَيْهِ ثُمَّ لِيُصَلِّ عَلَى النَّبِيِّ** "এ লোকটা খুব তাড়াহুড়া করল।" তারপর তাকে ডেকে বললেন: "কোন মানুষ যখন দু'আ করতে চায়, তখন সে যেন প্রথমে আল্লাহর প্রশংসা ও গুণকীর্তন করে, তারপর নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর উপর দরুদ পাঠ করে এরপর যা ইচ্ছা যেন দু'আ করে।" (আবু দাউদ, তিরমিযী) ***** কোন অসম্ভব বস্তুর জন্য দু'আ করা। যেমন চিরকাল দুনিয়াতে বেঁচে থাকার দু'আ করা। ***** দু'আয় কৃত্রিমভাবে কবিতা আওড়ানো। আল্লাহ্ বলেন, **ادْعُوا رَبَّكُمْ تَضَرُّعًا** (তোমরা বিনয়াবনত হয়ে গোপনে তোমাদের পালনকর্তাকে আহবান কর। নিশ্চয় তিনি সীমালঙ্ঘনকারীদের ভালবাসেন না।" (সূরা আ'রাফঃ ৫৫) ইবনে আব্বাস (রাঃ) বলেন, কবিতা মেলানোর মত করে দু'আ পড়বে না। আমি দেখেছি রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এবং তাঁর ছাহাবীগণ এথেকে বেঁচে থাকতেন।" (বুখারী) ***** দু'আয় অতিরিক্ত চিৎকার করা। আল্লাহ তা'আলা বলেন, **وَلَا تَجْهَرُ بِصَلَاتِكَ وَلَا تَخَافُهَا وَابْتَغِ بَيْنَ ذَلِكَ سَبِيلًا** "তোমার নামাযে কঠকে উচ্চ করো না অতিশয় ক্ষীণও করো না বরং এর মধ্যবর্তী পন্থা অবলম্বন করো।" (সূরা বানী ইসরাঈলঃ ১১০) আয়েশা (রাঃ) বলেন, 'দু'আয় কঠম্বরকে নীচু কর।'

দু'আর ক্ষেত্রে নিম্ন লিখিত ধারাবাহিকতা অবলম্বন করা উচিতঃ প্রথমতঃ আল্লাহর প্রশংসা ও গুণকীর্তন করবে। দ্বিতীয়তঃ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর প্রতি দরুদ পাঠ করবে। তৃতীয়তঃ তওবা করবে ও নিজের গুনাহের কথা স্বীকার করবে। চতুর্থতঃ আল্লাহ্ যে নে'য়ামত দান করেছেন তার কৃতজ্ঞতা আদায় করবে। পঞ্চমতঃ নিজের প্রার্থনা পেশ করবে। এক্ষেত্রে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এবং সালাফে সালাহীন থেকে প্রমাণিত দু'আগুলো পাঠ করার চেষ্টা করবে। ষষ্ঠতঃ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর প্রতি আবার দরুদ পড়ে দু'আ শেষ করবে।

দু'আ পাঠের সময়ঃ	দু'আঃ নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ উচ্চারণঃ বিসমিকা আল্লাহুমা আমূতু ওয়া আহইয়া। অর্থঃ “হে আল্লাহ! তোমার নামে মৃত্যু বরণ করছি, তোমার নামেই জীবিত হব।
নিদ্রার পূর্বে ও পরে	” নিদ্রা থেকে জাগ্রত হয়ে পাঠ করবেঃ اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ اَحْيَاَنَا بَعْدَ مَا اَمَاتَنَا وَاَلَيْهِ التُّشُوْرُ উচ্চারণঃ আল হামদু লিল্লাহিল্লাযী আহইয়ানা বা'দা মা আমাতানা ওয়া ইলাইহিনু নুশূর। অর্থঃ “সমস্ত প্রশংসা সেই আল্লাহর যিনি আমাদেরকে মৃত্যুর পর জীবিত করেছেন। আর তার কাছেই আমাদেরকে প্রত্যাবর্তন করতে হবে।”
নিদ্রাবস্থায় ভীত হলে :	اَعُوْذُ بِكَلِمَاتِ اللّٰهِ التَّامَّاتِ مِنْ غَضَبِهِ وَعِقَابِهِ وَشَرِّ عِبَادِهِ وَمَنْ هَمَزَاتِ الشَّيْطَانِ وَاَنْ اَعُوْذُ উচ্চারণঃ আউয়ু বিকালিমা-তিল্লাহিত তা-আ-তি মিন গাযাবিহি ওয়া ঈক্বাবিহি ওয়া শাররি ঈবাদিহি ওয়া মিন হামাযাতিশ্ শায়াতীন ওয়া আইয়াহুয়ুফুন। অর্থঃ “আল্লাহর পরিপূর্ণ বাণী সমূহ দ্বারা আশ্রয় প্রার্থনা করছি তাঁর ক্রোধ ও শাস্তি থেকে। তাঁর বান্দাদের অনিষ্ট থেকে। শয়তানের ওয়াসওয়াসা থেকে ও তার উপস্থিতি থেকে।”
স্বপ্নে কিছু দেখলে :	কোন ব্যক্তি স্বপ্নে পছন্দনীয় কিছু দেখলে মনে করবে এটা আল্লাহর পক্ষ থেকে। সে জন্য আল্লাহর প্রশংসা করবে এবং তা মানুষকে বলবে। কিন্তু অপছন্দনীয় কিছু দেখলে, মনে করবে এটা শয়তানের পক্ষ থেকে। তখন শয়তানের অনিষ্ট থেকে আশ্রয় প্রার্থনা করবে। কারো সামনে তা প্রকাশ করবে না। তাহলে তার কোন ক্ষতি হবে না।
গৃহ থেকে বের হলে :	اَللّٰهُمَّ اَعُوْذُ بِكَ اَنْ اَضِلَّ اَوْ اُضَلَّ اَوْ اَزَلَ اَوْ اُزِلَّ اَوْ اَظْلَمَ اَوْ اُظْلَمَ اَوْ اَجْهَلَ اَوْ يَجْهَلَ عَلَيَّ উচ্চারণঃ আল্লাহুমা আউয়ুবিকা আন আয়েল্লা আও উয়াল্লা আও আযিল্লা আও উয়াল্লা আও আয়লেমা আও উয়লামা আও আজহলা আও যুজহলা আলাইয়া। অর্থঃ “হে আল্লাহ্ আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি যে, আমি কাউকে বিভ্রান্ত করি বা কেউ আমাকে বিভ্রান্ত করুক বা কাউকে পদচ্যুত করি বা কেউ আমাকে পদচ্যুত করুক বা কারো প্রতি অত্যাচার করি বা কেউ আমার উপর অত্যাচার করুক বা মূর্খতা সুলভ কোন কাজ করি বা কেউ আমার উপর অশোভনীয় কিছু করুক।” بِسْمِ اللّٰهِ تَوَكَّلْتُ عَلَيَّ উচ্চারণঃ বিসমিল্লাহি তাওয়াক্কালতু আলাল্লাহি লা-হাওয়লা ওয়লা কুওয়্যাতা ইল্লা বিল্লাহ্। অর্থঃ “আমি আল্লাহর নামে বের হচ্ছি। আল্লাহর উপর ভরসা করছি। আল্লাহর শক্তি ও সামর্থ্য ব্যতীত কোন উপায় নেই।”
মসজিদে প্রবেশ করলে :	প্রথমে ডান পা প্রবেশ করবে এবং বলবে: بِسْمِ اللّٰهِ وَالسَّلَامُ عَلَيَّ رَسُوْلَ اللّٰهِ اَغْفِرْ لِيْ ذُنُوْبِيْ وَاَفْتَحْ উচ্চারণঃ বিসমিল্লাহ্ ওয়াস্ সালামু আলা রাসূলিল্লাহ্, আল্লাহুমাগ্ ফির লী যুনুবী, ওয়াফতাহ্ লী আবওয়াবা রাহমাতিকা। অর্থঃ আল্লাহর নামে প্রবেশ করছি, সালাম আল্লাহর রাসূলের উপর। হে আল্লাহ! আমার পাপ সমূহ ক্ষমা কর এবং আমার জন্য আপনার রহমতের দরজাসমূহ উন্মুক্ত করে দাও।
মসজিদ থেকে বের হলে	প্রথমে বাম পা বের করবে এবং পাঠ করবে: بِسْمِ اللّٰهِ وَالسَّلَامُ عَلَيَّ رَسُوْلَ اللّٰهِ اَغْفِرْ لِيْ ذُنُوْبِيْ উচ্চারণঃ বিসমিল্লাহ্ ওয়াস্ সালামু আলা রাসূলিল্লাহ্, আল্লাহুমাগ্ ফির লী যুনুবী, ওয়াফতাহ্ লী আবওয়াবা ফাযলিকা। অর্থঃ “আল্লাহর নামে বের হচ্ছি, সালাম আল্লাহর রাসূলের উপর। হে আল্লাহ! আমার পাপ সমূহ ক্ষমা কর এবং আপনার অনুগ্রহের দরজা আমার জন্য উন্মুক্ত করে দাও।”
নতুন বরকে লক্ষ্য করে দু'আ :	بَارِكْ اللّٰهُ لَكَ وَبَارِكْ عَلَيْكَ وَجَمَعَ بَيْنَكُمَا فِيْ خَيْرٍ বারাকাল্লাহ্ লাকা ওয়া বারাকা আলাইকা ওয়া জামআ' বাইনাকুমা ফী খাইর। “আল্লাহ্ আপনাকে বরকত দান করুন এবং আপনাদের (স্বামী-স্ত্রীর) মধ্যে বরকত, ঐকমত্য ও মিল-মহব্বতের সাথে জীবন যাপনের সামর্থ্য প্রদান করুন।”
কেউ যদি আপনাকে বলে যে সে আল্লাহর ওয়াস্তে আপনাকে ভালবাসে :	আনাস (রাঃ) থেকে বর্ণিত। জনৈক ব্যক্তি নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট উপস্থিত ছিল। এমন সময় তাঁদের নিকট দিয়ে একজন লোক হেঁটে গেল। তখন সে বলল: হে আল্লাহর রাসূল! আমি এই লোকটিকে ভালবাসি। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে বললেন, ‘তুমি তাকে একথা জানিয়েছো?’ সে বলল: না। তিনি বললেন, ‘তাকে জানিয়ে দাও।’ লোকটি তার পিছে পিছে গিয়ে তাকে বলল: আমি আল্লাহর ওয়াস্তে আপনাকে ভালবাসি। জবাবে সে বলল: যার জন্য আপনি আমাকে ভালবাসেন, তিনিও যেন আপনাকে ভালবাসেন।
মুসলিম ভাই হাঁচি দিলে :	কোন মানুষ হাঁচি দিলে বলবে: يُرْحَمُكَ اللّٰهُ আল হামদুলিল্লাহ্ তার সাথী বা মুসলিম ভাই উহা শুনে বলবে: يُرْحَمُكَ اللّٰهُ ইয়ারহামুকাল্লাহ্ ‘আল্লাহ্ আপনাকে প্রতি রহম করুন।’ তখন হাঁচিদাতা বলবে: وَيُصَلِّحُ بِاَلْكُمُ ইয়ারহাদীকুমুল্লাহ্ ওয়া যুসলিহ্ বালাকুম। “আল্লাহ্ আপনাকে হেদায়ত করুন ও আপনার অবস্থা সংশোধন করে দিন।” কিন্তু কোন কাফের হাঁচি দিয়ে اللّٰهُ জবাবে বলবেন: اللّٰهُ يَهْدِيْكُمْ “আল্লাহ্ তোমাকে হেদায়ত করুন” তাকে اللّٰهُ বলা যাবে না।

<p>দুঃশিস্তা ও মুছিবতের দু'আ :</p>	<p>উচ্চারণঃ لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْعَظِيمُ الْحَلِيمُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ السَّمَوَاتِ وَالْأَرْضِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيمِ লা-ইলাহা ইল্লাল্লাহুল্ আযীমুল্ হালীম, লা-ইলাহা ইল্লাল্লাহু রাব্বুল্ সামাওয়াতি ওয়াল্ আরবি ওয়া রাব্বুল্ আরশিল্ আযীম। অর্থঃ “আল্লাহ্ ছাড়া সত্য কোন উপাস্য নেই। তিনি সুমহান মহাসহিষ্ণু। আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই। তিনি আকাশ ও যমীনের পালনকর্তা এবং সুমহান আরশের অধিপতি। اللَّهُ اللَّهُ رَبِّي لَا أُشْرِكُ بِهِ شَيْئًا আল্লাহ্ আল্লাহ্ রাব্বী লা-উশরিকু বিহি শাইআ। “আল্লাহ্, আল্লাহই আমার পালনকর্তা, আমি তাঁর সাথে কাউকে শরীক করি না।” يَا حَيُّ يَا قَيُّوْمُ بِرَحْمَتِكَ أَسْتَغِيْثُ ইয়া হাইয়ু ইয়া কাইয়্যুমু বিরাহমাতিকা আস্তাগীছ। “হে চিরজীব চিরস্থায়ী আপনার করুণার মাধ্যমে আপনার কাছে উদ্ধার কামনা করছি।” سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ সুবহানাল্লাহিল্ আযীম। “আমি পবিত্রতা বর্ণনা করছি সুমহান আল্লাহর।”</p>
<p>শত্রুর উপর বদদু'আ</p>	<p>উচ্চারণঃ اللَّهُمَّ مُجْرِي السَّحَابِ وَمُتْرِلِ الْكِتَابِ سَرِيْعَ الْحِسَابِ هَازِمَ الْأَحْزَابِ اللَّهُمَّ اهْزِمْهُمْ وَزَلْزَلْهُمْ আল্লাহুম্মা মুজরিয়াস্ সাহাব ওয়া মুনিয়ালিল্ কিতাব সারীয়াল্ হিসাব হাযেমাল্ আহযাব, আল্লাহুম্মাহ্ যিমলুম ওয়া যালয়িললুম। অর্থঃ “হে আল্লাহ্! তুমি মেঘমালা চালনাকারী, কিতাব নাযিলকারী, দ্রুত হিসাব গ্রহণকারী, শত্রু দলকে পরাজিত করো। হে আল্লাহ্ তাদেরকে পরাজিত করো এবং তাদের মাঝে কম্পন সৃষ্টি করে দাও।”</p>
<p>কোন বিষয় কঠিন মনে হলে :</p>	<p>উচ্চারণঃ اللَّهُمَّ لَا سَهْلَ إِلَّا مَا جَعَلْتَهُ سَهْلًا وَأَنْتَ تَجْعَلُ الْحَزْنَ إِذَا شِئْتَ سَهْلًا আল্লাহুম্মা লা সাহলা ইল্লা মা জাআলতাহ্ সাহলা, ওয়া আনতা তাজআলুল্ হযনা ইয়া শিতা সাহলা। অর্থঃ “হে আল্লাহ্ আপনি যা সহজ করেন তা ছাড়া আরো কোন কিছুই সহজ নয়। আর আপনি চাইলে দুশ্চিন্তাকে সহজ করে দিতে পারেন।”</p>
<p>ঋণ পরিশোধের দু'আ :</p>	<p>উচ্চারণঃ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحَزَنِ وَالْعَجْزِ وَالْكَسَلِ وَالْبَخْلِ وَالْحَيْنِ وَضَلَعِ الدَّيْنِ وَغَلْبَةِ الرَّجَالِ আল্লাহুম্মা ইন্নী আউযুবিকা মিনাল্ হাম্মি ওয়াল্ হযনি ওয়াল্ আজযি ওয়াল্ কাসালি ওয়াল্ বুখলি ওয়াল্ জ্ববনি ওয়া যালআদ দায়নি ওয়া গালাবাতির্ রিজাল। অর্থঃ “হে আল্লাহ্ আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি দুশ্চিন্তা ও দুর্ভাবনা থেকে, অপারগতা ও অলসতা থেকে, কৃপণতা ও কাপুরুশতা থেকে, ঋণের ভার ও মানুষের অত্যাচার থেকে।”</p>
<p>টয়লেটের দু'আ :</p>	<p>টয়লেটে যাওয়ার সময় পাঠ করবে: اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْخُبْثِ وَالْخَبَائِثِ উচ্চারণঃ আল্লাহুম্মা ইন্নী আউযুবিকা মিনাল্ খুবুছি ওয়াল্ খাবাএছ। অর্থঃ “হে আল্লাহ্! তোমার নিকট আশ্রয় কামনা করি-যাবতীয় দুষ্টি জিন ও জিন্নী থেকে।” বের হলে পাঠ করবে: غُفْرَانَكَ গুফরানাকা “তোমার ক্ষমা চাই হে প্রভু!”</p>
<p>সিজদার দু'আ :</p>	<p>উচ্চারণঃ اللَّهُمَّ اغْفِرْ لِي ذُنُوبِي كُلَّهُ دَقَّةً وَجَلَّةً وَأَوَّلَهُ وَآخِرَهُ وَعَلَانِيَتَهُ وَسِرَّهُ ওয়া আওআলাহ্ ওয়া আখিরাহ্ ওয়া আলানিয়াতাহ্ ওয়া সিররাহ্। অর্থঃ “হে আল্লাহ্ আমার ছোট-বড়, প্রথম-শেষ এবং গোপন-প্রকাশ্য সবধরণের পাপ ক্ষমা কর।” اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِرِضَاكَ مِنْ سَخَطِكَ وَبِمَعْفَاةِكَ مِنْ عِقَابِكَ আল্লাহুম্মা ইন্নী আউযু বিরিযাকা মিন সাখাতিক্, ওয়াবি মুআ'ফাতিকা মিন উকুবাতিক্, ওয়া আউযুবিকা মিনকা লা উহসী ছানাআন্ আলাইকা আনতা কামা আছনায়তা আলা নাফসিকা। অর্থঃ “হে আল্লাহ্ নিশ্চয় আমি আপনার সন্তুষ্টির মাধ্যমে আপনার অসন্তুষ্টি থেকে আশ্রয় কামনা করছি। আপনার নিরাপত্তার মাধ্যমে আপনার শাস্তি থেকে আশ্রয় চাচ্ছি। আপনার মাধ্যমে আপনার ক্রোধ থেকে আশ্রয় কামনা করছি। আমি আপনার গুণগণণ করে শেষ করতে পারব না। আপনি নিজের প্রশংসা যেভাবে করেছেন আপনি সেদু'আই।”</p>
<p>তেলাওয়াতের সেজদায় দু'আ:</p>	<p>উচ্চারণঃ اللَّهُمَّ لَكَ سَجَدْتُ وَبِكَ آمَنْتُ وَلَكَ أَسْلَمْتُ سَجَدَ وَجْهِي لِلذِّي خَلَقَهُ وَصَوَّرَهُ وَشَقَّ سَمْعَهُ وَبَصَرَهُ আল্লাহুম্মা লাকা সাজাদতু ওয়া বিকা আমানতু ওয়া লাকা আসলামতু সাজাদা ওয়াজহিয়া লিল্লাযী খালাকাহ্ ওয়া শাক্বা সামআহ্ ওয়া বাসারাহ্, তাবারাকাল্লাহু আহসানুল্ খালেক্বীন। অর্থঃ “হে আল্লাহ্! আপনার জন্য সেজদা করেছি, আপনার প্রতি ঈমান এনেছি, আপনার কাছে আত্মসমর্পন করেছি। আমার মুখমন্ডল সিজদাবনত হয়েছে সেই সত্ত্বার উদ্দেশ্যে যিনি তাকে সৃষ্টি করেছেন, আকৃতি দান করেছেন, তাকে শোনা ও দেখার শক্তি দিয়েছেন। মহান আল্লাহ্ কত সুন্দর সৃষ্টিকারী।”</p>
<p>নামায গুরুর (ছানা) দু'আ:</p>	<p>উচ্চারণঃ اللَّهُمَّ بَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطِيئَاتِي كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ اللَّهُمَّ تَقْنِي مِنَ الْخَطَايَا كَمَا تَقْنِي مِنَ الْغَطَايَا আল্লাহুম্মা বায়েদ বইনী ওয়া বায়না খাতুয়ায়া কামা বা'আদতা বায়নাল্ মাশরেকে ওয়াল্ মাগরেবে, আল্লাহুম্মা নাক্বিনী মিনাল্ খাতুয়ায়া কামা যুনাক্বাহ্ ছাওবুল্ আব্বইয়ায়ু মিনাদ্ দানাসি, আল্লাহুম্মাগ্ সিল খাতুয়ায়া বিল্ মাই ওয়াছ্ ছালজি ওয়াল্ বারাদি। অর্থঃ “হে আল্লাহ্! তুমি আমার এবং আমার পাপ সমূহের মাঝে এমন দূরত্ব সৃষ্টি কর যেমন দূরত্ব সৃষ্টি করেছো পূর্ব ও পশ্চিমের মাঝে। হে আল্লাহ্ তুমি আমাকে এমনভাবে পাপাচার থেকে পরিস্কার কর যেমন সাদা কাপড়কে ময়লা থেকে ধৌত করে পরিস্কার করা হয়। হে আল্লাহ্ তুমি আমার গুনাহ সমূহ পানি, বরফ ও শিশির দ্বারা ধৌত করে দাও।”</p>
<p>নামাযে দরুদেদে পর দু'আ :</p>	<p>উচ্চারণঃ اللَّهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظُلْمًا كَثِيرًا وَلَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ فَاعْفُرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَارْحَمْنِي إِنَّكَ رَاحِمٌ رَحِيمٌ আল্লাহুম্মা ইন্নী যালামতু নাফসী যুলম্যান্ কাছীরান্ ওয়াল্লা ইয়াগ্ফিরুল্ যুনূবা ইল্লা আনতা, ফগ্ফিরলী মীগ্ফিরাতাম্ মিন্ সিন্দাকা ওয়াল্ হামনী ইন্নাকা আনতা গাফূরুল্ রাহীম। অর্থঃ “হে আল্লাহ্! আমি নিজের উপর অনেক যুলুম করেছি। তুমি ছাড়া কেউ গুনাহ মাফ করতে পারে না। অতএব তোমার পক্ষ থেকে আমাকে পূর্ণরূপে মাফ করে দাও। আমাকে দয়া কর। নিশ্চয় তুমি ক্ষমাশীল দয়াবান।”</p>

<p>নামায শেষ করে পাঠ করবে :</p>	<p>উচ্চারণঃ আল্লাহুমা আন্তন্নী আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি সিবাদাতিকা। অর্থঃ “হে আল্লাহ্! আমাকে শক্তি দাও তোমার যিকির করার, কৃতজ্ঞতা করার এবং সুন্দরভাবে তোমার ইবাদত করার।” (আবু দাউদ) الْقَمْرَ وَالْفَقْرَ وَعَذَابَ الْقَمْرِ। (আবু দাউদ) الْقَمْرَ وَالْفَقْرَ وَعَذَابَ الْقَمْرِ। অর্থঃ “হে আল্লাহ্! আমি তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি কুফরী, অভাব এবং কবরের আযাব থেকে।” (নাসাঈ)</p>
<p>কেউ উপকার করলে :</p>	<p>কারো যদি উপকার করা হয় আর উপকারকারীকে উদ্দেশ্য করে সে বলে: জাযাকাল্লাহু খায়রান “আল্লাহ্ আপনাকে উত্তম প্রতিদান দিন।” তবে সে তার যথার্থ প্রশংসা করল। প্রতিউত্তরে সেও তাকে বলবে: وَجَزَاكَ اللَّهُ أَوْ يَاكَ ওয়া জাযাকাল্লাহু “আল্লাহ্ আপনাকেও প্রতিদান দিন” অথবা বলবে: ওয়া ইয়্যাকা ‘আপনাকেও’।</p>
<p>বৃষ্টি বর্ষণের সময় দু’আ :</p>	<p>আল্লাহুমা সাইয়োবান্না নাফেআ। অর্থঃ “হে আল্লাহ্! আমাদেরকে উপকারী বৃষ্টি প্রদান কর।” দু’বার বা তিনবার বলবে। “আল্লাহর অনুগ্রহে ও তাঁর দয়ায় আমরা বৃষ্টি লাভ করেছি।” এরপর যে কোন দু’আ করবে। কেননা বৃষ্টি নাযিল হওয়ার সময় দু’আ কবুল হয়।</p>
<p>প্রবল বাতাস বা ঝড় প্রবাহিত হলে :</p>	<p>উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী আসআলুকা খায়রাহা ওয়া খায়রা মা ফীহা ওয়া খায়রা মা উরসিলাত বিহি, ওয়া আউযুবিকা মিন শাররিহা ওয়া শাররি মা ফীহা ওয়া শাররি মা উরসিলাত বিহ্। অর্থঃ “হে আল্লাহ্ আমি এই বাতাসের কল্যাণ, যে কল্যাণ তাতে নিহিত আছে এবং যে কল্যাণ দিয়ে তাকে প্রেরণ করা হয়েছে তা তোমার কাছে প্রার্থনা করছি। আর আশ্রয় প্রার্থনা করছি তোমার কাছে— সে বাতাসের অকল্যাণ থেকে, যে অকল্যাণ তাতে নিহিত আছে তা থেকে এবং যে অকল্যাণসহ তাকে প্রেরণ করা হয়েছে তা থেকে।”</p>
<p>নতুন চাঁদ দেখলে দু’আ :</p>	<p>উচ্চারণঃ আল্লাহুমা আহিল্লাহু আলাইনা اللَّهُمَّ أَهْلُهُ عَلَيْنَا بِالْيَمْنِ وَالْإِيمَانِ وَالسَّلَامَةِ وَالْإِسْلَامِ رَبِّي وَرَبُّكَ اللَّهُ বিল ইউমনি ওয়াল স্ফমনি ওয়াস সালামাতি ওয়াল ইসলামি রাক্বী ওয়া রাব্বুকাল্লাহু। অর্থঃ “হে আল্লাহ্! এই নতুন চাঁদকে আমাদের জন্য নিরাপত্তা, ঈমান, শান্তি ও ইসলামের জন্য করে দাও। আল্লাহ্ আমাদের ও তোমার (চাঁদের) প্রভু।”</p>
<p>মুসাফিরকে বিদায় দেয়ার দু’আ :</p>	<p>উচ্চারণঃ আস্তাউদেউল্লাহা দীনাকা ওয়া আমানাতাকা ওয়া খাওয়াতীমা আমালিকা। অর্থঃ “আপনার ধীন, আমানত এবং শেষ আমল আল্লাহর যিম্মাদারীতে দিচ্ছি।” জবাবে মুসাফির তাকে বলবে: أَسْتَوْدِعُكُمْ اللَّهُ الَّذِي لَا تَضِيعُ وَدَانِعُهُ উচ্চারণঃ আস্তাউদিউকুমুল্লাহা আল্লাযী লা তাযীউ ওয়াদায়েউহ্। অর্থ “আপনাদেরকে আল্লাহর যিম্মায় রেখে যাচ্ছি। যার যিম্মায় কোন কিছু রাখলে তা নষ্ট হয় না।”</p>
<p>সফরের দু’আ :</p>	<p>প্রথমে তিনবার আল্লাহু আকবার বলবে তারপর এই দু’আ পড়বে: (سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ) اللَّهُمَّ إِنَّا نَسْأَلُكَ فِي سَفَرِنَا هَذَا الْبِرَّ وَالتَّقْوَى وَمِنَ الْعَمَلِ مَا تَرْضَى اللَّهُمَّ هَوِّنْ عَلَيْنَا سَفَرَنَا هَذَا وَاطْوِ عَنَّا بُعْدَهُ اللَّهُمَّ أَنْتَ الصَّاحِبُ فِي السَّفَرِ وَالْخَلِيفَةُ فِي الْأَهْلِ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ وَعْثَاءِ السَّفَرِ وَكَآبَةِ الْمَنْظَرِ وَسُوءِ الْمُنْقَلَبِ فِي الْمَالِ وَالْأَهْلِ উচ্চারণঃ সুবহানালাল্লাযী সাখ্খারা লানা হাযা ওয়ামা কুনা লাহ মুকরেনীন ওয়া ইন্নী ইলা রাব্বিনা লামুনকালেবুন। আল্লাহুমা ইন্নী নাসআলুকা ফী সাফারিনা হাযাল্ বিররা ওয়াততাক্বওয়া ওয়া মিনাল্ আমালি মা তারযা, আল্লাহুমা হাওউভিন আলাইনা সাফারানা হাযা ওয়াততি আল্লা বু’দাহ্, আল্লাহুমা আনতাস্ সাহেবু ফিস সাফারি ওয়াল খালিফাতা ফিল আহলি, আল্লাহুমা ইন্নী আউযুবিকা মিন ওয়াছআইস্ সাফারী ওয়া কাআবাতিল মানযার ওয়া সু-ইল মানকালাবি ফিল্ মালি ওয়াল্ আহল। অর্থঃ “পবিত্রতা বর্ণনা করছি সেই আল্লাহর যিনি এটা আমাদের জন্য বশীভূত করে দিয়েছেন যদিও উহাকে বশীভূত করতে আমরা সক্ষম ছিলাম না। আর আমরা অবশ্যই আমাদের পালনকর্তার দিকে প্রত্যাবর্তন করব।” “হে আল্লাহ্ নিশ্চয় আমরা আমাদের এই সফরে আপনার কাছে পূণ্য ও পরহেজগারীতা চাই এবং এমন আমলের তাওফীক চাই যাতে আপনি সন্তুষ্ট। হে আল্লাহ্ আমাদের এই সফরকে সহজ করে দাও, তার দুরত্বকে আমাদের জন্য কমিয়ে দাও। হে আল্লাহ্ সফরে তুমিই আমাদের সাথী এবং গৃহে রেখে আসা পরিবারের রক্ষণাবেক্ষণকারী। হে আল্লাহ্! আমরা আপনার কাছে সফরের ক্লান্তি, কষ্টদায়ক কোন দৃশ্য দর্শন হতে এবং সফর থেকে ফিরে এসে পরিবার ও সম্পদের কোন ক্ষয়-ক্ষতির দর্শন হতে আশ্রয় প্রার্থনা করছি।” সফর থেকে ফিরে এলে আগের দু’আটি পড়বে এবং শেষে এই দু’আটিও পড়বে: أَيُّونَ تَأْتِيُونَ عَابِدُونَ رَبَّنَا حَامِدُونَ উচ্চারণঃ আয়েবূনা তায়েবূনা আ’বেদূনা লি রাব্বিনা হামেদূন। অর্থঃ “আমরা সফর থেকে প্রত্যাবর্তন করছি তওবা করতে করতে, ইবাদত করতে করতে, আমাদের পালনকর্তার প্রশংসা করতে করতে।”</p>

اللَّهُمَّ اسَلِّمْتُ نَفْسِي إِلَيْكَ وَفَوَضْتُ أَمْرِي إِلَيْكَ وَأَلْبَجَتُ طَهْرِي إِلَيْكَ رَهْبَةً وَرَغْبَةً إِلَيْكَ لَا مَلْجَأَ وَلَا مَنَاجَا
 উচ্চারণঃ আল্লাহ্মা আসলামতু নাফসী ইলাইকা ওয়া ফাওয়াযতু আমরী ইলাইকা ওয়া আলজা'তু যাহরী ইলাইকা রাগবাতান ওয়া রাহবাতান ইলাইকা লা মালজা ওয়ালা মানজা
 মিনকা ইল্লা ইলায়কা আমানতু বিকিতাবিকাল্লাযী আনযালতা ওয়া বি নারিয়িকাল্লাযী আরসালতা ফাইন মুত্তু মুত্তু আলল ফিতরাহ্। অর্থঃ “হে আল্লাহ্ আমি
 নিজেকে আপনার কাছে সঁপে দিলাম, আমার সকল বিষয় আপনার কাছে সোপর্দ করলাম, আমার পৃষ্ঠকে আপনার দিকে ঝুঁকিয়ে দিলাম। এসব কিছু
 করলাম আপনার শান্তির ভয়ে ও আপনার রহমতের আশায়। আপনি ছাড়া কোন আশ্রয় নেই এবং মুক্তিরও উপায় নেই। আপনি যে কিতাব নাযিল
 করেছেন এবং যে নবীকে প্রেরণ করেছেন তার প্রতি ঈমান আনলাম। لا الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَنَا وَسَقَانَا وَكَفَانَا وَأَوَانَا فَكَمْ مَمْنَنٌ لَّا
 উচ্চারণঃ আল হামদু লিল্লাহিল্লাযী আতা'মানা ওয়া সাক্বানা ওয়া কাফানা ওয়া আওয়ানা ফাকাম্ মিম্মান লা কাফিয়া লাহ ওয়া
 মু'ভিয়া। অর্থঃ “সকল প্রশংসা সেই আল্লাহর যিনি আমাদের পানাহার করিয়েছেন, আমাদের প্রয়োজন পূরণ করেছেন এবং আমাদেরকে আশ্রয় দান
 করেছেন। এমন অনেক লোক আছে যাদের প্রয়োজন পূরণকারী কেউ নেই এবং আশ্রয়দানকারীও কেউ নেই।” سُبْحَانَكَ اللَّهُمَّ رَبِّي بَكَ
 وَضَعْتُ جَنِّي وَبِكَ أَرْفَعُهُ إِنْ أَمْسَكَتْ نَفْسِي فَافْغِرْ لَهَا وَإِنْ أَرْسَلْتَهَا فَاحْفَظْهَا بِمَا تَحْفَظُ بِهِ عِبَادَكَ الصَّالِحِينَ
 উচ্চারণঃ সুবহানাকা আল্লাহ্মা রাব্বী বিকা ওয়াযা'তু জাম্বী ওয়া বিকা আরফাউহ ইন আমসাকতা নাফসী ফাগ্গির লাহা, ওয়া ইন আরসালতাহা
 ফাহ্ফায্হা বিমা তাহ্ফায্হু বিহি ইবাদাকাস্ সালেহীন। অর্থঃ “তোমার পবিত্রতা বর্ণনা করাছি হে আল্লাহ্! আপনি আমার পালনকর্তা, আপনার নামে আমার
 পার্শ্বদেশ বিছানায় রাখছি। আপনার নামেই তা উঠাবো। আপনি যদি নিদ্রাবস্থায় আমার জান কবজ করেন তবে তাকে ক্ষমা করবেন। আর যদি তাকে বাঁচিয়ে
 রাখেন তবে তাকে সেভাবেই হেফযত করবেন যেভাবে আপনার নেক বান্দাদের হেফযত করে থাকেন।” দু'হাতে ফুক দিয়ে তাতে সূরা
 ফালাক ও সূরা নাস পাঠ করবে এবং তা দ্বারা সমস্ত শরীর মাসেহ করবে। প্রতি রাতে সূরা সাজদা ও
 সূরা মুলক তেলাওয়াত না করে নিদ্রা যাবে না।

শয্যা গ্রহণ করার সময়ঃ

اللَّهُمَّ اجْعَلْ فِي قَلْبِي نُورًا وَفِي بَصْرِي نُورًا وَفِي سَمْعِي نُورًا وَعَنْ يَمِينِي نُورًا وَعَنْ شِمَائِي نُورًا وَفِي نَفْسِي نُورًا
 উচ্চারণঃ আল্লাহ্মাজ্ আল ফী ক্বালবী নূরা ওয়া বাসারী নূরা ওয়া ফী
 মসজিদে সামঈ নূরা ওয়া আ'ন ইম্বীনী নূরা ওয়া আন ইয়াসারী নূরা ওয়া ফাওকী নূরা ওয়া তাহতী নূরা ওয়া আমামী নূরা ওয়া খালফী নূরা ওয়াজ্জাল লী নূরা।
 যাওয়ার পথে অর্থঃ “হে আল্লাহ্ তুমি আমার অন্তরে এবং যবানে নূর সৃষ্টি করে দাও, আমার শ্রবণ শক্তিতে ও দর্শন শক্তিতে জ্যোতি সৃষ্টি করে দাও, আমার উপরে,
 দু'আ : আমার নাঁচে, আমার ডাইনে, আমার বামে, আমার সামনে, আমার পিছনে আলো সৃষ্টি করে দাও। আমার আত্মায় জ্যোতি দাও এবং জ্যোতিকে আমার
 জন্য বড় করে দাও। আমার জন্য নূর নির্ধারণ করে দাও এবং আমাকে জ্যোতিময় করে দাও। হে আল্লাহ্ আমাকে নূর দান কর। আমার পেশীতে, মাংসে
 নূর দাও। আমার রক্তে, আমার চুলে এবং আমার চামড়ায় নূর প্রদান কর।”

اللَّهُمَّ إِنِّي أَسْتَخِيرُكَ بِعِلْمِكَ وَأَسْتَقْدِرُكَ بِقُدْرَتِكَ وَأَسْأَلُكَ مِنْ فَضْلِكَ الْعَظِيمِ فَإِنَّكَ تَقْدِرُ وَلَا أَقْدِرُ وَتَعْلَمُ وَلَا أَعْلَمُ
 وَأَنْتَ عَلَامُ الْغُيُوبِ اللَّهُمَّ إِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الْأَمْرَ خَيْرٌ لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةِ أَمْرِي أَوْ قَالَ عَاجِلِ
 أَمْرِي وَآجِلِهِ فَأَقْدِرْهُ لِي وَيَسِّرْهُ لِي ثُمَّ بَارِكْ لِي فِيهِ وَإِنْ كُنْتَ تَعْلَمُ أَنَّ هَذَا الْأَمْرَ شَرٌّ لِي فِي دِينِي وَمَعَاشِي وَعَاقِبَةِ
 أَمْرِي أَوْ قَالَ فِي عَاجِلِ أَمْرِي وَآجِلِهِ فَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْهُ عَنِّي وَاصْرِفْهُ عَنِّي
 উচ্চারণঃ আল্লাহ্মা ইন্নী আস্তাখীরুকা বিইলমিকা ওয়া আস্তাকদিরুকা বিকুদরাতিকা ওয়া আসআলুকা মিন ফাযলিকাল্ আযীম, ফাইন্নাকা তাক্বদিরু ওয়ালা
 আক্বদিরু, ওয়া তা'লামু ওয়ালা আ'লামু, ওয়া আনতা আল্লামুল গুযুব, আল্লাহ্মা ইন কুন্তা তা'লামু আন্না হাযাল আমরা খায়রুন লী ফী ধ্বীনী ওয়া মা'আশী
 ওয়া আ'ক্বাবাতা আমরা আও আ'জ্লে আমরা ওয়া আজ্লেহি ফাক্দুবুহ লী ওয়া ইয়াস্-সেরহ লী, ছুম্মা বারেক লী ফীহ্, ওয়া ইন কুন্তা তা'লামু আন্না
 হাযাল আমরা শাররুন লী ফী ধ্বীনী ওয়া মা'আশী ওয়া আ'ক্বাবাতা আমরা আও ফী আ'জ্লে আমরা ওয়া আজ্লেহি ফাসরিফ্হ আন্না ওয়াসরিফ্হনী আনহ্,
 ওয়াকদুর লীযাল্ খায়রা হায়ছু কানা, ছুম্মা রায়যেনী বিহ। অর্থঃ “হে আল্লাহ্ আমি তোমার জ্ঞানের দোহাই দিয়ে তোমার কাছে কল্যাণ এবং তোমার শক্তির
 বদৌলতে তোমার কাছে শক্তি কামনা করছি। আর তোমার কাছেই তোমার মহাদান কামনা করছি। কারণ তুমি শক্তির অধিকারী আমি মোটেও শক্তি রাখিনা,
 আর তুমি সবই জান অথচ আমি কিছুই জানিনা, আর তুমি তো অদৃশ্যেরও জ্ঞানী। তাই হে আল্লাহ্ তুমি যদি জান যে আমার এই কাজটা আমার জন্য ভাল হবে
 আমার ধ্বীনে ও দুনিয়াবী জীবনে এবং পরিণামে কিংবা আমার জলদী কাজে ও বিলম্বিত কাজে তাহলে ঐ কাজের শক্তি আমাকে দাও এবং তা আমার জন্য
 সহজ করে দাও। অতঃপর তাতে আমার জন্য বরকত দাও।

ইস্তেখারার দু'আ :

আর যদি তুমি জান যে আমার এই কাজটা আমার জন্য মন্দ হবে আমার ধ্বীনে ও দুনিয়াবী জীবনে এবং পরিণামে কিংবা আমার জলদী
 কাজে ও বিলম্বিত কাজে তাহলে তা আমা থেকে দূরে সরিয়ে দাও এবং আমাকেও তা থেকে দূরে রাখ। আর আমাকে ভাল কাজের উপর
 ক্ষমতাবান কর, তা যেখানেই থাকুক না কেন। অতঃপর তা দ্বারা আমাকে সন্তুষ্ট করে দাও।

নোটঃ এ দু'আ পড়ার সময় (হাযাল আমরা) শব্দের স্থানে ঐ কাজটির উল্লেখ করতে হবে যার জন্য ইস্তেখারা করা হবে। (সহীহ বুখারী)



নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর পঠিত কতিপয় গুরুত্বপূর্ণ দু'আ :

উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী
আউযুবিকা মিন সূইল কুযাই, ওয়া মিন দারাকিশ শাকুই, ওয়া মিন শামাতাতিল আ'দাই ওয়া মিন জাহ্‌দিল বালাই। অর্থঃ “হে আল্লাহ্‌ আপনি কাছ থেকে আশ্রয়
প্রার্থনা করছি আপনি যা ফয়সালা করেছেন তার অনিষ্ট থেকে, ধ্বংসে পতিত হওয়া থেকে, শত্রুর কাছ হাঁসি-উপহাসের পাত্র হওয়া থেকে এবং কষ্টিন বিপদে পতিত
হওয়া থেকে।”

اللَّهُمَّ اغْفِرْ لِي خَطِيئَتِي وَجَهْلِي وَإِسْرَافِي فِي أَمْرِي وَمَا أَنْتَ أَعْلَمُ بِهِ مِنِّي اللَّهُمَّ اغْفِرْ لِي جَدِّي وَهَزْلِي
وَخَطِيئَتِي وَعَمْدِي وَكُلَّ ذَلِكَ عِنْدِي اللَّهُمَّ اغْفِرْ لِي مَا قَدَّمْتُ وَمَا أَخَّرْتُ وَمَا أَسْرَرْتُ وَمَا أَعْلَنْتُ وَمَا أَنْتَ أَعْلَمُ بِهِ مِنِّي
উচ্চারণঃ আল্লাহুমাগ্‌ ফিরলী জাদী ওয়া হযলী ওয়া খাতুই ওয়া আ'মাদী ওয়া কুল্লু যালিকা সিন্দী, আল্লাহুমাগ্‌ ফিরলী মা ক্বাদামতু
মা আনতা আ'লামু বিহী মিন্নী, আল্লাহুমাগ্‌ ফিরলী জাদী ওয়া হযলী ওয়া খাতুই ওয়া আ'মাদী ওয়া কুল্লু যালিকা সিন্দী, আল্লাহুমাগ্‌ ফিরলী মা ক্বাদামতু
ওয়া মা আখখারতু ওয়ামা আসরারতু ওয়ামা আ'লানতু ওয়ামা আনতা আ'লামু বিহী মিন্নী আনতাল মুক্বাদেমু ওয়া আনতাল মুআখখেরু ওয়া আনতা আলা
কুল্লি শাইয়িন ক্বাদীর। অর্থঃ “হে আল্লাহ্‌ আমার পাপরাশী ক্ষমা করে দাও, আমার মূর্থতা ও আমার কাজ-কর্মের বাড়াবাড়ি মাফ করে দাও। আরো ক্ষমা কর যা তুমি
আমার চাইতে বেশী জান। হে আল্লাহ্‌ আমার দুঢ়ভাবে ও হালকাভাবে কৃত পাপ ক্ষমা করে দাও এবং ইচ্ছাকৃত ও অনিচ্ছাকৃত পাপ ক্ষমা কর। আর আমার পক্ষ থেকে
কৃত সকল কিছু মাফ করে দাও। হে আল্লাহ্‌ আমি যা আগে করেছি যা পরে করেছি যা গোপনে করেছি যা প্রকাশ্যে করেছি এবং যা তুমি আমার চাইতে বেশী জান সব
ক্ষমা করে দাও। তুমিই প্রথম তুমিই শেষ এবং তুমি সবকিছুর উপর ক্ষমতাবান।”

اللَّهُمَّ أَصْلِحْ لِي دِينِي الَّذِي هُوَ عِصْمَةٌ أَمْرِي وَأَصْلِحْ لِي
دُنْيَايَ الَّتِي فِيهَا مَعَاشِي وَأَصْلِحْ لِي آخِرَتِي الَّتِي فِيهَا مَعَادِي وَاجْعَلْ الْحَيَاةَ زِيَادَةً لِي فِي كُلِّ خَيْرٍ وَاجْعَلْ الْمَوْتَ رَاحَةً
উচ্চারণঃ আল্লাহুমা সালেহ লী দীনী আল্লাযী হুওয়া সিন্মাতু আমরী ওয়া আসলেহ লী দুনিয়ায়ী আল্লাতী ফীহা মা'আশী, ওয়া আসলেহ
লী আখেরাতী আল্লাতী ফীহা মা'আদী, ওয়াজ্জ আলিল্‌ হয়াতা যিয়াদাতান্‌ লী ফী কুল্লি খাইরিন ওয়াজ্জ আলিল্‌ মাওতা রাহাতান্‌ লী মিন কুল্লি শারর। অর্থঃ
“হে আল্লাহ্‌! তুমি আমার দীনকে সংশোধন করে দাও যা আমার সকল বিষয়কে রক্ষাকারী। সংশোধন কর আমার দুনিয়াকে যাতে রয়েছে আমার জীবিকা। সংশোধন কর
আমার আখেরাত যা আমার শেষ ঠিকানা। সবধরণের কল্যাণে আমার জীবনকে সমৃদ্ধ করে দাও। আর মৃত্যুকে কর সবধরণের অকল্যাণ থেকে নিস্তার স্বরূপ।”

اللهم آت نفسي تقواها، وزكها أنت خير من زكاها، أنت
اللهم آت نفسي تقواها، وزكها أنت خير من زكاها، أنت
উচ্চারণঃ আল্লাহুমা আতে নাকসী তাকুওয়াহা, ওয়া যাক্কিহা আনতা খায়রু মান্‌ যাক্কাহা, আনতা ওলিয়ুয়াহা ওয়া মাউলাহা। অর্থঃ “হে
আল্লাহ্‌! আমি চাই তোমার কাছে হেদায়াত, তাকুওয়া, পবিত্রতা ও অভাবমুক্তি।”

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ عِلْمٍ
لا يَنْفَعُ وَمِنْ قَلْبٍ لا يَخْشَعُ وَمِنْ نَفْسٍ لا تَشْبَعُ وَمِنْ دَعْوَةٍ لا يُسْتَجَابُ لَهَا
উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী আউযুবিকা মিন ইলমিন্‌ লা
ইয়ানফাউ, ওয়া মিন কালবিন্‌ লা ইয়াখশাউ ওয়া মিন নাকসিন্‌ লা তাশবাউ ওয়া মিন দা'ওয়াতিন্‌ লা ইউস্তাজাবু লাহা। অর্থঃ “হে আল্লাহ্‌! আমি তোমার
কাছে আশ্রয় কামনা করি এমন জ্ঞান থেকে যা কোন উপকার দেয় না, এমন হৃদয় থেকে যা ভীত হয় না, এমন আত্মা থেকে যা পরিতৃপ্ত হয় না এবং এমন দু'আ থেকে যা
কবূল করা হয় না।” (মুসলিম)

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ زَوَالِ نِعْمَتِكَ وَتَحَوُّلِ عَافِيَتِكَ، وَفُجَاءَةِ نِقْمَتِكَ، وَجَمِيعِ سَخَطِكَ
উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী আউযুবিকা মিন যাওয়ালিন্‌ নি'মাতিকা ওয়া তাহাওউলে আ'ফিয়াতিকা, ওয়া ফুজাআতি নিকমাতিকা, ওয়া জামিঈ সাখাতিকা। অর্থঃ “হে
আল্লাহ্‌! তোমার কাছে আশ্রয় কামনা করছি- তোমার নে'য়ামতের সমাপ্তি থেকে, তোমার ক্ষমা বন্ধ হয়ে যাওয়া থেকে, তোমার পক্ষ থেকে হঠাৎ শাস্তি আসা থেকে এবং
তোমার যাবতীয় ক্রোধ থেকে।”

মানুষকে আল্লাহ সৃষ্টিকুলের উপর শ্রেষ্ঠত্ব প্রদান করেছেন এবং নিজের অভিব্যক্তি প্রকাশ করার জন্য বিশেষ নে'য়ামত 'কথা বলার' শক্তি প্রদান করেছেন। যার মাধ্যম হচ্ছে রসনা বা জিহবা। এই নে'য়ামতটি ভাল-মন্দ উভয় ক্ষেত্রে ব্যবহার করা যায়। যে ব্যক্তি নিজের যবানকে ভাল বিষয়ে ব্যবহার করবে সে দুনিয়ার সৌভাগ্যে উপনীত হবে। আখেরাতে জান্নাতের সর্বোচ্চ আবাস লাভে ধন্য হবে। কিন্তু যে ব্যক্তি উহাকে মন্দ ক্ষেত্রে ব্যবহার করবে সে উভয় জগতে ধ্বংসের সম্মুখীন হবে। পবিত্র কুরআন তেলাওয়াতের পর সময়কে কাজে লাগানোর জন্য সবচেয়ে শ্রেষ্ঠ মাধ্যম হচ্ছে আল্লাহর যিকির।

আল্লাহর যিকিরের ফযীলতঃ এ ব্যাপারে অনেক হাদীছ বর্ণিত হয়েছে: যেমন নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,

أَلَا أُنبئُكُمْ بِخَيْرِ أَعْمَالِكُمْ وَأَزْكَاهَا عِنْدَ مَلِكِكُمْ وَأَرْفَعَهَا فِي دَرَجَاتِكُمْ وَخَيْرٍ لَكُمْ مِنْ إِنْفَاقِ الذَّهَبِ وَالْوَرِقِ وَخَيْرٍ لَكُمْ مَنْ أَنْ تَلْقَوْا عَدُوَّكُمْ فَتَضْرِبُوا أَعْنَاقَهُمْ وَيَضْرِبُوا أَعْنَاقَكُمْ قَالُوا بَلَى قَالَ ذَكَرَ اللَّهُ تَعَالَى

“আমি কি তোমাদেরকে এমন বিষয়ের সংবাদ দিব না যা তোমাদের আমলের মধ্যে সর্বোত্তম, তোমাদের মালিক আল্লাহর নিকট অতি পবিত্র, সর্বাধিক মর্যাদা সম্পন্ন, স্বর্ণ-রৌপ্য ব্যয় করার চাইতেও উত্তম এবং শত্রুর মোকাবেলায় যুদ্ধে লিপ্ত হয়ে তাদের ঘাড়ে প্রহার করবে আর তারা তোমাদের ঘাড়ে প্রহার করবে-অর্থাৎ জিহাদের চাইতেও উত্তম? তাঁরা বললেন, হ্যাঁ বলুন! তিনি বললেন, তা হলো আল্লাহ তা'আলার যিকির”। (তিরমিযী) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন, **مَثَلُ الَّذِي يَذْكُرُ رَبَّهُ وَالَّذِي لَا يَذْكُرُ رَبَّهُ مَثَلُ الْحَيِّ وَالْمَيِّتِ** “যে ব্যক্তি আল্লাহর যিকির করে আর যে ব্যক্তি আল্লাহর যিকির করে না তাদের উদাহরণ জীবিত ও মৃত ব্যক্তির মত।” (বুখারী) হাদীছে কুদসীতে আল্লাহ তা'আলা বলেন,

أَنَا عِنْدَ ظَنِّ عَبْدِي بِي وَأَنَا مَعَهُ إِذَا ذَكَرَنِي فَإِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ ذَكَرْتُهُ فِي نَفْسِي وَإِنْ ذَكَرَنِي فِي مَلَأِ ذَكَرْتُهُ فِي مَلَأٍ خَيْرٍ مِنْهُمْ وَإِنْ تَقَرَّبَ إِلَيَّ بِشَيْءٍ تَقَرَّبْتُ إِلَيْهِ ذَرَاعًا

“আমার বান্দা আমার সম্পর্কে যে রূপ ধারণা করবে সেভাবেই সে আমাকে পাবে। সে আমাকে স্মরণ করলে আমি তার সাথে থাকি। সে যদি নিজের মনের মধ্যে আমাকে স্মরণ করে আমিও তাকে আমার মনের মধ্যে স্মরণ করি। সে যদি কোন সমাবেশে আমাকে স্মরণ করে আমিও তাকে তাদের চাইতে উত্তম সমাবেশে স্মরণ করি। সে যদি আমার দিকে অর্ধ হাত অগ্রসর হয়, আমি তার দিকে একহাত অগ্রসর হই।” (বুখারী) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন,

سَبَقَ الْمُفْرَدُونَ قَالُوا: وَمَا الْمُفْرَدُونَ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: الذَّاكِرُونَ لِلَّهِ كَثِيرًا وَالذَّاكِرَاتُ

“মুফাররেদূনগণ এগিয়ে গেল। সাহাবীগণ বললেন, মুফাররেদূন কারা হে আল্লাহর রাসূল! তিনি বললেন: অধিকহারে আল্লাহর যিকিরকারী পুরুষ ও নারী।” (মুসলিম) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জনৈক সাহাবীকে নসীহত করে বলেন, **لَا يَزَالُ لِسَانُكَ رَطْبًا مِنْ ذِكْرِ اللَّهِ** “তোমার জিহবা যেন সর্বদা আল্লাহর যিকিরে সিক্ত থাকে।” (তিরমিযী)

ছওয়াব বৃদ্ধি হওয়াঃ নেক কাজের ছওয়াব বৃদ্ধিপ্রাপ্ত হয়ে অনেকগুণ বেড়ে যায় যেমন কুরআন তেলাওয়াতের ছওয়াব বৃদ্ধি করা হয়। তার কারণ দু'টিঃ ১) অন্তরের ঈমান, একনিষ্ঠতা এবং আল্লাহর প্রতি ভালবাসা ও তার আনুষঙ্গিক কর্মের কারণে। ২) শুধুমাত্র মুখে উচ্চারণের মাধ্যমেই যিকির নয়; বরং যিকিরের প্রতি গবেষণাসহ মনোনিবেশ করার কারণে। যদি এই দু'টি কারণ পূর্ণরূপে উপস্থিত থাকে তবে পরিপূর্ণ ছওয়াব দেয়া হবে এবং পরিপূর্ণরূপে গুনাহও মোচন করা হবে।

যিকিরের উপকারিতাঃ শায়খুল ইসলাম ইমাম ইবনে তায়মিয়া (রহঃ) বলেন, মাছের জন্য যেমন পানি দরকার অনুরূপ অন্তরের জন্য যিকির আবশ্যিক। মাছকে যদি পানি থেকে বের করা হয় তবে তার অবস্থা কেমন হবে?

- ★ যিকিরের মাধ্যমে আল্লাহর ভালবাসা লাভ করা যায়। তাঁর নিকটবর্তী হওয়া যায়। তাঁর সন্তুষ্টি পাওয়া যায়। তাঁর পর্যবেক্ষণ অনুভব করা যায়। তাঁকে ভয় করা যায়। তাঁর কাছে প্রত্যাবর্তন করা যায়। তাঁর আনুগত্য করতে সাহায্য পাওয়া যায়।
- ★ যিকিরের মাধ্যমে অন্তরের দুঃখ-বেদনা ও দুশ্চিন্তা দূর হয়। খুশি ও আনন্দ লাভ করা যায়। অন্তর জীবিত থাকে, তাতে শক্তি ও পরিচ্ছন্নতা সৃষ্টি হয়।
- ★ অন্তরের মধ্যে শূন্যতা ও অভাব থাকে আল্লাহর যিকির ছাড়া তা দূর হবে না। এমনভাবে অন্তরের মধ্যে কঠোরতা আছে আল্লাহর যিকির ছাড়া তা নম্র হবে না।
- ★ যিকির হচ্ছে অন্তরের আরোগ্য ও পথ্য এবং শক্তি। যিকিরের আনন্দ-স্বাদের তুলনায় কোন আনন্দ নেই কোন স্বাদ নেই। অন্তরের রোগ হচ্ছে যিকির থেকে উদাসীনতা।
- ★ যিকিরের স্বল্পতা মুনাফেকীর দলীল। আধিক্য ঈমানের দৃঢ়তার প্রমাণ এবং আল্লাহর প্রতি প্রকৃত ভালবাসার দলীল। কেননা মানুষ যা ভালবাসে তাকে বেশী বেশী স্মরণ করে।
- ★ বান্দা যখন যিকিরের মাধ্যমে সুখের সময় আল্লাহকে চিনবে। তিনিও তাকে দুঃখের সময় চিনবেন। বিশেষ করে মৃত্যুর সময়, মৃত্যু যন্ত্রনার সময়।
- ★ যিকির হচ্ছে আল্লাহর আযাব থেকে বাঁচার মাধ্যম। যিকিরের কারণে প্রশান্তি নাযিল হয়, আল্লাহর রহমত আচ্ছাদিত করে এবং ফেরেশতারা ইস্তেগফার করে।
- ★ যিকিরের মাধ্যমে জিহ্বাকে বাজে কথা, গীবত, চুগোলখোরী, মিথ্যা প্রভৃতি হারাম ও অপছন্দনীয় বিষয় থেকে রক্ষা করা যায়।
- ★ যিকির হচ্ছে সবচেয়ে সহজ ইবাদত। সর্বাধিক গুরুত্বপূর্ণ ও ফযীলতপূর্ণ ইবাদত। যিকিরের মাধ্যমে জান্নাতে বৃক্ষরোপন করা হয়।
- ★ যিকিরের মাধ্যমে গান্ধীর্যতা, কথা-বার্তায় মিষ্টতা ও চেহায়ায় উজ্জলতা প্রকাশ পায়। যিকির হচ্ছে দুনিয়ার আলো এবং কবর ও পরকালের নূর।
- ★ যিকিরের মাধ্যমে আল্লাহর রহমত নাযিল আবশ্যিক হয়, ফেরেশতারা তার জন্য দু'আ করে। যিকিরকারীদের নিয়ে আল্লাহ ফেরেশতাদের সামনে গর্ব করেন।
- ★ অধিকহারে আল্লাহর যিকিরকারী সর্বশ্রেষ্ঠ আমলকারীদের অন্যতম। যেমন সর্বোত্তম রোযাদার হচ্ছে রোযা অবস্থায় বেশী বেশী আল্লাহর যিকির করা।
- ★ যিকিরের মাধ্যমে কঠিন বিষয় সহজ হয়, দুর্বোধ্য জিনিস সাবলীল হয়, কষ্ট হালকা হয়, রিযিকের পথ উন্মুক্ত হয়, শরীর শক্তিশালী হয়।
- ★ যিকিরের মাধ্যমে শয়তান দূরীভূত হয়, তাকে মূলতপাটন করে, তাকে লাজ্জিত ও অপমানিত করে।

	দৈনিক পঠিতব্য দু'আ ও যিকির:	সময় ও সংখ্যা	ছওয়াব ও ফযীলতঃ
১	আয়াতাল কুরসী ^১	সকালে, সন্ধ্যায়, নিদ্রার পূর্বে ও প্রত্যেক ফরয নামাযের পরঃ (একবার)	শয়তান তার নিকটবর্তী হবে না, জান্নাতে প্রবেশ করার অন্যতম কারণ।
২	সূরা বাকারার শেষের দু'টি আয়াত ^২	সন্ধ্যায় এবং নিদ্রার পূর্বে (একবার)	সকল বস্তুর অনিষ্ট থেকে রক্ষা পাওয়ার জন্য যথেষ্ট।
৩	সূরা ইখলাস, ফালাক ও নাস	সকালে ওবার, সন্ধ্যায় ওবার	সকল অনিষ্ট থেকে বেঁচে থাকার জন্য যথেষ্ট।
৪	بِسْمِ اللَّهِ الَّذِي لَا يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الْأَرْضِ وَلَا فِي السَّمَاءِ উচ্চারণঃ বিসামল্লা-হিল্লাযী লা- ইয়াযুরুকু মাআ'সমিহি শাইয়্যুন ফিল আরযি ওয়ালা-ফিস সামায়ি ওয়াহুওয়াস সামী-উল আলী-ম। অর্থঃ শুরু করছি সেই আল্লাহর নামে, যার নামের সাথে আসমান এবং যমীনের কোন বস্তুই কোন ক্ষতি করতে পারবে না, তিনি মহাশ্রোতা মহাজ্ঞানী।	সকালে ওবার, সন্ধ্যায় ওবার	হঠাৎ কোন বিপদে পড়বে না এবং কোন কিছু তার ক্ষতি করতে পারবে না।
৫	উচ্চারণঃ আউ-যু বিকালিমা- তিল্লাহিত তা-ম্মা-তি মিন শাররি মা খালাকু। অর্থঃ "আশ্রয় প্রার্থনা করছি আল্লাহর পরিপূর্ণ বাণী সমূহের মাধ্যমে -তঁার সৃষ্টির সকল প্রকার অনিষ্ট থেকে।"	সন্ধ্যায় ওবার, নতুন কোন স্থানে গেলে	সকল স্থানে প্রত্যেক ক্ষতি থেকে রক্ষাকারী।
৬	حَسْبِيَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ উচ্চারণঃ হাসবিয়াল্লাহু লা-ইলাহা ইল্লা-হুওয়া আলাইহি তাওয়াক্কালতু ওয়াহুওয়া রাক্বুল আরশিল আযীম। অর্থঃ "আল্লাহই আমার জন্য যথেষ্ট, তিনি ব্যতীত কোন মা'বুদ নেই, তাঁর প্রতি ভরসা করেছি, তিনি মহান আরশের অধিপতি।	সকালে ৭বার, সন্ধ্যায় ৭বার	দুনিয়া ও আখেরাতের চিন্তা শীল সকল বস্তুর ক্ষেত্রে আল্লাহ তার জন্য যথেষ্ট হবে।
৭	رَضِيتُ بِاللَّهِ رَبًّا وَبِالْإِسْلَامِ دِينًا وَبِمُحَمَّدٍ نَبِيًّا وَرَسُولًا উচ্চারণঃ রাযিতু বিল্লা-হি রাক্বা, ওয়াবিল ইসলামি দীনা, ওয়াবি মুহাম্মাদিন নাবিয়্যা ওয়া রাসূলা। অর্থঃ "আমি সন্তুষ্টচিন্তে গ্রহণ করেছি আল্লাহকে প্রভু ইসলামকে ধর্ম এবং মুহাম্মদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে নবী ও রাসূল হিসেবে।"	সকালে ওবার, সন্ধ্যায় ওবার	আল্লাহর উপর আবশ্যক হয়ে যায়, তিনি তাকে সন্তুষ্ট করে দিবেন।
৮	সকালে বলবে: اللَّهُمَّ بَكَ أَصْبَحْنَا وَبِكَ أَمْسَيْنَا وَبِكَ نَحْيَا وَبِكَ نَمُوتُ وَإِلَيْكَ النُّشُورُ উচ্চারণঃ আল্লাহুম্মা বিকা আসবাহনা ওয়া বিকা আমসায়না ওয়া বিকা নাহইয়া ওয়া বিকা নামুতু ওয়া ইলাইকান নুশুর। অর্থঃ হে আল্লাহ তোমার অনুগ্রহে সকাল করেছে এবং তোমার অনুগ্রহে সন্ধ্যা করেছে, তোমার করুণায় জীবন লাভ করি এবং তোমার ইচ্ছায় আমরা মৃত্যু বরণ করব, আর কিয়ামত দিবসে তোমার কাছেই পনক্খিত হতে হবে। সন্ধ্যায় বলবে: اللَّهُمَّ بَكَ أَمْسَيْنَا وَبِكَ أَصْبَحْنَا وَبِكَ نَحْيَا وَبِكَ نَمُوتُ وَإِلَيْكَ الْمَصِيرُ উচ্চারণঃ আল্লাহুম্মা বিকা আমসায়না ওয়া বিকা আসবাহনা ওয়া বিকা নাহইয়া ওয়া বিকা নামুতু ওয়া ইলাইকান নুশুর।	সকালে ১বার, সন্ধ্যায় ১বার	এদু'আ পড়ার প্রতি উৎসাহ দেয়া হয়েছে।

﴿اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ الْحَيُّ الْقَيُّومُ لَا تَأْخُذُهُ سِنَّةٌ وَلَا نَوْمٌ لَهُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ مَنْ ذَا الَّذِي يَشْفَعُ عِنْدَهُ إِلَّا بِإِذْنِهِ يَعْلَمُ مَا بَيْنَ أَيْدِيهِمْ وَمَا خَلْفَهُمْ وَلَا يُحِيطُونَ بِشَيْءٍ مِنْ عِلْمِهِ إِلَّا بِمَا شَاءَ وَسِعَ كُرْسِيُّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَلَا يَئُودُهُ حِفْظُهُمَا وَهُوَ الْعَلِيُّ الْعَظِيمُ﴾

উচ্চারণঃ আল্লাহু লা-ইলাহা ইল্লা-হুওয়াল হাইয়্যুল কাইয়্যুম, লা-তা'খুযুহ সিনাতু ওয়ালা নাওম, লাহু মা ফিসু সামাওয়াতি, ওয়া মা ফিল আরযি, মান্ যালাযী ইয়াশফাউ ঙ্গনদাহ ইল্লা বিইযানিহী, ইয়া'লামু মা বায়না আয়দীহিম ওয়া মা খালফাহুম ওয়ালা ইউহীতূনা বিশাইয়্যিম মিন ইলমিহি ইল্লা বিমা শা-আ ওয়াসিআ কুরসিয়্যাহুস সামাওয়াতি ওয়ালা আরযা ওয়ালা ইয়াউদুহু হিফযুহুমা ওয়া হুওয়াল আলিয়্যুল আযীম।

﴿عَمَّنَ الرُّسُلُ يَمَّا أَنْزَلَ إِلَهُ مِنَ رَبِّهِ وَالْمُؤْمِنُونَ كُلٌّ آمَنَ بِاللَّهِ وَمَلَكِيهِ وَكُتُبِهِ وَرُسُلِهِ لَا تَفْرِقَ بَيْنَ أَحَدٍ مِنْ رُسُلِهِ وَقَالُوا سَمِعْنَا وَأَطَعْنَا غُفْرَانَكَ رَبَّنَا وَإِلَيْكَ الْمَصِيرُ﴾ (١٥٨)
﴿تَوَّابُونَ وَإِن سَأَلْنَا أَوْ أَخْطَأْنَا رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَا إَصْرًا كَمَا حَمَلْتَهُ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِنَا رَبَّنَا وَلَا تَحْمِلْنَا مَا لَاطَافَةٌ لَنَا بِهِ﴾
﴿وَأَعْفُ عَنَّا وَاعْفُرْنَا وَارْحَمْنَا أَنْتَ مَوْلَانَا فَانصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ﴾

উচ্চারণঃ আমানান্ রসূলা বিমা উনযিলা ইলাইহি মির্ রাবিহী ওয়ালা মু'মেনূনা কুল্লুন আমানা বিল্লাহি ওয়া মালা-ইকাতিহি ওয়া কুত্ববিহি ওয়া রুসুলিহি লা-নুফাররিরুকু বায়না আহাদিম মিন রুসুলিহি, ওয়া ক্বালু সামে'না ওয়া আত্বা'না ওফরানাকা রাক্বানা ওয়া ইলাইকাল মাসীর। লা-ইউকাল্লিফুল্লাহু নাফসান্ ইল্লা উসআহা লাহা মা কাসাবতু ওয়া আলাইহা মাক্তাসাবাতু, রাক্বানা লা তুআখেযনা ইন্ নাসীনা আউ আখ্তা'না রাক্বানা ওয়ালা তাহমে'লু আলাইনা ইসরান্ কামা হামালতাহু আল্লাযীনা মিন্ কাবলিনা রাক্বানা ওয়ালা তুহাম্মিলনা মা লা ত্বাকাতালানা বিহু, ওয়া'ফু আন্বা ওয়াগ্ফির লানা, ওয়া'র হামানা আন্বতা মাওলানা, ফানসুরনা আল্লা কআউমিল কাফেরীন।

৯	<p>أَصْبَحْنَا عَلَى فِطْرَةِ الْإِسْلَامِ وَعَلَى كَلِمَةِ الْإِخْلَاصِ وَعَلَى دِينِ نَبِيِّنَا مُحَمَّدٍ وَعَلَى مِلَّةِ آبَائِنَا إِبْرَاهِيمَ حَنِيفًا مُسْلِمًا وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِينَ</p> <p>উচ্চারণঃ আসবাহনা আলা ফিৎরাতিল ইসলামি, ওয়া আলা কালিমাতিল ইখলাসি, ওয়া আলা দীনে নাবিয়্যেনা মুহাম্মাদিন ওয়া আলা মিল্লাতি আবীনা ইবরাহীমা হানীফাম্ মুসলিমা, ওয়ামা কানা মিনাল মুশরিকীন। অর্থঃ “সকাল করেছি ইসলামের ফিৎরাতের উপর, একনিষ্ঠ বাণীর উপর, আমাদের নবী মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর ধর্মের উপর এবং আমাদের পিতা ইবরাহীম (আঃ)এর মিল্লাতের উপর তিনি একনিষ্ঠ মুসলিম এবং তিনি মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না।”</p>	সকালে ১বার	নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এ দু'আটি পাঠ করতেন।
১০	<p>اللَّهُمَّ مَا أَصْبَحَ بِي مِنْ نِعْمَةٍ أَوْ بِأَحَدٍ مِّنْ خَلْقِكَ فَمَنِّكَ وَحَدِّكَ لَا شَرِيكَ لَكَ</p> <p>উচ্চারণঃ আল্লাহুমা মা আসবাহা বী মিন নি'মাতিন্ আও বি আহাদিম্ মিন খালক্বিকা ফামিনকা ওয়াহদাকা লা-শারীকা লাকা ফলাকাল হামদু ওয়া লাকাশ শুকরু। অর্থঃ “হে আল্লাহ আমার সাথে যে নে'য়ামত সকালে উপনিত হয়েছে বা তোমার সৃষ্টি জগতের কারো সাথে, তা সবই একক ভাবে তোমার পক্ষ থেকে তোমার কোন শরীক নেই। সুতরাং কৃতজ্ঞতা ও প্রশংসা মাত্রই তোমার জন্য। সন্ধ্যায় বলবে: مَا أَمْسَىٰ لِي...</p>	সকালে ১বার, সন্ধ্যায় ১বার	সে দিনের ও সে রাতের শুকরিয়া আদায় হয়ে যাবে।
১১	<p>اللَّهُمَّ إِنِّي أَصْبَحْتُ أَشْهَدُكَ وَأَشْهَدُ حَمَلَةَ عَرْشِكَ وَمَلَائِكَتَكَ وَجَمِيعَ خَلْقِكَ بِأَنَّكَ أَنْتَ اللَّهُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ وَحَدِّكَ لَا شَرِيكَ لَكَ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُكَ وَرَسُولُكَ</p> <p>উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী আসবাহত্, উশহিদুকা ওয়া উশহিদু হামালাতা আরশিকা, ওয়া মালা-ইকাতাকা ওয়া জামীআ' খালক্বিকা, বিআন্বাকা আনতাল্লা-হু লা-ইলা-হা ইল্লা আনতা অহদাকা লা- শারীকা লাকা ওয়া আন্বা মুহাম্মাদান আবদুকা ওয়া রাসূলুকা। অর্থঃ “হে আল্লাহ তোমার নামে আমি সকাল করেছি। তোমাকে সাক্ষি রাখছি, তোমার আরশ বহন কারী ফেরেশতা, ফেরেশতাকুল এবং তোমার সমস্ত সৃষ্টি জগতকে সাক্ষি রেখে বলছি -নিশ্চয় তুমি আল্লাহ, তুমি ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, তুমি এক তোমার কোন শরীক নেই। এবং মুহাম্মাদ ﷺ তোমার বান্দা ও রাসূল। সন্ধ্যায় সময় বলবেঃ আল্লাহুমা ইন্নী আমসায়তু।</p>	সকালে ৪ বার, সন্ধ্যায় ৪ বার	যে ব্যক্তি এই দু'আ চারবার পাঠ করবে আল্লাহ্ তাকে জাহান্নাম থেকে মুক্ত করে দিবেন।
১২	<p>اللَّهُمَّ فَاطِرَ السَّمَوَاتِ وَالْأَرْضِ، عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ، رَبَّ كُلِّ شَيْءٍ وَمَوْلَىٰكَ، أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ، أَعُوذُ بِكَ مِنْ شَرِّ نَفْسِي، وَشَرِّ الشَّيْطَانِ وَشَرِّكَه، وَأَنْ أَقْتَرِفَ عَلَىٰ نَفْسِي سُوءًا، أَوْ أُجْرَهُ إِلَىٰ مُسْلِمٍ.</p> <p>উচ্চারণঃ আল্লাহুমা ফা-তিরাস্ সামাওয়াতি ওয়াল আরযি, আ'লিমাল গাইবি ওয়াশ শাহাদাহ্, রাকা কুল্লি শাইয়িন্ ওয়া মালিকাহ্, আশহাদু আলা-ইলাহা ইল্লা আনতা, আউযু বিকা মিন শাররি নাফসী, ওয়া শাররিশ্ শায়তানে ওয়া শিরকিহি, ওয়া আন আকুতারিফা আ'লা নাফসী সুআন, আও আজুররাহু ইলা মুসলিম। অর্থঃ “হে আল্লাহ তুমি আসমান-যমিনের সৃষ্টি কর্তা, তুমি গোপন-প্রকাশ্য সবকিছুই জান। তুমি সকল বস্তুর প্রভু এবং সব কিছুর মালিক, আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই। আমি তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি আমার আত্মার অনিষ্ট থেকে এবং শয়তান ও তার শিরকের অনিষ্ট থেকে। এবং আশ্রয় কামনা করছি নিজের উপর অন্যায় করা থেকে বা সে অন্যায় কোন মুসলিমের উপর চাপিয়ে দেয়া থেকে।”</p>	সকালে ১বার, সন্ধ্যায় ১বার এবং মিদার সময় ১ বার	শয়তানের ওয়াসওয়াসা থেকে নিরাপদ থাকবে।
১৩	<p>اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحَزَنِ وَالْعَجْزِ وَالْكَسَلِ وَالْبَخْلِ وَالْبُخْلِ وَالْجَبْنِ وَضَلَعِ الدِّينِ وَغَلْبَةِ الرِّجَالِ</p> <p>উচ্চারণঃ আল্লাহুমা ইন্নী আউযুবিকা মিনাল হাম্মি ওয়াল হযনি ওয়াল আ'জযি ওয়াল কাসালি ওয়াল বুখলি ওয়াল জুবনী ওয়া যালাদিন্ দাইনি ওয়া গালাবাতির রিজাল। অর্থঃ “হে আল্লাহ আপনার কাছে আশ্রয় প্রার্থনা করছি দুশ্চিন্তা ও দুর্ভাবনা থেকে, অপারগতা ও অলসতা থেকে, কৃপণতা ও কাপুরুষতা থেকে, ঋণের ভার ও মানুষের অত্যাচার থেকে।”</p>	সকালে ১বার, সন্ধ্যায় ১বার	তার দুশ্চিন্তা ও দুর্ভাবনা দূর হবে এবং ঋণ পরিশোধ করা হবে।
১৪	<p>اللَّهُمَّ أَنْتَ رَبِّي لَا إِلَهَ إِلَّا أَنْتَ، خَلَقْتَنِي وَأَنَا عَبْدُكَ، وَأَنَا عَلَىٰ عَهْدِكَ، وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ، أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ، أَبُوءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَيَّ، وَأَبُوءُ بِذَنْبِي، فَاغْفِرْ لِي فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ</p> <p>উচ্চারণঃ আল্লাহুমা আনতা রব্বী লা-ইলা-হা ইল্লা- আনতা, খালাক্বতানী ওয়া আনা আব্দুকা, ওয়া আনা আ'লা আহদিকা, ওয়া ওয়া'দিকা মাস্তাত্ত'তু, আউযুবিকা মিন শাররি মা সনা'তু, আবুউ লাকা বিনি'মাতিকা আ'লাইয়া, ওয়া আবুউ বিযাম্বী, ফাগফিরলী ফাইন্বা লা ইয়াগফিরু যুনূবা ইল্লা আনতা। অর্থঃ “হে আল্লাহ তুমি আমার প্রভু প্রতিপালক, তুমি ছাড়া</p>	সাইয়্যেদুল ইস্তেগফার, সকালে ১বার, সন্ধ্যায় ১বার	যে ব্যক্তি সকালে দৃঢ় বিশ্বাস রেখে উহা পাঠ করবে, যদি দিনের মধ্যে তার মৃত্যু হয়, তবে জান্নাতে প্রবেশ করবে। যদি রাতে দৃঢ় বিশ্বাস রেখে উহা পাঠ করে এবং রাতের মধ্যে মৃত্যু হয়, তবে জান্নাতে প্রবেশ করবে।

	ইবাদত যোগ্য কোন ইলাহ নেই, তুমি আমাকে সৃষ্টি করেছো এবং আমি তোমার বান্দা। আমি সাধ্যানুযায়ী তোমার সাথে কৃত ওয়াদা-অঙ্গিকার রক্ষা করছি। আমার কৃত কর্মের অনিষ্ট থেকে তোমার কাছে আশ্রয় কামনা করছি, আমার প্রতি তোমার নেয়া'মত স্বীকার করছি এবং তোমার দরবারে আমার পাপকর্মেরও স্বীকারোক্তি দিচ্ছি। সুতরাং তুমি আমায় ক্ষমা কর, কেননা তুমি ছাড়া পাপপরাশী কেহই ক্ষমা করতে পারে না।”		
১৫	<p>يَا حَيُّ يَا قَيُّوْمُ بِكَ اسْتَعِيْثُ فَاصْلِحْ لِيْ شَأْنِيْ وَلَا تَكْلِنِيْ اِلَى نَفْسِيْ طَرْفَةَ عَيْنٍ</p> <p>উচ্চারণঃ ইয়া হাইয়্যু ইয়া কাইয়্যুমু বিরাহমাতিকা আস্তাগীছ, ফা আসলেহ্ লী শানী, ওয়ালা তাকেলনী ইলা নাফসী তারফাতা আইন। অর্থঃ হে চিরঞ্জিব, চিরস্থায়ী তোমার কাছে আমি সাহায্য প্রার্থনা করছি, সুতরাং আমার সকল অবস্থা সংশোধন করে দাও, এবং এক পলকের জন্য হলেও আমাকে আমার নিজের উপর ছেড়ে দিও না।</p>	সকালে ১বার, সন্ধ্যায় ১বার	নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ফাতিমা (রাঃ)কে এ দু'আটি পড়তে নসীহত করেছিলেন।
১৬	<p>اللَّهُمَّ عَافِنِيْ فِيْ بَدَنِيْ، اللَّهُمَّ عَافِنِيْ فِيْ سَمْعِيْ، اللَّهُمَّ عَافِنِيْ فِيْ بَصَرِيْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ اللَّهُمَّ إِنِّيْ أَعُوْذُ بِكَ مِنَ الْكُفْرِ وَالْفَقْرِ وَأَعُوْذُ بِكَ مِنْ عَذَابِ الْقَبْرِ لَا إِلَهَ إِلَّا أَنْتَ</p> <p>উচ্চারণঃ আল্লাহুম্মা আ'ফেনী ফী বাদনী, আল্লাহুম্মা আ'ফেনী ফী সামঈ, আল্লাহুম্মা আ'ফেনী ফী বাসারী, লা-ইলাহা ইল্লা আনতা, আল্লাহুম্মা ইন্নী আউযুবিকা মিনাল কুফরী ওয়াল ফাকরি, ওয়া আউযুবিকা মিন আযাবিল কাবরি, লা-ইলাহা ইল্লা আনতা। অর্থঃ “হে আল্লাহ্! তুমি আমার দেহের নিরাপত্তা দান কর, শ্রবণ শক্তি ও দৃষ্টি শক্তিকে নিরাপদ রাখ। তুমি ছাড়া ইবাদতের যোগ্য কোন ইলাহ নেই।” “হে আল্লাহ্! আমি তোমার আশ্রয় প্রার্থনা করছি কুফরী ও দারিদ্র্য থেকে এবং আশ্রয় প্রার্থনা করছি কবরের আযাব থেকে। তুমি ছাড়া ইবাদতের যোগ্য কোন ইলাহ নেই।”</p>	সকালে ৩বার, সন্ধ্যায় ৩বার	নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এ দু'আ পাঠ করেছেন।
১৭	<p>اللَّهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الْعَافِيَةَ فِيْ الدُّنْيَا وَالْآخِرَةِ، اللَّهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ الْعَفْوَ وَالْعَافِيَةَ فِيْ دِينِيْ وَدُنْيَايَ وَأَهْلِيْ وَمَالِيْ اللَّهُمَّ اسْتَرْ عَوْرَاتِيْ وَأَمِنْ رَوْعَاتِيْ اللَّهُمَّ احْفَظْنِيْ مِنْ بَيْنِ يَدَيْ وَمِنْ خَلْفِيْ، وَعَنْ يَمِينِيْ، وَعَنْ شِمَالِيْ، وَمِنْ فَوْقِيْ، وَأَعُوْذُ بِعَظَمَتِكَ أَنْ اغْتَالَ مِنْ تَحْتِيْ</p> <p>উচ্চারণঃ আল্লাহুম্মা ইন্নী আসআলুকাল্ আফিয়াতা ফিদ্দুনইয়া ওয়াল আখিরাহ্, আল্লাহুম্মা ইন্নী আসআলুকাল্ আফওয়া ওয়াল আফিয়াতা ফী দ্বীনী ওয়া দুনইয়ায়া, ওয়া আহলী ওয়া মালী, আল্লাহুম্মাস তুর আওরাতী, ওয়া আমেন রাওআ'তী, আল্লাহুম্মাহ্ ফাযনী মিন্বাইনা ইয়াদাইয়া ওয়া মিন খালফী, ওয়া আন ইয়ামীনী, ওয়া আ'ন শিমালী, ওয়া মিন ফাওক্বী, ওয়া আ'উযুবি আ'যামাতিকা আন উগতাল্লা মিন তাহতী। “হে আল্লাহ্ আমি তোমার কাছে দুনিয়া ও আখিরাতের নিরাপত্তা কামনা করছি, হে আল্লাহ্ আমি প্রার্থনা করছি তোমার কাছে ক্ষমার এবং আমার দ্বীন, দুনিয়া, পরিবার-পরিজন এবং সম্পদের নিরাপত্তা। হে আল্লাহ্ আমার গোপন বিষয় সমূহ (দোষ-ত্রুটি) ঢেকে রাখ এবং আমাকে ভয়-ভীতি থেকে নিরাপদ রাখ। হে আল্লাহ্ তুমি আমাকে হেফায়ত কর আমার সম্মুখ থেকে, পিছন থেকে, ডান দিক থেকে, বাম দিক থেকে এবং উপর দিক থেকে। আর তোমার মহত্ত্বের উপিলা দিয়ে তোমার কাছে আশ্রয় প্রার্থনা করছি নিম্ন দিক থেকে মাটি ধসে আমার আকস্মিক মৃত্যু হওয়া থেকে।”</p>	সকালে ১বার, সন্ধ্যায় ১বার	সকাল ও সন্ধ্যায় নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এ দু'আ পাঠ করা ছাড়তেন না।
১৮	<p>سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ عَدَدَ خَلْقِهِ سُبْحَانَ اللَّهِ رِضًا نَفْسَهُ سُبْحَانَ اللَّهِ وَرَنَةً عَرْشِهِ سُبْحَانَ اللَّهِ مَدَادَ كَلِمَاتِهِ</p> <p>সুবহানাল্লাহি ওয়া বিহামদিহী আ'দাদা খালকিহী, ওয়া রিযা নাফসিহী, ওয়া যিনাতা আ'রশিহী, ওয়া মিদাদা কালিমাতিহী। “পবিত্রতা ঘোষণা করছি আল্লাহর তাঁর সৃষ্টির সংখ্যা বরাবর। পবিত্রতা বর্ণনা করছি আল্লাহর তাঁর নিজের সম্ভ্রুতি বরাবর। পবিত্রতা বর্ণনা করছি আল্লাহর তাঁর আরশের ওয়ন বরাবর। পবিত্রতা ঘোষণা করছি আল্লাহর বাণী লেখার কালি পরিমাণ।</p>	সকালে ৩বার	ফজরের পর থেকে সকাল পর্যন্ত যিকিরের সাথে বসে থাকার চাইতে এ দু'আ পাঠ করা উত্তম।

কতিপয় কথা ও কাজের বর্ণনা যাতে
রয়েছে অফুরন্ত ছওয়াবঃ

নং	গুরুত্বপূর্ণ কথা বা কাজের বিবরণ:	সুন্নাত থেকে তার ছওয়াবের বর্ণনা: নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,
১	لا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ	যে ব্যক্তি দৈনিক একশত বার পাঠ করবে لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারীকা লাহু, লাহুল মুলকু ওয়ালাহুল্ হামদু, ওয়াহুওয়া আলা কুল্লি শাইয়িন কাদীর। অর্থঃ (আল্লাহ ছাড়া কোন হক উপাস্য নেই। তিনি এক তাঁর কোন শরীক নেই। তারই জন্য রাজত্ব, তারই জন্য সমস্ত প্রশংসা। তিনি সকল বস্তুর উপর ক্ষমতাবান।) সে দশজন কৃতদাস মুক্ত করার ছওয়াব পাবে, তার জন্য একশতটি পুণ্য লিখা হবে, একশতটি গুনাহ মোচন করা হবে, সে দিন সন্ধ্যা পর্যন্ত তাকে শয়তান থেকে নিরাপদ রাখা হবে। তার চাইতে উত্তম আমল আর কেউ নিয়ে আসতে পারবে না। কিন্তু তার কথা ভিন্ন যে এর চাইতে বেশী আমল করে।”
২	سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ	“মেরাজের রাতে আমি ইবরাহীম (আঃ)এর সাথে সাক্ষাৎ করি। তিনি বললেন, হে মুহাম্মাদ! আপনার উম্মতকে আমার পক্ষ থেকে সালাম জানাবেন। তাদেরকে বলবেন, জান্নাতের মাটি অতি পবিত্র, পানি খুবই সুস্বাদু। উহার যমিন সমতল। আর বীজ হচ্ছে: سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ সুবহানাল্লাহি, ওয়ালা হামদু লিল্লাহি, ওয়া লা-ইলাহা ইল্লাল্লাহু, ওয়ালাহু আকবার। “অতি পবিত্র আল্লাহ তা’আলা, সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ ছাড়া সত্য কোন উপাস্য নেই, আল্লাহ মহান।”
৩	سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ. سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ	“যে ব্যক্তি সকালে এবং সন্ধ্যায় একশতবার পাঠ করবে: سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ সুবহানাল্লাহি ওয়ালা হামদিহী। তার সমুদয় পাপ ক্ষমা করা হবে, যদিও উহা সমুদ্রের ফেনা পরিমাণ হয়। কিয়ামতের দিন তার চাইতে উত্তম আমল নিয়ে আর কেউ আসতে পারবে না, তবে তার কথা ভিন্ন যে অনুরূপ বা তার চাইতে বেশী আমল করবে।” “দুটি কালেমা উচ্চারণে সহজ, ছওয়াবের পাল্লায় ভারী এবং আল্লাহর কাছে অতিব পছন্দনীয়। উহা হচ্ছে: سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ সুবহানাল্লাহি ওয়ালা হামদিহী সুবহানাল্লাহিল্ অযীম। “আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি তাঁর প্রশংসার সাথে। মহান আল্লাহ অতি পবিত্র।”
৪	سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ وَبِحَمْدِهِ	“যে ব্যক্তি পাঠ করবে: سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ وَبِحَمْدِهِ সুবহানাল্লাহিল্ অযীম ওয়ালা হামদিহী। “মহান আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি তাঁর প্রশংসার সাথে।” তার জন্য জান্নাতে একটি খেজুর গাছ লাগানো হবে।
৫	لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ	আমি কি তোমাকে জান্নাতের একটি গুপ্তধনের সংবাদ দিব না? আমি বললাম, হ্যাঁ। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ লা- হাওলা ওয়ালা- কুওয়াতা ইল্লা বিল্লাহু। “আল্লাহর শক্তি ও সামর্থ্য ছাড়া কোন উপায় নেই।”
৬	বৈঠকের কাফ্যারা :	“কোন বৈঠকে বসে যদি অতিরিক্ত কথা-বার্তা হয়, আর সেখান থেকে উঠে যাওয়ার পূর্বে এই দু’আটি পড়ে: سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ উচ্চারণঃ সুবহানাকা আল্লাহুমা ওয়ালা হামদিকা আশহাদু আল্লা-ইলাহা ইল্লা আন্তা আস্তাগফিরুকা ওয়া আতুবু ইলাইকা। অর্থঃ (হে আল্লাহ! তোমার প্রশংসার সাথে তোমার পবিত্রতা বর্ণনা করছি। আমি সাক্ষ্য দিচ্ছি যে তুমি ব্যতীত প্রকৃত কোন উপাস্য নেই। তোমার কাছে ক্ষমা প্রার্থনা করছি ও তওবা করছি।) তবে উক্ত বৈঠকের ভুল-ত্রুটি ক্ষমা করে দেয়া হবে।”
৭	নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর প্রতি দরুদ পাঠ :	“যে ব্যক্তি আমার উপর একবার দরুদ পাঠ করবে, আল্লাহ তার উপর দশবার রহমত নাযিল করবেন। তার দশটি গুনাহ মাফ করবেন এবং দশটি মর্যাদা উন্নীত করবেন।” অন্য বর্ণনায়: “তার জন্য দশটি নেকী লিখে দেয়া হবে।”
৮	পবিত্র কুরআনের কিছু আয়াত তেলাওয়াত করা :	“যে ব্যক্তি রাতে ও দিনে পবিত্র কুরআনের পঞ্চাশটি আয়াত তেলাওয়াত করবে তার নাম গাফেলদের মধ্যে লিখা হবে না। যে ব্যক্তি একশত আয়াত পাঠ করবে তার নাম কানেতীনদের মধ্যে লিখা হবে। যে ব্যক্তি দু’শত আয়াত পাঠ করবে, ক্বিয়ামত দিবসে কুরআন তার বিরুদ্ধে নাশিহ করবে না। আর যে ব্যক্তি পাঁচশত আয়াত পড়বে, তার জন্য কিন্তার (বড় একটি পাহাড়) পরিমাণ নেকী লিখে দেয়া হবে।”

৯	সূরা ইখলাছ পাঠ করা :	“যে ব্যক্তি এগার বার সূরা ইখলাছ পাঠ করবে, তার জন্য জান্নাতে একটি গৃহ নির্মাণ করা হবে।” “কুল ছওয়াল্লাহ আহাদ.. কুরআনের এক তৃতীয়াংশের সমান।”
১০	সূরা কাহাফের কিছু আয়াত মুখস্থ করা :	“যে ব্যক্তি সূরা কাহাফের প্রথম থেকে দশটি আয়াত মুখস্থ করবে, তাকে দাজ্জাল থেকে রক্ষা করা হবে।”
১১	মুআয্বিনদের ছওয়াব :	“মানুষ, জিন তথা যে কোন বস্ত্তই মুআয্বিনের কঠোর আযান শুনবে, তারা সবাই তার জন্য কিয়ামত দিবসে সাক্ষ্য দানকারী হবে।” “মুআয্বিনগণ কিয়ামত দিবসে সর্বোচ্চ কাঁধ বিশিষ্ট হবে।” (সবাই তাদেরকে চিনতে পারবে।)
১২	আযানের জবাব দেয়া ও আযান শেষে দু’আ পাঠ :	“যে ব্যক্তি আযান শুনে এই দু’আ পাঠ করবে: اللَّهُمَّ رَبِّ هَذِهِ الدَّعْوَةِ الثَّامَةِ وَالصَّلَاةِ الْقَائِمَةِ آتِ مُحَمَّدًا الْوَسِيلَةَ وَالْفَضِيلَةَ وَابْعَثْهُ مَقَامًا مَحْمُودًا الَّذِي وَعَدْتَهُ উচ্চারণঃ আল্লাহ্মা রাব্বা হযিহিদ্ দা’ওয়াতিত্ তাম্মতি, ওয়াস্ সালাতিল ক্বাইমাতি আতে মুহাম্মাদানিল ওয়াসীলাতা ওয়াল ফাযীলাতা ওয়াব্বাহুহ্ মাক্কামান্ মাহমূদানিল্লাযী ওয়া’আদতাহ্। অর্থঃ (হে আল্লাহ্! এই পরিপূর্ণ আহবান এবং এই প্রতিষ্ঠিত নামাযের তুমিই প্রভু। মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্লাম)কে দান কর সর্বোচ্চ সম্মানিত স্থান এবং সুমহান মর্যাদা। তাকে প্রতিষ্ঠিত কর প্রশংসিত স্থানে যার অঙ্গিকার তুমি তাঁকে দিয়েছো।) তার জন্য কিয়ামত দিবসে আমার শাফাআত আবশ্যিক হয়ে যাবে।”
১৩	সঠিকভাবে ওয়ু করা :	“যে ব্যক্তি ওয়ু করবে, ওয়ুকে সুন্দররূপে সম্পাদন করবে, তার পাপ সমূহ শরীর থেকে বের হয়ে যাবে; এমনকি নখের নীচ থেকেও।”
১৪	ওয়ুর পর দু’আ পাঠ :	যে ব্যক্তি ওয়ু করবে এবং পরিপূর্ণরূপে ওয়ুকে সম্পাদন করবে অতঃপর এই দু’আটি পাঠ করবে: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِرَبِّكَ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُكَ وَسُؤْلُهُ উচ্চারণঃ আশহাদু আল্লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদুহু লা-শারীকা লাহু ওয়া আশহাদু আল্লা মুহাম্মাদান আবদুহু ওয়া রাসুলুহু। অর্থঃ (আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত উপাসনার যোগ্য কোন মা’বুদ নেই। তিনি একক তাঁর কোন শরীক নেই। এবং আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহে ওয়া সাল্লাম) তাঁর বান্দা ও রাসূল।) তার জন্য বেহেশ্তের আটটি দরজাই খুলে দেয়া হবে। যে দরজা দিয়ে ইচ্ছা সে জান্নাতে প্রবেশ করবে।
১৫	ওয়ুর পর দু’রাকাত নামায পড়া :	“যে কেহ ওয়ু করবে এবং ওয়ুকে সুন্দরভাবে সম্পাদন করবে তারপর স্বীয় মুখমন্ডল ও হৃদয় দ্বারা আগ্রাহম্বিত হয়ে দু’রাকাত আত ছালাত আদায় করবে, তবে তার জন্য জান্নাত আবশ্যিক হয়ে যাবে।”
১৬	বেশী বেশী মসজিদে যাওয়া :	“যে ব্যক্তি জামা’আত আদায় হয় এমন মসজিদে যাবে, তার প্রতি ধাপে একটি করে পাপ মিটিয়ে দেয়া হবে এবং একটি করে নেকী লেখা হবে। যাওয়া এবং ফিরে আসা উভয় অবস্থায় এরূপ লেখা হবে।”
১৭	মসজিদে গমণ করা :	“যে ব্যক্তি সকালে অথবা সন্ধ্যায় মসজিদে গমণ করবে আল্লাহ্ তার প্রত্যেক সকাল-সন্ধ্যার গমণের বিনিময়ে তার জন্য জান্নাতে মেহমানদারী প্রস্তুত করবেন।”
১৮	জুমআর নামাযের জন্য প্রস্তুতি ও আগে-ভাগে মসজিদে যাওয়া :	“যে ব্যক্তি জুমআর দিনে গোসল করে ও করায় অতঃপর আগেভাগে মসজিদে গমণ করে, বাহনে আরোহণ না করে হেঁটে হেঁটে যায়, ইমামের নিকটবর্তী স্থানে বসে, মনোযোগ দিয়ে খুতবা শোনে, কোন বাজে কাজে লিপ্ত হয় না, তাকে প্রত্যেক পদক্ষেপের বিনিময়ে একবছর নফল রোযা পালন ও একবছর তাহাজ্জুদ নামায আদায় করার ছওয়াব দেয়া হবে।” “কোন ব্যক্তি যদি জুমআর দিনে গোসল করে সাধ্যানুযায়ী পবিত্রতা অর্জন করে এবং তৈল ব্যবহার করে বা বাড়ীর আতর-সুগন্ধি ব্যবহার করে, তারপর মসজিদের উদ্দেশ্যে বের হয়। মসজিদে গিয়ে দু’জন লোকের মাঝে ফাঁক না করে যে কোন স্থানে দাঁড়িয়ে যতদূর সম্ভব নামায আদায় করে, অতঃপর ইমামের খুতবার সময় নীরব থাকে, তবে তাকে ক্ষমা করা হবে ঐ জুমআ থেকে নিয়ে পরবর্তী জুমআ পর্যন্ত।”
১৯	তাকবীরে তাহরীমার সাথে নামায পড়া :	“যে ব্যক্তি আল্লাহর জন্য ৪০ (চল্লিশ) ওয়াক্ত নামায জামাতের সাথে প্রথম তাকবীরসহ আদায় করবে, তার জন্য দু’টি মুক্তিনামা লিখা হবে। জাহান্নাম থেকে মুক্তি এবং মুনাফেকী থেকে মুক্তি।” (তিরমিযী)
২০	ফরয নামায জামাতের সাথে আদায় করা :	“জামাতের সাথে নামায আদায় করলে একাকী নামায পড়ার চাইতে ২৭ (সাতাশ) গুণ সওয়াব বেশী পাওয়া যায়।”

২১	এশা ও ফজরের নামায জামাতের সাথে আদায় করা :	“যে ব্যক্তি এশার নামায জামাতের সাথে আদায় করবে, সে অর্ধেক রাত্রি নফল নামায পড়ার সওয়াব লাভ করবে। আর যে ব্যক্তি ফজরের নামায জামাতের সাথে আদায় করবে, সে সারা রাত্রি নফল নামায পড়ার সমান ছওয়াব লাভ করবে।”
২২	প্রথম কাতারে নামায পড়া :	“মানুষ যদি জানত আযান দেয়া এবং প্রথম কাতারে ছালাত আদায় করার মধ্যে কি আছে (কি পরিমাণ ছাওয়াব ও মর্যাদা আছে) তাহলে তা হাসিল করার জন্য যদি আপোষে লটারী করা ছাড়া কোন গত্যন্তর দেখতো না, তবে লটারী করতেই বাধ্য হত।”
২৩	সর্বদা সুন্নাত নামায আদায় করা :	“যে ব্যক্তি দিনে-রাতে ১২(বার) রাকা‘আত নামায আদায় করবে তার জন্য জান্নাতে একটি ঘর তৈরী করা হবে। যোহরের পূর্বে চার রাকা‘আত এবং পরে দু‘রাকা‘আত, মাগরিবের পরে দু‘রাকা‘আত, এশার পর দু‘রাকা‘আত এবং ফজরের পূর্বে দু‘রাকা‘আত।
২৪	নারীর নিজ গৃহে নামায আদায় করা:	জনৈক নারী নবী করীম (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর খেদমতে উপস্থিত হয়ে আরয করলেন, হে আল্লাহর রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমি ভালবাসি যে আপনার সাথে মসজিদে নববীতে নামায আদায় করব। রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, “আমি জানি তুমি আমার সাথে নামায আদায় করতে ভালবাস। কিন্তু তোমার জন্যে বাড়ীর মধ্যে ক্ষুদ্র কুঠরীতে নামায পড়া, বাড়ীতে উন্মুক্ত স্থানে নামায পড়ার চেয়ে উত্তম। আর বাড়ীতে নামায পড়া মহল্লার মসজিদে নামায পড়ার চেয়ে উত্তম। আর মহল্লার মসজিদে নামায পড়া আমার মসজিদে (মসজিদে নববীতে) নামায পড়ার চাইতে উত্তম।”
২৫	বেশী বেশী নফল নামায পড়া :	“তুমি বেশী বেশী আল্লাহর জন্য সিজদা করবে। কেননা যখনই আল্লাহর উদ্দেশ্যে একটি সিজদা করবে, তখনই আল্লাহ তা দ্বারা তোমার একটি মর্যাদা উন্নীত করবেন এবং একটি গুনাহ মোচন করবেন।”
২৬	ফজরের সুন্নাত এবং ফজরের নামায পড়া :	“ফজরের দু‘রাকা‘আত (সুন্নাত) নামায দুনিয়া এবং উহার মধ্যস্থিত সকল বস্তু হতে উত্তম।” “যে ব্যক্তি ফজর নামায আদায় করবে সে আল্লাহর যিম্মাদারীর মধ্যে থাকবে।”
২৭	চাশতের নামায পড়া :	“তোমাদের কোন ব্যক্তি যখন সকালে নিদ্রা থেকে জাগ্রত হয়, তখন তার শরীরের প্রতিটি জোড়ের জন্য সাদকা দেয়া আবশ্যিক। প্রত্যেকবার সুবাহানাল্লাহ্ বলা একটি সাদকা, আলহামদুলিল্লাহ্ বলা একটি সাদকা, লা-ইলাহা ইল্লাল্লাহ্ বলা একটি সাদকা, আল্লাহু আকবার বলা একটি সাদকা, সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ করা একটি সাদকা। এসব গুলোর জন্য যথেষ্ট হলো দু‘রাকা‘আত চাশতের নামায আদায় করা।” (মুসলিম)
২৮	নামাযের মুসল্লায় বসে আল্লাহর যিকির করা :	“তোমাদের মধ্যে কোন ব্যক্তি যদি নামাযের মুসল্লায় বসে থেকে আল্লাহর যিকিরে মশগুল থাকে, তবে যতক্ষণ তার ওয়ু নষ্ট না হবে ততক্ষণ ফেরেশতারা তার জন্য দু‘আ করতে থাকবে: হে আল্লাহ্ তাকে ক্ষমা কর, হে আল্লাহ্ তাকে রহম কর।”
২৯	ফজর নামায জামাতের সাথে পড়ে সূর্যোদয় পর্যন্ত আল্লাহর যিকির করা তারপর দু‘রাকাত নামায পড়া :	“যে ব্যক্তি জামাতের সাথে ফজরের নামায আদায় করার পর নিজ মুসল্লায় বসে থেকে সূর্যোদয় পর্যন্ত আল্লাহর যিকিরে লিপ্ত থাকে। অতঃপর দু‘রাকাত নামায আদায় করে, তাকে পরিপূর্ণ একটি হজ্জ ও পরিপূর্ণ একটি ওমরার সমান ছওয়াব দেয়া হবে।
৩০	রাতে জাগ্রত হয়ে নামায পড়া এবং স্ত্রীকেও জাগ্রত করা:	“কোন ব্যক্তি যদি রাতে জাগ্রত হয় এবং নিজের স্ত্রীকেও জাগ্রত করে, অতঃপর দু‘জনে দু‘রাকাত নফল নামায আদায় করে, তবে তাদেরকে অধিকহারে আল্লাহর যিকিরকারী ও যিকিরকারীন্দীর অন্তর্ভুক্ত করা হবে।”
৩১	রাতে নফল নামাযের ইচ্ছা থাকা সত্ত্বেও যদি নিদ্রা পরাজিত করে :	“কোন ব্যক্তির যদি রাতে নামায পড়ার অভ্যাস থাকে, অতঃপর নিদ্রা তাকে পরাজিত করে দেয় (ফলে উক্ত নামায আদায় করতে না পারে) তবে আল্লাহ্ তার জন্য সেই নামাযের প্রতিদান লিখে দেন। এবং তার নিদ্রা তার জন্য সাদকা স্বরূপ হয়ে যাবে।”
৩২	রাতে নিদ্রা থেকে জাগ্রত হয়ে দু‘আ পাঠ	“যে ব্যক্তি রাতে নিদ্রা থেকে জাগ্রত হয়ে এই দু‘আ পাঠ করবে: لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ اللَّهُ الْمَلِكُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ الْحَمْدُ لِلَّهِ وَسُبْحَانَ اللَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ উচ্চারণঃ লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহদাহু লা শারীকা লাহু, লাহুল মুলুকু ওয়ালালহুল হামদু, ওয়াহুওয়া আলা কুল্লি শাইয়ান কাদীর। আলহামদু লিল্লাহি ওয়া সুবহানাল্লাহি ওয়া লা-ইলাহা ইল্লাল্লাহু, ওয়ালাহু আকবার, ওয়ালা- হাওলা ওয়ালা কুওয়্যাতা ইল্লা বিল্লাহি। অর্থঃ “আল্লাহ্ ছাড়া কোন হক উপাস্য নেই। তিনি এক তাঁর কোন শরীক নেই। তারই জন্য রাজত্ব, তারই জন্য

	সমস্ত প্রশংসা। তিনি সকল বস্তুর উপর ক্ষমতাবান। সকল প্রশংসা আল্লাহর জন্য। আল্লাহর পবিত্রতা বর্ণনা করছি। আল্লাহ্ ব্যতীত সত্য কোন উপাস্য নেই। আল্লাহর সাহায্য ব্যতীত গুনাহ হতে বিরত থাকা ও আনুগত্য করার ক্ষমতা লাভ করা যায় না।) তারপর যদি বলে: হে আল্লাহ্! আমাকে ক্ষমা কর। অথবা দু'আ করে তবে তার দু'আ কবুল করা হবে। আর যদি ওয়ু করে নামায পড়ে তবে নামায কবুল করা হবে।
৩৩	ফরয নামাযান্তে ৩৩ বার সুবহানাল্লাহ্ ৩৩ বার আল হামদুলিল্লাহ্ ৩৩ বার আল্লাহ্ আকবার : যে ব্যক্তি প্রত্যেক ফরয নামাযান্তে পাঠ করবে 'সুবহানাল্লাহ্' ৩৩ বার, 'আলহামদুলিল্লাহ্' ৩৩ বার এবং 'আল্লাহ্ আকবার' ৩৩ বার। আর একশত পূর্ণ করার জন্য এই দু'আটি বলবে: লা-ইলাহা ইল্লাল্লাহ্ ওয়াহদাহ্ লাশারীকা লাহ্, লাহ্ লুল মুলকু ওয়ালাল্ হামদু ওয়াহ্ ওয়া আলা কুল্লি শাইয়িন কুদীর। তার গুনাহগুলো ক্ষমা করে দেয়া হবে- যদিও তা সমুদ্রের ফেনারানী পরিমাণ হয় না কেন। (সহীহ মুসলিম)
৩৪	প্রত্যেক ফরয নামাযান্তে আয়াতুল কুরসী : যে ব্যক্তি প্রত্যেক ফরয নামাযান্তে আয়াতুল কুরসী পাঠ করবে তাকে জান্নাতে প্রবেশ করা হতে বাধা দানকারী একমাত্র মৃত্যু ছাড়া আর কিছুই থাকবে না। (নাসাঈ)
৩৫	অসুস্থ ব্যক্তিকে দেখতে যাওয়া : সকালে যদি কেউ কোন অসুস্থ মুসলিম ব্যক্তিকে দেখতে যায় তবে সন্ধ্যা পর্যন্ত সত্তর হাজার ফেরেশতা তার জন্য রহমতের দু'আ করতে থাকে। আবার যদি সন্ধ্যায় সে উক্ত কাজ করে তবে সকাল পর্যন্ত সত্তর হাজার ফেরেশতা তার জন্য রহমতের দু'আ করতে থাকে। আর জান্নাতে তার জন্য নানা রকম ফল-মূল প্রস্তুত থাকবে। (আবু দাউদ, তিরমিযী, হইহল জামে হা/১০৭০৬)
৩৬	যে ব্যক্তি কালেমায়ে তাওহীদ পাঠ করে মৃত্যু বরণ করবে : "যে কোন বান্দা পাঠ করবে: 'লা-ইলাহা ইল্লাল্লাহ্'। অতঃপর এর উপর দৃঢ় থেকে মৃত্যু বরণ করবে, সে জান্নাতে প্রবেশ করবে।"
৩৭	বিপদে আক্রান্ত ব্যক্তিকে শোক জানানো : "যে ব্যক্তি কোন বিপদগ্রস্থ মানুষকে সান্তনা দিবে, সে তার বিপদ পরিমাণ সওয়াব লাভ করবে।" "কোন মু'মিন যদি বিপদগ্রস্থ কোন ভাইকে সান্তনা দেয়, তবে আল্লাহ্ তাকে সম্মানের পোষাক পরিধান করাবেন।"
৩৮	মৃত ব্যক্তিকে গোসল দেয়া এবং তার দোষত্রুটি গোপন রাখা : "যে ব্যক্তি কোন মৃত ব্যক্তিকে গোসল দিবে এবং তার দোষ-ত্রুটি গোপন রাখবে, তবে আল্লাহ্ তাকে চল্লিশবার ক্ষমা করবেন।"
৩৯	জানাযা নামায পড়া এবং লাশের সাথে গোরস্থানে যাওয়া : "যে ব্যক্তি জানাযায় শরীক হয় এবং জানাযা ছালাত আদায় করে তার জন্য এক ক্বীরাত ছওয়াব রয়েছে। আর যে ব্যক্তি জানাযায় শরীক হয়ে দাফনেও শরীক হয় তার জন্য রয়েছে দু'ক্বীরাত ছওয়াব। প্রশ্ন করা হল, দু'ক্বীরাত কি? তিনি বললেন, বিশাল দু'টি পাহাড়ের মত।" (বুখারী ও মুসলিম) ইবনে ওমর (রাঃ) বলেন: "আমরা অনেক ক্বীরাত হাসিলের ব্যাপারে ত্রুটি করেছি।"
৪০	আল্লাহর জন্য মসজিদ তৈরী করা : "যে ব্যক্তি আল্লাহর সন্তুষ্টির জন্য পাখীর বাসার ন্যায় (ছোট আকারে) একটি মসজিদ তৈরী করবে আল্লাহ্ তার জন্য জান্নাতে একটি ঘর তৈরী করবেন। (فظة) শব্দটির অর্থ হলো- তীতির পাখী, কবুতরের ন্যায় মরুভূমির এক প্রকার পাখী।"
৪১	অর্থ ব্যয় : "প্রতিদিন সকালে দু'জন ফেরেশতা অবতরণ করেন। তাদের একজন দানকারীর জন্য দু'আ করে বলেন, اللَّهُمَّ أَغْطِ مُنْفَقًا خَلْفًا "হে আল্লাহ্ দানকারীর মালে বিনিময় দান কর। (বিনিময় সম্পদ বৃদ্ধি কর)" আর দ্বিতীয়জন কৃপণের জন্য বদদু'আ করে বলেন, اللَّهُمَّ أَغْطِ مُنْسِكَ تَلْفًا "হে আল্লাহ্ কৃপণের মালে ধ্বংস দাও।" (বুখারী ও মুসলিম)
৪২	দান-সাদকা : "ছাদকা করলে কোন মানুষের সম্পদ কমে না। আর ক্ষমার মাধ্যমে আল্লাহ্ বান্দার সম্মান বৃদ্ধি করেন। যে ব্যক্তি আল্লাহর জন্য বিনীত হবে আল্লাহ্ তার মর্যাদা উন্নীত করবেন।" (তিরমিযী, ইবনু মাজাহ) "এক দিরহাম দান এক লক্ষের চাইতে বেশী মর্যাদা সম্পন্ন হয়েছে। সাহাবীগণ জিজ্ঞেস করলেন, কিভাবে হে আল্লাহর রাসূল? তিনি বললেন: জনৈক ব্যক্তির ছিলই মাত্র দু'টি দিরহাম। তন্মধ্যে একটি সাদকা করে দিয়েছে। আরেক ব্যক্তি বিশাল সম্পদের অধিকারী। সে উক্ত সম্পদের একাংশ থেকে এক লক্ষ দিরহাম নিয়ে দান করে দিল।"
৪৩	লাভ ছাড়া কর্য প্রদান : "কোন মুসলমান যদি আরেক মুসলমানকে দু'বার কর্য প্রদান করে, তবে উক্ত সম্পদ একবার সাদকা করে দেয়ার সমান ছওয়াব লাভ করবে।"
৪৪	অভাবী ব্যক্তিকে ক্ষমা করে দেয়া : "জনৈক ব্যক্তি মানুষকে ঋণ প্রদান করত। সে তার কর্মচারীকে বলত, ঋণ পরিশোধে অক্ষম কোন অভাবী পেলে তার ঋণ মওকুফ করে দিও। যাতে করে আল্লাহ্ও আমাদেরকে ক্ষমা করে দেন। অতঃপর তার মৃত্যু হল এবং আল্লাহর সাথে সাক্ষাত করল, আল্লাহ্ তাকে ক্ষমা করে দিলেন।"

৪৫	আল্লাহর পথে একদিন রোযা রাখা :	“কোন ব্যক্তি যদি আল্লাহর পথে (জিহাদে) থেকে একদিন রোযা পালন করে, তবে সে দিনের বিনিময়ে আল্লাহ্ তাকে জাহান্নাম থেকে সত্তর বছরের রাস্তা বরাবর দূরে রাখবেন।”
৪৬	প্রত্যেক মাসে তিনটি রোযা, আরাফাত ও আশুরার রোযা	“প্রত্যেক মাসে তিনটি নফল রোযা এবং এক রামাযান রোযা রেখে আরেক রামাযান রোযা রাখলে সারা বছর রোযা রাখার ছাওয়াব পাবে। আরাফাতের দিন রোযা সম্পর্কে তাঁকে জিজ্ঞেস করা হলে তিনি বলেন, বিগত এক বছর এবং আগামী এক বছরের পাপ মোচন করা হবে। আশুরা দিবসের রোযা সম্পর্কে প্রশ্ন করা হলে, তিনি বলেন, পূর্বে এক বছরের পাপ ক্ষমা করা হবে।” (মুসলিম হা/১১৬২)
৪৭	শাওয়ালের ছয়টি রোযা	“যে ব্যক্তি রামাযানের রোযা রেখে শাওয়াল মাসে ছয়টি রোযা রাখবে সে সারা বছর রোযা রাখার প্রতিদান পাবে।” (মুসলিম-হা- ১১৬৪)
৪৮	ইমামের সাথে শেষ পর্যন্ত তারাবীর নামায পড়া :	“কোন মানুষ যদি ইমামের সাথে তারাবীর নামায পড়ে এবং তিনি যখন নামায শেষ করেন তখন নামায শেষ করে, তবে সে পূর্ণ রাত নফল নামায পড়ার ছওয়াব পাবে।”
৪৯	মাকবুল হজ্জ :	“যে ব্যক্তি আল্লাহর জন্যে হজ্জ করবে, অতঃপর স্ত্রী সহবাসে লিপ্ত হবে না এবং পাপাচারে লিপ্ত হবে না, সে এমন (নিষ্পাপ) অবস্থায় ফিরে আসবে যেমন তার মাতা তাকে ভূমিষ্ট করেছিল।” (মুসলিম) “মাকবুল হজ্জের বিনিময় জান্নাত ব্যতীত অন্য কিছু নয়।”
৫০	রামাযান মাসে ওমরা করা :	রামাযান মাসে একটি উমরাতে একটি হজ্জের পুণ্য রয়েছে। (বুখারী ও মুসলিম) অন্য বর্ণনায় রয়েছে حجة معي অর্থাৎ আমার সাথে একটি হজ্জ পালনের ছাওয়াব রয়েছে।
৫১	জিলহজ্জের প্রথম দশকে নেক আমল :	“যিলহজ্জের প্রথম দশকের চাইতে উত্তম কোন দিন নেই, যেদিন গুলোর সৎ আমল আল্লাহর নিকট অধিক পছন্দনীয়।” সাহাবাকেরাম জিজ্ঞেস করলেন, আল্লাহর পথে জিহাদও নয় হে আল্লাহর রাসূল? তিনি বললেন, “আল্লাহর পথে জিহাদও নয়। অবশ্য সেই মুজাহিদ ব্যক্তির কথা ভিন্ন যে স্বীয় জান-মাল নিয়ে জিহাদে বেরিয়ে পড়ে অতঃপর উহার কিছুই নিয়ে প্রত্যাবর্তন করে না।” (বুখারী)
৫২	কুরবানী :	রাসূল ﷺ কে জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রাসূল! এই কুরবানী কি? জবাবে বলেন, এটা তোমাদের পিতা ইবরাহীম ﷺ এর সুনাত। তারা বললেন, হে আল্লাহর রাসূল ﷺ এতে কি আমাদের কোন ফায়দা আছে? তিনি বললেন, প্রত্যেক লোমের বিনিময়ে নেকী রয়েছে। (যঈফ , বরং শায়খ আলবানী হাদীছটিকে মাওযু বলেছেন’)
৫৩	সাধ্যানুযায়ী নেক আমল করার পর নেক নিয়তের कारणे মু'মিন জান্নাতের উচ্চ আসনে পৌঁছে যাবে :	এ উম্মতের উদাহরণ চার ব্যক্তির ন্যায়ঃ- (১) এমন ব্যক্তি যাকে আল্লাহ্ সম্পদ ও জ্ঞান দান করেছেন। স্বীয় সম্পদে সে ইলুম অনুযায়ী আমল করে থাকে এবং হক পথে তা ব্যয় করে থাকে। (২) অপর এমন এক ব্যক্তি যাকে আল্লাহ্ জ্ঞান দান করেছেন কিন্তু কোন সম্পদ দেননি সে বলে, ঐ ব্যক্তির মত যদি আমার সম্পদ থাকত তবে তার মত আমিও তা ব্যবহার করতাম। রাসূল ﷺ বলেন, উভয় ব্যক্তি প্রতিদানের ক্ষেত্রে বরাবর। (৩) তৃতীয় ব্যক্তিকে আল্লাহ্ সম্পদ দিয়েছেন কিন্তু কোন জ্ঞান দান করেননি, ফলে সে তার সম্পদে মূর্খতা সূলভ আচরণ করে নাহক পথে তা ব্যয় করে। (৪) চতুর্থ ব্যক্তি, আল্লাহ্ তাকে না দিয়েছেন ধন-সম্পদ না জ্ঞান। সে বলে, এ ব্যক্তির ন্যায় যদি আমার (সম্পদ) থাকত তবে এমনভাবে তা ব্যয় করতাম যেমন সে করছে। রাসূল ﷺ বলেন, উভয় ব্যক্তি পাপের ক্ষেত্রে এক সমান।
৫৪	আলেম ব্যক্তির ছওয়াব ও তার ফযীলত :	“আলেম ব্যক্তির মর্যাদা আবেদের উপর ঠিক তেমন, যেমন আমার মর্যাদা তোমাদের একজন সাধারণ ব্যক্তির উপর।” নিশ্চয় আল্লাহ্, ফেরেস্টাকুল, আসমান সমূহ ও যমীনের অধিবাসীগণ এমনকি পিপিলিকা তার গর্ত থেকে এবং পানির মাছও মানুষকে কল্যাণের শিক্ষাদানকারীর জন্য দু'আ করতে থাকে।”
৫৫	শহীদের মর্যাদা :	“শহীদের জন্য ছয়টি বৈশিষ্ট্য রয়েছে: (১) রজ্জের প্রথম ফোটা মাটিতে পড়ার সাথে সাথে তাকে ক্ষমা করা হবে। (২) তাকে জান্নাতের ঠিকানা দেখানো হবে। (৩) কবরের আযাব থেকে রক্ষা করা হবে। (৪) বড় আতঙ্কের দিন নিরাপদ থাকবে। (৫) তার মাথায় সম্মানের মুকুট পরানো হবে। যার একটি ইয়াকূত (নীলকান্তমনি) পাথরের মূল্য দুনিয়া ও তার মধ্যস্থিত সকল বস্তুর চাইতে উত্তম। (৬) তাকে ৭০ জন আনত নয়না হুরের সাথে বিবাহ দেয়া হবে। আর সে নিকটাত্মীদের মধ্যে থেকে ৭০ জনকে সুপারিশ করবে।”

৫৬	জিহাদে যথম হওয়া :	শপথ সেই সত্বার যার হাতে আমার প্রাণ কোন মানুষ যদি আল্লাহর পথে (জিহাদে) গিয়ে আহত হয়। আল্লাহই ভাল জানেন কে প্রকৃতপক্ষে আল্লাহর পথে থেকে আহত হবে- তবে কিয়ামত দিবসে সে এমন অবস্থায় উথিত হবে যে, আহত স্থান থেকে রক্তের বর্ণের মত রক্ত ঝরতে থাকবে কিন্তু তার ঝাণ হবে মিসক আশ্বরের মত অতুলনীয়।”
৫৭	আল্লাহর পথে সীমান্ত পাহারা দেয়া :	“আল্লাহর পথে একদিন মুসলিম রাষ্ট্রের সীমান্ত পাহারা দেয়ার ছওয়াব দুনিয়া এবং উহার মধ্যস্থিত সমস্ত বস্তু থেকে উত্তম। আর চাবুক বরাবর জান্নাতের একটি স্থান দুনিয়া এবং উহার মধ্যস্থিত সমস্ত বস্তু থেকে উত্তম।”
৫৮	আল্লাহর পথের যোদ্ধাকে প্রস্তুত করে দেয়া :	“যে ব্যক্তি মুজাহিদকে প্রস্তুত করে দিল সে জিহাদে শরীক হলো, যে ব্যক্তি মুজাহিদের পরিবারকে হেফাজতের উদ্দেশ্যে জিহাদ থেকে পিছে রয়ে গেল সেও যুদ্ধে শরীক হলো। (বুখারী ৬/১৫৮, মুসলিম হা/১৮৯৫)
৫৯	শহীদ হওয়ার জন্য সত্যিকারভাবে আল্লাহর কাছে প্রার্থনা করা :	“যে ব্যক্তি সত্যিকারভাবে শহীদ হওয়ার জন্য আল্লাহর কাছে প্রার্থনা করবে। আল্লাহ তাকে শহীদের মর্যাদায় উন্নীত করবেন, যদিও সে নিজ বিছানায় মৃত্যু বরণ করে।”
৬০	আল্লাহর ভয়ে ক্রন্দন করা এবং তাঁর পথে পাহারার কাজ করা :	“দু’টি চোখকে আশুদ স্পর্শ করবে না। যে চোখ আল্লাহর ভয়ে ক্রন্দন করেছে এবং যে চোখ আল্লাহর পথে (জিহাদে) সীমান্ত পাহারায় নিয়োজিত থাকে।”
৬১	বিপদ-মুসীবতে পতিত হওয়া :	“মুসলিম ব্যক্তি যখনই কোন বিপদে পড়ে যেমন: ক্লাস্তি, স্থায়ী অসুস্থতা, চিন্তা, দুঃখ-শোক, কষ্ট-ক্লেশ এমনকি যদি পায়ে কাঁটা ফুটে, তবে বিনিময়ে আল্লাহ্ তার গুনাহ মাফ করেন।” (বুখারী ও মুসলিম)
৬২	আল্লাহর উপর ভরসা করা এবং লোহা পুড়িয়ে চিকিৎসা, ঝাড়-ফুক ও পাখি উড়ানো পরিহার করা :	“স্বপ্নে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট সকল জাতিকে পেশ করা হয়েছে। তিনি দেখেছেন তার উম্মতের মধ্যে সত্তর হাজার লোক কোন হিসাব ও শাস্তি ছাড়া জান্নাতে প্রবেশ করেছে। আর তারা হচ্ছে: যারা লোহা পুড়িয়ে দাগ লাগিয়ে চিকিৎসা করে না, ঝাড়-ফুক করে না এবং পাখি উড়িয়ে ভাগ্য গণনা করে না। তারা সর্বদা পালনকর্তার উপর ভরসা করে।”
৬৩	করো যদি শিশু সন্তান মৃত্যু বরণ করে :	“কোন মুসলমানের যদি তিনজন সন্তান প্রাপ্তবয়স্ক হওয়ার পূর্বে মৃত্যু বরণ করে (আর সে সবার করে) তবে আল্লাহ্ তাকে জান্নাতে প্রবেশ করাবেন।”
৬৪	দৃষ্টি শক্তি নষ্ট হওয়া এবং তাতে ছবর করা :	আল্লাহ্ বলেন, আমি যদি কোন বান্দার দু’টি প্রিয়তম বস্তু কেড়ে নেই আর সে সবার করে, তবে বিনিময়ে তাকে আমি জান্নাত দান করব। (দু’টি প্রিয়তম বস্তু বলতে উদ্দেশ্য হচ্ছে দু’টি চোখ।)
৬৫	আল্লাহর ভয়ে কোন কিছু পরিত্যাগ করা :	“তুমি যদি আল্লাহর ভয়ে কোন কিছু পরিত্যাগ কর, তবে তার চাইতে উত্তম বস্তু আল্লাহ্ তোমাকে দান করবেন।”
৬৬	জিহবা ও লজ্জাস্থানের হেফায়ত করা :	“যে ব্যক্তি নিজের দু’চোয়ালের মধ্যবর্তী বস্তু (জিহবার) এবং দু’পায়ের মধ্যবর্তী বস্তু (যোনাঙ্গের) যিম্মাদার হবে, আমি তার জন্য জান্নাতের যিম্মাদার হব।”
৬৭	গৃহে প্রবেশ ও পানাহারের সময় বিসমিল্লাহ্ বলা:	“কোন মানুষ নিজ গৃহে প্রবেশ করার সময় এবং পানাহারের পূর্বে যদি বিসমিল্লাহ্ বলে, তবে শয়তান তার সঙ্গীদের বলে: এগৃহে তোমাদের থাকার জায়গা নেই এবং খানাও নেই। কিন্তু গৃহে প্রবেশের সময় যদি আল্লাহর নাম না নেয়, তবে শয়তান বলে: তোমাদের থাকার জায়গার ব্যবস্থা হল। আর পানাহারের সময় যদি আল্লাহর নাম না নেয়, তবে শয়তান বলে: তোমাদের থাকার জায়গা এবং খাবারের ব্যবস্থা হয়ে গেল।”
৬৮	পানাহার শেষে এবং নতুন পোষাক পরলে আল্লাহর প্রশংসা করা :	“কোন ব্যক্তি খাদ্য খেলে এই দু’আ পাঠ করবে: الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَنِي هَذَا وَرَزَقَنِيهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِنِّي وَلَا قُوَّةٍ উচ্চারণ: আল হামদু লিল্লাহিল্লাযী আত্ব’আমানী হাযা ওয়া রাযাকুনীহে মিন গাইরে হাওয়ালীন মিন্নী ওয়া লা- কুওয়্যাতিন্। “সমস্ত প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি আমাকে ইহা খাইয়েছেন এবং রিয়িক হিসেবে প্রদান করেছেন, যাতে আমার কোন শক্তি ও সামর্থ্য কিছুই ছিল না।” তবে তার পূর্বের গুনাহ ক্ষমা করা হবে। নতুন পোষাক পরিধান করে পাঠ করবে: الْحَمْدُ لِلَّهِ الَّذِي كَسَانِي هَذَا... উচ্চারণ: আল হামদু লিল্লাহিল্লাযী কাসানী হাযা... “সমস্ত প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি আমাকে এই পোষাক দান করেছেন..।

৬৯	কর্ম ক্লাস্তি দূর করার দু'আ :	ফাতেমা (রাঃ) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কাছে একজন খাদেম চাইলে তিনি তাঁকে এবং আলী (রাঃ)কে বলেন, “তোমরা আমার কাছে যা চেয়েছো তার চাইতে উত্তম কোন কিছু কি আমি তোমাদেরকে শিখিয়ে দিব না? তোমরা যখন শয্যা গ্রহণ করবে তখন ৩৪বার আল্লাহ্ আকবার পাঠ করবে, ৩৩ বার সুবহানালাহ্ ও ৩৩বার আল হামদুলিল্লাহ্ পাঠ করবে। এই তাসবীহগুলো খাদেমের চাইতে উত্তম।”
৭০	সহবাসের পূর্বে দু'আ পাঠ :	“তোমাদের কোন ব্যক্তি যদি স্ত্রী সহবাসের সময় এই দু'আ পাঠ করে : بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ جَنَّاتِ الشَّيْطَانِ وَجَنَّاتِ الشَّيْطَانِ مَا رَزَقْنَاهَا ওয়া জান্নেবিশ শায়তানা মা রযাকতানা। অর্থ: ‘শুরু করছি আল্লাহর নামে, হে আল্লাহ্! আমাদেরকে শয়তান থেকে দূরে রাখ এবং আমাদেরকে যে সন্তান দান করবে তাকেও শয়তান থেকে দূরে রাখ।’ তবে তাদের জন্য যদি কোন সন্তান নির্ধারিত হয়ে থাকে, তাহলে শয়তান কখনই তার ক্ষতি করতে পারবে না।”
৭১	মেয়েদের প্রতি সদাচরণ করা :	“যে ব্যক্তিকে এই কন্যা সন্তান প্রদান করার মাধ্যমে পরীক্ষা করা হবে, সে যদি তাদের প্রতি সুন্দর আচরণ করে, তবে তারা জাহান্নাম থেকে বাঁচার জন্য পর্দা স্বরূপ হয়ে যাবে।”
৭২	স্ত্রীর নিজ স্বামীকে সন্তুষ্ট রাখা :	“কোন মুসলিম রমণী যদি পাঁচ ওয়াজ নামায আদায় করে, রামাযানের ছিয়াম পালন করে, নিজের লজ্জাস্থানের হেফযাত করে এবং স্বামীর আনুগত্য করে, তবে তাকে বলা হবে, জান্নাতের যে কোন দরজা দিয়ে ইচ্ছা তুমি ভিতরে প্রবেশ কর।” “যে নারী এমন অবস্থায় মৃত্যু বরণ করবে যে, স্বামী তার প্রতি সন্তুষ্ট, সে জান্নাতে প্রবেশ করবে।”
৭৩	আত্মীয়তার সম্পর্ক বজায় রাখা :	“যে ব্যক্তি চায় যে তার রিযিক বাড়িয়ে দেয়া হোক এবং মৃত্যুর পর দীর্ঘ দিন মানুষ তার কথা স্মরণ করুক, তবে সে যেন আত্মীয়তার সম্পর্ক অটুট রাখে।”
৭৪	ইয়াতীমের দায়িত্বভার নেয়া :	“ইয়াতীমের লালন-পালনের দায়িত্ব গ্রহণকারী এবং আমি এইভাবে পাশাপাশি জান্নাতে অবস্থান করব।” একথা বলে তিনি স্বীয় তজনী ও মধ্যমা আঙ্গুলদ্বয়কে পাশাপাশি করে দেখালেন। (মুসলিম)
৭৫	বিধবা ও মিসকীনদের প্রতি খেয়াল রাখা :	“যে ব্যক্তি বিধবা, অভাবী মিসকীনদের দুঃখ-মুছীবত দূর করার জন্য প্রচেষ্টা চালায়, সে আল্লাহর পথের মুজাহিদের সমান ছওয়াব পায়। অথবা সে সারারাত ছালাত আদায়কারী এবং দিনে রোযা পালনকারীর মত ছওয়াব লাভ করে।”
৭৬	সচ্চরিত্র :	“মু'মিন ব্যক্তি সচ্চরিত্রের মাধ্যমে নফল সিয়াম পালনকারী ও নফল নামায আদায়কারীর সমপরিমাণ ছওয়াব লাভ করবে।” “যে ব্যক্তি নিজের চরিত্রকে সুন্দর করবে, আমি তার জন্য জান্নাতের সর্বোচ্চ স্থানে একটি ঘরের যিম্মাদার হব।”
৭৭	সৃষ্টিকুলের উপর দয়া ও অনুগ্রহ করা :	“নিঃসন্দেহে আল্লাহ্ তাঁর বন্দাদের মধ্যে দয়াশীলদের উপর দয়া করেন। যমিনে যারা আছে তোমরা তাদের প্রতি দয়া কর। যিনি আসমানে আছেন তিনি তোমাদের প্রতি দয়া করবেন।”
৭৮	মুসলমানদের জন্য কল্যাণ কামনা :	“তোমাদের মধ্যে কোন ব্যক্তি ঈমানদার হতে পারবে না, যে পর্যন্ত সে নিজের জন্য যা পছন্দ করে তা অন্যের জন্য পছন্দ না করবে।”
৭৯	লজ্জা :	“লজ্জাশীলতার মাধ্যমে কল্যাণ ছাড়া অন্য কিছু আসে না।” “লজ্জাশীলতা ঈমানের অঙ্গ।” “চারটি জিনিস নবী-রাসূলদের সুনাতের অন্তর্গত: লজ্জাশীলতা, আতর-সুগন্ধি ব্যবহার, মেসওয়াক ও বিবাহ।”
৮০	প্রথমে সালাম দেয়া :	জনৈক ব্যক্তি নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কাছে এসে বলল: আস্ সালামু আলাইকুম। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: দশ নেকী। তারপর আরেকজন লোক এসে বলল: আস্ সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ্। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: বিশ নেকী। তৃতীয় আরেক ব্যক্তি এসে বলল: আস্ সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়াবরকাতুহ্। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন: তিরিশ নেকী।”
৮১	সাক্ষাতের সময় মুসাফাহা করা :	“দু'জন মুসলমান যদি পরস্পর সাক্ষাত করে মুসাফাহা করে, তবে উভয়ে বিচ্ছিন্ন হওয়ার পূর্বে তাদেরকে ক্ষমা করা হয়।”

৮২	মুসলিমের ইজ্জত বাঁচানো :	“যে ব্যক্তি মুসলিম ভাইয়ের ইজ্জত রক্ষা করবে, কিয়ামত দিবসে আল্লাহ তাকে জাহান্নাম থেকে রক্ষা করবেন।”
৮৩	নেক লোকদের ভালবাসা ও তাদের সংস্পর্শে থাকা :	“তুমি যাকে ভালবাস (কিয়ামত দিবসে) তার সাথেই অবস্থান করবে।” (আনাস (রাঃ) বলেন, এ হাদীছ শুনে সাহাবীগণ যত খুশি হয়েছে অন্য কিছুতে এত খুশী হয়নি।)
৮৪	আল্লাহর সম্মানের খাতিরে পরস্পরকে ভালবাসা :	“আল্লাহ বলেন, আমার সম্মানের খাতিরে যারা পরস্পরকে ভালবাসে তাদের জন্য নূরের মিম্বার থাকবে। তা দেখে নবী ও শহীদগণ হিংসা করবে।” (এখানে হিংসা অর্থ: তাদেরকে যা দেয়া হয়েছে তাঁরাও অনুরূপ নিজেদের জন্য কামনা করবেন।)
৮৫	মুসলিম ভাইয়ের জন্য দু’আ করা :	“যে ব্যক্তি মুসলিম ভাইয়ের অনুপস্থিতিতে তার জন্য দু’আ করবে, তার সঙ্গে নিয়োজিত ফেরেশতা বলবে: আমীন এবং তোমার জন্যও অনুরূপ।”
৮৬	মু’মিন নারী-পুরুষের জন্য ক্ষমা প্রার্থনা করা :	“যে ব্যক্তি মু’মিন পুরুষ ও নারীর জন্য ক্ষমা প্রার্থনা করবে, আল্লাহ তার জন্য প্রত্যেক মু’মিন পুরুষ ও প্রত্যেক নারীর সংখ্যা পরিমাণ ছুঁয়াব লিখে দিবেন।”
৮৭	কল্যাণের পথ দেখানো :	“যে ব্যক্তি মানুষকে কল্যাণের পথ দেখাবে, সে উহার কর্তার সমপরিমাণ ছুঁয়াব লাভ করবে।”
৮৮	রাস্তা থেকে কষ্টদায়ক বস্তু অপসারণ করা :	“আমি দেখেছি একজন মানুষ জান্নাতে ঘুরাফেরা করছে একটি গাছকে রাস্তা থেকে অপসারণ করার কারণে। গাছটি রাস্তায় পড়ে ছিল এবং তাতে মানুষের কষ্ট হচ্ছিল।”
৮৯	ভালকাজ সর্বদা করতে থাকা :	“তোমরা ক্লাস্ত না হওয়া পর্যন্ত আল্লাহও ক্লাস্ত হন না। আর আল্লাহর কাছে সর্বাধিক পছন্দনীয় আমল হচ্ছে যা সর্বদা করা হয়- যদিও পরিমাণে উহা অল্প হয়।”
৯০	বাগড়া ও মিথ্যা পরিহার করা :	“আমি এমন লোকের জন্য জান্নাতের পার্শ্বদেশে একটি ঘরের যিম্মাদার যে হকদার হওয়া সত্যেও বাগড়া পরিহার করে। আর জান্নাতের মধ্যস্থলে একটি ঘরের যিম্মাদার এমন লোকের জন্য যে ঠাট্টা করে হলেও মিথ্যা বলা পরিহার করে।”
৯১	ক্লেশ সংবরণ করা	যে ব্যক্তি প্রতিশোধ গ্রহণে সক্ষম হওয়া সত্ত্বেও স্বীয় ক্লেশ সংবরণ করে আল্লাহ তাকে কিয়ামত দিবসে সমস্ত সৃষ্টির সামনে হাযির করবেন। অতঃপর হুরে-ঈন থেকে যাকে ইচ্ছা তাকেই গ্রহণ করার জন্য তাকে স্বাধীনতা দিবেন। (তিরমিযি হা/২০২২)
৯২	ভাল বা মন্দের সাক্ষ্য দেয়া :	“তোমরা যাকে ভাল বলে প্রশংসা করবে তার জন্য জান্নাত আবশ্যিক হয়ে যাবে। আর যাকে মন্দ বলে নিন্দা করবে তার জন্য জাহান্নাম আবশ্যিক হয়ে যাবে। তোমরা পৃথিবীতে আল্লাহর সাক্ষী।
৯৩	মুসলমানের বিপদ দূর করা, অভাব দূর করা, দোষ-ত্রুটি গোপন করা এবং সাহায্য করা :	“যে ব্যক্তি কোন মুমিনের দুনিয়ার একটি বিপদ দূর করবে, আল্লাহ কিয়ামত দিবসে তার একটি বিপদ দূর করবেন। যে ব্যক্তি অভাবীর বিষয়কে সহজ করবে, আল্লাহ দুনিয়া ও আখেরাতে তার সকল বিষয়কে সহজ করে দিবেন। যে ব্যক্তি কোন মুসলমানের দোষ-ত্রুটি গোপন রাখবে, দুনিয়া ও আখেরাতে আল্লাহ তার দোষ-ত্রুটি গোপন রাখবেন। বান্দা যতক্ষণ মুসলিম ভাইকে সাহায্য করবে, আল্লাহও তাকে সাহায্য করবেন।”
৯৪	ভাল কাজ বা মন্দ কাজের ইচ্ছা করা :	“কোন ব্যক্তি যদি সৎকাজ করার ইচ্ছা করে উহা বাস্তবায়ন না করে, তখন আল্লাহ তাকে পূর্ণ একটি সৎকাজ হিসেবে লিখে দেন। কিন্তু ইচ্ছা করার পর যদি উহা বাস্তবায়ন করে, তবে তাকে আল্লাহ দশগুণ থেকে সাতশতগুণ এবং আরো বহুগুণ পর্যন্ত বৃদ্ধি করে লিখে দেন। আর কোন মানুষ যদি খারাপ কাজের ইচ্ছা করার পর তা বাস্তবায়ন না করে তবে উহা একটি পূর্ণ নেকী হিসেবে আল্লাহ তা’আলা লিখে দেন। কিন্তু ইচ্ছা করার পর যদি বাস্তবায়ন করে, তবে আল্লাহ তা’আলা তার জন্য একটি মাত্র গুনাহ লিখে রাখেন।”
৯৫	আল্লাহর উপর ভরসা	“তোমরা যদি সঠিকভাবে আল্লাহর উপর তাওয়াক্কুল করতে তবে তিনি তোমাদেরকে রিযিক দান করতেন- যেমন পাখিকে রিযিক দান করে থাকেন, তারা খালি পেটে সকালে বের হয় এবং পেট ভর্তি করে রাতে ফিরে আসে।”
৯৬	আখেরাতকে দুনিয়ার উপর প্রাধান্য দেয়া :	“যে ব্যক্তির চিন্তা-ফিকির আখেরাত মুখী হবে আল্লাহ তার অন্তরে সম্ভ্রুতি দান করবেন, তার প্রত্যেকটি বিষয়কে একত্রিত করে দিবেন। আর দুনিয়া লাঞ্ছিত-অপমানিত অবস্থায় তার কাছে উপস্থিত হবে।”

১৭	<p>শাসকের ন্যায় বিচার, সৎ যুবক, মসজিদের সাথে সম্পর্ক ও আল্লাহর ওয়াস্তে ভালবাসা..</p>	<p>“কিয়ামত দিবসে সাত শ্রেণীর মানুষকে আল্লাহ তা’আলা (আরশের) নীচে ছায়া দান করবেন যেদিন তাঁর ছায়া ব্যতীত কোন ছায়া থাকবে না। (১) ন্যায়নিষ্ঠ শাসক (২) যে যুবক তার যৌবনকালকে আল্লাহর ইবাদতে কাটিয়েছে। (৩) যে ব্যক্তির অন্তর মসজিদের সাথে ঝুলন্ত থাকে। (৪) দু’জন মানুষ তারা পরস্পরকে ভালবাসে আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে। আল্লাহর জন্য একত্রিত হয় এবং তাঁর জন্যই আলাদা হয়। (৫) যে লোককে উচ্চ বংশের সুন্দরী কোন নারী (ব্যভিচারের) পথে আহবান করে, তখন সে বলে আমি আল্লাহকে ভয় করি। (৬) যে লোক এমন গোপনে দান করে যে, তার ডান হাত কি দান করল বাম হাত জানল না। (৭) যে ব্যক্তি নির্জনে আল্লাহকে স্মরণ করে এবং (তাঁর ভয়ে) ক্রন্দন করে।”</p>
১৮	<p>সকল বিষয়ে ইনসাফ করা :</p>	<p>“ইনসাফ প্রতিষ্ঠাকারী ন্যায় বিচারকগণ কিয়ামত দিবসে আল্লাহর ডান পাশে নূরের মিম্বারে অবস্থান করবে। আল্লাহর উভয় হাত ডান হাত। যারা নিজ পরিবারে ও অধিনস্থদের মাঝে ফায়সালা ও বিচারে ইনসাফ করতো।”</p>

কতিপয় নিষিদ্ধ বিষয়ের বিবরণঃ

নং	নিষিদ্ধ বিষয় সমূহঃ	নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,
১	অহংকার	“যার অন্তরে বিন্দু পরিমাণ অহংকার থাকবে, সে জান্নাতে প্রবেশ করতে পারবে না।” অহংকার হচ্ছে: সত্যকে প্রত্যাখ্যান করা এবং মানুষকে তুচ্ছ ও হেয় প্রতিপন্ন করা।
২	লোক দেখানো বা প্রশংসা শোনার জন্য সৎআমল করাঃ	“যে ব্যক্তি প্রশংসা শোনার জন্য নিজের আমল মানুষের সামনে প্রকাশ করবে, আল্লাহ্ কিয়ামত দিবসে তার খারাপ নিয়ত প্রকাশ করে দিবেন। যে ব্যক্তি মানুষকে দেখানোর জন্য আমল করবে, আল্লাহ্ কিয়ামত দিবসে তার আমল মানুষকে দেখিয়ে দিবেন এবং তাকে সকলের সামনে লাঞ্চিত করবেন।”
৩	অশ্লীলতাঃ	“কিয়ামত দিবসে আল্লাহর কাছে সবচেয়ে নিকৃষ্ট মানুষ সে লোক, যার অশ্লীলতা থেকে বাঁচার জন্য মানুষ তার থেকে দূরে থাকতো।”
৪	মিথ্যাঃ	“দূর্ভোগ সেই লোকের জন্য যে মানুষকে হাসানোর জন্য কথা বলে এবং মিথ্যা বলে। দূর্ভোগ তার জন্য দূর্ভোগ তার জন্য।”
৫	গুনাহ ও ফিতনাঃ	“চাটাইয়ের কাঠির মত একটা একটা করে মানুষের অন্তরে ফিতনা উপস্থিত হয়, যে অন্তর তাকে প্রশয় দেয়, তাতে একটি কাল দাগ পড়ে।”
৬	গুণ্ডচরবৃত্তিঃ	“যে ব্যক্তি পোগনে মানুষের কথা আড়ি পেতে শুনে অথচ তারা সেটা পছন্দ করে না অথবা তা থেকে বেঁচে থাকতে চায়, তাহলে কিয়ামত দিবসে শিশা গলিয়ে গরম করে তার কানে ঢালা হবে।”
৭	চিত্রাঙ্কন	“নিশ্চয় চিত্রাঙ্কনকারীদেরকে কিয়ামত দিবসে সবচেয়ে কঠিন শাস্তি দেয়া হয়ে।” “যে গৃহে ছবি থাকে এবং কুকুর থাকে সে গৃহে রহমতের ফেরেশতা প্রবেশ করে না।”
৮	চুগোলখোরী	“চুগোলখোর জান্নাতে প্রবেশ করবে না।” (চুগোলখোরী হচ্ছেঃ মানুষের মাঝে ঝগড়া বাধানোর জন্য একজনের কথা অন্যজনের কাছে লাগানো।)
৯	গীবতঃ	“তোমরা কি জান গীবত কি? তারা বললেন, আল্লাহ্ এবং তাঁর রাসূল ভাল জানেন। তিনি বললেন: তোমার ভাইয়ের ব্যাপারে এমন কথা (তার অসাক্ষাতে) উল্লেখ করা যা সে অপছন্দ করে। তাঁকে প্রশ্ন করা হল: আমি তার সম্পর্কে যা বলি সে যদি ঐরূপই হয়? তিনি বললেন: তার মধ্যে ঐ দোষ থাকলে তুমি তার গীবত করলে। আর তা না থাকলে তুমি তাকে অপবাদ দিলে।”
১০	লা'নত বা অভিশাপঃ	“কোন মু'মিনকে লা'নত করা তাকে হত্যা করার সমতুল্য পাপ।” (লা'নতকারীরা কিয়ামত দিবসে সুপারিশকারী হবে না সাক্ষীও হবে না।”
১১	স্বামী-স্ত্রীর গোপন বিষয় ফাঁস করাঃ	কিয়ামত দিবসে আল্লাহর কাছে সর্বাধিক নিকৃষ্ট হচ্ছে সেই লোক, যে নিজ স্ত্রীর সাথে সহবাসে লিপ্ত হয় অতঃপর তাদের গোপন কর্মের বিবরণ মানুষের কাছে প্রকাশ করে দেয়।” মুসলিম
১২	সুগন্ধি লাগিয়ে নারীর বাইরে বের হওয়াঃ	“প্রত্যেক চোখ ব্যভিচারী। নারী যদি আতর-সুগন্ধি লাগিয়ে মানুষের পাশ দিয়ে হেঁটে যায়, তবে সে এরূপ এরূপ। অর্থাৎ ব্যভিচারীনি।”
১৩	কোন মুসলমানকে কুফরীর অপবাদ দেয়াঃ	“কোন মানুষ যদি মুসলিম ভাইকে বলে: হে কাফের! তবে কথাটি দু'জনের যে কোন একজনের কাছে ফেরত আসবে। সে যদি ঐরূপ না হয়, তবে তার কাছে ফিরে আসবে।” (অর্থাৎ সে-ই কাফের হয়ে যাবে)
১৪	নিজের পিতাকে ছেড়ে অন্যকে পিতা ডাকাঃ	“যে ব্যক্তি জেনে শুনে নিজ পিতাকে ছেড়ে অন্যকে পিতা বলে দাবী করবে, তার জন্য জান্নাত হারাম।” “যে নিজ পিতা থেকে বিমুখ হবে, সে কুফরী করবে।”
১৫	কোন মুসলমানকে ভয় দেখানোঃ	“কোন মুসলমানকে (অহেতুক) ভয় দেখানো কোন মুসলমানের জন্য হালাল নয়।” “যে ব্যক্তি কোন মুসলমান ভাইকে লোহার অস্ত্র দিয়ে ভয় দেখাবে, ফেরেশতারা তাকে লা'নত করবে যতক্ষণ সে তা পরিত্যাগ না করে।”
১৬	মুনাফেক ও ফাসেক লোককে নেতৃত্ব দান করাঃ	“কোন মুনাফেককে নেতা বলবে না। সে যদি নেতা হয়ে যায় তবে তোমরা তোমাদের পালনকর্তাকে নাখোশ করে দিলে।”
১৭	নারীদের কবর যিয়ারতঃ	“অধিকহারে কবর যিয়ারতকারীদের উপর আল্লাহর লা'নত।” (উম্মে আভুয়্যা (রাঃ) বলেন, জানাযার সাথে চলতে আমাদেরকে নিষেধ করা হয়েছে কিন্তু সে ব্যাপারে আমাদের উপর কঠোরতা আরোপ করা হয়নি।)
১৮	নারীর স্বামীর আহবানকে প্রত্যাখ্যান করাঃ	“কোন ব্যক্তি যদি স্ত্রীকে বিছানায় আহবান করে, কিন্তু স্ত্রী তার আহবান প্রত্যাখ্যান করে, অতঃপর স্বামী রাগান্বিত অবস্থায় রাত কাটায়, তবে প্রভাত হওয়া পর্যন্ত ফেরেশতাগণ সে স্ত্রীকে অভিশাপ দেয়।” (বুখারী ও মুসলিম)

১৯	অধীনস্থদেরকে ধোকা দেয়াঃ	“কোন বান্দাকে যদি আল্লাহ্ শাসন ক্ষমতা দান করেন আর সে এমন অবস্থায় মৃত্যু বরণ করে যে অধীনস্থ প্রজা বা নাগরিকদের ধোকা দিয়েছে, তবে আল্লাহ্ তার জন্য জান্নাতকে হারাম করে দিবেন।”
২০	বিনা এলেমে ফতোয়া দেয়াঃ	“যে ব্যক্তি বিনা এলেমে ফতোয়া দিবে, তার গুনাহ ফতোয়া দানকারীর উপর বর্তাবে।”
২১	বিনা কারণে স্বামীর কাছে তালাক চাওয়াঃ	“যে নারী কোনরূপ অসুবিধা ছাড়াই বিনা কারণে স্বামীর নিকট তালাক চায়, তার জন্য জান্নাতের সুম্মাণ হারাম।” (তিরমিযী, আবু দাউদ, ইবনু মাজাহ। ছহীহুল জামে হা/২৭০৬)
২২	গৃহপালিত পশুর গলায় ঘন্টা বাঁধাঃ	“সেই লোকদের সাথে রহমতের ফেরেশতা থাকে না, যাদের কাছে কুকুর ও ঘন্টা আছে।” “ঘন্টা হচ্ছে শয়তানের বাঁশি।”
২৩	অলসতা করে জুমআ পরিত্যাগ করাঃ	“(বিনা ওয়রে) যে ব্যক্তি অলসতা বশতঃ পরপর তিন জুমআ পরিত্যাগ করবে, আল্লাহ্ তার অন্তরে মোহর মেরে দিবেন।”
২৪	মানুষের যমিন দাবিয়ে নেয়াঃ	“যে ব্যক্তি অন্যায়ভাবে মানুষের অর্ধহাত পরিমাণ যমিন দাবিয়ে নিবে, আল্লাহ্ কিয়ামত দিবসে সেখান থেকে সাত তবক পরিমাণ যমিন তার গলায় বেড়ী আকারে পরিয়ে দিবেন।”
২৫	আল্লাহকে নাখোশকারী কথা বলাঃ	“নিশ্চয় বান্দা বেপরওয়া হয়ে বেখেয়ালে এমন কথা উচ্চারণ করে ফলে আল্লাহ তাতে অসন্তুষ্ট হয়ে যান, তখন তাকে জাহান্নামের এমন গভীরে নিক্ষেপ করেন যার দূরত্ব সত্তর বছরের রাস্তা বরাবর।”
২৬	আল্লাহর যিকির ব্যতীত অতিরিক্ত কথা বলাঃ	“আল্লাহর যিকির ব্যতীত অন্য কোন বিষয়ে বেশী কথা বলো না। কেননা আল্লাহর যিকির ছাড়া অতিরিক্ত কথা বললে অন্তর কঠোর হয়ে যাবে।” (হাদীছটি যঈফ)
২৭	অতিরিক্ত চুল পরিধানকারীনাঃ	“যে নারী আলগা চুল ব্যবহার করে এবং যে উজ্জ্বল চুল লাগিয়ে দেয় তাদের উপর আল্লাহর লা'নত। যে নারী সুচ দিয়ে খোদাই করে শরীরে রং লাগায় এবং যে নারী এ কাজ করে দেয় তাদের উপর আল্লাহর লা'নত।
২৮	মুসলমান ভাইয়ের সাথে কথা না বলাঃ	“কোন মুমিনের জন্য জায়েয নয় মুসলমান ভায়ের সাথে তিন দিনের বেশী সম্পর্ক ছিন্ন রাখা।” “যে ব্যক্তি তার মুসলমান ভাইকে পরিত্যাগ করল সে যেন তার রক্ত প্রবাহিত করল।”
২৯	অন্য লিঙ্গের বেশ ধারণ করাঃ	“যে নারী পুরুষের বেশ ধারণ করে এবং যে পুরুষ নারীর বেশ ধারণ করে তাদেরকে রাসুলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) অভিশাপ দিয়েছেন।
৩০	দান করার পর ফেরত নেয়াঃ	“হেবা বা দান করার পর তা ফেরত নেয়া হচ্ছে সেই কুকুরের মত যে বমি করার পর আবার তা খেয়ে ফেলে।” “দান করার পর তা ফেরত নেয়া কোন মানুষের জন্য জায়েয নেই।”
৩১	দুনিয়া উপার্জনের উদ্দেশ্যে জ্ঞানার্জনঃ	“যে জ্ঞানার্জনের মাধ্যমে আল্লাহর সন্তুষ্টি উদ্দেশ্যে করতে হয়, তা যদি কোন ব্যক্তি শুধু এ উদ্দেশ্যে শিক্ষা করে যে, তা দ্বারা দুনিয়ার সামগ্রী সংগ্রহ করবে, তাহলে সে জান্নাতের সুম্মাণও পাবে না।”
৩২	হারাম জিনিস দেখাঃ	“বনী আদমের জন্য ব্যভিচারের একটি অংশ লিখে দেয়া হয়েছে, অবশ্যই সে তাতে লিপ্ত হবে। দু'চোখের ব্যভিচার হচ্ছে (হারাম জিনিসের প্রতি) দৃষ্টিপাত করা, দু'কানের ব্যভিচার হচ্ছে (অন্যায় কথা) শ্রবণ করা, জিহ্বার ব্যভিচার হচ্ছে সে সম্পর্কে কথা বলা, হাতের ব্যভিচার হচ্ছে (গায়র মাহরামের শরীরে) স্পর্শ করা, পায়ের ব্যভিচার হচ্ছে (সে পথে) চলা, অন্তর (উজ্জ্বল হারাম কাজকে) কামনা করে ও আশা করে এবং (সবশেষে) যৌনাঙ্গ তা সত্যায়ন করে বা প্রত্যাখ্যান করে তাকে মিথ্যায় পরিণত করে।”
৩৩	গায়র মাহরাম নারীর সাথে নির্জনে সাক্ষাৎ করাঃ	“কোন মানুষ যদি গায়র মাহরাম নারীর সাথে নির্জনে মিলিত হয়, তবে শয়তান তাদের সাথে তৃতীয় জন হিসেবে উপস্থিত হয়।”

৩৪	অভিভাবক ছাড়া নারী নিজেই বিবাহ সম্পাদন করা :	“যে নারী অভিভাবকের অনুমতি ছাড়া নিজেই নিজের বিবাহ সম্পাদন করে, তার বিবাহ বাতিল তার বিবাহ বাতিল তার বিবাহ বাতিল ।”
৩৫	শেগার বিবাহ করা:	“নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) শেগার বিবাহ করতে নিষেধ করেছেন ।” শেগার বিবাহ বলা হয়: একজনের মেয়েকে এই শর্তে বিবাহ করা যে, সেও তার মেয়েকে তার সাথে বিবাহ দিবে । তাদের মধ্যে কোন মোহর থাকবে না ।
৩৬	মানুষের উদ্দেশ্যে আমল করা:	“আল্লাহ তা’আলা বলেন: আমি অংশীদারদের অংশীস্থাপন থেকে বিমুখ । যে ব্যক্তি কোন আমল করে তাতে আমার সাথে অন্যকে অংশীদার করে, আমি তাকে পরিত্যাগ করব এবং তার শিকী আমলকেও প্রত্যাখ্যান করব ।”
৩৭	মাহরাম ছাড়া নারীর সফর করা:	“যে নারী আল্লাহ এবং শেষ দিবসের প্রতি ঈমান রাখে, সে যেন মাহরাম ব্যতীত একদিনের সফর পরিমাণ দূরত্ব সফর না করে ।”
৩৮	নিয়াহা (বিলাপ) করা:	“যে ব্যক্তির জন্য বিলাপ করে ক্রন্দন করা হয়েছে, তাকে একারণে কিয়ামত দিবসে শাস্তি দেয়া হবে ।” “মৃত্ত ব্যক্তিকে কবরে শাস্তি দেয়া হবে তার জন্য জীবিতের বিলাপ করে ক্রন্দন করার কারণে ।”
৩৯	মুসল্লীদের কষ্ট দেয়া:	“যে ব্যক্তি পিয়াজ-রসুন (অনুরূপ দুর্গন্ধযুক্ত বস্তু) খাবে সে যেন আমাদের মসজিদের নিকটবর্তী না হয় । কেননা যাতে মানুষ কষ্ট পায়, তাতে ফেরেশতারাও কষ্ট পায় ।”
৪০	আল্লাহ ব্যতীত অন্যের নামে শপথ করা:	“যে ব্যক্তি গাইরুল্লাহর নামে শপথ করে সে কুফরী করে বা শিক করবে ।” “কেউ যদি শপথ করতে চায় তবে হয় আল্লাহর নামে শপথ করবে নতুবা নীরব থাকবে ।”
৪১	মিথ্যা কসম করা:	“যে ব্যক্তি মিথ্যা শপথ করে অন্যায়ভাবে কোন মুসলমানের সম্পদ আত্মসাৎ করবে, সে এমন অবস্থায় আল্লাহর সাথে সাক্ষাত করবে যে তিনি তার উপর রাগমিত হবেন ।”
৪২	বিক্রয়ের সময় শপথ করা:	“বেচা-কেনার সময় তোমরা বেশী বেশী শপথ করা থেকে সাবধান । কেননা এতে পণ্য বিক্রয় হবে বেশী কিন্তু তার বরকত মিটে যাবে ।” “শপথের মাধ্যমে পণ্য বিক্রয় হবে বেশী কিন্তু তা বরকতকে মিটিয়ে দিবে ।”
৪৩	কাফেরদের সাদৃশ্য অবলম্বন করা:	“যারা কোন জাতির সাদৃশ্যাবলম্বন করবে তারা সে জাতিরই অন্তর্ভুক্ত হবে ।”
৪৪	হিংসা করা:	“সাবধান তোমরা হিংসা করবে না । কেননা হিংসা পূণ্য ধ্বংস করে ফেলে, যেমন আগুন কাঠ বা ঘাস জ্বালিয়ে ফেলে ।”
৪৫	কবরের উপর ঘর তৈরী করা:	রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিষেধ করেছেন কবরকে চুনকাম করতে, তার উপর বসতে এবং তার উপর ঘর উঠাতে ।
৪৬	বিশ্বাসঘাতকতা ও খিয়ানত করা:	“কিয়ামত দিবসে যখন আল্লাহ প্রথম থেকে শেষ পর্যন্ত সমস্ত মানুষকে একত্রিত করবেন, তখন প্রত্যেক বিশ্বাসঘাতকের জন্য একটি করে পতাকা উড়ানো হবে । বলা হবে এটা অমুকের পুত্র অমুকের বিশ্বাসঘাতকতা ।”
৪৭	কবরের উপর বসা:	“তোমাদের কারো জন্য কোন কবরের উপর বসার চাইতে আগুনের কয়লার উপর বসে কাপড় পুড়িয়ে চামড়া জ্বালিয়ে দেয়া উত্তম ।”
৪৮	মৃতের জন্য শোক:	“যে নারী আল্লাহ এবং শেষ দিবসের প্রতি ঈমান রাখে তার জন্য স্বামী ব্যতীত কোন মৃত ব্যক্তির জন্য তিন দিনের বেশী শোক পালন করা বৈধ নয় ।”
৪৯	বিনা প্রয়োজনে ভিক্ষা বৃত্তি করা:	তিনটি বিষয়ে আমি শপথ করতে পারি । আমি তোমাদের নিকট হাদীছ বর্ণনা করছি তোমরা তা মুখস্থ রাখ... যে কোন বান্দা ভিক্ষা বৃত্তির দরজা খুলবে, আল্লাহ তার জন্য অভাবের দরজাকে উন্মুক্ত করবেন ।”
৫০	বেচা-কেনায় ধোকাবাজী করা:	“রাসূল (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিষেধ করেছেন শহরের মানুষ যেন গ্রামের লোকের কাছে বিক্রয় না করে । অন্যকে ধোকা দেয়ার জন্য পণ্যের মূল্য বৃদ্ধি না করে । কোন ভাইয়ের বিক্রয়ের উপর যেন আরেকজন বিক্রয় না করে ।”
৫১	মসজিদে এসে হারানো বস্তু খোঁজা:	“কাউকে যদি হারানো বস্তু মসজিদে এসে খুঁজতে দেখ বা সে সম্পর্কে ঘোষণা করতে দেখ । তবে বলবে: আল্লাহ করে বস্তুটি তুমি খুঁজে না পাও । কেননা মসজিদ এ উদ্দেশ্যে বানানো হয়নি ।”

৫২	মুসল্লীর সামনে দিয়ে হাঁটাঃ	“মানুষ যদি জানতো যে মুসল্লীর সম্মুখ দিয়ে অতিক্রম করলে কতটুকু গুনাহ হবে, তবে তার সামনে দিয়ে অতিক্রম করার চাইতে চল্লিশ বছর দাঁড়িয়ে থাকা তার জন্য উত্তম মনে করতো।”
৫৩	আসরের নামায পরিত্যাগ করাঃ	“যে ব্যক্তি আসর নামায পরিত্যাগ করবে, তার আমল বরবাদ হয়ে যাবে।”
৫৪	নামাযে অবহেলা করাঃ	“তাদের মাঝে এবং আমাদের মাঝে চুক্তি হচ্ছে নামাযের, যে ব্যক্তি উহা পরিত্যাগ করবে, সে কাফের হয়ে যাবে।” “মুসলমান ও মুশরিকের মাঝে পার্থক্য হচ্ছে নামায পরিত্যাগ করা।”
৫৫	বিজ্ঞাপ্তির পথে মানুষকে আহ্বান করাঃ	“যে ব্যক্তি মানুষকে বিজ্ঞাপ্তির পথে আহ্বান করবে, তার অনুসরণকারীদের বরাবর গুনাহ তার উপর বর্তাবে। এতে তাদের গুনাহ কোন অংশে কম হবে না।”
৫৬	পানি পানের ক্ষেত্রে নিষেধাজ্ঞাঃ	“রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) পান পাত্রের মুখে মুখ লাগিয়ে পানি পান করতে নিষেধ করেছেন।”
৫৭	স্বর্ণ-রৌপ্যের পাত্রে পানি পান করাঃ	“তোমরা স্বর্ণ-রৌপ্যের পাত্রে পান করবে না। রেশমের পোষাক পরিধান করবে না। কেননা এগুলোর ব্যবহার তাদের (কাফেরদের) জন্য দুনিয়াতে এবং তোমাদের জন্য পরকালে।” (বুখারী ও মুসলিম)
৫৮	বাম হাতে পানাহার করাঃ	“তোমাদের মধ্যে কোন মানুষ যেন বাম হাতে পানাহার না করে। কেননা শয়তান বাম হাতে পানাহার করে।”
৫৯	আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করাঃ	“আত্মীয়তার সম্পর্ক ছিন্নকারী জান্নাতে প্রবেশ করবে না।”
৬০	নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর উপর দরুদ পাঠ না করাঃ	“সেই লোকের নাক ধুলানুষ্ঠিত হোক, যার সামনে আমার নাম উল্লেখ করা হল কিন্তু সে আমার প্রতি দরুদ পাঠ করল না।” “প্রকৃত কৃপণ সেই লোক যার সামনে আমার নাম উচ্চারণ হল কিন্তু সে আমার প্রতি দরুদ পাঠ করল না।”
৬১	কথাবার্তায় অহংকারীর পরিচয় দেয়াঃ	“কিয়ামত দিবসে তোমাদের মধ্যে সেই লোক আমার নিকট সবচেয়ে বেশী ঘৃণিত ও আমার থেকে দূরে যারা অতিরিক্ত কথা বলে, গর্ব প্রকাশ করার জন্য বাকপটুতা দেখায় এবং মানুষকে ঠাট্টা করে মুখ বক্র করে কথা বলে।”
৬২	কুকুর পোষাঃ	“যে ব্যক্তি শিকার ও চাষাবাদের উদ্দেশ্যে ব্যতীত অন্য উদ্দেশ্যে কুকুর পোষে তার আমল থেকে প্রতিদিন দু'কিরাত পরিমাণ ছুওয়াব কমতে থাকে।”
৬৩	চতুষ্পদ জন্তুকে কষ্ট দেয়াঃ	“জনেক নারীকে একটি বিড়ালের কারণে শাস্তি দেয়া হয়েছে। সে বিড়ালটিকে বন্দী করে রেখেছিল। ফলে তা মারা যায়। সে কারণে তাকে জাহান্নামে নিক্ষেপ করা হয়।” “রুহ বা আত্মা আছে এমন প্রাণীকে লক্ষ বস্ত্র বানিয়ে তাকে কষ্ট দিও না।”
৬৪	সুদঃ	“রাসূলুল্লাহ্ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সুদ গ্রহীতা ও সুদ দাতাকে লানত করেছেন।” “জেনে-শুনে এক দিরহাম পরিমাণ সুদ গ্রহণ করার অপরাধ ছত্রিশ জন নারীর সাথে ব্যভিচার করার চাইতে কঠিন।”
৬৫	মদ্যপানঃ	“যে ব্যক্তি বারবার মদ পান করে, যে যাদুর প্রতি বিশ্বাস রাখে এবং যে আত্মীয়তার সম্পর্ক ছিন্ন করে সে জান্নাতে প্রবেশ করতে পারবে না।”
৬৬	আল্লাহর বন্ধুদের সাথে শত্রুতা পোষণঃ	“আল্লাহ্ বলেন, যে ব্যক্তি আমার বন্ধুর সাথে শত্রুতা পোষণ করে, আমি তার সাথে যুদ্ধের ঘোষণা দিলাম।”
৬৭	ইসলামী দেশে আশ্রয়প্রাপ্ত কাফেরকে হত্যা করাঃ	“যে ব্যক্তি চুক্তিবদ্ধ কোন কাফেরকে বিনা অধিকারে হত্যা করবে সে জান্নাতের সুঘাণ পাবে না। আর জান্নাতের সুঘাণ একশত বছরের রাস্তার দূরত্ব থেকে পাওয়া যাবে।”
৬৮	উত্তরাধিকারীকে তার প্রাপ্য সম্পদ থেকে বঞ্চিত করাঃ	“যে ব্যক্তি উত্তরাধিকারীকে তার ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত করবে, কিয়ামত দিবসে আল্লাহ্ তাকে জান্নাতের মীরাহ থেকে বঞ্চিত করবেন।”
৬৯	আখেরাতের উপর দুনিয়াকে প্রাধান্য দেয়াঃ	“যার চিন্তা-ফিকির সর্বদা দুনিয়া নিয়ে, আল্লাহ্ তার দু'চোখের সামনে অভাব রেখে দিবেন, তার প্রতিটি বিষয়কে বিচিন্ন করে দিবেন। আর দুনিয়ার যে বস্ত্র তার জন্য নির্ধারিত আছে তা ছাড়া কোন কিছুই তার কাছে আসবে না।”

অনন্তের পথে যাত্রাঃ

আপনার রাস্তা জান্নাতের দিকে অথবা জাহান্নামের দিকে।

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ وَانظُرُوا نَفْسَ مَا قَدَّمْتُمْ لَعَدُ﴾ “হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে ভয় কর। ভেবে দেখ তোমরা আগামী কালের জন্য কি প্রস্তুত করেছো।” (সূরা হাশরঃ ১৮)

কবরঃ আখেরাতের প্রথম ধাপ। কবর কাফের ও মুনাফেকের জন্য আগুনের গর্ত। মুমিনের জন্য শান্তির বাগিচা। বিভিন্ন পাপের কারণে কবরে আযাব হবেঃ যেমনঃ পেশাব থেকে পবিত্র না থাকা, চুগোলখোরী করা, গনীমতের সম্পদ চুরি করা, নামায না পড়ে ঘুমিয়ে থাকা, কুরআন পরিত্যাগ করা, ব্যভিচার করা, পুরুষে পুরুষে সমকামিতা করা, সুদ খাওয়া, ঋণ পরিশোধ না করা ইত্যাদি। এমনভাবে বিভিন্ন নেক আমলের মাধ্যমে কবরের আযাব থেকে রক্ষা পাওয়া যাবে। যেমনঃ একনিষ্ঠভাবে আল্লাহর সন্তুষ্টির জন্য নেক আমল করা, কবরের আযাব থেকে আশ্রয় প্রার্থনা করা, সূরা মুলক পাঠ করা ইত্যাদি। কবরের আযাব থেকে বাঁচানো হবেঃ শহীদদেরকে, মুসলমান দেশের সীমান্ত রক্ষার কাজে নিয়োজিত থেকে মৃত্যু বরণকারীকে, শুক্রবার ও পেটের পিড়ায় মৃত্যু বরণকারীকে।

শিঙ্গায় ফুৎকারঃ একটি বিশাল শিঙ্গা মুখে নিয়ে ইসরাফীল (আঃ) আদেশের অপেক্ষায় আছেন। আদেশ পেলেই তিনি তাতে ফুৎকার দিবেন। দু’বার শিঙ্গায় ফুৎকার দেয়া হবেঃ আতংকের ফুৎকারঃ (১ম বার শিঙ্গায় ফুৎকারের সাথে সাথে চতুর্দিকে মহা আতঙ্ক, আত্নাদ এবং বিভিষিকা ছড়িয়ে পড়বে।) আল্লাহ বলেন, ﴿وَيَوْمَ يُفْفَخُ فِي الصُّورِ فَفَزِعَ مَنْ فِي السَّمَاوَاتِ وَمَنْ فِي الْأَرْضِ إِلَّا مَنْ شَاءَ اللَّهُ﴾ “যেদিন শিঙ্গায় ফুৎকার দেয়া হবে তখন আল্লাহ যাকে চান সে ব্যতীত আকাশ ও পৃথিবীর সব কিছু ভীত-সন্ত্রস্ত হয়ে যাবে।” (সূরা নমলঃ ৮৭) সে সময় পৃথিবী ধ্বংস হয়ে যাবে। এর চল্লিশ দিন পর পুনরুত্থানের জন্য দ্বিতীয়বার শিঙ্গায় ফুৎকার দেয়া হবেঃ ﴿ثُمَّ نَفَخَ فِيهِ أُخْرَىٰ فَإِذَا هُمْ قِيَامٌ يَنْظُرُونَ﴾ “অতঃপর পুনরায় তাতে ফুৎকার দেয়া হবে, ফলে সকলে দন্ডায়মান হয়ে দেখতে থাকবে।” (সূরা যুমারঃ ৬৮)

পুনরুত্থানঃ এরপর আল্লাহ বৃষ্টি নাযিল করবেন। তখন মানুষ স্বশরীরে উঠবে (মেরুদন্ডের হাড়িডর শেষাংশ থেকে তাদের শরীর তৈরী করা হবে) মানুষ নতুন ভাবে সৃষ্টি হবে। তাদের আর মৃত্যু হবে না। নগ্ন পদ ও উলঙ্গ হয়ে সকলে উত্থিত হবে। মানুষ ফেরেশতা ও জিনদেরকে দেখতে পাবে। প্রত্যেককে তার আমল অনুসারে উত্থিত করা হবে।

হাশরঃ সকল সৃষ্টিকে আল্লাহ হিসাবের জন্য একত্রিত করবেন। আতঙ্কগ্রস্থের মত বিকার অবস্থায় তারা থাকবে। দিনটি ৫০ হাজার বছরের সমান দীর্ঘ হবে। দুনিয়ার জীবন তাদের কাছে এক ঘন্টার মত মনে হবে। সূর্য মাথার উপর এক মাইল দূরত্বে অবস্থান করবে। প্রত্যেক মানুষ তার আমল অনুসারে ঘামের মধ্যে হাবুডুবু খাবে। এদিন দুর্বল ও অহংকারীরা পরস্পর ঝগড়ায় লিপ্ত হবে। কাফের তার বন্ধুর সাথে এবং শয়তানও তার সাথীর সাথে বিতর্ক করবে। তারা একে অপরকে লা’নত করবে। অত্যাচারী নিজের হাতকে দংশন করবে। সেদিন জাহান্নামকে ৭০ হাজার শিকল দিয়ে সামনে টেনে নিয়ে আসা হবে। প্রত্যেক শিকলকে ৭০ হাজার ফেরেশতা ধরে টানবে। কাফের জাহান্নাম থেকে নিজের জান বাঁচানোর জন্য মুক্তিপন দিতে চাইবে। অথবা চাইবে সে যেন মাটির সাথে মিশে যায়। **কিন্তু পাপীদের মধ্যে :** যারা যাকাত দিত না তাদের সম্পদকে আগুনে চ্যাপ্টা করে তাকে ছ্যাক দেয়া হবে। অহংকারীদেরকে পিপড়ার মত ক্ষুদ্র করে উঠানো হবে। বিশ্বাসঘাতক, গনীমতের সম্পদ চোর ও মানুষের সম্পদ আত্মসাৎকারীকে সকলের সামনে লাঞ্চিত করা হবে। চোর যা চুরি করেছিল তা নিয়ে সে উপস্থিত হবে। সকল গোপন বিষয় প্রকাশ হয়ে পড়বে। **কিন্তু পরহেজগারগণঃ** তাদের কোন ভয় থাকবে না। এ দিনটি যোহরের নামাযের সময়ের মত অল্পতেই শেষ হয়ে যাবে।

শাফা'আতঃ বৃহৎ শাফা'আতের অধিকারী শুধুমাত্র নবী (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)। হাশরের মাঠে সৃষ্টিকুলের দীর্ঘ কষ্ট ও বিপদের অবসান এবং তাদের হিসাব-নিকাশের জন্য তিনি সুপারিশ করবেন। এছাড়া সাধারণভাবে নবী (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এবং অন্যান্য মুমিনগণও সুপারিশ করবেন। যেমন পাপী মুমিনদেরকে জাহান্নাম থেকে বের করার জন্য সুপারিশ। জান্নাতে মুমিনদের মর্যাদা উন্নীত করার সুপারিশ।

হিসাব-নিকাশঃ মানুষকে কাতারবন্দী করে পালনকর্তার সামনে উপস্থিত করা হবে। আল্লাহ তা'আলা প্রত্যেককে আলাদা আলাদাভাবে তাদের আমল সমূহ দেখাবেন এবং সে সম্পর্কে প্রশ্ন করবেন। তাদের জীবন, যৌবন, ধন-সম্পদ, বিদ্যা এবং অঙ্গীকার সম্পর্কে জিজ্ঞেস করবেন। আরো প্রশ্ন করবেন বিভিন্ন নে'য়ামত, দৃষ্টি শক্তি, শ্রবণ শক্তি, অন্তর ইত্যাদি সম্পর্কে। কাফের এবং মুনাফেককে ধমকানোর জন্য এবং তাদের উপর দলীল উপস্থাপন করার জন্য সকলের সামনে তাদের হিসাব করা হবে। মানুষ, পৃথিবী, রাত, দিন, সম্পদ, ফেরেশতা, অঙ্গ-প্রত্যঙ্গ প্রভৃতি তাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে। শেষ পর্যন্ত তাদের অপরাধ প্রমাণিত হবে এবং তারাও তা স্বীকার করবে। আর মুমিনের সাথে আল্লাহ গোপনে কথা বলবেন এবং তার অপরাধের স্বীকারোক্তি আদায় করবেন। সবকিছু স্বীকার করার কারণে যখন সে নিজের ধ্বংস দেখতে পাবে, তখন আল্লাহ বলবেন: **سَتَرْنَاهَا عَلَيْكَ فِي الدُّنْيَا وَأَنَا أَعْفِرُهَا لَكَ الْيَوْمَ** “দুনিয়াতে আমি তোমার এ পাপগুলো গোপন করে রেখেছিলাম, আজ তোমাকে আমি তা ক্ষমা করে দিলাম।” (বুখারী-মুসলিম) সর্বপ্রথম উম্মতে মুহাম্মাদীর হিসাব নেয়া হবে। আর সর্বপ্রথম যে আমলের হিসাব নেয়া হবে তা হচ্ছে: নামায এবং মানুষের দাবী-দাওয়ার মধ্যে সর্বপ্রথম খুনের।

আমলনামা প্রদানঃ এরপর মানুষের হাতে তাদের আমলনামা দেয়া হবে। তারা এমন একটি কিতাব পাবে **لا يُغَادِرُ صَغِيرَةً وَلَا كَبِيرَةً إِلَّا أَحْصَاهَا** (যার মধ্যে ছোট বড় কোন কিছুই ছাড়া হয়নি সব লিখে রাখা হয়েছে।) মুমিনকে তার ডান হাতে আমলনামা দেয়া হবে আর কাফের ও মুনাফেককে পিছনের দিক থেকে তার বাম হাতে আমলনামা দেয়া হবে।

মীযান বা দাঁড়িপাল্লাঃ অতঃপর সৃষ্টিকুলকে তাদের আমলের প্রতিদান দেয়ার জন্য আমলনামা ওয়ন করা হবে। দু'পাল্লা বিশিষ্ট প্রকৃত দাঁড়িপাল্লা থাকবে যাতে সুক্ষ্ণভাবে আমল ওয়ন করা হবে। শরীয়ত সম্মত যে সমস্ত আমল একনিষ্ঠভাবে আল্লাহর সন্তুষ্টির জন্য করা হয়েছে সেগুলো পাল্লাকে ভারী করবে। আরো যে সমস্ত আমল মীযানের পাল্লাকে ভারী করবে তা হচ্ছে: (লা-ইলাহা ইল্লাল্লাহু), সচ্চরিত্র, যিকির: আলহামদু লিল্লাহু, সুবহানাল্লাহি ওয়াবি হামদিহি, সুবহানাল্লাহিল আযীম ইত্যাদি। মানুষ তাদের সৎ আমল বা অসৎ আমলের মাধ্যমে ফল ভোগ করবে।

হাওযে কাওছারঃ এরপর মুমিনগণ হাওযে কাওছারের কাছে সমবেত হবে। যে ব্যক্তি একবার সেখান থেকে পানি পান করবে সে তারপর কখনই তৃষ্ণার্ত হবে না। প্রত্যেক নবীর আলাদা আলাদা হাওয থাকবে। তবে সবচেয়ে বৃহৎ হবে আমাদের নবী মুহাম্মাদ (ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর হাওযটি। এর পানি হবে দুধের চেয়ে সাদা, মধুর চেয়ে মিষ্টি, মিসকের চাইতে সুঘ্রাণ। পান পাত্র স্বর্ণ ও রৌপ্য দ্বারা নির্মিত হবে। পান পাত্রের সংখ্যা হবে আকাশের নক্ষত্র বরাবর। হাওযটির দৈর্ঘ্য হবে জর্দানের আয়লা নামক এলাকা থেকে ইয়ামানের আদন নামক এলাকা পর্যন্ত। হাওযের মধ্যে পানি আসবে জান্নাতের কাওছার নামক নদী থেকে।

মুমিনদের পরীক্ষাঃ হাশরের দিনের শেষভাগে কাফেররা যে সকল মাবুদের উপাসনা করতো তাদের অনুসরণ করবে। তাদের মাবুদগণ তাদেরকে জাহান্নামের পথে নিয়ে যাবে। সমস্ত কাফের দলবদ্ধ হয়ে পশুর দলের মত পায়ে হেঁটে বা মুখের ভরে জাহান্নামে নিষ্কিণ্ড হবে। যখন মুমিন এবং মুনাফেক ছাড়া আর কেউ থাকবে না, তখন আল্লাহ তাদের সামনে এসে বলবেন: “তোমরা किसের অপেক্ষা করছো?” তারা বলবে: “আমরা আমাদের পালনকর্তার অপেক্ষা করছি।” তখন আল্লাহ নিজের পায়ের নলা থেকে পর্দা উন্মোচন করবেন। মুমিনরা তাঁকে চিনতে পারবে এবং সাথে সাথে সিজদায় লুটিয়ে পড়বে। কিন্তু মুনাফেকরা সিজদা করতে পারবে না। আল্লাহ বলেন:

(يَوْمَ يُكْشَفُ عَنْ سَاقٍ وَيُدْعَوْنَ إِلَى السُّجُودِ فَلَا يَسْتَطِيعُونَ) “যেদিন তিনি পায়ের নলা থেকে পর্দা উন্মোচন করবেন এবং তাদেরকে সিজদা করার জন্য আহ্বান করা হবে কিন্তু তারা সিজদা করতে সক্ষম হবে না।” (সূরা কলমঃ ৪২) এরপর সকলে আল্লাহর অনুসরণ করবে। পুলসিরাত সম্মুখে আসবে। সবাইকে নূর দেয়া হবে কিন্তু মুনাফেকদের নূর নিভে যাবে।

পুলসিরাতঃ জাহান্নামের উপর দিয়ে একটি ব্রীজ বা পুল স্থাপন করা হবে। মুমিনগণ তা পার হয়ে জান্নাতে পৌঁছবে। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এই ব্রীজের বিবরণ দিয়েছেন: “এর পথ এমন পিচ্ছিল হবে যে তাতে পা স্থির থাকবে না। দু’পার্শ্বে এমন কিছু থাকবে যা ছোঁ মেরে নিবে এবং লোহার আঁকুড়া থাকবে এবং সা’দান নামক গাছের কাঁটার মত শক্তিশালী কাঁটা থাকবে এগুলো মানুষের গোস্ট ছিঁড়ে নিবে। পুলসিরাত চুলের চাইতে চিকন ও তরবারীর চাইতে ধারালো হবে।” (মুসলিম) এসময় মুমিনদেরকে তাদের আমল অনুসারে আলো দেয়া হবে। যার আমল সবচেয়ে বেশী হবে তার আলো হবে পাহাড়ের মত বিশাল। আর যার আমল সবচেয়ে কম হবে তার আলো হবে অতি ক্ষুদ্র, যা তার পায়ের বৃদ্ধাপুলের এক পাশে থাকবে। ঐ আলোকরশ্মিতে তারা পুলসিরাত পার হবে। মুমিন ব্যক্তি কেউ চোখের পলকে কেউ বিদ্যুতের বেগে কেউ ঝড়ের বেগে কেউ পাখির মত কেউ দ্রুতগামী ঘোড়ার মত কেউ সাধারণ সোয়াররীর মত পুলসিরাত অতিক্রম করবে। “তাদের মধ্যে কেউ কেউ নিরাপদে পার হবে, কারো শরীরের গোস্ট ছিঁড়ে যাবে, কেউ আবার জাহান্নামে পড়ে যাবে।” (বুখারী ও মুসলিম) কিন্তু মুনাফেকরা কোন আলো পাবে না। তারা মুমিনদের কাছে আলো ভিক্ষা চাইবে। তাদেরকে বলা হবে পিছনে ফিরে গিয়ে আলো অনুসন্ধান করো। আলোর খোঁজে ফিরে গেলে তাদের মাঝে এবং মুমিনদের মাঝে একটি দেয়াল খাড়া করে দেয়া হবে। তারপরও তারা পুলসিরাত পার হওয়ার জন্য অগ্রসর হওয়ার চেষ্টা করলে জাহান্নামের মধ্যে গিয়ে নিষ্কিণ্ড হবে।

জাহান্নামঃ প্রথমে কাফেররা জাহান্নামে প্রবেশ করবে তারপর পাপী মুমিনরা তারপর মুনাফেকরা। প্রত্যেক এক হাজার লোকের মধ্যে নয় শত নিরানব্বই জন জাহান্নামে নিষ্কিণ্ড হবে। জাহান্নামের রয়েছে ৭টি দরজা। জাহান্নামের আগুনের তাপমাত্রা দুনিয়ার আগুনের তুলনায় সত্তর গুণ বেশী। কাফেরের দেহকে বিশাল আকারে সৃষ্টি করা হবে যাতে করে সে শাস্তি অনুধাবন করতে পারে। তার দু’কাঁধের মধ্যবর্তী স্থান তিনদিনের রাস্তা বরাবর প্রশস্ত হবে। তার দাঁতের মাড়ি হবে উল্লুদ পাহাড়ের মত। শরীরের চামড়া খুবই মোটা হবে। বারবার শাস্তি দেয়ার জন্য বারবার ঐ চামড়াকে পরিবর্তন করা হবে। পান করার জন্য কঠিন গরম পানি তাদেরকে দেয়া হবে। পান করার সাথে সাথে নাড়ি-ভুঁড়ি গলে বের হয়ে যাবে। খাদ্য হবে যাক্কুম, কাঁটা ও পুঁজ। যে কাফেরকে সর্বনিম্ন শাস্তি দেয়া হবে তা হচ্ছে, তার দু’পায়ের নিচে দু’টি গরম পাথর রেখে দেয়া হবে, ফলে তার মাথার মগজ টগবগ করে ফুটবে। জাহান্নামে চামড়া জ্বালিয়ে দেয়া হবে গলিয়ে

দেয়া হবে, জিজির ও বেড়ী দিয়ে টেনে নেয়া হবে। জাহান্নাম এত গভীর হবে যদি তার উপরাংশে কোন কিছু ছেড়ে দেয়া হয় তবে নিম্নাংশে পৌঁছতে সত্ত্বর বছর সময় লাগবে। জাহান্নামের ইন্ধন হবে কাফের ও পাথর। এখানকার বাতাস অত্যন্ত বিষাক্ত। ছায়াও ভীষণ গরম। পোষাক হবে আগুনের। সবকিছু ভষ্ম করে ফেলবে; কিছুই বাদ দিবে না। জাহান্নাম ক্রোধাম্বিত হয়ে চিৎকার করতে থাকবে। শরীরের চমড়া জ্বালিয়ে হাড়ি ও অন্তর পর্যন্ত পৌঁছে যাবে।

কানতারাঃ (পুলসিরাতে শেখ প্রান্তে জান্নাতের নিকটবর্তী একটি স্থানের নাম কানতারা) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “মুমিনগণ জাহান্নাম থেকে মুক্তি লাভ করার পর তাদেরকে জান্নাত ও জাহান্নামের মধ্যে একটি কানতারা (ব্রীজের) উপর বাধা দেয়া হবে। সেখানে দুনিয়াতে তারা যে একে অপরের উপর অত্যাচার করেছিল তার বদলা নেয়া হবে। তাদেরকে যাবতীয় পাপ-পঙ্কিলতা থেকে পরিচ্ছন্ন ও পবিত্র করে জান্নাতে প্রবেশের অনুমতি দেয়া হবে। শপথ সেই সত্ত্বর যার হাতে মুহাম্মাদের প্রাণ, দুনিয়াতে মুমিনগণ নিজের গৃহ যে রকম চিনতো তার চাইতে সহজে তারা জান্নাতে নিজেদের ঠিকানা চিনে নিবে।” (বুখারী)

জান্নাতঃ মুমিনদের শেষ ঠিকানা হচ্ছে জান্নাত। জান্নাতের দেয়ালের ইট হবে একটি স্বর্ণের আরেকটি রৌপ্যের। মিসকের মিশ্রণ দিয়ে তা গাঁথা হবে। উহার কঙ্কর হবে মতি ও ইয়াকূতের। মাটি হবে জাফরানের। জান্নাতের ৮টি দরজা থাকবে। একেকটির প্রশস্ততা তিন দিনের রাস্তা বরাবর দূরত্বের সমান। কিন্তু তারপরও সেখানে ভীড় থাকবে। জান্নাতে ১০০টি স্তর থাকবে। একটি স্তর থেকে অপরটির দূরত্ব আকাশ ও যমীনের দূরত্ব বরাবর। সর্বোচ্চ স্তরের নাম হচ্ছে ‘ফেরদাউস’। সেখান থেকেই সকল নদী প্রবাহিত হবে। জান্নাতের ছাদের উপরেই আল্লাহর আরশ অবস্থিত। তার নদীগুলো হচ্ছে: একটি মধুর একটি দুধের একটি মদের ও একটি পরিষ্কার পানির। সেগুলো প্রবাহিত হবে অথচ তার জন্য গর্তের দরকার হবে না। মুমিন যেভাবে ইচ্ছা তা প্রবাহিত করতে পারবে। খাদ্য-সামগ্রী সর্বক্ষণ প্রস্তুত থাকবে। সেগুলো নিকটেই থাকবে। আদেশ করলেই উপস্থিত হয়ে যাবে। তাদের তাঁবুগুলো হবে মনি-মুক্তা দ্বারা নির্মিত। যার ভিতরের প্রশস্ততা হবে ষাট মাইল। তাঁবুর প্রত্যেক কর্ণারে পরিবারের লোকেরা থাকবে। জান্নাতীরা হবে পশম ও দাড়ী-গোফ বিহীন, কাজল কালো চোখ বিশিষ্ট সুদর্শন যুবক। তাদের যৌবনে কোন দিন ভাটা আসবে না, পরণের কাপড় পুরাতন হবে না। পেশাব, পায়খানা ও ময়লা-আবর্জনা থাকবে না। তাদের চিরন্নী হবে স্বর্ণের। শরীরের ঘাম হতে মিশক-আম্বরের মত সুঘ্রাণ ছড়াবে। স্ত্রীরা হবে অতিব সুন্দরী, প্রেমময়ী, নবকুমারী, সমবয়সী। সর্বপ্রথম যিনি জান্নাতে প্রবেশ করবেন তিনি হচ্ছেন মুহাম্মাদ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) অতঃপর অন্যান্য নবী-রাসূলগণ। সর্বনিম্ন জান্নাতের অধিকারী যে হবে সে যা কামনা করবে তার দশগুণ বেশী তাকে দেয়া হবে। জান্নাতের খাদেমরা হবে শিশু-কিশোর। তাদেরকে দেখে মনে হবে যেন মুক্তা ছড়ানো আছে। জান্নাতের সবচেয়ে বড় নে'য়ামত হবে আল্লাহকে স্বচোক্ষে দর্শন, তাঁর রেযামন্দী এবং চিরস্থায়ীত্ব। (হে আল্লাহ আমাদেরকে এই জান্নাত থেকে বঞ্চিত করো না।)

সূচীপত্র

নং	বিষয় বস্তু:	পৃষ্ঠা
১	কুরআন পাঠের ফযীলত	১
২	সূরা আল - ফাতিহা মক্কায় অবতীর্ণঃ	৩
৩	আক্বীদাহঃ গুরুত্বপূর্ণ জিজ্ঞাসাঃ ইসলাম ও ঈমানের রুকন সমূহ ও তার ব্যাখ্যা/ আল্লাহর নাম ও গুণাবলীর মধ্যে পার্থক্য/ শাফাআতের প্রকার/ তাওহীদের প্রকার/ ওলী-আউলিয়া/ উসীলা/ ভালবাসা, ভয়, ভরসা এবং বন্ধুত্ব ও শত্রুতার প্রকার ভেদ/ মুনাফেকী, শির্ক, রিয়া ও কুফরীর প্রকারভেদ/ জীবিত ও মৃতের নিকট থেকে সাহায্য গ্রহণ/ যাদু ও জ্যোতির্বিদ্যা/ গুনাহের প্রকারভেদ/ তওবা/ মুসলিম শাসকের অধিকার/ কাউকে কাফের বলার নিয়মঃ	৬৭
৪	অন্তরঙ্গ সংলাপঃ আবদুল্লাহ ও আবদুন্ নবীর মধ্যে সংলাপ (প্রকৃত তাওহীদের পরিচয়/ ওয়াদ্দ, সুওয়া প্রভৃতি মূর্তির পরিচয়/ মুশরিকরাও আল্লাহর ইবাদত করে!/ কাফেররা অনেক মুসলমানের চাইতে লা-ইলাহা ইল্লাল্লাহর অর্থ ভাল করে জানে/ প্রথম যুগের ও শেষ যুগের লোকদের শির্ক/ শাফাআতের শর্তাবলী/ ঠাট্টা-বিদ্রোপ/ দু'আ কি ইবাদত?/ উসামার হাদীছ/ বিশ্বাস, উচ্চারণ ও কর্মের নাম ঈমান/ গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত ওসীয়াতঃ	৮৪
৫	কালেমায়ে শাহাদাতঃ 'লা-ইলাহা ইল্লাল্লাহ' এর শর্তাবলী/ 'মুহাম্মাদ রাসূলুল্লাহ' এর শর্তাবলীঃ	১০১
৬	পবিত্রতাঃ ইস্তেঞ্জা/ ওয়ুর পদ্ধতি/ ওয়ুর ওয়াজিব ও সুনাত বিষয়/ মোজার উপর মাসেহ করা/ ওয়ু ভঙ্গের কারণ/ গোসল/ তায়াম্মুম/ অপবিত্রতা দূরীকরণ/ হায়েয/ ইস্তেহাজা/ নেফাস/ জ্রণ পতিত হওয়াঃ	১০৪
৭	নামাযঃ শর্তাবলী/ পদ্ধতি/ রুকন ও ওয়াজিব/ সাহ সিজদ/ অসুস্থ ব্যক্তির নামায/ মুসাফিরের নামায/ জানাযার নামাযঃ	১১০
৮	যাকাতঃ যাকাতের প্রকারভেদ, ওয়াজিব হওয়ার শর্ত/ উট গরু ও ছাগলের যাকাত/ যমিন থেকে প্রাপ্ত সম্পদের যাকাত/ মূল্যবান ধাতুর যাকাত/ ঋণের যাকাত/ ফিতরা/ যাকাতের হকদারঃ	১১৭
৯	সিয়ামঃ রামাযান আরম্ভ হওয়া/ রোযা ভঙ্গকারী বিষয়/ রোযা ভঙ্গকারীদের বিধি-বিধান/ নফল সিয়াম/ সতর্কতাঃ	১২০
১০	হজ্জঃ হজ্জের শর্তাবলী, পদ্ধতি ও রুকন সমূহ/ ইহরাম/ ইহরামের নিষিদ্ধ বিষয়/ ফিদিয়া/ ওমরার রুকন ও ওয়াজিব বিষয়ঃ	১২৬
১১	বিভিন্ন উপকারিতাঃ শয়তানের বাঁধা সমূহ/ পাপাচারের প্রভাব ও তা মিটানোর মাধ্যম/ অন্তরের প্রশান্তি/ নিষিদ্ধ সময় সমূহ/ মসজিদে নববী যিয়ারত/ বিবাহ/ তালাক, ইদত ও শোক পালন/ দুগ্ধপান/ শপথ ও মানত/ ওসীয়াত/ পশু যবেহ ও শিকার/ সতর/ মসজিদঃ	১২৭
১২	ঝাড়-ফুকঃ বিপদ-মুসীবত ঈমানের প্রমাণ/ যাদু ও বদনযর থেকে বাঁচার উপায়/ যিকির/ বদনযরে আক্রান্ত হওয়ার পরিচয়/ যাদু ও বদনযরের চিকিৎসা/ ঝাড়-ফুকের শর্তাবলী ও পদ্ধতি/ ঝাড়-ফুককারী ও যার জন্য ঝাড়-ফুক করা হতে তার জন্য শর্ত/ ঝাড়-ফুকের আয়াত/ গুরুত্বপূর্ণ সতর্কতা/ যাদুকর ও ভেঙ্কবাজীদের পরিচয়ঃ	১৩৬
১৩	দু'আঃ গুরুত্ব/ প্রকারভেদ/ কোন আমল উত্তম/ দু'আ কবুল হওয়ার বাহ্যিক ও আভ্যন্তরিন কারণ/ দু'আ কবুল হওয়ার বাঁধা/ পূর্ণ শর্ত মোতাবেক দু'আর কতিপয় উদাহরণ/ ইস্তেখারা ও দুশ্চিন্তার দু'আঃ	১৪৩
১৪	লাভজনক ব্যবসা ও যিকিরঃ যিকিরের গুরুত্ব/ উপকারিতা/ সকাল-সন্ধ্যার যিকিরঃ	১৫০
১৫	নির্দেশিত বিষয়ের বিবরণঃ ৯৮টি হাদীছ বিভিন্ন কথা ও কাজের ফযীলতের বর্ণনাসহঃ	১৫৫
১৬	নিষিদ্ধ বিষয়ের বিবরণঃ ৬৯টি হাদীছ- বিভিন্ন নিষিদ্ধ কথা ও কাজের বর্ণনাঃ	১৬৪
১৭	অনন্তের পথে যাত্রাঃ জান্নাতে পৌছার পূর্বে মুমিন এবং অনারা কি কি পর্যায় অতিক্রম করবে, অনন্তের পথে বাঁধা সমূহঃ	১৬৮
১৮	ওয়ুর পদ্ধতিঃ	
১৯	নামাযের পদ্ধতিঃ	

ওযুর পদ্ধতিঃ

ওযু ছাড়া নামায বিধূক্ত হবে না। পবিত্র পানি ছাড়া ওযু হবে না। যে পানি নিজ গুণের উপর অবশিষ্ট আছে তাকে পবিত্র পানি বলে। যেমন সাগরের পানি, কুপ, ঝর্ণা ও নদীর পানি।
সতর্কতাঃ সামান্য পানিতে নাপাকি পড়লেই তা নাপাক হয়ে যাবে। কিন্তু পানি যদি বেশী হয় অর্থাৎ ২১০ লিটার বা তার চেয়ে বেশী, তবে নাপাকি পড়ে তার রং বা স্বাদ বা গন্ধের যে কোন একটি পরিবর্তন না হলে তা নাপাক হবে না।



‘বিসমিল্লাহ্’ বলে ওযু শুরু করবে। প্রত্যেক ওযুতে হাত দু’টি কজি পর্যন্ত ধৌত করা মুস্তাহাব। কিন্তু রাতের নিদ্রা থেকে জাগ্রত হলে দু’হাত তিনবার ধৌত করা জরুরী।
সতর্কতাঃ ওযুর সকল অঙ্গ-প্রত্যঙ্গ তিনবারের বেশী ধৌত করা মাকরুহ।



তারপর একবার কুলি করা ওয়াজিব। তিনবার উত্তম।

দু’টি সতর্কতাঃ (১) কুলি করার সময় শুধু মুখে পানি প্রবেশ করে বের করাই যথেষ্ট নয়; বরং মুখের মধ্যে পানি ঘুরানো আবশ্যিক। (২) কুলি করার সময় মেসওয়াক করা সুন্নাত।



তারপর একবার নাকে পানি দেয়া ওয়াজিব। তিনবার উত্তম।

সতর্কতাঃ শুধু নাকের মধ্যে পানি প্রবেশ করানো যথেষ্ট নয়; বরং নিঃশ্বাসের মাধ্যমে নাকের ভিতরে পানি নিতে হবে তারপর নিঃশ্বাসের মাধ্যমে তা বের করতে হবে, হাতের মাধ্যমে নয়।



তারপর একবার মুখমণ্ডল ধৌত করা ওয়াজিব। তিনবার উত্তম। মুখমণ্ডলের যে অংশটুকু ধোয়া ওয়াজিব: এক কান থেকে আরেক কান পর্যন্ত প্রস্তের দিক থেকে। দৈর্ঘ্যের দিক থেকে কপালের চুল গজানোর স্থান থেকে নিয়ে নীচে খুতনী পর্যন্ত।

সতর্কতাঃ ঘন দাড়ি খিলাল করা মুস্তাহাব। ঘন না হলে খিলাল করা ওয়াজিব।



এরপর উভয় হাত আঙ্গুলের প্রান্ত সীমা থেকে কনুই পর্যন্ত একবার ধৌত করা ওয়াজিব। তিনবার উত্তম।

সতর্কতাঃ মুস্তাহাব হচ্ছে প্রথমে ডান হাত তারপর বাম হাত ধৌত করা।



তারপর সম্পূর্ণ মাথা মাসেহ করবে। আর দু’তর্জনী আঙ্গুল দু’কানের ছিদ্রের মধ্যে প্রবেশ করিয়ে দু’বৃদ্ধাঙ্গুল দিয়ে দু’কানের বাইরের অংশ মাসেহ করবে। এসব কাজ একবার করা ওয়াজিব।

সতর্কতাঃ (১) যেটুকু মাথা মাসেহ করা ওয়াজিব তা হচ্ছে: মাথার সামনের অংশ থেকে পিছনের অংশ পর্যন্ত। (২) পিছনে চুল ছাড়া থাকলে তা মাসেহ করা ওয়াজিব নয়। (৩) চুল না থাকলে মাথার চামড়া স্পর্শ করে মাসেহ করবে। (৪) দু’কানের পিছনের সাদা অংশ মাসেহ করা ওয়াজিব।



এরপর উভয় পা টাখনুসহ একবার ধৌত করা ওয়াজিব। তিনবার উত্তম।



কয়েকটি সতর্কতাঃ (১) ওযুর অঙ্গ-প্রত্যঙ্গ মোট চারটি। উহা হচ্ছে: (ক) কুলি করা ও নাক ঝাড়া এবং মুখমণ্ডল ধৌত করা। (খ) দু’হাত ধৌত করা (গ) মাথা ও দু’কান মাসেহ করা। (ঘ) টাখনুসহ দু’পা ধৌত করা। এই অঙ্গগুলোর মাঝে ধারাবাহিকতা ঠিক রাখা ওয়াজিব। এগুলো আগে পিছে করলে ওযু বাতিল হয়ে যাবে।

(২) অঙ্গ-প্রত্যঙ্গ ধৌত করার ক্ষেত্রে একটির পর আরেকটি ধৌত করা ওয়াজিব। এক অঙ্গ ধোয়ার পর দ্বিতীয় অঙ্গ ধৌত করতে যদি এতটুকু দেরী করে যে, আগেরটি শুকিয়ে যায় তবে ওযু বাতিল হয়ে যাবে। (৩) ওযু শেষ করার পর এই দু’আ পাঠ করা সুন্নাত: **أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ** “আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত উপাসনার যোগ্য কোন মা’বুদ নেই। তিনি একক তাঁর কোন শরীক নেই। এবং আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মদ (ছালালাহ্ আলাইহে ওয়া সালাম) তাঁর বান্দাহ ও রাসূল।”

নামাযের পদ্ধতিঃ

নামায শুরু করতে চাইলে: সম্পূর্ণ সোজা হয়ে দন্ডায়মান হবে, কিবলামুখী হয়ে বলবে: (আল্লাহ আকবার)। ইমাম এই তাকবীর এবং অন্যান্য তাকবীর পিছনের মুসল্লীদের শোনানোর জন্য উচ্চঃস্বরে বলবেন। কিন্তু অন্যরা নীরবে বলবে। তাকবীরের শুরুতে হাতের আঙ্গুলগুলো একত্রিত করবে না এবং ছড়িয়েও দেবে না। দু'হাত কাঁধ বরাবর উত্তোলন করবে। ইমামের তাকবীর বলা শেষ হলে মুক্তাদীগণ তাকবীর বলবে।

লক্ষণীয়ঃ নামাযে যে সমস্ত কথা বলা রুকন বা ওয়াজিব তা এমনভাবে উচ্চারণ করা আবশ্যিক যাতে মুসল্লী নিজে শুনতে পায়; এমনকি নীরব নামাযেও। উচ্চকণ্ঠের সর্বনিম্ন পরিমাণ হল অন্যকে শোনানো। আর নীচুকণ্ঠের সর্বনিম্ন পরিমাণ হল নিজেকে শোনানো।



ডান হাত দ্বারা বাম হাতের কজ্জি চেপে ধরবে এবং হাত দু'টিকে বুকের উপর স্থাপন করবে। দৃষ্টি থাকবে সিজদার স্থানে। এরপর হাদীছে বর্ণিত যে কোন একটি ছানা পাঠ করবে: “سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ وَلَا إِلَهَ إِلَّا عَزَبُكَ” “হে আল্লাহ তুমি পাক পবিত্র, যাবতীয় প্রশংসা তোমারই প্রাপ্য। তোমার নাম বরকতময়, তুমি ছাড়া ইবাদতের যোগ্য কোন উপাস্য নেই।” তারপর আউয়ুবিল্লাহ.. বিসমিল্লাহ.. বলবে। এগুলো বলতে কণ্ঠ উঁচু করবে না। তারপর সূরা ফাতিহা পাঠ করবে। এরপর কুরআন থেকে সহজ যে কোন অংশ পাঠ করবে। ফজর নামাযে এবং মাগরিব ও এশা নামাযের প্রথম দু'রাকাতে ইমাম স্বরবে কিরাত করবেন। এছাড়া অন্য সকল নামাযে নীরবে পড়বেন।

লক্ষণীয়ঃ কুরআন মাজীদের সূরাসমূহ যে ধারাবাহিকতায় উল্লেখিত হয়েছে সে ধারাবাহিকতা ঠিক রেখে পড়া মুস্তাহাব। এর বিপরীত করা মাকরুহ। কিন্তু একই সূরার মধ্যে শব্দ বা আয়াতের মধ্যে আগে-পিছে করা হারাম।



তারপর তাকবীর দিয়ে রুকু' করবে। এসময় রফউল ইয়াদাইন (দু'হাত উত্তোলন) করবে। রুকু'তে দু'হাতের আঙ্গুলগুলো ছড়িয়ে দিয়ে দু'হাঁটুকে আঁকড়িয়ে ধরবে। পিঠ সোজা করবে এবং মাথাকে পিঠ বরাবর রাখবে। তারপর তিনবার বলবে: سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ। এই রুকন তথা রুকু' পেলে রাকাত পাওয়া যাবে।

লক্ষণীয়ঃ নামাযের তাকবীর এবং (সামিআলাহুলিমান হামিদাহ) ঠিক তখন বলবে যখন এক অবস্থা থেকে আরেক অবস্থায় স্থানান্তরিত হবে। তার আগেও নয় পরেও নয়। ইচ্ছাকৃতভাবে দেরী করলে নামায বাতিল হয়ে যাবে। স্থানান্তরিত হওয়ার পর ইচ্ছাকৃতভাবে দেরী করে তাকবীর দিলে নামায বাতিল হয়ে যাবে।



এরপর দু'হাত উত্তোলন করে বলবে: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ “হে আমাদের পালনকর্তা! তোমার জন্যই সমস্ত প্রশংসা। তোমার জন্য আকাশ এবং পৃথিবী পূর্ণ প্রশংসা এবং এতদুভয় ছাড়া তুমি অন্য যা কিছু চাও তা ভর্তি প্রশংসা তোমার জন্য।” (মুসলিম)

লক্ষণীয়ঃ (রাব্বানা লাকাল হামদু) বলার সময় হচ্ছে: রুকু' থেকে উঠে দন্ডায়মান হওয়ার পর- রুকু' থেকে উঠার মুহূর্তে নয়।



তারপর তাকবীর বলে সিজদাবনত হবে। সিজদাবস্থায় দু'বাহুকে পার্শ্বদেশ থেকে এবং পেটকে দু'রান থেকে দূরে রাখবে। হাত দু'টিকে কাঁধ বরাবর রাখবে। পিছনে দু'পাকে মিলিত করে তার আঙ্গুলগুলো কিবলামুখী রাখবে। এসময় পাঠ করবে: اَللّٰهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلٰى سُبْحَانَ رَبِّيَ الْعَظِيمِ

লক্ষণীয়ঃ সাতটি অঙ্গের উপর সিজদা করা ওয়াজিব। দু'পা, দু'হাঁটু, দু'হাত এবং মুখমন্ডল তথা কপাল ও নাক। উল্লেখিত অঙ্গগুলোর কোন একটি যদি ইচ্ছাকৃতভাবে মাটিতে না রাখা তবে নামায বাতিল হয়ে যাবে।



এরপর তাকবীর দিয়ে মাথা উঠাবে ও বসবে। এসময় বসার দু'টি বিশুদ্ধ নিয়ম আছেঃ

১) বাম পা বিছিয়ে দিয়ে তার উপর বসবে এবং ডান পা খাড়া রাখবে। আর তার আঙ্গুলগুলো বাঁকা করে কিবলামুখী রাখবে। ২) দু'টি পা-কেই খাড়া রাখবে। আঙ্গুলসমূহ কিবলামুখী রেখে দু'পায়ের গোড়ালীর উপর বসবে। এসময় তিনবার পাঠ করবেঃ رَبِّ اغْفِرْ لِي "আমাকে ক্ষমা কর হে আমার পালনকর্তা।" এদু'আও পড়তে পারেঃ وَأَرْحَمْنِي وَأَجْبُرْنِي... "আমাকে দয়া কর, আমার ক্ষতি পূরণ করে দাও, আমার মর্যাদা উন্নীত কর, আমাকে রিযিক দান কর, আমাকে সাহায্য কর ও হেদায়াত দাও। আমাকে নিরাপত্তা দান কর ও ক্ষমা কর।"

এরপর প্রথম সিজদার মত দ্বিতীয়বার সিজদা করবে। তারপর তাকবীর দিয়ে সিজদা থেকে মাথা উঠাবে এবং দু'পায়ের উপর ভর দিয়ে সোজা দাঁড়িয়ে যাবে। অতঃপর প্রথম রাকাতের মত দ্বিতীয় রাকাত পড়বে।

লক্ষণীয়ঃ সূরা ফাতিহা পড়ার সময় হচ্ছে দাঁড়ানো অবস্থায়। পরিপূর্ণরূপে দাঁড়ানোর পূর্বেই যদি পড়া শুরু করে, তবে পূর্ণরূপে দাঁড়ানোর পর নতুন করে সূরা ফাতিহা শুরু করা আবশ্যিক। নতুবা নামায বাতিল হয়ে যাবে।



দু'রাকাত শেষ করলে প্রথম তাশাহুদের জন্য বাম পা বিছিয়ে ডান পায়ের উপর বসবে। বাম হাত বাম উরুর উপর এবং ডান হাত ডান উরুর উপর রাখবে। ডান হাতের কনিষ্ঠা ও অনামিকা আঙ্গুল দ্বারা মুষ্টিবদ্ধ করবে, আর মধ্যমার সাথে বৃদ্ধাঙ্গুলকে মিলিত করে গোলাকৃত করবে, তর্জনী আঙ্গুল খাড়া রেখে তা দ্বারা ইস্তিত করবে। এ সময় পাঠ করবেঃ أَنْ شَهِدَ أَنَّ اللَّهَ الصَّالِحِينَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ "সব রকম মৌখিক, শারীরিক ও আর্থিক এবাদত সমূহ একমাত্র আল্লাহ তা'আলার জন্য। হে নবী! আপনার প্রতি আল্লাহর শান্তি রহমত ও বরকত অবতীর্ণ হোক। আমাদের উপর এবং আল্লাহর সংকর্মশীল বান্দাদের উপরও শান্তি বর্ষিত হোক। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ্ ছাড়া কোন সত্য উপাস্য নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাঁর বান্দা ও রাসূল।" এরপর তিন বা চার রাকাত বিশিষ্ট নামাযের ক্ষেত্রে তাকবীর দিয়ে তৃতীয় রাকাতের জন্য দাঁড়াবে। এ সময় হাত দু'টিকে উত্তোলন করবে। অবশিষ্ট নামায প্রথম দু'রাকাতের মত করেই আদায় করবে। কিন্তু এসময় কিরাত জোরে পাঠ করবে না এবং সূরা ফাতিহা ব্যতীত কোন কিছু পাঠ করবে না।



নামায শেষ হলে তিন বা চার রাকাত বিশিষ্ট নামাযে তাওয়ারূরু করবে বসবে। এর কয়েকটি নিয়ম আছেঃ ১) বাম পা বিছিয়ে ডান পায়ের নলার নিচে দিয়ে বের করে দিবে এবং ডান পা খাড়া রাখবে ও বাম নিতম্ব মাটিতে রেখে তার উপর বসবে। ২) বাম পা বিছিয়ে তা ডান পায়ের নলার নিচে দিয়ে বের করে দিবে এবং ডান পাকে শুইয়ে রাখবে ও নিতম্ব মাটিতে রেখে তার উপর বসবে। ৩) বাম পা বিছিয়ে তা ডান পায়ের নলা ও রানের মধ্যে দিয়ে বাইরে বের করে দিবে এবং নিতম্ব মাটিতে রেখে তার উপর বসবে। যে নামাযে দু'বার তাশাহুদ আছে তার শেষ বৈঠকেই শুধু তাওয়ারূরু করবে। এরপর প্রথম তাশাহুদের দু'আ পাঠ করবেঃ ... النَّحِيَّاتِ لِلَّهِ তারপর দরুদ পাঠ করবেঃ

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

"হে আল্লাহ! তুমি মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ও তাঁর পরিবারের উপর ঐ রূপ রহমত নাযিল কর যে রূপ নাযিল করেছিলে ইবরাহীম (আঃ) ও তাঁর পরিবারের উপর নিশ্চয় তুমি প্রশংসনীয় ও সম্মানিত। হে আল্লাহ! তুমি মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ও তাঁর পরিবারের উপর বরকত নাযিল কর যেমনটি বরকত নাযিল করেছিলে ইবরাহীম ও তাঁর পরিবারের উপর নিশ্চয় তুমি প্রশংসনীয় ও সম্মানিত।"

এরপর হাদীছে বর্ণিত যে কোন দু'আ পাঠ করা মুস্তাহাব। যেমনঃ أَعُوذُ بِاللَّهِ مِنَ عَذَابِ النَّارِ

"আমি আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা করছি জাহান্নামের শাস্তি হতে, কবরের শাস্তি হতে, জীবনের ও মরণ কালীন ফেৎনা (কঠিন পরীক্ষা) হতে, এবং মসীহ দাজ্জালের ফিৎনা হতে।"



তারপর প্রথমে ডান দিকে সালাম ফেরাবে। বলবেঃ السَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَلَغَ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ انুরূপভাবে বাম দিকেও সালাম ফেরাবে।

সালাম ফিরানো হলে হাদীছে বর্ণিত দু'আ ও তাসবীহ সমূহ মুছাল্লাতে বসেই পাঠ করবে।



জ্ঞানানুযায়ী আমল করা

আমল বিহীন বিদ্যা আল্লাহর কাছে যেমন নিন্দনীয়। তাঁর রাসূল ও অন্যান্য মুমিনদের নিকটও নিন্দনীয়। আল্লাহ বলে: (يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لِمَ تَقُولُونَ مَا لَا تَفْعَلُونَ (۲) كَبُرَ مَقْتًا عِنْدَ اللَّهِ أَنْ تَقُولُوا مَا لَا تَفْعَلُونَ)

“হে ঈমানদারগণ! তোমরা যা কর না তা বল কেন?”

আল্লাহর কাছে খুবই ক্রোধের বিষয় হল, তোমরা নিজেরা যা কর না তা অন্যকে করতে বল কেন?” (সূরা ছফঃ ১-২) আবু হুরায়রা (রাঃ) বলেন, “আমলহীন বিদ্যার উদাহরণ ঐ গুপ্ত ধনের ন্যায় যা আল্লাহর পথে ব্যয় করা হয় না।” ফুযায়ল বিন ইয়ায (রহঃ) বলেন, “বিদ্বান যতক্ষণ নিজের বিদ্যা অনুযায়ী

আমল না করবে, ততক্ষণ সে মুখই রয়ে যাবে।” মালেক বিন দ্বীনার (রহঃ) বলেন, “এমন লোকও তুমি পাবে যার কথায় এক অক্ষরও ভুল থাকবে না। অথচ তার আমল পুরাটাই ভুলে ভরা।”

মুসলিম ভাই বোন!

আল্লাহ আপনাকে এই মূল্যবান পুস্তকটি পড়ার সুযোগ দিয়েছেন। বাকী থাকল আপনার এই পরিশ্রমের ফল। আপনার পরিশ্রম তখনই সার্থক হবে যদি আপনি যা পড়লেন তদানুযায়ী আমল করেন।

● পবিত্র কুরআনের কিছু তাফসীর আপনি পড়েছেন। অতএব এই আয়াতগুলোর অর্থ ও তাফসীর অনুযায়ী আমল করতে সচেষ্ট হবেন। কেননা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর ছাহাবীগণ রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর নিকট থেকে দশটি আয়াত শিখে এর মধ্যে যে জ্ঞান ও শিক্ষা আছে তদানুযায়ী আমল না করে অন্য দশটি আয়াত শিখার জন্য অগ্রসর হতেন না। তাঁরা বলতেন: “আমরা জ্ঞান ও আমল উভয়টিই শিখেছি।” তাছাড়া শরীয়তে এ ব্যাপারে মানুষকে উদ্বুদ্ধও করা হয়েছে। আল্লাহ বলেন: (يَتْلُونَهُ حَقَّ تِلَاوَتِهِ) “ওরা কুরআনকে যথাযথভাবে তেলাওয়াত করে।” (সূরা বাকারঃ ১২১) এ আয়াতের ব্যাখ্যায় ইবনে আব্বাস (রাঃ) বলেন, “ওরা প্রকৃতভাবে কুরআনের অনুসরণ করে।” ফুযায়ল বিন ইয়ায (রহঃ) বলেন, “কুরআন তো নাযিল হয়েছে সে অনুযায়ী আমল করার জন্যই। কিন্তু মানুষ উহা তেলাওয়াত করাকেই আমল হিসেবে ধরে নিয়েছে।”

● এমনিভাবে নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর কিছু হাদীছও আপনার পড়ার মধ্যে এসেছে। সেগুলোর প্রতিও সাড়া দেবেন এবং আমল করবেন। এ উম্মতের নেককারগণ দ্বীনের যে কোন বিষয় শেখার সাথে সাথেই তা বাস্তবায়ন ও সে পথে মানুষকে আহ্বান করতে প্রতিযোগিতা করতেন। তাঁরা নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর এই হাদীছের প্রতি আমল করতেন: তিনি বলেছেন, “যখন তোমাদেরকে কোন বিষয়ে আদেশ করি, তখন সাধ্যানুযায়ী তা বাস্তবায়ন করবে এবং যে বিষয়ে নিষেধ করি তা থেকে দূরে থাকবে।” (বুখারী ও মুসলিম) তাঁরা নবীজীর বিরোধিতায় আল্লাহর যন্ত্রনাদায়ক শাস্তিকে ভয় করতেন: আল্লাহ বলেন,

(فَلْيَحْذَرِ الَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَمْرِهِ أَنْ تُصِيبَهُمْ فِتْنَةٌ أَوْ يُصِيبَهُمْ عَذَابٌ أَلِيمٌ) “যারা তাঁর নির্দেশের বিরোধিতা করে, তারা সতর্ক হয়ে যাক যে তারা ফেতনায় পতিত হবে অথবা যন্ত্রনাদায়ক শাস্তি তাদেরকে গ্রাস করবে।” (সূরা নূরঃ ৬৩) নবীজীর হাদীছ বাস্তবায়নে সাহাবীদের জীবনী থেকে কতিপয় অনুপম দৃষ্টান্ত নিম্নে উল্লেখ করা হল:

● উম্মে হাবীবা (রাঃ) হাদীছ বর্ণনা করেন:

(مَنْ صَلَّى اثْنَتَيْ عَشْرَةَ رُكْعَةً فِي يَوْمٍ وَلَيْلَةٍ بُنِيَ لَهُ بِهِنَّ بَيْتٌ فِي الْجَنَّةِ) “যে ব্যক্তি রাতে ও দিনে বার রাকাত সূনাত নামায আদায় করে, বিনিময়ে আল্লাহ তার জন্য জান্নাতে একটি ঘর নির্মাণ করবেন।” উম্মে হাবীবা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট থেকে আমি এ হাদীছ শোনার পর থেকে কখনো এ নামাযগুলো পরিত্যাগ করিনি। (মুসলিম)

● ইবনে ওমার (রাঃ) হাদীছ বর্ণনা করেন: **أَلَا لِيَالِ ثَلَاثٌ يَبِيْتُ فِيهِ يُوصِي فِيهِ شَيْءٌ لَّهُ مُسْلِمٌ لَهُ شَيْءٌ يُوصِي فِيهِ يَبِيْتُ ثَلَاثٌ لِيَالِ** (مَا حَقُّ امْرِئٍ مُسْلِمٍ لَهُ شَيْءٌ يُوصِي فِيهِ يَبِيْتُ ثَلَاثٌ لِيَالِ) “ওসীয়তনামা লিখে নিজের কাছে না রেখে তিন রাত অতিবাহিত করা কোন মুসলিমের পক্ষে উচিত নয়।” এ হাদীছ বর্ণনা করে তিনি বলেন: রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট এ হাদীছ শোনার পর থেকে আমার লিখিত ওসীয়তনামা নিজের কাছে না রেখে আমি এক রাতও অতিবাহিত করিনি। (মুসলিম)

● ইমাম আহমাদ বিন হাম্বল (রহঃ) বলেন, “আমি যখনই কোন হাদীছ লিখেছি, তখনই সে অনুযায়ী আমল করেছি। যখন আমি এ হাদীছ পেলাম: “নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) শিক্ষা লাগিয়ে আবু তাইয়েবাকে এক দীনার দিয়েছেন।” তখন আমিও এক দীনার দিয়ে শিক্ষা লাগলাম।”

● ইমাম বুখারী (রহঃ) বলেন, “আমি যখন জেনেছি যে গীবত করা হারাম, তখন থেকে কারো গীবত করিনি। আশা করি আমি আল্লাহর সাথে এমনভাবে সাক্ষাত করব যে গীবতের কারণে তিনি আমার হিসাব নেবেন না।”

● সহীহ হাদীছে বর্ণিত হয়েছে, “যে ব্যক্তি প্রত্যেক ফরয নামাযান্তে আয়াতাল কুরসী পাঠ করবে, মৃত্যু বতীত জান্নাতে যেতে তার কোন বাঁধা থাকবে না।” (নাসাঈ- সুনানে কুবরা) ইমাম ইবনে কাইয়েম বলেন: ইমাম ইবনে তাইমিয়া সম্পর্কে আমার কাছে এ সংবাদ পৌঁছেছে যে, তিনি বলেন: “ভুল অথবা অনুরূপ কোন কারণ ছাড়া প্রত্যেক ফরয নামাযান্তে আমি এ আয়াত পাঠ করা কখনো পরিত্যাগ করিনি।”

● জ্ঞানার্জন ও তদানুযায়ী আমল করার পর এই নে’য়ামতের প্রতি মানুষকে আহবান করা আবশ্যিক। নিজেকে প্রতিদান থেকে বঞ্চিত করবেন না এবং মানুষকে কল্যাণ থেকে মাহরুম করবেন না। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, (مَنْ دَلَّ عَلَى خَيْرٍ فَلَهُ مِثْلُ أَجْرِ فَاعِلِهِ) “যে ব্যক্তি মানুষকে কল্যাণের পথ দেখাবে, সে উক্ত কল্যাণ বাস্তবায়নকারীর সমপরিমাণ ছুওয়াব লাভ করবে।” (মুসলিম) নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন: (خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ) “তোমাদের মধ্যে সর্বোত্তম সেই যে কুরআন শিক্ষা করে ও মাপষকে তা শিক্ষা প্রদান করে।” (বুখারী) তিনি (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেন: (بَلِّغُوا عَنِّي وَلَوْ آيَةً) “আমার পক্ষ থেকে একটি আয়াত হলেও তা অন্যের কাছে পৌঁছিয়ে দাও।” (বুখারী) আপনি যত বেশী নেকী ও কল্যাণের প্রসার করবেন তত বেশী আপনার প্রতিদান বৃদ্ধি হবে এবং জীবিতাবস্থায় ও মৃত্যুর পরও আপনার আমল নামায় তার নেকী লিখা হতে থাকবে। নবী (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, (إِذَا مَاتَ الْإِنْسَانُ انْقَطَعَ عَنْهُ عَمَلُهُ إِلَّا مِنْ ثَلَاثَةٍ إِلَّا مِنْ صَدَقَةٍ جَارِيَةٍ أَوْ عِلْمٍ يُنْتَفَعُ بِهِ أَوْ وَلَدٍ صَالِحٍ يَدْعُو لَهُ) “মানুষ যখন মৃত্যু বরণ করে তখন তিনটি আমল ব্যতীত তার সমস্ত আমল বন্ধ হয়ে যায়: ১) সাদকায়ে জারিয়া ২) উপকারী বিদ্যা এবং ৩) সং সন্তান যে তার জন্য দু’আ করবে।” (মুসলিম)

একটি সাবধানতাঃ আমরা প্রতিদিন নামাযে সতেরো বারের অধিক সূরা ফাতিহা পাঠ করে থাকি এবং তাতে (যাদের প্রতি আল্লাহ ত্রুদ্ব হয়েছেন এবং যারা পথভ্রষ্ট হয়েছে) সেই ইহুদী-খৃষ্টানদের পথে চলা থেকে আমরা আল্লাহর কাছে আশ্রয় চেয়ে থাকি। তারপরও আমরা তাদের কার্যকলাপের অনুসরণ করে চলেছি। আমরা যদি জ্ঞানার্জন না করে মূর্খতা সহকারে আমল করি তবে পথভ্রষ্ট খৃষ্টানদের মত হয়ে যাব। আর যদি জ্ঞানার্জন করার পর সে অনুযায়ী আমল না করি তবে আল্লাহর গযবপ্রাপ্ত ইহুদীদের মত হয়ে যাব।!

মহান আল্লাহর কাছে প্রার্থনা করি তিনি আমাদের সবাইকে উপকারী জ্ঞান অর্জন করে তদানুযায়ী নেক আমল করার তাওফীক দিন!

আল্লাহই সর্বাধিক জ্ঞান রাখেন। সাল্লাল্লাহু আলা নাবিয়্যিনা ও হাবীবেনা মুহাম্মাদ ও আলা আলিহি ওয়া সাহবিহী আজমাদিন।